Blue coat school—খ্রীষ্টের চিকিৎসালয় ; Christ's Hospital, so called because the boys there wear a long blue coat, girded at the loins with a leather belt.

Blue devils, bloódevlz, *n.* মনঃক্ষুণ্ণতা ; A fit of the spleen ; low spirits ; hypochondria.

Blue-jacket, bloo'-jaket, *n.* নাবিক ; A seaman, as distinguished from marine.

Blue-stocking, bloo'-stoking, *n.* বিদ্যাভিমানিনী স্ত্রীলোক ; সাহিত্যানুরাগিণী রমণী ; A literary lady ; a female pedant ; applied in Dr. Johnson's time to meetings held by ladies for conversation with certain literary men, one of whom always wore blue stockings.

Bluff, bluf, *a.* স্থূল ; অপ্রিয়বাদী ; গর্ব্বিত ; Big ; blustering ; vain ; glorious ; surly :—সরল ; Outspoken :—চালু ; সমুন্নত ; Step :—*n.* সমুদ্রাভিমুখীন উচ্চাবচ ভূখণ্ড ; সাগর ও নদীর অভিমুখীন সমুন্নত তট ; A high steep bank projecting into sea or into a river :—*v. t.* প্রতিনিবৃত্ত-কৃ ; ভয় প্রদর্শন-কৃ ; To frighten or deter. *n.*=Bluff'ness.

Bluffy, bluf'i, *a.* সমুদ্রাভিমুখীন উচ্চাবচ খণ্ডবিশিষ্ট ; সমুদ্র বা নদী অভিমুখীন সমুন্নত তটবিশিষ্ট ; Having bluffs or bold point of coast.

Bluish, bloo'ish, *n.* ঈষৎ নীল ; Slightly blue.

Blunder, blunder, *v. t.* [From root of Blunt.] মিশ্রিত করা ; To mix or confound together :—*v. i.* গুরুতর ভুল-কৃ ; প্রচণ্ডরূপে অঙ্গ বিক্ষেপ করা ; ছটফট করা ; To mistake grossly, to flounder about ; —*n.* গুরুতর ভুল ; গুরুতর ভ্রম , A gross mistake.

Blunder-buss, blunder-bus, *n.* [Corr. of Dut. *donderbus—donder*, thunder, *bus*, a box, barrel of a gun, a gun ; Ger. *donnerbuche.*] ক্ষুদ্র কামান বিশেষ ; A short hand-gun with a wide bore :—ভ্রমকারক ; A blunder. [A stupid fellow.

Blunder-head, blunder-hed, *n.* নির্ব্বোধ ব্যক্তি ;

Blunt, blunt, *a.* [Orig. sleepy, dull ; Dan. *blunde*, to slumber, akin to Bind] ধারবিহীন ; স্থূলধার ; ভোঁতা ; Having a thick edge or point, as an instrument :—স্থূলবুদ্ধিবিশিষ্ট ; Dull in understanding :—সরল ; অশিষ্ট ; Plain ; unceremonious , rough in manners or speech ; outspoken : *v. t.* স্থূল করা ; ধার ভোঁতা করা ; To dull the edge or point :—দুর্ব্বল করা ; প্রখরতা নাশ করা ; To weaken any appetite expression ; to impair the power or affection of mind. *n.*=Bluntness. *a.*= Bluntish. *adv.*=Bluntly.

Blunt the edge of—দুর্ব্বল-কৃ ; To weaken.

Blur, blur, *n.* [A variety of Blear.] দৃষ্টির অস্পষ্টতা ; Indistinctness of vision :—দাগ ; কলঙ্ক বা অনিষ্ট ; A blot, stain, or injury :—*v. t.* দাগ-কৃ ; To blot ; stain :—অন্ধকার-কৃ ; To darken ; to dim :—কলঙ্কিত-কৃ ; To sully ; to blemish.

To blur out—না বুঝিয়া যাহা মুখে আসে তাহাই অকপটে বলিয়া ফেলা ; To speak out with indiscriminate frankness.

Blurt, blurt, *v. t.* [From Blare.] অবিবেচনা পূর্ব্বক কথা কহা ; অবিবেচনা পূর্ব্বক গুপ্ত বিষয় প্রকাশ করা ; কট্ করিয়া বলিয়া ফেলা ; To utter suddenly or unadvisedly ; to divulge inconsiderately.

To blurt out—নিন্দা-কৃ ; To speak contemptously ; to revile ; to ridicule :—সরল ভাবে সকল কথা বলা ; To speak out frankly.

Blush, blush, *n.* [A. S. *blyse*, a blaze. See Blaze, Blowze.] রক্তিমাভ ; রক্তিমাবর্ণ ; A rosy tint :—লজ্জা বশতঃ গণ্ডদেশের আরক্তিম বর্ণ ; A red glow on the face caused by shame, modesty, diffidence or surprise :—আকস্মিক উদয় ; A sudden appearance :—*v. i.* রক্তিমাবর্ণ-হ ; To have a red or rosy colour :—লজ্জিত হওয়া ; লজ্জা বশতঃ গণ্ডদেশে রক্তিমাবর্ণ-হ ; To have redness in the cheeks or face, as from a sense of shame, confusion, or modesty.

At the first blush—কটাক্ষে ; At a glance ; at the first view ; As :—The proposition that I shall die, seems *at the first blush* as indisputable as that the whole is greater than its parts.

Put to the blush—লজ্জা দেওয়া ; Cause to feel shame ; As :—This confidence might have *put* the false king *to the blush*, but it did not.

Bluster, bluster, *v. i.* [An augmentative of Blast.] তেজে শব্দ-হ ; To blow fitfully with violence and noise as wind :—তর্জ্জন গর্জ্জন-কৃ ; দম্ভ প্রকাশ করা ; To bully , to swagger :—*n.* তর্জ্জন গর্জ্জন ; দাম্ভিক ভাষা ; Threatening talk ; bullying ; boasting language. [a bully.

Blusterer, bluster-er, *n.* দাম্ভিক ; A swaggerer ;

Bo, bō, *int.* শিশুদিগের ভয়োৎপাদক শব্দ ; A word used to frighten children.

Bo-tree, bō-trē, *n.* বোধদ্রুম ; যে বৃক্ষের তলায় বসিয়া শাক্য বৌদ্ধধর্ম্মবিষয়ে কল্পনা করিতেন ; A corruption of Bodhdru'ma (the tree of wisdom), under which Sakyamuni used to sit, when he concocted the system called Buddism.

Boa, bōá, *n.* [Perh. conn. with L. *bos*, an ox.] অজগর সর্পের সাধারণ নাম ; A general name for the largest kind of serpents :—মহিলাদিগের স্কন্ধদেশের লোমশ পরিচ্ছদ ; A long serpent-like piece of fur worn round the neck by ladies.

Boa-constrictor, bōá-kon-strikter, *n.* [L. *bos*, bull and *constringere, constrictum*, to draw together.] অজগর ; A large and powerful serpent sometimes 30 or 40 feet long, found in Africa, America and India, so called from crushing its prey in its coils.

Boar, bōr, *n.* [A. S. *bar.*] বন্য শূকর ; বরাহ ; The male of swine. *a.*=Boar'ish (বরাহবৎ ; like a boar).

Board, bōrd, *n.* [A. S. *bord*, a board, the side of a ship ; Ice. *bord*, the side of a ship ; found also in Belt ; conn. either with Bear or with Board.] কাষ্ঠফলক ; তক্তা ; A piece of timber :—ভোজনের টেবল ; মেজ ; A table for food :—আহার ; ভোজ্য বস্তু ; Food ; entertainment :—সভা করণার্থ মেজ ; মন্ত্রণা-টেবল ; A table at which a council is held :—জাহাজের উপরিভাগ ; The deck of a ship :—পোতপার্শ্ব ; The side of a ship :—কারিগরদিগের পাটা ; A table for artificer to sit or work on :—খেলিবার মেজ ; A table or frame for a game :—সভা ; A court or council :—*pl.* নাট্যশালামঞ্চ ; The stage in threatre :—*v. t.* ফলক দ্বারা আচ্ছাদিত করা ; To cover with boards :—বলপূর্ব্বক জাহাজে প্রবেশ-কৃ ; To enter a ship by force ; As :—An enemy had he *boarded the ship*, would have had easy work of him :—অর্থ গ্রহণ করিয়া খাদ্য দেওয়া ; To furnish with food and lodging for price :—*v. i.* অর্থ দিয়া পরগৃহে ভোজন-কৃ ; To receive food as a lodger.

Board and board—(naut) পাশাপাশি, Side by side

Above board—স্পষ্টতঃ, Plainly, in open sight, openly, As —P. S was a straightforward man, and prone to do everything *above board* —Irving

By the board—ধারে, Over the side

On board—জাহাজস্থিত, In the ship, As —The White ship was with all *on board*—Irving

To fall over board—জাহাজের পার্শ্বে পতিত হওয়া, To fall over a ship's side

To get on board a vessel—নৌকারোহণ করা।

To go by the board—নষ্ট-হ, সম্পূর্ণরূপে বিধ্বস্ত হওয়া, To suffer complete destruction.

To make a good board—সরলভাবে জাহাজ চালান; To sail in a straight line when close hauled

Boarder, bōrdėr, *n* যে মূল্য দিয়া অপরের ঘরে আহার করে, One furnished with food at a price —যে শত্রুভাবে জাহাজে প্রবেশ করে, One who boards a ship in action

Board-wages, bōrdwajez, *n* ভৃত্যদিগের খোরাকী টাকা, An allowance to servants to purchase their own food

Boarding-house, bōrd'ing hows, *n.* যেখানে অর্থ দিয়া আহার পাওয়া যায়, A house in which persons are provided with food and lodging for a price

Boarding-school, bōrd'ing-skōōl, *n* যে বিদ্যালয়ে বালকেরা বাস করে, ভোজন করে এবং শিক্ষা পায়, ছাত্রনিবাস, A school in which the scholars receive boarding as well as instruction [brutal

Boarish, bōr'ish, *a* শূকরবৎ, পাশব, Swinish,

Boast, bōst *v. i* [M. E *bost.* W *bost*, Gael *bosc*, a bragging.] অহঙ্কার করা, লম্ফ লম্ফ কথা বলা, To brag or vaunt oneself, to talk big —*v t* আত্মশ্লাঘা-কৃ, To magnify or exalt one self —*n* অহঙ্কার, A vaunting or bragging —অহঙ্কারের কারণ, The cause of boasting *Syn.*=Vaunt, glory, brag, exult, parade, puff

Boaster, bōstėr, *n* অহঙ্কারী ব্যক্তি, A braggart

Boastful, bōst'fool, *a* গর্বিত, দর্পিত Given to boasting *n* =Boast'fulness, *adv* =Boastfully.

Boat, bōt, *n* [A. S *bat*, Dut *boot*, Fr bat-en, Gael *bata*] নৌকা, তরণী, A small open vessel —ক্ষুদ্র পোত, A small ship or steamer —*v i* নৌকায় যাওয়া, To go in a boat —*v t* নৌকা করিয়া চালান কৃ To transport in a boat

To be in the same boat—সমাবস্থাপন্ন হওয়া, To be placed in the same condition

To sail in the same boat—এক কার্য্যে প্রবৃত্ত হওয়া, To embark in the same business As —All seven of us are sailing in the same boat —De Quincey [of South America

Boat-bill, bōt'bil, *n* পক্ষীবিশেষ, Wading bird

Boat-hook, bōt-hōōk, *n* নৌকা টানিবার বা ঠেলিবার লোহার আঁকড়া, An iron-hook to pull or push a boat.

Boating, bōting, *n* নৌকায় বাহিবার কৌশল বা অভ্যাস, The art or practice of sailing in boats

Boatman, bōt'man, *n* নাবিক কর্ণধার, নৌকাবাহক, A man who manages a boat, a rower of a boat.

Boat swain, bōt'swān (colloquially bō'sn), *n.* [(Lit) a boat's swain or servant From A. S. *botswan—ba't*, a boat, *swan*, a lad.] জাহাজের বোট, পাইল, কাছি নোঙ্গর প্রভৃতির তত্ত্বাবধায়ক, পোতের সর্দার, An officer, who has charge of the boats, sails, riggings, anchors &c, of a ship and who also summons the crew

Bob, bob, *n* [Perhaps imitative, like Gael *bog*, to agitate, *babag*, *baban*, a tassel] ঝিকা, A short, jerking motion —ক্ষুদ্র সূত্রের অগ্রভাগে দোদুল্যমান ক্ষুদ্র দ্রব্য, দোদুল্যমান পদার্থ, Anything playing loosely at the end of a string, a pendant —টোপ, Bait used in angling —আঘাত, A blow, a shake —*v t* আন্দোলিত হ, নড়া, To move in a short, jerking manner, to dangle —প্রহার-কৃ, To beat —প্রতারণা কৃ To cheat —ব্যঙ্গ-কৃ, To mock —কর্ত্তন-কৃ, To cut short. *pr p.* bobbing, *pa p* bobed.

Bear a bob—চালাক হওয়া, Be brisk

To give the bob to any one—কাহাকেও প্রতারণা কৃ, To deceive him

Bobbin bobin, *n* [Fr *bobine*, perhaps from Gael *baban* a tassel] সূত্রগর্ভিকা ছোট নলি, সূতার নলি, A small pin, or cylindrical piece of wood, on which thread is wound —গোল ফিতা, Round tape

Bob-tail, bobtāl, *n.* ছিন্নপুচ্ছ A short tail, or tail cut short —ইতর লোক The rabble, used in contempt *a* =Bobtailed—বেঁড়ে।

Bob-wig, bobwig, *n* ক্ষুদ্র পরচুলা, A short wig

Bobinet, bob-in et or bobin et, *n* একপ্রকার সুন্দর জালের ন্যায় ঝরি, A kind of fine netted lace made by machines

Bobby, bobi, *n* পাহারাওলা A policeman

Bobolink, bobō-lingk, *n* [At first Bob Lincoln from the note of the bird] উত্তর আমেরিকার সুগায়ক পক্ষী বিশেষ, A North American singing bird found in the northern states in spring and summer

Bode, bōd, *v* [A S *bodian*, to announce—*bod*, a message, allied to Bid] ভাবি শুভাশুভ প্রকাশ কৃ, ভবিষ্যৎ বিষয়ে আভাস দেওয়া, To portend, to prophesy, to presage, to foreshadow —*v. i* ভাবি শুভাশুভ জ্ঞাত-কৃ, ভাবি শুভাশুভের লক্ষণ হওয়া, To foreshow, to be omen —*n* ভাবি শুভাশুভ লক্ষণ An omen [Ominous

Bodeful, bōdfōōl *a* ভাবি শুভাশুভ লক্ষণ সূচক,

Bodement, bōdment *n* ভাবি বিষয়ের চিহ্ন, Prognostic, a foreshadowing

Bodice, Boddice, bodis, *n* কঞ্চুলিকা, কাঁচলি, Stays, a corset, a woman's stays, formerly called bodies, from fitting close to the body

Bodied, bod'id, *a* শরীরী, Having a body

Bodiless, bod'i-les, *a* অশরীরী, অদৈহিক, Without a body, incorporeal.

Bodily, bod'i-ly, *a* শারীরিক, Corporeal —শরীর সম্বন্ধীয়, Relating to the body —*ad* সম্পূর্ণরূপে, Entirely

Bodkin, bodkin, *n.* [Prob W *bidog*, small dagger] সূচী, An instrument for making holes by piercing —সূচী বিশেষ, An instrument with an eye, for drawing thread, tape or ribbon

through a loop :—ঙঁজিকাটী ; An instrument to dress the hair.

To ride bodkin—দুইজন বসিবার স্থান বিশিষ্ট শকটে তিনজন আরোহণ করা ; To ride in a carriage between two others, the accomodation being *only for two.*

Body, bod'i, *n.* [A. S. *bodig.*] দেহ ; The frame of an animal :—শরীর ; The main, central part of an animal as distinct from head and extremities :—ব্যক্তি ; An individual or single person : —সমবায় ; ব্যক্তিসমূহ ; Collections of individuals · —সেনামুখ ; বূহ ; The main army ; any number of forces :—সভা ; A corporation :—প্রকাণ্ড, গুঁড়ি , Trunk or the bulk :—পিণ্ড ; Any mass or portion of matter :—সমবায় ; A general collection ; a code ; a system :—*v. t.* শরীর দ্বারা আচ্ছাদিত-কৃ , আকৃতিবিশিষ্ট করা ; To embody ; to produce in a definite shape ; to give form to. *pr. p.* bod'ying ; *pa. p.* bod'ied.

Body and bones—সম্পূর্ণরূপে ; Wholly ; unreservedly.

Body and soul—কায়মনে ; সম্যক প্রকারে ; With full energy both of body and mind ; thoroughly.

Body guard, bodi-gard, *n.* শরীর রক্ষার্থ নিযুক্ত সৈনিক পুরুষ ; দেহরক্ষক ; Selected body of troops, who attend on the sovereign ; a lifeguard.

Body politic, bod'i-polit-ik, *n.* রাজনৈতিক সমিতি ; The collective body of the people in its political capacity ; a state in its political capacity.

Body snatcher, bod'i-snach-ér, *n.* মৃতদেহ অপহরণকারী , One who robs graves of their bodies.

As a body—মোটামুটি ধরিলে . প্রায় সকলে ; Taken collectively .—অধিকাংশ ; For the most part ; As .—They (the Puritans) were not men of letters ; they were, as a body, unpopular.—Macaulay.

In a body—সকলে একত্র হইয়া ; All together ; all at once.

In the body—রক্ত মাংসের শরীর লইয়া উপস্থিত ; Present before one, as a being of flesh and blood opposed to the idea or image which we form of an absent person ; As :—To see persons in "the body," of whom you have been reading in newspaper from the very excellent of your reading days, had for the first hour or so, a singular and strange effect.

To keep body and soul together—কায়ক্লেশে জীবন ধারণ-কৃ ; To support one's self with difficulty ; *As* :—I can't indulge you with superfluities while we can hardly afford *the* means of keeping body and soul together.—Warren.

Bœotian, be-ō'shyan, *a.* বোসিয়া বা ইহার নির্বোধ অধিবাসী সম্বন্ধীয় ; (সুতরাং) নির্বোধ ; বুদ্ধিহীন ; Relating to Bocotia or to its dull and stupid inhabitants ; hence stupid ; dull.

Bog, bog, *n.* [In *bogach*, Gael. bog.] অনূপ ; জলা ; A quagmire ; a marsh ·—*v. t.* পঙ্কে নিমগ্ন-কৃ ; To whelm or plunge ; as, in mud and mire. *a.*=Bogg'y.

Bog-trottor, bog'trotér, *n.* জলাভূমি অধিবাসী ; আয়র্ল্যাণ্ডের দস্যু ; One who lives in a boggy country, applied to Irish robbers.

Boggle, bog'l, *v. i.* বিরত হওয়া ; ইতস্ততঃ-কৃ ; কোন বিষয় কষ্টকর জ্ঞান করা ; সঙ্কুচিত হওয়া ; To stop or hesitate as if in doubt, or suddenly frightened, or impeded by unforeseen difficulties ; to make difficulties about a thing ; to exhibit hesitation and indecision :—*n.* ভূত ; A bugbear ; a spectre.

Boggy, Bogy, bógi, *n.* ভূত ; A *scare-crow* ; a goblin.

Boggy, bog'i, *a.* জলাপূর্ণ ; Swampy ; full of bogs.

Bogle, bōg'l, *n.* [Scot. *bogle*, a ghost ; W. *bwg*, a goblin] ভূত ; প্রেত ; A spectre or goblin.

Bogmus, bog'mos, *n.* একজাতীয় শৈবাল ; A genus of moss plants.

Bogus, bō'gus, *a.* (Slang) কৃত্রিম ; অপ্রকৃত ; Spurious ; counterfeit ; false.

Bogy, bógi, *n.* ভূত ; A nursery name for evil spirit.

Bohea, bo-hē', *n.* (Chinese) নিকৃষ্টজাতীয় কৃষ্ণ চা ; The quality of black tea.

Bohemian, bo-hē'mi-an, *a.* [Fr. *bohēmien*, a gipsy.] অসচ্চরিত্র বা প্রবঞ্চক সম্বন্ধীয় ; Pertaining to persons of loose and irregular habits ; pertaining to imposter :—*n.* অস্থির চিত্ত অপদার্থ ভ্রমণকারী, বেদিয়াবৎ ভ্রমণকারী জাতি বিশেষ ; অসচ্চরিত্র ; প্রবঞ্চক ; A restless vagabond ; a gypsy ; a person of loose and irregular habits ; an imposter.

Bohemian brethren—ধর্মসম্প্রদায় বিশেষ ; A religious sect, formed out of the remnants of the Hussites.

Boil, boil, *v. i.* [O. Fr *boilir*—L. *bullire*—*bulla*, a bubble.] উত্তাপ দ্বারা স্ফীত হওয়া ; To swell, heave or be agitated by the action of heat :—বুদবুদ উত্থিত হওয়া ; To bubble ; to rise in bubble :—উত্তপ্ত হওয়া : উত্তেজিত বা আলোড়িত হওয়া ; To be hot or fervid ; to be moved or excited :—সিদ্ধ হওয়া ; To be in boiling water ; to suffer boiling in water or other liquid :—ফুটিত-হ ; To effervesce :—*v. t.* উষ্ণ জলে সিদ্ধ-কৃ ; To dress or cook in boiling water ·—কাথ বাহির-কৃ ; To extract the juice of any thing by boiling :—জল উষ্ণ করা ; To heat to a boiling state.

Boil, boil, *n* [A. S. *byl* ; Ger. *beule* ; Ice. *bola*, from the root of Bulge.] ব্রণ ; স্ফোটক ; An inflamed swelling or tumour on the flesh.

Boil away—উত্তাপ দ্বারা উড়াইয়া-দে ; *To* evaporate by boiling.

Boiler, boilér, *n.* পাচক . One who boils :—বাষ্পযন্ত্রের যে অংশে উষ্ণ বাষ্প প্রস্তুত হয় ; That part of a steam-engine in which the steam is generated :—কটাহ ; সিদ্ধ বা পাক করিবার পাত্র ; A vessel in which any thing is boiled.

Boiling-point, *n.* স্ফুটন বিন্দু ; The temperature at which water or any other liquid boils under heat.

To be at boiling point—অতিশয় ক্রুদ্ধ-হ ; To be very angry.

Boisterous, boistér-us, *a.* [M. E. *boistous*—W. *bwyst*, wildness.] প্রচণ্ড ; Violent ; rough :—কোলাহলপূর্ণ ; শব্দকারী ; ঝটিকাময় ; Turbulent ; noisy stormy. *n.*=Boisterousness , *adv.*=Boisterously. *Syn.*=Turbulent, tumultuous.

Bold, bōld, *a.* [A. S. *bald* ; O. Ger. *hold*, O. Fr. *band*. Goth. *balths*, Ice. *ballr.*] সাহসিক ; Having courage or intrepidity ; daring :—সাহস

পূর্ব্বক সম্পাদিত ; Requiring courage in the execution ; executed with boldness ; planned with courage :—প্রগল্‌ভ ; নির্লজ্জ ; In a bad sense, too forward ; rude ; impudent ; taking undue liberties :—দুঃসাহসিক ; ধৃষ্ট ; Showing great liberty of action or expression :—সম্মুখে বহির্গত ; দৃশ্যমান ; স্পষ্ট ; Standing prominently out to view :—উচ্চাবচ ; উন্নতাবনত ; খাড়া ; Steep or abrupt. *n* = Boldness ; *adv.*=Boldly. *Syn.*=Brave, courageous, intrepid, valient, heroic, daring, fearless, undaunted.

A bold stroke—সাহসিক উদ্যম ; A bold effort suddenly or unexpectedly produced.

To make bold—সাহস বা প্রগল্‌ভতা করা ; To take the liberty to make free.

To make bold to say—প্রগল্‌ভতাসহ কথা কহা ; *To take liberties in speaking ; to use freedom* in speaking.

To show a bold front—তুচ্ছ-কৃ ; To defy.

Bole, bōl, *n.* [Ice. *bolr*, from its round form. conn. with Bowl, a cup, Bulge, Boil, a swelling, and Bag.] প্রকাণ্ড গুঁড়ি ; Trunk of a tree.

Boll, bōl, *n.* [A form of Bowl, a cup and sig 'thing round.'] বীজকোষ ; আধার ; The pod or capsule of a plant :—স্কটলণ্ডের পরিমাণ বিশেষ ; A Scotch dry measure = six imperial bushels, not now legally in use .—*v. t* বীজকোষে পরিণত হওয়া ; To form into a seed vessel. [podded.

Bolled, bōld, *a.* স্ফীত ; কোষবিশিষ্ট ; Swollen ;

Bolster, bōlstėr, *n.* [A. S *bolster* ; Fr. root of Bowl.] উপাধান বা গদি ; A pillow of cushion ; —গদি ; লেপ ; A pad or quilt :—*v. t.* বালিশ দিয়া ধারণ করা ; To support with a pillow :—সমর্থন করা ; Support ; to hold up ; to maintain.

Bolt, bōlt, *n.* [A. S. and Dan. *bolt*, Ger. *bolzen*, from the root of Bole, of a tree.] তীর ; An arrow ; a dart :—বজ্র ; অশনি ; A thunderbolt :—অর্গল ; লৌহদণ্ড ; A bar or pin used to fasten a door &c :—উল্কাপিণ্ড ; A meteoric stone :—*v. t.* অর্গল দ্বারা বন্ধ করা ; To fasten with a bolt ; to make secure .—বন্ধ করা ; To fasten ; to restrain :—বিবেচনা না করিয়া উচ্চারণ করা ; অতি বেগে নিক্ষেপ করা ; To utter or throw out precipitately :—চর্ব্বণ না করিয়া গলাধঃকরণ করা ; To swallow without chewing :—*v. i.* বেগে বাহির হওয়া ; To pass quickly :—হঠাৎ গমন-কৃ ; বেগে গমন করা ; To move abruptly ; to rush away —পরিত্যাগ-কৃ ; To desert as a party or organisation :—*adv* লম্বভাবে , Perpendicularly.

Bolt, bōlt, *v. t.* [O. Fr. *bulter*, or *buleter*=*bureter*, from *bure*—Low L. *burra*, a course reddish brown cloth—Gr. *pyrros*, reddish—*pyr*=Fire.] ছাঁকা বা ঝাড়া ; ঝাড়িয়া পরীক্ষা করা ; মোটা কাপড় দিয়া ছাঁকা ; To sift ; to separate the bran from, as flour ; to examine by sifting ; to sift through course cloth.

Bolt out—পরীক্ষা-কৃ ; Examine by sifting.

Bolt upright, bōlt'-up-rīt, *adv.* শর সদৃশ সরল ; সম্পূর্ণভাবে সোজা ; ঋজু ; Straight as an arrow ; perfectly erect ; perpendicular ; As :—Distracted by the sudden appearance of Kit, and fascinated by the eyes of the preacher, the miserable Jacob sat *bolt upright*, wholly incapable of motion.—Dickens.

Bolting-hutch, bōlt'ing-huch, *n.* ময়দা ঝাড়া হইলে যে আধারে পতিত হয় ; A hutch or large box into which flour falls when it is bolted.

Cupid's bolt—মদন বাণ ; Cupid's arrow.

The fool's bolt is soon spent—নির্ব্বোধের শর শীঘ্র নিঃশেষিত হয় এবং প্রয়োজনকালে থাকে না ; নির্ব্বোধ তীরন্দাজ তাহার শর এত অবিবেচনা পূর্ব্বক নিক্ষেপ করে যে প্রয়োজনের সময় একটী শরও থাকে না ; A foolish archer shoots all his arrows so heedlessly that he leaves himself no resource in case of need.

To bolt out one's dinner—চর্ব্বণ না করিয়া খাদ্য গলাধঃকরণ করা ; To swallow one's dinner without chewing it ; As —Eager readers will *not only bolt this dinner that they may get to* their books, but they will read sometimes even while they are eating.—Prof Blackie.

To bolt out the truth—সত্য প্রকাশ করা ; To blurt it out

To bolt to the bran—বিশেষ করিয়া পরীক্ষা করা ; To examine thoroughly.

Bolus, bō'lus, *n*, [*L. bolus*, Gr. *bōlos*, a lump.] ঔষধের বটিকা ; বৃহৎ বটিকা ; A soft mass of medicine to be swallowed at once like a pill, but larger ; a large pill.

Bomb, bum, *n.* [Fr. *bombe*—L. *bombus*, Gr. *bombos*, a humming sound ; animative word.] আগ্নেয় গোলা ; A large hollow ball or shell of iron, filled with gunpowder to be thrown from a mortar so as to explode when it falls.

Bombard, bum-bärd', *v t.* আগ্নেয় গোলা নিক্ষেপ-কৃ , To throw bomb-shell into a town or fortified place in order to destroy. *n.*=Bombard'-ment—গোলা বর্ষণ ; An attack with bombs.

Bombardier, bum-bärd'ēr, *n.* গোলা নিক্ষেপকারী , গোলন্দাজ ; One who throws bombs ; an artillery man.

Bomb ketch or **vessel,** bum'kech or ves-el, *n.* যে জাহাজ হইতে নগর বা দুর্গ মধ্যে গোলা নিক্ষেপ করা হয় ; A small ship from which bombs can be thrown into a town or fortress.

Bomb proof, bum'-proof, *a.* গোলা দ্বারা অভেদ্য ; Secure against the force of bombs.

Bomb-shell, bum'shel, *n.* গোলা ; Bomb.

Bombasin, Bombazine, bum-ba-zēn, *n.* [Fr. *bombasin*—Low. L. *bombacinium*—Gr. *bombyx*, silk See Bombast.] রেশমী কাপড় ; A twilled cloth of silk.

Bombast, bum'bast, *n.* [Low. L. *bombax*, cotton. Gr. *bombyx*, silk.] বস্ত্র স্ফীত করিবার নিমিত্ত ব্যবহৃত কোমল বস্তু ; A soft loose stuff used to swell into garments :—দীর্ঘ শব্দ প্রয়োগ ; High-sounding words ; an inflated style ; fustian. *a.*=Bombastic—দীর্ঘ শব্দ বিশিষ্ট ; স্ফীত ; Inflated, high-sounding.

Bombic, bum'bik, *a.* [L. *bombyn*, silk-worm.] গুটিকাপোকা সম্বন্ধীয় ; Relating to the silk-worm.

Bonanza, bo-nan'zä, [Sp. fair weather, prosperity.] (Slang) সফল কার্য্য ; A successful venture.

Bonbon, bong'bong, *n.* [Fr., 'very good'—

bon, good.] চিনির মিঠাই ; A sugar plum ; sweet plum ; a sweatmeat.

Bond, bond, *n.* [A. S., a variation of *band*—*bindan*, to bind, akin to Sans. *bandh*, to bind.] বন্ধন ; বন্ধনী ; Any thing that binds ; a bond ; a ligament :–যোগ ; মিলন ; সংযোগ ; Union :—নিয়ম ; অঙ্গীকার ; An obligation ; a promise :—প্রতিজ্ঞা-পত্র ; টাকা দিবার বা কোন কার্য্য করিবার অঙ্গীকার পত্র ; A written agreement ; a writing of obligation to pay a sum or to perform a contract :—*pl.* শিকল ; নিগড় ; কারাবাস ; Chains ; captivity :—*v. t.* প্রতিজ্ঞাপত্র দ্বারা বন্ধক-দে ; দেয় শুল্ক পরিশোধ না করা পর্য্যন্ত আমদানী মাল সরকারী গুদামে রাখা ; To give bond for , to put imported goods in the customs' warehouses till the duties on them are paid :—*a* কারারুদ্ধ বা দাসত্বশৃঙ্খলে আবদ্ধ ; বাধ্য ; In a state of servitude or captivity ; bound.

Bond-maid, bond'mād, *n.* ক্রীতদাসী ; A female slave. [slave.

Bond-man, bond'man, *n.* ক্রীতদাস ; A man-

Bondsman, bondz'man, *n.* ক্রীতদাস ; প্রতীভূ ; জামিন ; A bondman or slave ; a surety.

Bond-servant, bond'sėrvant, *n.* দাস ; A slave.

Bond-service, bond'sėrvis, *n.* দাসত্ব ; Slavery.

Bond-woman, bond'wooman, *n.* দাসী ; A woman slave.

Bondage, bond'āj, *n* [O. Fr —Low L. *bondagium*, a kind of tenure Acc to Skeat, this is from A S. *bonda*, a boor, a householder from Ice. *bondi*=*buandi*, a tiller, a husbandman, akin to Sans. *bondh*, to bind] দাসত্ব , বন্দিত্ব , Slavery ; captivity :—বাধ্যতা , Obligation :—রিপুর অধীনতা, ইন্দ্রিয় সেবা ; Spiritual subjection to sin and corrupt passions ; servile fear. [cured by a bond.

Bonded, bond'ed, *a.* প্রতিজ্ঞা পত্রদ্বারা আবদ্ধ ; Se-

Bonded goods, bond'ed gōōdz, *n.* যে সকল দ্রব্যের শুল্কের জন্য প্রতিজ্ঞাপত্র দেওয়া হয় ; Goods left in charge of customs' officers.

Bonded ware-house, bond'ed wār'hows, *n.* যে দ্রব্যাগারে প্রতিজ্ঞাপত্র দ্বারা আবদ্ধ দ্রব্যাদি রাখা হয় ; A warehouse in which bonded goods are stored.

Bonding, bond'ing, *n.* যে বন্দোবস্ত অনুসারে দেয় শুল্ক পরিশোধ না করা পর্য্যন্ত মাল সরকারী গুদামে থাকে ; That arrangement by which goods remain in the customs' warehouses till the duties are paid.

Bone, bōn, *n.* [A. S. *ban* ; Ger. *bein*, Goth. *bain*, bone, leg ; W. *bon*, a stem or stock.] অস্থি ; কঙ্কাল ; A hard substance forming the skeleton of an animal :—অস্থিখণ্ড ; A piece of bone :—*v. t.* মাংস হইতে অস্থি পৃথক করা ; To take out bones from the flesh :—তিমি মৎস্যের অস্থি দ্বারা কঠিন করা ; To stiffen with whale bones :—*a.* অস্থিনির্ম্মিত ; Made of bone.

Bone of contention—বিবাদের বিষয় ; অমীমাংসিত বস্তু ; A subject of dispute ; As :—It was curious and scarcely pleasant to see two spencers, thus bidding against one another, even though the *love of contention* was a book.—Leigh Hunt. [no scruple.

To make no bones—সঙ্কোচ না করা ; To make

A bone to pick or gnaw—যাহাতে কোন ব্যক্তিকে নিযুক্ত করিয়া বা ভুলাইয়া রাখে ; Something to occupy or divert.

Bone-ash, bōn-ash, *n.* অস্থি-দগ্ধাবশেষ ; The remains when bones are burned in an open furnace.

Bone-black, bōn-blak, *n.* অস্থি-ভস্মাবশেষ ; The remains when bones are heated in a close vessel. [with.

To pick a bone with—বিবাদ-কৃ ; To quarrel

Bony, bōnē, *a.* অস্থিপূর্ণ ; অস্থি সম্বন্ধীয় ; Full of bones ; consisting of bones :—বড় অস্থি বিশিষ্ট ; Having large or prominent bones :—তেজস্বী ; Stout ; strong.

Bon-fire—উৎসবাগ্নি ; জয়াগ্নি ; A fire made as an expression of public joy. [city.

Bonhomie, *n.* সরলতা ; Good nature ; simpli-

Bonmot, bong'-mō, *n.* [Fr. *bon*, good, *mot*, word.] কৌতুক , কৌতুকপূর্ণ বাক্য বা উত্তর ; পরিহাস ; A witty saying or reply ; a jest ; a clever repartee. [A child's nurse.

Bonne, bon, *n.* [Fr. fem. of *bon.*] দাই ; ধাত্রী ;

Bonne-bouche, bon-boosh, *n.* [Fr. *bonne*, good, *bouche*, mouth.] সুস্বাদু গ্রাস ; A delicious mouthful.

Bonnet, bonet, *n.* [Fr —Low L. *bonneta*, orig. the name of a stuff.] স্ত্রীলোকদিগের শিরস্ত্রাণ ; মস্তকাবরণ ; A covering for the head worn by females. *a.*=Bonneted.

Bonny, boni, *a.* [Fr. *bon*, *bonne*—L. *bonus*, good ; Belt *bain*, *baine*, white, fair.] সুশ্রী ; সুন্দর ; Handsome ; beautiful :—প্রফুল্ল ; হৃষ্ট ; Gay ; merry :—সুগোল ; হৃষ্টপুষ্ট ; Plum ; well-formed :—*n.* খনির তল ; Among miners, a bed of ore. *adv*=Bonnily.

Bonton, bonton, *n.* [Fr. good tone, manner.] বাবুগিরি ; Fashionable society ; the height of fashion.

Bonus, bōnus, *a.* [L. *bonus*, good.] (Law) প্রচলিত সুদের অগ্রিম অতিরিক্ত দেয় বাটা ; ধরাট ; A premium for a loan or for a charter or other privilege granted to a company :—অংশীদারদিগের উপরি অংশ ; An extra divident to shareholders :—পুরস্কার ; A consideration for some service done.

Bon-vivant, bonve-van, *n.* [Fr. *bon*, good and *vivant*, *p. pr.* of *vivo*, to live.] সুখপ্রিয় লোক ; A jovial companion ; a high feeder.

Bonze, bonze, *n.* [Jap. *bosu*, a priest.] বৌদ্ধ আচার্য্য ; A Buddist priest.

Booby, bōōbi, *n.* [Sp. *bobo*, a dolt ; O. Fr. *bobu*, stupid, L. *ballus*, stuttering.] পক্ষীবিশেষ ; A water-fowl in the West Indies allied to the pelican, which allows itself to be attacked by other birds, and yields to them the fish it has taken almost without a resistance :—স্থূলবুদ্ধি ব্যক্তি ; নির্ব্বোধ ব্যক্তি ; A dunce ; a silly or stupid fellow.

Book, bōōk, *n.* [A. S. *boc*, a book, the beech ; Ger. *buche*, the beech, *buch*, a book, because the Teutons first wrote on beechen board.] পুস্তক ; A collection of sheets of paper &c., bound together ; any literary work :—পুস্তকের অংশ ; A

part of a literary work —হিসাবের বহি, A volume in which accounts are kept —*v. t.* হিসাবের বহিতে সন্নিবিষ্ট-কৃ, পুস্তকে লেখা, To enter, to write or register in a book, to written a book [binds book.

Book binder, book'bīnder, *n.* দপ্তরী, One who

Book-binding, bookbinding, *n* বই বাঁধা, Act or practice of binding books

Book-case, book'-cās, *n* পুস্তক রাখিবার আলমারি, A case with shelves for holding books

Book-club, book-klub, *n* গ্রন্থ-ক্রয়-সমিতি, An association of persons who buy new books for circulation among themselves. [accountant

Book-keeper, bookkēp er, *n.* খাতাঞ্চী, An

Book-keeping, book-kēping *n.* হিসাব রাখিবার বিদ্যা যথারীতি হিসাব রাখিবার পদ্ধতি, The art of keeping accounts in a regular and systematic manner

Book-learned, book-lėrned *a.* পণ্ডিত, পুস্তকগত বিদ্যান, বাহ্য জগত বিষয়ে অনভিজ্ঞ, Well read in books, ignorant of life

Book-learning, book-lerning, *n* পুস্তকগত বিদ্যা Learning got from books, as opposed to practical knowledge

Book-less, book les, *a* পুস্তকবিহীন, অপঠিত, Without books, unlearned

Book-madness, book-madnes, *n.* পুস্তকোন্মাদ, Bibliomania, rage for possessing books

Bookplate, bookplāt, *n* যে পৃষ্ঠায় গ্রন্থ-প্রণেতার নামাদি মুদ্রিত হয়, A label usually posted inside the cover of a book, bearing the owner's name, or speculiar device.

Book-post, book-pōst, *n* ডাকঘরের পুস্তক-প্রেরণ বিভাগ, The department in the post-office for the transmission of books

Book-shelf, book-shelf, *n* পুস্তক রাখিবার দেরাজ A shelf to hold books. [who sells books

Book seller, book-selėr, *n* পুস্তক-বিক্রেতা One

Book-worm, bookwurm, *n* পুস্তকনাশক কীট, A worm that eats holes in books —পুস্তক পাঠে নিমগ্ন ব্যক্তি, যে ব্যক্তি না বুঝিয়া পাঠ করে, One too much given to books, one always poring books one who reads without discrimination or profit

A sealed book—যে পুস্তকের লিখিত বিষয় গুপ্তভাবে রাখা হয়, যে বিষয় অন্য লোক নিকট হইতে গুপ্তভাবে রাখা হয়, A book the contents of which are kept secret, a subject which is kept hidden from men's knowledge.

Be in every body's books—প্রত্যেক ব্যক্তির নিকট ঋণগ্রস্ত থাকা Owe money to everybody, As —The man who has no debts steps through the world comparatively unnoticed, while he who is in everybody s books has all eyes fixed upon him —Smiles [to task.

Bring one to book—তিরস্কার-কৃ, To take one

Beware of a man of one book—কোন কার্যদক্ষ ব্যক্তির বিরুদ্ধে তর্ক করিও না, Never attempt to controvert the statement of any one in his special subject [ছিল, Caught and disposed of.

He was booked at last—তাহাকে ধৃত করা হইয়া-

In the books of—কাহারও অনুগ্রহে, In kind remembrance or favour of.

That does not suit my book—আমার বন্দোবস্ত মত নহে, Does not accord with my agreements.

To keep in good books—অনুগৃহীত হওয়া; সুনজরে থাকা, Continue to be in favour, As —If you want to keep in the good books in that quarter, you had better not call her the old lady any more.—Dickens.

To say one's lesson out of book—পাঠ মুখস্থ বলা, To repeat one's lesson from memory; As —The puzzled dunce who stood beside it (the desk) *to say his lesson out of book* looked no longer at the ceiling for forgotten words, but drew closer to the master's elbow and boldly cast his eye upon the page —Dickens

To speak by the book—ঠিক করিয়া বলা, To speak with minute exactness.

Without-book, with-out'-book, স্মরণশক্তি দ্বারা, পুস্তক বিনা, প্রমাণ বিনা, By memory or without notes, without authority.

Booking-office, booking'-ofis, *n* টিকিট লইবার ঘর, An office at a Railway station, where the tickets are sold to travellers, and parcels are booked.

Bookish, bookish, *a.* পুস্তকপ্রিয়, পাঠে নিরত পুস্তক-পরিচিত, Fond of books, given to reading, more acquainted with books than with men *n.* =Bookishness

Boom, bōōm, *n* [Dut. *boom*, a beam, a tree] পাইল, A large pole by which a sail is stretched —নদীর এক পার হইতে অন্য পার পর্যন্ত বিস্তারিত লৌহ-শিকল, A strong iron chain or bar led across a river to obstruct navigation or passage, —নাবিকদিগের পথ নির্দেশনার্থ স্থাপিত দণ্ড বা নিশান, A pole set up as a mark to direct seamen how to keep the channel in shallow water.

Boom, bōōm *v i* [From a Low Ger root found in A S *byme* a trumpet, Dut *bommen*, to drum, like Bomb of imitative origin] গম্ভীর শব্দ বা গর্জন করা, To make a hollow sound or roar —স্ফীত হওয়া, To swell —বেগে ধাবিত হওয়া, To rush with violence, as a ship under a press of sail —বিটার্ণ পক্ষীর ন্যায় শব্দ করা, To cry, as the bittern —*n.* গম্ভীর গর্জন, গম্ভীর ধ্বনি, এক-জাতীয় পক্ষীর ডাক, A hollow roar, as of the sea, the cry of the bittern.

Boomerang, boome-rang, *n.* [Australian] অস্ত্র বিশেষ, A missile weapon used by the natives of Australia formed of hard wood and in shape of a parabola

Boon, bōōn, *n* [Ice *bôn*, a prayer, A. S *ben*] উপহার, দান, অনুগ্রহ, A gift, a present, favour —আবেদন, A prayer or petition.

Boon, bōōn, *a.* [Fr *bon*—L *bonus*, good] প্রফুল্ল, উৎফুল্ল, আমোদপ্রিয়, হৃষ্ট, সদয়, Gay; merry, jovial, kind.

Boor, bōōr, *n* [Dut. *boer* (Ger. *bauer*), a tiller of the soil—Dut *bouwen*, cog with Ger. *bauen*. A S. *buan*, to till.] কৃষক, চাষা, A peasant, a rustic —অসভ্য ও নিরক্ষর ব্যক্তি, One who is rude in manners and illiterate —কদাকার নর, A course or awkward person.

Boorish, bōōr'ish, *a.* গ্রাম্য, অসভ্য, অশিষ্ট, Rus-

tic ; rude ; illiterate ; awkward in manners. *n.*=*Boor'ishness*—গ্রাম্যতা ; Rusticity :—অশিষ্টাচার ; Coarseness of manner. *adv.*=Boor'ishly.

Boose, Booze, Bouse, bōōz, *v. i.* অতিরিক্ত মদ্য পান করা ; To drink excessively ; to guzzle. *a.*=Boosy or booz'y—মদ্যপানে উন্মত্ত ; Marry with liquor ; intoxicated.

Boot, bōōt, *v. t.* [A. S. *bot*, compensation, amends, whence *betan*, to amend, to make better.] লাভ-কৃ ; সুবিধা-কৃ ; To profit ; to advantage ; As :—It boots thee not.—Shakespeare.

Boot, bōōt, *n.* [Fr. *botte*, a *butt*, or a boot, from O. Ger. buten ; a cask. See Bottle, Butt.] লাভ ; উপকার ; সুবিধা ; Profit ; advantage :—চর্ম্মপাদুকা; A covering for the foot and legs generally made of leather :—দোষী ব্যক্তিদিগের ক্লেশ দিবার যন্ত্র ; An instrument made of iron formerly used to torture criminals, particularly in Scotland :—চর্ম্মদ্বারা আচ্ছাদিত বাক্স ; A box covered with leather :—*pl.* জুতায় কালি দিবার জন্য নিযুক্ত ভৃত্য ; A servant at hotels, who blacks the *boots* :—*v t* পাদুকা পরিধান করা ; To put boots on.

Boot and saddle—অশ্বারোহী সৈন্যদিগের যাইবার পূর্ব্বকালীন রণবাদ্য শব্দ ; The trumpet call which precedes the march of cavalry.

To boot—অধিকন্তু ; In addition ; over and above ; besides ; As :—He has built a wall, he bears with ditch and polisade *to boot.*

Boot-jack, bōōt'jak, *n.* পাদুকা খুলিবার যন্ত্র বিশেষ ; An instrument for drawing off boots.

Bootless, boot'les, *a.* অকর্ম্মণ্য , নিষ্ফল , পাদুকা শূন্য ; Useless , fruitless , without boot. *adv*=Boot'lessly ; *n.*=Boot'lessness.

Boot-tree or **last**—চর্ম্মপাদুকা শিথিল করিবার যন্ত্র ; An instrument to stretch and widen the leg of a boot.

Booth, *n.* [Ice. *buth*, Ger. *bude* ; also Sav and Celt, as Gael *both*, hut.] অস্থায়ী কুটীর , হাটের বা মেলার চালা ঘর ; A house or shed for temporary occupation ; slight hut.

Booty, bōōti', *n.* [Ice. *byti*, share—*byta*, to devide] লুণ্ঠিত দ্রব্য ; লুঠ , A pillage , spoil gained from the enemy.

Bo peep, bo-pēp', *n* বালকদিগের ক্রীড়া ; বালকদিগের লুকোচুরি খেলা ; A children's play ; a game among children in which one peeps behind something and cries 'Bo.'

Boracic, bō-raśik, *a.* সোহাগা সংক্রান্ত , Of or relating to borax.

Boracic acid, bō-raśik asid, *n.* একপ্রকার দ্রাবক ; A acid obtained by dissolving borax, and also found native in mineral springs in Italy.

Borax, bō'raks, *n.* সোহাগা ; A salt formed by combination of boracic acid with soda ; a mineral salt used for soldering and also in medicine.

Border, bordėr, *n.* [Fr. *bord*, *bordure*, from root of Board.] প্রান্ত ; ধার ; A margin ; boundary ; edge :—সীমা ; Boundary :—উদ্যানস্থ পুষ্পবেদিকা ; A flower bed in a garden :—*v. i.* প্রান্তে থাকে ; To touch at the edge or extremity ; to adjoin :—প্রায় সমতুল্য-হ , সন্নিহিত হওয়া ; নিকটে গমন করা ; To approach ; to come near :—*v. t.* সজ্জার লাগান ; পাড় বসান ; To make or adorn with a border :—সমীপবর্ত্তী-হ ; To reach ; to be contiguous to :—সীমাবদ্ধ করা ; To bound.

Border of a garden—পগার ; The ditch at the extremity of a garden.

Border of a garment—অঞ্চল ; The edge or extremity of a garment.

Border-land, bodėr-land, *n.* সীমান্তপ্রদেশ ; বিবাদী ভূমি ; Land on the frontiers , debatable land.

Borderer, bordėr-ėr, *n.* সীমান্ত দেশবাসী ; One who dwells on the border or confines of a country.

Bore, bōr, *v. t.* [A. S. *borian*, to bore, from bore, a borer ; Ger. *bohren* ; allied to L. *foro*, to bore, Gr. pharynx, the gullet.] ছিদ্র-কৃ ; বিদ্ধ করা ; To perforate or penetrate ; to pierce so as to form a hole :—বিরক্ত বা ক্লান্ত-কৃ ; To weary or annoy by ceaseless repetition :—*v. i.* বিদ্ধ-হ ; To be pierced :—ছিদ্র-কৃ , To pierce or enter by boring :—*n* ছিদ্র , The hole made by boring :—কামানের ছিদ্রের পরিমাণ , বন্দুকের ছিদ্রের আয়তন ; The size of the cavity of a fire arm ; caliber :—বিরক্তকারক বস্তু বা ব্যক্তি ; A person or thing that wearies by useless repetition :—বাণ ; A tidal wave in an estuary :—বিরক্তকারী ব্যক্তি ; One who or that which bores.

Bore, bōr, *n.* [Ice *ba'ra*, a wave or swell, from root of to Bear or lift.] বাণ ; A tidal flood which rushes with great force into the mouth of certain rivers.

Bored to death—নিতান্ত বিরক্ত ; Exceedingly annoyed.

Boredom, bōr'dom, *n.* বিরক্তি ; State of being bored , ennui.

Boring of a ear—কর্ণবেধ ; The ceremony of piercing the ear.

Bore, bōr, Past tense of *bear.* Did bear.

Boreas, bōre-as, *n.* উত্তর বায়ু ; The north wind.

Boreal, bō're-al, *a.* উদীচীন , উত্তরদিক বা উত্তর বায়ু সম্বন্ধীয় ; Northern , pertaining to the north or north wind.

Born, bawrn, *pa. p.* of *bear*, to bring forth (জন্মগ্রহণ করা) ।

Born in a feathered nest—সৌভাগ্যশালী-হ ; Be lucky from one's birth.

Born in the purple—রাজবংশজাত ; Born of a royal family.

Born poet—স্বাভাবিক কবি ; কবিত্ব প্রতিভাশালী ব্যক্তি ; A poet by nature ; one endowed with a poetical genius.

Born with a silver spoon in one's mouth—ভাগ্যবান হওয়া ; Inherit a fortune by birth.

Born without a silver spoon in one's mouth—সৌভাগ্যশালী হইয়া জন্মগ্রহণ না করা , Not born to a large fortune ; born "with a wooden ladle" in one's mouth.

To be born again—নবজীবন প্রাপ্ত ; Regenerated ; renewed ; having received spiritual life.

Borne, bōrn, *pa. p.* of Bear, to carry

Borough, bur'ō, *a.* [A. S. *burg*, *burh*, a city, from *beorgan*, Ger. *bergen*, to protect.] ব্রিটিশ মহাসভায় প্রতিনিধি প্রেরণাধিকার-প্রাপ্ত নগর ; An incorporated town ; a town that sends member to Parliament.

Borough English, bur'ō ing'lish, *n.* সর্ব্বকনিষ্ঠ পুত্রে যে বিষয় অর্শায় ; A descent of estates to

the youngest son or to the youngest brother, if there are no sons.

Borough-monger, bur'ō-mung'ér, *n.* নগরের স্বত্ব ক্রয় বা বিক্রয়কারী ব্যক্তি ; One who buys or sells the patronage of a borough.

Borrow, bor'ō, *v. t.* [A. S. *borgian—borg, borh,* a pledge, security ; akin to Borough, from the notion of security.] ঋণ গ্রহণ-কৃ ; To solicit from another on loan or credit ; to obtain on loan or trust :—অনুকরণ-কৃ ; উদ্ধৃত-কৃ ; To copy ; to take an extract from an author :—অপর হইতে গ্রহণ-কৃ ; To take from another.

Borrowed plumes, bor'ōd plōōmz, *n.* ভাণ ; Something which a person wears or puts forward as his own, but which is not.

A jackdaw or the daw in borrowed plumes—গুণের ভাণকারী ; A vain pretender to merit ; As :—He was represented in a hundred pamplets, as *the daw in borrowed plumes.*—Macaulay. [borrows.

Borrower, bor'ō-ér, *n.* ঋণ-গ্রহণকারী ; One who

Boscage, bosk'āj, *n.* [Fr. *boscage, bocage*—Low L. *boscus* (hence Fr. bois), conn. with Ger. *busch,* E. bush.] বন ; ঘন পত্রসমূহ ; Thicket ; thick foliage ; woodland :—বনচিত্র ; A landscape representing thicket of wood.

Bosh, bosh, *n.* নিরর্থক বাক্য ; Nonsense ; foolish talk or opinion.

Bosk, bosk, *n.* বন ; A thicket.

Bosket, Bosquet, boskét, *n.* কুঞ্জ ; A grove.

Bosky, boski, *a.* গুল্মাবৃত ; অরণ্যময় ; নিবিড় , ছায়াবিশিষ্ট ; Woody ; shady ; bushy.

Bosom, boz'um, *n.* [A. S. *bosm,* Ger. *busen,* from *beugen* ; Sans. *bugan,* to bend, to curve.] বক্ষঃস্থল ; The breast of a human being :—আলিঙ্গন ; Embrace :—অভ্যন্তর ; গর্ভ ; The interior :—অন্তঃকরণ ; হৃদয় ; The seat of the affections :—*v. t.* বক্ষঃস্থলে রাখা ; To enclose in bosom ; to keep with care ; to cherish :—গোপন-কৃ , To conceal :—*a.* অত্যন্ত আত্মীয় ; আন্তরিক ; অত্যন্ত প্রিয় ; বিশ্বস্ত ; Intimate ; much beloved ; confidential ; As :—Bosom friend.

Bosom's lord—বিবেক ; Conscience.

Boss, bos, *n.* [Fr. *bosse,* It. *bozza,* a swelling, from O. Ger bôzem, to beat.] স্ফীতি , সমুন্নত অলঙ্কার ; উচ্চাংশ ; A stud or knob ; a raised ornament as upon shield, harness &c. :—সমুন্নত অংশ ; Any protuberant part ; a round, swelling body :—প্রধান কারিকর ; A master, workman or superintendent :—*v. t.* উন্নত করিয়া ; অলঙ্কৃত-কৃ ; To stud ; to ornament with bosses :—তত্ত্বাবধারণ-কৃ ; To superintend [ded ; having bosses.

Bossy, bośi, *a.* সমুন্নত ; অলঙ্কৃত ; Raised , stud-

Botanic gardens, botan-ik-gär'dnz, *n.* আদর্শ উদ্ভিদ্ উদ্যান ; Gardens devoted to the cultivation of plants collected for the purpose of illustrating the science of botany.

Botanise, botán-iz, *v. t.* উদ্ভিদ্‌বিদ্যা শিক্ষা করিবার জন্য তরুলতা অনুসন্ধান-কৃ ; To seek for and investigate plants. [led in botany.

Botanist, botán-ist, *n.* উদ্ভিদ্‌তত্ত্ববিৎ ; One skil-

Botany, botá-ni, *n.* [Gr. *botanē,* herbplant—*boskō,* to feed, L. *vescor,* I feed myself ; herb. cog. with A. S. woed.] উদ্ভিদ্ বিদ্যা বা বিজ্ঞান ; The science that treats of plants. *a.*=Botanic, Botanical. *adv.*=Botanically.

Botch, boch, *n.* [From the root of Boss.] স্ফোটক ; A red swelling on the skin, particularly on the face ; a blotch :—অব্যবস্থিতভাবে কৃতকার্য্য ; Work done in a bungling manner ;—তালি ; A patch or part of a garment mended in a clumsy manner :—*v. t.* তালি-দে ; To patch or mend clumsily. [workman ; one who botches.

Botcher, bocher, *n.* অনিপুণ কারিকর ; A clumsy

Botchery, bocher-i, *n.* তালি , Clumsy addition ; patchwork. [স্ফোটকপূর্ণ , Full of botches.

Botchy, bochi, *a.* তালিপূর্ণ , কদর্য্য সেলাইযুক্ত ;

Both, bōth, *a. pron conj.* [Ice *bathi,* Ger. *beide* ; A. S. *bâ* ; cf L *am-bo,* Gr. *amphō,* Sans. *ubha,* orig. *ambha*] উভয় ; দুই ; এবং ; একপক্ষে ; Used before the first of two co-ordinate words or phrases, followed by *and* before the other ; the one and the other ; the two ; as well ; on the one side.

Bother, bother, *v t* [Perh. from Ir *buaidhirt,* trouble] বিরক্ত-কৃ , To perplex or tease :—*n.* বিরক্তকারী , One who bothers :—বিরক্তি ; বিরক্তকরণ ; Annoyance ; that which annoys

Botheration, botherā'shun, *n.* বিরক্তি ; বিরক্তির কারণ , Cause of trouble , perplexity ; annoyance.

Bots, Botts, bots, *n.* কৃমি ; Worm in horses ; small worms found in the intestines of horses.

Bot-fly, botfli, *n.* কীট ; The insect whose eggs produce botts.

Bottle, botl, *n.* [Fr *bouteille,* dim. of *botte,* a vessel for liquids, from the root of Boot, Butt.] তরল দ্রব্যের আধার ; জলপাত্র , বোতল , A hollow vessel for holding and carrying liquids :—বোতলস্থিত বস্তু ; The content of a bottle :—*v. t.* বোতলে রাখা বা পূর্ণ কৃ ; To put in bottles.

Bottled, botld, *p. a.* বোতলের ভিতর আবদ্ধ ; বোতলাকৃতি ; Inclosed in bottles : shaped or protuberent like a bottle.

Bottle friend, botl-frend, **Bottle companion,** botl-kom-panyun, এক বোতলের ইয়ার ; A friend or companion in drinking ; a fellow toper

Bottle-holder, botl-hōlder, *n.* মল্লের সাহায্যকারী . One who aids a boxer, as by washing of his blood, refreshing him with water and doing other services to encourage him to persevere and win :—সাহায্যকারী ; One who gives moral support , backer.

Bottle-nosed, botl-nōzd, *a.* বোতলবৎ নাসিকাযুক্ত ; Having a nose full and swollen at the end.

Look for a needle in a bottle of hay—বৃথা অন্বেষণ-কৃ ; Make a fruitless search ; look for a very small article amidst a mass of other things.

Bottom, botum, *n* [A. S. *botm* ; Ger. *boden* ; conn. with L. *fundus,* bottom, Gael. *bond, bonn,* the sole.] তলা ; তলদেশ ; The lowest part of any thing :—অধোভাগ ; ভিত্তি ; Foundation , base :—নিম্নভূমি ; উপত্যকা ; Low land ; a dale , a valley :—(*naut*) পোত ; জাহাজের নিম্নবর্ত্তী দ্রব্য

কাষ্ঠ ; A ship ; the keel of a ship ;—শিটে ; তলা ; Sediment ; lees ; dregs :—শরীরের সার-ভাগ ; সহ্য করিবার শক্তি ; Stamina ; power of endurance ;—*v. t.* সংস্থাপন-কৃ ; অবলম্বন করা ; Found or build ; to rest upon :—তলবিশিষ্ট-কৃ, To furnish with a seat :—*v. i.* স্থাপিত-হ ; To be based.

At bottom—বাস্তবিক ; প্রকৃতপক্ষে ; অন্তরে ; In reality ; at heart ; at the root ; As :—He was a worthy creature *at bottom*.—Dickens.

At the bottom of—প্রধান কারণ ; আদৌ ; মূলে ; At the root of ; being the chief cause of ; As :—He is *at the bottom of* all the disturbances in Europe.—Warren.

False bottoms :—ছিদ্রবিশিষ্ট জাহাজ ; বৃথা কল্পনা ; Crazy or leaky vessels ; hence, unsound speculations ; *As ;—We are not without excuse if we* husband our enthusiasm a little, and do not prematurely lay out our whole stock in untried ventures, and what may turn out to be *false bottoms*.—Hazlitt. [সহিত ; Heartily

From the bottom of one's heart—হৃদয়ের

Get to the bottom of—কারণ জ্ঞাত-হ ; Learn or understand the origin or cause of ; As :—It is quite clear that we shall have extreme difficulty in *getting to the bottom of* this mystery.

Have more bottom than another—অন্য অপেক্ষা অধিকতর সহ্য করিবার শক্তি থাকা ; অন্য অপেক্ষা অধিকতর সহিষ্ণুতা থাকা ; Have more native strength or power of endurance than another ; As :—But Steyne *had more bottom than he*, and had lasted him out.—Thackeray

In the bottom of—গভীরতম প্রদেশে ; In the inmost part of ; in the depth or recess of ; As ;—Still there seemed to be a spark of almost extinguished fire, feebly glimmering in the bottom of his soul.—Irving.

Probe or sift out to the bottom—তন্ন তন্ন অনুসন্ধান-কৃ ; পুঙ্খানুপুঙ্খরূপে সন্ধান-কৃ ; Scrutinise ; to enquire minutely into all the causes and circumstances. [less.

Bottomless, bot'um-les, *a.* অতলস্পর্শ ; Fathom-

Bottomless pit—নরক ; Hell.

Bottomry, bot'um-ri, *n.* [From Bottom, a ship] পোত বন্ধক রাখিয়া ঋণ গ্রহণ ; The act of borrowing money on the security of a ship.

Boudoir, boodwar, *n.* [Fr.—*bouder*, to pout, to be sulky.] অন্তঃপুর ; কক্ষ ; স্ত্রীলোকের গুপ্ত কক্ষ বা বেশগৃহ ; A lady's dressing-room ; a private apartment.

Bough, bow, *n.* [A. S. *bog, boh*, an arm, the shoulder (Ger. *bug*, the shoulder, the bow of a ship.)—A. S. *bugan*, to bend.] শাখা ; A branch of a tree.

Bought, bawt, *pa.t.* and *pa.p.* of Buy.

Bougie, bōō-zhe', *n.* [Fr., wax-candle, bougie, from *Bugia*, a town of North Africa.] মূত্রমার্গ দোষ শোধনার্থ ব্যবহৃত যন্ত্র বিশেষ ; A long flexible instrument for removing obstructions in the bladder.

Boulder, bōlder, *n.* [Acc. to Wedg-wood, from Swed. *bullra*, Dan. *buldre*, to roar like thunder, as large pebbles do.] জলপ্রবাহে বর্তুলাকারে পরিণত বৃহৎ প্রস্তর বিশেষ ; স্থানচ্যুত প্রস্তর স্তূপ ; A large stone rounded by the action of water ; (geol.) a mass of rock transported by natural agencies from its native bed :—*a.* বোল্ডার নামক প্রস্তর পূর্ণ ; Containing boulders.

Boulevard, bōō-le-vär', *n.* [Fr. fr. Ger. *bollwerk*, bulwark.] বিহার কানন ; বায়ু সেবনের স্থান , A public walk.

Bounce, bowns, *v. i.* হঠাৎ লম্ফ দেওয়া ; To leap or spring suddenly :—শব্দ পূর্ব্বক আঘাত-কৃ ; To beat or thump so as to make a sudden noise ;—দর্প করা ; অত্যুক্তি করা ; To boast ; to exaggerate :—*v. t.* অকস্মাৎ প্রবলরূপে কোন বস্তুতে আঘাত-কৃ ; To drive violently against any thing :—*n.* অকস্মাৎ লম্ফ ; A sudden leap :—আকস্মিক গুরু আঘাত ; অকস্মাৎ আঘাত ; A heavy sudden blow or thump :—অসঙ্কুচিতভাবে মিথ্যা কথন ; A bold lie :—দর্প ; A boast.

Be kept on the bounce—অত্যন্ত মানসিক চিন্তা ও ব্যাকুল অবস্থায় রাখা ; Be kept in a state of great mental agitation and anxiety ; As :—The testy little governor appears to have had his hands full and with one annoyance and the other to *have been kept* continually *on the bounce*.—Irving. [of Bind.

Bound, bownd, *v.* See Bind :—*pa. t.* and *pa. a.*

Bound, bownd, *n.* [O. Fr. *bonne*—Low. L. *bodina*—Bret. *bonn*, a boundary.] সীমা ; Limit ; extent ; boundary.

Bound, bownd, *v. t.* [O. Fr. *boune*—Low L. *bodina*—Bret. *bonn*, a boundary.] সীমাবদ্ধ-কৃ ; সীমা নির্ণয় করা ; To set limits to a thing ; to limit :—সংযত-কৃ ; To restrain :—সীমা নির্দ্দেশ-কৃ ; To mention the boundaries of :—বেষ্টন-কৃ ; To surround ; to cause to bound.

Bound, bownd, *v. i.* [Fr. *bondir*, to spring, in O. Fr to resound—L. *bombitare*. See Boom, the sound] লম্ফ দেওয়া ; To spring or leap :—*n.* লম্ফ ; A spring or leap.

Bound, bownd, *a.* বদ্ধ ; Confined ; restrained :—নৈতিক বন্ধনে বাধ্য ; Obliged by moral ties.

Bound, bownd, *a.* [Ice. *buinn*, *pa. p.* of *bua*, to prepare] যাইতে প্রস্তুত ; উদ্দিষ্ট ; Ready to go ; destined.

Ice bound, wind bound—তুষার বদ্ধ ; Confined or prevented from sailing by ice or contrary winds.

Be bound up in—আসক্ত হওয়া ; Be absorbed in ; be attached to.

Be bound up with—অচ্ছেদ্যরূপে সংযুক্ত ; Be indissolubly connected.

As in duty bound—চিরাচরিত ব্যক্তির যেরূপ কর্ত্তব্য ; As one is obliged by duty.

Bound hand and foot—হাত পা বাঁধা ; একেবারে ক্ষমতাশূন্য বা নাচার অবস্থায় ; Having the feet or hands confined ; restrained from motion ; made completely powerless or helpless.

Bind oneself hand and foot—কোন বিষয়ে আবদ্ধ হইয়া আপনাকে সম্পূর্ণরূপ অক্ষম করা ; Render one's self perfectly helpless by being completely enthralled to something ; As :—You rob your-

self to give her, You *bind yourself hand and foot* on her account.—Dickens.

Bring within bounds—কমাইয়া আনা ; বাড়াবাড়ি করিতে না দেওয়া ; Reduce to a moderate degree ; not allow to be carried to excess.

Go beyond the bounds of—সীমা অতিক্রম করা ; Exceed the limits of.

Know no bounds—অসীম হওয়া , Be limitless.

Set a bound to—প্রকৃত সীমাবদ্ধ করা , দমন করা , Restrain within proper limits.

To be bound in duty—অবশ্য কর্ত্তব্য জ্ঞানে বাধ্য থাকা ; To be obliged by duty.

To be bound in fairness—সরলভাবে এবং নিরপেক্ষভাবে কোন বিষয় আলোচনা করিতে বাধ্য ; To be under obligation (to do something) from the necessity of treating a subject candidly and impartially.

Boundary, bownda-ri, *n.* সীমা ; প্রান্ত ; শেষভাগ ; A visible bound or limit , border ; termination.

Bounden, bowndn, *a.* অবশ্যকরণীয় ; আবশ্যক ; Morally imperative , binding ; required ; obligatory

Bounden duty, bowndn dūti, অবশ্য কর্ত্তব্য কার্য্য , A duty which is obligatory on (a person) , As . —It seems the *bounden duty* of every government, not only not to encourage such irregular warfare on the part of its population, but carefully to repress it —T Arnold

Boundless, bowndles, *a.* অসীম , Without limits , vast.

Bounty, bownti, *n* [Fr. *boné*, goodness—L *bontias—bonus*, good] বদান্যতা , দান , দানশীলতা , Liberality in bestowing gifts , generosity, munificence , the gift bestowed :—পারিতোষিক ; A premium or reward *a.*—bounteous, bownteus , bountiful, bownti-fool, বদান্য , উদার , কৃপালু দানশীল ; Liberal , generous in giving , munificent *adv*=Bounteously , Bountifully. *n.*=Bounteousness , Bountifulness.

Bouquet, boo'kā, *n* [Fr.—*bosquet*, dim of *bois*, a wood—It *bosco*. See Boscage, Bush.] পুষ্পগুচ্ছ ; ফুলের তোড়া , A bunch of flowers , a nose-gay.

Bourg, burg, *n.* Same as Burgh, Borough

Bourgeois, bur-jois, *n.* [Fr —perh, from the name of the typefounder] ছাপিবার অক্ষর বিশেষ , A small kind of type in size between long primer and brevier.

Bourgeoisie, bōōrzh-waw'rē, *n.* [Fr. *bourgeois*, a citizen, from root of Borough] মধ্যশ্রেণীর নাগরিক ; বণিক দল The middle class of citizens, esp. traders.

Bourgeon, bur'jun, *v. i.* [*bourgeon*, a bud, shoot.] অঙ্কুরিত হওয়া ; মুকুলিত হওয়া ; বর্দ্ধিত হওয়া ; To bud ; to sprout , to grow

Bourn, Bourne, bōrn or bōōrn, *n.* [Fr. *borne*, a limit. See Bound] সীমা ; Bounds limits ; confines

Bourn, Bourne, bōrn or bōōrn, *n.* [A. S. *burna*, a stream ; Scot. *burn*, a brook ; Goth *brunna*, a spring.] ক্ষুদ্র স্রোতস্বতী , A little stream.

Bourse, bōōrs, *n.* [Fr. *bourse*. See Purse.] ক্রয় বিক্রয় স্থান ; The French name of an exchange ; an exchange where merchants meet for business.

Bouse, bōōz, *v.i.* [Dut. *buysen*, to drink deeply —*buis*, a tube or flask ; allied to Box.] অতিরিক্ত মদ্যপান-কৃ , To drink freely or deeply.

Bout, bowt, *n.* [Doublet of Bight ; from root of Bow, to bend.] কলহ ; উদ্যোগ ; পরীক্ষা , Conflict ; an attempt ; a trial ·—বার ; পর্য্যায় ; পালা , A turn or round.

Bovine, bō'vīn, *a* [L. *bos, bovis*, Gr. *bous*, an ox or cow] গোজাতীয় , গৃহপালিত পশু সম্বন্ধীয় , Pertaining to animals of the ox kind ; pertaining to cattle.

Bow, bō, *v. t.* [A. S. *bugan*, to bend ; akin to L. *fugio*, to flee, to yield.] নত-কৃ , To bend or incline towards :—নমস্কার-কৃ , অভিবাদন করণার্থ দেহ অবনত করা , To bend the body in token of respect —বশীভূত-কৃ , দমন কৃ , To depress , to crush , to subdue —*v. t.* নমস্কার-কৃ ; অভিবাদনার্থ নত হওয়া , অবনত হওয়া ; বশ্যতা স্বীকার করা , To bend the body in saluting a person , to yield , to stoop ·—*n.* নমস্কার , প্রণাম , অভিবাদন করণার্থ দেহ অবনত ; Salutation , a bending of the body in saluting a person

Bow, bō, *n* [A S *boger*] চক্রাকৃতি বস্তু , Any thing in the form of a curve —ধনুক , A weapon to shoot arrows ·—পোতাগ্র ; জাহাজের বক্র অগ্রভাগ , The curving forward part of a ship —*a.* চক্রবৎ ; Curved or arched, as a bow-window.

Bow-bells, bō'-bels, *n.* লণ্ডন নগরবাসী , প্রকৃত নাগরিক , A true cockney.

Bow-hand, bō'-hand, *n.* বাম হস্ত ; The left hand ; the hand which holds the bow.

Bow-legged, bō'-legd, *a* প্রণত জানু ; Having crooked legs.

Bow-line, bō'-lin, *n* জাহাজের পাইলের টানা দড়ি ; পাইলকে বায়ুমুখে রাখিবার রজ্জু , A rope which keeps the weather-edge of a sail tight forward, when the ship is close hauled

Bow-man, bō'-man, *n* গলুয়ের দাঁড়ি ; The man who rows the foremost oar in a boat .—ধানুক , ধানুকী ; Archer.

Bow-shot, bō'-shot, *n.* শরগম্য স্থান ; শরক্ষেপ দূরত্ব , অল্প দূরবর্ত্তী স্থান ; The place which an arrow may pass when shot from a bow , the distance to which an arrow can be shot from a bow ; a place not far distant.

Bow-sprit, bō'-sprit, *n.* পালদণ্ড ; পোতাগ্র হইতে উত্থিত দণ্ড ; A pole projecting from the stem or bow of a ship to carry sail forward.

Bow-string, bō'-string, *n.* জ্যা ; ধনুর্গুণ ; তুরস্কজাতীয়ের মধ্যে অপরাধীদিগের প্রাণবধের গলরজ্জু ; String of a bow ; a string with which the Turks strangled offenders.

Bow-window, bō'-windō, *n.* অর্দ্ধবৃত্তাকার গবাক্ষ ; (See Bay window) A bent or semicircular window

Draw not your bow till your arrow is fixed—আরম্ভ করিবার পূর্ব্বে সকল প্রস্তুত রাখিও ; Have every thing ready before you begin.

To be too much of the bow-hand—কোন মনস্কামনা করিতে অকৃতকার্য্য হওয়া ; উপযুক্তরূপ দক্ষ নহে ; To fail in a design ; not be sufficiently dexterous.

To have two strings to one's bow—অভিপ্রায় সিদ্ধ করিবার দুইটী উপায় রাখা ; To have two means of accomplishing one object.

Bowel, bow'el, *v. t.* ভুঁড়ি বাহির করিয়া লওয়া ; To take out the intestines ; to eviscerate.

Bowels, bow'elz, *n. pl.* [Fr. *boyau.* O. Fr. *boel* —L. *botellus*, a sausage, also, an intestine.] ভুঁড়ি ; অন্ত্র ; Entrails ; intestines :—গর্ভ ; মধ্যভাগ ; The interior part of any thing :—দয়া ; সদয় ; সমবেদনা ; কোমলতা বা স্নেহ ; Heart ; pity ; compassion ; tenderness.

Bower, bow'ér, *n.* [A. S. *bur*, a chamber ; Scot. *byre*—root. A.S. *buan*, to dwell] নিকুঞ্জ ; Arbour ; a shady inclosure or recess in a garden.

Bower, bow'ér, *n.* পোতাগ্রস্থিত নোঙ্গর, An anchor at the bow or forepart of a ship.

Bower anchor, bow'ér-angk'ur, *n.* নঙ্গরবিশেষ ; The smaller anchor or anchers carried at the ship's bow. [taining bowers ; shady.

Bowery, bow'ér-i, *a.* নিকুঞ্জময় ; ছায়াবিশিষ্ট , Con-

Bowie-knife, bō'i-nīf, *n* ছুরিকা বিশেষ , A long, short knife, carried by hunters in the southern and south-western states of America, so named from its inventor, Colonel Bowie.

Bowl, bōl, *n.* [A. S *bolla.* See Bole] জলপাত্র ; গোলাকার পানপাত্র , A concave vessel to hold liquids , a round drinking cup —গর্ভ . খোল : The hollow part of any thing , the round hollow part of any thing

Bowl, bōl, *n* [Fr. *boule*—L. *bulla* See Boil, *v.*] কাষ্ঠ নির্ম্মিত ক্রীড়া গোলক ; A wooden ball used for rolling along the ground :—*v. t.* গুলি গড়াইয়া দেন , বল নিক্ষেপ করা ; To roll as a bowl ; to throw a ball, as in cricket ; to pelt with any thing rolled —*v. i* গোলা খেলা ; To play with bowls.

Bowl out, bōl owt. *v.* গুলিকা দ্বারা দণ্ড আঘাত-কৃ ; In cricket, to knock down a wicket by bowling.

Bowlder, bolder, *n* বড় নুড়ি ; A large pebble boulder. Same as Boulder. [plays at bowls

Bowler, bōlér, *n.* গুলিকা ক্রীড়াকারী , One who

Bowling-green, bōling-grēn, *n.* গুলিকা খেলিবার সমতল স্থান , A green or grassy level piece of ground kept smooth for bowling.

Box, boks, *n.* [A. S. *box*, L. *buxus*, Gr. *pyxos*, the tree, *pyxis*, a box.] আধার ; বাক্স ; বৃক্ষবিশেষ ; A case or hollow vessel ; a tree remarkarable for the hardness and smoothness of its wood :—বাক্সের অভ্যন্তরস্থ বস্তু ; The contents of a box :—নাট্যশালায় বসিবার স্থান ; A seat in a theatre or any place of public amusement :—টাকার সিন্দুক ; A money-chest :—ক্ষুদ্র বাটী ; A small house :—শকট-চালকের বসিবার আসন ; The driver's seat on a carriage :—*v. t.* বাক্সের মধ্যে রাখা বা তদ্দ্বারা সজ্জিত করা ; To inclose in a box or furnish with boxes.

Box, boks, *n.* [Dan. *bask*, a sounding blow ; cf. Ger. *pochen*, to strike.] মুষ্টি প্রহার ; হস্ত দ্বারা মস্তক বা কর্ণে আঘাত ; A blow on the head or ear with the hand :—*v. t.* মুষ্টি প্রহার-কৃ ; To strike with the hand or fist :—*v. i.* হাতাহাতি-কৃ ; ঘুসা মারামারি-কৃ ; To combat with the hand or fist. *a.*=boxen, কাষ্ঠ নির্ম্মিত ; made of box wood.

Box off—ক্ষুদ্র ক্ষুদ্র গৃহে বিভাগ-কৃ ; To divide into light compartment.

Box the compass—দিকদর্শন যন্ত্রের চিহ্নের ক্রমানুসারে নাম-কৃ ; Name the points of the compass in order.

In a box—সঙ্কটে ; In difficulty.

To be in the wrong box—ভ্রান্ত-হ ; To be mistaken ; As :—If the friend or my brother fancied that, for once they *were in the wrong box.*—De Quincey.

Boxen, boksn, *a.* যে কাষ্ঠে বাক্স প্রস্তুত হয় তদ্দ্বারা নির্ম্মিত বা তৎসদৃশ ; Made of or like box wood.

Boxer, boksér, *n.* মল্ল ; One who fights with his fist. [with the fist.

Boxing, boksing, *n.* মল্লযুদ্ধ ; The act of fighting

Boxing-day, boksing-dā, *n.* ইংলণ্ডে খ্রীষ্টোৎসবের পর যে দিন উপহার প্রদান করা হয় ; In England, the day after Christmas when boxes or presents are given. [between two black guards.

Boxing match, boksing-mach, *n.* মল্লযুদ্ধ ; Fight

Boxwood, boks'wood, *n.* একজাতীয় কাষ্ঠ ; Wood of the box-tree.

Boy, boy, *n.* [Fris. *boi*, Dut. *boef*, Ger. *bube*, L. *pupus.*]. বালক ; A male-child ; a lad :—ছেলে-মানুষ , A man in contempt or familiarity.

Boyar, boy'ér, *n* রুসদেশীয় ভদ্রলোক ; A Russian nobleman.

Boycott, boy'kot, *v. t.* [From Captain Boycott, who was so treated by his neighbours in Ireland 1881] সামাজিক বাণিজ্য বিষয়ক সংস্রব রহিত করা , To shut out from all social and commercial intercourse.

Boy girl, boy'-gerl, *n.* প্রগল্‌ভা বালিকা; A hoyden.

Boyhood, boy'hood, *n.* বালকত্ব , State of being a boy.

Boyish, boy'ish, *a.* বালকবৎ ; বালকসম্বন্ধীয় ; Belonging to or like a boy ; childish. *n*=Boy'ishness, বালকত্ব ; Childishness. *adv.*=Boy'ishly.

Boy king, boy'-king, *n.* বালকরাজ ; A young king.

Brace, brās, *n.* [O Fr. *brace*, Fr *bras*, the arm, power—L. *brachium*, Gr. brachion, the arm, as holding together.] আধার , A support :—বন্ধন বস্ত্র ; বন্ধনী ; যাহা একত্র সমাকর্ষণ করিয়া দৃঢ়রূপে ধরিয়া রাখে ; Bandage ; that which holds any thing tightly :—যুগল ; যুগ্ম ; A pair .—বাসচর্ম্মবৎ ; A thick strap, which supports a carriage on wheels —মুদ্রাকার্য্যে সংযোজক চিহ্ন ; { } ; বন্ধনী ; In printing, a mark connecting two or more words or lines :—*pl.* পেনটুলের ঝুলাইয়া রাখিবার ফিতা ; Straps that suspend pentaloons &c., suspenders :—*v. t.* ধারণ কৃ ; To prop ; support :—টানিয়া বাঁধা ; দৃঢ়-কৃ ; To tighten ; to put in a state of tension ; to strengthen :—জাহাজের পাল সঞ্চালন-কৃ : To bring the yards to either side :—দৃঢ়ভাবে ধারা ; To hold firmly.

Bracelet, brāslet, *n.* [Fr. dim of O. Fr. *brac.* See Brace.] বলয় ; কঙ্কণ ; An ornament for the wrist worn by ladies :—বাহু রক্ষিণী ; Defensive armour for the arm.

Brach, brak, brach, *n.* [O. Fr. *brache*, from O. Ger. *bracco.*] শিকারী কুকুর ; A dog for the chase.

Brachial, braki-al, *a.* [See Brace.] বাহুসম্বন্ধীয় ; Belonging to the arm.

Bracing, brāsing, *a.* বলদায়ক ; তেজপ্রদায়ী ; Giving strength or tone.

Bracken, braken, *n.* [See Brake.] পরগাছা ; [Fern.

Bracket, brakèt, *n.* [Dim. formed from Brace.] দেওয়ালে গিঁথিত ছাদ ; A support projecting from a wall or other surface :—*pl.* মুদ্রাকরে সংযোজক চিহ্ন ; [ ] ; বন্ধনী ; In printing, the marks [ ] used to inclose one or more words :—*v. t.* চিহ্নের মধ্যে রাখা ; বন্ধনীর অন্তর্গত করা ; To put within brackets :—ব্রাকেটের উপরে রাখা ; To place on bracket, to support by brackets.

Brackish, brakish, *a.* [Dut. *brak*, refuse conn. with Wrick.] লবণাক্ত ; Saltish. *n.*=Brackishness.

Bract, brakt, *n.* [*bractea*, a thin plate of matal, gold-leaf.] অসম্পূর্ণ পত্র ; An irregularly developed leaf at the base of the flower-stalk. *a.*= Brac'teal.

Bradawl, bradawl, *n.* [For inserting *brads*, long, thin nails.] ছিদ্র করিবার কাঁটা ; An awl to pierce hole.

Brag, brag, *v. t.* [Prob. from a root of brag See Brave.] গর্ব্ব-কৃ ; আত্মশ্লাঘা করা ; দর্প করা , To boast or bluster ; to vaunt :—*n.* গর্ব্ব ; আত্মশ্লাঘা , দর্প ; A boast or boasting :—অহঙ্কারের বস্তু ; The thing boasted of :—এক প্রকার তাস খেলা , A game at cards.

Brag is good dog, but hold fast is a better—মুখে বলা অপেক্ষা কাজে করা ভাল ; Talking is all very well but doing is far better.

Braggadocio, brag-a-dō'shi-o, *n.* [From *Braggadochio*, a boastful character in Spencer's Fairy Queen.] দাম্ভিক ; A boaster ; a braggart : —বৃথা দম্ভ ; Empty boasting.

Braggart, brag'art, *a.* [O. Fr. *bragard*, vain, *bragging*, from the root of Brag.] দম্ভপূর্ণ ; Boastful :—*n.* বৃথা দাম্ভিক ; A vain boaster.

Braggartism, brag'art-ism, *n.* দাম্ভিকতা ; Boastfulness.

Brahma, brä'mȧ, *n.* ব্রহ্মা ; সৃষ্টিকর্তা ; The self-existing and invisible creator of the Universe.

Brahmin, brä'min, **Brahman,** brä'man, *n.* [From *Brahma*, the Hindu Deity.] ব্রাহ্মণ ; A person of the highest or priestly caste among the Hindus. *a.*=Bahminic, Brahminical, Brahmanic, Brahmanical.

Brahmanism, brä'man-izm, **Brahminism,** brä'min-izm, *n.* ব্রাহ্মণ্য ধর্ম ; হিন্দুধর্ম ; One of the religions of India, the worship of Brahma.

Braid, brād, *v. t.* [A. S. *bredan*, *bregdan*. Ice. *bregda*, to weave.] একত্রে বুনা ; বয়ন করা ; বুনা ; পাক দেওয়া ; To weave or entwine ; to plait :—*n.* গ্রন্থি ; দড়ি ; রজ্জু ; A string, cord or other texture formed by weaving or plaiting :—কবরী ; বেণী ; খোঁপা ; A band of hair formed by plaiting three or more folds together.

Brail, brāl, *n.* [O. Fr. *braiel*, a cincture.] (naut.) পাল তুলিবার রজ্জু ; Ropes to haul up or truss up sails for furling :—*v. t.* পাইল তোলা ; To haul up in the brails

Brain, brān, *n.* [A. S. *brægen* ; Dut. *brein*.] মস্তিষ্ক ; The mass of nervous matter within the skull :—বুদ্ধি ও জ্ঞানের আধার ; The seat of sensation and intelligence ; the understanding :—কল্পনা ; Imagination :—*v. t.* মস্তিষ্ক চূর্ণ-কৃ ; মস্তিষ্ক বাহির করা ; ধ্বংস করা ; To dash out the brains of ; to destroy ; As :—Jack had *brained* one of these gentry with the club-end of his musket.

Brain fever, brān fē'vėr, *n.* মস্তিষ্ক প্রদাহ ; Inflammation of the brain. [cranium.

Brain pan, brān pan, *n.* মাথার খুলি ; Skull ;

Brain sick, brān sik, *a.* বুদ্ধিভ্রংশ ; Disordered in the understanding.

Brain-sickness, brān-siknes, *n.* মস্তিষ্ক বিকৃতি ; বুদ্ধিভ্রংশ ; বিবেচনাহীনতা ; Disorder of the brain ; giddiness ; indiscretion. [Mental labour.

Brain-work, brān-wurk, *n.* মানসিক পরিশ্রম ;

Blow out one's brains—বধ-কৃ ; Kill one.

Brainless, brānles, *a* মস্তিষ্কশূন্য ; বোধহীন ; নির্ব্বোধ ; Without brains or understanding ; silly.

Branish, brānish, *a* উষ্ণ মস্তিষ্ক ; Hot headed ; furious.

Brake, brāk, *n* [Low. Ger. *brake*, brushwood ; Ger. *brach*, fallow] চারা গাছ বিশেষ ; Fern ; ফার্ণ দ্বারা আচ্ছাদিত স্থান ; A place overgrown with ferns :—বন ; A thicket.

Brake, brāk, *n.* [From the root of Break.] শোন আঁচড়াইবার যন্ত্র ; পাটা ; An instrument to break flax or hemp :—বল্গিন ; A bit for horses :—অশ্ব দমন যন্ত্র ; A frame for confining horses while being shod :—যানের গতিনিবারক যন্ত্র ; An instrument for checking the motion of a wheel engine :—অশ্বদমন যান ; A skeleton carriage for training horses :—লোষ্ট্রভেদক ; মাটির চাঙড় ভাঙ্গিবার যন্ত্র ; A large heavy harrow for breaking clods :—দ্রোণী ; A kneading trough :—খোঁয়াড় ; An enclosure for cattle.

Brakeman, brākman, *n.* অশ্বদমন যান চালক ; One who manages a brake of a carriage.

Brakevan, brākvan, *n.* যান বিশেষ ; In Railway trains, a carriage furnished with powerful brakes. [of brakes.

Braky, brāki, *a.* কণ্টকযুক্ত ; Rough ; thorny ; full

Bramble, brambl, [A. S. *bremel* ; Dut. *braam*, Ger *brom*.] কণ্টকিত গুল্ম ; A prickly creeping shrub bearing black berries ; any rough prickly shrub bearing black berries.

Bran, bran, *n.* [Fr. *bran*, bran—Celt. *bran*, bran, refuse.] ভুষি ; তুঁষ ; The inner husks of corn sifted from the flour.

Bran-new, bran-nū, *a.* আনকরা নূতন ; সম্পূর্ণ নূতন ; Quite new ; As :—The happy schoolmaster put on a *bran-new* pair of gloves.—Dickens.

Branny, brani, *a.* ভুষিযুক্ত ; Consisting of bran : —ভুষিবৎ ; Resembling grain.

Branch, bransh, *n.* [Fr. *branche*—Bret. *branc*, an arm ; Low L. *branca*, L. *branchium*. See Brace.] শাখা ; The shoot of tree or plant :— বাহু ; Any arm or extended part shooting from the main body :—বিভাগ ; A ramification ; a subdivision ; a department :—বংশের শাখা ; সগোত্র ; A line of family descent ; a descendant from a common parent :—*v. i.* শাখার ন্যায় বিস্তৃত

হওয়া ; To spread in branches :—বিভক্ত-হ ; To ramify :—*v. t.* শাখায় বিভক্ত-কৃ ; To divide into branches.

Branch off—বিভক্ত-হ ; To form a branch or separate part ; to bifurcate.

Branch out—সবিস্তারে বলা ; To speak diffusively.

Root and branch—সম্পূর্ণরূপে ; Wholly ; totally.

Branchless, bransh'les, *a.* শাখাশূন্য ; Without branches.

Branchlet, bransh'let, *n.* ক্ষুদ্র শাখা ; A twig.

Branchiæ, brang'ki-ē, *n. pl.* [L.] মৎস্যাদির ফুল্কা ; Gills. *a.*=Branchial, brang'ki-al.

Branchy, bransh'i, *a.* শাখাময় ; Full of branches.

Brand, brand, *n.* [A. S. root of Burn.] জ্বলন্ত কাষ্ঠখণ্ড ; দহ্যমান বা অর্দ্ধদগ্ধ কাষ্ঠখণ্ড ; A burning piece of wood ; a piece of wood burning or partly burned :—তপ্ত লৌহের দাগ ; তপ্ত লৌহ দ্বারা দগ্ধ চিহ্ন ; A mark made by pressing a hot iron mould upon a cask :—কলঙ্ক চিহ্ন ; অপযশ ; Any mark of infamy ; stigma :—ব্যবসার নিদর্শন ; A trade mark ;—রকম ; প্রকার ; Kind ; quality :—তরবার ; A sword, so called from its glitter :—*v. t.* জ্বলন্ত লৌহ দ্বারা চিহ্ন-কৃ ; To burn or mark any thing with an iron mould red hot :—অপযশ-কৃ ; কলঙ্কের চিহ্ন অঙ্কিত করা ; To stigmatise as infamous ; to fix a mark of infamy upon.

Brand iron or **branding iron**—দাগ করিবার লৌহ ; An iron used to brand with.

Branded with infamy—কলঙ্কিত ; Marked with infamy.

Brand-new, brand'-nū, *a.* সম্পূর্ণ নূতন ; আনকরা নূতন ; Quite new (as if newly from the fire.)

Brandish, bran'dish, *v. t.* [Fr. *brandir*, from root of Brand.] অস্ত্র ক্রীড়া-কৃ ; অস্ত্র সঞ্চালন করা ; To move or wave as a weapon ; to raise and move in various directions ; to flourish :—*n.* অস্ত্র পরিচালন ; A waving or flourish.

Brandy, bran'di, *n.* [Formerly *brandwine*—Dut. *brandewijin*—*branden*, to burn, to distil, and *wijin*, wine ; Cf. Ger. *brantwein*.] মদিরা বিশেষ ; সুরা ; Alcohol obtained from wine ; an ardent spirit distilled from wine.

Brangle, brang'l or brang'gl, [Fr. *branler*.] বিবাদ ; কলহ ; A wrangle ; a squabble ; a noisy contest.

Brash, brash, *a.* [Gr. *brasch*, harsh, impetuous.] দুঃসাহসিক ; Impetuous ; rash ; hasty :—*n.* অসার বস্তু ; Refuse boughs of trees ; trash.

Water-brash, waw'tėr-brash, *n.* মুখে জল উঠা ; A burning sensation in the stomach with eructation of an acid liquid.

Weaning-brash, wēn'ing-brash, *n.* শিশুদের উদরাময় ; Diarrhœa affecting children just weaned.

Brass, bras, *n.* [A. S. *braes* ; Ice. *bras*, solder ; from *brasa*, to harden by fire, Swed. *brasa*, fire.] পিত্তল ; An alloy of copper and zinc :—নির্লজ্জতা ; ধৃষ্টতা ; Impudence ; a brazen face (colloq) :—*pl.* পিত্তল নির্মিত পাত্র ও অলঙ্কার ; Uttensils, ornaments, &c. made of brass.

Brass-brand, bras'-band, *n.* পিত্তল-নির্মিত বাদ্যযন্ত্র-বাদক-সম্প্রদায় ; A band or company of musicians who perform on brass instruments.

Brassy, bras'i, *a.* পিত্তল সম্বন্ধীয় ; Of or pertaining to brass :—নির্লজ্জ ; ধৃষ্ট ; Impudently bold ; impudent.

Brat, brat, *n.* [A. S. *bratt*, W., Gael. *brat*, a rag ; prov. E. *brat*, a child's pinafore.] শিশুর তুচ্ছার্থক নাম ; A contemptuous name for a child.

Bravado, brav-ā'do, *n.* [Sp. *bravada*, from root of Brave.] স্পর্দ্ধা ; সদর্প ভয় প্রদর্শন ; Boastful display of courage ; a boastful treat :—অহঙ্কার ; Boast or brag :—অহঙ্কারী ব্যক্তি ; A boasting fellow. *pl.*=Bravadoes.

Brave, brāv, *a.* [Fr. *brave* ; It and Sp. *bravo* ; from Celt., as in Bret. *braga*, to strut about, Gael. *breagh*, fine. See Brag.] সাহসিক ; Bold ; daring ; courageous :—উত্তম ; সুন্দর ; Excellent ; beautiful ; grand :—ভদ্র আকারবিশিষ্ট ; মহৎ ; Having a noble mien ; noble :—*v. t.* তুচ্ছ-কৃ ; সাহস পূর্ব্বক আক্রমণ-কৃ ; সাহসের সহিত সম্মুখীন হওয়া ; To defy ; to challenge ; to meet boldly ; to encounter with courage :—*n.* দুঃসাহসিক ব্যক্তি ; দাম্ভিক ব্যক্তি ; A brave man ; a hector ; a bully.

Bravery, brāv'ėr-i, *n.* সাহস ; বীরত্ব ; Courage ; heroism :—আড়ম্বর ; শোভা ; Ostentation ; finery.

Bravo, brävo, *n.* পামর ; ঘাতক ; বেতনভুক নরহত্যাকারী ; A daring villain ; an assassin ; a hired assassin ; a bandit :—*int.* সাবাস ; বাহবা ; সাধু সাধু ; Well done

Bravura, bräv-ōō'ra, *n.* [It] গীতবিশেষ ; A term applied to songs that require great spirit in execution.

Brawl, brawl, *n.* [W. *bragal*, to vociferate, which, acc. to Skeat, is freq. of brag.] কলহ ; ঝগড়া ; A noisy contention, uproar ; a noisy quarrel ; wrangling :—*v. t.* ঝগড়া-কৃ ; শন্ শন্ বা কল কল ধ্বনি করা ; To quarrel noisily. *n.* Brawler.

Brawling, brawl'ing, *a.* কলহপ্রিয় ; Noisy ; quarrelsome.

Brawn, brawn, *n.* [O. Fr. *braon*, from O. Ger. *brato*, flesh (for roasting)—O. Ger. *pratan* (Ger. *braten*), to roast.] শূকর মাংস ; The flesh of a boar or the animal itself :—মাংসপেশী ; দৃঢ় মাংসপেশী , Fully strong muscles ; muscle :—বল ; Strength ; muscular strength.

Brawny, brawn'i, *a.* পৈশিক ; মাংসল ; বলবান ; Fleshy ; muscular ; strong.

Bray, brā, *v. t.* [Fr. *braire* ; Low L. *bragire*, from root of Brag, Brawl.] গর্দ্দভের মত চীৎকার-কৃ ; To utter a harsh cry, as an ass :—কর্কশ শব্দ-কৃ ; To make a harsh, grating noise :—গর্দ্দভের চীৎকার ; The cry of an ass :—কর্কশ শব্দ ; A harsh grating sound.

Bray, brā, *v. t.* [O. Fr, *breier* (Fr. *broyer*) ; from root of Break.] চূর্ণ করা ; To *break*.

Brayer, brā'ėr, *n.* গর্দ্দভের মত যে চীৎকার করে ; One that brays like an ass :—কালী মিশ্রিত করিবার যন্ত্র ; Instrument for mixing ink.

Braze, brāz, *v. t.* পিত্তল দ্বারা আচ্ছাদিত বা সংযোগ-কৃ ; To cover or solder with brass :—নির্লজ্জ-কৃ ; To harden to impudence.

Brazen, brā'zn, *a.* পিত্তল সম্বন্ধীয় বা দ্বারা নির্মিত ; Pertaining or made of brass :—নির্লজ্জ ; ধৃষ্ট ;

Impudent :—*v. t.* ধৃষ্টতার সহিত সম্মুখীন হওয়া বা বাধা দেওয়া ; To confront with impudence.

Brazen age, brā'zn āj, *n.* সামরিক যুগ ; The age of war and violence, the age which succeeds the silver age, when men had degenerated from primitive purity.

Brazen-faced, brā'zn-fāsed, *a.* নিতান্ত নির্লজ্জ ; অত্যন্ত ধৃষ্ট ; Remarkably impudent.

Brazier, brasier, brā'zhėr, *n.* পিত্তল নির্মাণকারী ; One who works in brass :—অঙ্গার পাত্র ; A pan for coals.

Brazil wood, brā-zil wōōd, *n.* লাল রং করিবার কাষ্ঠ ; A very heavy wood, of red colour, growing in Brazil, used in dying red.

Breach, brēch, *n.* [A. S *bric*, Fr. *brech* from the root of Break.] ভগ্নস্থান বা ছিদ্র ; নিয়মভঙ্গ ; বিবাদ ; A *break* or opening, as in the walls of a fortress : breaking of law, &c. ; a quarrel :—*v. t.* ছিদ্র করা ; To make a breach or opening.

Breach, brēch, *n.* ছিদ্র ; A gap or opening :—ব্যবস্থা ভঙ্গ ; কর্ত্তব্য কর্ম্মে অবহেলা , Violation of law &c ; a neglect of duty :—বিবাদ, বিচ্ছেদ ; Quarrel ; difference ; as, a breach between friends :—আক্রমণ ; Invasion ; as, a breach upon kingly power :—বিচ্ছেদ ; Bereavement. *Syn.*—Break, gap, chasm

Breach of the peace—শান্তিভঙ্গ , Violation of public peace by riot.

Bread, bred, *n.* [A S. *bread*, from *breotan*, to break ; or from *breowan*, to brew] রুটী ; An article of food made of flour or meal baked :—খাদ্য দ্রব্য ; জীবিকা ; Provisions in general , livelihood. [livelihood.

Bread and cheese—জীবনোপায় ; Means of

Bread and butter science—অর্থকরী বিদ্যা ; Money making science or education [Stomach.

Bread basket, bread-baśket, *n.* (slang) উদর ;

Bread fruit tree, bred-frōōt-trē', *n.* বৃক্ষবিশেষ ; A tree, whose pulp when backed resembles bread and is eaten as food

Bread-stuff, bred-stuf, *a.* ময়দা ; Bread corn , meal ; flour.

Breadth, bredth, *n.* [M E. *brede*, A. S. *brædu* See Broad] বিস্তার ; বিস্তৃতি ; Extent from side to side ; width.

Break, brāk, *v.t.* [A. S. *brecan* ; Goth. *brikan*, Ger. *brechen* ; conn. with L. *frango*, Gr. rhēgnūmi ; Gael. *bragh*, a burst] বলপূর্ব্বক বিদীর্ণ-কৃ , To part or divide by force and violence ; to rend apart :—বেগে খোলা ; To burst or open by force ; —ভগ্ন-কৃ ; চূর্ণ-কৃ ; দুর্ব্বল-কৃ ; To destroy, crush, weaken or impair :—দমন করা ; গতিরোধ করা ; Subdue ; to check by intercepting, as a fall :—পেষণ-কৃ ; চূর্ণ-কৃ ; ধ্বংস-কৃ ; To crush ; to shatter : —বশীভূত-কৃ ; সুশিক্ষিত-কৃ ; To tame ; to train to obedience ; to discipline :—ঋণশোধনে অক্ষম-কৃ ; To make bankrupt :—পদচ্যুত-কৃ ; To dismiss ; to cashier :—ভেদ-কৃ ; বিদীর্ণ-কৃ ; To crack ; to part or divide, as the skin :—ভগ্ন-কৃ ; লঙ্ঘন-কৃ ; To infringe or violate :—প্রকাশ-কৃ ; গুপ্ত বিষয় প্রকাশ করা ; To disclose ; divulge :—খুলিয়া রাখা ; To lay open by breaking :—শেষ-কৃ ; ব্যাঘাত-কৃ ; (নিস্তব্ধতা) ভঙ্গ করা ; To terminate or interrupt ; *to interrupt, as silence* :—*v. i.* দুই ভাগ হওয়া ; বেগে বাহির হওয়া ; উদিত বা প্রকাশিত হওয়া ; দেউলিয়া হওয়া ; (বন্ধুর সহিত) ঝগড়া করা ; To part in two ; to burst forth ; to open or appear, as the morning ; to become bankruft ; to fall *out*, as with a friend :—*pa. t.* broke ; *pa. p.* broken.—*n.* ভঙ্গ ; ছিদ্র ; বিরতি ; বাধা ; ঊষা ; The state of being broken ; an opening ; a pause or interruption ; the dawn.

Break down—ধ্বংস-কৃ ; অভিভূত-কৃ ; ভাঙ্গিয়া পড়া ; পথ ছাড়িয়া দেওয়া, অর্থাৎ বশ্যতা স্বীকার করা ; To destroy ; to crush ; to overwhelm ; to come down by breaking ; to give way.

Break in—বলপূর্ব্বক প্রবেশ-কৃ ; Force in :—শিক্ষিত-কৃ ; শিক্ষা দিয়া বশে আনা ; To train or discipline, as a horse.

Break of—সংশোধন-কৃ ; To rid of ; to cause to reform or abandon , as to break one of a habit.

Break off—পৃথক-কৃ : To separate by breaking ; —শেষ-কৃ ; ভঙ্গ-কৃ , To put an end to , to dissolve.

Break open—ভাঙ্গিয়া ফেলা ; ভাঙ্গিয়া খুলিয়া ফেলা ; Open by breaking. [disregard.

Break over—লঙ্ঘন-কৃ ; Transgress ; overleap ;

Break up—ভঙ্গ-কৃ , শেষ করা ; ভাগ বা পৃথক হওয়া ; স্বাস্থ্যভঙ্গ হওয়া , To dissolve , to put an end to ; be devided or separated into parts ; decline in health. As :—(*a*) The great Duchy of Saxony *was broken up.*—Freeman. (*b*) The Peninsula (Italy) itself is by no means so *broken up* by gulfs and promontories as Greece is.—Freeman. (*c*) In the spring of 1744 the poet was visibly breaking up —Leslie Stephen.

Break up house-keeping—গৃহকার্য্য সম্পাদন করিতে বিরত হওয়া ; To cease to manage one's household affairs.

Break bulk—মাল নামান ; To begin to unload.

Break cover—লুকায়িত স্থান হইতে বাহির হওয়া ; Burst forth from concealment, as game.

Break ground—মৃত্তিকা খনন-কৃ , To open the earth for planting or for foundation :—কোন কার্য্য আরম্ভ-কৃ , Begin to execute any plan ; As :—Thus "Venitian story" or sketch, in which the author *broke ground* on his true satiric field, was drafted in October 1817.—J. Nichol.

Break a house—(Law) গৃহাংশ বা গৃহের কোন বস্তু বলপূর্ব্বক বা মন্দ অভিপ্রায়ে লইয়া যাওয়া ; To remove any part of the house or of fastenings with violence or with felonious intent.

Break the heart—দুঃখে অভিভূত-কৃ ; হৃদয় বিদীর্ণ-কৃ ; To crush or overwhelm with grief.

Break the back or neck of—অস্থি ভঙ্গ-কৃ ; অস্থি ভঙ্গ করা ; ঘাড় ভাঙ্গিয়া ফেলা ; অকর্ম্মণ্য করা ; প্রায় নিকাশ করিয়া ফেলা , To dislocate the joint of the back or neck of ; to disable thoroughly to get over the main or worst part of ; to finish or go through the *main part of* ; As :—Thus by the time the family assembled for breakfast, between nine and ten, he had done enough—to use his own words—*to break the neck of* the day's work—Smiles.

To break the news—সংবাদ জ্ঞাপন করা ; To communicate the news ; As :—He was thankful that kind Atterbury consented *to break the news* to her.—Thackeray.

Break a lance—প্রতিপক্ষের সহিত বিবাদে প্রবৃত্ত হওয়া ; (fig.) To enter into a contest with a rival.

Break a path, road—বাধা সত্ত্বে রাস্তা বাহির-কৃ ; To open a way through obstacles.

Break the ice—প্রথম উপস্থিত বাধা অতিক্রম করা ; বিঘ্ন বাধা অতিক্রম করিয়া কোন কার্য্যে হস্ত দেওয়া ; প্রথম কথা কহা ; মৌন ভঙ্গ-কৃ ; To get through first difficulties ; to overcome obstacles and make a beginning ; As :—*The ice* being thus *broken*, Paul asked him a multitude of questions about chimes and clocks.—Dickens.

To break the way—পথ বন্ধ করিয়া না রাখিয়া মুক্ত করিয়া দেওয়া ; Not to keep the way blocked up.

Break jail—কারাগার ভঙ্গ করিয়া পলায়ন-কৃ ; Escape from confinement in jail, usually by forcible means.

Break a subject—প্রসঙ্গ উত্থাপন করা ; To introduce a subject.

Break one's spirit—হতাশ-কৃ ; To dishearten.

Break a jest—উপহাস-কৃ ; পরিহাস করা , Utter a jest unexpectedly.

Break one's fall—কাহারও পতনের আঘাত কমান ; কাহার ক্ষমতা হঠাৎ হ্রাস না করিয়া ক্রমে ক্রমে করা ; Lessen the shock of one's fall ; make one's loss of power come off gradually or not on a sudden. As .—(*a*) Let him not think to *break his fall* by asking their advice beforehand.—Helps. (*b*) Here is no one to give a push to struggling energies, to guide aspiring intelligence, or to *break the fall of* a unavoidable misfortune.

Break one's fast—দিবসের প্রথম আহার করা ; Eat one's first meal in the day.

Break one's mind—মনের ভাব প্রকাশ-কৃ ; To disclose one's thoughts.

Break one's word—অঙ্গীকার ভঙ্গ-কৃ ; To violate one's promise.

Break wind—বাতকর্ম্ম-কৃ ; Give vent to wind from the anus.

Break the force or shock of—প্রভাব বা প্রচণ্ডতা হ্রাস করা ; Lessen or impair the force or violence of ; As :—(*a*) The room was quitted on all sides to *break the force of* a jolt when I went in a coach. (*b*) All this long preparation for the event, could not *break the shock of* it.

Break silence—মুখ খোলা ; কথা কহিতে আরম্ভ করা ; Open one's mouth ; begin to speak ; As :—(*a*) It was on this motion that Pitt, who had not *broken silence* during the session in which he took his seat, addressed the house for the first time.—Macaulay. (*b*) The stranger, in a harsh, deep voice, *broke silence*.—C. Kingsley.

Break the silence—কথা কহিয়া নিস্তব্ধতা ভঙ্গ করা ; Interrupt the prevailing silence by speaking ; As :—Philamon fell too much respect both for his age, and his stately sadness to *break the silence*.—C. Kingsley.

Break the spine—পৃষ্ঠের অস্থি ভাঙ্গিয়া দেওয়া ; ক্ষমতা বা প্রভাব সম্পূর্ণরূপে বিনষ্ট করা ; Dislocate the joint of the backbone , hence wholly destroy the power or influence of ; As :—The first step of the English Parliament was *to break the spine* of sacerdotal assumption.—Froude.

To break upon the wheel—অপরাধীকে চক্রের উপর বিস্তারিত করিয়া তাহার অস্থি চূর্ণ করিয়া শাস্তি দেওয়া ; To punish by stretching a criminal on a wheel, and breaking his bones.

To break upon one—প্রকাশিত হওয়া ; হঠাৎ গোচরীভূত হওয়া ; To dawn upon one ; to reveal suddenly to.

Break away—হঠাৎ তফাৎ-হ ; To disengage one's self abruptly :—বিক্ষিপ্ত-হ , To become dissipated, as the clouds.

Break away from—বিদ্রোহী হওয়া ; আপনাকে হঠাৎ তফাৎ করা ; Revolt from ; disengage one's self suddenly from ; As :—He did not know that already he was *breaking away from* England, and rapidly going adrift.—Kinglake.

Break down—ভাঙ্গিয়া পড়া ; To come down by breaking :—বিফল-হ ; To fail in any undertaking. See page 166.

Break forth—মনের ভাব প্রকাশ-কৃ ; To give vent to one's feeling :—নির্গত হওয়া ; To issue suddenly, as sound, light &c ; As :—Joan was astonished to find the Loire flowing between her and the walls, and *broke forth* into angry reproaches —Lord Mahon.

Break from—পলায়ন-কৃ ; Escape from.

Break in upon—বলপূর্ব্বক প্রবেশ-কৃ ; Enter forcibly and unexpectedly :—ব্যাঘাত-কৃ ; Disturb ; As :—But afterwards, and for reasons unknown to the shepherds, the chief powers of the earth began to *break in upon* these peaceful scenes.—Kinglake.

Break into—বলপূর্ব্বক প্রবেশ করা ; খণ্ড খণ্ড বা পৃথক হওয়া ; হঠাৎ পরিবর্ত্তন হওয়া ; Enter forcibly into ; be split or separated into ; change suddenly into (as from one state of mind, or course of action into another.) As :—(*a*) They *broke into* houses and committed murders.—A. Trollope. (*b*) In like manner the Mahomedan power had been *broken into* two Caliphates.—A. Trollope. (*c*) Mr. Carker took advantage of a clearer thoroughfare, and cleaner road, and *broke into* a trot.—Dickens.

Break loose—মুক্ত-হ ; To extricate one's self forcibly ; to shake off restraint ; As :—(*a*) Maddened at last by the singular kind of torment, the Czar *broke loose* from the restraints of policy.—Kinglake. (*b*) When the workmen found it was impossible for me *to break loose*, they cut off all the strings that bound me.—Swift. (*c*) All evil passion, the thirst of gain and the thirst of vengeance have *broken loose* from the control of devine and human laws.

Break off—নিবৃত্ত হওয়া ; হঠাৎ পৃথক হওয়া ; শেষ করা ; পরিত্যাগ করা ; To become separated by rupture or with suddenness and violence ; to desist or stop suddenly ; put an end to ; leave of.

Break out—বাহির-হ ; অকস্মাৎ উপস্থিত-হ ; To issue forth ; to arise or appear suddedly.

Break through—বলপূর্ব্বক প্রবেশ-কৃ ; Enter forcibly :—অগ্রাহ্য-কৃ ; Disregard.

Break with—বিবাদ-কৃ; সমস্ত সম্বন্ধ পরিত্যাগ করা; To fall out; to part friendship with; sever all connection with; As :—Pope was still almost a boy when he *broke with* Wycherley.

The break-up of—ভঙ্গ; পতন; ধ্বংস; The dissolution of; As :—The great Pashas or Governors of the distant provinces tried to set up for themselves, just like the state of thing at *the breaking-up of* the Caliphate.—Freeman.

Break down, *n.* দুর্ঘটনা; পতন; Failure; an acident; down-fall.

Breakage, brākāj, *n.* ভঙ্গন; A breaking :—ঘাটি; ভগ্নদ্রব্যের নিমিত্ত ঘাটি; Allowance for articles destroyed in the carriage; allowence for thing broken.

Breaker, brāker, *n.* ভঞ্জক; One who or that which breaks :—*pl.* ঊর্ম্মি; শৈল বা তটে প্রতিহত তরঙ্গ; Waves breaking into foam against shore; waves broken or rocks on the shore.

Breakers ahead—আসন্ন বিপদ; Hidden danger at hand.

Breaking-in, brāking-in, *n.* অশিক্ষিত পশুকে শিক্ষা দিয়া বশে আনয়ন; The act of training to labour, as of a horse. [Bankruptcy.

Breaking, brāking, *n.* ঋণ শোধনে অক্ষমতা;

Breakfast, brekfast, *n.* প্রাতঃকালীন ভোজন; পারণ; প্রাতরাশ; The first meal of the day :—*v. i.* প্রাতঃকালে ভোজন-কৃ; To take the first meal :—*v. t.* প্রাতঃকালে আহার প্রথম যোগান; প্রাতর্ভোজন প্রদান করা; To furnish with a morning meal.

Breakneck, brāknek, *a.* উন্নতাবনত; বিপদ্‌জনক; ঘাড় ভাঙ্গিবার সম্ভাবনাবিশিষ্ট; Steep; dangerous; likely to cause a broken neck; As :—Every tooth was a *break-neck* fence, and every pimple in the measles a stone wall to him (to Paul, as he grew up into a boy)—Dickens.

Break vow, brāk vow, *n.* অঙ্গীকার ভঙ্গকারী; One who breaks a vow.

Break water, brāk waw'ter, *n.* ঊর্ম্মি-বেগ নিবারণার্থ বন্দরের মুখে বাঁধ; তরঙ্গবেগ রোধক; A mound or wall built in the sea or at the mouth of a harbour to break the force of the waves :—বাধা; Obstruction.

Bream, brēm, *n.* [Fr. *breme*, for *bresme*—O. Ger. *brahsema*, Ger. *brassen*.] এক জাতীয় মৎস্য; A fresh-water fish of the crap family: a salt-water fish somewhat like it.

Breast, brest, *n.* [A. S. *breost*; Ger. *brust*, perh. from the notion of bursting forth, protruding.] বক্ষঃস্থল; The part of the body between neck and belly :—স্তন; The organ that secrets milk; the nipple :—হৃদয়; The heart; the seat of affections and passions :—বিবেক; প্রবৃত্তি; স্নেহ; Conscience; disposition; affections :—*v. i.* সম্মুখে সাক্ষাৎ-কৃ; সাহসের সহিত বাধা দেওয়া; To meet in front; to oppose manfully :—*v. t.* বক্ষ পাতিয়া দেওয়া; বাধা-দে; To bear the breast against; to opppose.

Infant at the breast—দুগ্ধপোষ্য শিশু; A young child that sucks the mother; a baby.

A baby at the breast—দুগ্ধপোষ্য শিশু; A young child nursed at the breast; a suckling; As :—He would spare no living thing; no, not the young girls; not the *babies at the breast*.

Make a clean breast of—সমস্ত স্বীকার করা; সকল প্রকাশ-কৃ; To make a full confession; disclose secrets which weigh upon one.

Breast bone, brest-bōn, *n.* বক্ষোঽস্থি; Sternum.

Breast deep or **breast high**—আবক্ষ; বক্ষঃস্থল পর্য্যন্ত; Up the breast; high as the breast.

Breast plate, brest plāt, *n.* উরস্ত্রাণ; ইহুদীদিগের প্রধান আচার্য্যের পরিচ্ছদের অংশ বিশেষ; In B., a part of the dress of the Jewish high-priest; armour for the breast; cuirass.

Breast work, brest' wurk, *n.* দুর্গ ভিত্তি বিশেষ; প্রগণ্ডী; এক বুক উঁচু মাটির বাঁধ; A defensive earth-work breast-high.

To take the breast—মাতৃস্তন পান করা; To voluntarily take the mother's milk.

Breath, breth, *n.* [A S. *bræth*; Gr. *brodem*, steam, breath; perh. akin to L. *frag-rare*, to smell.] নিশ্বাস; The air respired :—প্রাণ; Life :—বিরাম; Respite; pause :—মৃদুমন্দ বায়ু; A very slight breeze :—মুহূর্ত্তকাল; An instant :—একবারের শ্বাস প্রশ্বাস; A single respiration.

Above one's breath—শ্বাস-প্রশ্বাস শব্দের উপরে উঠে এরূপ উচ্চস্বরে, So loudly that the voice may rise above the sound of the breath.

At a breath—অতিসামান্য কারণে; এক নিশ্বাসে, বা মুহূর্ত্তে; অতি সামান্য প্রতিবন্ধক পাইলে; At the last touch; in an instant; on meeting with the slightest check or opposition.

By a breath—বাক্য উচ্চারণে; এক কথায়; By a word breathed or whispered; As :—The nation which trembled before Wolsey learnt to tembled before the king (Henry VIII) who could destroy Wolsey *by a breath*.—Green.

Out of breath—ক্লান্ত; বেদম; হাঁপাইতে হাঁপাইতে; Exhausted; breathless; As :—He is quite *out of breath*. [same instant; at once.

By one breath—একবারে; নিমেষে; At the

In a breath—এক নিশ্বাসে; এক সময়ে; In an instant; at the same time; As :—He smiles and he flowers *in a breath*.—Dryden.

Under one's breath—আস্তে; অতি মৃদুস্বরে; Softly; in a low voice. [same instant.

In the same breath—যুগপৎ; সেই মুহূর্ত্তে; At the

To hold breath—নিশ্বাস রোধ-কৃ; নিশ্বাস রোধ করিয়া থাকা; দম বন্ধ করিয়া থাকা; To pause; to remain in a breathless state.

To draw breath—জীবিত থাকা; নিশ্বাস ফেলিবার সময় থাকা; বিশ্রাম করা; To live; to have breathing time; to have some respire or pause.

To take breath—বিরাম বা বিশ্রাম করা; To pause or rest.

The breath of one's being—জীবনী শক্তি; জীবনের প্রধান বস্তু; Thh thing wiihout which one cannot live; the element in which one lives; As :—His greatness as well as his weakness lay, in the fact that from boyhood battle was *the breath of his being*.

With bated breath—ক্ষীণ বা মৃদুস্বরে; Having the breath weakened a diminished through some intense emotion, as admiration, wonder,

fear, &c ; As :—He spoke of him *with bated breath*, as a being almost superior to Humanity.—Leslie Stephen. (*b*) Shall I bend low and in a bond's man's key, *With bated breath*, and whispering humbleness. Say this ; * * * * The Merchant of Venice.

Not a breath of air—কিঞ্চিন্মাত্র বায়ু নাই ; বাতাসের লেশমাত্র নাই ; Not even the slightest breeze.

Breath free—কোন উদ্বেগ বা বিপদ হইতে মুক্ত হইয়া সহজভাবে নিশ্বাস পরিত্যাগ করা ; Breathe with ease from being rid of some trouble or anxiety ; As —After a pause of two or three minutes however, finding that the sounds were not renewed, we began to *breath free*, persuaded that our ears must have deceived us.—Warren.

Breath-hole, breth-hōl, *n.* গবাক্ষ ; জানালা ; Vent, window.

Breathe, brēth, *v. i.* শ্বাস প্রশ্বাস লওয়া ; To inspire and expire air :—জীবিত থাকা ; To live :—বিশ্রাম-কৃ ; Rest, pause :—বহির্গত হওয়া ; Emanate :—*v t.* শ্বাস প্রশ্বাস লওয়া ; To draw in and give out air :—মৃদুভাবে কহা ; To whisper :—প্রকাশ-কৃ ; To express ; to manifest :—প্রবিষ্ট করান ; To infuse. [Infuse.

Breathe in or into—সঞ্চার-কৃ ; প্রবিষ্ট করান ;

Breathe out—শ্বাস প্রশ্বাস ক্রিয়া দ্বারা পরিত্যাগ-কৃ ; উদ্গীরণ-কৃ ; To eject by breathing. [Die.

Breathe one's last—মৃত-হ ; প্রাণত্যাগ করা ;

To breathe short—(উদ্বেগ হেতু) ঘন ঘন শ্বাস পরিত্যাগ করা ; To breathe quickly (from great anxiety) ; As :—The Captain glanced at the newspaper in Mr. Trot's hand, and *breathed short* and hurriedly.—Dickens.

Breathing, brēthing, *n.* শ্বাস-ক্রিয়া ; Respiration —অনুপ্রাণ , Inspiration ; gentle influence or operation :—আকাঙ্ক্ষা ; গুপ্ত প্রার্থনা ; Aspiration ; secret prayer :—উচ্চারণ ; Accent :—বিরাম ; Respite.—*a* শ্বাসক্রিয়া সূচক ; Respiring ; living :—জীবনপ্রদ ; প্রাণের উপযোগী ; Vital.

Breathing-place—বিরাম ; Pause.

Breathing-time—নিশ্বাস ফেলিবার সময় ; বিরাম ; Time to breathe or rest ; pause ; relaxation.

Breathless, breathles, *a.* রুদ্ধশ্বাস ; বেদম ; মৃত ; Out of breth ; dead. *n*= Breathlessness.

Breech, brēch, *n* [See Breeches, the garment.] কটিদেশ ; The lower part of the body behind :—কুঁদা : বন্দুকের পশ্চাৎ ভাগ ; The hinder part of a gun :—*v t.* পাজামা পরান ; পাজামা পরিধান করা ; To put into breeches.

Breech loader, brēch-lōdėr, *n.* কামান বিশেষ ; এক প্রকার বন্দুক ; A fire-arm that receives the load at the breech.

Breeches, *n.* জঙ্ঘাবরণ ; পাজামা ; Trousers ; garment worn by men on the lower part of the body.

To wear the breeches—স্ত্রীর বলপূর্ব্বক স্বামীর অধিকার গ্রহণ-কৃ ; Usurp the authority of the husband—said of a wife.

Breed, brēd, *v. t.* [A S. *bredan*, to cherish ; keep warm ; Ger. *bruent*, to hatch ; conn. with Brew.] প্রসব-কৃ ; উৎপাদন করা ; তা দেওয়া ; To beget ; to generate or bring forth ; to hatch :—উৎপন্ন-কৃ ; সংঘটন করা ; To cause, occasion, originate :—অভিসন্ধি-কৃ ; To contrive :—শিক্ষা-দে To educate :—প্রতিপালন-কৃ ; To bring up :—*v. i.* গর্ভধারণ-কৃ ; To conceive ; to be with young :—উৎপন্ন হওয়া ; প্রসব করা ; To be generated ; to produce offspring :—*n.* বংশ ; জাতি ; A race of men or other animals from the same stock ; kind or race :—বংশ ; শাবক ; সন্তান সন্ততি ; Offspring ; progeny :—এককালীন সম্ভূত জীব ; A brood or the number produced at a birth. *n.*=*Breeder.*

Breed in the bone—আভ্যন্তরীণ ; Internal.

Of a good breed—উত্তম জাতীয় । [polite.

Well breed—বিনীত ; ভদ্র , Well-disciplined ;

To breed in and in—এক জাতি হইতে প্রাণী উৎপন্ন-কৃ ; To breed from the animals of the same stock and very nearly related.

To raise a breed—জীবের উৎকর্ষ সাধন-কৃ , Used of rearing animal. [breeds or brings up.

Breeder, brēdėr, *n.* উৎপাদক বা জনক ; One who

Breeding, brēding, *n.* শিক্ষা ; Education :—ব্যবহার ; ভদ্রতা ; Manners ; deportment :—উৎপাদন ; Act of producing.

Good breeding, good brēding, *n.* ভদ্রতা ; Politeness ; genteel deportment.

Breeze, brēz, *n.* [Fr *brise*, a cool wind ; It. *brezza.*] মৃদুমন্দ বায়ু ; মৃদু বায়ুপ্রবাহ ; A gentle gale ; a light wind :—মক্ষিকা বিশেষ ; A gadfly :—*v i.* মৃদুভাবে বহা ; To blow gently.

Land breeze, land' brēz, *n.* স্থল হইতে যে বায়ু সমুদ্রাভিমুখে প্রবাহিত হয় ; স্থলবায়ু , A wind blowing regularly from the land, generally at night.

Sea breeze, sē brēz, *n.* সমুদ্রবায়ু ; A breeze or wind blowing at stated times generally in the day from the sea.

Breezy, brēzi, *a.* সুপ্রবাত ; মৃদু বায়ু-সঞ্চালিত ; বায়ু প্রবাহের অধীন ; Fanned with breezes ; subject to breezes. [brother.

Brethren, brethren, *n.* ভ্রাতৃবর্গ ; Plural of

Brethern of the quill—সহকারী লেখক ; Fellow writers.

Breton, britun, *a.* ব্রীটানী, বা ফ্রান্স দেশস্থ বিটেন প্রদেশ সম্বন্ধীয় ; Belonging to Brittany or Bretagne, in France. [tarchy.

Bretwalda, *n.* The chief of the kings of Hep-

Breve, brēv, *n.* [It. *breve*—L *brevis*, short. In old church music there were but two notes, the *long* and the *breve* or short. Afterwards the long was disused, and the *breve* became the longest note. It is now little used, the *semibreve* being the longest note.] সুরের বা তালের পরিমাপক চিহ্ন ; সঙ্গীতের দীর্ঘ সুরের চিহ্ন বিশেষ ; A note equivalent to two semibreves, or four minims , the longest note now used in music.

Brevet, brevet, *n.* [Fr., a short document—L. *brevis*, short.] আদেশ-পত্র ; A document without seal, by which the king grants a favour :—সৈন্যের পদ বিশেষ ; A commission in the army at large, but not with a particular command :—সামরিক কর্ম্মচারীর উচ্চতর পদে কার্য্য করিবার আদেশ-পত্র ; A military commission entiling an officer to take rank above that for which he receives pay.

Breviary, brĕvi-ar-i, *n.* [Fr. *breviaire*—L. *brevis*, short.] সারসংগ্রহ ; An epitome :—রোমান কাথলিকদিগের দৈনিক স্তোত্র-সংগ্রহ ; The book containing the daily service of the Roman Catholic churches.

Brevier, brev-ēr', *n.* ছাপিবার এক প্রকার ছোট অক্ষর ; A small type between bourgeois and minion, orig. used in printing *breviaries.*

Brevity, brevit-i, *n.* [L. *brevitas*—*brevis*, short.] সংক্ষেপ ; Conciseness ; shortness.

Brew, brōō, *v. t.* [A. S. *breovan* ; cf. Ger. *branen*, which, like Fr. *brasser*, is said to be from Low L. *braxare*, which is perh. from Celt. *brag*, malt.] পাক বা সিদ্ধ-কৃ ; Boil or seethe :—অভিসন্ধি-কৃ ; কৌশল করা ; ষড়যন্ত্র-কৃ ; To contrive or plot :—সুরা প্রস্তুত-কৃ ; To prepare, as a liquor, from malt and hops &c. :—*v. i.* সুরা প্রস্তুত করিবার প্রক্রিয়া-কৃ ; To perform the operation of brewing :—ঘনীভূত-হ ; প্রস্তুত হওয়া ; গঠিত বা একত্রিত হওয়া ; To be in a state of preparation ; to be forming or gathering. [brews.

Brewer, brōō'ėr, *n.* সুরা-প্রস্তুতকারী ; One who

Brewery, brōō'ėr-i, *n.* ভাটিখানা ; মদ্য প্রস্তুত করিবার স্থান ; Place for brewing.

Brewing, brōō'ing, *n* যবসুরা পাক ; যব হইতে সুরা প্রস্তুত করণ ; The act of making beer from malt &c :—এককালীন যত পরিমাণ সুরা প্রস্তুত হয় ; The quantity made at one time.

Bribe, brīb, *n.* [Fr. *bribe*, a lump of bread—Celt. as in W. *briwo*, to break, *briw* a fragment.] উৎকোচ ; প্রলোভন ; Something given to influence unduly the judgment or corrupt the conduct ; allurement :—*v. t* উৎকোচ দ্বারা বশীভূত-কৃ : To influence or corrupt by a bribe. [bribes

Briber, brīběr, *n.* উৎকোচ দাতা ; One who

Bribery, brībėr-i, *n.* উৎকোচ দান বা গ্রহণ ; The practice of giving or taking bribes.

Brick, brik, *n.* [Fr. *brique* from root of Break.] ইষ্টক ; A square of clay for building :—(colloquial) আমোদপ্রিয় ব্যক্তি ; A merry fellow :—ইষ্টকাকৃতি রুটী ; A loaf of bread in the shape of a brick :—*v. t.* ইষ্টক দ্বারা রাস্তা প্রস্তুত-কৃ ; ইষ্টক স্থাপন করা ; To lay or pave with bricks.

Brickbat, brikbat, *n.* [Brick and Bat, an implement for striking with.] ইষ্টক-খণ্ড ; ঢিল ; A piece of brick. [which bricks are burned.

Brick-kiln, brik-kil, *n.* ইটের পাঁজা ; A kiln in

Brick-layer, *n.* brikla-ėr, *n.* রাজমিস্ত্রি ; A mason ; one who lays or builds with bricks. *n.*=Bricklaying.

A regular brick, reg'ū-lar brik, *n.* আমোদপ্রিয় লোক ; A jolly good fellow. [read hard.

To read like a brick—অতিশয় অধ্যয়ন-কৃ ; To

Bridal, bridal. *n.* বিবাহ ; বিবাহোৎসব ; পরিণয় ; পরিণয় ভোজ ; A marriage feast ; a wedding or marriage :—*a.* বৈবাহিক ; বিবাহসম্বন্ধীয় ; Belonging to a bride, or wedding ; nuptial.

Bride, brid, *n.* [A. S. *bryd* ; Ice. *brudr*, Ger. *braut*,'a bride ; W. *priod*, one married.] বধূ ; নবোঢ়া ; নব-পরিণীতা রমণী ; কনে ; A woman about to be married or newly married.

Bride-cake, bridkāk, *n.* বিবাহকালীন বরযাত্র বা কন্যাযাত্রদিগের জন্য পিষ্টক ; নবোঢ়া রমণীর পিষ্টক ; Cake for guests at a wedding ; bride's cake.

Bride-chamber, brid-chāmběr, *n.* বাসরঘর ; The nuptial apartment.

Bridegroom, bridgrōōm, *n.* [A. S. *brydguma*—*guma*, a man.] বর ; বিবাহার্থী বা নববিবাহিত পুরুষ ; A man about to be married or newly married.

Bride-maid, bridmād, *n.* কনের সহচরী ; A woman who attends on a bride at a wedding.

Bride-man, bridman, *n.* বরকনের সহচর ; The man who attends on a bridegroom and bride at their marriage.

Bridewell, bridwel,*n* [From a palace near St. Bribe's Well in London, afterwards used as a house of correction.] চরিত্র সংশোধনাগার ; কারাগার ; A house of correction ; prison.

Bridge, brij, *n.* [A. S. *bricg* ; Ger. *brücke*, Ice. *bryggja.*] সেতু ; A way or structure built over a river :—সেতুর ন্যায় পদার্থ ; Anything like a bridge :—*v. i.* সেতু বন্ধন-কৃ ; সেতু নির্মাণ করা ; To build a bridge over.

Bridle, bri'dl, *n.* [A S. *bridel* ; O. Ger. *bridel*, whence Fr. *bride*] বল্গা ; লাগাম ; Bit ; reins :—অবরোধক ; শাসন ; দমন ; Restraint ; check :—*v. t.* লাগাম দেওয়া ; লাগাম দিয়া চালান ; To put on a bridle ; to manage by a bridle :—অবরোধ-কৃ ; দমন করা ; To restrain , to check :—*v. i.* সগর্ব্বে মস্তক উত্তোলন করিয়া থাকা ; To hold up the head, and draw in the chin as an expression of scorn, pride and resentiment ; to hold up the head proudly or affectedly.

Bridle up—মস্তক উত্তোলন করিয়া ঘৃণা বা ক্রোধ প্রকাশ-কৃ ; To express scorn or resentment by holding up the head and drawing in the chin.

Bridle-path, bri'dl-path, *n.* অশ্বারোহীদিগের গমন পথ ; A path or way for horsemen.

Bridle-way, bri'dl-wā, *n.* অশ্বারোহীর পথ ; A way for a traveller on horse-back.

Brief, brēf, *a.* [Fr. *bref*—L. *brevis*, short.] সংক্ষিপ্ত ; Concise ; short :—ক্ষণিক , Lasting for a short time :—*n.* সংক্ষেপ ; An epitome :—মোকদ্দমার সংক্ষিপ্ত বিবরণ , An abridgment of a client's case :—দলিল ; পরওয়ানা ; A writ .—কোন প্রকারের সংক্ষিপ্ত বিবরণ ; A short statement of any kind.

Briefless, brēf'les, *a.* মোকদ্দমা শূন্য ; Having no brief ; without a brief. [ciseness.

Briefness, brēf'nes, *n.* সংক্ষেপ , Brevity ; con-

Brier, Briar, bri'ėr, [M E. *brere*, A. S. *brer*, Ir. *briar*, thorn.] কণ্টকী লতা ; বন্য গোলাপের সাধারণ নাম ; A prickly plant ; a common name for the wild rose.

Briery, bri'ėr-i, *a* কণ্টকিত ; Prickly ; thorny.

Brig, brig, *n.* [Shortened from Brigantine.] পোত বিশেষ ; A vessel with two masts, square-rigged ; a two-masted, square-rigged vessel.

Brigade, brig-ād, *n.* [Fr. *brigade*—It. *brigata*—Low L. *briga*, strife.] সৈন্যদল বিশেষ ; A body of soldiers, consisting of several regiments ; a body of troops consisting of two or more regiments of infantry or cavalry, and commanded by a general-officer, two or more of which form

a division :—*v. t.* সৈন্যদল বদ্ধ্যা-কৃ ; সেনাদলে বিভক্ত কৃ ; To form into brigades.

Brigadier, brig-a-dēr', **Brigadier-general,** brig-a-dēr'-jenér-al, *n.* সৈন্যদল নায়ক ; The officer commanding a brigade.

Brigand, brig'and, *n.* [Fr.—It. *brigante—briga,* strife.] দস্যু ; Freebooter ; robber.

Brigandage, brig'and-āj, *n.* দস্যুতা ; Plunder ; freebooting.

Brigandin, *n.* brig'an-dīn, *n.* [Fr. so called because worn by *brigands.*] বর্ম , A coat of mail.

Brigantine, brig'an-tīn, *n.* [From Brigand, because such a vessel was used by pirates.] পোত বিশেষ ; A small brig ; a light vessel.

Bright, brīt, *a.* [A. S. *beorht, briht* ; cog. with Goth. *bairhts,* clear, Gr. *phlego,* L. *flagro,* to flame, *flamma=flag-ma,* Sans *bhraj,* to shine.] উজ্জ্বল ; দীপ্তিমান , Full of light ; shining :—স্বচ্ছ , পরিষ্কৃত ; সুন্দর ; Transparent ; clear ; beautiful .—বুদ্ধিমান , চতুর ; সুদক্ষ ; Sparkling with wit ; of a quick intellect ; clever :—গৌরবান্বিত ; Illustrious .—স্পষ্ট ; Manifest to the mind. *n* =Bright'ness ; *adv* = Brightly.

Bright's disease—মূত্ররোগ ; The degeneration of the tissues of the kidneys into fat.

Brighten, brīt'n, *v. t.* উজ্জ্বল করা বা উজ্জ্বলতর করা ; দীপ্তিমান-কৃ ; To make bright or brighter ; to increase the lustre of —প্রফুল্ল-কৃ ; To cheer ; to make cheerful or joyful :—বিখ্যাত-কৃ ; প্রসিদ্ধ করা ; To make distinguished ; to make illustrious :—চতুর-কৃ ; To make witty or acute :—*v i.* উজ্জ্বল হওয়া বা উজ্জ্বলতর হওয়া , পরিষ্কৃত হওয়া ; পরিষ্কার হওয়া ; To grow bright or brighter ; to clear up.

Brill, bril, *n.* [Corn. *brilli, mackerel=brith-el,* dim. of *brith,* speckled cognate with Goel. *breac,* speckled, a trout. See Brock] মৎস্য বিশেষ ; A kind of fish ; a fish of the same kind as the turbot, spotted with white

Brilliance, bril'yans, **Brilliancy,** bril'yans-i, *n.* উজ্জ্বলতা ; Splendour.

The game is not worth the candle—কোন কাজের খেলা নহে ; The game is not worth even the cost of the candle that lights the players.
Candour, kandur, *n.* [L. *candor*, whiteness, from. *condeo*, to be shining white.] সরলতা ; নিরপেক্ষভাব ; অপক্ষপাতিতা ; Sincerity ; openness ; frankness. *Syn*=Fairness, impartiality, sincerity ; frankness, artlessness.
Candy, kandi, *n.* [Fr. *candi* from Ar. *qand*, sugar] মিছরি বা ডলা জাতীয় মোদক, খণ্ড মোদক মিছরি ; A sweet-meat made of sugar ; a conserve or confection of sugar :—*v. t.* শর্করিত-কৃ ; চিনির রসে পাক করা, দানাদার করা ; কুন্দ-কৃ ; To conserve or boil in sugar ; to form into crystals, as sugar :—*v. i.* শর্করিত-হ ; To be formed into crystals. *pa. p.*=candied.
Cane, kān, *n.* [Fr. *canne*, L. *canna*, Gr. *konne*, a reed.] বেত্র ; A reed :—বেত্র ; ছড়ি ; যষ্টি ; A walking-stick :—বেত্র ; A ferrule for punishing children :—ইক্ষু ; The sugarcane :—*v. t.* বেত্রাঘাত-কৃ ; To beat with a cane.
Cane-press, kān-pres, *n.* আক মাড়িবার কল ; Press to squeeze sugar-canes.
Canine, ka-nin, *a.* [L. *caninus*, from *canis*, a dog.] কুকুর জাতি সম্বন্ধীয় ; কুকুর সদৃশ ; Pertaining to dogs ; like to the dog :—কুকুরের স্বভাববিশিষ্ট ; Having the qualities of a dog.
Canine appetite—অতৃপ্ত ক্ষুধা ; Insatiable hunger.
Canine madness—জলাতঙ্ক ; Hydrophobia.
Canine teeth—শ্বদন্ত ; Two sharp teeth in each jaw.

Canister, kańis-tėr, *n.* [L. *canistrum*, a wicker-basket, Gr. *kanastron, kanne*, a reed.] টিনের বাক্স ; কেনাস্তারা ; কানেস্তা ; A box or case, usually of tin :—গুলিপূর্ণ চোঙা ; A case containing shot, which bursts on being discharged.

Canker, kang'kėr, *n.* [same as L. *cancer*, orig. pronounced *canker*.] বৃক্ষ রোগ ; উদ্ভিদের রোগ-বিশেষ ; A disease of trees which causes the bark to fall :—কর্কট রোগ ; গলিত ; ক্ষত ; মুখক্ষত ; A virulent, corroding ulcer ; cancer ; a small sores in the mouth :—ক্ষয়কারক ; Any thing that corrupts or consumes :—*v. t.* নষ্ট করা ; ক্ষয় করা ; কলুষিত করা ; To eat into corrode, corrupt, destroy ; to infect or pollute :—*v. i.* ক্ষত-হ , ক্ষয়প্রাপ্ত হওয়া ; To grow corrupt ; to waste away by degrees ; to decay.

Canker-fly, *n.* ফলভোজি কীট ; A worm that lives on fruits.

Canker-worm, kang'kėr-wurm, *n* বৃক্ষাদি ক্ষয়-কারী কীট ; ঘুণ ; A worm very destructive to trees or plants ; a worm that eats into plants

Cankerous, kang'kėr-us, *a.* দুষ্ট ব্রণের ন্যায় ক্রমশঃ ক্ষয়জনক ; *Corroding like a canker.*

Cannel-coal, kańel-kōl, **Candle-coal,** kańdl-kōl, *n.* এক প্রকার পাথুরিয়া কয়লা, যাহা ধূম উৎপাত না করিয়া প্রজ্বলিত হয় ; A very hard, black coal that burns without smoke, like a candle.

Cannibal, kańi-bal, *n.* [Span a corr of *caribals* (English *caribs.*) the native name of the W. India islanders, who ate human flesh . prob. changed into a word expressive of their character, from L. *canis*, a dog) নরভুক্ ; রাক্ষস , নরমাংসখাদক ; A man-eater ; one who eats human flesh :—*a.* নরমাংস ভোজন সংক্রান্ত ; Relating to cannibalism.

Cannibalism, kańi-bal-izm, *n.* নরমাংস ভক্ষণ ; The practice of eating human flesh .—নৃশংসতা , Murderous cruelty.

Cannon, kańun, *n.* [Fr. *canon* from L. *canna*, a reed.] কামান ; A great gun used in war :—*v. t.* কামান দ্বারা ধ্বংস-কৃ ; To batter or attack with cannons.

Cannon-ball, *n.* গোলা ; A ball to be thrown from cannon.

Cannon-proof, *n.* গোলা দ্বারা অভেদ্য ; Proof against cannon

Cannon-shot, *n.* গোলা ; A cannon ball

Cannonade, kan-un-ād, *n.* গোলা নিক্ষেপ ; কামান দ্বারা আক্রমণ ; The act of attacking with balls from cannon ; an attack with cannon :—*v. t.* কামান দ্বারা আক্রমণ বা ধ্বংস-কৃ ; To attack or batter with cannon :—*v. i.* কামান ছোড়া ; Discharge cannon.

Cannoneer, Cannonier, kan-un-ēr', *n.* গোলন্দাজ , কামান-পরিচালক ; An artillery man.

Cannot, kańot, *v. i.* অসমর্থ হওয়া ; To be unable

Cannot but—অবশ্য ; Cannot avoid or forbear , must.

Cannular, kańu-lar, *a.* নলাকৃতি ; Tubular.

Canny, kań-nī, *a.* সুবোধ ; সতর্ক , নির্দ্দোষী ; Gentle ; cautious ; harmless.

Canoe, kannōō' *n.* [Sp. *canoa*, which like Fr. *canot* is from Carib *canaoa.*] ডোঙ্গা ; শালতি ; A boat made of the hollowed trunk of trees.

Paddle one's own canoe—আপনার চরকায় তেল দেওয়া ; Mind one's own business.

Canon, kańun, *n.* [A. S. Fr. from L. *canon*, Gr. *kanon*, a straight rod, *kanne*, a reed.] শাস্ত্রের বিধি ; ব্যবস্থা ; A rule or law in ecclesiastical matters :—বিধি ; A rule in general :—অকৈতব ধর্ম-শাস্ত্র ; ধর্মপুস্তক সমূহ বা তন্নিহিত ব্যবস্থা ; The genuine book of Scripture, called the *sacred canon* :—পুরোহিত বিশেষ ; An ecclesiastical dignitary :—পূজ্য মৃত সাধু ব্যক্তিদিগের তালিকা ; A catalogue of saints canonised :—ছাপিবার একপ্রকার বড় অক্ষর ; A large kind of type. *Syn.*—Regulation, statute, formula, a catalogue or roll.

Canon-law, kańun-law, *n.* ধর্মবিধি ; The law sanctioned by the church of Rome.

Canonic, ka-nońik, **Canonical,** ka-nońik-al, *a.* বৈধ ; যাজকীয় , ধর্মসম্বন্ধীয় ; ধর্মবিষয়ক ; According to rule ; regular ; ecclesiastical. *ad.*=canonically.

Canonical hours—ঈশ্বর পূজা করিবার নিমিত্ত নির্দ্দিষ্ট দিবসের নির্দ্দিষ্ট সময় , Certain stated times of the day fixed by the ecclesiastical laws or appropriated to the offices of prayer and devotion

Canonical punishments—ধর্মদণ্ড, প্রায়শ্চিত্তাদি ; Punishments which the church is authorised to inflict.

Canonical scriptures—অকৈতব ধর্মগ্রন্থ : The books of Scriptures, admitted to be of divine origin.

Canonicals, ka-nońik-alz, *n pl* যাজকের পরিচ্ছদ , আচার্য্যদিগের উপাসনাকালীন পরিচ্ছদ , Full dress of clergyman ; the official dress of the clergy, regulated by the church canons.

Canonicity, kan-un-iśi-ti, *a.* প্রকৃত খ্রীষ্ট ধর্মশাস্ত্রগ্রন্থ সম্পৃক্ততা ; The state of belonging to the canon or genuine books of the Scripture.

Canonisation, *n.* সিদ্ধাবস্থা , The act of declaring any person saint.

Canonise, kańun-īz, *v. t.* সিদ্ধ কৃ ; সাধুপুরুষদিগের শ্রেণীভুক্ত করা ; To declare a man or woman saint, and enroll him or her in the list of saints.

Canonist, kańon-ist, *n* ধর্মশাস্ত্রজ্ঞ , ধর্মশাস্ত্রবিদ্ ; Professor of canon-law , one versed in the canon-law. *a.*=canonistic.

Canonship, Canonry, kańun-ri, *n.* যাজক-বৃত্তি , ধর্মযাজকের বৃত্তি , The benefice of a canon.

Canopus, kańo-pus, *n.* জলদেবতা , The Egyptian God of water

Canopy, kańo-pi, *n.* [Fr. *canape*, O. Fr. *conopee*, L. *conopeum*, Gr. *konopeion*, a mosquito curtain, *konops*, a mosquito.] চন্দ্রাতপ ; চাঁদোয়া, বিতান ; Covering over a throne, or over a bed or overhead :—*v. t.* চন্দ্রাতপ দ্বারা আচ্ছাদন-কৃ ; চাঁদোয়া খাটান ; To cover with a canopy. *pr. p.*=canopying ; *pa p.*=canopied.

Canopy of heaven—আকাশ , Sky.

Canorous, kan-ō'rus, *a* [L. *cano*, sing.] সঙ্গীত-বিদ্যাসম্মত ; মধুর ; Musical ; melodious.

Cant, kant, *v. t.* [L. *canto*, freq. of *cano*, to sing.] হঠাৎ আঘাত-কৃ ; To give a sudden thrust :—হেলান ; To incline ; to tilt :—*n.* আঘাত , ধাক্কা ; A thrust ; push ; a toss or jerk :—কোণ ; Inclination.

Cant, kant, *v. t.* নাকীস্বরে কথা কহা ; অনুনাসিক উচ্চারণ-কৃ ; টানা টানা কথা কহা ; ঠারে ঠোরে কথা কহা ; To talk in a whining tune of voice or in an affectedly solemn or hypocritical way :—*n.* অনুনাসিক স্বর ; নাকীস্বর ; A sing-song ; whining ; affected speech ; hypocritical jargon :—অপভাষা ; Slang :—সাম্প্রদায়িক ভাষা ; The language peculiar to a sect :—ভণ্ডামি ; কপট নম্রতা ; Whining pretension to goodness ; mock humility · —*a.* Affected, inelegant, vulgar,—said of language.

Cantankerous, kan-tań-kēr-us, *a.* অসূয়াপরবশ ; কলহপ্রিয় ; Cross-grained ; malicious , contentious. *n.*=Cantankerousness.

Can't—Contracted form of cannot.

Canteen, kan-tēń, **Cantine,** [Fr *cantine*, It. *cantina*, a small cellar, dim. of *canto*, a corner] সেনাদিগের মদ্য পাত্র বিশেষ ; A tin vessel used by soldiers for carrying liquor :—সেনানিবেশ মধ্যে মদ্যালয় ; A place in barracks, where provisions, liquors &c. are sold , a barrack-tavern.

Canter, kańter, *n.* অশ্বের দ্রুত গমন ; দ্রুতগতি ; ঘোড়ার কদম গতি ; A moderate gallop ; an easy gallop —*v. i* আস্তে আস্তে-যা ; কদমে-যা , To run, as a horse in an easy gallop .—*v. t.* ঘোড়ার উপর চড়া , To ride upon

Canterbury, kań-tēr-bēr′-i, *n* কাগজাদি রাখিবার আধার ; A stand for music, loose papers &c.

Canterbury tale, kań-tēr-bēr-i tāl, *n.* উপন্যাস ; Fabulous story , a romance.

Cantharis, kan-tha-ris, **Cantharides,** kan-thar′i-dēz, *n pl* ফোস্কাকারক মক্ষিকা , ফোস্কা উৎপাদক মক্ষিকা , Spanish fly used in making blisters.

Canthus, kańthus. *n.* চক্ষুকোণ ; The angle or corner of the eye.

Canticle, kańti-kl, *n.* [L. *canticulum*, dim of *canticum*.] গীত ; A song :—*pl* সলোমন রচিত গাথা , সলোমনের স্তোত্র গীত , The song of Solomon.

Canto, kańto, *n.* পদ্যের সর্গ , Division of a poem : —প্রধান সুর ; জিল সুর , The leading melody.

Canton, kańtun, *n.* রাজ্যের মধ্যে শাসনাধীন প্রদেশ ; A small portion of territory, constituting a government :—চর্ম্ম বা ফিতের অংশ বিশেষ ; অংশ ; প্রদেশ ; A division of a shield or painting ; a part or division :—*v t.* প্রদেশে বিভক্ত-কৃ ; To divide into districts or portions .—সৈন্যদিগের স্বতন্ত্র স্বতন্ত্র বাসস্থান নির্দ্দিষ্ট-কৃ ; To allot separate quarters to, as to troops.

Contonal, kańtunal, *a.* ক্ষুদ্র ভূখণ্ড সংক্রান্ত ; ক্ষুদ্র ভূখণ্ডে বিভক্ত ; Pertaining to or divided into cantous.

Cantonment, (also pron. Contoońment) *n.* সৈন্য-নিবেশ ; ছাউনি ; Separate quarters for soldiers in a town.

Canvas, kańvas, *n.* [Fr *canevas*—L. and Gr. *cannabis*=E. Hemp.] শোণ নির্ম্মিত বস্ত্র ; ক্যাম্বিস ; A coarse unbleached cloth :—জাহাজের পাইল ; The sails of a ship.

Canvass, kańvas, *v. t.* বিচার-কৃ ; তর্ক বিতর্ক-কৃ ; To discuss :—পরীক্ষা-কৃ ; To examine, to sift :—স্বপক্ষে মত প্রার্থনা-কৃ ; To solicit votes :—*v. i.* মত প্রার্থনা-কৃ ; To solicit votes or interest :—*n.* পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা ; Close inspection to know the state of :—বিচার ; Examination in the way of discussion :—মত প্রার্থনা ; অনুরোধ ; A solicitation or effort to obtain something ; solicitation. *n.*=Canvaseer. *Syn.*=Investigate, scrutinize, inspect, controvert ; bespeak.

Cany, kāńi, *a.* বেত্রপূর্ণ ; বেত্রময় ; Full of or made [of canes.

Canzonet, kan-zō-net′, *n.* [It. *canzonetta*, dim. of *canzone*. a song ; from L. *canto—cano* to sing.] ক্ষুদ্র গীত ; A little or short song.

Caout-chouc, kōō′chook, *n.* রবার ; An elastic vegetable substance ; India rubber ; gum elastic.

Cap, kap, *n.* [Low L. *cappa*, a cape or cope.] আচ্ছাদন ; Cover in general :—মস্তকাভরণ ; টুপি ; A covering for the head :—উপরিভাগ ; সর্ব্বাগ্রভাগ ; The top :—পদচিহ্ন ; A mark of some office or dignity :—*v. t.* সর্ব্বাগ্রভাগ আচ্ছাদন-কৃ ; টুপি দিয়া ঢাকা ; To cover the top or end of ; to spread over ; to put on a cap :—সম্পূর্ণ-কৃ ; পূরণ করা ; To render complete ; to consummate. *pr. p.*= capping ; *pa. p.*=capped. *Syn.*—crown, complete, finish , exceed, surpass, transcend.

Cap of fools—মূর্খ চূড়ামণি, গণ্ডমূর্খ।

Cap of liberty—মুক্তির চিহ্ন ; A cap given to the Roman slaves at the time of their manumission ; emblem of liberty ; red cap.

Cap of maintenance, *n.* A cap carried before the British sovereigns at their coronation.

Put on the cap of consideration—চিন্তা-কৃ ; To think.

Set one's cap for—কোন ব্যক্তির ভালবাসা পাইবার জন্য চেষ্টা-কৃ , To seek a man's affections, with a view to marriage. [ভটস্থ হওয়া।

To be cap in the hand—টুপি খুলিয়া দাঁড়ান ;

To cap for verses—কোন নিয়ম মত পদ্যের পঙ্‌ক্তি উদ্ধৃত করিয়া উত্তর প্রত্যুত্তর করা।

Capable, kāp′a-ble, *a.* (Fr. L. *capio*, to hold take or seize.] সমর্থ , যোগ্য ; উপযুক্ত ; দক্ষ ; ক্ষম পারক ; Having ability ; able to contain or receive ; having skill to do ; qualified for.

Capable of, be—সমর্থ হওয়া ; Be qualified for be able to :—তৎপর (কিছুই অসাধ্য নাই এই ভাবে) Be bad enough to commit.

Capability, kap′a-bil′iti, *n.* যোগ্যতা, সামর্থ্য ; The quality of being able or qualified for.

Capacious, kap-ā′shus, *a.* [L. *capax, capacis—capio*, to hold.] প্রশস্ত ; বৃহৎ ; বিস্তৃত ; Spacious ; large ; roomy ; extensive :—ধারণাক্ষম ; উদার ; Comprehensive. *n.*=Capaciousness ; *ad.* =capaciously. *Syn.*=Adapted, suited, qualified, fitted, susceptible ; able, competent, skilful, efficient, gifted.

Capacitate, kap-aśi-tāt, *v. t.* উপযোগী-কৃ ; উপযুক্ত-কৃ ; To render capable ; to qualify.

Capacity, kap-aśi-ti, *n.* দক্ষতা ; Ability :—পরিসর , Extent of room ; space :—ধারণাশক্তি ; Power of holding or grasping a thing :—ব্যবসায় ; Occupation ; profession :—গর্ভ ফল ; In geometry, the solid contents of a body ;—চরিত্র ; Character :—অবস্থা ; Condition or circumstances. *Syn.* =Magnitude, dimensions, amplitude, volume ; extent of room or space ; capability ; efficiency ;

ability, skill; faculty, talent, genius; service; character. [স্ব অবস্থার; As being.

In the capacity of—হইয়া; রূপে; ভাবে; কাহা-

To the extent of one's capacity—যথাশক্তি; As far as one is able. [head to foot.

Cap-a-pie, kap-a-pē', *ad.* আপাদমস্তক; From

Caparison, ka-par'is-un, *n.* [Fr. *caparacon*—Sp. *caparason*, augmentative of *capa*, a cape, cover—Low L. *cappa.*] অশ্বসজ্জা; অশ্বাভরণ; ঘোড়ার সাজ; Ornamental covering laid over the saddle of a horse; the covering of a horse; trappings :—*v. t.* বস্ত্র দ্বারা অশ্বকে সাজান; To cover with a cloth, as a horse :—বিভূষিত-কৃ; সজ্জিত করা; To dress very richly.

Cape, kāp, *n.* [Fr. *cap*—L. *caput*, the head.] অন্তরীপ; A headland; a promontory; a point of land running into the sea.

Cape, kāp, *n.* [O. Fr. *cape* Low L. *cappa*] স্কন্ধাবরণ; অঙ্গরক্ষণ; A neckpiece of a cloak, coat, or woman's dress.

Caper, kā'pėr, *v. i.* [It *capriolare*, *capriolo*, a kind. L. *caper*, a goat.] লম্ফ-দে; To frisk; to jump :—নেচে কুঁদে বেড়ান; প্রফুল্লচিত্তে নৃত্য করা; To dance in a frolicsome manner :—*n.* লম্ফ; নৃত্য; A frolicsome leap; a skip.

To cut capers—নৃত্য-কৃ; To dance in a frolicsome manner; to play pranks.

Capful—অল্পপরিমাণ; As much as a cap will hold; small quantity.

A capful of mind—একটু ফুর ফুরে বাতাস।

Capillaceous, kap'illā'shus, *a.* কেশবৎ সূক্ষ্ম; Very slender like hair.

Capillarity, kap-il-ar'it-i, *n.* কৈশিকতা; Name given to certain efforts produced by liquids in contract with capillary tubes.

Capillary, kap'il-a-ri, or ka-pila-ri, *a.* [L. *capillaris*, *capillus*, hair, akin to *caput*, the head, akin to E. Head.] কৈশিক; As fine or minute as a hair; long and slender :—সূক্ষ্মনলিবিশিষ্ট; সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট; Having a very small bore, as a tube :—*n.* সূক্ষ্মনল; A fine vessel or canal; *esp.*, one of the vessels connecting arteries and veins :—*pl.* জীবদেহের অতি সূক্ষ্ম শিরা সমূহ; The minute vessels that unite the veins and arteries in animals.

Capillary attraction and repulsion—The cause of the ascent or descent in a capillary tube, which is dipped in a surrounding fluid.

Capital, kap'it-al, *a.* [Fr. L. *capitalis*—*caput*, the head.] মস্তক সম্বন্ধীয়; Relating to the head :—উৎকৃষ্ট; প্রধান; First in importance; chief :—প্রধান; প্রয়োজনীয়; Great, important :—প্রাণদণ্ড যোগ্য; প্রাণদণ্ডার্হ; Involving forfeiture, of the head or life. *Syn.*=chief, principal, leading, controlling, prominent; important, perfect.

Capital letter—বড় অক্ষর; A large letter.

Capital offence—প্রাণদণ্ডার্হ অপরাধ।

Capital punishment—প্রাণদণ্ড; জীবনদণ্ড; The punishment of death legally inflicted.

Capital stock—মূলধন, আসল।

Capital, kap'it-al, *n.* স্তম্ভের উপরিভাগ; The top part of a column or pillar :—রাজধানী; The chief city of a country; a metropolis :—বড় অক্ষর; বৃহদক্ষর; A large letter in printing :—মূলধন; A stock, principal :—স্তম্ভের মাথা; The upper part of a column :—প্রধান বা অতি প্রয়োজনীয় দ্রব্য; Chief or most important thing.

To live on one's capital—পুঁজি ভাঙ্গিয়া খাওয়া।

To make capital of—কোন কিছুর সুযোগ পাইয়া বল প্রকাশ-কৃ; নিজের কোন ইষ্ট সাধনের উপায় স্বরূপ করিয়া লওয়া; Use one's own power for one's own profit turn to own account.

Capitalise, kap'it-aliz, *v. t.* মূলধন-কৃ; মূলধনে পরিণত-কৃ; To convert into stock. *n.*=Capitalisation (মূলধন)।

Capitalist, kap'it-al-ist, *n.* ধনী; মহাজন; One possessed of large means and engaged in business, one who has capital on money.

Capitation, kap-it-ā'shun, [Fr. Low L. *capitatio*—*caput*, the head.] লোকসংখ্যা গণনা; মনুষ্য-গণনা; A numbering of persons :—ব্যক্তিগত কর; Poll-tax, a tax on every head.

Capitol, kap'it-ol, *a.* [L *Capitolium*—*caput*, the head] রোমনগরস্থ জুপিটর দেবের মন্দির; The temple of Jupiter at Rome :—মহাসভা গৃহ; The house occupied by the congress of the United States :—সাধারণের ব্যবহারার্থে অট্টালিকা; A public edifice.

Capitular, kap-it'ūl-ar, **Capitulary**, kap-it'ūl-ar-i, *n* ধর্মোপাসকদিগের ব্যবস্থা; The law of an ecclesiastical court :—ধর্মোপাসক সভার সভ্য; A member of a chapter —*a.* ধর্মোপাসক সভার অন্তর্গত বা তৎসংক্রান্ত; Relating to a chapter in a cathedral. *ad.*=capitularly.

Capitulate, kap-it'ūl-āt, *v. t.* সর্ত্ত করিয়া শত্রু হস্তে নগর বা দুর্গ সমর্পণ-কৃ; To surrender on stipulated terms, as an army; to yield on certain conditions or heads to surrender by treaty.

Capitulation, kap-itūl-a-shun, *n.* সন্ধি দ্বারা শত্রু হস্তে সমর্পণ; The act of surrendering on stipulated terms :—A reducing to heads or articles.

Capon, kā'pn, *n.* [A. S. *capun*—L. *capo*—Gr. *kapon*—*kapto*, to cut.] খাসি মোরগ, ছিন্নাণ্ড কুকুট; A castrated cock. [of cloak.

Capote, ka-pōt', *n.* এক প্রকার অঙ্গ রক্ষণ; A kind

Caprice, ka-prēs', *n.* [Fr. *caprice*—It *capriccio*; perh from L. *capra*, a she-goat.] চপলতা; চিত্ত-চাঞ্চল্য; খাম খেয়াল; মতের অস্থিরতা; A sudden change of opinion or humour; freak; whim; fickleness; fancy, vagary, changeableness, fitfulness.

Capricious, kapris'hus, *a.* চঞ্চল, অব্যবস্থিত চিত্ত; পরিবর্ত্তনশীল; Whimsical, fickle, unsteady, freakish, changeable. *n.*=Capriciousness—চাঞ্চল্য; খামখেয়ালি। *ad.*=capriciously.

Capricorn, kap'ri-korn, *n.* [L. *caper*, a goat, *cornu*, a horn.] মকররাশি; One of the signs of the Zodiac.

Capriole, kap'ri-ōl, *a.* [L. *caper*, *capra*, a goat.] একস্থানে থাকিয়া লম্ফ; A leap without advancing. [Cayenne pepper.

Capsicum, kap'si-kum, *n.* লঙ্কা; মরিচ; Red or

Capsize, kap-sīz, *v. t.* বিপর্য্যস্ত-কৃ; উলটিয়া ফেলা, To upset; to overturn.

Capstan, kap'stan, *n.* নঙ্গর উত্তোলন করিবার যন্ত্র; An upright machine for weighing anchors or drawing up great weights.

Capsular, kap'sūlar, **Capsulary,** kap'sūl-ar-i, *a.* বীজকোষের ন্যায় গভীর; Hollow like a capsule.—বীজকোষ সম্বন্ধীয়; Pertaining to a capsule.

Capsulate, Capsulated, *a.* বীজকোষাবদ্ধ; Inclosed in a capsule.

Capsule, kap'sul, *n.* বীজকোষ; The seed-vessel of a plant :—আবরণ; A membrane or bag that encloses an organ :—পাত্র বিশেষ; রেকাব বা ছোট থালা; A small dish.

Captain, kap'tan or kap'tin, *n.* [O. Fr. *capitain*—L. *caput*, the head.] প্রধান কর্মচারী; A chief officer :—দলাধ্যক্ষ; সেনাধ্যক্ষ; যোদ্ধা, A military officer commanding a company or troops, a chieftain, a warrior :—পোতনায়ক; A naval officer

Captaincy, kap'tān-si or kap'tin-si, *n.* কাপ্তেনের পদ; অধ্যক্ষতা, The rank, post or commission of a captain.

Captainship, kap'tin-sheep, *n.* কাপ্তেনের পদ, পোতাধ্যক্ষের পদ, অধ্যক্ষতা, Condition, rank, post or authority of a captain.—যুদ্ধকৌশল, Skill in military affairs.

Captious, kap'shus, *a.* [Fr. L. *captiosus*—*capio*, to snatch at.] দোষগ্রাহী; ছিদ্রান্বেষী, দোষদর্শী, ছলগ্রাহী, প্রলোভন-প্রদর্শক, Fault-finding, censorious, carping; critical, ensnaring —খিট্‌খিটে; Peevish *n* =captiousness—দোষগ্রাহীতা; Censoriousness *ad* = captiously

Captivate, kap'tiv-āt, *v. t.* বিমোহিত-কৃ, হরণ-কৃ, বন্দী করা, Overpower with excellence or beauty, to charm, to fascinate; to take or make captive. *Syn* =Enchant, charm, fascinate, enrapture, enslave, enthral, bewitch, allure, attract.

Captivating, kap'tiv-āt-ing, *a.* মুগ্ধকারী, মনোমুগ্ধকর, Having power to engage the affections.

Captive, kap'tive, *n* বন্দী, Prisoner; one taken in war.—রূপাদি দ্বারা বিমুগ্ধ ব্যক্তি, One who is charmed by beauty or enslaved by love :—আবদ্ধ ব্যক্তি; One kept in bondage :—*a.* বন্দীকৃত Made prisoner in war, kept in bondage :—দাসত্ব সম্বন্ধীয়; Pertaining to bondage :—বিমুগ্ধ, Charmed or subdued by anything.

Captivity, kap'tivi-ti, *n.* বন্দিত্ব, দাসত্ব; বন্দীভাব, বদ্ধাবস্থা; Subjection, bondage, slavery *Syn* = Confinement, imprisonment, incarceration, bondage, slavery, servitude, subjection.

Captor, kap'tor, *n.* বন্দীকারী, বন্দীকারক, One who seizes or captures, as a ship, one who takes a prisoner.

Capture, kap'tūr, *n.* [Fr. *capture*, L. *captura*, *capio*, to take.] বন্দীকরণ, গেপ্তার; Seizure, arrest :—গ্রহণ; গৃহীত পদার্থ; The act of taking, the thing taken :—লুণ্ঠিত দ্রব্য; Booty; prize :—*v. t.* বল বা কৌশল পূর্ব্বক ধৃত-কৃ; To take by force, surprise or stratagem :—পুরস্কাররূপে গ্রহণ-কৃ; To take as a prize.

Capuchin, kap-ū-shēn, *n.* একজাতীয় সন্ন্যাসী; A monk of St. Francis :—স্ত্রীলোকের বস্ত্রাবরণ; A hood for females; a garment for females :—কপোত বিশেষ; A hooded pigeon.

Car, kār, *n* শকট বিশেষ; A light vehicle moved on wheels.—রেলগাড়ি; A railway carriage :—রথ; A chariot of war :—রথযাত্রা, The car festival.

Hand car—হাতগাড়ী; ঠেলা গাড়ী।

Carabine, kar'a-bīn. **Carbine,** kār-bīn, *n.* ক্ষুদ্র বন্দুক; A short light musket.

Carabineer, kar-a-bin-ēr', **Carbineer,** kār-bin-ēr', *n* বন্দুকবাহক সৈন্য, A soldier armed with a carabine.

Carack, kar'ak, *n* বড় জাহাজ বিশেষ, A large ship of burden.

Caracole, kara'-kōl, *n* অশ্বারোহীর ঘোড়া ফিরান; The half-turn which a horseman makes :—সোপান বিশেষ, A winding stair-case :—*v i.* বক্রভাবে অর্দ্ধ পরিবর্ত্তন-কৃ, To turn half round, as cavalry in wheeling.

Carafe, ka-raf', *n* ভোজন টেবিলের উপরিস্থ জলপাত্র, মদ্যাদি পানীয়ের আধার; A water-bottle for the table; a decanter.

Carat, kar'at, *n* [Fr.—Ar *qirat*, Gr. *keration*, a seed or bean used as a weight] দুই রতি পরিমাণ বিশেষ, A diamond weight of 4 grains :—বিশুদ্ধ স্বর্ণের এক-চতুর্বিংশ অংশ, 1-24th part of pure gold.

Caravan, kar'a van, *n.* বৃহৎ শকট বিশেষ; A large close carriage :—বণিক সমূহ, যাত্রিদল; A company of travellers associated together for mutual safety in traversing various desert parts of Asia and Africa.

Caravansary, kar'-a-van-sa-ri, **Caravansorai,** kar-a-van-se-rā, *n.* পান্থনিবাস, পান্থশালা; সরাই, An Eastern inn, where caravans and other travellers rest at night.

Caravel, kar'-av-el, *n* [Fr—It *caravella*—L. *carabus*, Gr. *carabos*, a barque] ক্ষুদ্র লঘুগামী অর্ণবপোত, পোত বিশেষ; A kind of light sailing vessel, a kind of old-fashioned ship :—নৌকা বিশেষ :—A boat used in the French herring-fishery

Caraway, kar'a-wā, *n.* উগ্রগন্ধ লতা, সুগন্ধি বৃক্ষ বিশেষ, An aromatic plant.

Carbolic acid, kar-bolik-asid, *n.* [L. *carbo*, coal.] এক প্রকার ঔষধ, An acid produced from coal-tar, used as a disinfectant.

Carbon, kar'bon, *n* [Fr *carbone*, *carbo*, coal] অঙ্গার; Pure charcoal.

Carbonari, kar-bo-na'-re, *n. pl.* রাজনৈতিক সভার সভ্য, Members of an Italian secret political society.

Carbonate, kar'-bon-āt, *n.* অঙ্গারসম্বন্ধীয়, A salt formed by the union of carbonic acid with a base.

Carbonic kar-bonic, **Carbonaceous,** kar-bon-ā'-she-us, *a.* অঙ্গারিক, অঙ্গার, Of or pertaining to carbon.

Carbonic acid—অঙ্গারাম্ল, অঙ্গারদ্রাবক, An acid composed of one part of carbon and two of Oxygen.

Carboniferous, kār-bon-if'er-us, *a* [L. *carbo*, and *fero*, to produce.] অঙ্গারোৎপাদক; Producing carbon or coal.

Carbonise, kar'bon-iz, *v* অঙ্গারে পরিণত-কৃ; To make into carbon. *n.*=carbonisation.

Carbuncle, kär'bung-kl, *n.* [L. *carbunculus*, dim. of *carbo*, a coal.] বিস্ফোটক ; পৃষ্ঠব্রণ ; A malignant boil ; an inflamed ulcer :—পদ্মরাগ মণি ; A beautiful gem ; a fiery red precious stone , ruby.

Carbuncled, kär'-bung-kld, *a.* পদ্মরাগ মণি-বিশিষ্ট ; Set with carbuncles :—বিস্ফোটকযুক্ত ; Having a malignant boil.

Carbuncular, kär-bung'kū-lar, *a.* লোহিতবর্ণ, প্রদাহবিশিষ্ট , Red ; inflamed.

Carcanet, kar'-ka-net, *n.* মুক্তাহার ; মণিময় হার ; A chain or collar of jewels.

Carcass, Carcase, kär'kas, *n.* [Fr. *carcasse*, a skeleton, It. *carcasso*, a quiver, *hull*, hulk, Low. L. *tarcasius*, Pers. *tarkash*, a quiver.] শব , মৃতদেহ ; The dead body of an animal :—বহিরাবরণ ; The frame work of anything :—আগ্নেয় গোলা ; A kind of bomb-shell. *Syn.*=corpse, remains, frame work. [*a* =Carcinomatous.

Carcinoma, *n.* কর্কট রোগ ; Cancer in general.

Card, kard, *n.* [Fr. *carte*, L. *charta*, Gr *chartes*, paper.] কার্ড ; তাস ; A peace of pasteboard or thick paper for various uses .—দিক্‌দর্শন যন্ত্রের চিহ্নপত্র ; দিকদর্শনী পত্রিকা ; The paper on which the points of the compass are marked .—ব্যক্তি বিশেষের শিরোনামযুক্ত পত্র ; Billet.

Card, kärd, *n.* [Fr. *carde*, L. *carduus*, a thistle.] উর্ণা-মার্জ্জনী ; পশম বা শণ আঁচড়াইবার চিরুণী ; An instrument for combing wool or flax :—*v. t.* উক্ত চিরুণী দ্বারা পশমাদি আঁচড়ান , To comb wool &c.

Be on the cards—সম্ভব বলিয়া লোকে বলিতেছে ; Be spoken about as probable.

He is the card of our house—আমাদের পরিবার মধ্যে তিনি বিখ্যাত লোক ; He is the most distinguished man of our family.

Knave of cards—(তাসক্রীড়ার) গোলাম।

On the cards—আলোচ্য ; Noted for consideration :—সম্ভব ; Possible.

Play one's cards ill—নির্ব্বোধের ন্যায় নিজের কাজ খারাপ করা ; Fail to act one's part judiciously and skilfully, mismanage matters.

Play one's cards well—বুদ্ধি ও চতুরতা পূর্ব্বক কার্য্য হাসিল করা ; Act one's part judiciously and skilfully.

Speak by the card—বুঝিয়া শুঝিয়া বা সাবধানে কথা কহা ; Be careful as to what one says.

That was my trumpcard—My best chance.

To speak by the card—ঠিক করিয়া বলা ; To speak precisely.

Trump card—তুরুপ। [কাগজ।

Visiting card—সাক্ষাৎ করিবার (আত্ম-পরিচায়ক)

Cardamom, kär'-da-mom, *n.* এলাচি ; An Indian spice plant.

Cardiac, kär'di-ak, **Cardiacal,** kar-dïak-al, *a.* [L.—Gr. *kardiakos*, *kardia*, the heart.] হৃৎপিণ্ড সম্বন্ধীয় ; Pertaining or belonging to the heart :—বলকারক ; Invigorating the heart by stimulants ; cordial ; reviving :—*n.* বলকারক ঔষধ ; A medicine that animates the spirits ; a cordial.

Cardialgy, kär-dial'ji, *n.* বুকজ্বালা ; Heart burn.

Cardinal, kär'din-al, *a.* [L. *cardinalis*—*cardi*, *cardinis*, a hinge.] প্রধান ; Fundamental ; chief ; principal :—*n.* পোপের মন্ত্রিসভার মধ্যে একজন সভ্য ; One of the ecclesiastical princes of the Pope's council :—স্ত্রীলোকদিগের ছোট আঙ্গরাখা ; A woman's short cloak :—কয়েকটী অতীব আবশ্যক গুণ ; Virtues of fundamental importance, pre-eminent virtues. *Syn.*=principal, chief, primary, first, main, pre-eminent.

Cardinal numbers—এক দুই তিন প্রভৃতি সংখ্যা ; The numbers 1, 2, 3, &c. in distinction from 1st, 2nd, 3rd, &c. which are called ordinal numbers.

Cardinal points—দিকচতুষ্টয় ; উত্তর পূর্ব্বাদি ; North and South, East and West.

Cardinal virtues—গুণচতুষ্টয় ; ন্যায়পরতা সহিষ্ণুতা মিতাচার সমীক্ষকারিতা ; Prudence, justice, temperance, and fortitude.

Cardinalate, kär'din-al-āt, **Cardinalship,** kär'din-al-ship, *n.* কার্ডিনাল যাজকের পদ ; The office, rank of a cardinal.

Care, kār, *n.* [A. S. *caru*, Goth. *kara*, sorrow, Ice. *kaera*, to lament, Celt. *car*, care, allied to L. *carus*, dear] উদ্বেগ ; Anxiety ; solicitude :—যত্ন ; সতর্কতা ; Attention , heedfulness , caution :—যত্ন ; তত্ত্বাবধান ; Charge, oversight :—চিন্তার বিষয় ; The object of anxiety :—*v. i.* উদ্বিগ্ন-হ ; To be anxious :—ইচ্ছুক-হ ; To be inclined or disposed :—যত্ন করা ; To be regard.

Care for—যত্ন করা ; Take care of :—গ্রাহ্য করা ; Have regard for.

Not to care a bit, pin, fig or straw—কিছুমাত্র গ্রাহ্য না-কৃ ; ভ্রূক্ষেপ না-কৃ ; Not to care at all.

Take care or **Have a care**—সতর্ক-হ ; সাবধান-হ ; Beware ; be careful ; take heed.

To take care of—যত্ন করা ; যত্নপূর্ব্বক পালন করা ; Look after ; to keep safe.

Careful, kär'fool, *a* মনোযোগী ; Attentive :—উদ্বিগ্ন ; Anxious :—সতর্ক ; সাবধান ; Negligent ; cautious ; heedful :—কিংকর্ত্তব্যবিমূঢ় ; Puzzled. *ad* =Carefully ; *n*=carefulness.

Careless, kär'les, *a.* অমনোযোগী ; অনবহিত ; Inattentive ; negligent :—উদ্বেগশূন্য ; Free from anxiety :—নিশ্চিন্ত ; Unconcerned. *n.*=carelessness—অনবধানতা ; Negligence.

Care-worn, *a.* উদ্বেগ দ্বারা ক্লান্ত ; Crushed with care , fatigued with anxiety.

Careen, ka-rēn, *v. t.* [Fr. *carener*, *carene*, L. *carina*, the bottom of a ship ; the keel.] জাহাজের এক পাশ কাত করিয়া অন্য পাশ মেরামত-কৃ ; To bring a ship to lie one side for the purpose of repairing ; to lay a ship on her side to repair the bottom and keel :—*v. i.* একপেশে হওয়া ; একদিকে অবনত হওয়া ; To incline to one side, as a ship under a press of sail.

Careenage, ka-rēnaj, *n.* যে স্থানে জাহাজ মেরামৎ হয় ; A place where ships are careened :—জাহাজের তলা মেরামতের ব্যয় ; The cost of careening.

Career, ka-rēr', *n.* দ্রুত গমন ; A course ; a race , a speed :—চরিত ; কার্য্যের গতি ; জীবন ব্যাপার ; General course of conduct ; course of action ; progress in life :—দৌড় ; দৌড়চক্র ; A

race or running ; a race-course :—*v. i.* দ্রুত গমন-কৃ ; ধাবমান-হ ; To move or run rapidly.

Caress, ka-res, *v. t.* [L. *caras*, dear.] আদর-কৃ ; স্নেহ-কৃ ; আলিঙ্গন-কৃ ; To treat with fondness ; to fondle ; to embrace :—*n.* সোহাগ ; আদর ; আশ্লেষ ; আলিঙ্গন ; An act of endearment ; expression of affection. *Syn.*=fondle, pet ; kiss.

Caret, kāret, *n.* [L. *caret*, there is wanting.] চিহ্ন বিশেষ ; ^ এই চিহ্ন ; A mark, used in writing when a word is left out.

Cargo, kär'go, *n.* জাহাজের মাল বোঝাই ; The whole goods conveyed in a ship ; what a ship carries ; its load.

Caricature, kar-i-ka-tur', *n.* [It. *caricatura*, *carricare*, to lead.] উপহাস চিত্র ; হাস্য উৎপাদক বিকট চিত্র ; বিকৃত প্রতিমূর্ত্তি ; অতিরঞ্জিত চিত্রবর্ণনা ; A description of a person or thing in which defects are greatly exaggerated in order to make it ridiculous :—*v. t.* অতিরঞ্জিত করা ; পরিহাস করিবার জন্য চিত্র-কৃ ; To sketch or describe in order to turn into ridicule ; to turn into ridicule by overdoing a likeness. *Syn.*=travesty, parody, farce, burlesque.

Caricaturist, kar-i-ka-tūr'ist, *n.* অতিরঞ্জক ; উপহাসক ; যে ব্যক্তি উক্তরূপ চিত্র করে ; One who caricatures.

Caries, kár'i-ēz, *n.* অস্থির গলিত অবস্থা ; Mortification of a bone ; rottenness or decay of a bone.

Cariole, kar'i-ōl, *n.* এক ঘোড়ার লঘুগামী গাড়ী ; A light one-horse carriage, used in Norway.

Carious, kā'ri-us, *a.* গলিত ; Mortified ; decayed ; rotten. *n.*=Cariosity ; caries.

Carking, kar'king, *a.* [A. S. *cearc*, care.] উদ্বেগকারক ; Distressing , causing anxiety.

Carl, kärl, *n.* অসভ্য লোক ; A rude, rough man.

Carmelite, kär'mel-it, *n.* সন্ন্যাসী ; A monk of an order established on Mount Carmel, in Syria in the 12th Century.

Carminative, kär-mina-tiv, *n.* উদ্গার নাশক ঔষধ ; A medicine used to expel wind or cure flatulence.

Carmine, kär'min, *a.* উজ্জ্বল লাল রঙ ; গাঢ় লোহিতবর্ণ ; Bright red dye or colour ; a crimson colour.

Carnage, kar'-nāj, *n.* [Fr. *carnage*, from. L. *caro*, *carnis*, flesh.] হত্যা ; রক্তপাত ; Slaughter ; massacre ; havoc ; murder.

Carnal, kär'nal, *a.* [L. *carnalis*, *caro*, *carnis*, flesh.] শারীরিক, দৈহিক ; Fleshly , unspiritual ·— পতিত ; Unregenerated ; being in the natural state :—ইন্দ্রিয়াসক্ত ; কামাসক্ত ; পাশব ; Lustful ; libidinous. *Syn.*=sensual, fleshy ; gross ; lustful, licentious, not spiritual ; unrenewed.

Carnal knowledge—স্ত্রী-সংসর্গ ; ব্যভিচার ; Sexual intercourse.

Carnal-minded, *a.* বিষয়াসক্ত ; Wordly-minded.

Carnal-pleasure—ইন্দ্রিয়-সুখ।

Carnalism, Carnality, kar'nali-ti, *n.* ইন্দ্রিয়াসক্তি ; ইন্দ্রিয়পরায়ণতা ; Sensuality ; state of being carnal. [—সাংসারিক ব্যক্তি ; A worldling.

Carnalist, kär'nal-ist, *n.* কামুক ; A sensualist :

Carnation, kär-nā'-shun, *n.* [L. *carnatio*, fleshiness.] মাংসবর্ণ ; রক্তবর্ণ ; Flesh colour.

Carnelian, kär-nē'li-an, *n.* লালবর্ণ প্রস্তর ; Red precious stone.

Carneous, karnī-us, *a.* মাংসগুণযুক্ত ; Fleshly.

Carnival, kär'ni-val, *n.* [Fr. *carnaval*, It. *carnovale*, Low. L. *carnelevanen*, solace of the flesh, *caro*, *carnis*, flesh, and *levamen*, solace—*levare*, to lighten.] রোমান কাথোলিকদিগের উপবাস করিবার পূর্ব্বকালীন আনন্দোৎসব ; মদ্যপান সহকৃত ভোজনোৎসব বা আমোদ প্রমোদ ; The season of rejoicing before the feast of Lent in Catholic countries ; riotous feasting or merriment.

Canivora, kan-nivō-ra, *n. pl.* মাংসাশী জন্তু ; মাংসভোজী জীব-শ্রেণী ; Flesh-eating animals ; order of flesh-eating animals.

Carnivorous, kar-nivō-rus, *a.* [L. *caro*, *carnis*, flesh, *vero*, to eat] মাংসভোজী ; মাংসাশী ; মাংসভুক্‌ , Flesh-eating ; feeding on flesh.

Carol, kar'ol, *n.* [O. Fr. *carole* ; It. *carola*, orig. a ring-dance, ety. dub. either dim. of L. *chorus*, a choral dance, or from Bret. *koroll*, a dance, W. *carol*, a song—root, *car*, circular motion.] আনন্দ-গীতি ; গীত ; সংকীর্ত্তন ; A song of joy and exultation ; a song of devotion :—*v. t.* স্তুতি গান-কৃ ; To praise in song :—*v. i.* আনন্দে গান-কৃ , To sing in joy. *p. p.*=carolling. *pa. p.*= carolled. *Syn.*=Lay, ditty, strain, canzonet.

Carotid, ka-rot'id, *a.* [Gr. *karōtides*—*karos*, sleep, deep sleep being caused by compression of them.] স্কন্ধদেশের দুই বৃহৎ ধমনী সম্বন্ধীয় ; Relating to the two great arteries of the neck :—*n.* স্কন্ধদেশের ধমনী , One of the two large arteries conveying blood to the neck.

Carousal, kar-owźal, *n.* ভোজনোৎসব ; মদ্যপানোৎসব ; A jovial banquet ; merry-making feast.

Carouse, kar-owź, *n.* [O. Fr. *carous*, Fr. *carrousse*, Ger *garous*, quite out !—that is empty the glass.] উৎসব , আনন্দ সহকারে মদ্যপান ; পানগোষ্ঠীতে মদ্যপান ; মদ্যপান-দ্বন্দ্ব , A noisy revel ; a drinking match ; drinking-bout :—*v. i.* গণ্ডগোল করিয়া মদ্যপান-কৃ ; মদ্যপানে প্রতিদ্বন্দ্বিতা-কৃ ; To drink freely and noisily ; to hold a drinking-bout.

Carouser, kar-owźar, *n.* মদ্যপায়ী ব্যক্তি ; Reveller. [fresh-water fish.

Carp, kärp, *n.* অলবণাক্ত জলচর মৎস্য বিশেষ ; A

Carp, karp, *v. i.* [Ice. *karpa*, to boast, modified in meaning through likeness to L. *carpo*, to pluck, deride.] ছিদ্রান্বেষণ-কৃ , দোষ বা খুঁৎ ধরা ; দোষারোপ-কৃ ; To cavil ; to censure ; to find fault without sufficient reason ; to catch at small faults or errors. *n.*=Carper.

Carpel, kär'pel, *n.* গর্ভ কেশর ; A simple pistil, or one of the parts of a compound pistil.

Carpenter, kär'pent-ėr, *n.* [Low. L. *carpentarius*—*carpentum*, a car, from root of car.] সূত্রধর ; ছুতার-মিস্ত্রি ; A joiner ; a worker in timber ; one who works in timber.

Carpentry, kärpent-ri, *n.* সূত্রধরের কার্য্য ; দারুকর্ম্ম ; সূত্রধরের ব্যবসায় ; The art of cutting, framing, and joining timber ; the trade or work of a carpenter.

Carpet, kär'pet, *n.* [Fr. *carpette*—Low. L.

carpeta, a coarse fabric made from rags pulled to pieces,—L *carpere*, to pluck] কার্পেট, গালিচা, সতরঞ্চ, A covering for a floor or table or stairs —*v t* গালিচা দিয়া আচ্ছাদন-কৃ, To cover with a carpet *pr p.* and *n* =Carpeting, *pa p* Carpeted

Be on the carpet—কথাবার্ত্তা চলা, বিবেচনাধীন থাকা, Under discussion [consideration

On the carpet—বিবেচনাধীন বিষয়, Under

Carpet-knight or **Carpet-monger**—বিলাসপ্রিয় সৈন্য, বৈটকী সর্দ্দার, One who has never known the hardship of actual service

Carriage, kar'ij, *n* বহন, The act of conveying —যান, A vehicle —আচরণ ব্যবহার, Gesture, deportment, conduct, behaviour

Carriage-stand, *n.* গাড়ির আড্ডা।

Carrion, kar'i-un, *n* [L *caro carnis* flesh] গলিত মাংস, পুতি মাংস, The dead and putrefying flesh of any animal —*a* গলিত মাংসজাতীয়, Relating to flesh or putrid flesh —গলিত মাংস ভোজী, Feeding on putrid flesh

Carronade, kar-un-ād' *n.* ক্ষুদ্র কামান, A short cannon formerly used in the navy

Carrot, kar'ut *n* গাজর A vegetable root, an eatable root of a redding or yellowish colour

Carroty, kar ut-i *a* গাজর বর্ণ বিশিষ্ট, Carrot coloured

Carry, kar'i, *v t* [O Fr *carier*, to cart] বহন কৃ, লইয়া যাওয়া, To convey to bear — উত্তেজিত কৃ, To urge to impel —সাধন সম্পাদন কৃ To effect or accomplish —আনয়ন কৃ, To transfer, to lead —বলপূর্ব্বক অধিকার কৃ, To obtain possession of by force —প্রকাশ কৃ To exhibit, to imply, to contain —উৎপন্ন কৃ To bear or produce as trees —আচরণ কৃ To behave to conduct,—with the reflexive pronoun —*v i* লইয়া যাওয়া To convey or propel as a gun *pr p* =Carrying *pa t* Carried *Syn*= Transfer, transmit bear convey forward, urge impel, support sustain imply import

Be carried away by, Be led away by, Be charmed or deluded by—কোন প্রবৃত্তি বা শক্তির দ্বারা চালিত হওয়া মোহিত হ প্রণোদিত হওয়া, Be captivated by, be powerfully influenced by

Carry a bold front to fortune—সাংসারিক দুঃখ ক্লেশের প্রতি ঔদাসীন্য প্রদর্শন করা, Show utter indifference to the frowns of fortune

Carry all (or the world) before one—সর্ব্ব প্রকার বাধা বিঘ্ন অতিক্রম করা, Overcome all opposition [fluently successful

Carry all before one—জয়ী হ To be emi-

Carry another (any one) with one—অন্যকে স্বমতে আনা, নিজের মতে লইয়া আসা, Manage to make anothers adopt one's own sentiment

Carry coal—অত্যাচার সহ্য, অপমান বা ক্ষতি সহ্য কৃ Bear injuries, pocket insults

Carry coals to Newcastle—তেলমাথায় তেল দেওয়া অনাবশ্যক কার্য্য-কৃ, To do what is superfluous, to do superfluous work

Carry by storm—প্রবল আক্রমণ করিয়া অধিকার-কৃ

Carry conviction—প্রত্যয় উৎপাদন কৃ দৃঢ় বিশ্বাস জন্মান, To convince, induce a strong belief as to the truth or otherwise of something.

Carry fire and sword into—ধ্বংস করা, Destroy in war

Carry into execution (Carry into effect)—সম্পাদন-কৃ কার্য্যে পরিণত করা, To perform, put into execution, reduce to practice, to execute.

Carry matters with a high hand—অত্যাচার করা, To be arrogant, domineering, tyrannical.

Carry of the palm—জয়ী-হ, জয়লাভ করা, Carry away the palm, come off victorious

Carry off—সংহার করা, বধ-কৃ, Kill, cause the death of —লইয়া যাওয়া, ধরিয়া লইয়া যাওয়া, Bear away take away by force —পারিতোষিক লাভ করা, Win [on the face of it.

Carry on its front—স্পষ্ট প্রদর্শন করা, To bear

Carry on—সিদ্ধ কৃ, Promote, help forward — নির্ব্বাহ-কৃ, কোন কিছু চালান, To prosecute, manage, conduct, be engaged in

Carry one's point—তর্কবিতর্ক স্থলে বিপক্ষকে পরাভব করিয়া নিজ মতকে প্রবল করা, Succeed in securing that on which one insists or for which contends —উদ্দেশ্য লাভ-কৃ, To gain one's object

Carry out—কার্য্যে পরিণত-কৃ সম্পন্ন-কৃ, To put into execution, put into practice, fully to accomplish —সর্ব্বাঙ্গীন যথাযথ করিয়া তোলা, Effect —সম্পন্ন কৃ, Execute

Carry the day—কৃতকার্য্য হওয়া, জয়লাভ-কৃ, Be victorious, to succeed in a contest, win the battle be successful in a dispute

Carry through—কাহাকে কোন বিঘ্ন অতিক্রম করিয়া লইয়া যাওয়া, Sustain a person in the midst of difficulties —আইন পাশ করা, Get a measure accepted or passed —অধ্যবসায় দ্বারা কৃতকার্য্য হওয়া, শেষ পর্য্যন্ত রক্ষা কৃ, To support to the end, to succeed by perseverance [proper bounds.

Carry too far—বাড়াবাড়ি কৃ, To exceed the

Carry weight—সারবান-হ, To be important

Carrier, kar-i-ėr, *n* বাহক, দূত, মুটে, One who carries

Carrier-pigeon—পত্রবাহক কপোত, Pigeon employed in carrying letters.

Cart, kärt *n* গাড়ি A carriage for the conveyance of goods, a vehicle with two wheels for conveying heavy loads —*v t* গাড়ি করিয়া লইয়া যা, To carry in a cart, to convey in a cart

Cartage, kärt-āj *n* যান দ্বারা বহন, গাড়িতে বহন, The act of conveying in a cart —গাড়ি ভাড়া, The cost of goods so conveyed, the cost of carting

Carte, kärt *n* [Fr—L *charta* Gr *chartēs*, paper] ক্ষুদ্র নাম পত্র, খোরাকির বিল, A card, a bill of fare in a hotel.

Carte-blanche, kart-blänsh, *n* স্বাক্ষরিত সাদা কাগজ A blank paper, signed, but not filled up —অনির্দ্দিষ্ট চুক্তি, যথেচ্ছা ক্ষমতা, Unconditional terms, unlimited power to do some business for another

Carte-de-visite, kärt-de-viz-ēt', *n* ক্ষুদ্র কাগজের উপর সংলগ্ন আলোক আলেখ্য, ব্যক্তি বিশেষের ক্ষুদ্র নামপত্রের সহিত সংলগ্ন আলোক চিত্র, A photograph portrait pasted on a small card.

Cartel, kär'tel, *n.* বন্দী বিনিময় নিয়ম-পত্র ; An agreement for exchange of prisoners.
Cartel, or **Cartel-ship,** *n.* A ship employed in exchanging prisoners or negotiating with an enemy. [man ; one who drives a cart.
Carter, kärt-ẽr, *n.* গাড়ি-চালক ; গাড়োয়ান ; Cart-
Cartesian, *a.* Relating to the French philosopher *Descartes* or his philosophy.
Cartilage, kär'ti-lāj, *n.* উপাস্থি ; কোমলাস্থি ; A whitish elastic substance, softer than bone, and harder than ligament ; gristle.
Cartilaginous, kär-ti-laj'in-us, *n.* কোমলাস্থিময় ; উপাস্থিসংক্রান্ত ; Pertaining to or consisting of cartilage ; gristly.
Carton, kärton, *n.* জমান কাগজ, মলাট কাগজ ; Paste-board ; card board.
Cartoon, kär-tōōn, *n.* [Fr. *carton,* augmentative of *carte.*] খসড়া চিত্র, ব্যঙ্গাত্মক চিত্র ; চিত্র বিশেষ ; A preparatory drawing on strong paper, to be transferred to frescoes, tapestry, &c. ; any large sketch or design on paper, a design on strong paper, to be painted in fresco.
Cartouche, kär-tōōsh, *n.* [Fr.—It. *cartoccio,* L. *charta,* paper.] টোটা বাখিবার আধার ; A cartridge box ; a case for holding cartridges ; a case containing bullets to be discharged from mortar :—স্থাপত্য-কার্য্যে অলঙ্কার বিশেষ ; An ornament resembling a scroll of paper with the ends rolled up.
Cartridge, kär'trij, *n.* টোটা ; A paper case containing the charge for a gun.
Blank-cartridge—গোলাশূন্য টোটা ; A cartridge without a ball.
Cartulary, kär'tū-lar-i, *n.* [Low L. *cartularium— chartula,* a document, *charta,* paper.] তালিকা পুস্তক ; নামাবলী পুস্তক ; A register book of a monstery :—যে ব্যক্তি তালিকা রাখে, পত্র-রক্ষক ; One who keeps ecclesiastical records &c.
Cartwright, *n.* kart'rit, *n.* যে ব্যক্তি গাড়ি প্রস্তুত করে ; One who makes carts.
Carve, kärv, *v.t.* [A.S. *ceorfan,* to cut, to hew ; Dut. *kerven,* Gr. *kerben,* to notch.] খণ্ড খণ্ড করিয়া কর্তন-কৃ ; To cut up into slices or pieces, as meat :— খোদিত-কৃ ; To engrave :—বণ্টন-কৃ ; To distribute ; to apportion —গঠন-কৃ ; কাটিয়া আকার বা গঠন দেওয়া ; To shape ; to make or shape by cutting :—*v. i.* ভাস্করের ব্যবসায়-কৃ ; To exercise the trade of a sculptor :—মাংস খণ্ড খণ্ড-কৃ ; To cut up meat. *Syn.*=Sculpture, chisel, grave, engrave, indent, form, shape, fashion, mould, cut meat at table.
Carve one's way—আপনার পথ করিয়া লওয়া ; Make one's way. [sign.
Carve out—খোদা ; Cut out or lay out by de-
Carver, kärvẽr, *n.* ভাস্কর ; খোদক ; A sculptor ; one who carves :—মাংস কাটিবার ছুরি ; A carving knife.
Caryates, kar-i-ā'tēs, **Caryatides,** kar-i-at'i-dēz, *n. pl.* অবলম্বন-স্তম্ভের পরিবর্ত্তে গঠিত স্ত্রীমূর্ত্তি-সমূহ ; Figures of women, serving as columns to support entablatures ; figures of women used instead of columns for supporters.

Cascade, kas-kād, *n.* [Fr. *cascade,* It. *cascata,* from *cascare,* L. *cado, casus,* to fall.] জলপ্রপাত ; Water-fall.
Case, kās, *n.* [Fr. *caisse,* O. Fr. *casse*—L. *capsa,* from *capio,* to receive.] আধার, আবরণ ; বাক্স ; কোষ ; A covering, box or sheath.
Case, kās, *n.* [Fr. *cas*—L. *casus* from *cado,* to fall.] অবস্থা ; State ; condition :—মোকদ্দমা ; Lawsuit :—ঘটনা ; Event ; that which falls or happen :—জিজ্ঞাস্য বিষয় ; Subject of question or inquiry :—ঘটনা বিবরণ ; Statement of facts :—কারক ; The inflection of nouns. *Syn.*=Event, circumstance, situation, height, suit, occurrence, predicament, position, action, cause, process.
Case, kās, *v.t.* বাক্স বা কোষের ভিতর রাখিয়া দেওয়া ; আধারে রাখা ; রক্ষা করা ; To put in a case or box.
Case hardened, *a.* নির্দ্দয় ; নিষ্ঠুর ; Having the outside hardened ; impervious to pity, shame &c
A case in point—যে কথা হইতেছে তাহার সহিত ঠিক সংলগ্ন হয় এমন উদাহরণ বা বিবরণ ; A case bearing upon the matter in hand ; a circumstance that is apposite or pertinent :—যথার্থ উদাহরণ ; A fitting illustration.
In case—যদি এরূপ ঘটে ; If it should so happen.
In case of—এরূপ হইলে ; (কোন কিছু) হইলে ; In the event of.
In the case of—(অমুকের) সম্বন্ধে, (অমুকের) মোকর্দ্দমায় ; As regards ; in the matter or suit in which one is involved.
In good case—উত্তম অবস্থায় ; ভাল ঠাটে ; In good physical state ; in good condition.
Make out a case—প্রমাণ, তর্ক দ্বারা স্থির-কৃ ; অভিযোগ সত্য বলিয়া সাব্যস্ত করা ; Establish a charge by evidence or argument ; to make a good charge.
To make a case against—(কাহারও) বিরুদ্ধে অভিযোগ সত্য বলিয়া সপ্রমাণ করা ; To substantiate a charge against.
Caseine, Casein, kā's'e-in, *n* [L. *caseus* cheese.] দুগ্ধের স্নেহ পদার্থ , An organic substance, contained in milk and cheese :—দুগ্ধের সারভাগ ; পনির ; The cheesy portion of the curd of milk.
Case-mate, kās'māt, *n.* গোলা দ্বারা অভেদ্য স্থান, দুর্গের কামান স্থাপন করিবার স্থান ; A bomb-proof chamber in which cannon may be placed to be fired through embrasures.
Casement, kās'ment, *n.* কব্জা দ্বারা সংলগ্ন জানালা ; গবাক্ষবিশেষ ; বাতায়ন ; A window made to turn on hinges :—ছাঁচ ; A hollow moulding.
Cash, kash, *n.* [O. Fr. *casse,* a box or till.] নগদ টাকা ; Ready money :—মুদ্রা ; অর্থ ; Coin or money :—*v. t.* টাকায় পরিণত-কৃ ; ভাঙ্গান ; To turn into money :—টাকা-দে ; To pay money for.
Cash-balance, *n.* The amount on the debtor side of the cash account. [and disbursements.
Cash-book, *n.* হিসাব বহি ; Account of receipts
Cash-credit—জামিন দিয়া ব্যাঙ্ক বা মহাজনের গদি হইতে ইচ্ছামত টাকা কর্জ্জ লওয়ার হিসাব।
Cash-price, *n.* নগদ দাম ; The price at which a thing will be sold for immediate payment.
Cash-sales, *n.* নগদ দামে বিক্রয় ; Sales made for ready money. [money.
In cash, In hard cash—নগদ টাকায় ; In ready

Cashier, kash-ēr', *n.* কোষাধ্যক্ষ ; খাজাঞ্চি ; Cash-keeper ; treasurer ; one who has charge of the receiving and paying of money :—*v t.* পদচ্যুত-কৃ ; To dismiss from an office of trust for bad conduct :—পরিত্যাগ-কৃ ; To reject —তাড়িয়া ফেলা ; To break :—অব্যবহার্য্য বা অনুপকারী করা ; To render useless or unprofitable :—সমূলে নষ্ট করা ; To ananimate. *Syn.*=Discharge, discord, break.

Cashier, kash-ēr', *v. t.* [Gr. *cassiren*—Fr. *casser*—L. *cassare*—*cassus*, void, empty.]

Cashmere, kash̆mēr, *n.* কাশ্মীরি শাল ; A kind of fine shawl made at Cashmere in India.

Casino, kas-ē'nō, *n.* নৃত্যশালা ; সাধারণের নৃত্যাগার ; A saloon for dancing ; a room for public dancing.

Cask, kask, *n.* [Fr. *casque*, Sp. *casco*, skull, helmet, cask.] পিপা ; A hollow vessel for holding liquors.

Casket, kasket, *n.* মণি রাখিবার আধার ; A small case for holding jewels :—ছোট পিপা ; A little cask or case. [Helmet, a cover for the head.

Casque, Cask, kask, *n* শিরস্ত্রাণ ; মস্তক-রক্ষণী ;

Cassia, kash̆ya, *n.* [L. *cassia*—Gr *kasia* ; from a Heb. root, to cut] সুগন্ধি বৃক্ষ ; A species of aromatic plant :—বন্য দারুচিনি ; Wild cinnamon.

Cassimere, kas-i-mēr', **Kerseymere,** *n* উত্তম পশমি কাপড় ; A twilled woollen cloth for men's garments.

Cassock, kas̆ok, *n.* [Fr. *casaque* It. *casacca*—L. *casa*, a cottage, a covering.] পুরোহিতের পরিধেয় বস্ত্র ; ধর্ম্মযাজকের পরিচ্ছদ বিশেষ ; A garment worn by clergymen under their gown or surplice.

Cassowary, kas̆ō-war-i, *n.* এক জাতীয় পক্ষী ; A bird of Java resembling the Ostrich.

Cast, kast, *v t* [Scan., as Ice *kasta*, to throw.] নিক্ষেপ-কৃ ; To throw ; to fling :—ফিরান ; To direct or turn, as the sight :—গণনা-কৃ , To compute or reckon :—ছাঁচে ঢালা , গঠন-কৃ , To mould , to found ; to shape :—*v. i* চিন্তা-কৃ , To revolve in the mind. *pr. p* =casting ; *pa. t.* and *pa p* cast. *Syn.*=Throw, hurl, toss, fling, pitch, fling, impel, force, shed, throw of, compute, reckon, found, form in a mould, direct, turn, assign, allot, appoint. [মন্ত্রণা-কৃ ; Contrive.

Cast about—অনুসন্ধান-কৃ ; Seek ; try to find :—

Cast about for—চারিদিকে হাতড়াইয়া বেড়ান , Search or look about in all directions for (as by casting a net).

Cast a horoscope—ঠিকুজি কুষ্ঠি গণনা করা ; Calculate and prepare a horoscope.

Cast anchor—নঙ্গর ফেলা , To moor a ship.

Cast a sheep's eyes—প্রেম নয়নে তাকান , Give love bashfully and lovingly. [depreciate

Cast a slur upon—নিন্দা-কৃ ; Disparage ;

Cast adrift—ইতস্ততঃ চালিত ; Driven to and fro ; অসহায় অবস্থায় ফেলা ; Throw out without any one to guide or look after.

Cast aside—ত্যাগ-কৃ ; To dismiss or reject :—ফেলিয়া দেওয়া ; To throw aside.

Cast away—অপরিমিত ব্যয়-কৃ , To lavish or waste by profusion.

Cast by—বর্জ্জন-কৃ ; Reject.

Cast down—নিক্ষেপ-কৃ ; অধঃক্ষেপ-কৃ ; Throw down ; direct downwards :—বিষণ্ণ-কৃ ; নমিয়া দেওয়া ; Deject or depress, as the mind.

Cast forth—উৎক্ষেপ-কৃ ; To exhale.

Cast in the same mould—স্বাভাবিক গুণ বিষয়ে সমান ; Alike in the natural traits of character.

Cast into the shade—মলিন-কৃ ; Eclipse :—অন্ধকারাচ্ছন্ন-কৃ ; অন্ধকারাচ্ছন্ন অবস্থায় ত্যাগ করা ; To throw on obscure position.

Cast lots—ঘুর্ঁটি খেলা ।

Cast off—ত্যাগ-কৃ ; To discard ; to reject :—দূর করিয়া ফেলা ; To drive away :—*a.* পরিত্যক্ত , Rejected.

Cast one's nativity—উত্তরকালের ফলাফল নির্ণয় করিবার জন্য কাহারও জন্মসময়ে জ্যোতিষ্কমণ্ডলের অবস্থান নির্ণয় করা , To find out and represent the position of the heavens at the time of one's birth, in order to determine his future fortunes.

Cast one's self on—আত্মসমর্পণ-কৃ ; To resign or yield one's self without reserve.

Cast out—ত্যাগ-কৃ , Reject —বহিষ্কৃত করা ; Turn out :—ভূত ছাড়ান ; Enorcise.

Cast pearls before swine—বানরের গলে মুক্তা ছড়ান , দুর্ব্বাবনে মুক্ত ছড়ান ; বানরের গলায় মুক্তার মালা-দে ; Place things of great value before persons quite ignorant of their worth.

Cast the first stone—দোষানুসন্ধান করিতে সকলের অগ্রগামী হওয়া ; To be the first to find fault with.

Cast to the dogs—ফেলিয়া দেওয়া ; Reject.

Cast to the winds—অগ্রাহ্য-কৃ , তুচ্ছ-কৃ , Reject ; utterly disregard —টুকরা টুকরা করা , ঝাঁটিয়া ফেলা ; Disperse into shreds, sweep away.

Cast up—গণনা কৃ ; To compute ; to reckon :—বমন-কৃ ; উৎক্ষেপ করা , To vomit

Cast up account, Cast accounts—হিসাব-কৃ , Throw together several items to find the sum

Cast young—গর্ভস্রাব-হ , To miscarry , to suffer abortion.

The die is cast—হাতের ঢিল ছোড়া হইয়াছে , The decisive step is taken and there is no drawing back :—যাহা করা হইয়াছে তাহা আর ফিরাইবার যো নাই , The thing is done and cannot be undone now.

To cast in one's teeth—তিরস্কার-কৃ ; নিন্দা করা , To upbraid.

To cast in one's lot with any one—কাহারও সহিত কোন কার্য্যে যোগ দেওয়া ; সমদুঃখভোগকারী হওয়া ; To take one's chance with ; to join one ; to share in common with.

To cast wistful looks on—ঔৎসুক্য সহকারে বাঞ্ছা করা ; To desire earnestly or longingly.

Cast, kast, *n* নিক্ষেপ , Act of casting , a throw :—নিক্ষিপ্ত বস্তু , The thing thrown .—নিক্ষেপের দূরত্ব ; The distance through which any thing is thrown :—অক্ষপাত ; Throw of dice .—সুযোগ ; A chance ; venture :—আকৃতি ; গঠন ; Form ; shape :—ছাঁচ , ছাঁচে ঢালা দ্রব্যের আকার , A mould ; the form received from a mould :—বর্ণ ; ঈষৎ আভা ; A tinge :—রীতি ; হাবভাব ; আকৃতি ; Manner ; air ; mien :—কৌশল ; A stroke, touch, or trick :—কটাক্ষ ; আড়ে দৃষ্টি ; A motion or turn or squint as of the eye :—মাটিকের ভিন্ন ভিন্ন অংশ

অভিনেতৃদিগকে বণ্টন ; The assignment of the various parts of a play to the several actors.
Cast of the dice—অক্ষনিক্ষেপ ; পাশা খেলা ; অদৃষ্টের ভবিতব্য বিষয় ; A throw of the dice ; hence, anything that may chance to turn.
Cast of the eye—আড় নয়ন ; A squint. [effort.
The last cast—শেষ উদ্যম ; All ventured on one
Cast-iron, *n.* ছাঁচে ঢালা লৌহ ; Iron melted from the ore, and run into moulds.
Castaway, kasťawā, *n.* পাপাসক্ত ব্যক্তি ; A reprobate :—পরিত্যক্ত ব্যক্তি ; সমাজচ্যুত ব্যক্তি ; One cast away ; an out-cast :—*a.* পরিত্যক্ত ; Useless ; rejected.
Caste, kast, *n.* [L. *castus*, pure, unmixed.] বর্ণ জাতি ; One of the classes into which society in India is divided.
Lose caste—জাতিচ্যুত বা জাতিভ্রষ্ট-হ ।
Castellan, kaśtel-an, *n.* দুর্গাধিপতি ; দুর্গেশ ; Governor or captain of a castle.
Castellated, kaśtel-āt-ed, *a* শিখর মণ্ডিত ; Adorned with turrets and battlements, like a castle
Caster, kasťėr, *n.* নিক্ষেপ কারক, One who casts : —দ্রব্যাদির খুরো, A small wheel on the legs of furniture .—অধিষ্ঠাতা, A founder :—গণক, A calculator —*pl.* আচার, শিরকা প্রভৃতির ছোট ছোট শিশি, Small cruets.
Castigate, kaśtig-āt, *v. t* [L. *castigo, castigatus*, from *castus*, pure.] কশাঘাত-কৃ, সংশোধন-কৃ, তিরস্কার-কৃ ; দমন করা ; To punish by stripes, to chastise ; to correct, to chasten, to check.
Castigation, kastig-ā'shun, *n.* বেত্রাঘাত ; দণ্ড ; Punishment by whipping ; chastisement :—ভর্ৎসনা ; Reproof ; severe animadversion.
Castigator, kaśtig-āt-or, *n.* শাস্তিদাতা ; দণ্ডদাতা ; One who castigates. [Corrective.
Castigatory, kaśtig-ato-ri, *a.* সংশোধনকারক ;
Casting, kasťing, *n.* নিক্ষেপ ; Throw .—ছাঁচ, Mould :—ছাঁচে ঢালা, Act of moulding.
Casting-net, *n.* ক্ষেপনি ; ক্ষেপলা জাল, A net which is cast and drawn, in distinction from a net that is set and left.
Casting-vote or voice—মীমাংসা কারক সভাপতির মত, সভাপতির অতিরিক্ত মত ; মত-ভেদ স্থলে দুই পক্ষের মত-সংখ্যা সমান হইলে সভাপতি যে মত দিয়া এক পক্ষের মত-সংখ্যা বৃদ্ধি করতঃ উপস্থিত বিষয়ের মীমাংসা করেন ; A vote that decides when the votes are equally divided ; the decisive vote.
Castle, kaśl, *n.* [L. *castellum*, dim. of *castrum*, a fortified place.] দুর্গ ; A fortress ; a fortified place :—ধনী লোকের বাসস্থান ; বড় লোকের অট্টালিকা ; The house or mansion of a nobleman or a prince.
Castle in the air, *n.* আকাশ-কুসুম ; কোন অমূলক অসম্ভব উচ্চ বিষয়ের কল্পনা ; লাখ টাকার স্বপন ; মনে মনে লম্বা ভাগ ; আসমানে অট্টালিকা ; A visionary project ; an empty scheme.
To build castles in the air—কোন অমূলক বিষয়ের কল্পনা-কৃ ; লাখ টাকা স্বপ্ন দেখা ; To form visionary project.
Castle-builder, *n.* যে ব্যক্তি অসাধ্য সাধন করিতে কল্পনা করে ; যে আকাশ কুসুম দেখে ; One who forms visionary projects.
Castor, kaśtor, *n.* [L.—Gr. *kastor* ; cf. *Sans. kasturi*, musk.] উদ্বিড়াল ; The beaver :—উদ্বিড়াল গাত্র প্রসূত উগ্র গন্ধবিশিষ্ট বস্তু ; A strong smelling substance taken from the body of the beaver : —উদ্বিড়ালের লোমের টুপি ; A hat made of its fur.
Castor-oil, kaśtor-oil, *n.* এরণ্ড তৈল ; রেড়ীর তেল ; A medicinal vegetable oil.
Castrate, kaśtrāt, *v. i.* খোজা-কৃ ; মুষ্কচ্ছেদন-কৃ ; দামড়া করা ; To emasculate :—অসম্পূর্ণ করা ; To take from or render imperfect. *n.*=Castration—মুষ্কচ্ছেদন ।
Casual, kazhū-al, *a.* আকস্মিক ; অদৃষ্টপূর্ব ; Accidental ; fortuitous ; unforeseen :—সময়ে সময়ে উপস্থিত ; অনিয়ত ; Occasional ; incidental. *Syn.* =accidental, incidental, contingent, uncertain, occasional, fortuitous. [ছুটি ।
Casual leave—হঠাৎ কোন কারণে দুই এক দিনের
Casually, *ad.* হঠাৎ ; দৈবাৎ ; কখন কখন ; Accidentally ; occasionally.
Casualty, kazhūal-ti, *n.* দৈবঘটনা ; দুর্ঘটনা ; Accident ; that which falls out ; contigency :— মৃত্যু ; দুর্ঘটনা ; Death , misfortune.
Casuist, kazhu-ist, *n.* ধর্মাধর্ম বিচারক ; One who studies and resolves cases of conscience.
Casuistry, kazhū-ist-ri, *n* ধর্মাধর্ম বিচার বিদ্যা ; কর্তব্যাকর্তব্য বিচার বিষয়ে কূট তত্ত্ব ; The science or doctrine of *cases* of conscience.
Cat, kat, *n.* মার্জার ; বিড়াল ; A common domestic animals :—বেত্র ; A kind of whip.
A cat has nine lives—বিড়াল কিছুতেই মরে না ; বিড়ালের বড় কঠিন প্রাণ ; A cat is very much tenacious of life.
Let the cat out of the bag—কোনও গুপ্ত কৌশল বা বিষয় প্রকাশ-কৃ ; ষড়ভেদ-কৃ ; Disclose a trick or secret.
Sick as a cat—Very much subject to vomiting.
To bell the cat—প্রাণ ধরা ; সাধারণের কার্য্যে মাথা-দে ; অন্যের জন্য সমূহ অনিষ্টপাত সম্ভাবনা স্বীকার করা, To risk one's own life to save others : to undertake great personal risks for the sake of others.
It is raining cats and dogs, To rain cats and dogs—মুষলধারে বৃষ্টি হওয়া ; It is incessantly raining. [করে, They are always quarrelling.
They live cat and dog—তাহারা সর্বদা বিবাদ
Cat-call, Cat-pipe, *n.* A squeaking instrument, to interrupt play at a theatre.
Cat-eyed, *a.* বিড়ালাক্ষ ; কটা চোকো ।
Cat-kin, *n.* পুষ্প বিশেষ ; A kind of flower.
Cot-o'nine-tails, *n.* বেত্র বিশেষ ; কশা ; কোড়া ; A whip with nine lashes, used for punishing offenders.
Cat-nap, *n.* অল্পকাল জন্য নিদ্রা ; A short sleep.
Cat's-paw, *n.* বঞ্চিত ব্যক্তি ; A dupe ; the tool of another.
Make a cat's paw of—এক জনের মাথা খাইয়া নিজের কার্য্য উদ্ধার করা ; Make another a tool, use another as an instrument for accomplishing one's own purposes.
Cataclysm, kaťa-klizm, *n.* [Gr. *kataklysmos kata*, downward, *klyzein*, to wash or dash.]

বন্যা ; জলপ্লাবন ; Deluge ; a flood of water. *a.*= cataclysmal.

Catacomb, kat'a-kōm, *n.* গর্ভস্থ সমাধি ; ভূগর্ভস্থ সমাধি স্থান ; A burying place underground ; a hollow or cave underground used as a burial. *Syn.*=Crypt, vault, tomb.

Catafalco, kat-a-fal'ko, **Catafalque,** kata-falk', *n.* গোঁসারা ; A temporary structure of carpentry, representing a tomb used in funeral solemnities.

Catalepsy, kat'-a-lep-si, *n* [Gr. from *kata* down, *lambanō*, *lepsomai*, to seize.] মোহপীড়া ; মূর্চ্ছারোগ ; পক্ষাঘাত ; A disease in which motion and sensation are suddenly suspended.

Catalogue, kat'a-log, *n.* [Gr. from *kata*, down, *logos*, a counting.] নামাবলি পুস্তক ; নাম প্রভৃতির তালিকা ; A list of names, books &c :—*v i.* নামাবলী প্রস্তুত-কৃ ; তালিকাভুক্ত করা ; ফর্দ করা ; To make a list of names &c ; to put in a catalogue. *pr. p.*=Cataloguing, *pa. a* =Catalogued.

Catamaran, kat-a-ma-rań, *n.* ভেলা, ভেলক, উড়ুপ ; A kind of raft used by the natives of India and Brazil.

Catamenia, kat-a-méni-á, *n.* [Gr. fr *kata*, back, again, and *men*, month.] স্ত্রীলোকের ঋতু ; The monthly course of females ; menstrual discharges.

Cataplasm, *n.* পুলটিস : Poultice.

Catapult, kat'a-pult, *n.* [L. *catapulta*—Gr. *katapeltes*—*kata*, down, *pallō*, to throw.] প্রস্তর ক্ষেপণার্থ পূর্ব্বকালের ব্যবহৃত যন্ত্র, ফিঙ্গা ; An engine anciently used for throwing large stones, arrows &c.

Cataract, kat'a-rakt. *n.* [Gr. *kata*, down, *arasso*, to dash, to rush.] প্রস্রবণ ; জলপ্রপাত ; নির্ঝর ; A waterfall :—নেত্র-পটল ; চক্ষের ছানি ; A disease of the eye.

Catarrh, kat-ar', *n.* [L. *catarrhus*, Gr. *katarrhoos*—*kata*, down, *rheo*, to flow] কফ ; শ্লেষ্মা ; সর্দ্দি ; A cold in the head, causing a running at the nose ; a discharge of fluid from a mucous menbrane, especially of the nose, caused by cold in the head. *a.*=catarrhal.

Catarrhal, ka-tar'al, *a.* সর্দ্দি সম্বন্ধীয় , সর্দ্দি কর্ত্তৃক উৎপন্ন ; Pertaining to catarrh ; produced by it, or attending it.

Catastrophe, kat-as'trō-fē, *n.* [Gr. *kata*, down, *strepho*, to turn] অন্তিম ঘটনা ; বিপত্তি ; বিপৎপাত ; A final event ; a calamity. *Syn.*=misfortune, mishap, mischance ; winding up, upshot, finale.

Catcal, catcall, kat'kawl, *n.* অভিনয় বন্ধ করিবার জন্য নাট্যাগারের ব্যবহৃত যন্ত্র , A squeaking instrument used in theatres to condemn plays.

Catch, kach, *v. t.* [Picard *cacher*, for **O. F.** *cachier*, to chase, fr. LL. *caciare*, fr. L. *captare*, freq. of *capere*, to take, lay hold of.] ধরা ; To seize suddenly :—পাশবদ্ধ-কৃ ; ফাঁদে-ধৃ ; To insnare ; to trap or insnare ; to entangle :—বিস্তার-কৃ ; To communicate to :—মুগ্ধ-কৃ ; বশীভূত-কৃ ; To charm : —সংস্পর্শ দ্বারা গ্রহণ-কৃ ; To take by infection :— কাড়িয়া লওয়া ; To snatch :—হঠাৎ উপস্থিত হওয়া ; To come upon unexpectedly :—পশ্চাৎ যাইয়া ধরা ; To overtake ; to seize after pursuit :—*v. i.* সংক্রামিত-হ ; To communicate ; to spread by infection ; to be contagious :—লেগে-থা ; To be held or impeded by entanglement or slight obstruction. *pa. t.* and *pa. p.*=caught (kawt), *pr. p.*=catching. *Syn.*= Lay hold of, capture, apprehend, snatch, captivate, grasp, arrest.

Catch a glimpse of—আভাস পাওয়া · কটাক্ষ লাভ-কৃ ; Obtain a faint or short view of

Catch a Tartar—দুর্ব্বলবোধে শত্রুকে আক্রমণ করিয়া শেষে বিপদগ্রস্ত হওয়া ; To lay hold of or encounter a person, who proves too strong for the assailant.

Catch a weasel asleep—কোন ব্যক্তিকে অমনোযোগী দেখিতে পাওয়া ; To find a person careless.

Catch at (or Grasp at)—ব্যস্তসমস্ত হইয়া ধরিতে যাওয়া ; Endeavour to seize eagerly :—পাইবার জন্য ব্যগ্র হওয়া ; Be eager to get.

Catch cold (Catch a cold)—সর্দ্দি লাগা ; Be affected with cold.

Catch hold of—ধরা ; Seize with the hand ; [grip.

Catch one in the fact—দুষ্কর্ম্ম করিবার সময় কাহাকে ধরা ; হাতে হাতে ধরা ; Catch one while doing something that is vicious ; catch one in the very act of committing a crime.

Catch one tripping—ভ্রমকালে কাহাকে ধরা ; Ditect one taking a false step :—পদস্খলন হইতে দেখা ; Catch one taking a false step or falling : —কোন লোক কোন দোষ বা ভ্রম করিতেছে দেখিয়া তাহা ধরিয়া দেওয়া ; Detect one in committing an error or a mistake.

Catch one nipping—অন্যের অমনোযোগ বশতঃ নিজের সুযোগ লাভ-কৃ ; To gain an advantage over one, through his inattention

Catch sight of—প্রথম দর্শন লাভ করা ; Obtain the first view of.

Catch the contagion—সংক্রামক রোগ দ্বারা আক্রান্ত-হ ; To become affected by a contagious disease :—সংস্পর্শে কোন রোগগ্রস্ত হওয়া ; Be affected with some disease by contact :—সহানুভূতি প্রযুক্ত কুপ্রবৃত্তির অনুসারী হওয়া ; Be subject to some evil influence by sympathy.

Catch the eye of—অন্যের দৃষ্টি বা মনোযোগ আকর্ষণ করা ; Attract one's eye ; engage one's attention.

Catch the spirit of—সমান ভাবাপন্ন হওয়া ; Be inspired with the same feeling as those engaged in :—প্রকৃত ভাব বুঝা ; Comprehend the true meaning of.

Caught red-handed—দুষ্কর্ম্ম করিবার সময় ধরা ; হাতে হাতে ধরা ; Caught in the very act.

Caught in an ambuscade—গুপ্তস্থানে অবস্থিত শত্রু কর্ত্তৃক হঠাৎ আক্রান্ত ; Surprised or attacked suddenly by an enemy lying in ambush.

Catch, kach, *n.* ধৃতি ; Seizure :—আঁকড়ি ; খিল , আঁকড়া ; Anything that seizes or holds ; that which is caught :—লাভ ; সুবিধা ; Gain ; profit ; advantage .—সুযোগ গ্রহণ ; অকস্মাৎ সমুপাগত সুবিধা ; A passing opportunity seized and improved ; a sudden advantage taken :—একবারে যতগুলি ধরা যায় ; The whole quantity caught at once :— সেই সঙ্গীত, যাহার অংশ ভিন্ন ভিন্ন গায়কে গায় ; A song, the parts of which are caught up by different voices.

By catcher—অবকাশক্রমে ; একটু একটু করিয়া।

Catching, *a.* সংক্রামক, স্পর্শক্রামক ; Contagious.

Catch-penny, *kach'pen-i, n.* সারবিহীন পুস্তক ; পয়সা কুড়াইবার ফন্দি, Something worthless, especially a publication, intended merely to gain money :—*a.* অজ্ঞ লোক ভুলাইয়া পয়সা কুড়াইবার অনুরূপ ; অসার ; Made to gain money ; worthless.

Catch-penny production—অর্থোপার্জন জন্য প্রণীত অকিঞ্চিৎকর পুস্তক, Books having no worth or value to gain money

Catch-poll, kach'pōl, *n.* শান্তিরক্ষক ; কনষ্টেবল, চৌকিদার, A constable.

Catch-word, kach'wurd, *n.* পর পৃষ্ঠা লিখিত পূর্ব্ব-পৃষ্ঠার শেষ কথা, পূর্ব্বপৃষ্ঠার নিম্নে লিখিত এবং পর পৃষ্ঠার প্রথম কথা, The first word of a page given at the bottom of the preceding page —নটাদির স্বকীয় নির্দ্দিষ্টাংশের শেষ শব্দ, অভিনেতৃদিগের শেষ কথা : Among actors, the last word of the preceding speaker ; cue —সম্প্রদায়ের বিশেষ কথা, A word or phrase caught up and repeated for effect, as the catch-word of a political party &c

Catchup, kach'up, **Catsup,** kat'sup, **Kotchup,** kech'up, *n.* কাসুন্দি বিশেষ ; A liquor extracted from mushrooms, used as a sauce, a sauce made from mushrooms, tomatoes, walnuts &c

Catechetic, kat-e-ket'ik, **Catechetical,** kat-e-ket'ik-al, *a* প্রশ্নোত্তর সম্বন্ধীয়, Relating to catechism *ad* — Catechetically

Catechise, kat'e-kiz, *v t* [Gr *katechizo, katecheo* to din into the ears— *kata*, down, *echeo*, to sound] প্রশ্নোত্তর দ্বারা শিক্ষা দেওয়া, To instruct by asking questions, and correcting the answers —প্রশ্ন জিজ্ঞাসা-কৃ, To question or interrogate —পরীক্ষা করা, To examine —শব্দ বা কণ্ঠস্বর সংযোগে শিক্ষা দেওয়া, To teach by sound, or by the voice *pr p* =Catechising, *pa. p*=Catechised *Syn* =Interrogate, question, examine

Catechism, kat'e-kizm, *n.* প্রশ্নোত্তর রীতিক্রমে উপদেশ, A form of instruction by means of questions and answers —প্রশ্নোত্তরমালা, মূল পুস্তকের প্রশ্নোত্তর বই ; A book containing a summary of principles in the form of questions and answers.

Catechist, *n.* ধর্ম্মোপদেশক ; প্রশ্নোত্তর দ্বারা ধর্ম্ম-শিক্ষাদাতা, One who instructs in the principles of religion ; one who catechises.

Catechu, kat'-e-ku, (ক্যাটেকিউ) *n.* খদির ; খয়ের, A brown, vegetable extract, obtained in India

Catechumen, kat-e-kū'men, *n.* [Gr. *katechoumenos*, being taught, p. of *katecheo*, to teach.] খ্রীষ্টীয় ধর্ম্মশাস্ত্রের প্রথম শিক্ষার্থী, One who is receiving rudimentary instruction in the doctrines of Christianity ; a neophyte. *Syn.*=Pupil, disciple, neophyte, proselyte.

Categorical, kat-e-gorik-al, *a.* অমোঘ ; অনস্বিদ্ধ, সত্য ; স্পষ্ট ; সুনিশ্চিত, Positive ; absolute ; express ; not relative, without exception. *Syn.*= positive, absolute, express, explicit, direct, plain, emphatic.

Category, kat'e-gor-i, *n.* [Gr. *kategoria—kata'*, down, against, *agoreuō*, to declare.] *n.* সমান বর্গ ; শ্রেণীগণ ; In logic, a predicament ; a class ; order :—অবস্থা ; দশা ; State ; condition or predicament. *Syn.*=class, division, rank, order ; predicament, condition, state, situation, plight.

Catenarian, katē-nā'rian, **Catenary,** kat'e-nā'ry, *a.* [L from *catena*, a chain.] শৃঙ্খলের মত ; শৃঙ্খল-সম্বন্ধীয় ; Relating to a chain.

Catenary, kat'e-na-ri, *n.* রজ্জুর দুই প্রান্ত বদ্ধ করিলে তাহার দোদুল্যমান মধ্যভাগে যে বক্র রেখা উৎপন্ন হয়, A curve line, formed by a rope or chain suspended by both ends, and hanging freely.

Cater, kā'tér, *v. i.* খাদ্যাদি সরবরাহ-কৃ ; আহার যোগান ; খাদ্যদ্রব্য ক্রয়-কৃ ; To provide food ; to buy provisions ; purvey.

Caterer, kā'tir-er, *n.* যে খাদ্যদ্রব্য যোগায় ; Purveyor :—Fem=Cateress.

Caterpillar, kat'ér-pilar, *n.* শুঁয়াপোকা, প্রজাপতি হইবার পূর্ব্বের অবস্থাপন্ন কীট, A grub that lives upon the leaves of plants ; the larve of a butterfly.

Caterwaul, kátér-wawl, *v. i.* বিড়ালের ন্যায় শব্দ করা. To make a noise like cats.

Cates, *n.* cātz, *n pl.* সুস্বাদু খাদ্য ; Dainty food.

Catgut, kat'gut, *n* তাঁত ; বাদ্যযন্ত্রের তার ; চর্ম্ম-সূত্র, A string for musical instrument made of the entrails of animals.

Cathartic, kath-ar'tik, **Cathartical,** kath-ar'tik-al, *a.* রেচক ; কোষ্ঠ পরিষ্কারের শক্তিসমন্বিত ; Purgative.

Cathartic, *n.* বিরেচক ঔষধ ; A purgative medicine.

Cathedra, ka-the-drá, *n* আসন A chair, e.p, the seat of one in authority.

Cathedral, kath-ē'-dral, *n* [L. *cathedra*— Gr *kathedra*, a seat] প্রধান গির্জ্জা ; প্রধান ধর্ম্মাধ্যক্ষের মন্দির, The principal church of a diocese in which is the seat or throne of a bishop —*a.* প্রধান গির্জ্জা সম্বন্ধীয়, Pertaining to the head church of a diocese, belonging to the cathedral, as, a cathedral church —শাসনানুরূপ, Authoritative ; official ; as, the cathedral determination —প্রধান গির্জ্জার পার্শ্বসম্বন্ধীয়, Emanating from the chair of *office*, as of a pope or bishop.

Catholic, kath'ol-ik, *a* [Gr *katholikos*, universal—*kata*, throughout, *holos*, the whole] সার্ব্বভৌম, সার্ব্বজনিক, Universal ; general, as the catholic faith —উদার, Liberal, as catholic tastes —রোমান কাথলিক সম্বন্ধীয় : খ্রীষ্টানদিগের প্রাচীন সম্প্রদায় সম্বন্ধীয় ; Pertaining to, or affecting the Roman Catholics, as, Catholic emancipation :—*n.* রোমান কাথলিক ধর্ম্মমতাবলম্বী ; An adherent of the church of Rome *Syn* =*a.* General, whole ; liberal, charitable, tolerant, unsectarian ; Romish, Papist.

Catholicism, ka-thol'i-sizm, **Catholicity,** kath-olis't-i, *n.* সাধারণত্ব ; সার্ব্বজনিকত্ব ; Universality —খ্রীষ্টান ধর্ম্মাবলম্বীদিগের সাধারণ মত ; রোমান কাথলিকদিগের ধর্ম্মমত ; The orthodox faith of the whole Christian church —রোমান কাথলিক ধর্ম্ম ; The tenets of the R. C Church :—উদারতা, Breadth of view, liberality.

Catholicon, ka-thol-i-kon, *n.* সর্ব্বরোগনাশক ঔষধ ; A remedy for all diseases ; a panacea.

Catoptric, kat-op'trik, *n.* [Gr. from *katoptron*, a mirror—*kata*, against, *optomai*, to see.] প্রতিফলিত আলোক-বিদ্যা সম্পর্কীয় ; Relating to vision by reflection

Catoptrics, kat-op'triks, *n. sing.* আলোক-বিদ্যা ; The part of optics, which treats of reflected light. *a.*=Catoptric, catoptrical.

Catspaw, Catkin, &c.—See cat

Cattle, kat'l, *n. pl.* [O. Fr. *catel*, *chatel*—Low. L. *captale*, orig. capital property is general, then esp. animals. L. *capitalis*, chief—*caput*, the head, beasts in early times forming the chief part of property.] গৃহপালিত পশু ; গো, মেষ, ছাগ ইত্যাদি ; The bovine species ; beasts of pasture

Cattle-pen, kat'tl-pen, *n.* পশুশালা ; খোঁয়াড় ; Pen for cattle.

Cattle-show, kat'tl-shō, *n* পশুমেলা ; পশুপ্রদর্শনী ; An exhibition of domestic animals for prizes.

Caucasian, kaw-kā'shan, *n* ককেসিয়ান জাতি ; One belonging to the Indo-European race, originating near Mount Caucasus.

Caucus, kaw'kus, *n.* রাজনৈতিক সভা ; সভানির্ব্বাচক সমিতি ; A preparatory meeting for political purposes ; a party combination or meeting for influencing elections, esp. in Amer

Caudal, kaw'dal, *a.* পুচ্ছসম্বন্ধীয় ; পুচ্ছসম্পর্কীয় , পুচ্ছবিশিষ্ট ; সপুচ্ছ ; Pertaining to the tail of an animal ; having a tail or something like one.

Caudle, kaw'dl, *n.* [L. *calidus*, hot.] পীড়িতদিগের নিমিত্ত উষ্ণ পানীয় ; A warm drink for sick persons ; a warm drink given to the sick.

Caught, kawt, *pa t.* and *pa. p.* of Catch.

Caul, kawl, *v.* [O Fr. *cale*, a little cap, Celt. *calla*, a veil, hood.] স্ত্রীলোকের মাথার জাল ; চুল বাঁধিবার জাল ; Net or covering for the head .—অন্ত্রাবেষ্টন ; গর্ভবেষ্টন ; স্ত্রীলোকের গর্ভের ভিতরকার এক প্রকার পাতলা ত্বক ; Omentum ; the membrane covering the head of a child when born.

Cauldron—See caldron.

Cauliflower, kaw'li-flow-ėr, *n.* [L. *caulis*, cabbage, and flower.] ফুলকপি ; A variety of cabbage.

Caulk—See calk.

Causal, kawz'al, *a.* কারণ সম্বন্ধীয় ; কারণিক ; হেতু সম্বন্ধীয়, সহেতুক, নৈমিত্তিক ; Relating to or expressing cause. *ad.*=causally.

Causality, kawzal-i-ti, *n.* কারণত্ব ; হেতুত্ব ; কারণের কার্য্য ; The agency of a cause :—কারণ নির্দ্দেশ করিবার শক্তি ; The supposed faculty of tracing effects to their causes.

Causation, kawz-ā-shun, *n.* কারণত্ব ; কার্য্যকারণ ভাব ; The act or power of causing or producing :—কার্য্য বা ফলের উৎপাদন ; The bringing about of an effect.

Causative, kawz'a-tiv, *a.* হৈতুক ; কার্য্যোৎপাদী ; Expressing a reason ; causal ; producing an effect :—উৎপাদক ; Affecting as a cause, causing. *ad.*=causatively.

Cause, kawz, *n.* [L. *causa.*] মোকদ্দমা ; A lawsuit ; a legal action :—কারণ ; হেতু ; That which is the occasion of an action ; reason ; ground :—কারণ ; That which produces an effect :—পক্ষ ; Object, side :—অভিপ্রায় বা প্রলোভন ; Motive or inducement :—*v. t.* উৎপাদন-কৃ ; জীবিত থাকিতে বাধ্য করা ; To effect by agency, power, or influence ; to produce ; to make to exist, to bring about. *Syn.*—Suit, action, case, origin, source, spring, creator, agent, producer ; agency, reason, motive ; inducement, incitement, consideration, account ; purpose, object, end ; undertaking, enterprise.

Efficient cause—নিমিত্ত কারণ ; The agent that is conspicuous in producing a change or result.

Final cause—অভিপ্রেত কারণ ; The end, design, or object for which anything is done.

Material cause—সমবায়ী কারণ ; উপাদান কারণ ; That of which anything is made.

Primary cause—আদি কারণ , Original cause.

Expouse the cause of, Take up the cause of—কাহারও পক্ষ অবলম্বন করা , To take the side of a person or party , take up a particular question or controversy with a view to maintain it.

In the cause of—পক্ষে , অনুকূলে , জন্য , On behalf of , in support of , in the interest of.

Make common cause with—একই উদ্দেশ্যে অন্যের সহিত যোগ-দে , Join any one in the pursuit of the same object.

The ostensible cause—নির্দ্দেশিত অথচ অপ্রকৃত কারণ বা হেতু , A reason held forth or avowed, but not the real one.

Causeless, kawz'les, *a* অকারণ, কারণশূন্য ; অনর্থক ; Having no cause. *n.*=causelessness ; *ad.*=causelessly.

Causeway, kawz'wā, **Causey,** kawz'e, *n.* [O. Fr. *caucie*. Fr *chaussee*—L *calciate*—*calx*, chalk, because built with mortor.] উচ্চ বাঁধা রাস্তা , বাঁধ , জাঙ্গাল . A raised road ; way paved , a pathway raised and paved with stone.

Caustic, kaws'tik, *a* [L.—Gr *kaustikos*—*kaio*, *kauso*, to burn.] দাহক , দগ্ধকারক , Burning , corrosive —মর্ম্মভেদী ; মর্ম্মান্তিক , ক্লেশদায়ক ; Severe, sarcastic —*n.* দগ্ধকারক পদার্থ , কাষ্টিক ; A substance that wastes away the flesh ; nitrate of silver. *Syn.*—Corrosive, acrid, verulent, stinging, cutting, pungent, sarcastic, severe, keen, biting.

Causticity, kaws-tis'i-ti, *n.* দাহকতা , দগ্ধকারিতা ; Quality of being caustic.

Cauterisation, kaw-tėr-iz-ā'shun, **Cauterism,** kaw'tėr-izm, **Cawtery,** kaw'tėr-i. *n.* উত্তপ্ত লৌহ দ্বারা দহন ; The act of burning with a hot iron :—কষ্টিক বা তপ্ত লৌহ দ্বারা দগ্ধকরণ ; A burning with caustics or a hot iron.

Cauterise, kaw'tėr-iz, *v. t.* [Fr *cauteriser*—Gr. *kauter*, a hot iron—*kaio*, to burn.] তপ্ত লৌহ দ্বারা দগ্ধ-কৃ ; পোড়া লোহার ছ্যাঁকা দেওয়া ; To burn with a hot iron.

Caution, kaw'shun, *n.* [Fr. L. *cautio*—*caveo*, to beware.] সাবধানতা ; পরিণামদর্শিতা ; Heedfulness ; provident care ; forethought :—জামিন ; Security ; guarantee :—সতর্কীকরণ ; Warning —উপদেশ, পরামর্শ ; Precept ; advice ; exhortation ; counsel :—*v. t.* সতর্ক-কৃ ; To warn. *pr. p.*=

cautioning. *pa. p.*=cautioned. *Syn.*—Forethought, forecast, heed, watchfulness, anxiety, circumspection ; counsel, advice, admonition.

Cautionary, kaw'shun-ar-i, *a* সতর্ককারী, সতর্কতাপূর্ণ ; Containing warning :—প্রতিভূস্বরূপ প্রদত্ত ; পণস্বরূপ দত্ত ; Given as a pledge.

Cautious, kaw'shus, *a.* সাবধান ; বিমৃষ্যকারী ; সতর্ক ; পরিণামদর্শী ; Careful ; watchful ; prudent ; circumspect. *n* =cautiousness (অবধানশীলতা) ; *ad* =cautiously (সাবধানে । *Syn.*=Circumspect, vigilant, careful, thoughtful, anxious, discreet, heedful.

Cavalcade, kav̆al-kād, *n.* [Gr. *kaballes,* a horse, a nag.] অশ্বারোহীদিগের দল , A train of persons on horseback .—অশ্বারোহীদিগের যাত্রা , A procession of horsemen.

Cavalier, kav-al-ēr', *n.* অশ্বারোহী সৈনিক ; A knight ; an armed horseman :—আমোদপ্রিয় যোদ্ধা ; A gay, sprightly, military man :—প্রথম চার্লসের পক্ষাবলম্বী ; A partisan of Charles I. —*a* প্রফুল্ল , Gay —সাহসী ; যুদ্ধপ্রিয় ; Brave ; warlike —গর্বিত , দাম্ভিক , Haughty ; disdainful, as, cavalier behaviour —প্রথম চার্লসের দল সম্বন্ধীয় , Relating to the party of king Charles I *Syn* =Gay, debonair, gallant, brave, warlike, haughty, arrogant, insolent, supercilious *ad* = Cavalierly. [troops , horse-soldiers

Cavalry, kav̆al-ri, *n* অশ্বারোহী সৈন্য , Mounted

Cave, kāv, *n* [Fr L. *cavea—cavus,* hollow] গর্ত , গহ্বর , গুহা ; A hollow place in the earth ; den , —*v i.* গহ্বরে বাস-কৃ , To dwell in a cave —*v. t* গর্ত-কৃ , To hollow or scoop out.

Cave dwellers—ঐতিহাসিক কালের পূর্ব্ববর্ত্তী গুহাবাসীগণ । [স্বীকার করা ।

Cave in, *v. i* ধসিয়া পড়া , ভাঙ্গিয়া পড়া , বাধ্যতা

Caveat, kā've-at, *n* [L. *caveo,* to take care] (Lit. Let him take care) নিষেধ আজ্ঞা-পত্র , বিচারালয়ে বিচার-কার্য্য স্থগিত রাখিবার আদেশ-পত্র , A notice to some officer not to do a certain act until the interested party is heard in opposition —সংবাদ দান বা সতর্কীকরণ , A notice or warning.

Cavendish, kav́en-dish, *n.* আর্দ্রীকৃত তামাক . Tobacco moistened and pressed into quadrangular cakes.

Cavern, kav́ėrn, *n.* [L. *caverna—cavus,* hollow] বৃহৎ গুহা , গভীর গর্ত , A deep hollow place in the earth. [of caverns.

Cavernous, kav́ernus, *a.* গহ্বরময় , সগহ্বর , Full

Caviare, Caviar, kav-i-ar', *n* মৎস্য বিশেষের লবণাক্ত ডিম , লবণাক্ত মৎস্য-ডিম হইতে প্রস্তুত খাদ্য বিশেষ , An article of food made from the salted roes of the sturgeon &c.

Cavil, kav̆il, *v. t.* [O. Fr. *caviller*—L. *cavillor,* to practise jesting, *cavilla,* jesting.] মিথ্যা দোষারোপ-কৃ , সামান্য অসার আপত্তি উপস্থিত করা , To raise captious objections ; to carp at ; to make empty, trifling objections :—অপ্রকৃত যুক্তি প্রদর্শন করা ; To use false arguments. *pr. p.*=Cavalling *pa. p.*=Cavilled.—*n.* মিথ্যা দোষারোপ , তুচ্ছ আপত্তি ; A false or frivolous objection.

Cavity, kav̆it-i, *n.* [L. *cavus,* hollow] গর্ত ; ছিদ্র, গহ্বর ; খোল, শূন্যগর্ভতা ; A hollow place, hollowness, an opening ; hole.

Caw, kaw, *v. i.* কাকের রব-কৃ , কা কা শব্দ-কৃ ; To cry like a crow or raven ; to cry as a crow :—*n.* কাকের ডাক , কাকের শব্দ ; The cry of a crow. *n.*=Cawing

Cayenne pepper, ka-eń pep'pėr, *n.* গোলমরিচ ; A very pungent pepper, the product of several species of Capsicum.

Cazique, ka-zēk', *n.* আমেরিকার আদিম অধিবাসীদিগের সর্দ্দার ; A chief in certain parts of America at the time of its discovery.

Cease, sēs, *v. i.* [Fr *cesser*—L *cesso,* to give over, *cedo,* to yield, give up] শেষ হওয়া , ক্ষান্ত-হ , ত্যাগ-কৃ , To be at an end , to stop , to give over .—*v t.* শেষ-কৃ , To bring to an end , to put an end to *Syn* =Desist, fail, discontinue, terminate, end, fail , be wanting, be extinct.

Ceaseless, sēśles, *a.* অনবরত ; অবিরাম , অবিরত , Incessant ; endless *ad.*=Ceaselessly.

Cedar, sēdar, *n* দেবদারু জাতীয় বৃক্ষ , A kind of tree —*a.* উক্ত বৃক্ষ নির্ম্মিত , Made of cedar.

Cede, sēd, *v t* [L *cedo, cessum,* to go away from] সমর্পণ-কৃ , পরিত্যাগ-কৃ , To give up ; to yield , to surrender —*v. i.* বশ্যতা স্বীকার করা , To give way. *Syn.*=Resign, abandon, relinquish, abdicate

Ceil, *v. t.* ছাদের ভিতর দিক আচ্ছাদন-কৃ , To overlay or cover the inner roof of a room.

Ceiling, sēl-ing, *n.* ছাদের ভিতর দিক , The upper, interior surface of an apartment, opposite the floor ; the inner roof of a room ; the under covering of a roof

Celandine, seĺan-dīn, *n.* অর্ক বৃক্ষ , Genus of plants of the poppy family.

Celebrant, seĺebrant, *n.* উৎসব সম্পাদক ; One who performs a public religious rite.

Celebrate, sele-brāt, *v t.* [L *celebro,—atum —celeber,* frequented] প্রশংসা-কৃ , গুণ কীর্ত্তন-কৃ , To praise ; to extol :—উৎসব-কৃ ; অভিনন্দন-কৃ ; To solemnise ; commemorate —প্রসিদ্ধ করা ; To make famous —উৎসবাদি সম্পন্ন-কৃ , To distinguish by solemn ceremonies. *Syn.*=Distinguish, extol, eulogize, laud, applaud, commemorate, solemnize, honour, keep.

Celebrated, selé-brāted, *a.* বিখ্যাত ; Renowned ; famous.

Celebration, seĺebrashun, *n.* প্রশংসা ; Praise : —যথাবিধি অনুষ্ঠান সম্পাদন ; প্রচার , Solemnisation :—উৎসব ; Commemoration.

Celebrity, sel-eb́ri-ti, *n.* খ্যাতি ; যশ ; প্রতিষ্ঠা ; Fame :—যশস্বী ব্যক্তি ; A person of distinction, usually in the plural. *Syn* =Renown, honour, repute, eminence, glory, esteem, reputation.

Celerity, sel-er'it-i, *n.* [L *celer,* quick, *cello,* Gr *kello,* to drive, urge on.] বেগ , শীঘ্রতা ; ত্বরা , দ্রুততা , Speed ; swiftness ; quickness ; rapidity of motion. [table.

Celery, seĺėr-i, *n.* শাক বিশেষ ; A kitchen vege-

Celestial, sel-est́yal, *a.* [L. *caelestis—caelum,* heaven.] স্বর্গীয় ; স্বর্গবাসী , Heavenly ; dwelling in heaven :—*n.* স্বর্গবাসী ; An inhabitant of

heaven. *ad*=Celestially *Syn*=Supernal, immortal, etherial, spiritual, divine, godlike

Celiac, sē-li-ak, *a.* নিম্ন উদর সম্বন্ধীয়, Belonging to the belly

Celibacy, sel-i-bas-i, or se-lib́as-i, *n* [L *caelebs*, single] অনূঢ়ত্ব, অনূঢ়াবস্থা, চিরকৌমার্য্য, A single life, an unmarried state

Celibate, sel-i-bāt, *n.* অবিবাহিত অবস্থা, The state of being unmarried —অবিবাহিত ব্যক্তি, One who is unmarried —*a* চিরকৌমার্য্য সংক্রান্ত, Pertaining to a single life.

Cell, sel, *n* [L *cella*, conn. with *celare*, to cover] ক্ষুদ্র কক্ষ, A small room —গর্ত্ত, ক্ষুদ্র গহ্বর, A cave, a small shut cavity —ধর্ম্মশালা, A religious house

Cellar, selar, *n* ভূমির নিম্নস্থিত ভাণ্ডার গৃহ, ভূগর্ভস্থ ভাণ্ডার, A room under ground, in which stores are kept

Cellarage, selar- āj *n* ভাণ্ডার-গৃহের স্থান, ভূমিতল গৃহের স্থান, Space for cellars — ভূমিনিম্নস্থ খাদ্যাগার, A cellar or series of cellars connected — ভাণ্ডারে খাদ্য রাখিবার শুল্ক Charge for storing in cellars —ভাণ্ডার Cellars

Cellaret, sel ar et' *n* বোতল রাখিবার তাক, An ornamental case for holding bottles

Cellular, sel'ū lar *a* [L *cellula* a little cell] কোষময় ছিদ্রপূর্ণ Of or consisting of cells

Cellular membrane—কৌষিক ঝিল্লী।

Celt, selt, *n* জাতি বিশেষ, One of the primitive inhabitants of Southern and Western Europe, —প্রস্তর বা ধাতু কাটিবার যন্ত্র বিশেষ A cutting instrument of stone or metal found in ancient barrows

Celtic, sel'tic *a* Pertaining to the Celts

Cement, se ment *n* [L *caementa* chips of stone used to fill up in building a wall *caementa*—*caedo*, to cut off] লেপ A mortar, a paste to unite substances together —সংযোজক পদার্থ, Anything that makes two bodies stick together —বন্ধন A bond of union —*v t* সংযুক্ত কর To unite with cement —দৃঢ়রূপে সংযোগ কর To join firmly, as to cement friendship —*v i* যুক্ত হ, To unite and cohere *Syn*=solder weld, join, combine

Portland cement—বিলাতী মাটি।

Cementation, sem-ent ā shun, *n* যোগ-প্রক্রিয়া, সংযোজক, Act of cementing, the process by which iron is turned into steel, glass into procelain &c

Cemetery, semé-tér-i, *n* [L *caemeterium*—Gr *koimeterion*—*koimao*, to lull to sleep] সমাধি স্থান, কবর, সমাধি-ক্ষেত্র, Grave-yard, burial ground, a burry ground, church-yard

Cenobite, Cœnobite, sen̄ō-bit, or sē'nō-bit, *n* [L *caenobita*—Gr *koinobios*, from *koinos*, common, and *bios*, life] মঠবাসী, A monk in a convent or community, in opposition to a hermit or *anchorite*, one of a religious order living in a convent with others not alone like a hermit *a*=cenobitic, cenobitical

Cenotaph, sen̄ō-taf, *n.* [Gr *kenopaphion*—*kenos*, empty, and *taphos*, a tomb.] *n.* স্মৃতিস্তম্ভ, স্মরণ-স্তম্ভ, A monument in honour of one who is buried elsewhere

Censer, sensér, *n.* ধূপাধার, ধুনাচি, A pan in which incense is burnt

Censor, sensor, *n.* [L. *censeo*, to weigh, to estimate] রোমদেশীয় নীতি পরিদর্শক, A Roman officer who numbered the citizens, taxed them and supervised their manners or morals — ছাপাখানার পরিদর্শক, পুস্তক সংবাদপত্রাদির মুদ্রণ বিষয়ের তত্ত্বাবধায়ক, An inspector of the public press, an officer who examines books or newspapers before they are printed, and whose permission is necessary for their publication — দোষদর্শী সমালোচক, দোষগ্রাহক, নিন্দুক, A captious critic, one who censures or blames

Censorial, sen-sō'ri al *a* দোষদর্শী, সাধারণের নৈতিক চরিত্র সংশোধন বিষয়ক, Belonging to a censor or to the correction of public morals

Censorious, sen sō ri u *a* দোষদর্শী ছিদ্রান্বেষী দোষানুসন্ধী Fault finding carping, expressing censure —নিন্দাসূচক Implying, or expressing censure *ad* censoriously *n* = censoriousness

Censorship, sen sor ship *n* মুদ্রণ তত্ত্বাবধায়কের পদ Office of censor, time during which he holds office

Censorship of the press-পুস্তকাদি মুদ্রিত হইবার পূর্বে রাজকর্ম্মচারী দ্বারা পরিদৃষ্ট হইবার ব্যবস্থা A regulation of certain governments, by which books and newspapers must be examined by officer, whose approval is necessary to their publication.

Censurable, sen̄shūr a bl *a* নিন্দার্হ তিরস্কারযোগ্য দোষী অপরাধী Blamable, faulty, culpable *ad*=Censurably *n* Censurableness

Censure, sen'shūr *n* [L *censura*, an opinion, a severe judgment *censeo* to estimate or judge.] নিন্দা তিরস্কার ভর্ৎসনা Blame, reproach —বিচারালয়ের দণ্ড Judicial sentence — *v t* ভর্ৎসনা কর, নিন্দা কর To blame, reprove, reproach

Census, sensus, *n* [L *census* a register] দেশের লোকসংখ্যা গণনা, An official enumeration of the inhabitants of a country

Cent, sent, *n* [L *centum*, a hundred] এক শত A hundred —আমেরিকা দেশীয় তাম্রমুদ্রা বিশেষ, An American copper coin, the value of which is the hundredth part of a dollar

Per cent—শতকরা, Hundred

Centage, sent āj, *n* শতকরা হার, Rate by the hundred, percentage

Cental, sen̄ tal, *n* ১০০ পাউণ্ড পরিমাণ ওজন, A weight of 100 lbs proposed for general adoption, legalised in 1678

Centaur, sentawr, *n.* মানবদেহ ও অপর অর্দ্ধাংশ অশ্বদেহধারী কল্পিত জীব, A fabulous monster, half-man half horse

Centenarian, *n* এক শত বর্ষ বয়স্ক জীব, One 100 years old —*a* শতবর্ষজীবী, Pertaining to 100 years.

Centenary, senten-ar-i, *n* এক শত, Aggregate of 100 single things, a hundred —শতাব্দী,

শতবর্ষ ; A century ; hundred years ;—a celebration occuring once in 100 years.

Centennial, sen-teńi-al, *a.* [Coined from L. *centum*, and *annum*, a year.] শত বার্ষিক ; শতাব্দিক ; Happening once in a hundred year.

Centesimal, sen-teśi-mal, *a.* শতাংশ সম্বন্ধীয় ; শততম ; Hundredth ; by the 100 :—*n.* শততমাংশ ; The hundredth part of anything. *ad.*=Centesimally.

Centigrade, seńti-grēd, [L. *centum*, and *gradus*, a step, a degree.] শতাংশে বিভক্ত, শত ডিগ্রিবিশিষ্ট ; Graduated into 100 equal parts ; divided into a hundred degrees, as the *centigrade* thermometer, in which freezing point is zero and boiling point is 100° ; having hundred degrees.

Centigrade thermometer, *n.* A thermometer in which 0° denotes the freezing point, and 100° the boiling point of water.

Centiped, Centipode, seńti-ped, seńti-ped, *n.* [L. *centum*, and *pes*, *pedis*, a foot.] *n.* শতপদী, বৃশ্চিক ; বিছা ; An insect with a great many feet.

Conto, seńto, *n.* নানা গ্রন্থ হইতে উদ্ধৃত বচন ও শ্লোকাদি সঙ্কলন পূর্ব্বক গঠিত প্রবন্ধ ; A composition formed by verses or passages from different authors.

Contral, seńtral, **Centric,** seńtrik, **Centrical,** seńtrik-al, *a.* মধ্যস্থিত, মধ্যবর্ত্তী, কৈন্দ্রিক, কেন্দ্রসম্বন্ধীয় , Placed at or near the middle ; relating to ; placed in or containing the centre. *ad.*= Centrally, centrically.

Centralise, seńtral-iz, *v. t.* কেন্দ্রীভূত-কৃ ; মধ্যগত বা কেন্দ্রস্থ-কৃ , To bring or draw to a centre. *n.*= Centralisation.

Centralism, seńtral-izm, *n.* ভিন্ন ভিন্ন অংশের মিলনে পূর্ণাঙ্গ প্রাপ্তি , The combination of several parts into one whole.

Contre, Center, seńtér, (সেণ্টার) *n.* [Fr.—L. *centrum*—Gr. *kentron*, a sharp point, *kenteo*, to prick.] মধ্যস্থল ; কেন্দ্র ; The middle point of anything ; the middle :—*v. t.* কেন্দ্রীভূত-কৃ ; To place on a centre :—একীভূত-কৃ ; To concentrate ; to collect to a centre :—*v. i.* কেন্দ্রীভূত-হ ; To be placed in a centre :—এক স্থানে সংযুক্ত-হ ; To be concentrated :—*pr. p.*=Centring, centering ; *pa. p.*=Centred, centered.

Contre in—সমস্ত একজনের প্রতি যাওয়া বা অর্পিত হওয়া ; Be exclusively directed to one ; be placed wholly in one.

Centric, *seńtrik*, **Centrical,** seńtrik-al, *a.* কেন্দ্রস্থিত, মধ্যস্থানীয় ; Placed in the centre or middle ; central, middle.

Centrifugal, sen-trif'u-gal, *a.* [L. *centrum*, and *frugio*, to flee from.] কেন্দ্রাপসারিণী ; Tending to flee from the centre.

Centripetal, sen-trip'et-al, *a.* [L. *centrum*, and *peto*, to seek.] কেন্দ্রাভিসারিণীয় ; Tending toward the centre.

Centuple, seńtu-pl, *a.* [L. *centum*, and *plico*, to fold.] *a.* শতগুণবিশিষ্ট ; Hundred-fold.

Centurion, seń-tū'ri-en, *n.* শত যোদ্ধপতি, শত সেনা-নায়ক ; A Roman captain of 100 foot-soldiers ; among the Romans, the commander of a hundred men.

Century, seńtū-ri, *n.* [L. *centuria*,—*centum*.] *n.* শত বর্ষ ; শতাব্দী ; A hundred years :—শত সংখ্যা ; A hundred or something consisting of a hundred in numbers.

Century plant—The American aloe, supposed to bloom but once in 100 years.

Cephalic, se-faĺik, *a.* [Gr. *kephalikos*—*kephale*, the head.] মস্তক সম্বন্ধীয় ; Belonging to the head .—শিরঃপীড়ার উপকারী ; Good for the headache :—*n.* শিরঃপীড়ার ঔষধ ; A medicine for headache &c.

Ceraceous, serā'shus, *a.* মোমবৎ ; মোম সদৃশ ; Of or like wax ; waxen.

Ceramic, se-rańik, *a.* [Gr. *keramos*, potter's earth, and suffix *ic.*] *a.* মৃণ্ময়পাত্রসম্বন্ধীয় ; মৃৎপাত্র সম্পর্কীয় ; Pertaining to pottery.

Cerastes, se-raś-tez, *n.* সশৃঙ্গ সর্প ; A horned serpent.

Cerate, sē'rāt, *n.* মলম ; A thick ointment composed of wax and oil.

Cere, sēr, *v. t.* [L. *cera* ; cog. with Gr. *keros*, Gael. *ceir*, beeswax.] মোম দিয়া আবৃত-কৃ ; To cover with wax.

Cereal, sē're-al, *a.* [L. *cerealis*—*ceres*, the goddess of corn or produce.] শস্য সম্বন্ধীয় ; Relating to edible grain :—*n. pl.* শস্যাদি ; Any edible grain.

Cerebellum, ser-e-beĺum, *n.* মস্তিষ্কের পশ্চাদ্ভাগ ; ক্ষুদ্র মস্তিষ্ক ; The hinder and lower part of the brain.

Coreberous, *n.* যমের কুকুর ; The three headed dog of Pluto, which guarded the gate of Hades.

Cerebral, ser'e-bral, *a.* মস্তিষ্ক সম্বন্ধীয় ; মস্তকের পূর্ব্বার্দ্ধ সম্বন্ধীয় ; Pertaining to the brain ; pertaining to the cerebrum.

Cerebration, *n.* সচেতন বা অচেতন অবস্থায় মস্তিষ্কের ক্রিয়া ; Action of the brain, conscious or unconscious.

Cerebrum, ser'e-brum, *n.* [L. *cerebrum*, the brain, of which *cere*=Gr *kara*, the head, M. E *hernes*, brains, Scot. *harns*.] মস্তিষ্কের অগ্রভাগ ; The front and large part of the brain.

Cerecloth, Ceremont, *n.* এক প্রকার মোমজামা , মোমজাম , A cloth dipped in melted wax in which to wrap a dead body ; cloth smeared with melted wax.

Ceremonial, ser-e-mō'ni-al, *a.* যাজ্ঞিক ; Ritual ; —শিষ্টাচারী ; শিষ্টাচার সম্বন্ধীয় ; Formal in politeness ; ceremonious :—*n.* আচার ; Outward form :—আচার ; প্রণালী ; A system of ceremonies. *ad.*=Ceremonially.

Ceremonious, ser-e-mō'ni-us, *a.* ঐহিক ; Consisting of outward forms and rites :—ব্যবহারিক ; Civil ; formally respectful :—শিষ্টাচারী ; Particular in observing forms ; precise ; formal. *Syn.*=Formal, punctilious, exact, percise ; civil, deferential, courtly, courteous. *ad.*=Ceremoniously ; *n*=ceremoniousness.

Ceremony, ser'e-mo-ni, *n.* [Fr.—L. *caerimonia*, from root *kar*, to make, do.] (যজ্ঞাদি) ক্রিয়া ; পূজা ; A secred rite :—শিষ্টাচার বিধি ;

Forms of civility ; state etiquette *Syn* =Rite, form ; formality, ceremonial ; prescribed rule ; etiquette , show, formal courtesy.

Master of ceremonies—আচারাধ্যক্ষ, রাজকীয় উৎসবাদিতে যে কর্মচারী প্রচলিত প্রথানুসারে কার্যকলাপের ক্রমনির্দেশ করেন ; An officer, who superintendents the forms to be observed by the company or attendants on a public occasion.

Not to stand on ceremony—নির্দিষ্ট নিয়মানুসরণ না করা ; নিয়মের ব্যতিক্রম-কৃ ; সাহস করিয়া কোন কিছু না বলা।

Stand upon ceremony—লৌকিকতা-কৃ ; লৌকতা-কৃ : Insist upon due formalities being observed. [with contempt

Treat with small ceremony—ঘৃণা-কৃ ; Treat

Ceres, *n.* শস্যদেবী ; Roman goddess of corn

Certain, sėr'tān, or sėr'tin, *a.* [Fr *certain*—L. *certus*, old part, of *cerno*, to decide.] নিশ্চিত ; ধ্রুব ; Assured in mind ; sure , unquestionable , undoubted :—নির্দিষ্ট ; নিরূপিত ; Fixed or stated :—কোন : One or some :—অনির্দিষ্ট ; Indeterminate, or not specifically named :—নিয়মিত ; Regular. *Syn.*=Ascertained, actual, real , fixed, established, positive, settled, determinate ; undoubted, plain, assured, confident ; regular, constant, unfailing ; some, specified. *ad* =Certainly, *n*=Certainty, certitude

For certain—নিশ্চয়রূপে ; As being sure.

Know for certain—নিশ্চয়রূপে জানা , Be sure

Morally certain—বিশেষ প্রমাণ নাই, কিন্তু খুব সম্ভব , Probable in a very high degree, though not demonstrable.

Of a certain—নিঃসন্দিগ্ধভাবে , Certainly.

Certainty, Certitude, sėr'tin-ti, sėr'ti-tūd, *n.* নিশ্চয়তা , Freedom from doubt or failure —ধ্রুব বিষয় ; A fact or truth unquestionably established. *Syn* =Sureness, assurance, reality, positiveness.

Certificate, sėr-tif'i-kāt, *n.* নিদর্শন পত্র , অভিজ্ঞান , প্রমাণপত্র ; A written declaration of some fact ; a testimonial :—*v. t.* সপ্রমাণ করা ; সাক্ষ্য দে ; To verify by, or furnish with certificate

Certify, sėr'ti-fi, *v. t.* [L. *certus*, and *facio*, to make] নিশ্চয়রূপে জ্ঞাত-কৃ ; বিজ্ঞাপিত করা ; To inform positively :—লিখিয়া সাক্ষ্য-দে ; সপ্রমাণ-কৃ , সত্য করিয়া বলা , To declare in writing , to verify —*pr. p* certifying. *pa. p* =certified. *Syn.*=Attest, testify, vouch for, assure ; verify, ascertain, determine ; notify, advice.

Cerulean, se-rōō'le-an, *a* [L. *caelum*, the sky.] আকাশের ন্যায় নীলবর্ণ, গাঢ় নীল ; সমুদ্র জলের ন্যায় সবুজ , Sky-blue, dark-blue, sea-green.

Cerumen, *n.* কর্ণের খোল , The wax of the ear.

Ceruse, sē'rōōs, *n.* এক প্রকার রঙ ; White-lead, the native carbonate of lead.

Cervical, sėrvi-kal, *a.* গ্রীবা সম্বন্ধীয় , Belonging to the neck. [deer.

Cervine, sėr'v n, *a.* হরিণ সম্বন্ধীয় ; Relating to

Cesarean, sē-zāre-an, *a* [L. *caedo*, *ca s*, to cut] জরায়ু হইতে সন্তান কাটিয়া বহিষ্করণের প্রক্রিয়া বিশেষ ; The Cesarean operation is taken a child out of the body of its mother by cutting.

Cess, ses, *n.* কর ; শুল্ক ; A tax :—*v. t.* কর ধার্য্য-কৃ ; To impose a tax ; to rate.

Road-cess—পথকর।

Cessation, ses-ā'shun, *n.* বিরাম, বিশ্রাম, নিবৃত্তি ; A rest, a pause, a stop, stay, respite. [a truce.

Cessation of arms—যুদ্ধ নিবৃত্তি ; An armistice,

Cession, seshun, *n*, সমর্পণ, সম্প্রদান ; A yielding, a surrender.

Cess-pool, sespōōl, *n.* ময়লা জলের আধার : গেঁদো পুকুর ; A receptacle for liquid filth :—বর্ষার প্রাক্তস্থিত ময়লা জলের গহ্বর ; A pool or hollow in which filthy water collects.

Cetaceous, setā'shus, *a.* তিমি জাতীয় ; Belonging to the whale-kind.

Chafe, chāf, *v. t.* [Fr *chauffer*—L. *calefacere*—*caleo*, to be hot, and *facere*, to make] ঘর্ষণ দ্বারা উত্তপ্ত-কৃ ; To warm with rubbing :—বিরক্ত-কৃ , উত্তেজিত-কৃ , ক্রোধান্বিত-কৃ ; To irritate ; to fret : to cause to rage —*v. i.* রাগান্বিত করা ; To fret or rage —*n* ঘর্ষণ জনিত উত্তাপ , ক্ষোভ ; Heat excited by rubbing —ক্ষোভ ; ক্রোধ , Irritation , rage. *Syn* =Rub, fret ; gall, proke, inflame, irritate, annoy , rage, fume.

Chafer, chāf'er, *n.* কীট বিশেষ ; A kind of beetle.

Chaff, chaf, *n* তুষ ; ভুষি , আগড়া ; The husks of grain ; the covering of grain ; refuse —তুচ্ছ বস্তু ; তুচ্ছ বিষয় ; Any thing worthless —*a* = Chaffy, chaffless .—তুষপূর্ণ , Containing chaff :—অসার , Light and worthless as chaff.

Chaff, chaf, *v. t.* বিদ্রূপ-কৃ ; To banter. *n.*= Chaffing (বিদ্রূপ করণ)।

An old bird is not to be caught with chaff—বুড়ো শালিককে তুঁষ দিয়া ধরা যায় না , An experienced man is not to be deluded by humbug.

Chaffer, chaf'ėr, *v. i.* বেচা কেনা-কৃ ; দর কষাকষি-কৃ ; To bargain ; to haggle about the price :—বৃথা বা অনর্থক গল্প-কৃ ; To talk much or idly :—*v t.* ক্রয়-কৃ , বিনিময়-কৃ ; To buy ; purchase, exchange.

Chaffinch, chaf'insh, *n.* সুস্বর পক্ষী বিশেষ ; A little song-bird.

Chagrin, sha-grēn, (শেগ্রীন্) *n.* বিরক্তি , অসন্তোষ , মর্মান্তিক দুঃখ ; Vexation ; ill-humour ; peevishness :—*v. t.* বিরক্ত-কৃ ; ব্যথিত-কৃ ; To vex or annoy

Chain, chān, *n.* শৃঙ্খল শ্রেণী ; নিগড়, বেড়ী ; A series of connected links or rings :—শৃঙ্খল ; বন্ধন ; Anything that binds :—শ্রেণী ; A series of things linked together :—পরিমাণ বিশেষ ; A measure of 100 links, 66 ft. long :—দাসত্ব ; অধীনতা , ক্লেশ ; Bondage ; affliction :—*v. t.* শৃঙ্খল দ্বারা বদ্ধ-কৃ , To bind with a chain ; to fasten :—দাস-কৃ ; To enslave ; to keep in slavery :—দৃঢ়রূপে যোগ-কৃ ; To unite closely and strongly. *Syn.*= Confine, restrain ; fetter, bind, manacle, trammel, enslave. [bridge.

Chain-bridge, *n.* ঝুলান সেতু ; Suspension

Chain-cable, chān-kāble, *n.* লৌহশৃঙ্খলনির্মিত কাছি , A cable composed of iron links.

Chain-gang, *n.* A gang of convicts chained together.

Chain-pump, *n.* জাহাজের জল তুলিবার কল ; A ship pump, consisting of a long chain equipped with a sufficient number of valves or buckets moving on two wheels. [connected by a chain.

Chain-shot, *n.* শৃঙ্খল-বদ্ধ দুইটি গোলা ; Two balls

Chains of slavery—দাসত্ব শৃঙ্খল।

The endless chain—অনন্ত শৃঙ্খল, অর্থাৎ যাহার প্রান্তদ্বয় কড়া দ্বারা বদ্ধ।

Chained, chānd, *p. p.* or *a.* শৃঙ্খল দ্বারা আবদ্ধ, বদ্ধ ; Made fast or bound by a chain :—শৃঙ্খল-যোজিত ; Connected by a chain :—বদ্ধ ; Bound ; কৃতদাস ; Enslaved.

Chair, chār, *n.* [Fr. *chaire*—L. *cathedra*—Gr. *kathedra*—*kathesomai*, to sit down.] চৌকি, চেয়ার, কেদারা ; A movable seat, with a support for the back :—আসন ; The seat or office of one in authority :—সভাপতি ; The presiding officer of an assembly.—*v. t.* জয়োল্লাসে সাধারণ সমক্ষে কোন ব্যক্তিকে বহন করা ; To carry one publicly in triumph.

To take the chair—সভাপতির আসন গ্রহণ-কৃ।

Chairman, *n.* সভাপতি ; A presiding officer at a meeting or a board or company :—চৌকি-বাহক , One who carries chair

Chaise, shāz, *n.* শকট বিশেষ ; A light two-wheeled carriage drawn by one horse.

Chalcedony, kal-sedō-ni, *n.* শ্বেতবর্ণ প্রস্তর বিশেষ ; A variety of quarty of a milk and water colour. *a.*=Chalcedonic.

Chaldaic, Chaldee, *a.* Relating to Chaldea.

Chaldron, chawldrun, *n.* কয়লার পরিমাণ বিশেষ ; A dry measure for coals, usually of 36 bushels, but varying.

Chalice, chalis, *n.* পাত্র বিশেষ ; A cup, bowl ; a communion cup. *a.*=Chaliced.

Chalk, chawk, *n.* [A. S. *cealc*, like Fr. *chaux*, O. Fr. *chaulx*, is from L. *calx*, limestone.] চা-খড়ি , A white earthy limestone ; a carbonate of lime :—*v. t.* চা-খড়ি দ্বারা অঙ্কিত-কৃ ; To rub or mark with chalk. *a.*=Chalky, *n.*= Chalkiness

Chalk and water—London milk.

Chalk for cheese—ভাল বস্তু বিনিময়ে মন্দ বস্তু ; An inferior thing for what is good ; one thing for another.

Chalk out, *v.* গন্তব্য পথ বা অবলম্বনীয় উপায় নির্দেশ-কৃ , To lay out (a course), draw out, or describe.

Challenge, chalenj, *v. t.* [L. *calumnia*, a false accusation—*calui*, *caluere*, to deceive.] *v. t.* যুদ্ধার্থে আহ্বান-কৃ ; To call to a contest of any kind ; to summon to fight to a duel or battle :—দাবি-কৃ ; To claim as one's own :—আপত্তি-কৃ ; দোষ দেওয়া ; To object to ; to accuse : *n.* 'যুদ্ধং দেহি' বলিয়া আহ্বান ; বিবাদ করিতে আহ্বান ; A summons to a contest of any kind :—জুরির সম্বন্ধে আপত্তি; Exception to a juror :—দাবি ; Demand made of a right. *Syn.*=Dare, defy, brave ; provoke, summon, call out ; demand, require, claim ; object to, question, dispute.

Challenge a jury—কোন কারণে জুরির মধ্যে কাহাকেও বাদ দিবার জন্য আপত্তি করা ; Object to one or more of the jurors selected, for some reason or other.

Challis, Chally—কাপড় বিশেষ ; A twilled, fine woolen fabric for ladies' dresses.

Chalybeate, ka-lib'e-āt, *a.* লৌহযুক্ত ; লৌহ-মিশ্রিত ; Containing iron ; impregnated with iron :—কষা ; Having a taste like that of iron :—*n.* লৌহ ঘটিত ঔষধ ; লৌহ মিশ্রিত জল ; Any medicine or water containing solution of iron ; a water or other liquor containing iron.

Chamber, chāmber, *n.* [Fr. *chambre*—L. *camera*, Gr. *kamara*, a vault, a room ; akin to Celt, *cam*, crooked.] *n.* প্রকোষ্ঠ ; কুঠুরী ; A private room :—গর্ত ; A hollow or cavity :—রাজনৈতিক বা বণিক সমিতি ; A political or commercial body :—নির্জ্জন স্থান , Any retired place :—বিচারালয় ; A hall of justice. *Syn.*=Apartment, room, hall ; cavity, hollow place ; legislative body :—*v. i.* প্রকোষ্ঠে বাস-কৃ ; To reside in or occupy in a chamber :—ব্যসনাসক্ত-হ ; To be wonton :—*v. t.* প্রকোষ্ঠে আবদ্ধ-কৃ ; To shut up, as in a chamber. *a.*= Chambered. [behavious.

Chambering, *n* ভ্রষ্টাচার, লাম্পট্য ; In B. lewd

Chamber of commerce—বণিক-সভা ; A board to protect the interests of commerce, chosen from among the merchants and traders of a city. [secret council.

Chamber-council, *n.* গুপ্ত-সভা ; A private or

Chamber-counsel, *n.* নিভৃত ব্যবস্থা ব্যবসায়ী ; যে উকিল আদালতে বক্তৃতা করে না, কিন্তু ব্যবস্থা দিয়া থাকে ; A lawyer, who gives his opinion in private, but does not plead.

Chamber-fellow, *n.* এক গৃহে শয়নকারী, এক গৃহশায়ী ; One who sleeps in the same chamber.

Chamber lye—প্রস্রাব।

Chamber-maid, *n.* শয়নাগৃহ দাসী, পরিচারিকা ; A woman, who cleanses and arranges bedrooms, or waits upon a lady.

Chamber pit—মূত্রাধার।

Chamber-practice, *n.* নিভৃত ব্যবস্থা-ব্যবসায়ী ; The practice of a barrister, who gives his opinion in private, but does not appear in court.

Chamber-woman, *n.* দাসী ; An attendant on a queen or other lady.

Chamberlain, chāmber-lān or lin, *n.* কঞ্চুকি ; শয্যাপালক ; One who has the charge of the chambers :—রাজগৃহাধ্যক্ষ, রাজবাটীর অধ্যক্ষ ; One who has the charge of the private chambers of a nobleman or monarch ; an overseer of the private apartment of monarch or nobleman :—কোষাধ্যক্ষ ; A treasurer or receiver of public money ; treasurer of a corporation. *n.*=chamberlainship.

The Lord Chamberlain of England—রাজ-কর্মচারী বিশেষ ; The sixth officer of the crown, who waits upon the sovereign on the day of coronation and has charge of providing all requisites for the palace and for the House of Lords during the session of Parliament &c.

Chameleon, ka-mēlyun, *n.* [L. *chamaelon*—Gr. *chamaileon*—*chamai*, on the ground, leōn a lion = a dwarf-lion] কৃকলাস, বহুরূপী ; গিরগিটি ;

A lizard-like reptile, famous for changing its colour.
Chamois, shamwaw or sha-moi', *n.* [Fr.—Gr. *gemse*, a chamois] পার্ব্বতীয় হরিণ বিশেষ ; A species of antelope, living on European mountain ridges :—(মতান্তরে) ছাগল বিশেষ ; A kind of goat :—কোমল মৃগচর্ম্ম ; A soft leather originally made from its skin.
Chamomile—see camomile.
Champ, champ, *v. i.* [order form *cham*, from Scand, as in Ice *kiapta*, to chatter, *kiaptr*, the law] চর্ব্বণকালে চোয়ালের দ্বারা মট্‌মট্ শব্দ করা ; To make a sharp noise with jaws in chewing ; দন্ত দ্বারা দংশন-কৃ ; চর্ব্বণ-কৃ ; To bite or chew :—*v. t.* দন্তদ্বারা ঘর্ষণ করা ; পুনঃ পুনঃ চর্ব্বণ-কৃ ; To bite with repeated action of the teeth.
Champ the bit—রাগে দাঁত কামড়ান ; Fret impatiently (like a horse biting the bit).
Champagne, sham-pān, *n.* মদ্য বিশেষ, শ্যাম্পেন ; A light, sparkling wine.
Champaign, sham-pāh, *a.* [L. *capania*, a plain] সমতল ; অনাবৃত ; Level ; open :—*n.* সমতল দেশ ; An open level country.
Champion, champi-un, *n.* [L. *campio* from *campus*, field] মল্ল ; One who fights in single combat :—বিজয়ী মল্ল ; A successful combatant : —বীরপুরুষ ; A hero ; a brave warrior :—রক্ষক ; A defender :—*v. t.* To furnish or attend, as champion. *n.*=championship. *Syn.*= warrior, hero ; defender, vindicator, protector.
Chance, chans, *n.* [L. *cado*, to fall] দৈব ঘটনা ; Fortuity ; casualty :—আকস্মিক ঘটনা ; An unexpected event ; accident :—সম্ভাবনা ; সুবিধা ; The possibility of an occurrence ; possibility something happening :—ভাগ্য, অদৃষ্ট ; Fortune , luck :—*v. i.* অকস্মাৎ সংঘটিত-হ ; দৈবাৎ ঘটা ; To happen, come, or arrive, without expectation :—*a.* হঠাৎ সঙ্ঘটিত ; Happening by chance. *Syn* = Accident, casualty, fortune, misfortune, fortuity, risk, hazard.
Chance blow—অনভিপ্রেত আঘাত ; An unintentional blow.
Compassionate, kom-pash'un-āt, *a.* পরদুঃখকাতর ; কৃপালু ; কারুণিক ; সদয় ; Sympathising ; merciful ; pitiful .—*v. t.* অনুকম্পা-কৃ ; দয়ালু-হ ; কৃপালু-হ ; To pity ; to commiserate ; to have compassion for. *ad*=compassionately. *n*=compassionateness.

Compatibility, kom-pat-i-bil'it-i, *n.* সঙ্গতি ; যোগ্যতা ; উপযোগিতা ; Consistency ; suitability ; agreement.

Compatible, kom-pat'i-bl, *a.* [Fr.—L. *com,* with, *patior,* to bear] সুসঙ্গত ; যোগ্য ; উপযুক্ত ; উপযোগী ; Suitable ; fit ; consistent ; that suits or agrees with. *Syn* :—Suitable, agreeable to, accordant, congruous, consonant. *ad*=compatibly.

Compatible (or consistent) with—কোন কিছুর উপযোগী , Suitable to :—কোন কিছুর সহিত মিল বা সঙ্গত ; In harmony with :—একত্রে থাকিতে পারা ; Capable of co-existing with.

Compatriot, kom-pā'tri-ot, *a.* [Fr.—L. *com,* with, and Patriot] একদেশবাসী ; স্বদেশবাসী ; A fellow-countryman ; one of the same country :—*a.* স্বদেশীয় ; একদেশীয় ; Of the same country, and having like interests and feelings.

Compeer, kom-pēr', *n.* [L. *compar—com,* with, and Peer, from *par,* equal] সহচর ; সমতুল্য ব্যক্তি ; বয়স্য ; A companion or colleague ; an equal ; an associate.

Compel, kom-pel', *v. t.* [L. *com,* intensive, and *pello, pulsum,* to drive] বলপূর্ব্বক প্রবর্ত্তিত-কৃ ; বাধ্য-কৃ ; To oblige ; to constrain ; to force. *a*=compellable.

Compendious, kompen'-di-us, *a.* সংক্ষিপ্ত ; ক্ষুদ্র ; Short ; brief ; concise.

Compendium, kom-pen'di-um, *n.* **Compend,** [L. *com,* together, and *pendo,* weigh] সারসংগ্রহ ;

সংক্ষিপ্তসার ; সংক্ষেপ ; An abridgment ; a summary ; an epitome. *Syn* :—Abstract, synopsis, syllabus, digest, an epitome.

Compensate, kom-pen-sāt or kumpen-sāt, *v. t.* [L. *com*, intensive, and *penso*, to weigh, freq. of *pendo*, to weight] পুরস্কার-দে ; প্রতিদান-কৃ ; To recompense ; to give an equivalent for :—সমতুল্য-কৃ ; ক্ষতিপূরণ-কৃ ; To counterbalance, to make amends for. *Syn* :—Reward, recompense, remunerate, requite, atone, satisfy, indemnify, repay ; counterbalance, countavail. [up for.

Compensate for—পূরণ-কৃ ; পোষাইয়া-দে ; Make

Compensation, kom-pen-sāshun, *n.* পুরস্কার ; প্রতিদান, Recompense ; remuneration :—ক্ষতিপূরণ ; Satisfaction ; amends

Comensative, Compensatory, kom-pen-sa-tor-i, *a.* ক্ষতিপূরক ; Making amends.

Compete, kom-pēt, *v. i.* [L. *combeto*—*com*, together, and *peto*, to seek] প্রতিযোগী-হ ; পারিতোষিক পাইবার জন্ত চেষ্টা করা ; To contend for a prize ; to carry on competition :—চেষ্টা-কৃ, To strive.

Compete with (one) for—কাহারও সমকক্ষ-হ ; Strive to be equal to .—একই বিষয় পাইবার নিমিত্ত আগ্রহের সহিত চেষ্টা-কৃ ; Strive for the thing with another.

Competence, kompe-tens, **Competency,** kompe-ten-si, *n.* যথেষ্টতা ; প্রাচুর্য্য ; প্রচুরতা ; Sufficiency, especially of means of subsistence :—অধিকার ; Legal power or capacity or qualifications ; right or authority :—উপযুক্ততা ; উপযোগীতা ; Fitness ; suitableness, adequacy.

Competent, kompe-tent, *a.* [L. *competo*, to strive after together, to agree—*com*, with, and *peto*, to seek] উপযোগী, উপযুক্ত, যথেষ্ট ; প্রচুর, Suitable ; fit ; adequate ; sufficient :—উপযুক্ত ; Qualified :—ক্ষমতাশালী, Having adequate power or right. *Syn* :—Fitted, adequate, fit, adapted, equal, sufficient ; able, qualified, capable.

Competition, kom-pe-tishun, *n.* প্রতিযোগিতা ; এক বস্তুর জন্ত সাধারণ চেষ্টা, প্রাধান্ত লাভের চেষ্টা ; প্রতিদ্বন্দ্বিতা ; বিবাদ, Rivalry ; strife for superiority ; rivalship, contest, struggle, contention, emulation.

Competitive, kom-peti-tiv, *a.* প্রতিযোগী ; প্রতিযোগিতামূলক ; In the way of competition ; emulous. [যোগী, A rival or opponent.

Competitor, kom-peti-tor, *n.* প্রতিদ্বন্দী ; প্রতি-

Competitory, kom-peti-tor-i, *a.* প্রতিযোগিতা-সম্বন্ধীয় ; Acting in competition ; rivalling.

Compilation, kom-pil-āshun, **Compilement,** *n.* সঙ্কলন ; সংগ্রহ, The act or process of compiling :—সংগ্রহ পুস্তক, সঙ্কলিত গ্রন্থ ; A literary work, consisting of parts selected ; a literary work composed by gathering the materials from various authors.

Compile, kom-pīl, *v t.* [L. *com*, together, and *pilo*, to plunder] রচনা-কৃ ; লিখা ; To write or compose :—সঙ্কলন-কৃ ; To select and put together :—সংগ্রহ করিয়া পুনর্নিবেশ-কৃ, সংগ্রহ-কৃ ; To collect and re-arrange ; to draw up or collect.

Complacence, kom-plāsens, **Complacency,** kom-plāsen-si, *n.* প্রসাদ ; প্রসন্নতা ; সন্তোষ ; সুখ ; A feeling of quiet pleasure ; satisfaction, pleasure :—আনন্দের কারণ ; The cause of pleasure or joy :—শিষ্টতা ; সৌজন্য ; Civility ; complaisance.

Complacent, kom-plāsent, *a.* [L. *com*, intensive, and *placeo*, to please] শিষ্ট ; Having a desire or disposition to please :—প্রসন্ন ; সন্তুষ্ট ; পরিতুষ্ট ; Gratified ; pleased, agreeable ; pleasing. *Syn* :—Courteous, affable, complaisant ; gratified, contented. *ad*=complacently.

Complain, kom-plān, *v. i.* [L. *com*, intensive, and *plango*, to bewail ; (*lit.*) to beat (the breasts)] বিলাপ-কৃ ; অসন্তোষ প্রকাশ-কৃ ; To lament ; to murmur :—অভিযোগ-কৃ ; নালিশ-কৃ ; To accuse. *Syn* :—Lament, regret, repine, bewail, grieve, murmur ; find fault, croak.

Complain to (one) of—কাহারও নিকট কোন কিছুর জন্ত নালিশ-কৃ ; Bring an accusation before one against somebody .—দোষ-দে ; Find fault with :—দুঃখ প্রকাশ-কৃ, Lament :—(শারীরিক) অসুখ প্রকাশ-কৃ ; Express one's sufferings due to some bodily disease.

Complainant, kom-plānant, *n.* অভিযোক্তা ; বাদী ; যে নালিশ করে ; A prosecutor or plaintiff ; one who raises a suit

Complaint, kom-plānt, *n.* বিলাপ ; দুঃখপ্রকাশ ; Lamentation ; an expression of grief ; murmuring :—দুঃখের বা পীড়ার কারণ ; Cause or subject of complaint or murmuring :—ব্যাধি ; পীড়া ; A malady ; a disease :—অভিযোগ ; অভিযুক্ত বিষয় ; A charge against any one or thing ; the thing complained of. *Syn* :—Remonstrance, accusation, charge ; lamentation, murmuring, sorrow, grief ; illness, sickness, disease ; disorder ; grievance.

Complaisance, komplā zans, *n.* সৌজন্য, দাক্ষিণ্য ; শিষ্টাচার ; ভদ্রতা, Civility ; courtesy, care or desire to please.

Complaisant, komplā-zant, *a.* শিষ্ট, সুশীল, ভদ্র ; বিনয়ী, Desirous to please ; courteous, well-bred ; obliging, civil, polite.

Complement, komple-ment, *n.* [L. *com*, and *pleo*, to fill] অনুপূরক ; পূরক ; That which completes or fills up ; a filling up or completing . —পূর্ণ সংখ্যা ; Full quantity or number :—সহায় ; Something added for ornament , an accessory.

Complemental, kom-ple-mental, **Complementary,** kom-ple-mentar-i, *a.* অভাব পূরক, পরিপূরক ; Supplying a deficiency ; fully completing , filling up.

Complete, kom-plēt, *a.* পূর্ণ, Entire, perfect ; consummate :—সম্পূর্ণ ; সমাপ্ত ; Finished , ended , concluded. *Syn* :—Whole, entire, total, full, all , perfect, faultless ; absolute, finished, ended, concluded ; unbroken, undivided.

Complete, kom-plēt, *v. t.* [L. *compleo*, *completum*, to fill up—*com*, intensive, and *pleo*, to fill] শেষ-কৃ ; সম্পূর্ণ-কৃ ; To finish ; to perfect ; to consummate :—সম্পন্ন-কৃ ; To fulfil ; to accomplish ; to realise. *Syn* :—Perform, execute ; end ; terminate, conclude.

Completion, kom-plē'shun, *n.* সমাপ্তি ; Fulfilment ; accomplishment ; realisation :—পূর্ণতা ; পূর্ণাবস্থা ; Perfect state.

Complex, kom'pleks, *a.* [L. *com*, together, and root of *plico*, to fold] জটিল ; দুরূহ ; Not simple ; complicated ; involved ; intricate ; difficult :—বিমিশ্রিত ; মিশ্র ; Composed of more than one, or of many parts ; composite. *Syn* :—Composite, compounded, complicated, involved. *ad*=complexly. *n*=complexness.

Complexion, kom-plek'shun, *n.* [L. *complexio*, a combination, physical structure of body—*complector*, *complexus*, to entrance—*plectere*, to plait] মিশ্রতা ; অংশের যোগ ; Complexity ; connection of parts :—মুখের বর্ণ ; মুখশ্রী ; The colour or hue of the skin, particularly of the face :—আকার প্রকার ; The general appearance or aspect :—দেহ ; Frame or texture. *a*=complexional.

Complexional, kom-plek'shun-al, *a.* বর্ণসংস্পৃষ্ট ; বর্ণমূলক ; Depending on or pertaining to complexion.

Complexioned, kom-plek'shund, *a.* বর্ণবিশিষ্ট ; স্বভাববিশিষ্ট ; Having a certain hue or natural temperament or state.

Complexity, kom-plek'si-ti, *n.* জটিলতা ; Intricacy.

Compliance, kom-plī'ans, *n.* স্বীকার ; সম্মতি ; Submission ; concession ; consent , agreement . —বশ্যতা ; A disposition to comply ; yielding.

In compliance with—(কাহারও প্রার্থনা, ইচ্ছা, বা প্রস্তাবের) অনুরোধ ; Agreebly to (one's request, wish, or proposal).

Compliant, kom-plī'ant, *a.* শিষ্ট ; নম্র ; বিনয়ী ; শান্ত , সভ্য ; আজ্ঞাকারী ; Yielding ; pliant ; civil, complying, bending , submissive.

Complicacy, kom'-pli-ka-si, *n.* জটিলতা ; State of being complicated ; complexity.

Complicate, kom'pli-kāt, *v. t.* [L. *com*, together, and *plico*, *plicatum*, to fold] জড়িত-কৃ ; গাঁথে ফেলা ; To fold or twist together ; to interweave ; to entangle :—বিষম-কৃ ; সঙ্কুল-কৃ ; To render complex ; to involve ; make intricate :—*a* জটিল ; Intricate ; complex ; confused.

Complication, kompli-kā'shun, *n.* জটিল, মিশ্রণ বা বিশৃঙ্খলা ; An intricate blending or entanglement.

Complicity, kom-plis'i-ti, *n.* কুকর্মের সহকারিতা , দুষ্কর্মের সহযোগিতা ; State or condition of being an accomplice.

Compliment, kom'pli-ment, *n.* শিষ্টাচার ; অভিনন্দন ; সমাদর ; সাদর অভ্যর্থনা ; An expression of civility, respect, or regard ; delicate flattery . —*v. t.* প্রশংসা-কৃ ; অভ্যর্থনা-কৃ ; তোষামোদ-কৃ ; To praise ; to congratulate ; to flatter. *Syn* :—(*n.*) Commendation, flattery, praise, gift, favour.

To stand on compliment—সমাদর-কৃ ; To treat with ceremony.

Complimental, Complimentary, kom-pli-men'tar-ri, *a.* অভিনন্দন ; সম্মানসূচক ; আদাপ্রদ ; তোষামোদকারী ; Containing or expressing civility, respect, or praise ; congratulatory ; flattering.

Complot, kom'plot', *n.* একত্র ষড়যন্ত্র ; চক্রান্ত ; ষড়যন্ত্র ; কুমন্ত্রণা ; সন্ধি ; A plotting together ; a joint plot, a plot ; a conspiracy, a confederacy.

Complot, kom'plot', *v. t.* ষড়যন্ত্র-কৃ ; To plot together ; to conspire.

Comply, kom-plī, *v. i.* [O. Fr. *complir*, It. *complire*, to fulfil, to suit, to offer courtesies—L. *complere*, to fulfil or complete] সম্মত-হ ; স্বীকৃত-হ ; অনুমোদন-কৃ ; To agree ; to consent or conform :—অন্যের ইচ্ছানুসারে কার্য্য-কৃ ; To yield to the wishes of another :—সম্মতি দেওয়া ; To yield or assent to :—পূর্ণ-কৃ ; সম্পন্ন-কৃ ; To fulfil, perform or execute. *pr. p*=complying. *pa. t. pa. p*=complied.

Comply with—প্রার্থনানুরূপ কাজ-কৃ ; কাহারও অনুরোধ রক্ষা-কৃ বা প্রার্থনা শুনা ; Yield to :—কোন কিছুর অনুগত হইয়া চলা , Conform to.

Inclined to comply—সম্মতিশীল ।

Complying, *a.* নম্র ; নীচাশয় ; Yielding.

Component, kom-pō'nent, *n.* [L. *com*, together, and *pono*, to place] মিশ্রিত পদার্থের উপাদান ; উপাদান ; A constitutional part ; one of the elements of a compound ; an elementary part of a compound :—*a.* সম্পূর্ণক ; নির্মাণোপযোগী ; উপাদানীভূত ; অংশীভূত ; Constituent ; helping to form a compound

Comport, kom-pōrt', *v. t.* [L. *com*, together, and *porto*, to carry] আচরণ-কৃ ; To behave ; to bear one's self ; to conduct—with a reflexive pronoun :—*v. i.* সম্মত-হ ; উপযুক্ত-হ ; যোগ্য-হ ; To agree ; to accord , to suit.

Comportment, kom-pōrt'ment, *n.* আচরণ ; চালচলন ; Behaviour, deportment.

Compose, kom-pōz', *v. t.* [Fr. *composer*, from L. *cum*, and Fr. *poser*, which is from L. *pausare*, to cease, to rest] একত্রিত-কৃ ; To put together ; to make up :—অংশ-হ ; To form a compound :—উদ্ভাবিত-কৃ ; উদ্ভাবন-কৃ ; রচনা-কৃ ; To invent ; to originate ; to write, as an author, or become the author of, as, a book :—মীমাংসা-কৃ ; To settle ; to adjust ; as, to compose difficulties :—সান্ত্বনা-কৃ ; স্থির-কৃ ; To tranquilise ; to quiet ; to soothe :—সুর বাঁধা ; To form a tune :—উপযুক্তভাবে রাখা ; To place in a proper form :—মুদ্রাক্ষরবিন্যাস-কৃ ; To set up types.

Be compose (or made) of—উপাদানে গঠিত ; Be formed of ; consist of.

Composed, kom-pōzd', *a.* শান্ত ; স্থির ; Calm ; sedate ; tranquil :—মীমাংসিত ; স্থিরীকৃত ; Settled ; formed ; constituted ; adjusted. *ad*=composedly. *n*=composedness.

Composer, kompō'zer, *n.* যে ব্যক্তি রচনা করে বা সাজাইয়া রাখে ; লেখক ; গ্রন্থকার ; One who composes or adjusts a thing ; writer ; an author, esp., of a piece of music.

Composite, kom'poz-it, *a.* [L. *compositus*, pa. p. of *composere*, to put together] বিমিশ্র ; মিশ্রিত ; Composed of two or more distinct parts ; compounded ; as, a composite language : —গৃহনির্মাণ রীতিবিশেষ সম্বন্ধীয় ; দুইপ্রকার গৃহনির্মাণপ্রণালীর মিশ্রণসূচক ; Belonging to a certain order of architecture grafted upon the Corinthian ;

noting a blending of the Ionic and the Corinthian orders.

Composite number—বিভাজ্য সংখ্যা ; A number that can be measured or divided by other numbers greater than a unit.

Composition, kom-pō-zishun, *n.* রচনা ; প্রবন্ধ ; A written or printed work, a writing ; a pamphlet or book :—In *music*, সুরবন্ধন কার্য্য ; the act of forming tunes :—মিশ্রণ ; Mixture :—ভিন্ন অংশের যোগ ; Any union, combination or disposition of parts :—মীমাংসা ; সন্ধি ; Adjustment ; mutual agreement to terms or conditions ; agreement :—রফা ; বন্দোবস্ত ; Discharging a debt by paying a part :—সঙ্কলন ; সংশ্লেষণ ; Synthesis, as opposed to analysis :—অক্ষর-বিন্যাস ; Act of setting types. *Syn* :—Constitution, formation, making, work, production ; mixture, compound, union, combination, conjunction ; adjustment, commutation, settlement, compromise.

Compositor, kom-pozi-tor, *a.* মুদ্রাক্ষর বিন্যাস-কারী ; One who sets up types, and puts together for printing

Compost, kompōst, *n.* সার, A mixture for manure :—প্রলেপ বিশেষ ; A kind of plaster.

Composure, kom-pō'zhūr, *n.* বিন্যাস ; Form, adjustment, or disposition of the various parts : —ধৈর্য্য ; Calmness ; tranquility :—স্থৈর্য্য, স্বস্থভাব ; Self-possession. *Syn* :—Sedateness, calmness, placidity, coolness.

Compound, kom-pound, *v. t.* [L. *com*, and *ponere*, to put] মিশ্রিত-কৃ ; যোগ-কৃ , একত্রিত-কৃ ; To mix or combine :—বিবাদ ভঞ্জন-কৃ , আপোসে মিটাইয়া ফেলা ; To settle amicably ; to adjust by agreement ; to compromise —*v i.* সম্মত-হ ; সন্ধি-কৃ ; To agree, to settle by compromise. *Syn* :—Combine, unite, mix, amalgamate, intermingle, blend ; adjust, settle, compromise

To compound a felony—অপরাধীকে ছাড়িয়া দিয়া কিছু লওয়া বা লাভ-কৃ ; অভিযোগ করিতে বিরত হইবার জন্য কিছু লওয়া ; To accept of a consideration for forbearing to prosecute.

Compound, kompownd, *a.* মিশ্রিত ; যৌগিক , Composed of elements, ingredients ; not simple :—*n.* মিশ্রণ , যৌগিক পদার্থ , A mass made up of a number of parts.

A compound word—যৌগিক শব্দ ।

A compound addition, subtraction, &c. —মিশ্র সঙ্কলন, ব্যবকলন ইত্যাদি ।

Compounder, kompound-er, *n.* যে রফা করে , One who discharges a debt by certain fixed payments, or by several payments :—ঔষধ-পরিবেষক ; One who compounds or mixes different things.

Comprehend, kom-pre-hend, *v. t.* [L. *com*, with, and *prehendo*, from *præ*, before, and an old word *hendo*=Gr. *chandanō*, to hold, comprise] অন্তর্ভূত-কৃ ; অন্তর্ভুক্ত-কৃ ; To comprise ; to include :—অনুভব-কৃ ; ধারণা-কৃ ; বুঝা ; To conceive ; to understand ; to grasp. *Syn* :—Apprehend, embrace ; comprise, include, conceive, understand, discern, perceive.

Comprehensible, kom-pre-hensi-bl, *a.* বোধ-গম্য ; বুদ্ধিগ্রাহ্য ; Capable of being understood, intelligible ; conceivable. *ad*=comprehensibly, *n*=comprehensibility, comprehensibleness.

Comprehension, kom-pre-henshun, *n.* অনুভব ; অনুভূতি ; A comprising ; perception :— ধীশক্তি ; Capacity of the mind to understand :— সংক্ষিপ্তসার ; Summary ; epitome :—শব্দের ব্যাপক অর্থ বা বস্তুর সাধারণ নামসূচিত গুণসমষ্টি ; The intension of a term or the sum of the qualities implied in the term.

Comprehensive, kom-pre-hensiv, *a.* ব্যাপক ; বিস্তীর্ণ ; পূর্ণ , Including much ; extensive ; full :— বোধক ; ধীশক্তিসম্পন্ন ; Having the quality or power to comprehend much. *ad*=comprehensively. *n*=comprehensiveness.

Compress, kom-pres, *v. t* [L. *com*, together, and *pressare*, to press—*premo*, *pressus*, to press] সংক্ষিপ্ত-কৃ ; সঙ্কোচ-কৃ , সঙ্কুচিত-কৃ ; চাপিয়া ক্ষুদ্র-কৃ ; To bring within narrow limits ; to press together ; to crowd ; to condense.

Compress, kompres, *n.* অস্ত্র-চিকিৎসায় ব্যবহৃত উপাদানবিশেষ ; ক্ষতস্থানে দিবার জন্য নেকড়ার গদি , Folds of linen, used in surgery to make due pressure on any part.

Compressibility, kom-presi-bil-i-ti, *n.* শক্ত বস্তুর সঙ্কোচন গুণ , সঙ্কোচনশীলতা ; The property that bodies have of being reduced in bulk by pressure.

Compressible, kom-presi-bl, *a.* সঙ্কোচনীয় , সঙ্কোচনশীল ; সম্পেষণীয় , That may be compressed

Compression, kom-preshun, *n.* সঙ্কোচন ; The act of forcing into a narrow compass ; state of being compressed.

Compressive, kom-presiv, *a.* সঙ্কোচনক্ষম , Having the power to compress ; able to compress.

Comprisal, kom-prizal, *n.* ধারণ ; একত্রকরণ ; The act of comprising.

Comprise, kom-priz, *v. t.* অন্তর্ভুক্ত-কৃ ; অন্তর্গত-কৃ . To include ; to comprehend within itself :— ধারণ-কৃ ; To contain :—আলিঙ্গন-কৃ ; বেষ্টন-কৃ , To embrace, to inclose.

Compromise, kompro-miz, *n.* [Fr. *compromis*,—L. *com*, together, and *promitto*, to promise] আপোষ ; মীমাংসা ; A settlement of differences by mutual promise or concession, adjustment in which concessions are made on each side :—*v. t.* আপোষে নিষ্পত্তি-কৃ ; আপোষ-কৃ , To adjust and settle by mutual agreement and concessions ; to compound :—বিপদগ্রস্ত-কৃ ; সংকটাপন্ন-কৃ ; To pledge ; to commit ; to put to hazard ; to involve or bring into question.

Comptroll, kom-trōl, *n.* দমন ; প্রভুত্ব ; আজ্ঞা ; শাসন ; ক্ষমতা ; Restraint, authority, command, government, power :—*v. t.* দমন-কৃ ; শাসন-কৃ ; To check, to govern.

Comptroller, kom-trōler, *n.* কার্য্যাধ্যক্ষ ; হিসাব-পরীক্ষক ; A regulator ; a superintendent ; a supervisor.

Compulsion, kom-pulshun, *n.* বল-প্রয়োগ , বাধা , সম্পীড়ন , আবশ্যকতা , Force ; constraint ;

necessity ; violence. *Syn* :—Constraint, restraint, coercion, force, urgency, pressure.

Compulsive, kom-pulsiv, *a.* বলপ্রকাশক ; সঙ্কীড়ক ; Constraining ; forcing ; having power to compell. *ad*=compulsively.

Compulsory, kom-pulsor-i, *a.* বলবৎ ; অবশ্য করণীয় ; অবশ্য সম্পাদ্য ; Forcible , constraining ; obligatory ; not voluntary. *ad*=compulsorily.

Compunction, kom-pungkshun, *n.* [L. *com*, intensive, and *pungo*, *punctus*, to prick] অনুতাপ ; অনুশোচনা ; Remorse ; sting of conscience ; repentance.

Compunctious, kom-pungkshus, *a.* অনুতপ্ত ; অনুতাপান্বিত ; Repentent , remorseful ; penitent.

Compunctive, kom-pungt-iv, *a.* অনুতাপকারক , Causing remorse.

Computable, kom-pūta-bl, *a.* গণনীয় ; That can be numbered or reckoned ; that may be calculated.

Computation, kom-pūt-āshun, *n.* গণনা ; হিসাব ; Reckoning ; calculation ; estimate. *Syn* :—Account, enumeration, numbering.

Compute, kom-pūt, *v. t.* [L. *com*, together, and *puto*, to reckon] সংখ্যা-কৃ ; গণনা-কৃ , হিসাব-কৃ , To count ; to reckon , to number , to estimate , to calculate. *Syn* :—Number, reckon, enumerate, cast up, sum, calculate ; rate, estimate, value. [One who computes.

Computer, kom-pūt-ėr, *n.* মুহুরী ; হিসাবকারী ;

Comrade, komrād, *n.* [Sp. *camarada*, a room-full, a chamber-mate—L. *camera*, a chamber] সহচর ; সঙ্গী ; An intimate companion ; an associate.

Con. kon, *v. t.* [A. S *cunnian*, to test, to try to know—from *cunnan*, to know] কণ্ঠস্থ কৃ , মুখস্থ-কৃ , যত্নসহকারে অধ্যয়ন-কৃ ; To commit to memory , to study carefully. *pr p*=conning. *pa. p*=conned

Con, kon, Contraction of Latin *contra*. বিরুদ্ধে , Against [For and against

Pro & Con—অনুকূলে ও প্রতিকূলে , সপক্ষে ও বিপক্ষে ,

Concatenate, kon-katė-nāt, *v t* [L. *con*, together, and *catena*, a chain] শৃঙ্খলাবদ্ধ-কৃ , যোগ-কৃ , শ্রেণীবদ্ধ-কৃ , To link together ; to unite.

Concatenation, kon-kat-e-nāshun, *a.* [L *con*, and *catena*, chain] শ্রেণীপরম্পরা , একত্র সংবদ্ধ শৃঙ্খলশ্রেণী ; A series of links united.

Concave, konkāv, *a.* [L. *concavus*, from *con*, intensive, and *cavus*, hollow] ফাঁপা ; উত্তান ; বক্রোদর ; বক্রীভূত , নিম্নাভ্যন্তর খিলানবিশিষ্ট ; Hollow vaulted, curved or arched ; applied to the inner side of any curved line or rounded body, and opposed to *convex*, which is applied to the outside :—*n.* খিলান ; ফাঁপা ; সুড়ঙ্গস্থান ; A hollow , an arch or vault.

Concavo-concave, *a* উভয়দিক খিলানবিশিষ্ট ; Concave on both surfaces.

Concavo-convex, *a.* Concave on one side, and convex on the other.

Concavity, kon-kavi-ti, *n.* উত্তানতা ; নিম্নাভ্যন্তরতা ; বক্রোদরতা ; খোল ; The inner surface of a concave or hollow body.

Conceal, kon-sēl, *v. t.* [L. *concelo*, from *con*, intensive, and *celo*, to hide] গোপন-কৃ ; লুক্কায়িত-কৃ ; To keep secret ; to hide ; to keep from sight. *Syn* :—Hide, secrete, cover, mask, screen, disguise. [may be concealed.

Concealable, kon-sēla-bl, *a.* গোপনীয় ; That

Concealment, kon-sēlment, *n.* গোপন ; Secrecy ; disguise :—গোপনীয় স্থান ; গুপ্তস্থান ; Hiding-place.

Concede, kon-sēd, *v. t.* [L. *con*, signifying completeness, and *cedo* to go, to yield] আত্মসমর্পণ-কৃ , ত্যাগ-কৃ ; To surrender ; to quit .—স্বীকার-কৃ ; সত্য বলিয়া স্বীকার-কৃ ; To grant , to admit to be true .—*v. i.* স্বীকার-কৃ ; To make concession. *Syn* :—Grant, acknowledge, confess, allow, admit, give up, surrender.

Conceit, kon-sēt, *n.* চিন্তা ; কল্পনা ; Idea ; thought ; conception :—বিকৃত কল্পনা ; উৎকট ভাব বা কল্পনা ; A quaint fancy ; pleasant, phantastic or affected notion —আত্মগৌরব ; আত্মশ্লাঘা , অভিমান ; অহমিকা ; Vanity ; overestimation of one's self , overweening pride. *Syn* —Idea, image, opinion, imagination, notion, thought ; fancy, whim, vagary, estimate, judgment, opinion ; vanity, egotism , quip. [longer fond of.

Out of conceit with—পূর্ব্ব অনুরাগ বিস্মৃত ; No

Conceited, kon-sēted, *a.* আত্মাভিমানী ; দাম্ভিক ; Vain ; egotistical , opinionative. *ad*=conceitedly. *n*=conceitedness.

Conceivable, kon-sēva-bl, *a.* বোধগম্য ; That may be understood or believed ; imaginable. *ad*=conceivably *n*=conceivableness.

Conceive, kon-sēv, *v. t.* [R. *concipio*, *conceptum*, from *con*, and *capio*, to take] গর্ভে ধারণ-কৃ ; To receive into the womb and breed :—কল্পনা-কৃ ; To devise , to form in the mind :—অনুভব-কৃ ; চিন্তা-কৃ ; To imagine , to comprehend .—*v. i* গর্ভবতী-হ , To become pregnant —চিন্তা-কৃ ; বিবেচনা-কৃ , To think. *Syn* —Suppose, understand, believe, fancy, apprehend, devise, project.

Concentrate, kon-sentrāt, *v t.* কেন্দ্রীভূত-কৃ ; একত্র-কৃ . এক সাধারণ বিন্দুতে আনয়ন-কৃ , To bring to a common centre or point —সন্নিকৃষ্ট-কৃ ; অল্পায়তন-কৃ ; জমাট-কৃ , ঘনীভূত-কৃ , To bring into a closer union, or a narrower compass ; to condense.

Concentrate on—এক জায়গায় জড়-কৃ ; Bring together so as to meet in a common centre or place —একই বিষয়ে সমস্ত মন অর্পণ-কৃ ; Bring together so as to be directed towards a certain object.

Concentration, ken-sen-trāshun, *n.* সমাহার ; ঘনীভূতকরণ ; The act of bringing to a common centre ; collection into one point or centre ; condensation.

Concentration of mind—মনের একাগ্রতা।

Concentrative, kon-sentra-tiv, *a.* কেন্দ্রাভিসারী ; Tending to concentrate.

Concentre, kon-sentėr, *v. i.* এক সাধারণ বিন্দুতে আনয়ন-কৃ ; To bring to a common centre or point :—একস্থানে মিলিত-হ ; To come to a point.

Concentric, kon-sentrik, **Concentrical,**

kon-sen-trik-al, *a.* সমকেন্দ্র, এক কেন্দ্রবিশিষ্ট, Having a common centre

Concept, konsept, *n* মনের ভাব, মত, A notion

Conception, kon-sep'shun, *n* গর্ভসঞ্চার, গর্ভধারণ, The act of conceiving —চিন্তা, মত, Notion, idea, view or opinion.—বুদ্ধি, ধারণাশক্তি, The faculty of apprehending

Conceptive, kon-cept-iv, *a* ধারণক্ষম, Capable of conceiving

Conceptualism, kon-sep'tu-al izm, *n* বস্তু হইতে তদানুষঙ্গিক গুণপরম্পরায় পৃথক করিয়া বুঝাতে পারা যায়, দর্শনশাস্ত্রের এই মত, The doctrine that general properties can be conceived in the mind apart from any concrete embodiment

Concern, kon-sérn, *n* [Fr L. *concerno*, from *con*, together, and *cerno*, to sift, to see] ব্যাপার, বিষয়, কার্য্য, Business affair —আবশ্যকতা, Moment, importance —উদ্বেগ, Regard, solicitude, anxiety —কার্য্যালয়, Farm and its business —সংস্রব, That which relates or belongs to one *Syn* —Matter business, affair, transaction, care, anxiety, solicitude, carefulness, uneasiness, importance, interest, moment, consequence, weight, firm, establishment —*v t* সংস্রব থাকা, লিপ্ত-কৃ, To relate, belong to —আবশ্যক-হ, To be of importance —যত্ন কৃ, To look after —হস্তক্ষেপ-কৃ, To intermeddle —উদ্বিগ্ন-কৃ, অসুখী-কৃ, To make uneasy *Syn* —Interest, affect, touch regard, trouble, make anxious, distress *n*=concernment

Concerned, kon-sernd *a* ব্যাপৃত, Engaged, having connection with —উদ্বিগ্ন, Anxious —মনোযোগী, Interested *ad*=concernedly. *n*=concernedness. [Have to do with

Be concerned with—সম্পর্ক বা সংস্রব থাকা.

Concerning, kon-sérning, *prep* সম্বন্ধে বিষয়ে, About, relating to, pertaining to, regarding.

Concernment, kon-sérn-ment, *n* ব্যাপার, Affair.—হস্তক্ষেপ, Interposition —উদ্বেগ, Solicitude, anxiety.

Concert, kon-sért, *n* যোগ, যোগদান, Union, agreement in a design or plan, accordance in a scheme —সুস্বর, সুরের মিল, Musical harmony —সঙ্গীত, Musical entertainment —মিলন, মিল, Harmony, accordance —গায়ক দল, A number of persons playing or singing the same piece of music in harmony.

Concert, konsért, *v. t* [Fr *concerter*—*con* together, *certare*, to contend, vie with, acc to Skeat, from L *consertus*, joined together] অভিসন্ধি-কৃ, একত্রে মন্ত্রণা কৃ, একত্রে পরামর্শ-কৃ To plan together, to plan to devise.—*v. i* মিলিত হইয়া কার্য্য-কৃ, একত্রে অভিসন্ধি-কৃ, To act in harmony, form combined plans, take counsel —সজ্জিত-কৃ, ঠিক-কৃ, To arrange, to adjust *Syn* —Contrive, plot, devise, design, combine, cooperate

Concertina, kon-sér-té'na, *n.* বাদ্যযন্ত্রবিশেষ, A musical instrument, on the principle of the accordion

Concerto, kon-sér'tō *n* গানবিষয়ক রচনা, সঙ্গীতবিষয়ক রচনা, A piece of music for a concert.

Concession, kon-seshun, *n.* অনুমোদন; The act of granting or yielding —অনুগ্রহ; দান; দত্তবস্তু, The thing yielded, a grant.—দোষ স্বীকার, Acknowledgment by way of apology, confession of guilt [plying concession

Concessive, kon-sesiv, *a* অনুমোদনসূচক, Im-

Concessory, kon-sesor-i, *a.* অনুমোদনকারী, Yielding, conceding.

Conch, kongk, *n* [L. *concha*—Gr. *kongche*, Sans. *sankha*, a shell, conn. with *cockle*] শঙ্খ, শাঁক A marine shell, trumpet

Conchiferous, kong-kif'er-us, *a* [L. *concha* and *fero*, to bear] শঙ্খের দুই আবরণবিশিষ্ট, Having a bivalve shell

Conchoidal, kong-koidal, *a* [Gr. *kongchē* and *eidos*, form] শঙ্খবৎ, Shell like, applied to the fracture of a mineral

Conchologist, kong-kolo-jist, *n.* শঙ্খবিজ্ঞানবিৎ One versed in conchology.

Conchology, kong kolo ji, *n.* [Gr *kongche* and *logos*, a discourse] শঙ্খবিজ্ঞান, The science of shells and of the animals inhabiting them

Conciliate, kon-sili-āt, *v t* [L *concilio*, *conciliatus*, to bring together] অনুরঞ্জিত-কৃ, অনুরক্ত-কৃ সন্তুষ্ট-কৃ, To win over, to reconcile, to make friendly *Syn* —Reconcile, pacify, appease draw over

Conciliation, kon-sil-i-ā'shun, *n.* অনুরঞ্জন সন্তুষ্টিসাধন, The act of winning over —পুনর্মিলন, Reconciliation. [peace-maker

Conciliator, kon-sili ā-tor, *n* শান্তিকারক, A

Conciliatory, kon-sili-a-tor-i, *a.* অনুরঞ্জক, শান্তিজনক, প্রীতিজনক, Winning, pacific

Concise, kon-sis, *a* [L *concido*, *concisus*, from *con*, and *caedo*, to cut] সংক্ষিপ্ত, Brief, terse, laconic, short, shortened, abbreviated, abridged *Syn* —Succinct, summary, compendious, comprehensive, condensed, pithy *n*=conciseness —সংক্ষিপ্ততা, Brevity. *ad*=concisely—সংক্ষেপে, Briefly

Concision, kon-sizhun, *n.* অংশ, ত্বক্‌-ছেদন, Circumcision, a division, a faction

Conclave, konklāv, *n* [L *con*, together, and *clavis*, a key] গুপ্তসভা, A private meeting, any close assembly —যাজকসভা, Private assembly of cardinals, the body of cardinals.—গুপ্তগৃহ, A private apartment.

Conclude, kon-klōōd, *v t* [L *concludo*—*con*, together, and *claudo*, to shut] সমাপন-কৃ, শেষ-কৃ, নিষ্পত্তি কৃ, To close, to end, to finish, to decide —*v i* শেষ-হ, নিষ্পত্তি-কৃ, সিদ্ধান্ত-কৃ, উপসংহার-কৃ, To close, to end, to decide, to infer, to form a final judgment. *Syn* —Finish, terminate, end, close, gather, infer, deduce, determine, judge, decide

Conclusion, kon-clōō'zhun, *n.* শেষ, অবসান; সমাপ্তি, Close, termination, the end :—সিদ্ধান্ত; অনুমান, Inference or consequence.—নিষ্পত্তি; বিচার, Final determination, judgment.

Conclusive, kon-klōō'siv, *a* শেষ; চূড়ান্ত, অকাট্য, Final, decisive; definite. *Syn* :—Final, ultimate, definitive, decisive, convinc-

ing, unanswerable. *ad*=conclusivley—নিঃসন্দিগ্ধভাবে ; অখণ্ডনীয়রূপে। *n*=conclusiveness—অকাট্যতা ; অখণ্ডনীয়তা।

A foregone conclusion—পূর্ব্ব হইতে স্থিরীকৃত বিষয় ; বিচারের পূর্ব্বেই যে সিদ্ধান্ত মনে মনে স্থির করা হইয়াছে ; Predetermination ; decision which has preceded argument or examination ; a predetermined decision.

Arrive at a conclusion (Come to a conclusion)—(তর্ক কিংবা অনুসন্ধান করিয়া) কোন সিদ্ধান্তে উপনীত-হ ; Come to a decision (by inquiry or reasoning).

Draw a conclusion or inference—(কোন পূর্ব্ব কথা হইতে) কোন বিষয় সিদ্ধান্ত করিয়া লওয়া ; Form an opinion or judge (from premises).

In conclusion—অবশেষে ; উপসংহারকালে ; Finally.

Jump to a conclusion—একবারে সিদ্ধান্ত-কৃ ; (বিশেষ বিবেচনা না করিয়া) হঠাৎ কোন সিদ্ধান্তে উপনীত-হ ; Come to a conclusion hastily.

Try conclusions—বল পরীক্ষা-কৃ ; Enter into a trial of strength, be at issue ; make a trial of one's strength.

Concoct, kon-kokt', *v. t.* [L. *concoquo, concoctus*—*con*, together, and *coquo*, to cook, to boil] পরিপাক-কৃ, To digest :—পরিপক্ক-কৃ, To ripen, to mature or perfect, to prepare :—অভিসন্ধি-কৃ ; মনে মনে স্থির-কৃ ; To devise, to contrive, to plan, to plot. *Syn* —Brew, hatch ; prepare, mature, plot, design, devise.

Concoction, kon-kokshun, *n.* পরিপাক ; Digestion —পরিপাকাবস্থা ; Maturation by heat .—অভিসন্ধি, Contrivance —প্রস্তুতকরণ ; Preparation.

Concomitance, kon-komi-tāns, **Concomitancy**, kon-komi tan-si, *n.* সমন্বয়, সহযোগিতা ; সাহচর্য্য, সংযোগ ; সহবর্ত্তন ; একত্র গমন, Accompaniment ; a going or being together, or in connection with another thing.

Concomitant, kon-komi-tant, *a.* [L. *con*, with, and *comitans*, pr p of *comitor*, to accompany —*comes*, a companion] আনুষঙ্গিক ; সংমিলিত, সংযুক্ত, Accompanying or conjoined, going along with ; concurrent ; attending :—*n.* সহচর ; সঙ্গী ; সহবর্ত্তী ; A companion, an attendant. *ad* =concomitantly.

Concord, kong'kord, or konkord, *n.* [Fr. *concorde*—L. *concordia*—*concors*, of the same heart, from *con*, together, and *cor*, *cordis*, the heart] মিলন ; একতা ; শান্তি ; Harmony ; union ; agreement ; unity ; peace :—অন্বয় ; যোজনা ; Agreement or proper relation of words in a sentence :—একতান ; সুরের মিল, Concert :—সন্ধি ; A compact ; treaty. *Syn* :—Harmony, unity, unanimity, friendship, good understanding ; consonance, unison, concert.

Concordance, kon-kordans [L. *concordans*, pr. p. of *concordo*—*concors*, agreeing] ঐক্য ; Agreement :—নির্ঘণ্ট ; An index ; a dictionary of biblical phrases ; glossary.

Concordant, kon-kordant, *a.* সুস্বরবিশিষ্ট ; একত্রিত ; মিলবিশিষ্ট ; Harmonious ; united, agreable, agreeing, correspondent. *ad*=concordantly.

Concordat, kon-kordat, *n.* [L. *concordo*, to agree] সন্ধি ; A compact ; an agreement ; a convocation :—রাজা ও প্রজার মধ্যে সন্ধি ; A treaty or compact between a temporal sovereign and people.

Concourse, kong'kōrs, *n.* মিলন ; সঙ্গম ; সমাগম ; Confluence :—জনসমূহ ; জনতা, সমবায় ; An assemblage of men or things :—সভাস্থল ; A place of meeting ; meeting. *Syn* :—Confluence, convergence ; assembly, meeting, assemblage, gathering, collection, crowd, throng.

Concrescence, kon-kresens, *n.* সংযোগ দ্বারা বৰ্দ্ধন ; বৃদ্ধি ; Growing together ; growth or increase.

Concrete, konkrēt, *a.* [L. *concretus*,—*con*, together, *cresco*, *cretum*, to grow] জমাটবদ্ধ ; Formed into one mass :—স্থূল ; Conceived as a subject with its attributes ; the opposed of abstract, not abstract. *Syn* :—Compact, consolidated, condensed, incorporated ; not abstract, not general :—*n.* সংহত পদার্থ ; বালি, চূণ সুরকি প্রভৃতি গৃহনির্ম্মাণের উপাদানসমূহের মিশ্রণ ; A compound ; a mixture of a lime, sand, pebbles, used for the foundation of buildings. *ad*=concretely *n*=concreteness.

Concrete, konkrēt, *v. i.* জমাট-হ ; জমিয়া-যা ; To unite into a solid mass ; to congeal :—*v. t.* জমাটবদ্ধ-কৃ ; To form into a mass.

Concrete number—(দ্রব্যের নামের সহিত) যুক্ত সংখ্যা, যেমন 'পাঁচখানি' বই, 'তিনটী' ছেলে।

Concretion, kon-krē'shun, *n.* পিণ্ড ; তাল ; A lump ; a mass concreted.

Concretive, kon-krētiv, *a.* জমাট বাঁধিবার শক্তিসম্পন্ন ; Causing or having power to *concrete*.

Concubinage, kon-kū-bin-āj, *n.* বিবাহ বিনা সহবাস, পরস্পর বিবাহিত না হইয়া স্ত্রীপুরুষের ন্যায় সহবাস, স্ত্রীপুরুষের অবৈধ সহবাস ; The state of living together as man and wife without being married.

Concubine, kong'kū-bīn, *n.* [L. *concubina*,—*con*, together, *cubo*, to lie down] উপপত্নী ; যে অবিবাহিতা স্ত্রীলোক পরপুরুষের সহবাস করে. A woman who cohabits with a man, without being married.

Concupiscence, kon-kū'pis-ens, *n.* [L. *con*, intensive, *cupio*, to desire] কাম, আত্যন্তিক বা অবৈধ কাম-প্রবৃত্তি. Lust ; unlawful or irregular desire of carnal pleasure. *a*=concupiscent—কামুক ; Libidinous, lewd ; lustful, salacious, sensual.

Concur, kon-kur', *v. i.* [L. *con*, together, and *curro*, *cursum*, to run] একস্থানে মিলিত-হ ; To coincide ; to meet in one point :—একমত-হ ; সম্মত-হ ; To agree ; to assent :—যুক্ত-হ ; To unite ; to help ; to conspire. *Syn* :—Agree, coincide, harmonize ; unite, join, combine, conspire ; approve, assent, acquiesce.

Concurrence, kon-kur'ens, *n.* মিলন ; যোগ ; Union ; conjunction ; combination :—সম্মতি ; Agreement or consent ; assent.

Concurrent, kon-kur'ent, *a.* সহগামী ; সহকারী ; সহযোগী ; অনুচর ; Co-operating ; accompanying. *ad*=concurrently.

Concussion, kon-kushun, *n.* [L. *con*, intensive, and *quatio*, to shake] দুই বস্তর অকস্মাৎ সংঘর্ষণে দারুণ আঘাত ; ধাক্কা ; A violent shock caused by the sudden contact of two bodies :—আঘাত ; The shock of some organ by a full or like cause :—আলোড়ন ; Agitation. *Syn* :—Shaking, agitating ; shock, crash, clash.

Concussive, kon-kusiv, *a.* কম্পনক্ষম ; বাধাকরণ-গুণসম্পন্ন ; আলোড়ক ; Having the power or quality of shaking ; agitating.

Condemn, kon-dem, *v. t.* [L. *con*, intensive, and *damno*, to damn] নিন্দা-কৃ ; দোষ-দে ; To censure ; to blame :—দণ্ডবিধান-কৃ ; To pronounce judicial sentence against :—অকর্মণ্য স্থির-কৃ ; To be unfit for use or service :—দোষী সাব্যস্ত-কৃ ; অপরাধী স্থির-কৃ ; To pronounce guilty :—বাজেয়াপ্ত হইয়াছে এইরূপ স্থির-কৃ ; To declare to be forfeited :—নামঞ্জুর-কৃ ; To reject. *Syn* :—Censure, reprove, reproach ; upbraid, doom, sentence, adjudge ; confiscate, forfeit.

Condemnable, kon-demna-bl, *a.* দণ্ডার্হ , Deserving of punishment :—নিন্দনীয় ; দোষী , Blamable ; censurable ; culpable.

Condemnation, kon-dem-nashun, *n.* নিন্দা ; Blame :—দণ্ড ; Punishment :—নিন্দার কারণ ; Cause of blame.

Condemnatory, kon-demna-tor-i, *a.* দণ্ডসূচক , নিন্দাসূচক ; নিন্দনীয় , Containing or implying condemnation.

Condensable, kon-densa-bl, *a.* ঘনীভূত হইবার যোগ্য ; ঘনত্ব প্রাপণীয় ; ঘনকরণীয় ; Capable of being condensed.

Condensation, kon-den-sashun, *n.* গাঢ়করণ , ঘনীকরণ ; ঘনত্ব ; ঘনত্বপ্রাপ্তি ; সংহনন ; The act of making more dense ; the state of being condensed ; compression.

Condensative, kon-den-sat-iv, *a.* ঘনকরণক্ষম , Having power or tendency to condense.

Condense, kon-dens, *v. t.* [L. *con*, intensive, *denso*, to make dense] ঘন-কৃ ; গাঢ়-কৃ , To make close, compact, thick or dense :—চাপিয়া ক্ষুদ্র আয়তন-কৃ ; To compress ; to reduce into a smaller compass :—*v. i.* ঘন-হ ; To become dense, close or compact ; to grow dense. *Syn* :—Compress, consolidate, contract, concentrate, abridge, reduce, epitomize ; thicken, inspissate, harden : —*a.* ঘন ; Dense.

Condenser, kon-denser, *n.* বাষ্প ঘন করিবার পাত্র ; A vessel for condensing vapour :—তাড়িত সংগ্রহ বা ঘন করিবার দ্রব্য ; An appliance for collecting or condensing electricity.

Condescend, kon-de-send, *v. i.* [L. *con*, intensive, and *descendo*, to descent] নম্র-হ ; প্রসন্ন-হ ; হীনতা স্বীকার-কৃ ; To stoop ; to yield ; to deign ; to vouchsafe ; to lower one's self ; bend.

Condescending, kon-de-sending, *a.* শিষ্টাচারী, শিষ্ট ; বিনীত, দাক্ষিণ্যপ্রদর্শক ; Complaisant ; courteous. *ad*=condescendingly.

Condescension, kon-de-senshun, *n.* শিষ্টাচার ; দাক্ষিণ্য ; শিষ্টতা ; নম্রতা ; অনুকম্পা ; Courtesy ; complaisance ; favour ; kindness to inferiors. *Syn* :—Submission, humiliation, obeisance ; deference, courtesy, graciousness, favour, civility.

Condign, kon-din, *a.* [L. *con*, wholly, *dignus*, worthy] যথার্থ ; উপযুক্ত ; গুণসম্পন্ন ; Deserved ; well-merited (applied to punishment). *ad*=condignly, *n*=condigness.

Condiment, kondi-ment, *n.* [L. *condio*, to preserve, to pickle] আচার ; চাটনি ; Sauce ; pickle ; seasoning.

Condition, kon-dishun, *n.* [L. *conditio*, to put together] অবস্থা ; State or situation :—গুণ ; Quality ; property ; attribute :—নিয়মপত্র, করার ; Term of agreement ; stipulation :—জীবনধারণের বিশেষ প্রকার ; A particular manner of living :—পদমর্যাদা ; পদবী ; Rank :—Something laid down as essential. *Syn* :—Circumstances, station, case, state, situation, plight, predicament, stipulation, article, terms, provision, arrangement :—*v. t.* নিয়ম-কৃ ; To stipulate ; to agree upon :—*v. i.* যে সর্ত্তে মিটমাট করিতে হইবে তাহা বলা ; To make terms.

Condition of sale—নীলামের চুক্তি বা সর্ত্ত ; উক্ত বিষয়ের চুক্তিপত্র , The terms on which it is proposed to sell property at auction ; also the instrument containing or expressing these terms.

On condition of, On condition that—এই সর্ত্তে যে , যদি , Upon the terms that ; provided that.

Conditional, kon-dishun-al, *a* সাপেক্ষ , নিয়মানুবর্ত্তী , Containing or depending on certain terms ; not absolute :—বিকল্পসূচক , (In grammar), expressing a condition or supposition *n*=conditionality. *ad*=conditionally.

Conditioned, *a.* বিশেষ অবস্থা বা গুণযুক্ত , Having a certain condition, state, or quality :—সম্বন্ধবিশিষ্ট ; নিয়মাপেক্ষী , In metaphysics having conditions or relations , subject to limitations.

Condolatory, *a.* সমদুঃখপ্রকাশক , Expressing condolence.

Condole, kon-dol, *v. i.* [L. *con*, with, and *delso*, to grieve] সহানুভূতি প্রকাশ-কৃ ; পরদুঃখে দুঃখিত-হ , To sympathise in sorrow ; to grieve with another in distress or misfortune.

Condolement, kon-dolment, **Condolence,** kon-dolens, *n.* সমদুঃখতা ; সহানুভূতি ; পরদুঃখে দুঃখপ্রকাশ ; Grief for another's sorrow. [giveness.

Condonation, kon-don-ashun, *n.* ক্ষমা ; Forgiveness.

Condone, kon-don, *v. t.* [L. *con*, *done*, to give] ক্ষমা-কৃ , To pardon , to forgive.

Condor, kondor, *n.* দক্ষিণ আমেরিকার গৃধ্র ; The vulture of South America.

Condottiere, *n. pl.* দস্যু ; In Italy, the leader of a band of mercenary soldiers, living by pillage ; a brigand.

Condottieri, *n.* সেনা-নায়কগণ ; Leaders of military adventurers in the 15th century.

Conduce, kon-dus, *v. i.* [L. *con*, together, and *duco*, *ductus*, to send] সাহায্য-কৃ ; আনুকূল্য-কৃ ; To lead or tend to ; to contribute. *Syn* :—Contribute, avail, tend, subserve.

Conducible, kon dusi-bl, *a.* অনুকূল, উপযোগী, জনক, আবহ, উন্নতিসাধক ; Leading or tending to,

having power to promote. *ad*=conducibly. *n*=conducibleness

Conductive, kon-dūsiv, *a*. উপযোগী, বর্দ্ধনকর, আবহ, জনক, উন্নতিসাধক, That may contribute, having a tendency to promote *ad*=conducively. *n*=conduciveness

Conduct, kon-dukt́, *v t* পথ প্রদর্শন-কৃ, পথ দেখাইয়া লইয়া যাওয়া, To lead or guide, to accompany and lead the way —আদেশ কৃ, To direct, to command —নির্ব্বাহ-কৃ, আচরণ-কৃ, To manage, to regulate —পথে সঙ্গে যাইয়া রক্ষা কৃ To escort, to accompany and protect on the way —সঞ্চালন কৃ, সঞ্চালিত কৃ, In electricity to carry or transmit —*v i* ব্যবহার-কৃ, To behave, act *Syn* —Escort, convoy, direct, control manage, administer, regulate, command, govern, preside over

Conduct, końdukt, *n* পরিচালন, পথ-প্রদর্শন, Guidance —সেনাপতিত্ব, Generalship, skilful guidance —রক্ষক, Convoy, guard, escort —আচরণ, ব্যবহার, Personal deportment, demeanour, behaviour —নির্ব্বাহকতা, Management *Syn* —Behaviour, carriage, bearing, deportment demeanour direction, administration, guard, escort, convoy

Safe conduct -Passport

Conductible, kon dukti bl, *a* সঞ্চালনীয় পরিচালনীয়, Capable of being conducted or transmitted *n* -conductibility

Conduction, kon-dukśhun, *n* সঞ্চালন, Transmission through a conductor, a, heat

Conductive, kon-duktiv, *a* সঞ্চালন গুণবিশিষ্ট বা সঞ্চালিকা শক্তিবিশিষ্ট, Having the quality or power of conducting *n*=conductivity

Conductivity, kon duk-tivi ti *n* বস্তুর তাপ এবং বিদ্যুৎ সঞ্চালন শক্তি, A power that bodies have of transmitting heat and electricity

Conductor, kon-duktor, *n* পথ প্রদর্শক, A guide —নায়ক, সেনানায়ক, A chief, a commander a leader —যানচালক, সারথি, A driver —কার্য্য নির্ব্বাহক, A manager, director —সঞ্চালনী শক্তিবিশিষ্ট পদার্থ, A substance capable of transmitting electricity, heat &c —বিজলীদণ্ড, A lightning-rod Fem=Conductress

Conduit, kondit, or kuń—, *n* [Fr *conduit*—L *conductus*—*conduco*, to lead.] জল-প্রণালী, পয়ঃনালা, পয়ঃ প্রণালী, A channel or pipe for the conveyance of water, a channel, a surface drain *Syn* —Channel, pipe, canal, duct, passage

Cone, kōn, *n* [Fr *cone*—L *conus*—Gr *kōnos*, a peak, a peg, from a root *ka*, to sharpen, allied to E. *hone*] সূচী ঘনক্ষেত্র, A solid pointed figure with a circular base —মোচাকৃতি ফল, Fruit shaped like a figure. [A rabbit.

Coney, Cony, kō'ni or kuńi, *n* শশক, খরগস,

Confabulate, kon fabū-lāt, *v i*. [L *con*, together, and *fabulor*, *fabulatus*, to talk—*fabula*, the thing spoken about] গল্প-কৃ; To chat, to talk familiarly *n*=confabulation

Confect, końfekt, *v. t.* মিঠাই-কৃ, রসে পাক-কৃ, To form into sweetmeats; to prepare with sugar.

Confect, końfekt, **Confection**, kon-fekśhun, *n*. [L *conficio*, *confectus*, to make up together —*con*, together, *facio*, to make] মিষ্টান্ন, মিঠাই; মোরব্বা, Sweetmeat, a comfit

Confectioner, kon-fekśhun-ėr, (B) **Confectionary**, *n*. মোদক, ময়রা, One who makes sweetmeats.

Confectionery, kon-fekśhun-ėr-i, *n*. মিষ্টান্ন; মিঠাই, Sweetmeats —মিঠাইয়ের দোকান, A place for making or sellings seetmeats.

Confederacy, kon fedėr-a si, *n* সন্ধি, ঐক্য; A league, alliance, a compact —সন্ধিসূত্রে বদ্ধ ব্যক্তি বা জাতি, The persons, states, or nations united by a league. *Syn* —League, covenant, compact, alliance, combination, coalition, conspiracy.

Confederate, kon-fedėr-āt [L *con*, together, *faedus*, *federis*, a league] সন্ধি কৃ, To ally —*v i* সন্ধি দ্বারা মিলিত-হ, সন্ধিতে যোগ দেওয়া, To unite in a league —*n* সহায়, মিত্র, An ally, an accomplice —*a* সন্ধিবদ্ধ, সন্ধিসূত্রে আবদ্ধ; Bound by treaty

Confederater states, *n* The eleven states, which revolted from the union in the late American war

Confederation, kon fed-ėr āshun, *n* সন্ধি, A league alliance —সন্ধিবদ্ধ ব্যক্তি বা জাতি, The parties to a league

Confer, kon-fer', *v t* [Fr —L. *confero*—*con*, together, and *fero*, to bring] দান-কৃ, অর্পণ-কৃ, To grant, to give, to bestow —*v i* কথোপকথন কৃ, পরামর্শ কৃ, To converse, to give, to consult or talk together *Syn* —Bestow, grant, award, vouchsafe, discourse, converse, deliberate, consult, advise with

Confer on, *v* পদ বা সম্মান দেওয়া, Give some post or honour to.

Confer with, *v* কাহারও সহিত মন্ত্রণা করা, Hold a consultation with one

Conference, końfer-ens, *n* কথোপকথন, Formal discourse —পরামর্শ ও বিচার করণার্থ সভা, A meeting for discussion [the same monastry

Conferes, *n* সহযোগী, Associates, brothers of

Confess, kon-fes, *v t* [L. *con*, signifying completeness and *fateor*—*fari*, to speak] অপরাধ স্বীকার-কৃ, To acknowledge, as a crime or fault —স্বীকার কৃ, To own or recognise, to admit —পুরোহিতের নিকট পাপ স্বীকার-কৃ, Make known, as sins to priest —পুরোহিত হইয়া পাপ স্বীকার শ্রবণ-কৃ, To hear a confession, as a priest —প্রমাণ কৃ, To prove, attest —সত্য বলিয়া স্বীকার কৃ, To admit, as true, to assent to —প্রকাশ-কৃ, To disclose —*v i*. অপরাধ স্বীকার করা, To make confession *ad*=confessedly. *Syn* —Admit, grant, allow, concede; avow, own, recognize, exhibit, declare, attest, prove.

Confess the faith—প্রকাশ্যে কোন ধর্ম্মে বিশ্বাস জ্ঞাপন কৃ, Declare publicly one's faith in a religion

Confession, kon-feshun, *n* অপরাধ স্বীকার, Acknowledgment, avowal —পুরোহিতের নিকট পাপ স্বীকার, Acknowledgment of sins to a

priest :—ধর্মমত স্বীকার ; ধর্মবিষয়ক বিশ্বাসের বিবৃতি ; A creed to be assented or signed.

Confessional, kon-feshun-al, *n.* দোষ স্বীকার শ্রবণার্থ পুরোহিতের আসন, The seat or inclosed recess where a priest hears confessions ; a confession-chair.

Confessor, kon-fesor, *n.* পাপ শ্রোতা পুরোহিত ; A priest who hears confessions :—খ্রীষ্টধর্ম বিশ্বাসী ; One who makes a profession of his faith in the Christian religion.

Confidant, konfi-dant, **Confidante,** *n.* বিশ্বস্ত বন্ধু ; A confidential or bosom-friend *fem*= confidante.

Confide, kon-fid, *v. i* [L *con*, signifying completeness, and *fido*, to trust] পূর্ণমাত্রায় বিশ্বাস-কৃ, নির্ভর-কৃ ; To trust wholly or have faith in, to rely :—*v t.* বিশ্বাস করিয়া কোন ব্যক্তির হস্তে সমর্পণ-কৃ, To intrust, or commit to the charge of.

Confide in, *v.* কাহাকে বিশ্বাস-কৃ, Believe or trust a person.

Confide to, *v* বিশ্বাস করিয়া বলা ; Intrust one with (a secret in the belief that it will not be given out), communicate to one confidentially —ভারার্পণ-কৃ, Intrust to one, with assurance of safe keeping or good management.

Confidence, konfi-dens, *n* বিশ্বাস, দৃঢ় বিশ্বাস ; Trust, reliance, belief :—বিশ্বাসভূমি, Ground of trust or reliance —আত্মনির্ভর, আত্মাবলম্বন, সাহসিকতা ; সাহস ; Assurance, self-reliance, boldness. *Syn* :—Alliance, assurance, expectation, hope ; trust, dependence, reliance, belief, faith, boldness, courage, assurance.

In confidence—বিশ্বাসপূর্ব্বক, গুপ্তভাবে, In secret trust ; confidentially, relying on one's secrecy.

To be in one's confidence—কাহারও বিশ্বাসভাজন হওয়া ; To enjoy the confidence of one, to be trusted by one

To have confidence in—বিশ্বাস থাকা, To have faith in :—প্রচুর বলিয়া বিশ্বাস থাকা, সত্য বলিয়া দৃঢ়বিশ্বাস থাকা, To have reliance on, as being sufficient, to have firm belief in, as being just.

To take into confidence—কাহাকে বিশ্বাস করিয়া মনের কথা বলা, To admit a person into one's secrets

To worm oneself into one's confidence—কলে কৌশলে কাহারও সহিত ভাব করা বা তাহার বিশ্বাসভাজন হ, To enter gradually by arts and insinuation into the confidence of a person

Confident, konfi-dent, *a.* অতি বিশ্বাসী, দৃঢ় প্রত্যয়ান্বিত, Truthful, trustful —সাহসী, Bold, relying on one's own ability —নির্লজ্জ, Bold to a fault, impudent, positive *ad*—confidently.

Confidential, kon-fi-denshal, *a* বিশ্বস্ত, গুপ্ত, Trustworthy, secret *ad*=confidentially *Syn*. —*Trustworthy, faithful ; private, secret*

Confidential communication—(Law) One made by a client to his counsel, solicitor, or attorney in professional confidence and which he is not permitted to divulge—called also *privileged* communication.

Configuration, kon-fig-ū-rāshun, *n* [L. *con*, together, and *figuro*, to form] বহিরাকৃতি ; বাহ্য আকার বা গঠন ; External form :—গ্রহগণের আপেক্ষিক অবস্থান বা দৃশ্য ; Relative position or aspects of the planets.

Confinable, kon-fina-bl, *a.* অবরোধ যোগ্য ; That may be confined.

Confine, konfin, *n.* [L. *con*, with, and *finio*, the end or boundary] ধার ; সীমা ; কিনারা ; Border, boundary or limit—generally used in the plural —*v. t.* বদ্ধ-কৃ, কারারুদ্ধ-কৃ ; To shut up, to fasten, to imprison :—*v. i.* সাধারণ সীমাবিশিষ্ট-হ, To have a common boundary. *Syn* :— (*n*) Limit, border, frontier, march. (*v.*) bound, limit, shut up, imprison, immure, incarcerate.

Confine (one) in—কারাগারে বদ্ধ-কৃ ; Imprison one in.

Confine (oneself) to—নির্দ্দিষ্ট সীমার ভিতরে থাকা, Restrict oneself to ; not to go beyond

Be confined to—বদ্ধ থাকা ; কোন কিছুর বাহিরে না যাওয়া, Be limited to

Be confined to one's bed or room—পীড়াপ্রযুক্ত শয্যা হইতে উঠিতে বা ঘর হইতে বাহির হইতে অক্ষম হওয়া, Be unable through illness to leave one's bed or room.

To be confined—আসন্ন প্রসবা হওয়া, To be in child-bed

Confinement, konfinment, *n.* অবরোধ ; কারাবন্ধন, নির্জ্জনবাস, Restraint, seclusion :—প্রসবাবস্থা, Restraint from going abroad by sickness, especially caused by child-birth —কয়েদ, Imprisonment.

Confirm, kon-ferm, *v. t* [Fr —L *confirmo*—*con*, intensive, and root of *firm*] দৃঢ়-কৃ ; To make firm, to strengthen —অনুমোদন-কৃ ; To ratify —নিশ্চিত-কৃ, To assure, to render certain —খ্রীষ্টান অধিকার প্রদান-কৃ, To admit to full Christain privileges by the laying on of hands *a*=confirmable *Syn* :—Strengthen, establish, fix, settle, verify, assure, bind, ratify.

Confirmed madcap—বদ্ধপাগল।

Confirmable, *a* দৃঢ়ীকরণোপযুক্ত প্রমাণার্হ, Capable of being confirmed.

Confirmation, kon-fer-māshun, *n* দৃঢ়ীকরণ, The act of confirming —প্রত্যয়জনক প্রমাণ, Convincing testimony, proof —অনুমোদন, সমর্থন, Ratification.

Confirmative, kon-ferma tiv, *a* দৃঢ়ীকরণক্ষম, Tending to confirm, having the power of confirming

Confirmatory, kon-fema-tor-i, *a.* সন্দেহভঞ্জক, সাহায্যকারী, পোষক, Affording additional proof, serving to confirm, corroborative.

Confiscate, kon-fiskāt, *v. t* [L. *con*, and *fiscus*, a basket, the public treasury] দণ্ডস্বরূপ রাজকোষভুক্ত কৃ, ক্রোক-কৃ, বাজেয়াপ্ত-কৃ, To adjudge to be forfeited to the state ; to forfeit to the commonwealth. *a*=confiscable *n*=confiscation.

Confiscate, kon-fiskāt, *a.* রাজকোষভুক্ত ; Forfeited to the public treasury.

Confiscator, konfis-kā-tor, *n.* ক্রোককর্ত্তা, যে রাজসরকারে বাজেয়াপ্ত করে ; One who confiscates.

Confiscatory, *a.* ক্রোককরণযোগ্য, Consigning to forfeiture.

Conflagration, kon-fla-gráshun, *n.* [L. *con*, intensive, and *flagro*, to burn] মহাগ্নি ; প্রকাণ্ড অগ্নিদাহ ; A great fire.

Conflagration in a forest—দাবাগ্নি।

Conflict, kon-flikt, *n.* প্রচণ্ড পরস্পর আঘাত ; Violent collision :—বিবাদ ; বিরোধ ; Contest ; strife ; combat :—মৃত্যু-যন্ত্রণা ; The last struggle of life ; agony. *Syn* :—Contest, collision, struggle, combat, strife, contention, battle, fight, encounter, engagement.

Conflict, kon-flikt́, *v. i.* [L. *con*, together, and *fligo*, to dash] সংগ্রাম-কৃ ; To meet in violent collision ; to clash :—বিরোধী-হ ; To contend ; to fight ; to contest. *Syn* :—Fight, contend, contest, struggle, combat, strive.

Dissolution, dis-ol-ū'shun, *n.* দ্রাবণ ; দ্রবীভূত করণ ; বিগলন , Act of dissolving or liquifaction : —সভা ভঙ্গ করণ ; The dispersion of an assembly : —বিশ্লেষ , বিনাশ ; ধ্বংস ; Decomposition ; destruction. *Syn* :—Melting, solution ; putrefaction, termination, breaking up , overthrow, extinction, death.

Dissolvable, diz-zolva-bl, *a.* দ্রবণীয় ; বিগলনীয় ; Capable of being melted.

Dissolve, diz-zolv, *v. t.* [L. *dis*, and *solvo*, to loose] পৃথক-কৃ ; ভঙ্গ-কৃ ; To separate ; to break up :—দ্রব-কৃ ; To melt or liquify :—ধ্বংস-কৃ ; To destroy :—বিযুক্ত-কৃ ; To disunite :—*v. i.* ভঙ্গ-হ ; To break up :—ক্ষয়প্রাপ্ত-হ ; To waste away :—মিলিয়া যাওয়া ; To melt :—চূর্ণ বা খণ্ড খণ্ড-হ ; To crumble :—অদৃশ্য-হ ; To disappear. *Syn* :—Liquify, divide, disorganize ; terminate ; ruin ; be melted ; fade away, disappear, vanish, crumble, perish.

Dissolvent, diz-zolvent, *a.* দ্রাবক ; Having power to melt or dissolve.

Dissonance, diso-nans, **Dissonancy,** *n.* বিস্বর ; অমিল ; অসঙ্গতি ; Discord ; disagreement.

Dissonant, diso-nant, *a.* [L. *dis*. apart, *sono*, to sound] কর্কশ ; বিস্বর ; শ্রুতিকটু ; অমিল ; Discordant ; inharmonious ; unpleasant to the ear ; harsh ; disagreeing.

Dissuade, dis-swād, *v t.* [L. *dis*, against, and *suadeo*, to advice] প্রতিনিবৃত্ত-কৃ , প্রতিকূলে পরামর্শ-দে ; To advise or exhort against.

Dissuade (one) from—কোন বিষয় হইতে নিবৃত্ত-কৃ ; Divert one by persuasion from anything.

Dissuasion, dis-swāzhun, *n.* প্রতিনিবৃত্ত করিবার পরামর্শ ; Advice against some thing.

Dissuasive, dis-swāziv, *a.* নিবর্তক , Tending to dissuade :—*n.* নিবর্তক বিষয় ; That which tends to dissuade. *ad*=dissuasively.

Dissyllabic, di-sil-labik, *a.* দ্বিমাত্রিক ; Of two syllables.

Dissyllable, dis-sila-bl, *n.* দ্বিমাত্রিকপদ ; A word of two syllables. *a*=dissyllabic.

Distaff, distaf, *n.* চরকা , টেকো ; Staff for spinning :—স্ত্রীলোক ; A woman.

Distain, dis-tān, *v t.* [L. *dis*, and *tingo*, to stain] কলঙ্কিত-কৃ ; মলিন-কৃ ; To stain ; to sully , to tarnish.

Distance, distans, *n.* [L. *distare*, to stand apart] দূরত্ব , Space between any two things ; remoteness :—সম্মান ; Respect :—আলাপ-বিমুখতা ; আলাপে অনিচ্ছা ; Reserve ; coldness ; ceremoniousness :—Interval of time :—*v. t.* দূরে ফেলা ; পশ্চাতে ফেলা ; To place at a distance ; to leave behind :—অতিক্রম-কৃ ; To surpass or excel. *Syn* :—(*n*) Separation, remoteness, space ; interval.

Keep at a distance—ঘনিষ্ট হইতে না দেওয়া ; Keep at arm's length ; not allow one to come into close contact or familiarity.

Distant, distant, *a.* [L. *dis*, apart, and *sto*, to stand] দূরস্থ ; Remote :—পৃথক্ ; Separate :—অনালাপী ; Reserved , cold .—লাজুক ; Shy :—অস্পষ্ট ; Indistinct. *Syn* :—Aloof, asunder, far, apart ; reserved, cold ; ceremonious, haughty ; slight, faint, indirect *ad*=distantly.

Distaste, dis-tāst, *n* অরুচি , বিরক্তি ; Dislike of food , dislike , disrelish , disgust —*v. t* অনিচ্ছা প্রকাশ-কৃ ; ঘৃণা-কৃ , To disrelish, to dislike, to loathe.

Distasteful, dis-tāstfool, *a.* অতৃপ্তিকর ; বিরক্তিকর ; Unpleasant to the taste ; offensive. *Syn* : —Nauseous, unpalatable, unsavoury ; lothsome, disgusting, repulsive. *ad*=distastefully. *n*=distastefulness.

Distemper, dis-tempėr, *n.* পীড়া ; Disease :—চিত্তবৈকল্য ; Ill humour :—*v. t.* পীড়িত-কৃ ; To

disorder :—কুপিত-কৃ ; To irritate; to derange the temper. *Syn* :—(*n*) Disorder, sickness, illness, malady, ailment, complaint.

Distend, dis-tend, *v. t.* [L. *dis*, asunder, *tendo*, to stretch] বিস্তার-কৃ ; স্ফীত-কৃ : To swell ; to spread :—*v. i.* স্ফীত-হ ; বিস্তৃত-হ ; To swell , to stretch. *Syn* :—Dilate, expand, enlarge, increase ; puff, inflate, stretch, widen, swell, bloat. [may be stretched.

Distensible, dis-teń-si-bl, *a.* প্রসারণীয় ; That

Distensive, dis-teńsiv, *a.* প্রসারক ; প্রসারণক্ষম বা প্রসারণীয় ; Capable of being stretched.

Distention, dis-teńshun, *n.* প্রশস্ততা ; বিস্তৃতি ; প্রসারণ ; The act of or state of being distended.

Distich, distik, *n.* [Gr. *dis*, twice, and *stichos*, a line, verse] দ্বিচরণ শ্লোক ; দ্বিচরণ কবিতা ; Two poetical lines making complete sense.

Distil, dis-til, *v. i.* [L. *de*, down, and *stillo*, to drop—*stilla*, a drop] ফোঁটা ফোঁটা করিয়া পড়া ; ধীরে ধীরে বহিয়া যাওয়া , To fall in drops ; to flow gently :—*v. t.* ফোঁটা ফোঁটা করিয়া ফেলা , To let fall in drops :—চুয়াইয়া বাহির-কৃ ; To extract by heat.

Distillation, dis-til-áshun, *n.* চুয়ান ; চোয়াইয়া বাহির করণ ; পরিষ্কৃত করণ ; Act or process of distilling , rectifition.

Distillatory, dis-tila-tōr-i, *a.* পরিশ্রুতকরণ সম্পর্কীয় ; তৎকার্য্যে ব্যবহৃত : Belonging to or used for distillation. [who distills.

Distillor, dis-tilér, *n* যে ব্যক্তি পরিশ্রুত করে , One

Distillery, dis-tiler-i, *n.* মদের ভাঁটিখানা বা কারখানা . Place for distilling.

Distinct, dis-tingkt', *a* স্বতন্ত্র ; পৃথক্ ; বিভিন্ন ; Separate , different :—নির্দ্দিষ্ট ; স্পষ্ট ; Defined , clear ; plain *Syn* :—Obvious, distinguishable, manifest, not dim, not obscure. *ad* = distinctly *n* = distinctness.

Distict from—অন্য রকমের ; Different from.

Distinction, dis-tingḱshun, *n.* পার্থক্য ; বিভেদ ; Separation, division :—প্রাধান্য ; শ্রেষ্ঠতা ; Eminence ; rank ; note ; superiority. *Syn* :—Discrimination ; renown, fame.

A distinction without a difference—এ দুইয়ে কোন প্রভেদ নাই অথচ পৃথক বলিয়া গণ্য ।

Distinctive, dis-tingḱ-tiv, *a* পার্থক্য প্রকাশক ; That marks distinction or difference. *ad*=distinctively. *n*=distinctiveness.

Distinguish, dis-ting'gwish, *v t.* [L *dis*, asunder, and *stinguo*, to prick] পৃথক-কৃ , প্রভিন্ন-কৃ ; স্বতন্ত্র-কৃ ; To separate or divide by some mark or quality :—বিচার-কৃ ; To discern critically ; to judge :—প্রসিদ্ধ-কৃ ; বিখ্যাত-কৃ ; To signalise ; to make eminent :—*v. i.* প্রভেদ-কৃ ; To make distinctions ; to find the difference. *Syn* :—Separate, devide ; characterize, mark, discriminate ; discern, perceive, recognize, signalize, honour, celebrate. [a distinction between.

Distiguish between—দুইয়ের প্রভেদ-কৃ ; Make

Distinguish from—দুইয়ের প্রভেদ-কৃ , Make a distinction between :—কোন বিশেষ লক্ষণের দ্বারা কাহাকে চিনিতে পারা ; Mark one out from others.

Distinguishable, dis-ting'gwish-a-bl, *a.* বিভেদনীয় ; প্রভেদনীয় ; That may be distinguished :—স্মরণীয় ; Worthy of special regard. *ad*=distinguishably.

Distinguished, dis-ting'gwisht, *a.* বিখ্যাত ; Conspicuous ; celebrated ; illustrious ; eminent. *Syn* :—Famous, transcendent, superior, extraordinary. [characteristic.

Distinguishing, *a.* বিশেষক ; প্রভেদ ; Peculiar ;

Distort, dis-tort', *v. t.* [L. *dis*, asunder, *tortus*, to twist] বিকৃত-কৃ ; স্বাভাবিক বা প্রকৃত গঠনের ব্যত্যয়-কৃ ; To twist out of a natural or regular shape : —প্রকৃত অর্থের ব্যত্যয়-কৃ ; অপহরণ-কৃ ; To wrest from the true meaning ; to pervert.

Distortion, dis-tor'shun, *n.* মোচড়ান ; বিকৃত করণ ; বক্রতা , A twisting out of regular shape ; visible deformity ; crookedness :—প্রকৃত অর্থের ব্যত্যয় ; A perversion of the true meaning of words. *Syn* :—Contortion ; wryness, deformity ; perversion, misrepresentation.

Distract, dis-trakt', *v. t.* [L *dis*, asunder, and *tratio*, *tractus*, to draw] নানা দিকে আকর্ষণ-কৃ ; To pull different ways at once :—হতবুদ্ধি-কৃ ; হয়রান-কৃ ; To confound ; to harass :—পাগল-কৃ ; To render crazy ; used in the p. p. ; distracted. *Syn* —Divert, discompose, confuse ; perplex ; disconcert, bewilder, disturb ; derange, madden. *a*=distracted, *ad*=distractedly.

Distraction, dis-trakśhun, *n.* হতবুদ্ধিতা ; গোলমাল ; State of being confused , confusion ; perplexity :—বৈকল্য ; ক্ষিপ্ততা ; Perturbation ; madness. *Syn* :—Alienation, aberration ; bewilderment, derangement, mania, agitation, commotion, disorder, dissension, discord, wandering, insanity, raving.

Distrain, dis-trāń, *v. t.* [L. *dis*, asunder, and *stringo*, to draw light] ক্রোক-কৃ ; To seize the persons or goods for debt or rent.

Distrainor, dis-trāńor, **Distrainer,** dis-trāńér, *n.* ক্রোককারী ; He who seizes goods for debt.

Distraint, dis-trānt, *n.* ক্রোক ; A seizure of goods for debt. [Distracted, perplexed.

Distraught, dis-trawt', *a.* বিকৃতমনা ; হতবুদ্ধি ;

Distress, dis-treś, *n.* অত্যন্ত ক্লেশ ; দারুণ যাতনা ; Extreme pain or suffering :—দুর্দৈব ; বিপৎপাত ; দুঃখ ; দুর্দ্দশা ; দারিদ্র্য ; Calamity ; adversity ; misfortune ; poverty —মাল ক্রোক ; The act of distraining goods :—*v. t.* ব্যথা-দে ; ক্লেশ-দে ; To afflict with pain or suffering :—মাল ক্রোক-কৃ ; To distrain :—হয়রাণ-কৃ ; দুঃখিত-কৃ ; To harass, to greive. *Syn* :—(*n*) Affliction, misery, trouble, grief, anguish ; agony, gripe ; privation, destitution, indigence, straits. (*v*) Pain, grieve, trouble, perplex ; take, seize, distrain.

Distressful, dis-treśfool, *a.* দুঃখজনক ; ক্লেশকর ; Calamitous. *ad*=distressfully.

Distribute, dis-tribūt, *v. t.* [L. *dis*, asunder, *tribo*, *tributus*, to allot] বণ্টন-কৃ ; ভাগ করিয়া দেওয়া ; To deal out ; to allot :—শ্রেণীবদ্ধ-কৃ ; To classify :—*v. i.* বিতরণ-কৃ ; To make distribution. *Syn* :—Dispense, deal, apposition, share, assign, administer ; arrange, assort, dispose.

Distributer, dis-tribū-tér, *n.* বণ্টনকারী ; বণ্টক ; One who distributes or deals out.

Distribution, dis-tri-bū'shun, *n.* বণ্টন, Allotment —শ্রেণীবদ্ধকরণ, Classification. *Syn* —Apportionment, dispensation, disposal, arrangement, disposition, grouping

Distributive, dis-trib'ū-tiv, *a.* বিভাজক, বণ্টনকারী, That divides or separates. *ad*=distributively

District, dis-trikt, *n.* [L. *distringo*, to draw tight] পরগণা, জেলা, প্রদেশ, পরগণা, A territorial division, a tract, a portion, a region —*v t* প্রদেশে বিভাগ কৃ, To divide into districts

Distrust, dis-trust', *n.* অপ্রত্যয়, অবিশ্বাস, সন্দেহ, Doubt, suspicion, want of faith —*v i* অপ্রত্যয়-কৃ, অবিশ্বাস-কৃ, সন্দেহ-কৃ, To disbelieve, to doubt *Syn* —(*v*) Mistrust, misbelieve, discredit, disbelieve.

Distrustful, *a* সন্দিহানচিত্ত, সন্দিগ্ধ, Suspicious. *n*=distrustfulness *ad*=distrustfully.

Disturb, dis-turb, *v t* [L *dis* and *turbo*, to agitate] গোলমাল-কৃ, বিরক্ত-কৃ, To perplex, to disquiet, to confuse, to vex *Syn* —Agitate, shake, derange, disorder, unsettle, discompose, disgust, trouble, incommode, interrupt, impede, hinder, distract *n*=disturber.

Disturbance, dis-turb ans, *n* গোলমাল, বিরক্তি, Tumult, disorder, perplexity. *Syn* —Agitation, confusion, commotion, perturbation, molestation, annoyance, disgust, interruption, hindrance, tumult, browl, uproar.

Disunion, dis-ūnyan, *n* অসংযোগ, অনৈক্য, পার্থক্য, Discord, disorder, separation *Syn* —Disjunction, severance, schism, breach, rupture

Disunite, dis-ū-nit', *v t* বিযুক্ত কৃ, To sever or sunder —*v i.* পৃথক হ, To part, to become separate *Syn* —Divide, part, sever, disjoin sunder, separate, detach, segregate, disconnect

Disusage, *n* অব্যবহার, Gradual cessation of use or custom

Disuse, dis-ūs', *n* অব্যবহার, প্রথা রাহিত্য, Neglect of use, cessation of use or custom —*v t* (dis-ūz) অব্যবহার-কৃ, To cease to use or practise

Ditch, ditch, *n.* খাত, পরিখা, পয়ঃপ্রণালী A trench cut in the ground, a moat —*v t* খাত কাটা, To dig a ditch in, to form ditches —*v.i* খাত খনন-কৃ, To make a ditch [ditches

Ditcher, dicher, *n* খাত খননকারী, One who digs

Ditheism, di-the-izm, *n.* [Gr *di*, two, *theos*, a god] ঈশ্বর-বাদ, The doctrine of the existence of two gods

Dithyrumb, dith-ram, **Dithyrumbus,** dith-i-rambus, *n* সঙ্গীত বা কবিতা বিশেষ, An ancient Greek hymn in honour of Bachus *a*=dithyrambic (প্রচণ্ড, Wild and boisterous).

Ditto, ditō, contracted **Do,** *n* [L *dico*, to say] ঐ বিষয়, The same thing —*ad* পূর্ব্বোক্ত প্রকারে, In like manner

Cry ditto—অন্যে যাহা বলে তাহাতে সায় দেওয়া, Say the same, aquiesce in what another says

Say ditto to—সায় দেওয়া, Assent to

Ditty, diti, *n* [L *dicto*, to dictate] গীত, গীতিকবিতা, A song, a poem to be sung.

Diuretic, di-ū-ret'ik, *a* [Gr *dia*, through, and *ouron*, urine] মূত্রবৃদ্ধিকারক, Having the power to promote flow of urine —*n.* মূত্রবৃদ্ধিকারক ঔষধ, A medicine that increases the discharge of urine

Diurnal, di-ur'nal, *a* [L *dies*, a day] দৈনিক; দৈনন্দিন, Daily —*n* দৈনিক হিসাব, A journal, a day-book *a*=diurnally

Divan, di-van, *n* বিচারালয়, A court of justice —তুরস্ক রাজসভা, A council chamber or hall, the great council of the Turkish Empire —ধূমপানাগার, A smoking room —কাব্যসংগ্রহ, A collection of poems

Divaricate, di-var'i-kāt, *v i* [L *dis*, and *varico*, to spread the legs] দুই শাখায় বিভক্ত হওয়া, Divide into two, fork, open wide —*v t.* দুই শাখায় বিভক্ত-কৃ, To divide into two branches —*n* A widely divergant *Syn* —Fork, diverge, branch off *n*=divarication.

Dive, div, *v i* জলমগ্ন হ, To plunge into water, to sink —কোন বিষয়ে গম্ভীরভাবে প্রবেশ কৃ, To go deep into any subject, penetrate

Diver, div-er, *n.* ডুবারী, One who dives —পানকৌড়ি বিশেষ, A waterfowl

Diverge, di-verj, *v i* [L *dis*, asunder, *vergo*, to incline] এক বিন্দু হইতে নানা দিকে ব্যাপ্ত হ, Spread or go several ways from one point —পৃথক্‌ভাবে উঠাইয়া-যা, To incline or turn asunder *Syn* —Radiate, divaricate, branch off, wander from, deviate, depart. *ad*=divergingly

Divergement, Divergence, di-verjens **Divergency,** di-verjen-si, *n* নানা দিকে প্রসারণ প্রবণতা, বহুদূরে প্রসার, Tendency to recede from one point, going further apart

Divergent, di-verjent, *a.* প্রসারণশীল, Receding from one point

Divers, di verz, *a* নানা প্রকার, একাধিক, Various, sundry, more than one but not many

Diverse, divers *a* অসম, ভিন্ন, Unlike, dissimilar —নানাবিধ, বহুরূপী, Various, multiform *ad*=diversely.

Diversion, di-ver' hun, *n* আমোদ, খেলা বিশ্রাম, Amusement, play, recreation —প্রধান আক্রমণস্থল হইতে শত্রুর মন আবর্ষণ The act of drawing the attention of the enemy from the point of attack —গতি পরিবর্তন, The act of turning aside *Syn* —Disgression, entertainment, pastime, game, sport, play

Diversified, *p a* চিত্র বিচিত্র, Distinguished by various forms or by variety of aspects

Diversify, di ver si fi, *v t* [L *diversus*, and *facio*, to make] বিভিন্ন কৃ, প্রভেদ-কৃ, চিত্র বিচিত্র কৃ, To give variety, to vary *n*=diversification

Diversity, di-ver si-ti, *n.* বিভিন্নতা, প্রভেদ, অসাদৃশ্য, Difference, variety, unlikeness. *Syn* —Dissimilitude, variation, dissimilarity, multiformity

Divert, di vert, [L *dis*, aside, and *verto*, to turn] নিবৃত্ত-কৃ, To turn aside —আমোদিত-কৃ, বিনোদিত-কৃ, To amuse, to entertain —বিষয়কর্ম্ম বা পড়াশুনা হইতে মনের গতি পরিবর্ত্তন-কৃ, To turn the mind from business or study. *Syn* .—De-

flect ; please, gratify, delight, recreate. *a*=diverting. *ad*=divertingly.

Divert to or **into**—এক বিষয় হইতে অন্য বিষয়ে ফেরান ; Turn off from one subject to another.

Diverting, *a.* আনন্দজনক ; Amusing.

Dives, *n.* A rich miserly sinner.

Divest, di-vest′, *v. i.* [L. *dis*, and *vestio*, to clothe—*vestis*, a garment] উলঙ্গ-কৃ ; বিবস্ত্র-কৃ ; To strip, as of clothes ; arms :—বঞ্চিত-কৃ ; To deprive ; to dispossess. *n*=divestiture.

Divest of—কোন বেশ ত্যাগ-কৃ ; Strip oneself of (as clothes) :—পরিহার-কৃ ; Leave of .—বর্জ্জিত-কৃ ; Deprive of :—মুক্ত-কৃ ; Free from.

Divide, di-vīd, *v. t.* [L. *dis*, asunder and *viduare*, to part] পৃথক্-কৃ ; To separate ; to disunite :—বণ্টন-কৃ , To allot :—দুই অংশে বিভক্ত-কৃ ; To separate into two parts :—*v. i.* বিখণ্ড-হ , বিভক্ত-কৃ , বিদীর্ণ হও ; To part ; to sunder :—উদ্ঘাটন-কৃ ; To open. *Syn* :—Sever, sunder, cleave, disect ; deal out, distribute, share, allot, apportion.

Dividend, divĭ-dend, *n.* হিস্সা ; উত্তমর্ণকে ঋণ-পরিশোধে অসমর্থ ব্যক্তির সম্পত্তির যে অংশ প্রদত্ত হয় ; A share of a sum divided ; a part or share divided to creditors out of the estate of a bankrupt :—ভাজ্য ; The sum to be divided.

Divider, di-vīdĕr, *n.* বিভাজক ; ভাজক ; He or that which divides ; a distributor.

Divination, divĭ-nā-shun, *n.* ভবিষ্যৎ কথন ; ভবিষ্যদ্বাণী , Fortelling future events ; prediction ; conjecture. *Syn* :—Augury, presage, prophecy.

Divine, di-vīn, *a.* [L. *divinus*, from *divus*, *deus*, a God] স্বর্গীয় ; ঐশ্বরিক , Heavenly ; belonging to the deity :—পবিত্র ; Holy ; sacred .—অনুপম, সর্ব্বোৎকৃষ্ট , Excellent .—*n.* ধর্ম্মপ্রচারক ; ধর্ম্মযাজক ; A minister of the gospel ; a clergyman ; a theologian :—*v. t.* ভবিষ্যৎ বলা ; To foretell or predict .—*v. i.* গণকের ব্যবসা-কৃ ; পূর্ব্বসূচনা পাওয়া , To practise divination ; to have forebodings. *Syn* :—(*a*) Godlike, spiritual, supernatural, superhuman :—(*v*) Fortell, predict, presage ; conjecture, guess, surmise, fancy, suspect, suppose. *ad*=divinely.

Divine faith, *n.* ধর্ম্মমত বিশেষ ; The new form of religion established by Akbar, based upon natural theology. [divination ; a conjecturer.

Diviner, di-vīn-ĕr, *n.* গণক ; One who practises

Diving-bell, dīving-bel, *n.* নিমজ্জন-যন্ত্রবিশেষ ; A bell-shaped hollow vessel in which one may descend into and perform various operations under water ; a machine for diving.

Divining-rod, di-vīning-rod, *n.* ভূগর্ভস্থ জল এবং ধাতব্যপদার্থ আবিষ্কার করণার্থ ভূতত্ত্ববিৎ কর্ত্তৃক ব্যবহৃত দণ্ড বিশেষ ; A rod usually of hazel used by those professing to discover water or metals under ground , a forked rod, used by seekers for water or metals underground.

Divinity, di-vini-ti, *n.* ঈশ্বর, Godhead ; God :—ধর্ম্মবিষয়ক বিদ্যা ; ধর্ম্মতত্ত্ব , Theology.

Divisibility, di-viz-i-bil′-ti, *n.* বিভাজ্যতা ; Quality of being divisible.

Divisible, di-vizi-bl, *a.* বিভাগযোগ্য ; Capable of being divided. *n*=Divisibility (বিভাজ্যতা) *ad*=divisibly.

Division, di-vizh-un, *n.* বিভাগ করণ ; Act or state of being divided :—বিভাগ ; প্রাচীর ; প্রাকার ; A partition ; a barrier :—অমিল ; বিবাদ ; Disunion ; discord :—সৈন্যদল ; A portion of an army, commanded by a general officer :—ভাগহার হরণ ; A rule in Arithmetic. *Syn* :—Separation ; bisection ; difference, variance ; compartment, section, share.

Divisional, di-vizhun-al, *a.* প্রদেশ সম্বন্ধীয় ; প্রাদেশিক ; বিভাগ সম্বন্ধীয় ; Pertaining to or marking a division or separation.

Divisive, di-vī′ziv, *a.* বিবাদসূচক ; বিবাদজনক ; বিভাজক ; Creating division or discord.

Divisor, di-vī′zor, *n.* ভাজক ; In Arithmetic the number by which the dividend is divided.

Divorce, di-vōrs, *n.* বিবাহ বন্ধনচ্ছেদ ; আইনানুসারে দম্পতির বিচ্ছেদ ; A legal separation between husband and wife ; the sentence dissolving the marriage :—প্রভেদ ; Separation ; disunion of things closely connected :—*v. t.* বিবাহ বন্ধনচ্ছেদ-কৃ ; বিবাহচুক্তি ভঙ্গ-কৃ ; বিতাড়িত-কৃ ; To dissolve the marriage bond ; put away :—পৃথক্-কৃ ; To separate , to sunder. *n*=divorcement. *Syn* :—(*v*) Disunite, sunder, sever, disconnect, part.

Divorcement, di-vōrsment, *n.* বিবাহবন্ধন-ছেদন ; Divorce.

Divulge, di-vulj′, *v. t.* [L. *dis*, among, and *vulgus*, the common people] প্রকাশ-কৃ : প্রচার-কৃ ; To reveal ; to disclose. *Syn* :—Publish, communicate, impart, declare, expose, proclaim, promulgate.

Divulsion, di-vul-shun, *n.* [L. *dis*, asunder, and *vello*, *vulsus*, to pull] বিদারণ ; The act of rending asunder. *a*=divulsive

Divulsive, di-vulsiv, *a.* বিদারক ; That pulls asunder. [ness.

Dizziness, dizi-nes, *n.* ঘূর্ণি ; বুদ্ধিভ্রান্তি ; Giddi-

Dizzy, dizi, *a.* সদসদ্বিচারাক্ষম ; ঘূর্ণমান ; হতবুদ্ধি ; Giddy , confused —উদ্ভ্রান্ত ; অবিবেক ; অনবহিত ; Unthinking ; heedless —*v. t.* বিভ্রান্ত-কৃ ; হতবুদ্ধি-কৃ : To make giddy , to confuse.

Do, dōō, *v. t* করা , সম্পাদন-কৃ ; নিষ্পাদন-কৃ ; শেষ-কৃ ; To act ; to practise ; make ; finish :—পাক সম্পাদন-কৃ ; To cook completely :—অনুবাদ-কৃ ; To translate :—প্রস্তুত-কৃ ; To prepare :—প্রযুক্ত-কৃ ; To put forth :—দান-কৃ ; To bestow :—উপার্জ্জন-কৃ ; To achieve —*v. i.* ব্যবহার-কৃ ; To act or behave :—স্বাস্থ্য সম্বন্ধে অবস্থিত হওয়া , To fare or get on, as to health .—সফল-হ ; To succeed :—অভিপ্রায় সিদ্ধ-কৃ ; To answer an end ; to accomplish a purpose .—উপযোগী-হ ; To suit or avail. *Syn* :—Effect, accomplish, complete, conclude, end ; transact, carry ; confer, grant ; render, translate.

Do a thing by halves—কোন কাজ অসম্পূর্ণভাবে-কৃ , To do a thing partially, not thoroughly.

Do as you would be done by—যে ব্যবহার তুমি অন্যের নিকট প্রত্যাশা কর সেই ব্যবহার তুমি অন্যের

প্রতি প্রদর্শন কর ; Treat others as you wish others to treat you.
Do away—অপসৃত-কৃ ; নষ্ট-কৃ ; Remove or destroy.
Do away with—নষ্ট-কৃ ; লোপ-কৃ ; Destroy ; get rid of ; remove.
Do battle for—কোন বিষয়ের জন্য লড়া, Fight for.
Do by—ব্যবহার-কৃ ; Treat.
Do for (a man)—দফা রফা-কৃ ; Ruin or baffle a man completely.
Do honour—সম্মান কৃ ; Treat with respect.
Do justice—ঠিক বলা ; Give credit for one's deserts ; to speak justly.
Do off—পরিত্যাগ-কৃ ; Put off ; doff off.
Do on—পরিধান-কৃ ; Put on, to don on.
Do one a good turn—দয়া-কৃ ; Perform an act of kindness to a person.
Do one good—উপকার-কৃ ; Benefit.
Do one's best—যথাসাধ্য-কৃ ; Do all one can.
Do one's bidding—আদেশ পালন-কৃ ; Obey.
Do one's heart good—সন্তুষ্ট-কৃ ; Please one.
Do (one) to death—মেরে ফেলা ; Kill.
Do out of—প্রতারণা-কৃ ; Cheat.
Do over—পুনরায়-কৃ ; Perform a second time.
Do the honours of the house—অতিথি সৎকার-কৃ ; Play the host.
Do the office of—সকল সিদ্ধি-কৃ ; উদ্দেশ্য সাধন-কৃ ; Serve the purpose of ; fulfil the end of.
Do up—বাঁধা ; বন্ধন-কৃ ; To pack together ; to shut up :—কার্য্য-কৃ ; Execute :—নষ্ট-কৃ, Destroy.
Do violence to—অত্যাচার বা বল প্রয়োগ-কৃ ; To outrage, to force.
Do well—কৃতকার্য্য-হ, Prosper ; succeed :—সুবিধাজনক-হ ; To be for one's interest advantage.
Do with—নিয়োগ-কৃ ; Dispose of ; employ :—সংস্রবে থাকা ; Be concerned.
Do without—কোন ব্যক্তি বা বস্তু না হইলে চলে ; ব্যতিরেকে ; Dispense with ; get along without.
A to do—বৃথা হাঙ্গামা ; A fuss.
Have done with—সংস্রব শেষ-কৃ ; Have no further concern with :—ইহাতে আর কাজ নাই ; Have finished.
Have to do with—সংস্রব থাকা ; Have concern or business with, have to deal with.
How do you do—তুমি কেমন আছ ? How are you in health.
What to do with—কিরূপে ব্যয় করা বা ব্যবহার করা যাইতে পারে ; How to dispose of, what use to make of.
Done brown—প্রতারিত-হ ; Cheated throughly.
Done for—নষ্ট-কৃ ; পরাজিত-হ ; Ruined ; killed ; defeated.
Done into—অনুবাদ-কৃ ; Translate.
Done over or **up**—ক্লান্ত-হ ; Exceedingly wearied, or exhausted.
Done to death—হত ; Killed.
Doab, *n.* উভয় নদীর সঙ্গম স্থান ; ভিন্ন প্রদেশ ; In India a tongue of land between the confluence of rivers.
Docile, dō'sil, *a.* [L. *doceo,* to teach] শিক্ষাপ্রবণ ; শিক্ষণীয় ; সহজে দমনীয় ; শিক্ষাক্ষম ; Teachable ; tractable ; pliable. *Syn* :—Apt ; obedient, pliant, amenable.
Docility, do-sil-i-ti, *n.* শিক্ষাপ্রবণতা ; Aptness.
Dock, dok, *n.* আগাছা বিশেষ ; A troublesome weed :—আদালতে অপরাধীদিগের দাঁড়াইবার স্থান ; বিচারালয়ে আসামীর কাটগড়া ; Bar of a criminal court :—পোত সংস্কার স্থান ; Place for building or laying up ships :—পশ্বাদির লেজ ছাঁটা ; Cut tail of a horse :—*v. t.* ছাঁটা ; To curtail ; to cut off ; to clip. *Syn* :—(*v*) Abbreviate, abridge, lesson ; curtail, lop. [for the use of a dock.
Dockage, dŏk'āj, *n.* ডকের ভাড়া ; Money paid
Docket, doket, *n.* সংক্ষেপ বিবরণ ; সার সংগ্রহ ; A summary of a longer writing :—দ্রব্যাদির উপর লিখিত নিদর্শন-পত্র ; A bill, tied to goods, containing some direction ; a label :—বিচারালয়ে মোকদ্দমার তালিকা ; A list or register of cases in court :—*v. t.* সংক্ষেপ-কৃ ; To make a summary of the heads of writing. [in hand.
On the docket—বিবেচ্য ; Under consideration ;
Dockyard, dokyard, *n.* নৌ নির্ম্মাণ স্থান ; A place or yard where ships are built and naval stores are deposited.
Doctor, doktur, *n.* [L. (*lit*) a *teacher*—*doceo,* to teach] চিকিৎসক, ডাক্তার ; A physician :—পণ্ডিত, A learned man :—সর্ব্বোচ্চ উপাধিপ্রাপ্ত ব্যক্তি ; One who has received from a university the highest degree in a faculty :—*v. t* চিকিৎসা-কৃ ; আরোগ্য-কৃ ; To tend or treat as a physician ; to treat :—ভুল-কৃ ; To temper with, falsify :—*v. i.* To practise physic.—(*fem*) Doctoress, Doctress.
After death the Doctor—অতি বিলম্বে ; Too late.
Doctor's commons—জজদিগের আফিস, The official residence and office of the judges of various courts.
Doctorate, doktur-āt, *n.* চিকিৎসকের পদ, ডাক্তারের উপাধি ; Degree of a doctor.
Doctrinaire, *n* মতাবলম্বী ; নবমত প্রবর্ত্তক ; A propounder of a new set of opinions ; one who rigidly applies to practical purposes the abstract doctrines of his own philosophical system, a political theorist.
Doctrinal, doktrin-al, *a* মত সম্বন্ধীয় ; শিক্ষা সম্বন্ধীয় ; Pertaining or containing doctrine. *adv* doctrinally.
Doctrine, doktrin, *n.* মত ; Any tenet or dogma :—ধর্ম্মশাস্ত্রের সত্য বিশেষ ; One of the truths of the gospel :—শিক্ষা, Learning. *Syn* :—Precept, principle, opinion, article, tenet.
Document, dok-ū-ment, *n.* প্রমাণ ; দলিল ; Evidence ; record ; proof :—*v. t.* প্রমাণ-কৃ ; To furnish with documents.
Documental, dok-ū-men'tal, **Documentary,** dok-ū-men'tar-i, *a.* দলিল-সম্বন্ধীয়, দলিল-সংক্রান্ত ; Relating to or found in documents.
Dodecagon, dō-deka-gon, *n.* সমদ্বাদশভুজ ক্ষেত্র ; A plane figure having twelve equal angles and sides.
Dodecahedron, *n.* দ্বাদশ সমভুজ বিশিষ্ট ঘন ক্ষেত্র ; A regular figure having twelve equal bases or sides.
Dodge, doj, *v. i.* বাকচাতুরী-কৃ ; To quibble ; to be evasive :—হঠাৎ স্থান পরিবর্ত্তন-কৃ ; To start suddenly aside :—*v. t.* স্থানান্তরে অপসরণ দ্বারা ব্যর্থ-

কৃ; স্থান পরিবর্ত্তন দ্বারা পরিহার-কৃ ; To evade by a sudden shift of place :—*n.* ছল ; বাক্চাতুরী ; An evasion ; a trick ; a quibble. *n*=dodger.

Dodo, *n.* পক্ষীবিশেষ ; A large bird, of Mauritius and Madagasar, now extinct.

Doe, dō, *n.* হরিণী ; মৃগী ; The female of the fallow-deer or buck.

Doeskin, dō'skin, *n.* মৃগচর্ম্ম ; পাজামার জন্ম বুনা কাপড় ; The skin of a doe, a twilled cloth for trouserings.

Doff, dof, *v. t.* খুলিয়া ফেলা ; পরিত্যাগ-কৃ ; To take off as the hat, to get rid of ; to divest ; to strip.

Dog, dog, *n.* কুকুর ; A well-known domestic animal :—অবজ্ঞাসূচক বাক্য ; A term of contempt ; man in reproach :—নক্ষত্র-পুঞ্জ ; A star cluster — ইন্ধন ধারণ জন্ম লৌহ-শলাকা বিশেষ ; Andiron ; iron hook for holding wood in a fire place :—Catch or clutch for machinery .—*v. t.* অনুসরণ-কৃ ; পুনঃ পুনঃ প্রার্থনা দ্বারা উত্যক্ত-কৃ ; To follow the footsteps like a dog ; to worry with importunity.

Dog berry, *n.* ফল বিশেষ ; The berry of the dog wood. [dog-rose.

Dog-brier, dog'-bri'ér, *n* বন গোলাপ ; The

Dog-cart, dog'kart, *n.* শকট বিশেষ , A light one horse carriage ; a carriage with a box for holding sportmen's dogs. [Very cheap.

Dog-cheap, dog'chēp, *a.* ভারি সস্তা , অতি সুলভ ,

Dog-days—দিন বিশেষ , The part of the summer from about the beginning of July to the middle of August, when the Dogstar rises and sets with the sun. [species of shark.

Dog-fish, dog'fish, *n.* হাঙ্গর বিশেষ ; A small

Dog-fox—শৃগাল ; Male fox.

Dog latin—অপকৃষ্ট লাটিন ভাষা , Barbarous Latin.

Dog one's step—পায় পায় অনুসরণ-কৃ , To follow at one's heels. [species of wild rose

Dog-rose, dog'rōz, *n.* বন্য গোলাপ বিশেষ , A

Dog sick—অত্যন্ত পীড়িত , Sick as a dog

Dog-sleep, dog'slēp, কপট নিদ্রা ; কৃত্রিম নিদ্রা , Pretended sleep. [called the Sirius

Dogstar, dog'star, নক্ষত্র বিশেষ , The bright star,

Dog-trick, dog'trik, *n.* পাশবাচার , Brutal treatment [hours

Dog-watch—দুই ঘণ্টা পাহারা ; Watch of two

Dog weary— অত্যন্ত ক্লান্ত , Tired as a dog.

Dog s ear, dog'-ēr, পুস্তকের কান মোচড়ান , পুস্তকের পাতার দোমড়ান কাণ ; The corner of a leaf of a book turned down —*v. t.* কোণ দোমড়াইয়া রাখা , To turn down the corners of leaves in a book

Dog's meat, dog'smēt, কুকুরের খাদ্য , কদর্য্য খাদ্য , Meat for dogs , refuse meat.

A dog in the manager—আপনিও খাইবে না, অন্যকেও খাইতে দিবে না , আপনিও করিবে না বা অন্য কাহাকেও করিতে দিবে না , A selfish person will not allow others to enjoy what he himself does not , one who will not allow others to do what he himself will not ; one who cannot use or enjoy something and yet will not allow others to do so.

Go to the dogs—গোল্লায় যাওয়া ; অধঃপাতে যাওয়া।

Throw (or send) to the dogs—দূর করিয়া ফেলিয়া-দে ; Throw away (as useless)

Dogged, *n.* dog'ed, *a.* অবিনীত ; একগুঁয়ে ; উগ্র ; Sullen ; obstinate ; surly. *ad*=doggedly, *n*= doggedness.

Doggerel, dog'ér-el, *n.* অসৎ কাব্য ; Worthless verses .—*a.* নিকৃষ্ট ; নীচ , Mean.

Doggish, dog'ish, *a.* পশুবৎ ; পাশব ; অসভ্য ; Like a dog , charlish ; brutal. *ad*=doggishly, *n*= doggishness. [Venice and Genoa.

Doge, *n.* Formerly, the chief magistrate in

Dogma, dog'ma, *n.* মত ; ধর্ম্মমত ; A doctrine ; a tenet , a maxim.

Dogmatic, dog-mat'ik, **Dogmatical,** dog-mat'ik-al, *a.* স্বমত পোষক ; Positive :—গর্ব্বিত ; Arrogant , overbearing. *Syn* —Authoritative, oracular, categorical, formal, positive, peremptory, magisterial, arrogant, overbearing.

Dogmatise, dog'ma-tīz, *v. t.* নিশ্চয়রূপে বলা ; স্বমত প্রকাশ-কৃ ; To assest positively ; to teach with arrogance. *n*=dogmatiser.

Dogmatism, dog'ma-tizm, *n.* স্বমতাভিমানিতা ; স্বমতে স্থিরনিশ্চয়তা , স্বীয় মতের নিশ্চিত কথন ; Positive assertion

Dogmatist, dog'ma-tist, *n.* যে নিশ্চয় করিয়া বলে ; স্বমতে স্থিরনিশ্চয় , স্বমত প্রকাশক ; One who makes positive assertions.

Doily, doi'li, *n.* এক প্রকার ছোট রুমাল ; A small napkin generally coloured, used with fruit and wine.

Doings, dōō'ingz, *n. pl.* কার্য্য ; ঘটনা ; আচরণ ; উত্তেজনা , Actions, events ; behaviours, stir.

Doit, doit, *n.* মুদ্রাবিশেষ , অকিঞ্চিৎকর দ্রব্য ; A Dutch coin worth about half a farthing ; a thing of little or no value.

Doldrums, *n.* (*pl*) A part of the ocean near the equater, abounding in calms, squalls and light baffling wind.

To be in the doldrums—বিরক্ত-হ ; To be in a state of listfulness , to be bored.

Dole, dōl, *v. t.* [A S. *dollan*, to divide] বণ্টন-কৃ , To distribute in small portions :—*n.* ক্ষুদ্র অংশ , A share distributed , a small portion :— দান , Alms. *Syn* —(*n*) Dealing, apportionment , part, share, portion , gift, pittance ; gratuity , grief, sorrow, distress, affliction.

Doleful, dōlfōōl, *a.* দুঃখজনক , বিষাদময় , কষ্টকর ; Melancholy , rueful , piteous. *Syn* —Rueful, woful, sad, gloomy, dolorous, dismal. *ad*=dolefully *n*=dolefulness.

Dolesome, dōlsum, *a.* দুঃখপূর্ণ , বিষণ্ণ , Dismal ; gloomly *ad*=dolesomely

Doll, dol, *n.* পুত্তলিকা , ছেলের খেলার পুতুল ; A puppet or image of a body for a child.

Dollar, dolar, *n.* মুদ্রাবিশেষ , A silver coin in the United States, worth 100 cents or about 4*s.* 2*d.* sterling.

Dolmen, dolmen, *n.* প্রাচীন প্রস্তর নির্ম্মিত টেবিল্ বিশেষ , An ancient table made of stone.

Dolomite, dolo-mit, *n.* এক প্রকার চূর্ণ প্রস্তর ; A magnesiam limestone.

Dolor, Dolour, dō'lor, *n.* দুঃখ ; ক্লেশ ; কষ্ট ; Anguish , pain ; grief.

Dolorific, dol-or-if'ik, **Dolorifical,** *a.* [L.

dolor, grief, *facio*, to make] শোকসূচক ; দুঃখজনক ; Causing or expressing pain.

Dolorous, dolor-us, *a.* দুঃখজনক ; বিষাদময় ; Doleful ; painful. *Syn* :—Dismal, sorrowful, distressing, pitiful ; woful, rueful, lugubrious. *ad*=dolorously. [mamal fish.

Dolphin, dolfin, *n.* তিমি জাতীয় মৎস্যবিশেষ ; A

Dolt, dōlt, *n.* বোকা লোক ; নির্ব্বোধ ব্যক্তি ; A blockhead ; a stupid person. *Syn* :—Dunce, numskull, ignoramus, dunce, dullard, simpleton.

Doltish, dōlt'ish, *a.* মূর্খ ; নির্ব্বোধ ; Dull ; stupid *n*=doltishness.

Domain, do-māń, *n.* [L. *dominisum*, property] রাজ্য ; দেশ ; অধিকৃত ভূভাগ ; An estate ; empire ; dominion.

Dome, dōm, *n.* [Gr. *domus*, a house, a temple —Gr. *demo*, to build] গম্বুজ ; Concave or ball-shaped ceiling :—অট্টালিকা ; প্রাসাদ ; খৃষ্টীয় উপাসনালয় ; A building ; a house ; a cathedral.

Domed, dōmd, *a.* গম্বুজবিশিষ্ট ; Having dome.

Domes day—See doomsday.

Domestic, do-meśtik, *a.* [L. *domus*, a house] গৃহপালিত ; Tame :—স্বদেশীয় ; Not foreign :—গুহ্য ; Private :—পরিবারভুক্ত ; গৃহসম্বন্ধীয় ; গার্হস্থ্য ; Devote to home duties or relations ; pertaining to the house or home :—*n.* দাস ; ভৃত্য ; A servant in the house :—*pl.* Articles of home manufacture. *Syn* :—Domiciliary, private ; domesticated ; intestine, not foreign ; fond of home. *ad*=domestically. *n*=domesticity.

Domesticate, do-meśtik-āt, *v. t.* গৃহপালিত-কৃ ; পোষা ; ঘনিষ্ট-কৃ ; To tame ; to make familiar. *n*=domestication. [at one's home.

Domesticated, *a.* গৃহপ্রিয় ; Fond of remaining

Domesticity, *n.* পারিবারিক জীবন ; State of being domestic ; household act or life.

Domicile, domi-sil, *n.* [L. *domus*, a house] গৃহ ; বাসভূমি ; A house ; a residence :—*v. t.* কোন স্থানে স্থায়িভাবে বাস-কৃ ; To establish in a fixed residence. *Syn* :—(*n.*) Habitation, home, dwelling, settlement. *a*=domiciliary.

Domiciliary, *a.* বাসস্থান সম্বন্ধীয় ; Pertaining to the residence of a family or person.

Domiciliary visit—A visit paid to a house by authority to search for persons or things.

Domiciliate, dom-i-silyāt', *v. t.* স্থায়িভাবে বাস-কৃ ; To domicile. *n*=domiciliation.

Dominate, domin-āt, *v. t.* শাসন-কৃ ; আধিপত্য-কৃ, To govern ; to prevail ; to rule :—*v. i.* প্রবল-হ ; To predominate.

Dominant, domin-ant, *a.* প্রধান ; প্রবল ; Prevailing ; predominant ; ruling :—*n.* স্বরবিশেষ ; In music, of the three notes essential to the tone, the dominat is that which is fifth from the tonic. *Syn* :—(*a*) Governing, presiding, prevalent, ascendant.

Domination, dom-in-áshun, *n.* স্বেচ্ছাচার শাসন ; অত্যাচার ; Absolute authority ; insolent rule ; tyranny.

Dominative, domin-a-tiv, *a.* প্রভুত্বশালী ; স্বেচ্ছাচারী ; Arbitrary ; ruling ; imperious.

Domineer, dom-in-ēr, *v. i.* স্বেচ্ছাভাবে শাসন-কৃ ; প্রভুত্ব-কৃ ; To command haughtily ; to tyrannise.

Dominical, dominik-al, *a.* [L. *dominus*, lord, master] রবিবার সম্বন্ধীয় ; Belonging to the sabbath. [R. C. church.

Dominican, *n.* One of a religious order in the

Dominie, *n.* শিক্ষক ; A school master ; person.

Dominion, do-minyan, *n.* আধিপত্য ; শাসন ; প্রভুত্ব ; Supreme power ; rule ; control :—শাসনাধীন দেশ ; Territory or district governed by a prince :—*pl.* স্বর্গীয় দূতগণ ; Angelic and powerful spirits. *Syn* :—Sovereignty, supremacy, authority, government, ascendancy ; territory, region, kingdom, jurisdiction.

Domino, domi-no, *n.* [Sp. *domine*, a master or teacher] কোর্ত্তা বিশেষ ; বস্ত্র ; An outer dress or clock with a moveable hood, used at masquerades :—যাজকের পোষাক ; A gown worn by a priest. [kind of play.

Dominoes, domi-noź, *n. pl.* ক্রীড়াবিশেষ ; A

Don, don, *n.* মহাশয় ; Spanish for Mr. :—*pl.* The heads of colleges or fellows of English University. *fem*=dona. [sume.

Don, don, *v. t.* পরিধান-কৃ ; To put on ; to as-

Dona, *n.* ভদ্র স্ত্রীলোক ; মহাশয়া ; Lady ; madam ; a Spanish title of courtesy for woman.

Don juan—লম্পট ব্যক্তি ; Dissipated youngman.

Don Quixote—Hair brained madman.

Donna, *n.* The title of a lady in Italy.

Donation, do-náshun, *n.* [L. *dono*, a gift—*do*, to give] দান ; চাঁদা ; দত্ত বস্তু ; Giving ; gift. *Syn* :—Present, benediction, largess, presentation, grant, boon, subscription, contribution.

Donative, dońa-tiv, *n.* দত্ত ; A gift , a gratuity :—*a.* Vested or vesting by donation.

Done, dun, *pa. p.* of Do.

Donee, do-nē', *n.* দান-গ্রহীতা ; দানগ্রাহক ; One who receives a gift.

Donjon, dunjun, *n.* গড়ের মধ্যস্থিত কারাগার ; A keep for prisoners in the middle of a feudal castle. [লোক ; A stupid fellow.

Donkey, dong'ke, *n.* গর্দ্দভ ; The ass :—নির্ব্বোধ

Donkeyism, *n.* বোকামি ; Silly proceedings.

Donor, dō'nor, *n.* দাতা ; উপকারক ; Giver ; benefactor. [trifler ; simpleton.

Doodle, *n.* নির্ব্বোধ ব্যক্তি ; চপলতাপ্রিয় লোক ; A

Doom, dōōm, *n.* বিচার ; শেষ বিচার ; Judgment ; final judgment :—ভাগ্য ; অদৃষ্ট ; Destiny :—দণ্ডাজ্ঞা ; Penalty ; condemnation :—*v. t.* দণ্ড-দে ; বিচারানুসারে দণ্ডপ্রকাশ-কৃ ; To condemn ; to mulet ; fine ; to pronounce sentence or judgment on. *Syn* :—(*n*) Verdict ; fate, lot ; destruction, ruin.

Doomed (condemned or **sentenced)** কোনরূপ দণ্ডে দণ্ডিত হওয়া ; Sentenced to undergo (some punishment).

Doomsday, dōōmźdā, *n.* শেষ বিচারের দিন ; The day when the world will be judged.

Doomsday book, Domesday-book, dōōmźdā-book, উইলিয়ম দি কঙ্কারের অনুমতি অনুসারে সংগৃহীত ভূমির পরিমাণাদি বিষয়ক পুস্তক বিশেষ ; A book compiled by order of William the Conqueror, containing a survey of all the lands in England ; census made by William the conqueror.

Crack of doom—প্রলয় : Dissolution of all things at the judgment.

Till doom's day—কখন না ; Never.

Door, dōr, *n.* দ্বার ; কপাট ; দরজা ; The wooden frame on hinges closing up the room :—প্রবেশ ; Entrance ; entrance into a house :—আগমন উপায় ; A means of approach or access.

At the door—সন্নিকট ; দ্বারে আসিয়া উপস্থিত ; Close at hand.

Be next door to—পাশা পাশি থাকা ; Be very near to :—কাছাকাছি হওয়া , Closely resemble :—নিকটপ্রায় ; On the verge of. [house.

In doors—গৃহমধ্যে ; অন্তঃপুর মধ্যে ; Within the

Lay at one's door—কাহার প্রতি কিছু আরোপ-কৃ ; To be attributable to one ; ascribe something to one.

Leave open the door to—দ্বার খুলিয়া রাখা ; Render something possible.

Lie at one's door—কোন দোষ আরোপিত-কৃ ; Be chargeable to one ; be imputed to one (generally, said of anything wrong).

Next door to—পাশাপাশি ; কাছাকাছি ; Next to ; bordering on :—প্রায় ; Almost ; near to.

Open the door to—গ্রহণ-কৃ ; Receive.

Out of doors—ঘরের বাহিরে ; Out of house :—দেশের বাহিরে ; Abroad.

Within doors—বাটীর ভিতরে ; Within the house, in the house. [janitor.

Door-keeper, *n.* দ্বারবান ; দরোয়ান ; A porter ;

Door nail, *n.* The nail or knob on which the knocker of a door strikes.

Door plate, *n.* A plate on a door bearing the resident's name.

Doquet, doket, a form of *Docket.* [beetle.

Dor, Door, dor, *n.* কীট বিশেষ ; A species of

Doree, Dory, John Dory, do-rē' or dōr'a, *n.* মৎস্য বিশেষ ; A fish having yellow colour.

Dorian, Doric, dor'ik, *a.* গ্রীসের ডরিস্ প্রদেশ সংক্রান্ত ; Belonging to Doris, in Greece :—স্থপতিবিদ্যার স্তম্ভের নিয়মবিষয়ক, গৃহনির্ম্মাণ-প্রণালী-সূচক ; Denoting one of the Grecian orders of architecture. [Quiescence ; sleep.

Dormancy, dor'mansi, *n.* নিদ্রিতাবস্থা ; নিদ্রা ;

Dormant, dor'mant, *a.* [L. *dormio,* to sleep] নিদ্রিত ; গুপ্ত ; কর্ম্ম হইতে বিরত ; Sleeping ; concealed ; at rest :—*n.* আড়কাটা ; A cross beam ; a window. *Syn* :—(*a*) Slumbering, sluggish, lazy ; latent, suspended, in active, inert.

Dormer, Dormer-window, dor'mėr-windō, *n.* ছাদস্থ বক্র-গবাক্ষ, ক্রমনিম্ন ছাদের গবাক্ষ ; A vertical window in the roof of a house.

Dormitory, dor'mi-tōr-i, *n.* [L. *dormio,* to sleep] শয়ন-কোষ্ঠ, শয়নাগার ; Sleeping chamber with many beds ; bed-room.

Dormouse, dor'mows, *n.* ইন্দুর জাতীয় জন্তু বিশেষ ; A four-feeted beast sleeping in the winter. *pl*= dormice.

Dorsal, dor'sal, *a.* [L. *dorsum,* the back] পৃষ্ঠসম্বন্ধীয় ; Pertaining or belonging to the back.

Dory, *n.* মৎস্যবিশেষ ; See Doree.

Dose, dōs, *n.* [Gr. *dosis,* a giving] এককালীন দেয় ঔষধের মাত্রা ; মাত্রা ; The quantity of medicine given to be taken at one time ; a portion :—অরুচিকর বস্তু ; Any thing nauseous :—*v. t.* ঔষধের মাত্রা-কৃ, মাত্রা করিয়া-দে ; To order or give in doses ; to form into doses. *Syn* :—Draught, drench.

Dosed with liquor—মদ্য দ্বারা বিহ্বল ; Intoxicated. ["*Do*".

Dost, dust, Second person singular of the verb

Dot, dot, *n.* চিহ্ন ; Small spot ; speck ; mark :—*v. t.* বিন্দু দ্বারা চিহ্নিত-কৃ ; To mark with dots :—To diversify with small detached objects :—*v. i.* বিন্দুপাত-কৃ, চিহ্ন-দে ; To form dots.

Dot down—লিখিয়া লওয়া ; Make notes.

Dot out, *v.* Sketch out.

Dotage, dot'āj, *n.* অত্যধিক ভালবাসা, বার্দ্ধক্য প্রযুক্ত হতবুদ্ধিতা ; বৃদ্ধাবস্থায় বালকত্ব ; Excessive fondness ; imbecility of mind ; childishness of old age. *Syn* :—Senility, imbecility, weakness, second childhood.

Dotal, dō'tal, *a.* [L. *dos, dotis,* a dowry] যৌতুক বা স্ত্রীধন বিষয়ক ; Pertaining to dowry or dower.

Dotard, dōt'ard, *n.* বার্দ্ধক্য প্রযুক্ত যাহার বুদ্ধি হত হইয়াছে, বার্দ্ধক্যপ্রযুক্ত বিকৃত-মস্তক ব্যক্তি ; One showing the weakness of old age or excessive fondness.

Dotation, do-tā'shun, *n.* স্ত্রীকে যৌতুক দান ; দান ; The act of bestowing a dowry or marriage portion on a woman ; an endowment.

Dote, dōt, *v. i* অত্যন্ত ভালবাসা দেখান ; To be weakly affectionate ; to show excessive love ; to be foolishly fond. *ad*=dotingly ["*Do.*"

Doth, duth, Third person singular of the verb

Double, dubl, *a.* [L. *duo,* two, and *plus,* full] দ্বিগুণ ; যোড়া ; Two-fold , in pairs :—শঠ ; অসরল ; Deceitful , insincere :—*v. t.* দুই দিয়া গুণ-কৃ ; দ্বিগুণ-কৃ ; To multiply by two :—ভাঁজ-কৃ ; To fold :—অন্তরীপ ঘুরিয়া গমন-কৃ ; Pass round a headland:—কৌশল প্রয়োগ-কৃ ; Use shift :—*v. i.* দ্বিগুণ-হ ; To increase or grow to twice or much :—আপনার পথে ফিরিয়া আসা ; To return upon one's track :—আঁকিয়া বাঁকিয়া দৌড়ান ; To wind in running :—*n.* দ্বিগুণ ; দ্বিগুণ পরিমাণ ; Twice as much ; a duplicate :—বেষ্টন ; Doubling :—কৌশল ; Trick ; shift :—*ad.* দ্বিগুণ ; Twice ; two fold. *ad*= doubly. *Syn* :—(*a*) Coupled, paired ; two-fold, twice as much ; vacillating, deceitful, treacherous, insincere.

Double-base, Double-bass, *n.* একপ্রকার বাদ্যযন্ত্রবিশেষ ; The lowest tuned musical instrument of the violin. [person.

Double-dealer, *n.* প্রতারক ; A deceitful trickish

Double-dealing, dubl-dēling, *n* প্রতারণা, প্রতারণামূলক ব্যবহার ; Deceit ; duplicity ; fraud.

Double-edged sword—যে তরবারি দুই ধারে কাটে ; A sword which cuts either way :—স্বপক্ষ ও প্রতিপক্ষ সমর্থক যুক্ত ; An arguments which makes both for and against the person employing it.

Double-entry, dubl-entri, *n.* প্রত্যেক বিষয়ের দুই প্রস্থ হিসাব রাখিবার রীতি ; Book-keeping, in which *two entries* are made of every transaction, so that one checks the other.

Doubleface, Doublefacedness, *n.* প্রতারণা ; ছল ; Duplicity. [ving a false heart.
Double-hearted, *a.* প্রতারণাশীল , কপটী ; Ha-
Double-minded, *a.* চঞ্চল ; Wavering ; unsettled. [Duplicity.
Double-ness, dub́l-nes, *n.* কপটতা , প্রতারণা ;
Double score—Charging a customer twice for the same article.
Double tongued, *a.* প্রবঞ্চক ; Deceitful. [come.
Double up—ভাঁজ-কৃ ; Fold up :—জয় কৃ ; Over-
Double upon—Enclose between two fires.
Doublet, dublet, *n.* যুগ্ম , দুই ; A pair :—ভিতরের আঙ্গরাখা বিশেষ ; An inner garment :—এক জাতীয় শব্দ বিশেষ । *Syn* :—Couple, pair , vest, waistcoat. [gold coin.
Doubloon, dub-lōōn, *n.* মুদ্রা বিশেষ ; A Spanish
Doubt, dowt, *v. i.* সন্দিগ্ধচিত্ত-হ ; সন্দেহ-কৃ ; দ্বিধা-কৃ ; অনিশ্চিত-হ ; To hesitate ; to suspect ; to be uncertain :—*v. t.* সন্দেহ-কৃ ; অবিশ্বাস কৃ ; To hold in doubt ; to distrust. *Syn* :—Waver, fluctuate, hesitate, demur, scruple , question, distrust.
Doubt, *n.* সন্দেহ ; অনিশ্চয়তা , ভয় ; Uncertainty of mind , suspicion ; fear. *n*=doubter. *ad*= doubtingly. *Syn* :—Hesitation, hesitancy, wavering, dubiety, irresolution, uncertainty, indecision ; mistrust, suspicion ; question, scruple, difficulty, sceptical objection.
No doubt—নিঃসন্দেহ , Undoubtedly.
The benefit of a doubt—সন্দেহস্থলে প্রতিবাদীকে সেই সন্দেহের অনুকূল ফল ভোগ করিতে দেওয়া . The benefit to which a guilty person is entitled when there is any doubt as to the circumstances of his offence.
Doubtful, dowtfool, *a.* সন্দিগ্ধ ; সন্দেহপূর্ণ ; অনিশ্চিত : Suspicious ; undetermined ; not confident. *n*=doubtfulness, *ad*=doubtfully. *Syn* :—Wavering, hesitating, undetermined ; distrustful ; uncertain, obscure, equivocal, hazardous
Doubtless, dowtlēs, *ad* নিশ্চয়রূপে , নিঃসন্দেহ ; Without doubt ; certainly. *Syn* :—Unquestionably, certainly, precisely, clearly. *ad*= doubtlessly.
Doucer, dōō-sėr', *n.* [L. *dulcis*, sweet] উপঢৌকন ; উৎকোচ ; A present, a bribe.
Douche, dōōsh, *n.* [L. *duco*, to lead] ক্ষত আদি ধৌত করণার্থ অঙ্গোপরি প্রক্ষিপ্ত জলপ্রবাহ ; A jet of water thrown upon the body from a pipe.
Dough, dō, *n.* পিষ্টক ; রুটীর নেই ; A soft unbaked paste.
Doughty, dow'ti, *a.* সাহসী , বলবান্ ; বলিষ্ঠ , Brave ; strong ; stout. *Syn* :—Brave, redoubtable, courageous, gallant, daring, valorous, heroic, fearless, dauntless.
Doughy, dō'i, *a.* নরম , কোমল ; Soft.
Douse, dows, *v. t.* জলে ঝাঁপ-দে ; জলমগ্ন-কৃ ; To plunge into water :—*v. i.* হঠাৎ জলে পড়া ; To fall suddenly into water.
Dove, duv, *n.* ঘুঘু , পারাবত ; A pigeon :—প্রণয়সূচক বাক্য ; A word of endearment.
Dove-cot, duvkot, **Dove-cote,** duvkōt, *n.* পায়রার খোপ ; বাসা ; A small cot or box in which pigeons breed.
Dove-let, duvlet, *n.* ছোট ঘুঘু ; A young or small dove.
Dove-tail, duvtāl, *n.* এক প্রকার সংযোগ প্রণালী ; A carpenter's joint :—*v. t.* সংযোগ-কৃ ; To fit one thing into another.
Dowable, dow'a-bl, *a.* দায়োপযোগী ; স্ত্রীধনে স্বত্ববতী , যৌতুকে স্বত্ববান্ ; Entitled to dower.
Dowager, dow'a-jėr, *n.* [L. *dotare*, to endow] বৃত্তিভোগিনী বিধবা ; স্ত্রীধনবতী বিধবা ; A old widow-lady. [deceased king.
Dowager queen—বিধবা রাজপত্নী ; Widow of a
Dowdy, *a.* কুৎসিৎ ; কদাকার ; Awkward ; ill-dressed :—*n.* কুরূপা স্ত্রী ; An awkward, ill-dressed woman.
Dower, *n.* স্ত্রীধন ; যৌতুক ; Wife's marriage portion ; widow's portions. *Syn* :—Gift, portion, share , dowry.
Dowered, dow'ėrd, *a.* যৌতুক বা স্ত্রীধন প্রাপ্ত ; Furnished with dower or a portion. [out-dower.
Dowerless, dow'ėr-les, *a.* স্ত্রীধন রহিত ; With-
Dowlas, dow'las, *n.* [L. *duco*, to show] বস্ত্র বিশেষ , এক প্রকার মোটা সূতি কাপড় ; A coarse linen cloth
Down, down, *n.* কোমল পালক : সূক্ষ্ম কেশ ; Soft feathers or hair :—বালুকাময় অনুর্ব্বরা ভূমি ; A bank of sand thrown up by the sea ; a track of sandy, level barren land :—*pl.* বন্দর ; A road for shipping in the English channels :—মেষ চরাইবার পার্ব্বত্য ভূমি , A tract of hilly land, used for pasturing sheep :—*ad.* মাটীর উপরে ; নিচে ; From a higher to a lower position ; on the ground :—*prep.* নিম্নাভিমুখে ; নিচে . Along a decent , from higher to a lower position or state :—*a* হতাশ ; Dejected :—পরিষ্কার , Plain :—নিশ্চয় ; Positive :—নিম্ন ; Down low.
Down-cast, downkast, *a.* ম্লান , দুঃখিত ; বিষন্ন ; Dejected , sad.
Down-fall, downfaul, *n.* ধ্বংস ; নাশ ; অবনতি ; Destinction ; ruin ; destruction.
Down-hearted, downhart-ed, *a.* হতাশ , নিরুৎসাহ ; Dejected in spirits.
Down-hill, downhil, *a.* ক্রমনিম্ন ; সহজগম্য ; Descending ; sloping ; easy :—*n.* ক্রমনিম্ন ভূমি ; Declivity. [of rain.
Down-pour, *n.* বৃষ্টি , A pouring downwards as
Down right, downrit, *a.* সরল ; অকুটিলতা ; Plain ; artless ; unceremonious ; said of person :—স্পষ্ট ; অমিশ্রিত ; Undisguished ; absolute ; unmixed—said of things :—*ad.* স্পষ্টাক্ষরে ; In plain terms :—ঠিক সোজা ; Perpendicularly ; straight drawn. *Syn* :—(*a*) Simple, undisguised, clear, explicit ; artless, sincere, blunt, honest.
Down-stairs, *a.* নিচে ; একতালায় ; Below ; upon the lower floor. [foot.
Down-trodden, *a.* পদদলিত ; Trodden under
Down with—ফেলিয়া-দে ; Take down ; throw down ; put down.
Up and down—ইতস্ততঃ ; একবার এদিকে একবার ওদিকে , Here and there , backward and forward in (some place). [fortune.
Ups and downs—সুদিন কুদিন ; Reverses of
Downward, downward, **Downwards,** down-

wards, *ad.* নিম্নদিকে ; নিচে ; Below :—অধিকতর প্রাচীনকাল হইতে , From a time more ancient.

Downward, *a.* নিম্নগামী ; নিম্নগতি ; Moving or tending.

Downy, dowńi, *a.* নরম ; কোমল ; শান্তিপ্রদ ; পক্ষ-পালকবৎ ; কোমলপালকবিশিষ্ট , Soft ; soothing ; like down or covered with down.

Dowry, dow'ri, *n.* যৌতুক ধন বা সম্পত্তি ; The property which a woman brings to her husband at marriage.

Dowse, *v. t.* To strike in the face.

Doxology, doks-ollo-ji, *n.* স্তবন ; স্তব ; স্তোত্র ; A hymn expressing praise and honor to God.

Doze, dōz, *v i.* নিদ্রাকৃষ্ট-হ . তন্দ্রাভিভূত-হ , To sleep lightly :—*v. t.* আলস্যে অতিবাহিত-কৃ , To pass in drowsiness :—*n* অল্প নিদ্রা : তন্দ্রা . ঝিমান , A light sleep. *a*=dozy, *n*=dozer. *Syn* :—(*v*) Sleep, slumber ; drowse, nap, be drowsy.

Doze away, *v.* তন্দ্রায় অতিবাহিত-কৃ , Spend in drowsiness.

Dozen, duźn, *n.* [L. *duo*, two, and *decem*, ten] দ্বাদশ সংখ্যা (১২) ; Number of twelve :—*a.* দ্বাদশ , Two and ten or twelve.

Drab, drab, *n* পশমী বস্ত্র , Woolen cloth —বেশ্যা , A prostitute ; a loose woman —মেটে রং ; A gray or dull brown colour —*v. i.* বেশ্যাসক্ত-হ , To associate with bad woman.

Drabble, drab́l, *v. t* কর্দমাক্ত-হ ; জলকাদা মাখান , To besmear with mud and water.

Drachm, dram, *n.* গ্রীকদিগের ওজন বা মুদ্রা বিশেষ , A Greek silver coin, averaging in value 9½d , eight part of an ounce.

Draconian, *a.* নিষ্ঠুর ; কঠোর ; Pertaining to Draco, an Athenian lawgiver, who punished all crimes with death , rigorous , cruel

Draconian code—অতি কঠিন শাসন-প্রণালী , Very severe code.

Draff, draf, *n.* উচ্ছিষ্ট , মল , গাদ , Refuse , base , [waste matter

Draffish, draf'ish, **Draffy,** draf'i, *a* অকিঞ্চিৎকর , Dreggy, worthless.

Draft, draft, *n.* ভার বহন ; Act of drawing, *esp* of loads by beasts —টাকা দিবার আজ্ঞাপত্র , হুণ্ডী , An order for the payment of money , bill :—সৈন্যদল বা জাহাজ হইতে সেনা গ্রহণ ; A portion of men from an army or a ship :—মানচিত্র ; নক্সা , Design ; a rough sketch :—জাহাজ বা নৌকা ভাসমান হইবার জলের গভীরতা ; The depth to which a vessel sinks in water :—বায়ুর প্রবাহ ; A current of air :—*v. t.* নক্সা-কৃ ; Draw an outline of :—রচনা করিয়া লেখা ; Compose and write :—প্রেরণ-কৃ , আকর্ষণ-কৃ ; Detach ; draw off. *Syn* .—(*n*) Drawing, selection ; bill of exchange, order, cheque ; outline, sketch, delineation, rough copy, abstract.

Drafts, draft, *n* ক্রীড়া বিশেষ ; A game.

Drafts-man, draftman, *n.* মানচিত্রকর ; নক্সাকারী , One who draws plans or designs.

Drag, *v. t.* টানা · বলপূর্ব্বক আকর্ষণ-কৃ ; To draw along by main force ; to pull roughly and violently :—*v. i.* টানা ; To be forcibly drawn along :—আস্তে আস্তে যাওয়া , To move slowly or heavily .—জাল দিয়া মৎস্য ধরা , To fish with a drag :—*n.* টানা জাল ; A net to be drawn along the bottom under water to raise sunken bodies :—যান বিশেষ : A low car or cart .—ভারী চাসের মই ; A heavy harrow :—গতি বা উন্নতির বাধক ; Any obstacle to progress or posperity *Syn* :—(*v*) Draw, trail, tow, pull, haul, tug ; linger, move slowly.

Drag away—লইয়া-যা , Carry away.

Drag down—টানিয়া নামান , Haul down.

Drag in—টানিয়া ভিতরে লওয়া ; Haul in.

Drag off—বলপূর্ব্বক টানা , Force off

Drag out—টানিয়া বাহির-কৃ , Haul out.

Drag-net, drag'net, *n* টানা জাল : A net to be dragged or *drawn* along the bottom of water to cat h fish.

Draggle, drag'l, *v t* কর্দমের মধ্যে টানিয়া ময়লা-কৃ; To make or grow dirty by dragging on the ground —*v i.* ময়লা বা মলিন হওয়া ; To become wet or dirty *Syn* .—Daggle, drabble, befoul, bemire.

Draggle tailed—অপরিষ্কার ; Untidy.

Dragoman, drag'o-man, *n.* ব্যাখ্যাকারী ; An interpreter in Eastern countries.

Dragon, drag'un, *n* পক্ষযুক্ত কল্পিত সর্প ; An imaginary winged snake :—উল্কাবিশেষ ; The constellation Draco :—ভীষণ ব্যক্তি ; A fierce, violent person *a*=dragonish, drag'onlike.

Dragonate, drag'un-et, *n.* মৎস্য বিশেষ ; A little dragon , a fish.

Dragon-fly, drag'un-fli, কীট বিশেষ ; A kind of [insect.

Dragonnado, drag-on-ād, *n.* চতুর্দ্দশ লুইর সময়ে অশ্বারোহী সৈন্যগণ কর্ত্তৃক পোপের বিরুদ্ধমতাবলম্বী ফরাসীদিগের নিগ্রহ , The persecution of French Protestants under Louis by soldiers under Louis XIV. —ধ্বংসকারী আক্রমণ , Any devastating incursion.

Dragon's-blood, drag'unz-blud, *n.* উষ্ণপ্রধান দেশজাত বৃক্ষবিশেষের লালবর্ণ রস , The red juice of certain tropical plants, used for colouring

Dragoon, dra-gōōn, *n.* অশ্বারোহী সৈন্য A horse soldier, who serves on foot as well —*v. t.* সৈন্যদের অত্যাচারে ত্যাগ করিয়া নিগ্রহ কৃ , বল প্রয়োগদ্বারা বাধ্য-কৃ ; To give up to the rage or soldier ; to compel by military force of violent measure.

Drain, drān, *v t.* ক্রমে ক্রমে জল ছেঁচিয়া ফেলা ; Draw off —শুষ্ক-কৃ ; Drag up ; make dry :—জল ছেঁচিয়া ফেলা . Filter to clear of water by drains :—*v i* ক্রমে ক্রমে নির্গত-হ , To flow off gradually —*n* পয়ঃপ্রণালী , পয়ঃনালী ; খাত , খানা ; A water course ; a ditch ; a sewer. *Syn* :—(*v*) Exhaust, empty, dry up. (*n*) Trench, water course, ditch, sink, sewer ; gradual withdrawal, exhaustion *a*=drainable.

Drain one self—বলক্ষয়-কৃ ; Exhaust one's strength or resources [drinking vessel.

Drain the cup—পানপাত্র শূন্য-কৃ ; Empty the

Drain the cup to the dregs—(কোনরূপ) দুর্দ্দশার একশেষ হওয়া , Exhaust the stock of human sorrow, misery &c , suffer or undergo the utmost.

Drainage, drānaj, *n* নির্গমন পয়ঃপ্রণালীসমূহ ; জলনির্গমন-প্রণালী ; The system of drains in a town ; the act or art of draining.

Drainer, drāner, *n.* জলপাত্র ; An utensil on which articles are placed to drain :—দ্রব্যাদি হইতে প্রবাহিত জলপ্রবাহ ; A stream from a lake, morass, &c. [duck.

Drake, drāk, *n.* পাতিহংস ; The male of the

Dram, dram, *n.* পরিমাণ বিশেষ ; A contraction of Drachm ; in apothecaries' weight, 60 grains.

Drama, dra'ma, or drā'ma, *n.* [Gr. *drao*, to do] মনুষ্য-জীবনের ঘটনাবলীর বিবৃতি ; নাটক ; A representation of actions in human life ; a play ; a theatrical entertainment.

Dramatic, dra-mat'ik, **Dramatical,** dra-mat'i k-al, *a.* নাটক সম্বন্ধীয় ; Belonging to the drama : —নাটক বিষয়ক ; Theatrical. *ad*=dramatically.

Dramatise, dram'a-tiz, *v. t.* নাটক আকারে পরিণত-কৃ ; To give the form of a drama to. [of plays.

Dramatist, dram'a-tist, *n.* নাটক-লেখক ; A writer

Drank, drangk, Past tense of Drink.

Drape, drāp, *v. t.* বস্ত্র দ্বারা আচ্ছাদিত-কৃ ; To cover with cloth :—*v. i.* কাপড় প্রস্তুত-কৃ ; To make cloth. [in cloth.

Draper, drāp'ėr, *n.* বস্ত্রবিক্রেতা ; One who deals

Drapery, drāp'ėr-i, *n.* বস্ত্রবিক্রেতার কার্য্য, তন্তুবায়ের ব্যবসা ; Occupation of a draper :—বস্ত্র ; Cloth or woolen stuffs in general :—আলয় বা পরদা ; Hangings, curtains, &c.

Drastic, dras'tik, *a.* [Gr. *drao*, to act, to do] বিরেচক ; Effectually purging :—কর্ম্মতৎপর ; ক্ষমতাশালী ; ফলপ্রদ ; Active, powerful, efficacious :—*n.* বিরেচক ঔষধ ; A purging medicine.

Draught, draft, *n.* এক ঢোক ; A quantity of liquor drunk at a time :—গাড়ি টানা ; The act of drawing carriages :—নক্সা ; প্রতিকৃতি ; Delineation ; sketch ; outline ; a picture drawn :—সৈন্যদল ; A chosen detachment of men :—বায়ু-প্রবাহ ; A current of air :—পোত নিমজ্জন যোগ্য গভীরতা ; যে গভীরতা পর্য্যন্ত জাহাজ জলমগ্ন থাকে ; The depth to which a ship sinks in water :—জালের মধ্যে একেবারে যত মৎস্য পড়ে ; ঝাঁকের মধ্যে যত মৎস্য একবারে পড়ে ; The quantity of fishes taken by once drawing the net :—প্রণালী ; A sink ; a drain :—হুণ্ডি ; An order for payment of money ; bill of exchange :—*v. t.* টানিয়া বাহির-কৃ, আহ্বান-কৃ ; To draw out ; to call forth. *Syn* :—(*n*) Drawing, pulling, traction ; current of air ; cup, portion, dose, drench, drink ; sketch, outline, delineation, design ; draft.

Draught, draft, **Draught house,**—hows, *n.* পায়খানা ; A privy. [ed on a checqered board.

Draughts, drafts, *n.* সতরঞ্চ খেলা ; A game play-

Draughtsman, drafts'man, *n.* নক্সা লেখক ; One who draws writings or designs ; draftsman

Draw, draw, *v. t.* আকর্ষণ-কৃ ; টানা ; To pull along ; to haul ; to drag :—প্রলোভিত-কৃ ; To entice :—বায়ু সেবন-কৃ ; নিশ্বাস গ্রহণ-কৃ ; To inhale : —লম্বা-কৃ ; To lengthen :—তরবারি নিষ্কোষ-কৃ ; To unsheathe :—বর্ণনা-কৃ ; To delineate ; to describe :—অনুমান-কৃ ; নির্ণয়-কৃ ; To deduce :—নাড়ী বাহির-কৃ ; Disembowl :—সিদ্ধান্ত-কৃ ; Deduce from promises :—জয়লাভ-কৃ, To win :—জাহাজ ভাসমান থাকিবার জন্য (জলের) যে গভীরতার প্রয়োজন হয় ; To require a depth of (water) for floating—said of a vessel :—*v. i.* টানা ; To pull :—চিত্র-কৃ ; To practise drawing :—সরিয়া যাওয়া ; নিকটে আসা ; উপস্থিত-হ ; To move ; to approach :—টাকা চাহা ; Call for money :—*n.* The act of drawing ; any thing drawn. *Syn* :—(*v*) Haul, tug ; attract ; suck up, drain ; inspire ; pull out, extract, extort ; induce, allure, influence, produce ; gain, win ; extend, stretch, lengthen ; sketch, delineate ; deduce, derive, infer. *a*=drawable.

Draw a certain—ঢাকা-দেওয়া ; Hide from public view :—আবরণ খুলিয়া ফেলা বা দেখান ; Expose to public view.

Draw a comparison between—দুইয়ের তুলনা-কৃ ; Compare, institute a comparison between.

Draw a picture of—ছবি আঁকা ; Form a figure or picture :—বর্ণন-কৃ ; Give a description of.

Draw about—টানা ; Drag. [tended by.

Draw along—সহগামী-হ ; Draw with ; be at-

Draw aside—এক পার্শ্বে সরিয়া-যা ; Move to one side. [treat.

Draw back—প্রত্যাগমন-কৃ, পেছন-কৃ ; Retire ; re-

Draw blacks—গুটি খেলায় যে টিকিটে কিছুই নাই তাহা উঠান ; Draw tickets in a lottery on which no prize is indicated. [আনা ; Bring down.

Draw down—উৎপাদন-কৃ ; Raise ; elicit :—নামে

Draw for—গুটি-কৃ ; Cast lots for.

Draw forth—বাহির-কৃ, Extract ; elicit.

Draw from—কোন কিছু হইতে সিদ্ধান্ত-কৃ ; Derive from ; deduce from :—লিখিবার বা বলিবার উপকরণ সংগ্রহ-কৃ ; Derive one's information from.

Draw in—প্রলোভিত-কৃ ; Allure ; as, he was drawn in to join the plot :—সংগ্রহ-কৃ ; Collect.

Draw in one's horns—খাট মানা ; সিং গুটান ; Take back boastful words ; withdraw one's arrogant pretensions or claims. [gain interest.

Draw interest—সুদ পাওয়া ; To produce or

Draw lots (Cast lots)—গুটি ফেলা ; Draw pieces of paper one after another, with a view to determine a question (generally, which one among the number should get the prize or do something). [proach ; come near.

Draw near, Draw nigh—নিকটবর্ত্তী-হ, Ap-

Draw off—প্রত্যাগমন-কৃ ; Withdraw :—লওয়া ; Take away from :—বিষয়ান্তরে আকৃষ্ট-হ ; Withdraw.

Draw on—প্রলোভিত-কৃ ; Allure :—ডাকিয়া আনা ; Occasion :—চেক কাটিয়া বা অন্য কোন রকমে টাকা লওয়া ; টাকা লওয়া ; Ask or obtain payment by a written bill or draft ; obtain money from (by an order or cheque) :—সময় নিকট হওয়া ; নিকটবর্ত্তী-হ ; Advance or approach (used of time) :—অতিরিক্ত খাটান ; Tax :—লিখিবার বা বলিবার উপকরণ সংগ্রহ কৃ ; Derive materials from.

Draw on one—কোন বিপদ ডাকিয়া আনা ; Act in such a way as to incur, render one liable to.

Draw oneself up—যতদূর লম্বা হওয়া যায়, ততদূর হওয়া ; Raise to full height.

Draw one out—কথা বাহির করিয়া লওয়া ; Pump one out :—কথায় কথায় তাহারও পেটের কথা বাহির করিয়া লওয়া ; Elicit cunningly the thought and feelings of another.

Draw out, Draw out of—যুদ্ধক্ষেত্রে শ্রেণীবদ্ধ-

কৃ ; Range in battle :—কথা কহিতে ইচ্ছুক-কৃ ; Render communicative :—বিলম্ব-কৃ ; Protract.

Draw over—একদল পরিত্যাগ করিয়া অন্য দলে যোগ দিতে প্রলোভিত-কৃ ; Induce to leave one party or side to join another.

Draw the line between—সীমা নির্দেশ-কৃ ; Define the limit so as to clearly indicate the distinction between :—প্রভেদ-কৃ ; Draw a distinction between.

Draw the sword—তরবারি খোলা ; Unsheathe the sword :—যুদ্ধ-কৃ ; Wage war ; fight.

Draw up—স্থগিত-হ ; Come to a stand :—যুদ্ধক্ষেত্রে শ্রেণীবদ্ধ হইয়া দণ্ডায়মান-হ ; যুদ্ধের সময়ে যেরূপ সৈন্য দাঁড়ায় সেইরূপ শ্রেণীবদ্ধ করিয়া দাঁড় করান ; Range in battle ; form in order of battle :—মুসাবিদা-কৃ ; খসড়া-কৃ ; Draft :—উত্তোলন-কৃ ; Lift :—নিকটে আনা ; Bring near.

Up and draw—একবার এদিকে একবার ওদিকে ; Backward and forward in (some place).

Drawback, draw'back, *n.* অসুবিধা ; শুল্কের যে পরিমাণ ফেরত পাওয়া যায় ; Any loss of advantage. *Syn* :—Allowance, deduction, discount, rebate ; disadvantage, injury, detriment, deficiency, imperfection.

Draw-bridge, draw'brij, *n.* যে সেতু উঠান ও নামান যায় , চল-সেতু ; Bridge to be raised up ; let down or drawn aside.

Draw-knife, Drawing-knife, *n.* সূত্রধারের অস্ত্র বিশেষ : A joiner's tool for shaving off surfaces.

Draw-well, draw'-wel, *n* কূপ ; ইঁদারা ; A well from which water is *drawn* up by a bucket and apparatus.

Drawee, draw-ē', *n.* যাহার নামে হুণ্ডী বাহির হয় ; যাহার উপর হুণ্ডীর বরাত দেওয়া যায় ; The person on whom a bill of exchange is drawn.

Drawer, drow'ér, *n.* যে হুণ্ডী বাহির করে ; যে হুণ্ডী লেখে One who draws a bill of exchange or order for payment :—নক্সা লেখক ; A draughts man :—দেরাজ ; আলমারি ; A sliding box in a case :—*pl.* ইজের ; An under garment for the legs.

Drawing, draw'ing, *n.* চিত্র ; A picture ; delineation :—টানা ; Act of pulling :—চিত্রবিদ্যা , The art of representing objects on a plane surface by many of lines and shades &c.

Drawing master, *n.* চিত্র-শিক্ষক , Teacher of drawing.

Drawing-room, draw'ing-room, *n.* সভাগৃহ ; অভ্যর্থনশালা ; বৈঠকখানা ; A room for reception of company.

Drawl, drawl, *v. t.* থেমিয়া উচ্চারণ-কৃ ; To utter words in a slow, lengthened tone :—*v. i.* থেমাইয়া থেমাইয়া কথা কহা ; থেমিয়া বলা ; To speak with slow, lengthened utterance :—*n.* থেমান ; A lengthened utterance of the voice. *ad*=drawlingly. *n*=drawlingness.

Drawn, *p. p.* of draw.

Drawn and quartered—Drawn in a sledge and cut in quarters.

Drawn battle, Drawn game—যে যুদ্ধে একজন আর একজনকে জয় করিতে পারে না ; A game where both claim the victory or where neither can conquer the other :—নিষ্কোষিত তরবারি ; Drawn sword.

Drawn out—Lengthened.

Dray, drā, *n.* যান বিশেষ ; চক্রহীন শকট ; A strong low cart on wheels ; a drag.

Dray man, *n.* One who attends a dray.

Dread, dred, *n.* ভয় ; Fear united with awe :—ভয়োদ্দীপক বস্তু ; An object of fear :—*v. t.* অত্যন্ত ভয়-কৃ ; To regard with terror ; to fear greatly :—*v. i.* ভয় হওয়া ; To be in great fear :—*a.* ভয়ানক ; ভয়োদ্দীপক ; Awful. *Syn* :—(*n*) Affright, terror, horror, dismay, awe. (*a*) Frightful, terrible, horrible, dreadful, awful, venerable.

A burnt child dreads the fire—কোন কার্য্য করিয়া একবার যে ভুগিয়াছে সে আর সেরূপ কাজে হাত দিতে চাহে না ; ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখিলে ডরায় ; One naturally dreads the idea of having to do anything that had once proved painful or troublesome to one.

Dreadful, dredfool, *a.* ভয়ানক ; ভয়পূর্ণ ; Terrible. *n*=dreadfulness, *ad*=dreadfully. *Syn* :—Terrible, shocking, frightful, tremendous, awful, alarming, fearful, horrible.

Dreadless, dredles, *a.* অকুতোভয় ; নির্ভীক ; Intrepid ; free from dread. *n*=dreadlessness, *ad*=dreadlessly.

Dread naught, *n.* নির্ভীক ব্যক্তি ; A fearless person.

Dream, drēm, *n.* স্বপ্ন ; Thoughts in sleep :—কল্পনা ; কাল্পনিক বিষয় ; Idle reveries ; a vain fancy :—*v. i.* স্বপ্ন দেখা ; To have images in the mind during sleep :—কল্পনা-কৃ ; To let the mind run on in every revery ; imagine :—*v. t.* স্বপ্নাবেশে দেখা ; To see in or as in a dream. *Syn* :—(*n*) Fancy, reverie, vagary ; trance. *ad*=dreamingly, *n*=dreamer.

Dream away—বৃথা নষ্ট-কৃ ; Idle away ; spend by indulging in dreams ; pass in pleasant dreams.

Dream of—স্বপ্নে দেখা ; স্বপ্নেও ভাবা ; মনে করা ; Think of.

Dreamy, drēmi, *a.* স্বপ্নপূর্ণ ; কাল্পনিক ; Full of dreams ; dreamlit, indistinct. *n*=dreaminess. *Syn* :—Misty, fanciful, ideal, shadowy, unreal, visionary ; absent.

Drear, drēr, **Dreary**, drēr'i, *a.* বিষণ্ণ ; নিরানন্দ ; Gloomy ; dismal , cheerless. *n*=dreariness, *ad*=drearily. *Syn* :—Sorrowful, sad, lonesome, comfortless.

Dredge, drej, *n.* জল হইতে কর্দ্দম উত্তোলন করিবার যন্ত্র , An instrument to take by dragging *esp.* a machine for taking up mud &c., from the bed of a stream :—*v. t.* মাংসে ময়দা ছড়াইয়া-দে ; Scatter flour on a meat :—যন্ত্রবিশেষ দ্বারা ধরা বা সংগ্রহ করা ; To catch, gather or deepen with a dredge.

Dredger, drejér, *n.* পাত্র বিশেষ ; যন্ত্র বিশেষ ; A utensil for dredging ; a dredging machine.

Dredging machine, *n.* পঙ্কোদ্ধারণ যন্ত্র ; An engine to take up mud from the bottom of rivers, docks.

Dreggy, dreg'i, *a.* কর্দ্দমপূর্ণ ; সমল ; কর্দ্দমময় Muddy ; foul. *n*=dregginess, dreggishness.

Dregs, dregz, *n. pl.* মল ; গাদ ; ময়লা ; খাদ ; সিটি ; তলানি ; Lees ; refuse ; dross. *Syn* :—Feculence, sediment, grounds, refuse, offal, trash, offscourings ; dross, residuum.

To the dregs—তলা পর্য্যন্ত ; To the bottom.

Drench, drensh, *v. t.* সিক্ত-কৃ ; Wet thoroughly ; soak :—বিরেচন-কৃ ; Purge violently :—বলপূর্ব্বক ঔষধ সেবন করান ; To physic by force :—*n.* পান ; এক ঢোক পানীয় ; A drink ; a draught ; draft. *Syn* :—(*v*) Soak, steep, imbue ; purge, physic.

Dress, dres, *v. t.* বিন্যাস-কৃ ; To adjust ; to put in order :—বস্ত্র পরিধান করান ; পরিধান-কৃ ; To put clothes upon ; to put on clothes :—প্রস্তুত-কৃ ; রন্ধন-কৃ ; To prepare for use ; to cook :—সজ্জিত-কৃ ; To deck :—ক্ষত পরিষ্কার-কৃ ; To cleanse a sore : —*v. i.* শ্রেণীবদ্ধ-কৃ ; সারি বাঁধা ; To arrange one's self in a line :—বস্ত্র পরিধান-কৃ ; To clothe oneself : —*n.* বস্ত্র ; The clothes ; garments :—স্ত্রীলোকের ঘাগ্‌রা ; A lady's gown :—বস্ত্র পরিধান রীতি ; Style of dress. *Syn* :—(*v*) Align, adjust, arrange, dispose ; prepare, fit ; apparel, clothe, accoutre, array, robe, rig ; embellish, deck, adorn. (*n*) Habit, apparel, garments, clothing, vestments ; elegant attire, costume.

Dress a ship—পতাকা দ্বারা সজ্জিত-কৃ ; (naut) To deck or ornament her with colours.

Dress up or **out**—আড়ম্বর সহকারে বস্ত্র পরিধান-কৃ ; To dress showily.

Dresser, dres'ėr, *n.* বিন্যাসকারী ; One who dresses ; one who regulates or adjusts :—যে টেবিলের উপর খাদ্যাদি সজ্জিত করা হয় ; A table on which meat is dressed or prepared for use :—যন্ত্র বিশেষ ; A surgical instrument.

Dressing, dres'ing, *n.* বস্ত্র ; Dress or clothes :—ক্ষত স্থানে পটি ; The application made to a sore : —ভূমির জন্য সার ; Manure spread on land :—চিত্র বিচিত্র ছাঁচ ; An ornamental moulding.

Dressing-case, dres'ing-kās, পোষাকের আলমারি ; ডাক্তারের যন্ত্রাদি রাখিবার বাক্স ; A case of articles used in dressing one's self.

Dressing-room—বসনাগার ; An apartment in which to arrange one's dress.

Dressy, dres'i, *a.* পোষাকপ্রিয় ; পরিচ্ছদপ্রিয় ; Fond of dress ; showy in dress.

Drew, *pt.* of Draw.

Dribble, drib'l, *v. i.* ফোঁটা ফোঁটা পড়া ; To fall in small drops :—লাল পড়া ; Slaver as a child :—*v. t.* ফোঁটা ফোঁটা পড়িতে-দে ; বিন্দু বিন্দু করিয়া ফেলা ; To let fall in drops ; to throw down in drops. *n*=dribbler.

Driblet, drib'let, **Dribbet,** *n.* ক্ষুদ্র ফোঁটা ; A very small drop :—অতি অল্পবস্তু ; অল্পপরিমাণ ; A small quantity or sum. *Syn* :—Fragment, particle, morsel ; small sum, drop.

Drift, drift, *n.* বেগ ; Impulse ; force, with which any thing is driven :—যাহা তাড়িত হয় ; What is driven or borne along in a body :—অভিপ্রায়, বাক্যের অর্থ ; Tendency ; meaning of words ; the object aimed at :—পাল ; দল ; A drove or flock, as of cattle or birds :—*v. t.* স্তূপাকারে সঞ্চালিত-কৃ ; To drive into heaps as snow :—*v. i.* চালিত-হ ; তাড়িত-হ ; রাশীকৃত-হ ; Drive along by chance current or wind, form in heaps. *Syn* :—(*n*) Mass, heap, diluvium ; course, bearing, direction ; intention, aim, scope, tenor, purport, meaning.

Drift with the tide—স্রোতে ভাসা ; Swim with the current.

Drift wind—যে বায়ু সম্মুখস্থ বস্তু সকল উড়াইয়া দেয় ; Wind that drives all before it.

Drift-wood, drift'wood, *n.* জলদ্বারা চালিত কাষ্ঠ ; Wood drifted by water.

Driftless, drift'les, *a.* লক্ষ্যশূন্য ; Without aim.

Drill, dril, *v. t.* সৈন্যদিগকে শিক্ষা-দে ; Train soldiers :—কাহাকে কোন বিদ্যায় শিক্ষিত-কৃ ; To instruct in the rudiments of any branch of knowledge :—ভূরপুণ দ্বারা ছিদ্র বা বিদ্ধ-কৃ ; To pierce or bore with a drill :—সারি সারি বীজ বপন-কৃ ; To sow (seeds) in rows :—*v. i.* যুদ্ধশিক্ষার জন্য একত্রিত-কৃ ; To muster for military or other exercise :—*n.* বীজ বপন করিবার সারি বা খাত ; A furrow to put seeds into :—ভূরপুণ ; An instrument for boring holes :—যুদ্ধশিক্ষা ; Military exercise. *Syn* :—(*v*) Perforate, bore ; exercise, teach, discipline, train.

Drill-press, dril'press, *n.* যন্ত্র বিশেষ ; A machine for boring holes in metals.

Drill-serjeant, dril'sar'jent, *n.* যে ব্যক্তি সৈনিকের কর্ম্ম শিক্ষা দেয় ; হাওলদার ; A noncommissioned officer, who drill soldiers.

Drilling, dril'ing, *n.* পা-জামার জন্য মোটা সুতী কাপড় ; *A course linen or cotton cloth, used for trousers.*

Drink, dringk, *v. t.* পান-কৃ ; To suck in ; to swallow, as liquid :—মদ্য পান-কৃ ; Swallow liquors :—ইন্দ্রিয় দ্বারা গ্রহণ-কৃ ; দেখা ও শ্রবণ-কৃ ; Take in through the senses, hear and see :—*v. i.* পান-কৃ ; অধিক পরিমাণে মদ্যপান-কৃ ; To swallow a liquid ; to take spirituous liquors to excess :—*n.* পানীয় ; Something to be drunk :—মদ্য ; Intoxicating liquor *Syn* :—(*v*) Imbibe, inhale, suck up, absorb, sip, quaff, swill, swig, tipple, tope ; carouse, revel ; pledge, toast, *a*=drinkable, *n*=drinkableness.

Drink deep—অতিরিক্ত পান-কৃ ; Drink to excess.

Drink down—পান-কৃ ; Swallow.

Drink health, Drink to the health—মদ্যপান কালে কাহারও মঙ্গল প্রার্থনা-কৃ ; অভ্যর্থনা-কৃ ; A customary civility in which a person expresses *respect or kind wishes for another* ; salute in drinking ; wish well to one in the act of drinking.

Drink in—পান-কৃ ; Swallow :—সন্দেহ বা পরীক্ষা না করিয়া বিশ্বাস-কৃ ; Believe without examination or scruple.

Drink of—একই বারে পান-কৃ ; এক নিশ্বাসে পান-কৃ ; কোন জল বা জলীয় পদার্থ খাওয়া ; Finish a draught ; drink water or other liquid substance from a stream or cup.

Drink one's fill—পান করিয়া পরিতৃপ্ত-হ ; Drink to satiety.

Drink offering, dringk'-of'ėr-ing, *n.* য়িহুদীদিগের ধর্ম্মকর্ম্মে মদ্যপ্রদান রীতি ; A Jewish offering of wine &c., in their religious services.

Drink up—সমস্ত পান-কৃ ; To drink the whole.

Drinkable, *a.* পানীয় ; Fit to be drunk.

Drinker, dringk'ėr, *n.* যে পান করে ; One who

drinks :—মদ্যপায়ী ; মাতাল ; A tippler ; a drunkard.

Drip, drip, *v. i.* বিন্দু বিন্দু পড়ে ; To fall in drops : —*v. t.* ফোঁটা ফোঁটা পড়িতে-দে ; To let fall in drops :—*n.* ক্ষরণ ; ফোঁটার আকারে পতন ; Falling in drops :—ছাদের ধার বা কিনারা ; The edge of a roof.

Dripping, drip'ing, *n.* ঝলসান মাংসের ক্ষরিত বসা ; That which falls in drops, as fat from meat in roasting.

Drive, driv, *v. t.* ধাক্কা-দে ; বলপূর্ব্বক অগ্রসর-কৃ ; To impel or go forward :—গাড়ি চালান, Guide a carriage :—চালিত করা ; To hurry on :—বাধ্য-কৃ ; Compel :—শিকার-কৃ ; To hunt ; to chase .—কষ্ট-দে ; To distress :—*v. i.* চালিত-হ ; To be forced along :—গাড়িতে যাওয়া ; To go in a carriage :—লক্ষ্য-কৃ ; To tend to ; to aim at :—*n.* গাড়িতে গমন ; শকটারোহণে ভ্রমণ ; A ride in a carriage :—যতটা রাস্তা গাড়ি করিয়া যাওয়া যায় ; শকটযানে গন্তব্য-পথ , গাড়ির রাস্তা ; The road passed over. *Syn* : —(*v*) Impel, hurl, send, propel ; push, thrust, urge, press ; compel, oblige ; prosecute, carry on ; guide with reins, direct ; rush, go furiously *n*=driver.

Drive a bargain—ঝগড়া ঝগড়ি-কৃ ; Huggle about the terms.

Drive a trade—কোন ব্যবসায় চালান ; Carry on a business.

Drive about—শিকার করিতে যাওয়া ; Hunt about, take excursion.

Drive at—লক্ষ্য-কৃ ; Aim at ; intend :—কোন মৎলবে কিছু বলা ; Speak about (with a certain end in view).

Drive away—তাড়াইয়া-দে ; Expel.

Drive back—হটাইয়া-দে ; Force back.

Drive before—সম্মুখে তাড়াইয়া-দে ; Expel.

Drive forth—তাড়াইয়া-দে ; Expel.

Drive in—ভিতরে তাড়াইয়া-দে ; Come or force in.

Drive one into a corner—কোণ ঠেসা , Push a a person into a corner from which he cannot escape .—আর কিছু করিবার বা বলিবার যো নাই এমন অবস্থায় ফেলা ; Put one to silence by some decisive argument.

Drive off—চলিয়া যাওয়া ; Depart.

Drive out—তাড়াইয়া-দে ; Expel.

Drive the nail home—সমস্ত পেরেক প্রবেশ করাইয়া-দে ; Drive the nail to its whole length.

Drive to—কষ্ট-দে ; Distress :—কোন কিছু করিতে বাধ্য-কৃ ; Force one to adopt .—আশা বিসর্জ্জন করিতে বাধ্য-কৃ ; Force one to give way to :—গতিকে কোন কিছুতে তাড়িত হওয়া ; Bring to a certain point or state by necessity or circumstances

Drive up—উপস্থিত-হ ; Arrive.

Drivel, drivl, *v. i.* লাল পড়া ; To slaver :—অত্যন্ত আসক্ত-হ ; নির্ব্বোধের মত কার্য্য-কৃ ; পাগলের মত বকা ; To be foolish ; to dote ; to speak like an idiot : —*n.* লাল ; লালা ; Slaver :—মূর্খতা ; প্রলাপ ; Nonsense. *Syn* :—(*v*) Slaver, slobber ; dote, be imbecile ; talk foolishly ; speak nonsense.

Driveller, drivlér, *n.* যাহার মুখ দিয়া লাল পড়ে ; A slabber :—মূর্খ ; নির্ব্বোধ ; পাগল ; Idiot ; fool.

Driven in—প্রলুব্ধ ; Induced.

Driver, *n.* গাড়োয়ান ; A coachman :—রেলগাড়ি চালক ; Engine man,

Drizzle, drizl, *v. i.* বিন্দু বিন্দু বৃষ্টি পড়ে ; গুঁড়ি গুঁড়ি বৃষ্টি-হ ; To rain small drops :—*v. t.* বিন্দু বিন্দু পড়িতে-দে ; বিন্দু বিন্দু করিয়া ফেলা ; To shed in minute drops :—*n.* গুঁড়ি গুঁড়ি বৃষ্টি : বিন্দু বিন্দু বৃষ্টি ; A small light rain. *a*=drizzly.

Droll, drōl, *a.* হাস্যকর ; রসিক ; রসময় ; Odd ; laughable :—*n.* হাস্যকারী ; ভাঁড় ; বিদূষক ; One who excites mirth ; a jester ; a buffoon :—*v. i.* মস্করামি-কৃ : ভাঁড়ামি-কৃ ; হাস্য-কৃ ; To practise drollery ; to jest. *Syn* :—(*a*) Queer, amusing, funny, whimsical, humorous, jocular, laughable, comical, waggish, ludicrous, diverting.

Drollery—বিদ্রূপ ; উপহাস , ঠাট্টা ; তামাসা ; Sportive tricks ; comical gestures ; fun. *Syn* :— Archness, buffoonery, fun, comicality, waggishness, whimsicality, humour, jocularity.

Drollish, drōlish, *a.* কথঞ্চিৎ হাস্যোদ্দীপক ; Some what droll.

Dromedary, drume-dar-i, *n.* [Gr. *drem*, to run] উষ্ট্র ; একজাতীয় দ্রুতগামী উষ্ট্র ; A camel ; species of camel having one hunch on the back.

Drone, drōn, *n.* [A. S. *dran*, the bee] পুং-মধুমক্ষিকা ; Male of the honey bee :—গুণ গুণ শব্দ ; Humming sound :—অলস ; নিষ্কর্ম্মা ব্যক্তি ; A lazy ; idle fellow :—*v. i.* গুণ গুণ শব্দ-কৃ ; To make a low humming noise :—কুড়েমি-কৃ ; To live in idleness :—*v. t.* একঘেয়ে পড়া ; To read or recite in a dull monotonous tone. *Syn* :—Idler, sluggard ; humming noise ; monotonous sound.

Dronish, drōnish, *a.* অলস ; নিষ্ক্রিয় ; Like a drone ; lazy ; idle, inactive. *n*=dronishness. *ad* =dronishly.

Drool, *v. i.* লাল পড়া ; To drop saliva.

Droop, drōōp, *v. i.* মস্তক অবনত-কৃ ; হেঁট করা ; To hung the head :—ক্ষীণ-হ ; কৃশ-হ ; দুর্ব্বল-হ ; To grow weak, to faint , to decline. *Syn* :—Hang down, bend ; fall down, decline, faint, languish, be dispirited.

Drop, drop, *v. i.* বিন্দু বিন্দু পড়ে ; ফোঁটা ফোঁটা পড়িতে-দে ; To fall in small particles ; to let drops fall :—হঠাৎ পতিত-হ ; To fall suddenly :— হঠাৎ মরা ; To come to an end , to die suddenly : —নিম্নে পতিত-হ ; নীচে পড়া , To fall or sink lower :—*v. t.* বিন্দু বিন্দু পড়িতে-দে ; যাইতে-দে ; To let fall in drops ; to let go ;—to cover with drops :— পড়িতে-দে ; To let fall :—পরিত্যাগ-কৃ ; To let go or dismiss ; set aside :—ধীরে কথা কহা ; To utter gently and continuously :—নীচে নামান ; To lower :—নামান ; To lower, as a curtain :—পত্র পাঠান ; To send by dropping into the post office box, as a letter :—প্রসব-কৃ ; To give birth to, said of sheep, cattle :—*n.* বিন্দু ; ফোঁটা ; A small globule ; quantity of drink :—কর্ণভূষণ ; Earring :—ফাঁসিকাঠের অংশ বিশেষ ; The part of a gallows. *Syn* :—(*v*) Let fall, let go, put down, lower, sink ; leave, relinquish ; abandon ; desist from, remit, discontinue ; distil, percolate, ooze ; cease, (*n*) Globule ; sip, a taste ; trapdoor ; gallows-frame ; ear-ring. *pl*=Any medicine measured by drops.

Drop astern—পশ্চাদগমন-কৃ ; To pass or move toward the stern.

Drop down—পতিত-হ ; Fall down :—সমুদ্রাভিমুখে

বহিয়া-যা ; To move down a river towards the sea.

Drop from the clouds—অপরিচিত স্থান হইতে আগমন-কৃ ; Come from a place, which no one knows any thing about.

Drop in—হঠাৎ আসিয়া পড়া ; Come in unexpectedly.

Drop off—মৃত-হ ; Die.

Drop off from—পরিত্যাগ-কৃ ; Desert or leave

Drop off one by one—এক এক করিয়া খসিয়া পড়া ; Fall off or disappear one after another.

Drop through—অকৃতকার্য্য-হ ; Fail.

Drop to—অবতরণ-কৃ ; Descend.

Drop upon—হঠাৎ দেখা ; Meet by chance.

A drop in the bucket—ক্ষুদ্র অংশ ; A small quantity ; only a small part.

A drop in the ocean—সমুদ্রে পাদ্য অর্ঘ্য, A very insignificant particle in a large body ; a very small quantity in a large body.

Take one drops—গোপনে মদ্য পান-কৃ ; Drink wine in private.

Droplet, drop'-let, *n.* অতি ক্ষুদ্র বিন্দু ; A little drop.

Dropsical, drop'sik-al, *a.* শোথ সম্বন্ধীয় ; শোথ পীড়াগ্রস্ত, উদরী-রোগাক্রান্ত ; Pertaining to, resembling or affected with dropsy. *n*=dropsicalness

Dropsy, drop'si, *n.* শোথ ; উদরীরোগ ; Morbid collection of fluid in any part of the body.

Drosky, droski, *n.* রুষদেশীয় যানবিশেষ ; A four wheeled Russian carriage.

Dross, dros, *n.* [A. S. *dros*, from *dreosan*, to fall] গাদ ; ময়লা ; মরিচা ; The scum of metals ; refuse ; rust. *Syn* :—Scoria, crust ; dregs, impure matter, recrement.

Drossy, drosi, *a.* সমল, অপরিষ্কৃত ; Like dross ; impure ; worthless. *n*=drossiness.

Drought, drowt, অনাবৃষ্টি ; Want of rain or water :—পানীয় জলাভাব ; Want of drink :—পিপাসা ; Thirst. *Syn* :—Aridity, drouth, thirstiness.

Droughty, drow'ti, *a.* বৃষ্টিশূন্য ; অতি শুষ্ক ; তৃষিত ; Wanting rain. *n*=droughtiness

Drouth, drowth, *n.* Same as Drought.

Drove, *pt.* of Drive.

Drove, drōv, *n.* পশ্বাদির পাল ; A number of cattle or other animals driven :—যাত্রিক বা চলিষ্ণু ব্যক্তিবর্গ ; A crow of people in motion. *Syn* :—Herd, flock ; collection, crowd.

Drover, drōvėr, *n.* পশুচালক ; One who drives cattle

Drown, drown, *v. t.* [A S *adrencan*, to drown] জলমগ্ন-কৃ ; জলে ডুবান ; To sink in water —জলে ডুবাইয়া বধ-কৃ, To suffocate or overwhelm in water :—পরাজয়-কৃ ; অভিভূত-কৃ, To overpower, to overcome :—*v. i.* জলে ডুবিয়া মরা ; To be suffocated in water. *Syn* :—Submerge, sink, overflow, deluge, immerse, inundate, flood, overpower, overcome.

Drowse, drowz, *v. i.* ঝিমন, ঝিমাইয়া-হ ; To nod the head in slumber, to be heavy with sleep :—*v. t.* নিদ্রালু-কৃ ; To make heavy with sleepiness, *Syn* :—Doze, nap, slumber, be drowsy.

Drowsy, drowzi, *a.* নিদ্রালু ; নিদ্রাভিভূত ; অলস ; Sleepy ; heavy ; sluggish ; dull, *Syn* :—Sleepy, comatose, heavy, dozy, somnolent, lethargic, soporific. *ad*=drowsily, *n*=drowsiness.

Drub, drub, *v. t.* [Icel. *drabba*, to beat] প্রহার-কৃ ; আঘাত-কৃ ; To beat with a stick ; thrash :—*n.* প্রহার ; মুষ্ট্যাঘাত ; চাপড় ; কিল ; A blow. *Syn* :—(*v*) Thrash, cudgel, pommel, thump, bang, cane.

Drudge, druj, *v. i.* অত্যন্ত পরিশ্রম-কৃ ; অতি নীচ কর্ম্ম-কৃ ; To work hard ; to do very mean work :—*n.* মজুর, দাস ; কঠোর পরিশ্রমী ; Mean or hard working labourer ; a menial servant. *Syn* :—(*v*) Slave, plod, toil. *ad*=drudgingly.

Drudgery, drujėr-i, *n.* নীচ কর্ম্ম ; মজুরী ; Hard or humble labour.

Drug, drug, *n.* ঔষধ ; Any substance used in medicine or in dying ;—*v. i.* রঙ করণার্থ ব্যবহৃত বস্তু ; যে বস্তুর কম কাটতি হয় ; An article of slow sale :—*v. i.* ঔষধ সহ মিশ্রিত-কৃ, To mix or season with drugs ; to dose to excess :—ঔষধ ব্যবস্থা-কৃ ; To prescribe drugs or medicines. *Syn* :—(*n*) Physic, remedy ; poison ; unsaleable article.

A drug in the market—যে দ্রব্যের খরিদার নাই ; A commodity for which there is no demand .—গৌরব নাই ; The possession of which confers no importance on a man

Drugget, drug'et, *n.* [Fr. *drogue*, drug, trash] গালিচার আচ্ছাদন স্বরূপ ব্যবহৃত মোটা পশমী কাপড় ; A course woollen cloth, used as a covering or protection for carpets.

Druggist, drug'ist, *n.* ঔষধ-বিক্রেতা ; Dealer in medicines.

Druid, drōō'id, *n.* কেল্টদিগের পুরোহিত ; Celtic priest. *fem*=Druidess, *a*=Druidical.

Druidism, drōō'id-izm, *n.* ড্রুইড্ পুরোহিতদিগের উপদিষ্ট ধর্ম্মমত বা আচরিত ক্রিয়াকলাপ, Practices of Druids, the doctrines which the Druids taught.

Drum, drum, *n.* দামামা ; ঢোল ; রণ-ঢক্কা ; A musical instrument :—কর্ণকুহরের মধ্যভাগ ; কর্ণপটহ ; The tympanum or middle portion of the ear :—গম্বুজের উন্নত অংশ ; The upright part of a cupola :—ঘূর্ণায়মান পিপা ; A revolving cylinder or barrel :—*v. i.* ঢোল বাজান ; To beat a drum, to beat with the fingers :—ধুক ধুক-কৃ, To throb :—*v. t.* সৈন্য যোগাড়-কৃ ; ক্রেতা যোগাড়-কৃ ; To go about to gather recruits ; secure partisans customers —*v. t.* কোন সুর অনুসারে বাজান ; ঢাক বাজাইয়া তাড়াইয়া-দে ; To execute on a drum a tune ; to expel with beat of drum. *n*=drum men.

Drum into—মনে প্রবেশ করান, Instil by repetion.

Drum out—ঢোল বাজাইয়া তাড়াইয়া-দে ; To expel with beat of drum.

Drum up, Drum up for—ঢোল বাজাইয়া একত্রিত-কৃ, Assemble by beat of drum.

Drum-head, drumhed, *n.* ঢোলের উপরের অংশ, ঢক্কার মাথা ; The upper part of a drum.

Drum-head courtmartial—A courtmartial called suddenly

Drum-major, drum-mājor, প্রধান সৈনিক-বাদক, সৈন্যদলের প্রধান ঢক্কাবাদক, The major or chief drummer of a regiment.

Drum-stick, drumstik, *n.* ঢাক বাজাইবার কাঠি ; Stick for beating a drum.

Drummer, *n.* ঢাকী ; দুন্দুভি বাদক ; One who beats a drum.

Drunk, drungk, *pa. p.* of Drink.

Drunk, *a.* সুরামত্ত, মদ্যপানে উন্মত্ত ; আর্দ্র ; Intoxicated ; saturated with moisture. *Syn* :—Intoxicated, inebriated, tipsy, fuddled, maudin, mellow, crapulous.

Be drunk with—কোন কিছুতে মত্ত হওয়া ; Be intoxicated or elated with.

Drunkard, drungk'ard, *n.* অত্যন্ত মদ্যপায়ী ; অত্যন্ত মাতাল ; মাতাল ; One given to intoxication ; one addicted to strong drink. *Syn* :—Taper, sot, hard drinker, tippler, carouser, boozer.

Drunken, drungk'n, *a.* মদ্যপায়ী ; মত্ততা-সঞ্জাত ; Given to excessive drinking, producing from intoxication .—মদ্যপানে অভ্যস্ত ; Given to drinking ; intoxicated .—মদ্যপানবশতঃ উন্মত্ত ; Resulting from intoxication.

Drunkenness, drungk'n-nes, *n.* অতিরিক্ত সুরাপান, Excessive drinking :—মাতলামি, Habitual intemperance.

Drupaceous, drōō-pā'shus, *a.* বদরী জাতীয় ফল সম্বন্ধীয়, Pertaining to stone-fruits.

Drupe, drōōp, *n* বদরী জাতীয় ফল বিশেষ ; A fleshy fruit containing a stone, as the plum &c. *a*=Drupaceous.

Dry, dri, *a.* শুষ্ক, আর্দ্রতাশূন্য ; Free from moisture (said of the weather) —বৃষ্টিহীন ; Free from rain or mist (of vegetable matter) —রসশূন্য ; নীরস, Free from juice or sap (of animals) —অদুগ্ধবতী, দুগ্ধদানবিরত, Not giving milk (of persons) :—অশ্রুশূন্য, অশ্রুবিহীন, Not shedding tears :—অহৃদয়গ্রাহী, চিত্তাকর্ষক নহে, নীরস, Uninteresting :—স্পষ্ট, অলঙ্কারশূন্য, Unembelished, plain :—চতুর, ব্যঙ্গকারী, Shreud, sarcastic —তীক্ষ্ণধার ; Sharp : —*v t.* শুষ্ক-কৃ, নিঃশেষ-কৃ, To free from water or moisture, to exhaust .—*v i.* শুষ্ক-হ, নীরস হওয়া, To become dry ; to evaporate. *Syn* .—(*a*) Parched, arid, thirsty, wanting drink, sapless, juiceless, sterile, unproductive, plain, dull, *ad*—drily, dryly *n*=dryness, drier.

Dry-goods, dri-goodz, *n.* কাপড় ফিতা ইত্যাদি ; Cloths, laces, ribbons, distinguished from groceries [volume for dry or coarse articles.

Dry-measure, *n.* শুষ্কদ্রব্য মাপ ; A measure of

Dry-nurse, dri-nurs, *n.* বালকপ্রতিপালিকা, পীড়াকালীন পরিচারিকা, One who feeds a child without milk from the breast ; one who brings up a child by hand.

Dry-rot, dri'-rot, *n.* কাঠের ক্ষয়রোগ, কাঠের জীর্ণতাপ্রাপ্তি, Decay of timber converting its substance into dry powder.

Dry-salter, dri-sawlt'ėr, *n* ঔষধ-বিক্রেতা, শুষ্কমাংস বিক্রেতা ; A dealer in drugs, dye-woods, dried meats etc.

Dry-saltery, dri-sawlt'ėr-i, *n.* শুষ্কমাংস বিক্রেতার কার্য্য ; The articles kept by a dry salter, the business of a dry-salter

Dry up—শুষ্ক-কৃ ; Deprive of moisture ; clear up, scorch —কথা বন্ধ-কৃ, To stop talking.

Dryad, drīad, *n.* বনদেবী ; A nymph or deity of the woods. [sisting of two.

Dual, dū'al, *a.* [L *duo,* two] দ্বিসংখ্যক ; Con-

Dualism, dū'al-izm, *n.* দ্বিভাগ ; A twofold division :—দ্বৈতবাদ ; A system which assumes or is founded on a double principle. *a*=dualislic.

Dualist, dū'al-ist, *n.* দ্বৈতবাদী ; A believer in dualism

Duality, dū-al'i-i, *n.* দ্বিত্ব ; State of being two.

Dub, dub, *v t* নাইট উপাধী দান-কৃ, উপাধী প্রদান কৃ, To confer knighthood by striking the shoulder with a sword, to confer any dignity. *n*=dubber. *Syn* :—Name, style, denominate, call, entitle.

Dub a cock—Prepare it for fighting. [fulness.

Dubiety, dū-bī'e-ti, *n.* সন্দিগ্ধতা, সংশয় ; Doubt-

Dubious, dū'bi-us, *a.* [L. *dubitare,* to doubt ; *duo,* two] সন্দিগ্ধ ; সংশয়িত ; Uncertain ; doubtful. *n*=dubiousness (সন্দিগ্ধতা) ; *ad*=dubiously. *Syn* :—Doubting, unsettled, undetermined, obscure, questionable, uncertain, problematical.

Ducal, dū'kal, *a.* ডিউক-সংক্রান্ত, Pertaining to a a duke or dukedom.

Ducat, duk'at, *n.* মুদ্রা বিশেষ ; A coin, worth when silver, 4*s.* 6*d* ; when, gold, twice as much.

Duchess, duches, *n.* [L. *dux,* a leader] ডিউকপত্নী ; Wife of a duke.

Duchy, duchi, *n.* ডিউকের অধিকার ; A dukedom, the territory of a duke.

Duck, duk, *v. t.* ডুবিয়ে-দে ; কিয়ৎক্ষণ জলমগ্ন-কৃ ; To dip for a moment in water —*v. i.* মগ্ন-হ ; ডুব-দে, To dip or dive ; to lower the head suddenly .—*n* হংসী ; Water-fowl .—মস্তক অবনামন ; শিরোনমন ; A dipping or stooping of the head : —প্রিয়জন ; A pet, darling. *Syn* —(*v.*) Immerse, souse, plunge, dip, dive ; bow, bend, stoop, cringe.

Make ducks and drakes—ছিনিমিনি খেলা ; To throw a flat stone &c., obliquely upon the water making it relbound .—নষ্ট-কৃ ; To squander.

Ducking stool—A stool or chair in which scolds were formerly tied and ducked in the water, as a punishment [young duck.

Duckling, duk'ling, *n. dim.* হংস-শাবক ; A

Duct, dukt, *n.* [L. *duco,* to lead] নল ; নালী ; A tube, passage. *Syn* .—Channel, canal, conduit, blood-vessel.

Ductile, duk'til, *a.* নমনীয়, তান্তব ; Easily led or drawn out, pliable, yielding. *n*=ductility. *Syn* :—Tractable, pliable, compliant, docile ; flexible, extensible.

Dudgeon, dujun, *n.* [W *dygen,* anger] অসন্তোষ, অপ্রসন্নতা ; ক্রোধ ; Ill will ; grudge, resentment —ছোরার বাঁট, The handle of a dagger :—ছোরা, A small dagger *Syn* —Umbrage, indignation, displeasure, ire, wrath.

Duds, *n.* পুরাতন বস্ত্র ; Old cloth

Due, dū, *a.* [L *debeo,* to owe] দেয় ; Owing that ought to be paid —উপযুক্ত, Proper :—নির্দিষ্ট, Appointed .—*n* ঋণ, অধিকার ; ন্যায়ানুগত স্বত্ব, Debt : what belongs to one of right ; just title .—পুরস্কার, পণ, Fee or emolument :—দাবি Claim .—*adv* ঠিক ; Directly ; exactly ; duly. *Syn* :—(*a*) Fit, suitable, appropriate, becoming ; right, just, equitable, obligatory, bounden, owing to, occasioned by.

Due to—দেনার হিসাবে আবশ্যক প্রাপ্য ; Owing to : যাহা দেওয়া বা করা উচিত ; Proper to be paid ৮ :—কোন কিছু হইতে উৎপন্ন ; Occasioned by.

Duel, dū'el, *n.* দ্বন্দ্বযুদ্ধ ; মল্লযুদ্ধ ; A combat between two persons :—*v. i.* দ্বন্দ্বযুদ্ধ-কৃ ; To fight in single combat. *n*=duellist, dweller (মল্ল) ।

Duelling, dū'el-ing, *a.* দ্বন্দ্বযুদ্ধোত্তাল ; Fighting in a duel :—*a.* দ্বন্দ্বযুদ্ধরত ; Employed in a duel.

Duenna, dū-eńa, *n.* বৃদ্ধা ধাত্রী ; রক্ষাকর্ত্রী ; পরিচারিকা ; Lady in waiting ; elderly woman to guard a younger.

Duet, dū-et', **Duetto,** dū-et'o, *n* [L. *duo*, two] দুই ব্যক্তি মিলিত হইয়া গান বা বাদ্য করিবার জন্য রচিত গান ; A piece of music composed for two performers, vocal or instrumental.

Duffel, duf'l, *n.* মোটা পশমি কাপড় ; Coarse woolen cloth.

Dug, dug, *n.* পশুর স্তন বা বাঁট , Nipple, treat ; pap, udder.

Dug, *pt.* and *p. p.* of Dig.

Dugong, dū-gong', *n.* তিমি মৎস্য বিশেষ ; A cetacean ; a kind of herb-eating whale.

Duke, dūk. *n.* সর্ব্বাপেক্ষা প্রধান কুলীনের উপাধি ; ইংলন্ডের যুবরাজের অব্যবহিত নিম্নপদ ; The highest order of nobility next below the Prince :—অধিনায়ক ; সর্দ্দার ; A chieftain, a leader :—রাজা ; A sovereign prince. *fem*=Duchess.

Dukedom, dūk'dum, *n.* ডিউকের উপাধি, স্থান বা পদবী ; The title, rank, or territories of a duke.

Dulcet, dul'set, *a.* [L. *dulcis*, sweet] সুমিষ্ট , সুমধুর ; সুস্বর ; Sweet ; melodious, harmonious. *Syn* :—Luscious, honeyed ; melodious, euphonious ; soothing, pleasing ; charming.

Dulcify, *v t* মিষ্ট-কৃ ; To sweeten.

Dulcimer, dul'si-mėr, *n* [L. *dulcis*, sweet, and *melos*, a song] বাদ্যযন্ত্র বিশেষ ; সেতারা , তানপুরা , A musical instrument.

Dull, dul, *a.* [Dut. *dol*, mad, *dolen*, to wander, to rave] মূর্খ ; Stupid :—ভোঁতা ; Blunt :—বিষণ্ণ ; নিরানন্দ ; Sad ; cheerless :—মেঘাচ্ছন্ন ; অস্পষ্ট ; অনুজ্জ্বল ; Cloudy ; dim ; obscure ; not bright :—নীরস ; Uninteresting :—নিস্তেজ ; Sluggish :—*v. t.* মূর্খ-কৃ ; To make dull ; to make stupid :—ভোঁতা-কৃ ; To blunt :—নিরাশ-কৃ ; নিরুৎসাহ-কৃ ; মেঘাচ্ছন্ন-কৃ ; To damp ; to cloud :—নিস্তেজ-কৃ ; To deprive of activity :—*v. i.* ভোঁতা-হ ; নির্ব্বোধ-হ , To become dull. *n*=dullness. *ad*=dully. *Syn* :—(*a*) Stolid, doltish ; inanimate, lifeless, apathetic, insensible, inert, inactive, heavy, sluggish ; not sharp, obtuse, blunt ; gloomy, sad, dismal ; dun, obscure ; tedious, tiresome.

Dullard, dul'ard, *n* অতি নির্ব্বোধ লোক ; বোকা ; A blockhead ; a dunce ; a dolt. [weak sight

Dull-sighted, dul'-sīted, *a.* ক্ষীণ দৃষ্টি ; Having

Dull-witted, dul'-wited, *a* স্থূলবুদ্ধি ; Not smart, heavy. [properly.

Duly, dū'li, *adv.* উপযুক্তরূপে , উপযুক্ত সময়ে ; Fitly,

Dumb, dum, *a.* [Ger. *dumm*, stupid] মূক ; বোবা , Speechless ; silent. *n*=dumbness.

Dumb-bells, dum'-belz, *n.* ডম্বল ; Weight swung for exercise.

Dumb found or **founder,** dum'fownd, *v. t,* অবাক্-কৃ ; হতবুদ্ধি-কৃ To strike dumb ; to confuse greatly.

Dumb show, dum'-shō, *n.* সঙ্ ; Pantomime.

Strike dumb—হতবুদ্ধি-কৃ . Confound.

Strike one dumb—বাক্‌রহিত-কৃ ; নিরুত্তর-কৃ ; Deprive one of the power of speech, either by confounding or astonishing.

Dummy, dum'i, *n.* বোবা ; মূক ; One who is dumb :—স্থূলবুদ্ধি লোক ; Thick witted fellow :—সাক্ষীগোপাল ; One who plays a merely nominal part in an action :—*a.* মূক ; Silent ; mute :—কৃত্রিম , Sham. *Syn* :—(*n*) Mute ; dumb ; waiter ; lay figure.

Dump, *n.* অবসাদ ; বিষাদ ; A gloomy state of the mind ; melancholy usually, in the plural :—*v. t.* To unload from a cart by titling it.

Dumpish, dump'ish, *a.* নির্ব্বোধ ; বিষণ্ণ ; Depressed in spirits ; stupid. *n*=dumpishness, *ad*=dumpishly. [A small round pudding.

Dumpling, dump'ling, *n.* গোলাকৃতি পিষ্টক বিশেষ :

Dumps, dumps, *n. pl.* [Ger. *dumpt*, dump, dull] নিরুৎসাহ ; বিষাদ , অন্ধকার ; Melancholy, ill-humour, gloom. *Syn* :—Sadness, depression

Dumpy, dump'i, *a.* ক্ষুদ্র ও স্থূল ; Short and thick

Dun, dun, *a.* পিঙ্গলবর্ণ ; Of a dark colour, partly brown and black :—*v. t.* পাওনা টাকার নিমিত্ত তাগাদা-কৃ ; To demand a debt ; to urge for payment .—*n.* দেনার জন্য যে তাগাদা করে ; One who duns ; a clamorous creditor —তাগাদা ; An urgent demand of payment. *Syn* :—(*a*) Dull, brown ; dark, gloomy. (*v*) Press, urge, importune.

Dunce, duns, *n.* মূর্খ ব্যক্তি ; নির্ব্বোধ , A dolt ; a stupid person. *Syn* :—Dullard, dolt, numskull, simpleton, blockhead. *a*=duncish, duncelike.

Dunder, *n* ইক্ষু রসের শিটে ; The dregs of cane-juice used in distilling rum. [A dunce.

Dunder head, Dunder pate, *n* মূর্খ লোক ;

Dune, dūn, *n.* বালির পাহাড় ; বালিকাস্তূপ , A low hill of sand on the sea-shore.

Dung, dung, *n* গোবর , পশ্বাদির বিষ্ঠা ; গোময় ; The excrement of animals :—*v. t* সার-দে ; To mannure with dung :—*v. i.* মল ত্যাগ-কৃ ; To void excrement. *Syn* :—(*n*) Ordure, faeces ; manure. *a*=dungy.

Dung-hill, duńghill, *n.* গোবরাদির স্তূপ ; সারকুড় ; A mound of dung :—কদর্য্য বাসস্থান ; A vile abode :—*a.* বিষ্ঠাজাত ; নীচ ; Mean , low.

Dungeon, duńjun, *n.* কারাগার ; পাতালঘর ; A close, dark prison ; a cell under ground.

Dungy, *a* গোময়পূর্ণ ; Full of dung .—কদর্য্য ; Nasty ; vile. [piper

Dunlin, duńlin, *n.* পক্ষিবিশেষ ; A kind of sand-

Dunnish, duńish, *a.* কথঞ্চিৎ পিঙ্গলবর্ণ : Somewhat *dun.* [parts.

Duo, dū'o, *n.* [L. *duo*, two] গীত ; Song in two

Duodecennial, dū-o-de-seńi-al, *a.* [L. *duodecim*, twelve, and *annus*, a year] দ্বাদশ বার্ষিক ; Occuring every twelve years.

Duodecimal, dū-o-desi-mal, *a.* [L. *duo*, two, and *decem*, ten] দ্বাদশ , Twelvth , numbered by twelve years.

Duodecimo, dū-o-desi-mo, *a.* বারপেজি ; Formed of sheets folded so as to make twelve leaves :—*n.* বারপেজি করমার পুস্তক ; A book with sheet folded in twelve leaves :—The size of a book thus compared,—usually indicate thus ; 12 mo.

Duodecuple, dū-o-dekū-pl, *a.* [L. *duodecim*, twelve, and *plico*, to fold] বারগুণ ; বারখবিশিষ্ট ; Consisting of twelve, twelvefold.

Duodenum, dū-o-dē'num, *n.* [L. *duodeni*, twelve each] প্রথম অন্ত্র ; The first of the small intestines. *a*=doudenal.

Dupe, dūp, *n.* যাহাকে অনায়াসে ভুলান যায় ; One easily cheated ; a gull :—*v. t.* প্রতারণা-কৃ ; To deceive ; to trick. *Syn* :—Beguile, hoodwink, delude, overreach, cozen, gull, cheat. *a*=dupable.

Duple, dū'pl, *a.* [L. *duo*, two and *plico*, to fold] দ্বিগুণ ; Two fold :—*v. t.* দ্বিগুণ-কৃ ; To double.

Duplicate, dū'p'lik-āt, *a.* দ্বিগুণ ; Two fold :—*n.* প্রতিলিপি ; A copy :—*v. t.* দ্বিগুণ-কৃ ; প্রতিলিপি-কৃ ; To double ; to make a copy. *n*=duplication.

Duplicity, dū-plisit-i, *n.* প্রতারণা ; প্রবঞ্চনা ; Insincerity of heart or speech ; deceit. *Syn* :—Double-dealing, deceit, dissimulation, guile, deception, hypocrisy.

Durability, dūr-a-bilit-i, *n.* স্থায়িত্ব ; অনশ্বরত্ব ; Power of lasting without perishing.

Durable, dūr'a-bl, *a.* [L. *duro*, to last] স্থায়ী ; সুদৃঢ়, Lasting ; permanent ; hardy. *n*=durability (স্থায়িত্ব) । *Syn* :—Abiding, lasting, permanent, firm, stable, continuing, constant. *ad*=durably. *n*=durableness.

Dura mater, *n.* মস্তিষ্কের বহির্ঝিল্লী ; The outer membrane of the brain. [ment ; duress.

Durance, dūr'ans, *n.* কয়েদ ; অবরোধ ; Imprison-

Duration, dū-rā'shun, *n.* স্থিতিকালের পরিমাণ ; চিরস্থায়িত্ব, Continuance in time ; power of continuance ; permanency. *Syn* :—Prolongation, perpetration, continuation ; permanency.

Durbar, dur'bar, *n.* [Pers. *dar-bar*, a prince's court, (lit.) a door of admitance] দরবার, অভ্যর্থনা-গৃহ ; A audience chamber ; a levee, or a reception of native princes and nobles held by the Viceroy of India.

Dure, *v i.* স্থায়ী-হ ; To endure, last, continue.

Duress, dūrés, *n.* কয়েদ ; অবরোধ ; Constraint ; imprisonment. *Syn* :—Confinement, captivity, durance. [For the time it lasts.

During, dūr'ing, *prep.* যাবৎ ; যে পর্য্যন্ত ; মধ্যে ;

Durst, *pt.* of Dare, সাহস-কৃ, To venture.

Dusk, dusk, *a.* ঈষৎ কৃষ্ণবর্ণ ; ঈষদান্ধকারময় ; Darkish :—*n.* গোধূলি সময় ; কৃষ্ণবর্ণ ; Twilight ; partial darkness ; darkness of colour. *ad*=duskly. *n*=duskness.

Duskish, duskish, *a.* ঈষৎ কৃষ্ণবর্ণ ; সামান্য কৃষ্ণাভ ; Rather dusk ; slightly dark or black. *n*=duskishness. *ad*=duskishly.

Dusky, duski, *a.* অনুজ্জ্বল, কৃষ্ণবর্ণ ; Partially dark or obscure ; dark coloured :—বিষণ্ণ ; বিষাদময় ; Sad, gloomy. *n*=duskiness. *Syn* :—Murky, darkish ; dun, obscure, cloudy, shadowy.

Dust, dust, *n.* ধূলি ; গুঁড়া ; চূর্ণিকা ; Earth in powder ; powder, earth :—পুষ্পরেণু ; The pollen of the anther of flowers :—অপকৃষ্ট বস্তু, Refuse :—কবর ; Grave :—হীনাবস্থা ; A mean condition :—টাকা, Money :—*v t.* ধূলি ঝাড়া ; To free from dust :—ধূলা ছড়ান ; গুঁড়া করা, To sprinkle with dust, to reduce to powder.

Dust and ashes—মৃত্যুর লক্ষণ ; Emblems of death and mortality.

Beat out dust—ধূলা ঝাড়া ।

Bite the dust—পতিত-হ, ভূতলশায়ী-হ ; To fall or be thrown as in contest of battle ; fall in battle.

Lick the dust at one's feet—পায়ের ধূলি চাটা ; অত্যন্ত তোষামোদ-কৃ ; Cringe, cringe objectly to gain one's favour.

Raise or **kick up a dust**—গোলমাল-কৃ ; গণ্ডগোল-কৃ ; To make a confusion, make a disturbance. [Deceive, bewilder one.

Throw dust into the eyes of—চক্ষে ধূলি-দে ;

Duster, dustér, *n* ঝাড়ন ; গামছা, A cloth or brush for removing dust.

Dustman, *n.* ময়লা-পরিষ্কারক ; One who carries away dirt and filth.

Dusty, dusti, *a.* ধূলাচ্ছন্ন ; ধূলিময় ; Covered or sprinkled with dust :—ধূসরবর্ণ ; Of the colour of dust. *n*=Dustiness.

Dutch, duch, *a.* হলণ্ড দেশীয় ; Belonging to Holland or its people or language :—*v. t.* কঠিন-কৃ ; To render clear and hard by dipping into hot oil &c.—as goose quills. [excited by drink.

Dutch courage—মদ্যপানজনিত সাহস ; Courage

Duteous, dū'te-us, *a.* কর্ত্তব্যপরায়ণ ; আজ্ঞাবর্ত্তী ; Obedient ; dutiful. *n*=duteousness. *ad*=duteously.

Dutiable, dū'-ti-a-bl, *a.* শুল্ক-ধার্য্যোপযোগী ; Liable to the imposition of duty or customs.

Dutiful, dū'ti-fool, *a* কর্ত্তব্যপরায়ণ ; শিষ্টাচারী ; Respectful ; expressive of a sense of duty. *n*=dutifulness. *ad*=dutifully. *Syn* :—Duteous, obedient, reverent, reverential, submissive, respectful, deferential, docile, compliant.

Duty, *n.* বাধ্যতা, কর্ত্তব্য, Obligation :—অধীনতা ; বশ্যতা ; বশীভূততা, সামরিক কার্য্য ; Obedience ; military service :—সম্মান ; Respect, regard :—শুল্ক :—Tax on goods. *Syn* :—Responsibility ; service, reverence ; business, office, function, work, engagement ; tax, custom, toll.

On duty—প্রহরীর কার্য্যে নিযুক্ত ; Serving as guard.

Sense of duty—কর্ত্তব্য বুদ্ধি ।

Duumvir, *n.* One of two Roman magistrates.

Duumvirate, dū-umvi-rāt, *n.* [L. *duo*, two, and *vir*, a man] প্রাচীন রোমের শাসনপ্রণালী বিশেষ ; একই পদে দুই ব্যক্তির সমাবেশ ; A form of government in ancient Rome ; the union of two men in the same office. [chief pupil of a class.

Dux, *n.* কোন শ্রেণীর প্রধান ছাত্র ; The head or

Dwarf, dwart, *n.* বামন ; An animal or plant much below ordinary size ; *esp.*, a diminutive man ; mannikin :—*v. t.* খর্ব্ব-কৃ ; বাড়িতে না দেওয়া ; To hinder from growing ; to stunt.

Dwarfish, dwarf'ish, *a.* খর্ব্বাকৃতি ; অতি ক্ষুদ্র ;

Like a dwarf, very small n=dwarfishness. ad=dwarfishly. *Syn* —Stunted, small, low, tiny, diminutive, little.

Dwell, dwel, *v i* বাস-কৃ, To live in a place, to inhabit n=dweller. *Syn* —Reside, sojourn, continue, stay, rest, remain, live

Dwell upon (or) on—বিস্তারিত বর্ণনা-কৃ; Discourse upon, enlarge —অধিকক্ষণ কোন বিষয় লইয়া জল্পনা-কৃ (লেখাতেই হউক বা কথাতেই হউক), Continue on (some subject, either in speaking or in writing).

Dwelling, dweling, *n.* বাসস্থান, বাস, Habitation, abode

Dwelling house, *n* বসতিবাটী, A house intended for residence

Dwelling place, *n* বাসস্থান, Place of residence, abode

Dwindle, dwindl, *v i* ক্ষয়িত-হ, ক্ষয়প্রাপ্ত হ ক্রমশঃ শুকাইয়া-যা, ক্ষীণ-হ, To grow less, to become less, to shrink away, to grow feeble —*v t* ক্ষয় করান, কমান, To make less, to break, to dispress —*n* ক্ষয়, A process of dwindling *Syn* —(*i*) Decrease, lesson, shrink, pine away, decline, decay

Dwindle into—ছোট্ট হইয়া কমিয়া আসা, Shrink into, be reduced to

Dye, di, *v t* রং-কৃ, রঞ্জিত কৃ, To stain, to tinge —*n* রং, Colouring liquid, tinge

Dyeing, diing, *n* কাপড় রং করিবার কৌশল বা ব্যবসায়, Art or practice of colouring cloth, &c

Dyer, dier, *n.* যে বস্ত্রাদি রং করে, One whose trade is to dye cloth.

Dye-stuff, di'stufs, *n pl* রং করিবার দ্রব্যাদি, Material used in dyeing.

Dying, diing, *p a* মুমূর্ষু, Expiring —মরণশীল, Mortal —*n* মৃত্যু, Death *pr p.* of *die.*

Dyke—Same as Dike

Dynamic, di-namik, **Dynamical,** di-namikal, *a* [Gr *dynamis*, power, *dynamai*, to be able] বলবিষয়ক, জড়জগতে বলের কার্য্য সম্বন্ধীয়: Relating to the effects of forces in nature.

Dynamics, di-namiks, *n* গতিবিজ্ঞান, বলবিজ্ঞান, The science of moving powers.

Dynamite, dina-mit, *n.* বিদারণক্ষম বস্তু বিশেষ; ডিনামাইট, A powerful explosive agent

Dynamometer, din-am-ome-ter, *n* [Gr. *dynamis*, power, and *metron*, a measure] বলপরিমাপক যন্ত্র, An instrument for measuring effort exerted, particularly the work done by a machine.

Dynastic, dinast-ik, *a* রাজবংশীয়, বংশসম্পর্কীয়; Belonging to a dynasty.

Dynasty, dinas-ti, *n* [Gr *dynastes*, a lord, *dynamai*, to be able] রাজবংশ, Race or family of sovereign —প্রভাব, রাজত্ব, সাম্রাজ্য, Power, rule, government.

Dysentery, disen-ter-i, *n.* [Gr *dys*, ill, *entera*, the entrails] রক্তামাশয়, A disease of the entrails or bowels *a*=dysentric

Dysentry, *n* অতিসার, Bloody flux *a*=dysentric dysentrical

Dysmenorrhœa, *n* বাধক, Difficult menstruation.

Dyspepsy, dis-pep'si, **Dyspepsia,** dis pep'si-a, *n* [Gr *dys*, hard, difficult, and *pepsō*, to digest] অজীর্ণতা, অগ্নিমান্দ্য, অজীর্ণ রোগ, Indigestion

Dyspeptic, dis-pep'tik, *a* অজীর্ণ রোগগ্রস্ত অজীর্ণরোগাক্রান্ত [illegible] উৎপন্ন, Afflicted with pertaining to or arising from indigestion —*n* অজীর্ণ রোগাক্রান্ত ব্যক্তি, One affected with dyspepsia

Dyspnœa, *n* শ্বাসকৃচ্ছ্র, Difficulty of breathing

Dysury, [illegible] *n* [Gr [illegible] difficult, and *ouron* urine] প্রস্রাব করিতে ক্লেশ, মূত্রকৃচ্ছ্র, Difficulty in voiding urine.

E

E—ইংরাজি বর্ণমালার পঞ্চম অক্ষর, The 2nd vowel, and 5th letter of the English alphabet

Each, ēch *a* প্রত্যেক Either of two, every one

Eager, ē'ger, *a.* [L *ak*, sharp] ব্যগ্র, আগ্রহান্বিত, উৎসুক, Earnest, keenly desirous, impatient *n*=eagerness (ব্যগ্রতা, ঔৎসুক্য, উদ্যোগ Ardour), *ad*=eagerly (ব্যগ্রভাবে) *Syn* —Longing, yearning, greedy impatient, vehement, impetuous, earnest, anxious, fervent, glowing hot

Eagerness, ē'ger nes, *n* ঔৎসুক্য, ব্যাকুলতা, ব্যগ্রতা, উদ্যোগ, Ardour, vehemence, earnestness, impatience, heartiness, fervour, greediness.

Eagle, ē'gl *n* [L *aquila*, from root *ac*, sharp, swift] শীকারী পক্ষী, ঈগল পক্ষী, উৎক্রোশ পক্ষী, A large bird of prey.—মুদ্রাবিশেষ, A gold coin of the United States, worth 10 dollars or 43s *fem*=eagless.

Eagle-eyed, ē'gl id, *a,* তীক্ষ্ণদৃষ্টি, সূক্ষ্মদর্শী, Quick eyed, discerning.

Eaglet, ē'glet, *n.* উৎক্রোশ পক্ষিশাবক, ঈগল শাবক, A young or small eagle

Eagre, ē-ger, *n* [A S *egor* water, sea] নদীর জোয়ার, বান, Bore

Ean, *v t* or *v. i.* বৎস প্রসব-কৃ, To bring forth (young)

Ear, ēr, *n* কর্ণ, শ্রবণেন্দ্রিয়, The organ of hearing —সঙ্গীত বিচার করণে ক্ষমতা, Power of judging harmony —মনোযোগ, Attention —শস্যের মঞ্জরী, শীষ, Head of corn —*v t* কর্ষণ কৃ, To plough or till —*v i* শীষ বেরোন, To form ears, as corn *Syn* —(*n*) Musical perception, taste, hearing, regard attention, spike of grain head

Be all ear—মনোযোগী হ, তন্ময় হইয়া শুনা, Be all attention, be wholly attentive

Be at one's ear—কানে কানে কিছু বলিবার নিমিত্ত নিকটে থাকা, Be near to whisper some secret matter into one's ear

Be by the ears, Fall together by the ears,

Go together by the ears—বিবাদ-কৃ ; চুলোচুলি-কৃ ; Quarrel, fight and scuffle.
Be up to the ears in—প্রায় ডুবিয়া থাকা ; Be deeply involved in.
Din into or **in one's ears**—কানের কাছে ভ্যান্ ভ্যান্-কৃ ; কোন বিষয় ক্রমিক কানে তোলা ; Repeat continually into one's ears ; ply one with.
Give or **lend ear to**—শুনা ; কাহার কথায় কান দেওয়া ; Listen to.
Have an ear for—শ্রবণ দ্বারা গুণাগুণ শক্তি থাকা ; Have a taste for, have the power of judging of (by means of the ears) :—শুনা, কান দেওয়া, Listen to.
Have or **get the ear**—অপরের নিন্দা করিয়া কাহারও অনুগ্রহ লাভ করা, Get into a person's confidence by telling tales of others.
In at the one ear, out at the other—শীঘ্র বিস্মৃত-হ ; Be readily forgotten. [mature state
Fearful, fēr'-fool, *a.* ভয়ানক ; Terrible ; awful :—ভীরু ; ভীত ; Timorous ; afraid :—ভয়জনিত ; Caused by fear. *n*=fearfulness, *ad*=fearfully. *Syn* :—Apprehensive, frightened ; timid, nervous, shrinking, diffident ; horrible, distressing, shocking, frightful, dreadful.

Fearless, fēr'les, *a.* নির্ভয় ; সাহসী ; সাহসিক ; Daring ; brave. *n*=fearlessness. *ad*=fearlessly. *Syn* :—Undaunted, intrepid, bold, courageous, valorous, valiant, dauntless, heroic.

Feasible, fēz-i-ble, *a.* [L. *facere*, to do, to make] সাধ্য ; শক্য ; Practicable. *ad*=feasibly. *n*=feasibleness, feasibility.

Feast, fēst, *n.* [L. *festum*, a holiday, *festus*, solemn, festal] ভোজ ; মহোৎসব ; পর্ব্ব ; উৎসব ; Banquet ; treat ; festival :—আনন্দ ; Enjoyment, delight :—*v. i.* বিশিষ্টরূপে আহার কৃ ; ভোজ-দে . To hold a feast ; to eat sumptuously :—*v. t.* বিশিষ্ট রূপে আহার প্রদান-কৃ ; (চর্ব্ব্য চোষ্যাদি) ভোজন-কৃ ; তুষ্ট-কৃ ; পরিতুষ্ট-কৃ ; To entertain sumptuously ; to delight ; to gratify. *n*=feaster. *Syn* :—(*n*) Holiday, entertainment, regale, revel, carousal, sumptuous repast.

Feat, fēt. *n.* [L. *facio*, to do, to make] দুঃসাহসিক কার্য্য , অসাধারণ কার্য্য ; Deed ; achievement —কৌশল , Trick. *Syn* :—Exploit, act ; stroke of dexterity.

Feather, fethėr, *n.* পক্ষ . পালক ; কলম ; Plume of a bird ; pen ·—শূন্যগর্ভ পদবী ; An empty title . —*v t.* পক্ষ দ্বারা সজ্জিত-কৃ , পক্ষভূষিত-কৃ ; To adorn with feathers :—পালক লাগাইয়া-দে ; To furnish an arrow with feathers —*v. i.* সমতল-হ ; To become feathered or horizontal.

Be in full feather—সুসজ্জিত-হ ; To make a show , to be in full dress.

Be in high feather—পুলকিত-হ ; To appear in high spirit and health like bird after moulting ; be elated.

Cut a feather—বিখ্যাত-হ ; Cut a dash :—জলকে ফেণময়-কৃ , To make the water foam in moving.

Feather in one's cap—সম্মান ; সম্মান-চিহ্ন ; An honour or mark of distinction.

Feather one's nest—অর্থ সঞ্চয়-কৃ ; To amass money, especially from holding an office or place , provide for self ·—আরামপ্রদ গৃহ প্রস্তুত-কৃ ; To make a snug, comfortable home.

Feather the oar—দাঁড়ের এক ধার সমতল করিয়া ফিরান , জলতলের সহিত সমান্তরাল ভাবে জল হইতে দাঁড় তোলা ; Turn the edge of an oar horizontally when raising it from water ; to bring an oar out of the water in a flat or horizontal position.

In high feather—পুলকে পূর্ণ ; Elated ; in high spirits.

Show the white feather—ভীরুতা প্রদর্শন-কৃ ; কাপুরুষত্ব দেখান ; Show signs of cowardice ; (a white feather in a game cock's tail being a token that he is not of game breed).

To tar and feather—আলকাতারা মাখাইয়া পালক দিয়া আচ্ছাদিত-কৃ ; To smear with tar, and then cover with feathers.

Feather brained, *a.* চঞ্চল ; মূর্খ ; Silly.

Feathery, fethėr-i, *a.* পক্ষযুক্ত ; পক্ষসদৃশ ; পক্ষাবৃত ; Pertaining to, resembling or covered with feathers.

Feature, fē'tūr, *n.* অবয়ব ; মুখ ; গঠন ; আকৃতি ; চেহারা ; Lineament, make or cast ; cast of the face (especially of any single part of the face) :—বিশেষ লক্ষণ ; A marked peculiarity :—*v. t.* Form. *pl.* The countenance. *Syn* —Lineament ; fashion, make, conformation, aspect, appearance ; outline, peculiarity, prominent part.

Featured, fē'tūrd, *a.* সুগঠন ; Having good features. [distinct features.

Featureless, fē'tūr-les, *a.* কুগঠন , Destitute of

Febrifuge, febri-fūj, *n.* [L. *febris*, fever, and *fugo*, to put to flight] জ্বরঘ্ন ঔষধ ; A medicine serving to remove fever ; medicine to drive away fever :—*a.* জ্বরঘ্ন ; Anti-febribe.

Febrile, fē'bril, or febril, *a.* [L. *febris*, fever] জ্বর-সম্বন্ধীয় ; জ্বর-প্রকাশক ; জ্বরোদ্ভব ; জ্বরসংক্রান্ত ; জ্বর-যুক্ত ; Pertaining to indicating, or derived from fever ; feverish.

February, febrōō-ar-i, *v.* [L. *februa*, the festival of expiation] ইংরাজি বৎসরের দ্বিতীয় মাস ; The second month in the year.

Focal, fē'kal, *a.* মলসম্বন্ধীয় ; মলবিশিষ্ট ; গাদ বা পিঠা সংক্রান্ত ; Pertaining to or containing fæces.

Feces, *n.* মল , Excrement ; see fæces.

Feculent, fekū-lent, *a* পঙ্কিল , আবিল ; গাদবিশিষ্ট ; মলপূর্ণ , অপরিষ্কার ; Foul with extraneous or impure substances ; turbid ; containing fæces or sediment, muddy. *n*=Feculence, feculency. *Syn* ·—Dreggy, thick, four.

Fecund, fekund, *a.* [L *fco*, to bring forth] সন্তানোৎপাদী , উর্ব্বরা , ফলশালী ; Fruitful in children ; fertile, prolific.

Fecundate, fek-und-āt, *v. t.* ফলশালী-কৃ ; উর্ব্বরা-কৃ ; গর্ভোৎপাদন-কৃ ; গর্ভবতী-কৃ ; Make fruitful ; to impregnate. *n*=fecundation.

Fecundation, fek-un-dāshun, *n.* গর্ভোৎপাদন ; গর্ভধারণ ; The act of making fruitful ; the state of being impregnated.

Fecundity, fek-undi-ti, *n.* জননীত্ব ; ফলবত্তা ; Prolificness in female animals .—উদ্ভাবন প্রাচুর্য্য ; —Richness of invention .—উর্ব্বরতা , Fruitfulness. *Syn* :—Fertility, productiveness.

Fed, *pa. t* and *pa p.* of *feed*.

Federal, fedėr-al, *a.* [L. *faederies*, a treaty] পারস্পরিক নিয়মানুসারে সংস্থাপিত বা গঠিত ; সন্ধিবিষয়ক ; Founded upon mutual agreement, composed of states retaining only a subordinate sovereignty.

Federal, Federalist, fedėr-al-ist, *n.* নিয়মতন্ত্র-প্রণালী-বাদী ; An advocate of federation, and not of democracy. *n*=federalism.

Federal states—In the American war, those northern states that combined to resist the eleven southern or confederate states.

Federalism, fedėr-al-izm, *n* নিয়মতন্ত্রপ্রণালীবিষয়ক মত , Principles of federalists.

Federate, fedėr-āt, *a.* সন্ধিবদ্ধ ; নিয়মে আবদ্ধ ; Confederate ; leagued.

Federation, fed-er-āshun, *n.* সন্ধিবদ্ধ নিয়ম ; Alliance, league, union, confederacy.

Federative, fedér-a-tiv, *a.* সংযোগী, সন্ধি বা নিয়ম সংস্থাপন-প্রবণ ; Joining in a league.

Fee, fi, *n.* বিষয় ; ভূমি ; ভূসম্পত্তি ; Property ; land :—পারিতোষিক ; বেতন ; পারিশ্রমিক ; দর্শনী ; Reward ; reward of professional services ; reward paid for services ; recompense :—ব্যয় ; খরচা ; Charge :—*v. t.* পারিতোষিক-দে ; ভাড়া-কৃ ; উৎকোচ-দে ; To pay a fee to ; to reward for services ; to hire ; to bribe. [held in full right.

Fee simple, *n.* মকররি ভূসম্পত্তি ; যায়গির ; Land

Fee tail, *n.* হস্তান্তরাযোগ্য বংশপরম্পরাগত স্থাবর সম্পত্তি ; An entailed or limited estate.

Feeble, fe'bl, *a.* [L. *fleo*, to weep] ক্ষীণ ; দুর্বল ; Weak ; infirm ; faint ; slow ; dull. *n*=feebleness (দৌর্বল্য) ; *ad*=feebly. *Syn* :—Debilitated, failing, exervated, powerless, frail, exhausted, languid ; imperfect, dim ; imbecile

Feebleminded, *a.* দুর্বলচিত্ত, দুর্বলমনাঃ, Weak in intellectual power ; irresolute ; weak-minded. *n*=Feeblemindedness.

Feed, fed, *v. t.* আহার-দে, খাওয়ান ; To give food to ; to nourish —পোষণ-কৃ ; পুষ্ট-কৃ ; To foster :—*v. i.* আহার গ্রহণ-কৃ, খাওয়া ; পুষ্ট-হ, To take food ; to nourish one's self by eating :—তৃণ ভক্ষণ-কৃ, To pasture :—*n.* তৃণ ভক্ষণ, পশুচারণ ভূমি, গৃহপালিত পশুর খাদ্য ; Pasture ; pasture ground, an allowance of provender given to cattle. *n*=feeder

Feed on—কোন কিছু খাইয়া জীবনধারণ-কৃ, Subsist by eating :—কোনরূপ আশা হৃদয়ে বাঁচিয়া থাকা, Be sustained by some hope or desire.

Feeder, feder, *n.* পুষ্টিসাধক ; He who feeds or that which supplies.

Feel, *v. t.* স্পর্শ দ্বারা অনুভব-কৃ ; To perceive by the touch :—স্পর্শ কৃ ; To touch ; to handle :—জ্ঞাত-হ, জ্ঞানলাভ-কৃ ; To be conscious of —অনুভব কৃ, বোধ-কৃ ; উপলব্ধি-কৃ ; To be affected by, to experience :—পরীক্ষা-কৃ ; Test :—*v. i.* স্পর্শ দ্বারা জ্ঞাত-হ ; To know by the touch ; to appear to the touch :—প্রতীত-হ ; To have the sensibilities moved :—জ্ঞাত-হ, জানিতে পারা, To perceive oneself—to be followed by an adjective :—*n.* স্পর্শ ; Feeling of perception ; sensation communicated by the touch. *Syn* :—(*v*) Experience, enjoy, suffer ; be moved, be stirred, be impressed, be affected by.

Feel after—অনুসন্ধান-কৃ, Search for ; grope for ; to search ; to seek ; to find. [ashamed

Feel cheap—লজ্জিত-হ, To be humiliated, to be

Feel for—কাহারও দুঃখে দুঃখিত হওয়া, পরদুঃখে কাতর-হ ; Be affected with sympathy or sorrow for, to pity. [touching.

Feel of—স্পর্শ করিয়া পরীক্ষা-কৃ, Examine by

Feel or **grope one's way**—অন্ধকারে পথান্বেষণ-কৃ ; To move about in darkness or obscurity in order to find one's way or to ascertain something

Feel out—পরীক্ষা-কৃ, Try ; sound ; explore.

Feeler, feler, *n.* স্পর্শশক্তি, One who or that which feels :—মত জানিবার জন্য প্রস্তাব ; মনোভাব অবধারণার্থ প্রস্তাব, Proposal, observation &c., to ascertain the views of others :—*pl.* (কীটাদির মস্তকস্থ) শুঙ্গ ; The joined fibres in the heads of certain insects.

Feeling, feling, *n.* ইন্দ্রিয় ; স্পর্শেন্দ্রিয় ; The sense of touch :—অনুভব ; Perception :—সুখ-দুঃখ অনুভব ; সুখদুঃখ বোধ ; Consciousness of pleasure or pain ; sensibility :—দয়া ; সহানুভূতি ; Tenderness ; sympathy ; emotion :—মত ; Opinion :—*pl.* মনোবৃত্তি বা আসক্তিসমূহ ; The affections or passions :—*a.* দয়া প্রকাশক ; সহানুভূতি প্রকাশক ; আর্দ্র, Expressive of great sensibility or tenderness ; sensitive ; easily excited ; deeply effected. *ad*=feelingly (affectingly). *Syn* :—(*n*) Sensation ; emotion, passion, sentiment, affection ; expression, sense, motion, tenderness, sensitiveness, susceptibility.

A man of feeling—সহৃদয় লোক।

Feeling eloquence—হৃদয়গ্রাহী বাগ্মিতা ; Eloquence evincing great sensibility.

Fellow feeling—সহৃদয়তা ; Sympathy.

Feet, fet, Plural of *foot.*

Feign, fān *v.* [L. *fingo*, *fictum*, to form] ভাণ-কৃ ; To dissemble ; pretend ; counterfeit :—উদ্ভাবন বা কল্পনা-কৃ ; To invent or imagine :—*ad.* আহ্লাদপূর্বক ; Gladly. *ad*=feignedly, *n*=feignedness. *Syn* :—(*v*) Devise, fabricate, forge, affect.

Feigned—কৃত্রিম ; Pretended.

Feint, fānt, *n.* ছল ; ভাণ ; A pretence ; a false appearance :—কৃত্রিম আক্রমণ ; A mock assault ; a mock attack, a seeming aim at one part when another is to be struck.

Feldspar, feldspar, **Feldspath,** feldspath, *n.* স্ফটিকবৎ খনিজ পদার্থ, A crystalline mineral found in granite.

Feldspathic, feld spathik, *a.* স্ফটিকবৎ খনিজ পদার্থ ঘটিত, Pertaining to or consisting of *feldspar*

Felicitate, fe-li'si-tāt, *v. t* [L. *felix*, *felicis*, happy] সুখী কৃ, আনন্দিত-কৃ, Make happy ; delight —আনন্দ প্রকাশ-কৃ, অভিনন্দন কৃ, Wish happiness to, express joy or pleasure, congratulate. *n*=felicitation.

Felicitious, fe-li'si-tus, *a.* সুখী, আহ্লাদিত ; Prosperous ; happy, delightful —যথাযোগ্য ; উপযোগী, Skilful, appropriate ; well applied or expressed.

Felicity, fe-li'si-ti, *n.* সুখ ; আনন্দ ; Happiness ; delight ; blessedness. *Syn* —Beatitude, blissfulness ; success, good fortune, good luck ; aptness, propriety, appropriateness.

Feline, fe'lin, *a* [L. *feles*, a cat] বিড়াল-সম্বন্ধীয় ; বিড়ালবৎ, Pertaining to the cat or cat kind ; like a cat.

The feline species—বিড়াল জাতি।

Fell, *pa. t.* of *fall.*

Fell, fel, *v. t* ছিন্ন-কৃ ; কাটিয়া ফেলা ; To cut down :—ভূপাতিত-কৃ ; To cause to fall :—*a.* নিষ্ঠুর, নির্দয় ; নৃশংস ; Cruel ; fierce ; bloody :—*n.* পাহাড় ; মরুপ্রস্তর স্তূপ ; A hill ; a barren or stony hill, range of hills :—পশুচর্ম, A skin or hide of a beast.

Feller, feler, *n.* কাঠুরিয়া ; কাষ্ঠচ্ছেদক ; A cutter of wood ; one who cuts wood.

Felly, feli. **Felloe,** felō, *n.* চক্র-পরিধির এক এক খণ্ড ; চাকার পুট ; One of the arched pieces of wood in the circumference of a wheel.

Fellow, felō, *n.* সঙ্গী, সহচর ; A companion ; an associate :—যুগ্মের এক ; এক জোড়ার একটী, দম্পতির

অন্তরঙ্গ ; One of a pair :—সঙ্গী ; Member of a corporation or college :—নীচ লোক ; নগণ্য ব্যক্তি ; A mean or worthless person :—ব্যক্তি ; A person :—সমকক্ষ ; An equal. *Syn* :—Comrade, peer, compeer, mate, counterpart, partner, friend, member.

Fellow commoner, *n.* সহাধ্যায়ী ; One who dines and associates with the fellows ; collegian.

Fellow countrymen, *n.* স্বদেশীয় লোক ; A native of the same country.

Fellow creature, *n.* মনুষ্য ; A human being ; one of the same race.

Fellow student—সহাধ্যায়ী ; সমপাঠী।

Fellow traveller—সহযাত্রী ; একযাত্রী।

Fellowship, felō-ship, *n.* সহচরত্ব ; সঙ্গ ; সমাজ ; সভা ; Companionship ; association ; society :—বৃত্তি, An endowment in a university for the support of graduates ; scholarship :—সম্ভূয়-সমুত্থান ; অংশীদারী, অংশিত্ব ; Partnership. *Syn* :—Brotherhood, intimacy, participation, joint interest, communion.

Good fellowship—সঙ্গলিপ্সা ; Love of society, fondness for company.

Felon, felon, *n* [Low L. *fello*, a traitor] গুরুতর অপরাধী, দোষী ব্যক্তি ; A convict, a criminal, a culprit —*a.* হিংস্রক, নির্দয় ; Malignant ; cruel, fierce. *Syn* :—Male-factor, delinquent.

Felonious, fe-lō'ni-us, *a.* বিশ্বাসঘাতক, হিংসাপরায়ণ, দুশ্চরিত্র, Depraved, malicious, villainous, traitorous, wicked. *Syn* :—Malignant vicious, nefarious, flagitious.

Felony, *n.* কারাদণ্ড বা প্রাণদণ্ড অপরাধ ; গুরুতর অপরাধ ; Highest class of crime ; a heinous crime punishable by imprisonment or death.

Felt, *pa t* and *pa. p.* of *feel.*

Felt, felt, *n.* [Gr. *filz*, woolen cloth] পশু-লোমের বস্ত্র, পশমে নির্ম্মিত টুপি, Cloth made of wool united without weaving, a hat made of wool —*v. t* উক্ত কাপড়ে আচ্ছাদন-কৃ ; To cover with felt

Felting, felting, *n.* উক্ত কাপড় প্রস্তুত করিবার কৌশল বা প্রণালী, The art or process of making felt.

Felucca, fe-luka, *n.* [Ar. *fulk*, a ship] তরী বিশেষ ; A boat or vessel with oars and broad three-cornered sails.

Female, fē'mal, *n.* [L *femella*, a young female] স্ত্রীলোক, বালা, Woman ; a she, a girl —*a.* স্ত্রীসম্বন্ধীয়, স্ত্রীজাতীয়, Of woman or she kind, womanly —*a* কোমল, ক্ষীণকায় ; Soft, weak.

Feminality, *n.* স্ত্রীস্বভাব ; The female nature.

Feminine, fem'i-nin, *a.* স্ত্রীসম্বন্ধীয়, স্ত্রীজাতীয়, Pertaining to woman :—কোমল, ক্ষীণকায় ; স্ত্রৈণ, স্ত্রীবৎ, Tender, delicate ; womanly :—স্ত্রীলিঙ্গ সম্বন্ধীয়, In *grammar*, having a form belonging especially to words which are epithets of females. *ad*=femininely. (opp. *masculine*). *Syn* :—Soft, modest, graceful, affectionate ; effeminate, unmanly.

Femoral, femo-ral, *a.* [L. *femur*, *femoris*, the thigh] উরু-সম্বন্ধীয় ; উরুদেশ-সম্বন্ধীয় ; Belonging to the thigh.

Fen, fen, *n.* জলা ; জলাভূমি, অনূপ ; Marsh ; a morass or bog. *a*=fenny, fennish (জলা সম্বন্ধীয় ; Swampy). *Syn* :—(*n*) Moor, swamp, quagmire, slough.

Fence, fens, *n.* বৃতি ; বেড়া ; Wall ; hedge ; enclosure :—অসি চালন ; অসি-সঞ্চালন কৌশল ; আত্মরক্ষা ; রক্ষণোপায় ; The art of fencing ; guard, defence —*v. t.* বেষ্টন-কৃ ; দুর্গ নির্ম্মাণ-কৃ ; সুরক্ষিত-কৃ ; To enclose with a fence ; to fortify ; to guard : —*v. i.* অসি চালাইতে অভ্যাস কৃ ; কৌশলক্রমে অসিচালনা-কৃ ; To practise fencing *n*=fencer. *Syn* :—(*v*) Protect, defend, circumscribe, surround ; practise fencing.

Fencer, fensėr, *n.* অসিচালন-পটু মল্ল ; One who practises or teaches fencing with a sword.

Fencible, fensi-bl, *a.* রক্ষণীয়, Capable of being defended.

Fencibles, *n. pl.* স্থানীয় সেনাদল ; Soldiers enlisted for local defence but not liable to be sent abroad.

Fencing, fensing, *n.* বেড়া নির্ম্মাণ ; বৃতি নির্ম্মাণ ; The act of erecting a fence :—অসি বা অস্ত্র চালন ; কৌশলে অসি সঞ্চালন ; The art of attack and defence with a sword or other weapon :—*a.* রক্ষণশীল, Guarding or defending.

Fend, fend, *v. t* নিবারণ-কৃ, প্রবেশ করিতে না দেওয়া ; দূরীভূত-কৃ ; To ward off, to shut out, to keep off —*v. i.* বাধা-দে, আত্মরক্ষা-কৃ ; To resist, parry ; shift off.

Fender, fendėr, *n* জলন্ত অঙ্গার রক্ষণার্থ কবাট বিশেষ ; সংঘর্ষণ নিবারক লোহাদি নির্ম্মিত যন্ত্রবিশেষ ; A metalic frame to hinder coals of fire from rolling to the floor :—অর্ণবযানের পরস্পর আঘাত নিবারণার্থ বেষ্টন ; A buffer to prevent a vessel from striking against a wharf or another vessel ; protection for a ship's side

Fenestral, fe-nestral, *a.* [L. *fenestra*, a window] গবাক্ষসম্বন্ধীয় ; Belonging to a window.

Fenian, fē'ne-an, *n* আয়র্লণ্ডে ইংরাজ-রাজত্ব উচ্ছেদ মানসে আয়র্লণ্ডবাসীদিগের সমিতি ; An anti-British association of disaffected Irishmen, whose object is to separate Ireland. *n*=fenianism.

Fennel, fenel, *n.* [L. *fenum*, hay] গুল্মজাতীয় গাছ, A fragrant plant with finely divided leaves and yellow flowers.

Fenny, fene, *a.* জলা-সম্বন্ধীয় ; Marshy, swampy, [boggy.

Feoff, fef, *n.* ভোগভূমি ; জায়গীর ; A fief :—*v. t.* জায়গীর দেওয়া ; To grant possession of a fief or property in land *n*=feoffment.

Feoffer, fef'ėr, *n.* জায়গীর প্রদাতা ; One who grants fief. [of a fief.

Feoffment, fef'ment, *n.* জায়গীর প্রদান ; The gift

Feretory, fer'e-tor-i, *n.* [L. *fero*, to bear] ভজনালয়ে শবাধার রাখিবার স্থান ; A place in a church for a bier.

Ferine, fē'rin, *a.* [L. *fera*, a wild beast] পাশব ; অসভ্য, দুর্দ্দান্ত ; Belonging to a wild beast ; savage.

Ferment, fėr'ment, *n.* [L. *ferveo*, to boil] উচ্ছলন ; স্ফুটন ; আলোড়ন ; That which causes fermentation ; agitation :—কলহ ; বিবাদ ; Tumult : —*v t.* উচ্ছলিত-কৃ ; আলোড়িত-কৃ ; To excite fermentation :—ক্ষুব্ধ-কৃ ; To inflame :—*v. i.* উচ্ছলিত-

হ ; To undergo fermentation ; to effervesce :—উত্তেজিত-হ ; কুপিত-হ ; To be excited ; to rage with anger. *Syn* :—(*v*) Seethe, concoct, brew ; boil, work, bubble, foam, froth ; excite, heat, agitate.

Fermentable, fer-men'ta-bl, *a.* উচ্ছলন যোগ্য ; স্ফুটনীয় ; Capable of being fermented. *n*=fermentability.

Fermentation, fer-ment-a'shun, *n.* উচ্ছলন ; স্ফুটন ; উদ্দীপন , উদ্গমন ; The act or process of fermenting :—মানসিক উত্তেজনা ; মনোবৃত্তি নিচয়ের চঞ্চলতা ; Active state of the intellect or feelings.

Fermentative, fer-men'ta-tiv, *a.* উচ্ছলনক্ষম ; স্ফুটনক . Causing or consisting of fermentation. *n*=fermentativeness. [less plant. *a*=ferny.

Fern, fern, *n.* লতা বিশেষ ; উদ্ভিদবিশেষ ; A flower-

Ferocious, fe-ro'shus, *a* [L. *ferus*, wild] বন্য , অসভ্য ; নিষ্ঠুর ; Wild ; savage ; ravenous ; cruel. *n*=ferociousness, *ad*=ferociously. *Syn* :—Fierce, barbarous ; rapacious.

Ferocity, fe-ros'i-ti, *n.* নিষ্ঠুরতা ; দুর্দান্ততা ; Fury ; wild fierceness ; savage cruelty of disposition. *Syn* :—Cruelty, barbarity, savageness ; rapacity.

Ferreous, fer'e-us, *a.* [L. *ferrum*, iron] লৌহঘটিত ; লৌহনির্ম্মিত ; লৌহময় ; Pertaining to or made of iron.

Ferret, fer'et, *n.* নকুল জাতীয় জন্তু ; An animal of the weasel kind :—অপ্রশস্ত ফিতা ; A kind of narrow tape woven from spun-silk :—*v. t.* গুপ্তস্থান হইতে বাহির-কৃ , অনুসন্ধান-কৃ ; Drive out of lurking places ; search about.

Ferriferous, fer-rif'er-us, *a.* [L. *ferrum*, iron, *fero*, to bear] লৌহোৎপাদক ; Producing or yielding iron.

Ferruginous, fer-roo'jin-us, *a.* [L. *ferrugo*, iron-rust.] লৌহমরিচাবৎ ; লৌহকণাসমন্বিত ; Of the colour of iron-rust ; containing particles of iron.

Ferrule, fer'ool, *n.* [L. *viriola*, a bracelet] যষ্টির অগ্রভাগস্থ সাঁপী : যষ্টির লৌহনির্ম্মিত টুপি ; লাঠির গুলা , An iron ring to guard the end of a stick.

Ferry, fer'i, *v. t.* [Gr. *fahren*, to go, to carry] পার-কৃ , To carry or transport over a water in a boat :—*n.* পারঘাট , পারের নৌকা ; The place of passage where boats pass over water to convey passengers ; the ferry boat.

Fertile, fer'til, *a.* [L. *fero*, to bear] উর্ব্বর , ফলশালী ; Fruitful ; rich :—উদ্ভাবনী , উদ্ভাবনক্ষম , Inventive ; prolific. *Syn* :—Productive, enuberant, abundant, plentiful, ingenious, inventive.

Fertilise, fer-til-iz, *v. t.* উর্ব্বর বা ফলবান-কৃ ; ধনশালী-কৃ ; To make fruitful ; to enrich.

Fertility, fertil-i-ti, *n.* উর্ব্বরতা , ফলশালিত্ব ; প্রাচুর্য্য , ধনশালিত্ব ; Fruitfulness ; productiveness ; abundance ; richness :—উদ্ভাবকতা ; Inventiveness.

Ferule, fer'ool, *n.* [L. *ferula*, a cane—*ferio*, to strike] বেত্র ; বেত ; ছড়ি ; A rod used for striking children in punishment :—*v. t.* বেত্রাঘাত-কৃ ; To punish with a ferule.

Fervency, *n* উৎসাহ ; উত্তেজনা ; ব্যাকুলতা ; Eagerness ; warmth of devotion ; heat of mind.

Fervent, fer'vent, *a.* [L. *ferveo*, to boil] উৎসাহী ; উৎসাহবান ; উৎসুক ; ব্যগ্র ; Warm in feeling ; ardent ; zealous. *ad*=fervently. *Syn* :—Glowing, earnest, vehement, excited, animated, impassioned, fervid.

Fervid, fer'vid, *a.* ব্যাকুল ; ব্যগ্র ; সমুৎসুক ; তেজস্বী ; Fiery ; earnest ; very hot ; having burning desire or emotion. *n*=fervidness. *ad*=fervidly.

Fervour, fer'vur, *n.* উৎসাহ ; আগ্রহ ; ঔৎসুক্য ; Zeal ; intensity of feeling or expression ; heat. *Syn* :—Glowing ardour, warmth ; earnestness, vehemence, eagerness.

Festal, fes'tal, *a.* আনন্দজনক ; আহ্লাদজনক ; ভোজনসংক্রান্ত ; Gay ; joyous ; belonging or pertaining to a feast. *ad*=festally. *Syn* :—Mirthful, merry, gleeful, sportive, festive, joyful, happy.

Fester, fes'ter, *v. i.* ক্ষত-হ ; সপূয-হ ; দূষিত-হ ; To corrupt or rankle ; to suppurate ; to macerate :—*v. t.* দূষিত-কৃ ; To cause to fester :—*n.* বিস্ফোটক ; A wound discharging corrupt matter.

Festival, fes'ti-val, *n.* উৎসব ; ভোজ ; Feast, joyful celebration. *Syn* :—Fete, holiday ; banquet, carousal, entertainment.

Festive, fes'tiv, *a.* আনন্দকর ; উল্লাসপূর্ণ ; উৎসবোচিত ; Mirthful, festal, feastlike. *ad*=festively.

Festivity, fes-tiv'i-ti, *n.* উৎসব ; প্রমোদ ; উল্লাস ; A festive celebration, joyfulness ; gaiety. *Syn* :—Conviviality, joviality, mirthfulness, feast, merrymaking.

Festoon, fes-toon', *n.* তোরণমাল্য ; ফুল ও শাখার মালা ; A garland suspended between two points ; an ornament of flowers :—*v. t* মালা দ্বারা শোভিত-কৃ ; মালা দ্বারা শোভিত-কৃ ; To adorn with festoons.

Fetch, fech, *v. t.* [A. S. *fetian*, to draw, lead] গিয়া আনা ; যাইয়া আনয়ন-কৃ , প্রাপ্ত হ , To go and bring ; to attain or come to —লাভ কৃ ; To sell for :—*v. i.* উপস্থিত হ ; To move, arrive at :—সংগ্রহ-কৃ ; To draw :—*n* চাতুরী , A trick. *Syn* :—(*v*) Get, derive, obtain ; sell for , perform ; make, effect ; come to, reach.

Fetch, fech, **Fetch-candle,** *n.* সজীব মানবের অলীক মূর্ত্তি ; আলেয়া বিশেষ ; The seeming appearance of a living person ; a nocturnal moving light, supposed to portend a death

Fetch back—আনয়ন-কৃ ; Bring back.

Fetch forth—টানিয়া আনা , Bring out.

Fetch off, Fetch away—লইয়া-যা , Carry off.

Fetch one's breath—পুনঃ শ্বাস গ্রহণে সমর্থ-হ ; Recover one's breath.

Fetch out—টানা ; উৎকর্ষণ সম্পাদন-কৃ ; Bring or draw out ; to cause to appear ; develop. [swoon.

Fetch to—চেতনা প্রাপ্ত-হ ; Revive, as from a

Fete, fat, *n.* ভোজনোৎসব ; উৎসব ; পর্ব্বদিন ; A festival, a holiday :—*v. t.* ভোজ-দে ; ভোজনোৎসবে নিমন্ত্রণ করিয়া ভোজন করান ; To entertain at a feast.

Fetich, tish, fe'tish, *n.* পশ্চিম আফ্রিকায় পূজিত মূর্ত্তি বা প্রস্তর বৃক্ষাদি ; A natural or artificial object, considered as possessing divine power, and worshipped in West Africa :—জড় : Idol or charm worshipped by the Negroes.

Fetichism, fe'tish-izm, **Feticism,** fe'tis-izm, *n.* প্রস্তরাদির উপাসনা ; মন্ত্রবলে বিশ্বাস ; জড় পূজা ; The worship of a fetich ; a belief in charms.

Fetid, fe'tid, *a.* [L. *faeteo*, to stink] পূতিগন্ধময় ;

তীব্র দুর্গন্ধময় ; Stinking ; having a strong offensive odour. *n*=fetidness. *Syn* :—Corrupt, four, noisome, rancid.

Fetlock, fet'lok, *n.* ঘোড়ার জঙ্ঘাজাত লোমসমূহ ; যে স্থানে এই লোম হয় ; A tuft of hair that grows behind on horses' feet ; that part of the horse's leg where this hair grows. [stench.

Fetor, *n.* দুর্গন্ধ ; *A strong offensive smell* ;

Fetter, fet'ėr, *n.* [A. S. *fet*, feet] পদ-শৃঙ্খল ; শৃঙ্খল ; নিগড় ; A chain for the feet ; shackle for the feet :—বন্ধন ; A restraint :—*v. t.* শৃঙ্খলাবদ্ধ-কৃ ; To put fetters on, shackle :—বদ্ধ-কৃ ; বন্ধন-কৃ ; To impose restraints on ; to confine ; to bind. *Syn* :—(*n*) Clog, hamper. (*v*) Manacle, enchain, restrain, hinder.

Fettered, fet'ėrd, *a.* শৃঙ্খলাবদ্ধ ; সঞ্চরণাসমর্থ ; Confined by fetters ; restrained from motion.

Fetus, Foetus, fē'tŭs, *n.* [L. *feo*, to bring forth] ভ্রূণ ; The young of animals in the womb. *a*=fetal.

Feu, fū, *n.* স্কটলণ্ডের যোৎজমা ; A holding of land in Scotland, for which the vassal, instead of military services, makes a return in money or in grain. [land in fee, in Scotland.

Feuar, fū'ar, *n.* প্রজা ; A small free-holder of

Feud, fūd, *n.* গৃহ-বিবাদ ; বিবাদ ; A deadly quarrel in clans or families.

Feud, fūd, *n.* যায়গীর ; যোধভূমি ; Fief ; holding of land ; a land held on the terms of performing certain conditions :—কলহ ; জ্ঞাতি-বিরোধ, Quarrel ; a bloody affray or strife. *Syn* :—Contention, mortal strife, broil, falling out, dissension, affray ; fief, fee. [feuds or fiefs.

Feudal, fūdal, *a.* যায়গীর সম্বন্ধীয় ; Pertaining to

Feudalism, fūdal-izm, *n.* যায়গীর-প্রণালী ; সৈন্যদিগকে যায়গীরদান-প্রণালী ; The system during the middle ages, by which vassals held lands from lords-superior on condition of military service, the feudal system.

Feudatory, Feudatary, fūdat-or-i, *a.* যায়গীর ভোগী ; অধীন ; করদ ; *Holding lands or power by* a feudal tenure ; triburary.

Fever, fē'vėr, *n.* [L. *ferveo*, to be hot] জ্বর ; Disease ; heat :—উত্তেজনা ; উদ্বেগ, Excitement :—উত্তেজনার কাল, A season of excitement :—*v. t.* জ্বরাক্রান্ত কৃ, To put into a fever :—*v. i.* জ্বরাক্রান্ত-হ ; To be attacked with fever. *Syn* :—Fervour, flush, agitation, passion.

Acute fever—নবজ্বর।

Be in fever—উত্তেজিত-হ ; Be excited.

Chronic fever—জীর্ণজ্বর।

Inflammatory fever—প্রদাহিক জ্বর।

Intermittent fever—স্বল্প বিরাম জ্বর ; Fever that entirely ceases at intervals.

Remittent fever—অবিরাম জ্বর, Fever that subsides or abates at intervals. [জ্বর।

Typhoid or **typhus fever**—বিকার ; সান্নিপাতিক

Feverish, fē'vėr-ish, *a.* জ্বরভাব ; Having a slight fever :—সামান্য জ্বরাক্রান্ত ; indicating fever :—চঞ্চল ; সন্তপ্ত ; Fickle, burning. *ad*=feverishly. *n*=feverishness. [not many. *n*=fewness.

Few, fū, *a.* অল্প ; অল্পসংখ্যক ; Small in number,

In few—সংক্ষেপে ; Briefly ; succinctly.

Fiars, fi'arz, *n. pl.* স্কটলণ্ডে সংবৎসরের নিমিত্ত শস্যাদির নির্দ্ধারিত দর ; The prices of grain legally fixed in Scotland for the year, to produce regularity in the payment of stipend, rent, and prices not expressly agreed upon.

Fiasco, fi-aśko, *n.* [It *fiasco*, bottle] সঙ্গীতাদি কার্য্যে অকৃতকার্য্যতা ; সঙ্গীতে অপটুতা ; *Failure in a* musical performance :—অকৃতকার্য্যতা ; A failure of any kind.

Fiat, fi'at, *n.* [L. *fio*, passive of *facio*, to do] আদেশ ; নিদেশ ; চূড়ান্ত হুকুম ; A formal or solemn command ; a peremptory decree. [sent to it.

I give my fiat to that—আমি স্বীকৃত হই ; I con-

Fib, fib, *n.* মিথ্যা ; মিথ্যা কথা ; Lie ; falsehood :—*v. i.* মিথ্যা বলা ; মিথ্যা কথা বলা, To speak falsely ; to tell a lie.

Fiber, fibre, fi'bėr, *n.* [L. *fibra*, a thread] তন্তু ; সূক্ষ্ম সূত্র বা সূত্রবৎ পদার্থ ; Filament ; thread ; any slender thread, or thread-like substance. *Syn* :—Staple, pile ; sinews, toughness, strength. *a*=fibred, fibreless.

Fibred, fi'bėrd, *a.* তন্তুবিশিষ্ট ; Having fibres.

Fibreless, fi'bėr-les, *a.* তন্তুহীন ; Having no fibres.

Fibril, fi'bril, *n* [L. *fibra*, a thread] সূক্ষ্ম তন্তু ; ক্ষুদ্র তন্ত্রী ; A small fibre, a very slender thread. *a*=fibrilous. [Formed of small fibres.

Fibrillous, fi-brilus, *a.* সূক্ষ্ম তন্তু বা সূত্র দ্বারা গঠিত ;

Fibrine, fibrin, *a.* ঘনত্ব সম্পাদক শোণিতস্থ পদার্থ বিশেষ, জীবদেহের সূক্ষ্মতন্তু গঠিত আভ্যন্তরিক যন্ত্র, A peculiar organic compound found in animals and plants, and also contained in the clot of coagulated blood.

Fibrous, fi'brus, *a.* তন্তুময় ; তন্তুনির্ম্মিত বা তন্তুধারী ; Composed of or containing fibres. *n*=fibrousness.

Fickle, fikl, *a.* [Ger. *ficken*, to move quickly to and fro] চঞ্চল ; চপল ; অস্থির ; খামখেয়ালী ; *Inconstant* ; changeable, wavering ; capricious. *n*=fickleness. *Syn* :—Irresolute, vacillating, unstable, variable, fitful, mutable, changeful, capricious. [inconstancy.

Fickleness, *n.* চঞ্চলতা ; অস্থিরতা ; Instability ;

Fiction, fikshun, *n.* [L. *fictus*, formed] মিথ্যা গল্প ; মিথ্যা রচনা ; কল্পনা ; উপন্যাস ; A feigned or false story, invention ; falsehood ; romance. *Syn* :—Fabrication, figment ; novel, fable.

Fictitious, fik-tishus, *a.* কাল্পনিক ; কৃত্রিম ; মিথ্যা ; অপ্রকৃত, Imaginary, not real ; false, feigned. *ad*=fictitiously. *Syn* :—Counterfeit, not genuine, unreal, supposititious, spurious.

Fiddle, fidl, *n.* সারঙ্গ ; বেহালা ; A stringed musical instrument ; violin ; kit :—*v. i.* সারঙ্গ বাজান ; To play a fiddle :—সময় বৃথা নষ্ট-কৃ ; To trifle ; to tweedle :—সারঙ্গ বা বেহালা বাজান ; To play on a fiddle or violin. *n*=fiddler.

Fiddle-faddle, *n.* নিরর্থকতা, নিরর্থক জল্পনা ; Trifle ; trifling or fussy talk, nonsense.

Fiddle stick—বেহালা বা সারঙ্গ বাজাইবার ছড়ি ; The bow for playing on fiddles.

Play second fiddle—কাহারও অধীনে কর্ম্ম-কৃ, Take a subordinate part.

To be the first fiddle—প্রধান-হ ; To be the chief man, the most distinguished of the company.

Fidelity, fi-del'i-ti, *n.* [L. *fidelis*, faithful] কর্ত্তব্যপরায়ণতা ; সাধুতা ; বিশ্বস্ততা ; প্রভুভক্তি ; পরদার গমনে বিমুখতা ; ঐকান্তিক আনুরক্তি , Faithfulness ; honesty ; loyalty ; adherence to the marriage-contract or promise ; firm adherence.

Fidget, fij'et, *v. i.* [Ger. *ficken*, to move and fro] অস্থিরভাবে গমন-কৃ ; অস্থিরভাবে বেড়ান ; Move about restlessly ; move uneasily :—*n* অস্থিরতা ; Restlessness :—*pl.* অস্থিরভাব ; স্থান পরিবর্ত্তনেচ্ছার স্নায়বিক অস্থিরতা ; General nervous restlessness with a desire of changing the position.

Fidgety, fij'et-i. *a.* অস্থির , চঞ্চল ; Restless ; uneasy. *n*=fidgetiness.

Fiducial, fi-dū'shi-al, *a.* [L. *fido*, to trust] বিশ্বস্ত ; নিঃসন্দিগ্ধ ; ন্যস্ত ; Having faith or trust , confident ; having the nature of a trust. *ad*=fiducially.

Fiduciary, fi-dū'shi-ar-i, *a.* অটল ; দৃঢ় ; Unwavering :—বিশ্বাসপূর্ব্বক ন্যস্ত বা অধিকৃত , ন্যাসপূর্ব্বক ধৃত ; Holding, held or founded in trust :—*n.* কৃতবিশ্বাস ব্যক্তি , ন্যাসধারী ; Trustee ; one who holds a trust for another. [contempt

Fie, fī, ধিক্ ; An interjection denoting shame or

Fief, fēf, *n.* জায়গীর ; যোধভূমি ; যুদ্ধ সময়ে সাহায্য স্বীকারে দত্ত জায়গীর , An estate held of a superior on condition of military service , a feud ; land held to a feudal superior on condition of military service.

Field, fēld, *n.* জমি ; ক্ষেত্র ; ভূমি , Cleared and fenced ground ; open level tract of land :—সমরভূমি , যুদ্ধক্ষেত্র ; Battle-field :—যুদ্ধ ; Battle :—ক্ষেত্র ; Scope, range :—প্রসার ; Extent :—বর্ম্মপৃষ্ঠ , The surface of a shield :—কর্ম্মক্ষেত্র ; Room for action or operation. *Syn* :—Inclose ground, land, domain ; plain , expanse, surface ; opportunity, room.

Field-book, fēldbook, *n.* জমি জরিপ করিবার পুস্তক , জরিপের চিঠা বই ; Book used in surveying fields.

Field-day, fēld-dā, *n.* কৃত্রিম সমরের দিবস ; কাওয়াজের দিন ; আনন্দ দিন ; Review day ; a gala day ; a day when troops are drawn out for instruction in field exercises.

Field-fare, fēldfār, *n.* [A. S. *feld*, a field, and faran, to fare. travel over] পক্ষীবিশেষ, A species of thrush.

Field-gun—ক্ষুদ্র কামান ; A small kind of gun or cannon used on the battle-field.

Fieldmarshal, fēldmār-shal, *n.* বলাধ্যক্ষ ; প্রধান সেনাপতি , উচ্চ শ্রেণীর সেনানী ; Highest military officer ; a military officer of a highest rank.

Field-officer, fēld-of'i-sėr, *n* প্রধান সেনাপতির নিম্নপদস্থ সেনানী ; বলাধ্যক্ষ , কাপ্তেনের উপরিতন রণকুশল সেনাপতি , A military officer above a captain and competent to command a battalion , a military officer ranking above the captain, and below the general.

Field-piece, fēld-pēs, *n.* হাল্কা কামান ; যুদ্ধক্ষেত্রে ব্যবহৃত ছোট কামান ; Light cannon ; a small cannon used in the field of battle.

Field-preaching—ময়দানে ধর্ম্মপ্রচার ; Preaching in the open field. [shooting.

Field-sport, *n.* মৃগয়া ; গুলিক্রীড়া ; Hunting and

Field-train, fēld-trān, *n.* বিগ্রহকালে যুদ্ধাস্ত্রাদির পরিরক্ষণ ও সংস্থান বিভাগ , The department of the Royal Artillery which is responsible for the safety and supply of ammunition during war.

Field-works, fēldwurks, *n. pl.* যুদ্ধকালীন নির্ম্মিত সামরিক প্রাচীরাদি ; Temporary works thrown up by troops in beseiging or defending a place.

Field of ice, *n.* ভাসমান বরফরাশি ; A large body of floating ice.

Field of view—দর্শনপথ ; The entire space within which objects are seen.

Keep the field—যুদ্ধে নিযুক্ত থাকা ; Continue in active operation as an army.

Master of the field—সর্ব্বেসর্ব্বা ; One having no opponent or rival.

Take the field—যুদ্ধে প্রবৃত্ত-হ ; সমরক্ষেত্রে অবতীর্ণ-হ ; Engage in war ; be in the field of battle ; prepared to fight

To be in the field—যুদ্ধক্ষেত্রে উপস্থিত থাকা , কার্য্যক্ষেত্রে অবতীর্ণ-হ , To be present at a battle ; to offer oneself to compete for anything

To open a field for—(কোন বিষয়ে) সুবিধা করিয়া দেওয়া , To present an opportunity for, or facilitate the exercise of.

Fiend, fēnd, *n.* [A. S. *feon*, to hate] সয়তান ; The devil :—ভয়ানক শত্রু , Deadly foe :—পামর ; পাষণ্ড , A person actuated by the most intense maliciousness or hate.

Fiendish, fēndish, *a.* পৈশাচিক ; পিশাচসদৃশ ; Malicious. *n*=fiendishness *Syn* :—Malignant, diabolical, demoniacal, hellish, devilish.

Fierce, fērs, *a* [L. *ferus*, wild, savage] হিংস্রক ; ভয়ঙ্কর ; ভয়ানক , প্রচণ্ড ; ক্রুদ্ধ , কোপনস্বভাব . Ferocious . furious ; impetuous, violent , argry. *n*=fierceness, *ad*=fiercely. *Syn* :—Vehement, passionate, fiery, keen, savage, cruel

Fiery, fīr'i, or fī'ėr-i, *a* অগ্নিময় , অগ্নিবৎ ; Being of or like fire :—উৎসাহী ; উত্তেজনাপ্রবণ , ক্ষিপ্র ; সমুৎসক , Passionate, impetuous, irritable :—জ্বলন্ত , তীক্ষ্ণপ্রভ , Glaring ; ardent. *n*=fieriness. *Syn* :—Igneous ; hot, heated, fervid ; vehement, passionate, easily provoked ; fierce.

Fife, fīf, *n* শিঙ্গা বিশেষ ; বাঁশী ; A small flute :—*v. t.* শিঙ্গা বাজান ; বাঁশী বাজান , To play on the flute. *n*=fifer (যে বাঁশী বাজায় , One who plays on a fife).

Fifteen, fif'tēn, *a.* [A. S. *fif*, five, *ten*, ten] ১৫, পঞ্চদশ , Five and ten.

Fifteenth, fif'tēnth, *a.* [A. S. *fif*, five, and *teotha*, tenth] পঞ্চদশ , পঞ্চদশম ; The fifth after the tenth ; being one of fifteen equal parts :—*n* পঞ্চদশমাংশ ; A fifteenth part.

Fifth, fifth, *a.* পঞ্চম ; Next after the fourth :—*n.* পাঁচভাগের এক ভাগ ; One of five equal parts. *ad*=fifthly.

Fifth monarchymen—A sect of English fanatics who maintained that Jesus was to come a second time to earth and establish the 5th universal monarchy. The four preceding mo-

narchies were the Assyrian, the Persian. the Macedonian and the Roman.

Fifthly, fifthli, *ad.* পঞ্চমতঃ, পঞ্চমবারে ; পাঁচ প্রকার, In the fifth place. [fifty. *n*=a fiftieth.

Fiftieth, fif'ti-eth, *a.* পঞ্চাশৎ, The ordinal of

Fifty, fif'ti, *n* [A. S, *fif*, five, *tig*, ten] পঞ্চাশৎ, পঞ্চাশ ; Five times ten.

Fig, fig, *n.* [L. *ficus*, a fig] ডুমুর ; A fruit — অকিঞ্চিৎকর বস্তু ; A thing of no consequence.

Fig eater,—সামান্য লোক, A petty chap.

Fig man—ডুমুর-বিক্রেতা, Dealer in figs.

In full fig—সজ্জিত, In full dress.

Not to care a fig—তৃণবৎ জ্ঞান-কৃ, Not to care at all. [person.

Figaro, *n* কুচক্রী, An intriguer, an unscruplous

Fight, fit, *v i* যুদ্ধ-কৃ, মারামারি-কৃ ; To contend in war or in single combat, to struggle —*v t.* যুদ্ধে প্রবৃত্ত-হ ; যুদ্ধে লিপ্ত-হ, To wage a battle, conflict with ; to cause to fight —*n* যুদ্ধ, সমর, A combat ; a battle of engagement. *n*=fighter (যোদ্ধা)। *Syn* —(*v*) Content, combat, cope, contest (*n*) Battle, combat, contest, encounter, fray, affray, duel, action, conflict, engagement.
decisive result is obtained.

Fight it out—লড়া, Fight the fight —শেষ পর্য্যন্ত লড়া, Carry on a controversy persistently till one succeeds.

Fight one's battle over again—আপনার কার্য্য বর্ণনা-কৃ, Recount one's personal history or deeds

Fight one's way—যুদ্ধ করিয়া অগ্রসর-কৃ, Make one's way by fighting, advance by conflicts.

Fight out—শেষ পর্য্যন্ত লড়িয়া দেখা, Endeavour to win by fighting to the end, fight until a decisive result is obtained

Fight shy of one—গোপনে একজনকে পরিত্যাগ-কৃ, Secretly avoid one.

Fighting, fiting, *a.* যুদ্ধে রত, যুদ্ধনিরত, Engaged in war —*n* যুদ্ধ, বিবাদ, The act of fighting or contending.

Fighting man—যোদ্ধা, মল্ল, Warrior, black guard engaged in boxing

Figment, fig'ment, *n.* [L. *fingo*, to form] কল্পনা, অলীক উদ্ভাবন, মিথ্যা বর্ণনা, An invention or fabrication, fiction, fable.

Figuration, fig-ū-rā'shun, *n.* আকৃতি প্রদান, The act of giving figure or determinate form, mixture or concords and discords in music.

Figurative, fig'ū-rā tiv, *a.* রূপক, অলঙ্কারপূর্ণ, আলঙ্কারিক, Metaphorical, flowery, typical.

Figure, fig'ūr, *n.* [L. *fingo*, to form] মূর্ত্তি, আকৃতি, গঠন ; Form, shape ; appearance, make, —প্রতিমূর্ত্তি, Image ; statue :—নক্সা, চিত্র, A design, a drawing :—অঙ্ক ; One of ten digits — ছাঁচ ; A type or emblem :—অলঙ্কার, A figure of speech :—রেখা গণিত ; চিত্র, Diagram .—মূল্য, Value, price :—*v. t.* গঠন-কৃ, গঠিত-কৃ ; প্রতিমূর্ত্তি নির্ম্মাণ-কৃ, To form ; to make an image :—গণনা-কৃ ; To calculate .—কল্পনা-কৃ, To image, to symbolise :—মূর্ত্তি দ্বারা অঙ্কিত-কৃ ; To mark with figures or designs —*v. i.* মূর্ত্তি গঠন-কৃ ; To make a figure :—প্রতিপন্ন হইতে চেষ্টা-কৃ ; To appear as a distinguished person. *a*=figurable. *Syn* :—(*n*) Configuration, outline, fashion ; likeness, effigy ; appearance, metaphor, trope, emblem, symbal ; number, numeral (*n*) Represent, symbolize ; imagine, conceive, picture ; adorn, diversify, variegate ; show, cut a dash ; cipher ; calculate, compute,

A figure of speech—কথার কথা, A mere talk or word, a rhetorical expression.

Cut a figure—খ্যাতিলাভ-কৃ, কোন ভাবে আপনাকে জাহির-কৃ, প্রতিপন্ন হওয়া, Distinguish oneself ; make a certain appearance —সকলের চক্ষু পড়ে এমন ভাব ধারণ-কৃ, Make oneself prominent

Figure away—বিখ্যাত-হ, Make a distinguished appearance.

Figure out—গণনা কৃ. Compute the amount of.

Figure up—যোগ-কৃ, গণনা-কৃ, Add, reckon

Make a figure—খ্যাতিলাভ-কৃ, নাম বাহির-কৃ ; Distinguish oneself, attract attention [figures.

Figured, fig'ūrd, *a.* চিত্রিত, Adorned with

Figurehead, fig'ūr-hed, *n.* জাহাজের অগ্রভাগের প্রতিমূর্ত্তি, The figure, statue or bust on the prow of a ship

Filaceous, *a* সূত্রবিশিষ্ট, Composed of threads.

Filament, fila-ment, *n.* [L. *filum*, a thread] অতি সূক্ষ্ম সূত্র, তন্তু. A thread ; a fibre. *a*=filamentous *Syn* —Pile, staple, tendril, cirrus.

Filamentous, fil-a-men'tus, *a.* সূত্রবৎ ; Like a thread.

Filature, fil'a-tūr, *n.* [L. *filum*, a thread] রেশমের সূত্র নিষ্কাশন ; The reeling of silk, or the place for reeling. [the cultivated hazel.

Filbert, filbert, *n* এক প্রকার বাদাম, The fruit of

Filch, filch, *v t.* অপহরণ-কৃ, To pilfer. *Syn* .—Crib, purloin, obstruct

Filcher, filcher, *n.* চোর, Thief.

File, fil, *n* শ্রেণী. A line, row, column —চিঠি পত্রাদি গাঁথিয়া রাখিবার শিক, A line or wire for stringing papers, a set of papers —সৈন্য-শ্রেণী, Line of soldiers one behind the other —উখা, A steel instrument —স্বর্ণ বা রৌপ্য নির্ম্মিত সূত্র ; Fine wire thread of gold or silver —তালিকা ; A roll or list —*v. t* পত্রাদি গাঁথিয়া রাখা, শিকে গাঁথিয়া রাখা, To string upon a line, to place upon a file —শ্রেণীবদ্ধ-কৃ. Arrange in series :—উখা দ্বারা ঘর্ষণ-কৃ, শান-দে, পালিস-কৃ, Smooth with a file —আদালতের নথি সামিল কৃ, আদালতে দাখিল-কৃ ; To put among the records of a court ; to bring before a court —*v i* শ্রেণীবদ্ধ হইয়া গমন-কৃ, To march (soldiers) in a line one after another.

File off—শ্রেণীবদ্ধ হইয়া গমন-কৃ, March in a file or line, as soldiers not abreast but one after another

March in a file—শ্রেণীবদ্ধ হইয়া গমন-কৃ, Follow one after another, and not abreast

Rank and file—সামান্য সৈন্যগণ ; A body of men under a leader, the body of private soldiers composing the army.

Filial, filyal, *a.* [L. *filius*, a son, *filia*, a daughter] পুত্রোচিত, কন্যোচিত ; Son like ; daughterly.

Filiate, *v. t* পোষ্যপুত্র গ্রহণ-কৃ ; To adopt as a son or daughter ,—same as affiliate. *n*=filiation.

Filibuster, fillibuster, fili-bus-tėr, *n.* [Sp *filibote flibote* a small, fast sailing vessel] দস্যু , জলদস্যু , A buccaneer , a lawless military or piratical adventuerer · freebooter, pirate, rover, robber.

Filiform, fili-form *a* সূত্রবৎ দীর্ঘ ও সূক্ষ্ম , Having the form of a filament long and slender.

Filigree, fili-grē, *n* [L *filum*, thread, and *granum* a grain or bead] স্বর্ণ বা রৌপ্য নির্ম্মিত তারের কারুকার্য্য , Work of solid or silver thread —পুঁতি বসান সক জাল , Thread-like network containing beads. [off with a file

Filing, filing,, *n* উখার গুঁড়া A particle rubbed

Fill, fil, *v t* পরিপূর্ণ-কৃ , পূর্ণ-কৃ , To make full — পরিতৃপ্ত-কৃ , To satisfy , to glut —ভাণ্ডার পূর্ণ-কৃ , Store , hold —লোক নিযুক্ত কৃ শূন্যপদ পূর্ণ কৃ , To supply with an incumbent to supply a vacancy —*v i* পূর্ণ হওয়া পরিতৃপ্ত হ , To become full to be satiated — *n* পূর্ণ পরিমাণ , That which fills a full supply *Syn* —(*t*) Replenish supply store stock furnish gorge, glut, satiate satisfy , swell expand , occupy hold, engage [so as to fill

Fill in—পূর্ণ কৃ লিখিয়া পূরণ কৃ , Throw in insert

Fill out—বিস্তৃত কৃ Extend —অভিপ্রেত সীমা পর্য্যন্ত বিস্তৃত-কৃ Extend or enlarge to the desired limit

Fill up—পূর্ণ-কৃ , সম্পূর্ণরূপে নিযুক্ত কৃ , সমস্ত সময় কাটান , Make full , occupy completely —কোন পদ শূন্য হইলে তাহাতে লোক নিযুক্ত-কৃ , Supply with an incumbent —লিখিয়া পূরণ-কৃ , Insert so as to fill.

Fill with—পূর্ণ-কৃ পোরা , Make full of [fills

Filler, filer, *n* পরিপূরক , He who or that which

Fillet, filet, *n* [L *filum*, a thread] ছোট ফিতা , মাথার ফিতা , A little band —উরুদেশের মাংসল অংশ , Fleshy part of a thigh —*v t* ফিতা দ্বারা বাঁধা বা ভূষিত-কৃ , To bind or adorn with a fillet

Fillibeg, Filibog, fili-beg *n* [Gael *fillead* plait, fold, and *beag*, little] স্কটল্যাণ্ডের পার্বত্য জাতির পরিচ্ছদ বিশেষ A kilt or dress reaching nearly to the knees, worn by the Highlanders of Scotland , Highlander's petticoat

Fillip, filip, *n* তুড়ি , অঙ্গুলির টোকা , Jerk or snap of the finger —*v t* তুড়ি-দে , অঙ্গুলি দিয়া টোকা মারা , To strike with the finger nail, jerked from under the thumb.

Filly, fili, *n* শিশু ঘোটকী , A young mare — চঞ্চলা বালিকা , A lively wanton girl.

Film, film, *n* সূক্ষ্ম চর্ম্মাবরণ , A thin skin , membraneous covering causing opacity —অতি সূক্ষ্ম সূত্র , A slender thread, as one of those in a cobweb —*v t* অতি সূক্ষ্ম চর্ম্মাবরণ দ্বারা আচ্ছাদিত-কৃ , To cover with a skin. *Syn* —Pellicle, membrane, slender thread.

The film was cleared from his eyes—তিনি স্পষ্ট দেখিতে পাইয়াছিলেন , He could see distinctly.

Filmy, filmi, *a* সূক্ষ্ম ঝিল্লি বা সূত্রবিশিষ্ট , সূক্ষ্ম চর্ম্মাবরণ দ্বারা গঠিত , Membraneous, cob-web like ; composed of membranes *n*=filminess.

Filnders, *n* কৃমি , Thread worms.

Filter, filtėr, *n* জল-শোধক , Strainer —*v. t* জলশোধক দ্বারা তরল বস্তু শোধন-কৃ , To purify liquor by filter —*v. i* জল-শোধক যন্ত্রের ভিতর দিয়া যাওয়া , Pass through a filter , to percolate. *Syn* — Filtrate, defecate, strain , ooze, exude.

Filth, filth, *n.* [A S *ful*, nasty, foul] ময়লা ; Dirt , foul matter —মালিন্য , অপবিত্রতা , কলুষ ; Corruption , pollution. *Syn* —Nastiness, foulness, impurity.

Filthy, filthi, *a* সমল , ময়লা যুক্ত , অবিশুদ্ধ ; কলুষিত , Foul , unclean , impure , nasty. *n*= filthiness

Filtrate, filtrāt *v t.* চুয়াইয়া বাহির-কৃ , তরল দ্রব্য শোধন-কৃ To percolate *n*=filtration

Fimbria, *n* পাড় , Fringe hem

Fimbriate, fimbri-āt **Fimbriated,** fimbri-āted, *a* [L *fimbriae*, fibres] ঝালরযুক্ত , Fringed, having fibres on the border [fringe or hem.

Fimbriate, fimbri-āt, *v t.* ঝালর সংলগ্ন-কৃ , To

Fin, *n* [L *finna*, a fin] মৎস্যের পক্ষ , ডানা , Wing of a fish [fine or penalty.

Finable, fin a-bl, *a* অর্থদণ্ডার্হ দণ্ডনীয় , Liable to a

Final, fi'nal, *a* [L *finis*, an end] শেষ , অন্তিম , চূড়ান্ত চরম , Last decisive , ultimate *Syn* — Latest terminating, eventual , conclusive, definitive *n*—finality, *ad* finally

A final cause—সৃষ্ট পদার্থসমূহের উদ্দেশ্য তত্ত্ব , The last end or purpose for which things were made, the doctrine of final causes teaching that all things were made on a plan or for a purpose.

Finale, fe-na lā, *n* [It *finale*, final] শেষ , The end —সঙ্গীতের শেষভাগ , The last note of a piece of music [state

Finality, fi-nali-ti, *n* চরমতা , শেষ নিষ্পত্তি , Final

Finance, fi-nans, *n* রাজ্যের আয় , রাজস্ব , আয় ব্যয় Income of a state , public money , revenue —*pl* উপায় , Available resources

Financial, fi-nanshal, *a* আয় ব্যয় সম্বন্ধীয় , রাজস্ব সম্বন্ধীয় Pertaining to a fine , belonging to finance *ad*=financially

Financial department—আয় ব্যয় বিভাগ ।

Financier, fi-nansēr, *n* রাজস্বতত্ত্বজ্ঞ , রাজস্বাধ্যক্ষ , আয় ব্যয়াধ্যক্ষ , An officer who administers the public money , one skilled in finance —*v. t.* To conduct financial operations

Finch, finsh, *n* সুস্বরকণ্ঠ পক্ষী বিশেষ , গায়ক পক্ষী বিশেষ , A small singing bird

Find, find, *v t* খুঁজিয়া পাওয়া , To come upon by seeking —দেখিতে পাওয়া সাক্ষাৎ-কৃ , To light upon or meet with accidentally , fall in with — অনুভব কৃ , অভিজ্ঞতা বা পরীক্ষা দ্বারা জ্ঞাত হ , জানিতে পাওয়া To perceive, feel , experience , learn by experience or trial —লাভ কৃ , To gain or procure as the object of effort —যোগান , To supply ; furnish —সিদ্ধান্ত-কৃ , To arrive at a conclusion , to establish —*n.* আবিষ্কার , Thing found , discovery. *Syn* —Light upon, discover , obtain, get, arrive at, attain , observe, notice, remark , detect, catch , furnish, supply, provide, contribute, cater for ; determine, declare by verdict [by grand jury.

Find a bill—Establish grounds of accusation

Find a clue to—সন্ধান পাওয়া ; Discover that which will lead to the desired knowledge.

Find a market—ক্রেতা পাওয়া ; Meet with a purchaser.
Find fault with—নিন্দা-কৃ ; Censure.
Find in, find at—ধৃত-কৃ ; Catch.
Find in one's heart—সাহসী বা নির্দ্দয় হইয়া কার্য্য কৃ ; To be bold enough or hard hearted enough to do a thing.
Find one in—যোগান ; Supply one with.
Find one out—ধরে ফেলা ; চিনিতে পারা ; Detect.
Find one's account—লাভবান হওয়া বা উপকৃত-হ ; Be benefitted or profited by. [To be, fare.
Find oneself—হওয়া ; কোন অবস্থায় অবস্থিতি-কৃ ,
Find out—আবিষ্কার-কৃ ; Discover ; detect.
How do you find yourself—কেমন আছ ? How do you fare with regard to ease, health, or sickness ?
Fine, fin, *a.* সুন্দর ; Beautiful :—সূক্ষ্ম ; Not coarse or heavy ; thin :—উৎকৃষ্ট ; উত্তম , Excellent, good .—আড়ম্বরবিশিষ্ট ; জাঁকাল ; Showy ; splendid :—পরিষ্কৃত , সুদৃশ্য ; Clear or refined, pure :—ধূর্ত্ত ; Sly :—*v. t.* বিশুদ্ধ-কৃ ; পরিষ্কৃত-কৃ , To refine , to purify .—সুসজ্জিত-কৃ ; To deck. *n*=fineness. *Syn* —(*a*) Light, airy , keen, sharp, delicate ; critical, nice, handsome, elegant; accomplished, polished ; superior, showy, splendid ; subtle, artful.
Fine, *n* অর্থদণ্ড ; জরিমানা . A mulct ; money forfeit or punishment , a composition ; a sum of money imposed as a punishment or offence :—*v. t* অর্থদণ্ড-কৃ ; To impose a fine on ; to punish by fine. *ad*=finely.
Fine arts—সুকুমার বিদ্যা , সঙ্গীতাদি চৌষট্টি কলা , Those arts depending on the imagination, as poetry, painting, sculpture, engraving and architecture. [subtly ; overminute or nice.
Fine drawn, *a.* অতি সূক্ষ্ম , Drawn out too
Fine feathers do not make fine birds—ভাল কাপড় পরিলেই লোক ভাল হয় না , Fine clothing does not make a person better than he is
Fine-fingured, *a.* শিল্পী , Nice in work. [trived
Fine spun—সুরচিত , Minute , ingenously con-
Fine words better no parsnips—কথায় চিঁড়ে ভেজে না , A dish is not made delicious by empty words, however sweet. [clusion , to sum up all.
In fine—সংক্ষেপে বলিতে হইলে ; উপসংহারে , In con-
Fineness, *n.* সুন্দরত্ব ; সূক্ষ্মতা , Thinness, slenderness, minuteness ; clearness, purity, niceness, delicacy ; keenness, sharpness ; elegance, beauty ; show, splendour , subtilty, ingenuity, artfulness ; smoothness.
Finer, finėr, *n.* Same as Refiner.
Finery, finėr-i, *n.* অলঙ্কার , মনোহারী দ্রব্যজাত ; জাঁকজমক ; শোধনশালা ; লোহের কারখানা , Showy things ; ornament ; fine things , splendour ; a place where anything is refined ; a furnace for making iron malleable.
Finesse, fi-nes, *n.* কৌশল ; চতুরতা ; Subtility of contrivance ; artifice :—*v. i.* চাতুরী-কৃ ; To use artifice.
Finger, fing'gėr, *n.* অঙ্গুলি ; One of the five extreme parts of the hand :—অঙ্গুলি পরিমাণ , A finger's breadth :—খেলিবার কৌশল ; ক্ষিপ্রহস্ত , দক্ষতা ; Skill in the use of the hand or fingers ; skill in playing ; ability :—*v. t.* অঙ্গুলি দ্বারা স্পর্শ-কৃ ; অপহরণ-কৃ , To handle or perform with the fingers , to pilfer :—*v. i* বাদ্যযন্ত্রে অঙ্গুলি প্রয়োগ-কৃ ; অঙ্গুলি দ্বারা বীণাদি বাদ্য-কৃ ; To use the fingers in playing on a musical instrument. *Syn* :—Handle, manipulate ; perform, play on ; meddle with. [concerned.
Have a finger in—কোন কিছুতে লিপ্ত-হ ; To be
Have a finger in the pie (*coll*)—কোন কাজে হাত দেওয়া (মোড়লী করা) , Mix oneself up in any affair, interfere in any affair
Have at the finger's ends, Have at one's finger's end—কোন বিষয় কাহারও নখ দর্পণে থাকা ; Be so familiar with a subject as to be able to speak concerning it ; be thoroughly familiar with, be able to repeat or use without trouble.
Lay a finger upon—কিছুমাত্র হস্তক্ষেপ-কৃ ; Interfere in the slightest with.
Lay one's fingers on—বাহির-কৃ ; Find out.
Lay the finger on—দেখান , Point out.
Lift (or stir) a finger—সাধ্যমতে সাহায্য করিতে চেষ্টা-কৃ , কথঞ্চিৎ সাহায্য-কৃ , Make any effort however slight in behalf (or aid) of.
May count on the fingers—এত অল্প যে আঙ্গুলে গণা যায়, (অর্থাৎ) অল্প-হ ; Find it to be less than ten, find to be not more than ten ; (hence) be few in number.
Not to lift a finger—কিছুমাত্র চেষ্টা না করা (একটা আঙ্গুলও নাড়ে নাই) , Not to make the smallest effort. [Meddle with an affair.
Put one's finger in the pie—অনধিকার চর্চ্চা-কৃ ;
Snap one's fingers—তুড়ি দেওয়া ।
Snap one's fingers at—অবজ্ঞা-কৃ ; To treat contemptuously
The fore finger—তর্জ্জনী ।
The little finger—কনিষ্ঠা ।
The middle finger—মধ্যমা ।
The third or ring finger—অনামিকা ।
The two are finger and thumb—তাহারা হরি হর আত্মা ; They are inseparable companions.
To snap or crack the fingers—তুড়ি দিয়া উড়াইয়া দেওয়া , Defy, express one's contempt for another by snapping the fingers.
Finger-board, fing'gėr-bōrd, *n.* বাদ্যযন্ত্রের যে অংশে অঙ্গুলি সঞ্চালন করিয়া বাজাইতে হয় , The board of a musical instrument, where the strings or the keys for the fingers are placed :—সারঙ্গের অংশ , Part of a fiddle. [Sign post.
Finger post, fing'gėr-pōst, *n.* পথপ্রদর্শক স্তম্ভ ;
Finger reading, *n.* অঙ্গুলি দিয়া স্পর্শ করিয়া অক্ষর পড়া ; Reading for the blind, by touching letters printed in relief.
Fingered, fing'gėrd, *a.* অঙ্গুলিবিশিষ্ট ; Having fingers, or parts like fingers.
Fingering, fing'gėr-ing, *n* অঙ্গুলি দ্বারা স্পর্শ ; Act of touching lightly with the fingers, the manner of touching musical instrument.
Finial, fini-al, *n.* মন্দির-মস্তকে পত্র বা পুষ্পগুচ্ছের প্রতিকৃতি, মন্দির ; The knot or bunch of foliage or flower at the top of a pinnacle ; the pinnacle itself.

Finical, fini-kal, *a.* অতি সুন্দরদর্শী ; অতিশয় দোষদর্শী ; বেশভূষা-প্রিয় ; খোষ পোষাকী ; Unduly particular ; nice ; foppish. *ad*=finically. *Syn* :—Fastidious, overrefined, over-exact, scrupulous, over-nice, spruce

Fining, fining, *n.* শোধন-প্রণালী ; The process of refining or purifying. [conclusion.

Finis, fi'nis, *n.* সমাপ্তি ; উপসংহার ; An end ,

Fruitful, frootfool, *a* ফলশালী, উর্বর, Yielding fruit, productive *ad*=fruitfully *n*=fruitfulness *Syn* —Fertile fecund, prolific, plentiful, rich abundant, plenteous.

Fruitfulness, frootfool-nes *n* উর্বরতা, ফলশালিতা Productiveness fertility

Fruition, froo-ishun *n* [L *fruor* to enjoy] সম্ভোগ উপভোগ ভোগসুখ Enjoyment gratification pleasure derived from use or possession.

Fruitless, frootles, *a* ফলহীন, অনুর্বর Barren. —বিফল নিষ্ফল Useless *n*=fruitlessness *Syn* —Sterile unproductive unprolific unprofitable, abortive ineffectual vain idle profitless.

Frumentaceous, froo-men tāshus *a* [L *frumentum*, for *frugimentum* corn] গোধুমাদি সদৃশ, গোধুমাদি শস্য ঘটিত, Made of, or resembling, wheat or other grain

Frumenty, froo men-ti **Furmenty,** fur'menti *n* গমের পায়েস, Food made of wheat boiled in milk

Frush, frush, *n* ঘোড়ার পায়ের গোড়ালি, ঘোড়ার গোড়ালির বেদনা, The frog of a horse's foot, a disease in that part of a horse's foot

Frustrate, fru trāt *v t* [L *frustra* without effect] বিফল কৃ ব্যর্থ কৃ, To defeat, balk, bring to nothing —*a* বৃথা Useless, vain. *Syn* — Baffle foil thwart nullify

Frustration, frus-trāshun, *n* নিরাশা, নৈরাশ্য, Disappointment defeat

Frustum, frustum *n* [L *frustum*, a piece, a bit] কর্তিত খণ্ড বিভক্ত অংশ, সূচাগ্র ঘনক্ষেত্রের বিভাগ বিশেষ। A piece or slice of a solid body

Frutescent, froo-tesent, *a* [L *frutex, fruticis* a shrub] গুল্মাকার (ঝোপের মত), Growing or becoming shrubby, like a shrub

Fruticose, froo'ti-kōs **Fruticous,** frooti-kus, *a* [L *frutex*, a shrub] গুল্মাকার, গুল্মময়, Shrublike, shrubby

Fry, fri, *n* ক্ষুদ্র মৎস্য, মাছের পোনা, পশুর ঝাঁক, Young fish, swarm of animals —ক্ষুদ্র ক্ষুদ্র বস্তুর সমষ্টি, A number of small things —*v t* ভর্জিত-কৃ, Roast, boil in a frying pan over the fire,

dress with oil or fat by roasting :—*v. i.* ভাজা ; ভজিত-হ ; To be roasted.

Small fry—বালক ; মাছের পোনা ; Little children, fishes or animals :—যে সকল প্রাণী গণনীয় নহে ; Insignificant creatures.

Frying pan—ভাজিবার পাত্র ; Shallow pan for dressing food by frying.

Out of the frying pan into the fire—মন্দ হইতে আরো মন্দ ; কষ্টের অবস্থা হইতে অধিকতর কষ্টে, From bad to worse.

Fuddle, *v. t.* মদ্য পান দ্বারা নির্বোধ কৃ ; To make foolish by drink :—*v. i.* পানে অত্যাসক্ত-হ ; To drink to excess.

Fudge, fuj *int* ছি, ঘৃণাব্যঞ্জক শব্দ, Exclamation of contempt ; a nonsensical account ; stuff, nonsense.

Fuel, fū'el, *n.* [L. *focus*, a fireplace] ইন্ধন ; জ্বালানি কাঠ ; A combustible for making a fire :—উৎসাহ ; উদ্দীপন ; Whatever supports heat, excitement or energy.

Apply fresh fuel to—উত্তেজনা বা কোপ বৃদ্ধি-কৃ ; অধিকতর ক্ষতিকর করিয়া তোলা, To add new incentive, provocation or injury.

To add fuel to the flame—জ্বলন্ত অগ্নিতে ঘৃত দেওয়া ; Make matters worse.

Fugacious, fū-gā'shus, *a* [Gr *pheugō*, to flee] পলায়মান ; পলায়নপর ; Fleeing, apt to flee away. *n*=fugaciousness, fugacity.

Fugitive, fūj'i-tiv, *a.* [L. *fugio*, to flee] চঞ্চল ; অস্থির ; Fleeting :—অনিশ্চিত ; অনির্দিষ্ট ; Uncertain ; unsteady :—ধ্বংসশীল, ধ্বংসোন্মুখ ; Volatile, perishable :—পলায়মান, পলায়নপর, Ready to flee away:—ক্ষণস্থায়ী, Temporary :—*n.* পলাতক, Runaway ; deserter. *ad*=fugitively, *n*=fugitiveness. *Syn* :—(*a*) Wandering, evanescent, short-lived, transitory, flitting. (*n*) Deserter.

Fugleman, fūgl-man, *n.* [Gr *flugelman*, the leader of a wing or file] সামরিক কৌশল-শিক্ষা দিবার জন্য সজ্জিত সৈন্য-শ্রেণীর পুরোভাগে দণ্ডায়মান নেতা. A wingman ; a soldier who stands, as an example, in front of a line of soldiers under drill.

Fulcrum, ful'krum, *n.* [L *fulcio*, to prop] অবলম্বন, আশ্রয় ; খোঁটা, A prop ; the point about which a lever turns in lifting or moving a body.

Fulfil, fool-fil, *v. t* পূর্ণ-কৃ ; যথাযথ-কৃ, To complete ; accomplish :—কার্যে পরিণত-কৃ ; To carry into effect. *n*=fulfiller. *Syn* :—Effectuate, finish, consummate, perfect ; observe, perform, discharge, execute, keep, meet.

Fulfilment, fool-fil'ment, *n.* সমাপ্তি ; পূর্ণতা. Completion :—কার্যে পরিণতি, সাধন, সিদ্ধি, Accomplishment.

Fulgent, ful'jent, *a.* [L. *fulgeo*, to flash, to shine] দীপ্তিমান ; জ্যোতিষ্মান্‌, Shining or glittering :—উজ্জ্বল, Bright, dazzling *ad*=fulgently. *n*=fulgency (উজ্জ্বলতা ; Brightness.)

Fuliginous, fū-lij'i-nus, *a* [L. *fuligo*, soot] ধূমযুক্ত ; কৃষ্ণবর্ণ ; Sooty, smoky, dark.

Full, fool, *a.* পূর্ণ, পরিপূর্ণ ; Full of, abounding in —পূর্ণ, Ample ; copious :—পূর্ণ, সম্পূর্ণ, Complete, entire —পরিণত ; Mature :—সুব্যক্ত ; পরিষ্কার ; Strong ; clear :—পর্যাপ্ত ; Adequate :—সর্বাঙ্গ সুন্দর ; Perfect :—*n.* সম্পূর্ণতা ; পূর্ণতা ; Complete measure ; highest state or degree :—সমুদয় ; সমগ্রতা ; The whole :—পূর্ণিমা ; The time of full moon :—*ad.* সম্পূর্ণরূপে ; সর্বাংশে ; Quite ; completely ; with the whole effect. *n*=fullness, fulness. *Syn* :—(*a*) Replete, filled ; satisfied, satiated ; stocked, furnished ; sufficient ; abundant, plenteous ; large, extensive.

Full, fool, *v. t.* [L. *fullo*, a cloth-fuller] ধৌত-কৃ ; পরিষ্কার-কৃ ; To press or pound in a mill, as cloth ; to scour, cleanse, and thicken in a mill.

Full age, *a.* পূর্ণবয়স্ক, Of mature age.

Full armed, *a.* সম্পূর্ণ সজ্জিত, Completely armed.

Full-blown, fool-blōn, *a.* পূর্ণ-বিকশিত ; Fully expanded, as a flower.

Full-bottomed, fool-bot'umd, *a.* বৃহৎ তলযুক্ত ; বৃহৎ তলবিশিষ্ট ; Having a large bottom, as a wig.

Full-butt, *ad.* ঠিক বিপরীতে ; Directly against.

Full drive, *a.* তীব্রবেগে ; With full speed.

Full-faced, fool'fāst, *a.* প্রশস্ত মুখবিশিষ্ট ; Having a broad face.

Full-grown—পূর্ণবয়স্ক।

Full-hearted, fool'hārted, *a* উল্লাসিত ; নির্ভীক ; পূর্ণসাহসী, Full of trust or courage ; elated.

Full laden—বোঝা পরিপূর্ণ ; Having a full load.

Fullmoon, *n.* পূর্ণচন্দ্র।

Fullnigh, *ad.* অতি নিকটে ; Very near.

Full-orbed, fool-orbd, *a.* গোলাকার ; Having the orb complete ; round.

Full pay—সমস্ত বেতন ; The whole pay without deduction.

Full-sooth, *ad.* বাস্তবিক ; In good truth.

Full-souled, *a.* মহানুভাব, উন্নতমনা, Magnanimous.

Fullswing, *ad.* যথাশক্তি ; With full might.

Full tilt—বেগে ; At full speed, with a rush.

Full youth—পূর্ণযৌবন।

In full swing—খুব চলিতেছে ; In full progress :—চূড়ান্তসীমায়, In unrestrained enjoyment ; at the height.

Pay in full—পুরোপুরি দেওয়া (কিছুমাত্র বাদ নহে) ; Pay fully without deduction.

To the full—পূর্ণমাত্রায় ; পুরোপুরি (কিছু মাত্র কম নহে) ; Quite as much, certainly not less.

Fuller, fool'ér, *n.* রজক ; Washerman ; one who cleanses cloth.

Fuller's earth, foolerz-érth, *n.* রজক মৃত্তিকা ; সাজি মাটী, Soft clay for cleaning ; a variety of clay, capable of absorbing grease, used in scouring and cleansing cloth.

Fullness, Fulness, foolnes, *n* সম্পূর্ণতা, Completeness, entireness. *Syn* :—Repletion ; abundance, sufficiency, adequateness, affluence, perfection.

Fullness of the heart—ভাবাধিক্য, Strong feeling.

In the fullness of time—যথাসময়ে।

Out of the fulness of the heart, the mouth speaks—ভাব আসিলে কথা বাহির হয়।

Fully, fooli, *ad.* সম্পূর্ণরূপে ; Completely ; entirely. *Syn* :—Maturely ; plentifully, abundantly, plenteously, copiously, largely, amply, sufficiently ; clearly, distinctly, perfectly.

Fulmar, fulmar, *n.* একজাতীয় সামুদ্রিক পক্ষী ; A species of petrel.

Fulminate, fulmin-āt, *v. i.* [L. *fulmen*, light-

ing] বজ্রনাদ-কৃ ; বজ্রধ্বনি-কৃ ; Thunder :—ভয় প্রদর্শন-কৃ ; Thunder forth menaces :—*v. t.* বিদারিত-কৃ ; To cause to explode :—নিন্দা-কৃ ; To denounce loudly :—*n.* বিদারণকর মিশ্রণ বিশেষ ; A compound of fulminic acid with mercury etc. *n*=fulmination. *Syn* :—Thunder, detonate, explode.

Fulmination, ful-min-áshun, *n.* বজ্রনাদ ; The act of thundering :—রাসায়নিক বিদারণ ; A chemical explosion :—ভয়প্রদর্শন বা তিরস্কার , Menace or censure.

Fulminic, ful-minik, *a.* বিদারণসম্বন্ধীয় , বিদারণকর , Pertaining to, or capable of, detonation.

Fulsome, fulsum, *a.* কুৎসিত ; গর্হিত ; অতিশয় বশতঃ ঘৃণাজনক ; তন্দ্রাজনক ; কতিকর ; অশ্লীল ; Offensive or disgusting by fawning ; nauseous, offensive, gross, obscene. *n*=fulsomeness, *ad*=fulsomely. *Syn* :—Loathsome, repulsive, rank.

Fulvous, fulvus, **Fulvid,** fulvid, *a.* [L. *fulvus*, deep yellow, tawny] পিঙ্গল ; Tawny ; deep or dull yellow.

Fumarole, fūma-rōl, *n.* আগ্নেয় পর্ব্বতের ধূমনির্গমন ছিদ্র ; A hole in a volcano or sulphur-mine from which vapours issue.

Fumble, fumbl, *v. i.* হাতড়াইয়া অনুসন্ধান-কৃ , Feel or grope about :—বার বার নাড়াচাড়া-কৃ ; To handle much —*v. t.* অদক্ষরূপে কার্য্য-কৃ ; আনাড়ির ন্যায় পরিচালিত-কৃ ; To manage awkwardly , crowd or trumble together. *n*=fumbler.

Fume, fūm, *n.* [L. *fumus*, smoke] ধূম , বাষ্প , Smoke ; vapour :—অসার পদার্থ , অসার বস্তু ; Any thing unsubstantial or airy :—কল্পনা , Idle fancy :—ক্রোধ , Heat of mind :—*v. i.* ধূম নির্গত-হ ; প্রধূমিত-হ , To smoke ; to throw off vapour :—ক্রুদ্ধ-হ ; ক্রোধপরবশ-হ ; To be in rage :—*v. t.* ধূমে শুষ্ক-কৃ ; To smoke, dry in smoke. *Syn* :—(*n*) Exhalation, reek, effluvium ; rage, passion.

Fumes of fancy—বৃথা কল্পনা ; Vain conceits.

Fumiferous, fūm-if'ér-us, *a.* [L. *fumus*, and *fero*, to produce] ধূমোৎপাদনকর ; Producing smoke.

Fumigate, fūmi-gāt, *v. t.* [L. *fumus*, and *ago*, to drive] ধূম দেওয়া ; ধোঁয়া দেওয়া , সুবাসিত-কৃ ; To smoke , to medicate or cleanse by vapour ; to perfume. *n*=fumigation.

Fumigation, fūm-i-gāshun, *n.* বিশুদ্ধ করিবার জন্য ধূমে স্থাপন , The act of fumigating, or of applying smoke or gas, for disinfecting.

Fumitory, fumi-to ri, *n.* [L. *fumus*, smoke, and *terra*, earth] দুর্গন্ধ উদ্ভিদ্ বিশেষ ; A plant having a disagreeable smell.

Fumous, fūmus, **Fumy,** fūmi, *a.* ধূম উৎপাদক ; ধূমপূর্ণ , Producing or full of fumes ; vapoury.

Fun, fun, *n.* [O. Eng. *foune*, to be foolish] পরিহাস ; তামাসা ; রঙ্গ ; Merriment ; sport ; frolicsome amusement ; jest. *Syn* :—Play, frolic, diversion, gayety, mirth, drollery, jocularity.

Make fun of—পরিহাস-কৃ ; Laugh at.

Funambulate, fū-nambū-lāt, *v. i.* [L. *funis*, a rope, and *ambulo*, to walk] রজ্জুউপরি নৃত্য করা ; (দড়ি-বাজি-কৃ) ; To walk or dance on a rope. *n*=funambulation.

Funambulist, fū-nambūl-ist, *n.* রজ্জুতে নৃত্যকারী ; রজ্জুপরি নৃত্যকারী ; Rope walker or dancer ; a rope-dancer *a*=funambulatory.

Function, fungkshun, *n.* [L. *fungor, functus*, to perform] কার্য্য সম্পাদন ; Act of executing , performance :—বিশেষ কার্য্য ; কর্ত্তব্য কর্ম্ম ; Peculiar or appointed action :—স্বাভাবিক বা কৃত্রিম কার্য্য ; Natural or assumed action :—প্রভাব , Power. *Syn* :—Execution, discharge, exercise ; part, office, employment, province, business.

Functional, fungkshun-al, *a.* কার্য্যসম্বন্ধীয় ; কর্ত্তব্য বিষয়ক , Pertaining to or performed by function. *ad*=functionally.

Functional disease—যন্ত্রের কার্য্য সম্বন্ধীয় পীড়া ; A disease affecting the function of an organ, but not its structure ;—opposed to organic disease.

Functionary, fungkshun-ar-i, *n.* কর্ম্মচারী ; One who holds an office or trust, *esp.*, a public official.

Fund, fund, *n.* [L. *fundus*, the bottom] মূলধন ; পুঁজি ; Stock ; capital :—গচ্ছিত টাকা , সঞ্চিত অর্থ , A store laid up from which one may draw at pleasure :—*pl.* জাতীয় ঋণ ; স্থায়ী ঋণস্বরূপ রাজকোষে সংগৃহীত অর্থ ; Government debts ; public securities ; permanent debts due by a government and paying interest :—*v. t.* মূলধন-কৃ ; গচ্ছিত-কৃ ; Place in or make part of a stock ; to place in a fund, as money. *Syn* :—(*v*) Store, supply.

Public fund—জাতীয় ঋণ ; Public debt.

Sinking fund—জাতীয় ঋণ শোধনার্থ প্রয়োজিত অর্থ ; Regular appropriation for reducing the public or other debt.

Fundament, funda-ment, *n.* অধোদেশ , অধোভাগ ; Ground work , the lower part or seat of the body.

Fundamental, fun-da-mental, *a.* মূলীভূত ; প্রধান ; মৌলিক ; প্রাথমিক ; Essential , elementary ; original :—*n.* মূল ; নিয়ম ; মুখ্য বস্তু ; Essential principle ; ground work of any thing , an essential :—পায়ু , মলদ্বার ; The anus. *ad*=fundamentally. *Syn* :—(*a*) Primary, important, indispensable, radical, constitutional, organic, elementary.

Funeral, fū'nér-al, *n.* [L. *funus, funeris*, a funeral procession] সমাধি , অন্ত্যেষ্টিক্রিয়া , Burial ; ceremony of burial :—*a.* অন্ত্যেষ্টি-ক্রিয়া সম্বন্ধীয় ; সমাধিসম্বন্ধীয় ; Pertaining or suiting a funeral :—ঔর্দ্ধদেহিক , শোকজনক , সমাধিকালে ব্যবহৃত ; Relating to a burial ; used at the interment of the dead.

Funeral ceremony—শ্রাদ্ধ ।

Funeral fire—চিতাগ্নি ।

Funeral pile—চিতা ।

Funeral place—সমাধি-স্থান ।

Funeral procession—অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদনার্থ যাত্রা ।

Funereal, fū-nē're-al, *a.* অন্ত্যেষ্টিক্রিয়ার উপযোগী ; শোচনীয় ; ভয়ানক ; Suiting a funeral ; dismal. *Syn* :—(*a*) Dismal, dark, mournful, lugubrious, sombre, death-like ; sepulchral.

Fungoid, fung'goid, *a.* [L. *fungus*, a mushroom, and Gr. *eidos*, appearance] ছত্রবৎ ; ব্যাঙের ছাতার মত ; Resembling a mushoom.

Fungous, fung'gus, *a.* কোমল , ব্যাঙের ছাতার ন্যায় ;

Soft ; spongy :—ক্ষণস্থায়ী ; Ephemeral :—অকস্মাৎ উৎপন্ন , Growing suddenly.

Fungus, fung'gus, *n.* [L. *fungus*, a mushroom] ছত্র ; বেঙের ছাতা ; Mushroom ; toadstool :—ক্ষত স্থানে মাঁচিল ; ক্ষত স্থানের উপর শক্ত চামড়া ; Proud flesh formed on wounds.

Funicle, fū'ni-kl, *n.* [L. *funis*, a cord or rope] সূক্ষ্ম সূত্র বা কেশর ; তন্তু ; তাগা ; A small cord, a fibre ; a small ligature, filament.

Funicular, fū-nik'ū-lar, *a.* সূক্ষ্ম কেশরযুক্ত ; Consisting of a funicle.

Funnel, fun'el, *n.* চুঙ্গী ; নল ; ধূমনির্গমন মার্গ ; Chimney shaft ; vessel for pouring liquids.

Funny, fun'i, *a.* কৌতুকপূর্ণ ; পরিহাসপূর্ণ ; আমোদপূর্ণ ; Full of fun, droll. *Syn* :—Farcical, ludicrous, humorous, jocular, laughable, amusing. *ad*= funnily.

Fur, fur, *n.* পশু লোম ; সূক্ষ্ম লোম ; Soft hair of animals ; fine hair :—সূক্ষ্ম লোমবিশিষ্ট চর্ম্ম , সলোম চর্ম্ম ; Skin with fur :—জ্বরকালীন জিহ্বার উপর লেপ ; জিহ্বায় সঞ্চিত মল ; Coating on the tongue in fever :—বকনস্থালীর ভিতরে সঞ্চিত ময়লা ; A fur-like coating on the interior of tea-kettles, &c :—*v t.* লোমযুক্ত-কৃ ; লোমাচ্ছাদিত-কৃ ; To line with fur ; to cover with fur :—মলাচ্ছাদনে আবৃত-কৃ ; To cover with morbid furlike matter.

Furbelow, fur'be-lō, *n.* ভাঁজ ; অঙ্গরাখার ঝালরযুক্ত পাড় ; A plain or flounce ; the fringed border of a gown or petticoat ; flounce ; frill.

Furbish, fur'bish, *v. t* পরিষ্কৃত-কৃ ; পালিস-কৃ ; Scour till bright , brighten ; to polish ; burnish.

Furcate, fur'kāt, *a.* [L. *furca*, a fork] নানা শাখায় বিভক্ত ; কাঁটা বিশিষ্ট ; Branching like the prongs of a fork.

Furcation, fur-kā'shun, *n.* শাখা বিস্তার ; কাঁটার ন্যায় বিভাগ ; A forking or branching out.

Furfuraceous, fur-fū-rā'shus, *a* [L. *furfur*, bran] তুষবৎ ; খুস্কিযুক্ত ; Scaly, scurfy.

Furies, *n.* প্রতিহিংসা দেবী ; Three goddesses of vengeance.

Furious, fū'ri-us, *a.* [L. *furia*, rage] প্রচণ্ড , ক্রোধপূর্ণ ; উন্মত্ত ; Violent ; full of rage ; mad. *ad*=furiously. *n*=furiousness. *Syn* :—Impetuous, vehement, boisterous, fierce, turbulent, angry, frantic, raging, frenzied.

Furl, furl, *v. t.* গুটাইয়া বাঁধা ; Draw up, as in a roll ; wrap or roll up, as a sail.

Furlong, fur'long, *n.* [A. S. *furh*, furrow, and *lang*, long] ৪৪০ হাত পরিমাণ , ক্রোশের যোড়শাংশ ; Eighth of a mile ; forty rods.

Furlough, fur'lō, *n.* অল্পদিনের জন্য ছুটি ; (চাকরি হইতে) অবকাশ ও বিদায় ; Leave of absence ; *esp*, leave to be absent from service for a certain time :—*v. t.* অবকাশ দেওয়া ; Grant leave of absence.

Furnace, fur'nās, *n.* [L. *furnus*, an oven] অগ্নিশালা ; অগ্নিকুণ্ড ; Enclosed fire-place ;—বিষম কষ্টকর স্থান বা কাল ; A place or time of severe torture or affliction.

Furnish, fur'nish, *v. t.* [O. Ger. *frumjan*, to do, to perfect] সজ্জিত-কৃ ; Fit up ; equip :—যোগান ; যোগাইয়া-দে ; Provide , supply. *Syn* :—Provide with, store, stock ; bestow, give, present, afford, offer.

Furnish with—কোন দরকারী বা ব্যবহারোপযোগী কিছু দেওয়া ; Give anything that is necessary, useful or appropriate.

Furniture, fur'ni-tūr, *n.* গৃহসজ্জা ; গৃহাদির আসবাব ; গৃহাদির সরঞ্জাম ; Household goods ; equipage ; decorations. *Syn* :—Movables, chattels, effects, goods ; apparatus, appendages.

Furor, *n.* প্রচণ্ডতা ; Fury ; rage.

Furrier, fur'i-ėr, *n.* সূক্ষ্মলোম-বিক্রেতা ; লোমজ বস্ত্রাদিব্যবসায়ী ; A dealer in furs and fur-goods.

Furriery, fur'i-ėr-i, *n.* লোম-ব্যবসায় ; Trade in furs :—লোমসমূদয় ; সর্ব্বপ্রকার লোমসমূহ ; Furs collectively ; furs in general.

Furrow, fur'ō, *n.* লাঙ্গলের দ্বারা কৃত খাত ; সীতা ; Small trench cut by a plough :—রেখা ; Any trench or groove :—কপালের বলি ; ললাটস্থ রেখা , A wrinkle on the face :—*v. t.* খাত-কৃ ; সীতা দ্বারা চিহ্নিত-কৃ ; To form furrows in :—আকুঞ্চিত-কৃ ; সঙ্কুচিত-কৃ ; To mark with channels or wrinkles ; to groove. *Syn* :—(*n*) Channel, groove, fluting, chamfer. [or consisting of fur.

Furry, fur'i, *a.* লোমযুক্ত ; লোমময় ; Covered with

Further, fur'thėr, *ad.* দূরতর ; More distant :—অধিকতর ; Additional :—*a.* অধিক ; To a greater distance of degree ; in addition :—*v. t.* আনুকূল্য-কৃ , সাহায্য-কৃ , প্ররোচনা-কৃ ; To help forward ; to promote. *Syn* :—(*v*) Advance ; assist, succour, encourage. [A helping forward.

Furtherance, fur'thėr-ans. *n.* প্ররোচনা . সাহায্য ;

Furthermore, fur'thėr-mōr, *ad.* এতদ্ভিন্ন ; অধিকন্তু ; Moreover , besides.

Furthermost, fur'thėr-mōst, *a.* দূরতম ; সর্ব্বাপেক্ষা অধিক দূরবর্ত্তী ; চরম ; Most remote.

Furthest, fur'thest, *ad.* অধিকতর দূরে ; At a greatest distance :—*a.* দূরতম ; সুদূরবর্ত্তী ; Most distant ; most remote.

Furtive, fur'tiv, *a.* [L. *fur*, a thief] অপহৃত ; গোপনীয় , গুপ্ত ; Stealthy , secret *ad*=furtively. *Syn* :—Sly, secret, clandestine, surreptitious.

Fury, fū'ri, *n.* [L. *furo*, to be angry] উন্মত্ততা ; Madness :—প্রচণ্ডতা , প্রকোপ ; Violence ; violent passion :—চণ্ডী ; ভৈরবী বা প্রতিহিংসাদেবী , Roman goddesses of vengeance :—কলহপ্রিয়া স্ত্রীলোক ; কোপনস্বভাবা প্রখরা রমণী ; A violent passionate woman. *Syn* :—Wrath, ire, rage ; vehemence, impetuosity ; vixen, vigaro, termagant, shrew, hag.

Furze, furz, *n.* কণ্টকময়ী লতা ; সকণ্টক গুল্ম ; A prickly shrub. [furze.

Furzy, furz'i, *a.* কণ্টক-গুল্মাবৃত ; Overgrown with

Fuscous, fus'kus, *a.* অনুজ্জ্বল ; পিঙ্গলবর্ণ ; অপরিষ্কার ; Brown, or grayish black ; dingy.

Fuse, fūz, *v. t.* [L. *fundere*, *fusum*, to pour, melt, cast] দ্রব-কৃ ; To melt :—*v. i.* দ্রব-হ ; To be melted :—*n.* বিদারণ জন্য দাহ্য পদার্থ দ্বারা পরিপূরিত নল ; Light musket or fire lock. *Syn* :—Dissolve, smelt ; amalgamate, commingle, blend.

Fusee, fū-zē', *n.* আলোক ; বারুদপূর্ণ নল ; A match or cigar light ; a fuse :—ছোট বন্দুক ; A small light musket.

Fusel-oil, fū'zel-oil, *n.* [Gr. *fusel*, bad spirits]

তৈলপদার্থ বিশেষ ; A nauseous oil in spirits distilled from barley &c. [ed. *n*=fusibility.

Fusible, fūzi-bl, *a.* দ্রবণীয় ; That may be melt-

Fusil, fūzil, *n.* [Fr. *fusil,* musket] এক প্রকার বন্দুক বিশেষ ; A light musket ; a fire-lock.

Fusilade, fūzil-ād, *n.* এককালীন অনেক আগ্নেয়াস্ত্র ক্ষেপণ ; A simultaneous discharge of firearms :—*v. t.* ঐরূপ আগ্নেয়াস্ত্র নিক্ষেপ দ্বারা হত বা পাতিত-কৃ ; To shoot-down by a simultaneous discharge of firearms.

Fusilier, Fusileer, fū-zil-ēr', *n.* বন্দুকধারী সৈন্য ; পদাতিক সৈন্য বিশেষ ; Soldier armed with a fusil.

Fusing-point, fūzing-point, *n.* দ্রবণ বিন্দু ; The temperature at which any solid substance liquefies.

Fusion, fūzhun, *n.* গলন ; দ্রবণ ; Melting :—সংযোগ ; একীভূত হওন ; Union. *Syn* :—Smelting ; liquefaction ; amalgamation, commingling, mixing, commixture.

Fusle, *n.* ঘড়ির কল বিশেষ ; The spindle of a watch :—লঘু বন্দুক ; A light gun.

Fuss, fus, *n.* গোলমাল ; হুজুগ ; বাগাড়ম্বর ; Bustle ; tumult ; unnecessary ado. *a*=fussy, *ad*=fussily.

Fust, *n.* The shaft of a column :—ভাপ্সা গন্ধ ; A strong, musty smell.

Fustet, fustet, *n.* [L. *fustis,* a stick] রঙ্ করিবার কাষ্ঠ ; A dye wood :—রঙ্ করিবার দ্রব্য ; A dye stuff

Fustian, fusťyan, *n.* কার্পাস বস্ত্র ; Cotton stuff :—দীর্ঘ শব্দ ; Bombast ; hight-sounding words :—*a.* Made of fustian :—শব্দাড়ম্বর বিশিষ্ট ; Bombastic : —কার্পাস বস্ত্র নির্মিত ; Of fustian. *Syn* :—(*n*) Rant, rhodomontade, nonsense.

Fustic, fustik, *n.* এক প্রকার কাষ্ঠ ; The wood of a west Indian tree.

Fustigation, fus-ti-gāshun, *n.* [L. *fustigo, fustigatus,* to beat with a stick] বেত্রাঘাত, Flogging :—দণ্ড দ্বারা তাড়না ; A punishment by beating with a stick.

Fusty, fusti, *a.* দুর্গন্ধ ; Ill-smelling. *n*=fustiness. *Syn* :—Musty, rank, mildewed.

Futile, fū'til, *a.* [L. *futilis,* worthless] তুচ্ছ ; অসার ; নিরর্থক ; Trifling ; useless ; unavailing. *Syn* :—Vain, worthless, profitless, fruitless, bootless, ineffective, trivial, frivolous.

Futility, fū-tili-ti, *n.* নিরর্থকতা ; নিষ্ফলতা ; Uselessness. *Syn* :—Triviality, frivolousness ; triflingness, worthlessness, unprofitableness.

Futtock, futuk, *n.* কাষ্ঠ ; A timber. *pl*=futocks (পোতের পার্শ্বভূত বক্র কাষ্ঠফলক ; A curved timber forming part of one of the ribs of a ship).

Future, fūťūr, *a.* ভবিষ্যৎ, ভাবী ; That is to come ; about to be :—*n.* ভবিষ্যৎকাল ; Time to come. *Syn* :—(*a*) Coming, subsequent, forthcoming.

For the future, In future—ভবিষ্যতে।

Futurist, *n* One who looks to hereafter instead of the present ; one who believes that prophecies in the Bible are to be fulfilled.

Futurity, fūť-ūr'i-ti, *n.* ভবিষ্যৎ কাল ; ভাবী ঘটনা ; An event or state of being yet to come ; time to come ; event to come.

Fuzz, fuz, *v. i.* পরমাণুরূপে উড়িয়া যাওয়া ; ক্ষুদ্র বিন্দুর আকারে উড়িয়া যাওয়া ; To fly off in minute particles :—*n.* অণু ; সূক্ষ্ম লঘু রেণু ; Fine particles ; fine light particles, as dust.

Fuzzball, fuzbawl, *n.* এক রকম ব্যেঙের ছাতা ; A kind of fungus, whose head is full of a fine dust.

Fy, fi, *int.* ছি, Same as *Fie.*

Fyke, *n.* যে জালে মৎস্য ঢুকিতে পারে, কিন্তু বাহির হইতে পারে না ; ঘুনি বিশেষ. A long bag-net distended by hoops, into which fish can pass but not return.

G

G—ইংরাজি বর্ণমালার সপ্তম বর্ণ বা অক্ষর ; The 7th letter in the English alphabet.

Gab, gab, *n.* বৃথা গল্প ; জল্পনা ; Idle prate ; loquacity :—মুখ ; Mouth :—*v. t.* জল্পনা-কৃ ; বৃথা গল্প-কৃ ; To prate ; to talk idly. *Syn* :—(*n*) Idle prate, loquacity, gabble ; the mouth.

Gift of the gab—বাক্‌পটুতা ; Fluency of speech.

Gabardine, Gaberdine, gab-ar-dēn or gabardin, *n.* মোটা কাপড়ের পরিচ্ছদ ; সামান্য পোষাক ; Coarse frock ; a mean dress.

Gabble, gabl, *v. i.* অনর্থক বাক্য বলা ; বক্ বক্-কৃ ; To talk inarticulately or without meaning :—রাজহংসের ন্যায় শব্দ-কৃ ; To cackle like geese. *n*= gabbler, gabbling. *Syn* :—Prate, jabber, babble, chatter.

Gabble roof—A roof whose sloping rafters are left open to the interior, uncovered by crossbeams or ceiling.

Gabion, gābi-un, *n.* [It. *gabbione,* a large cage] বিপক্ষের গোলা নিবারণ করিবার জন্য ব্যবহৃত মৃত্তিকাপূর্ণ ঝুড়ি ; A basket of wickerwork, having no bottom, but filled with earth, and used for shelter from the enemy's fire.

Gabionade, gā-bi-un-ād, *n.* গোলা আটকাইবার জন্য সজ্জিত ঝুড়িশ্রেণী ; A line of *gabions,* thrown up as a defence.

Gable, gābl, *n.* ত্রিকোণধার ; ছাদবিশিষ্ট ঘরের সম্মুখ ও পশ্চাৎ ভাগের ত্রিকোণাকার প্রান্ত ; The vertical triangular portion of the end of a house from the eaves to the top.

Gable window—A window in a gable or pointed at the top like a gable.

Gablet, gāblet, *n.* প্রাসাদের ত্রিকোণাকার ক্ষুদ্র প্রান্তভাগ বা চন্দ্রাতপ ; A small ornamented gable or canopy.

Gaby, gābi, *n.* বোকা ; A simpleton.

Gad, gad, *n.* লৌহ বা ইস্পাতের থান; লৌহ ছেনী; A wedge or ingot of iron or steel :—বর্শাগ্র, অঙ্কুশ; বর্শার অগ্রভাগ; The point of a spear; arrow-head; goad :—দণ্ড; A rod or stick :—*v. i.* নিরর্থক ইতস্ততঃ ভ্রমণ-কৃ, অস্থির হইয়া বেড়ান, Ramble about idly; rove about restlessly.

Gadding from place to place—ইতস্ততঃ ভ্রমণ-কৃ; Wandering here and there without any purpose.

Gad-fly, gadfli, *n.* তীব্র দংশন মক্ষিকা বিশেষ, দংশক, ডাঁশ; A stinging insect; fly which stings cattle and deposits its eggs in their skin.

Gael, *n.* A Scotch Highlander of Celtic origin; [an Irish Celt.

Gaelic, gālik, *a.* স্কটলণ্ডের পার্ব্বতীয় জাতি সম্বন্ধীয়; Pertaining to the Gael :—*n.* ব্রিটেনের পার্ব্বতীয় জাতির ভাষা; The language of the Highlands of Scotland.

Gaff, gaf, *n.* পোলা, মাছ ধরিবার খোঁচ; A harpoon; an iron hook on a handle for landing large fish; a light spear used by fishermen :—পাইল বিস্তার করিবার আড়কাঠ বিশেষ; A kind of boom or yard :—*v. t.* To strike or take with a gaff.

Gaffer, gaf'ēr, *n.* বৃদ্ধ লোক; বৃদ্ধা, বুড়ো; An old fellow; an old man; an aged mistress. *Syn* :—Goodman, gossip; overseer, foreman.

Gag, gag, *v. t.* মুখবন্ধ-কৃ, কথা কহিতে না দেওয়া, To stop the mouth; to hinder from speaking, to silence :—*n* মুখ-বন্ধনী, কথা বন্ধ করিবার জন্য যাহা মুখে প্রবেশ করান যায়, Something to fasten the mouth to hinder speaking *Syn* :—(*v*) Silence, stifle, muzzle, muffle, keck, retch.

Gagging Act—মুদ্রাযন্ত্রের স্বাধীনতা হরাকারী বিধি, Law to prevent newspaper editors from free speaking.

Gage, *n.* বন্ধক; A pledge or pawn :—যুদ্ধার্থ আহ্বানকারী বস্তু বিশেষ, যুদ্ধার্থ আহ্বানসূচক নিক্ষিপ্ত শিরস্ত্রাণাদি, Something thrown down as a challenge, as a glove, gauntlet :—পরিমাণ বিশেষ, A measure :—*v. t.* বন্ধক দ্বারা আবদ্ধ-কৃ, অঙ্গীকারাবদ্ধ-কৃ, To bind by pledge or security —পরিমাণ-কৃ, To gauge; to measure. *Syn* —(*n*) Guarantee, security; challenge. [goose

Gaggle, *v. i.* হংসের মত শব্দ-কৃ, Cackle as a

Gaggling, *n.* হংসনাদ।

Gaiety, gā́e-ti, *n.* হর্ষ; আমোদ, উল্লাস; Mirth, cheerfulness; merriment.

Gaily, gā-li, *ad.* উল্লাসসহকারে, In a gay manner

Gain, gān, *n.* লাভ, উপার্জ্জন, Profit, benefit, advantage :—*v. t.* উপার্জ্জন-কৃ, লাভ-কৃ, জয়-কৃ, Earn; acquire; to get as a profit; win —অব্যাহতি পাওয়া, To escape :—*v. i.* ধনী-হ, লাভবান-হ, To have advantage or profit; to grow rich. *Syn* :—(*n*) Winnings, earnings, acquisition, emolument, lucre. (*v*) Get, procure, achieve, secure, realize, conciliate, persuade, enlist; reach, arrive at, attain to.

Gain ground—অগ্রসর-হ; Advance in any undertaking; advance (as a successful assailant) :—বলবত্তর-হ; Prevail :—ক্রমে ক্রমে দখল করা; Encroach on :—বল ও প্রসার প্রাপ্ত-হ; To acquire strength and extent.

Gain on or upon—অগ্রসর-হ; To encroach on (as water upon land); advance nearer to (in a race) :—অতিক্রম-কৃ, To get the better of.

Gain over—আপনার দিকে আনা, কাহাকে আত্মপক্ষ করা, স্বপক্ষভুক্ত-কৃ; Win over; draw (a person or party) to one's own side or interest.

Gain the wind—অন্য জাহাজের বায়ুতাড়িত পার্শ্বে উপস্থিত-হ, To reach the wind-ward side of another ship.

Gain upon one—ক্রমে অগ্রসর বা নিকটবর্ত্তী হইয়া আছে, Get nearer to one by degrees (in a race or contest) :—অল্পে অল্পে কাহাকে আপনার অনুকূল করিয়া আনা; Gain influence over (by degrees).

Gainer, gā́nēr, *n.* উপকারপ্রাপ্ত বা লাভবান্ ব্যক্তি; One who gives profit, interest, or advantage.

Gainful, gā́nfool, *a.* লাভজনক; অর্থকর, Advantageous; profitable; lucrative. *ad*=gainfully. *n*=gainfulness. *Syn* :—Beneficial, remunerative, productive, paying.

Gainings, gā́ningz, *n. pl.* উপার্জ্জন; Anything acquired by labour or enterprise.

Gainless, gā́nles, *a.* লাভশূন্য, Unprofitable. *n*=gainlessness.

Gainsay, gān-sā́, *v* অস্বীকার-কৃ, বিবাদ-কৃ, প্রতিবাদ-কৃ; To deny; to dispute, to contradict. *n*=gainsayer. *Syn* :—Controvert, oppugn.

Gairish, Garish, gā́r'ish, *a.* জমকাল, আড়ম্বরশালী, শোভন, জাঁকাল, Showy, gaudy; ostentatious. *ad*=garishly. *n*=garishness. *Syn* :—Glaring, glittering, flaunting, flaring, fine, flashy.

Gait, *n.* চলন; পাদবিক্ষেপ-ভঙ্গিমা, Way or manner of walking or stepping.

Gaiter, gā́tēr, *n.* পাদপ্রান্তদেশের আচ্ছাদনী, A covering of cloth for the ankle fitting down upon the shoe.

Gala, gā́la, *n* [It. *gala*, finery] উৎসব, জোকমোৎসব, বাহ্যাড়ম্বর, Show, splendour, festivity; grand entertainment.

Gala-day—উৎসব দিন; A festive day.

Galactometer, *n* দুগ্ধের গুণ পরীক্ষা করিবার যন্ত্র; দুধ পরীক্ষা করিবার কল, Lactometer.

Galaxy, galak-si, *n.* [Gr. *gala*, *galaktos*, milk] ছায়াপথ, Milkyway —সমাগম, An assemblage of splendid persons or things —নক্ষত্রপুঞ্জ, The band or cluster of stars stretching across the heavens. *Syn* :—Group, constellation

A galaxy of beauty—সুন্দরী স্ত্রীলোকগণের সমাগম; A cluster of handsome women.

Galbanum, galban-um, **Galban,** galban, *n.* নির্য্যাস বিশেষ; Medicinal gum :—ধূনা; A gum-resin obtained from an Eastern plant.

Gale, gāl, *n.* [Ic *gal*, gale] প্রচণ্ড বায়ু; ঝড়; Storm of wind; a strong wind between a stiff breeze; a storm :—*v. i.* (naut) To sail fast. *Syn* :—(*n*) Blast, gust, hurricane.

Galeated, gā́le-āt-ed, *a.* [L. *galea*, a helmet] শিরস্ত্রাণাদি দ্বারা আবৃত; চূড়াকার পুষ্পবিশিষ্ট; Covered as with a helmet; having a flower like a hemlet, as the monk's-hood.

Galena, ga-lē'na, *n.* [L. *galena*, lead-ore] খনিজ পদার্থ বিশেষ; Sulphuret of lead.

Galiot, Galliot, gali-ut, *n.* [Fr. *galee*, a galley] এক রকমের নৌকা, A short of bigan-

time ; a Dutch vessel carrying a main-mast, a mizzen-mast, and a large gaff-mainsail.

Galipot, *n.* নির্য্যাস ; A white resinous juice, which flows from pine or fir trees.

Gall, gawl, *n.* পিত্ত ; The bile :—তিক্ততা ; Bitterness :—জেলা ; খোপার কালি ; A vegetable excrescence produced by an insect in the bark or leaves of plants used in dying ; marking ink :—বিদ্বেষ ; Spite ; malignity ; malice :—ঘর্ষণজনিত আঘাত, ঘর্ষণজনিত বেদনা ; A wound in the skin from rubbing ; a wound caused by rubbing :—*v.t.* বিরক্ত-কৃ ; রাগাইয়া দেওয়া ; To vex ; tease, harass ; annoy, enrage :—ঘর্ষণ দ্বারা ক্ষয়-কৃ ; ঘর্ষণ দ্বারা গাত্রচর্ম্ম ছিন্ন-কৃ ; To wear away by friction ; to hurt or break the skin of, by rubbing. *Syn* :—(*v*) Excoriate ; chafe, irritate, provoke

Gall, *gawl,* **Gall-nut,** gawl-nut, *n.* [L. *galla,* oak apple] লাক্ষাজাতীয় পদার্থ বিশেষ ; A light nut-like ball, produced by certain insects in the bark or leaves of a plant, used in dyeing.

Add gall to bitterness—কাটা ঘায়ে নুনের ছিটা-দে।

Gall and worm wood—নিম নিসিন্দের মত তেঁত, অতিশয় কটু বা ক্লেশদায়ক, Something exceedingly bitter and distasteful ; something offensive and disgusting.

Gall-bladder—পিত্তকোষ।

Gall-stone, *n.* পিত্তকোষ জাত পাথরি ; Concretion in the gall-bladder.

Gallant, galant, *a.* সুন্দর ; সুদৃশ্য ; Handsome, showy ; magnificent :—সাহসিক, সাহসপূর্ণ ; Daring ; brave :—স্ত্রীলোকের পরিচর্য্যায় রত, নারী জাতীর সম্মানকারী, Chivalrous courteous to ladies ; attentive to ladies :—মহৎ ; Noble :—*n* বেশভূষাপ্রিয় লোক ; ফুলবাবু ; A man of fashion :—উপপতি ; প্রেমপ্রত্যাশী ; Lover ; paramour ; suitor :—*v t.* রমণীর মান্য বা সেবা-কৃ, To attend or wait on (as a lady.) *ad*=gallantly, *n*=gallantness. *Syn* :—Heroic, magnanimous, dignified, courteous ; gay, fine.

Gallantry, galant-ri, *n.* সাহস ; নির্ভীকতা ; Courage ; bravery :—ভদ্রতা ; Politeness :—স্ত্রীলোকের প্রতি শিষ্টাচার ; রমণী-সেবা ; Attention to ladies, amour. *Syn* :—Nobleness, courageousness, heroism, chivalry ; courtesy, courteousness ; courtship, intrigue, lewdness.

Gallen, *n.* চিকিৎসা, A medical man :—A Greek physicion

Galleon, gali-un, *n.* পোত বিশেষ ; A large Spanish vessel with four decks.

Gallery, galér-i, *n.* কারুকার্য্য-প্রদর্শন-প্রকোষ্ঠ ; শিল্প প্রদর্শন করিবার কোষ্ঠ ; A room for the exhibition of works of art :—নাট্যশালা, গির্জ্জা প্রভৃতির উচ্চ মঞ্চ ; The upper flour of seats in a church or theatre ; a raised structure :—গমনাগমনের পথ ; A long and narrow corridor or connecting passage-way :—সুড়ঙ্গ পথ ; A covered passage cut through the earth or masonry :—বারান্দা ; A platform surrounded by rails, projecting over the walls of a building.

Galley, gali, *n.* ক্ষুদ্র পোত বিশেষ ; A low, flat built ship with one deck, and navigated with sails and oars :—পোতমধ্যস্থ রন্ধনশালা ; জাহাজের রন্ধনশালা ; Ship's kitchen :—নৌকা ; Large boat :—রণপোতের সংসৃষ্ট ক্ষুদ্র তরী ; A kind of boat attached to a ship-of-war :—ছাপাখানায় অক্ষর রাখিবার কাষ্ঠাধার ; গ্যালি ; The frame which receives the type from the composing stick.

Galley-slave, gali-slāv, *n.* পোত নির্ব্বাসিত চিরদাস ; দণ্ডস্বরূপ নৌবাহকরূপে নিয়োজিত অপরাধী ; One condemned for crime to work like a slave at the oars of a galley.

Galliard, galyard, *n.* [Sp. *gallardo,* lively, gay] রসিক পুরুষ ; A brisk, gay man :—মনোরম নৃত্য বিশেষ ; A gay, lively dance.

Gallic, galik, *a.* [L. *gallia,* Gaul] ফ্রান্সদেশীয় ; Pertaining to Gaul or France.

Gallic Acid, galik asid, *n.* ঔষধ বিশেষ ; A crystalline substance obtained from gall-nuts, &c.

Gallicism, gali-sizm, *n.* ফরাসী-দেশীয় বাক্য-প্রয়োগ রীতি, French idiom.

Galligaskins, gal-i-gaskinz, *n. pl.* এক রকম পাজামা ; শিকারীদিগের পাদরক্ষণ ; Large, open hose or trousers ; leather guards worn on the legs by sportsmen.

Gallinacious, gal-in-āshus, *a.* [L. *gallina,* a hen] পক্ষীর বিশেষণ বাক্ ; খর্বক-পক্ষী ; Belonging to the farmyard poultry.

Galliot, *n.* A Dutch vessel. See galiot.

Gallipot, gali-pot, *n.* ঔষধ রাখিবার ক্ষুদ্র পাত্র ; A small glazed clay pot for containing medicine.

Gallon, galun, *n.* ওজন-পরিমাণ বিশেষ ; সাড়ে তিন সের ; A measure of capacity ; four quarts.

Galloon, ga-lōōn, *n.* [Sp. *gala,* finery] ফিতে ; এক রকম ফিতা ; A lace ; tape-like tissue of cotton, silk, &c.

Gallop, galup, *v. i.* দ্রুতগতিতে-যা ; অতি দ্রুত গমন-কৃ, সবেগে দৌড়ান ; Move by leaps or very fast ; run very fast ; to run with leaps or bounds :—*n.* অশ্বের দ্রুত গতি ; The pace at which a horse runs when the fore feet are lifted together and the hind feet together :—(gal-op') চঞ্চল নৃত্য ; A quick dance.

Gallopade, gal-up-ād, *n.* নৃত্য বিশেষ ; নৃত্যোপযোগী গানবাদ্য ; Quick dance ; music appropriate to it :—*v. t.* উক্ত প্রকার নৃত্য বা গীতবাদ্য-কৃ ; To perform a gallopade.

Galloway, galo-wā, *n.* ক্ষুদ্র জাতীয় অশ্ব বিশেষ ; A horse of small size, bred in Galloway in Scotland.

Gallows, galus, *n.* ফাঁসিকাষ্ঠ ; Scaffold for hanging criminals. *Syn* :—Scaffold, gibbet, platform :—*pl* suspenders, braces.

Come to the gallows—ফাঁসি-হ ; Be hanged.

Galoche, Galosh, ga-losh, *n.* বর্ষার সময় জুতার উপরে পরিবার জুতা ; A shoe or slipper to be worn over another in wet weather.

Galvanic, gal-vanik, *a.* তাড়িত শক্তি সম্বন্ধীয় ; রাসায়নিক বৈদ্যুতিক প্রক্রিয়া দ্বারা উদ্ভূত ; Belonging to or exhibiting galvanism.

Galvanise, galvan-īz, *v. t.* তাড়িতশক্তি সঞ্চার-কৃ ; রাসায়নিক ক্রিয়া দ্বারা উদ্ভূত তড়িৎ সংযুক্ত-কৃ ; To affect with galvanism.

Galvanism, galvan-izm, *n.* তাড়িতশক্তি বিদ্যা ; রাসায়নিক-তড়িৎ-তত্ত্ব ; A branch of the science of electricity, which treats of electric currents produced by chemical action.

Galvanist, galvan-ist, *n.* রসায়ন-তড়িৎ-তত্ত্বজ্ঞ, One skilled in galvanism.

Galvanometer, gal-van-omet-ėr, *n.* [*Galvani*, and Gr *metron*, a measure] রাসায়নিক-তড়িৎ-প্রবাহশক্তি-পরিমাণ যন্ত্র ; An instrument for measuring the force of galvanic currents.

Gambado, gam bādō, *n.* [It. *gamba*, the leg] অশ্বারোহীর পদাবরণ বিশেষ, A case of leather to defend the legs from mud in riding

Gamble, gambl, *v. i* দ্যূতক্রীড়া-কৃ, জুয়া খেলা, To play for money in games of chance, to game for money :—*v. t.* অপব্যয়-কৃ, To squander away. *n*=gambler.

Gamble-away—দ্যূতক্রীড়া করিয়া অপব্যয়-কৃ, Squander by gambling.

Gambler, *n.* দ্যূত-ক্রীড়াকারী।

Gambling, *n.* দ্যূত-ক্রীড়া।

Gambling-house, *n* দ্যূতশালা।

Gamboge, gam-bōōj, *n.* বৃক্ষনির্যাস বিশেষ, রঞ্জন ; A yellow gum-resin used as a pigment and in medicine.

Gambol, gambol, *v. i.* [Low L. *gamba*, a thigh] আনন্দে নৃত্য-কৃ, To frisk or dance in sport —*n* নৃত্য, ক্রীড়ালম্ফ, A skipping, playfulness. *Syn* —(*v*) Frisk, frolic, play, jump about, caper

Game, gām, *n.* ক্রীড়া, Sport of any kind :—কৌতুক, Jest, frolic —পণ, বাজি, The stake in a game —প্রতিদ্বন্দ্বিতা, Contest —শীকার, রাজার শীকার মৃগয়ার্থ রক্ষিত বন্য জন্তু, Animals pursued by sportsmen, wild animals protected by law and hunted by sportsmen —অভিসন্ধি, Scheme pursued, plan, project —আমোদার্থ ব্যায়াম, An exercise for amusement, a single match at a play —*a* সাহসী, দৃঢ় প্রতিজ্ঞ, Ready to fight to the last, like a game cock, brave, resolute —মৃগয়া সম্বন্ধীয়, Pertaining to those animals hunted for game —*v. i.* দ্যূতক্রীড়া কৃ, To play for money, to gamble —ক্রীড়া-কৃ, To play at any sport *Syn* — *n*) Recreation, pastime, diversion, gambling deer grouse, quarry, prey, plan, scheme, adventure

Die game—শেষ পর্য্যন্ত অটল থাকে, Maintain an unyielding spirit to the last

Make game of—উপহাস-কৃ, Make ridicule — (কোন কিছু লইয়া) তামাসা বা উপহাস কৃ, কৌতুক কৃ, Sport with, make fun of.

Play a game—খেল্ খেলা, Be engaged in some venture, perform a part, pursue a scheme.

Play one's game—নিজের খেল্ খেলা, নিজের চাল দেখান, Pursue one's scheme, play one's card

The game is up—বাজিমাৎ হইয়াছে, জয়ের আশা নাই, The hope of success is over, the chance is gone.

Game-cock, gāmkok, *n.* যোধ কুক্কুট, সমরার্থ শিক্ষিত কুক্কুট, A cock trained to fight

Game-keeper, gāmkēp-ėr, *n* শিকারী পক্ষিরক্ষক ভৃত্য, শিকার-রক্ষক. A servant to take care of game-birds.

Game-laws, gām-lawz, *n pl.* মৃগরক্ষার্থ বিধি, Laws for the preservation of certain animals called game.

Gameleg, *n.* খোঁড়া-পা, A lame or crooked leg.

Gamesome, gamsum, *a.* ক্রীড়াপ্রিয় ; ক্রীড়াশীল, Frolicsome, playful, gay. *Syn* :—Merry, sportive, lively, frisky.

Gamester, gāmster, *n.* দ্যূত-ক্রীড়াকারী, জুয়াড়ী ; A gambler.

Gamin, *n.* সহরের পরিত্যক্ত বালক ; A neglected city boy, street Arab

Gaming, gāming, *n* জুয়াখেলা ; The practice of gambling.

Gammer, gamėr, *n* বৃদ্ধা-স্ত্রী, বুড়ী ; An old wife ; an old woman—the correlative of Gaffer.

Gammon, gamun, *n* শূকরের শুষ্ক লবণাক্ত জঙ্ঘা ; A hog's thigh, salted and dried —ক্রীড়া বিশেষ ; The game of back gammon .—প্রতারণা ; ফাঁকি ; নিরর্থক বাক্য ; Hoax, humbug ; nonsense —*v. t.* প্রতারণা-কৃ, To hoax, humbug, impose upon : —শূকরের মাংস লবণাক্ত করিয়া শুষ্ক-কৃ ; To cure, as bacon, to salt and dry.

Gamp, *n* বৃহৎ ছাতা, A large umbrella.

Gamut, gamut, *n.* স্বরগ্রাম, Scale of musical notes, the musical scale.

Gander, gandėr, *n.* হংস, রাজহংস ; He-goose, the male of the goose.

Gang, gang, *n* দল, A body of men, who go or work together, a company especially of disreputable persons *Syn* :—Crew, band, horde.

Gangboard, gang'bōrd, *n* জাহাজে উঠিবার ও নামিবার জন্য তক্তা, A board or plank used for walking into or out of a ship.

Gangliac, gang'gli-ak, **Ganglionic,** gang-gli-onik, *a* শিরাদির স্ফীতি সম্বন্ধীয়, Belonging to a ganglion

Ganglion, gang'glion, *n.* আব, শিরাদির স্ফীতি বিশেষ, A tumour in the sheath of a tendon —গাঁট, A knot or enlargement in the course of a nerve *a*=ganglionic, *pl*=ganglia, ganglions.

Gangrene, gang'grēn, *n.* [Gr *graino*, to gnaw] পচন, গলন, Mortification —দেহের অংশবিশেষের অবসাদ, Loss of vitality in some part of the body —*v t.* পচাইয়া-দে, অবসন্ন-কৃ, To mortify —*v i* পচিয়া-যা, To become mortified or putrescent, to become putrid

Gangrenous, gang'gren-us, *a* ক্ষত, Mortified

Gangway, gang'wā, *n* বেষ্টনবিশিষ্ট স্থানে গতায়াতের পথ, জাহাজের আরোহাবরোহ পথ, Thoroughfare, passageway, planking from a ship's side to the shore.

Bring to the gangway– নাবিককে বেত্রাঘাত-কৃ, Inflict punishment on a seaman by tying and whipping him.

Gannet, ganet, *n.* সামুদ্রিক হংসবিশেষ, A web-footed fowl

Ganoid, ganoid, *n.* [Gr *ganos* splendour, and *eidos*, form] বৃহৎ স্বচ্ছ শল্কবিশিষ্ট মৎস্য বিশেষ, One of an order of fishes, characterised by having shining scales

Gantlet, gantlet, *n.* দস্তানা, A glove.

Gantlet, gantlet, **Gantlope,** gantlōp, *n.* সৈনিক অপরাধীর দণ্ড বিশেষ, A military punishment.

Gaol, Jail, jāl, *n.* কারাগার, A prison. *Syn* :—Bridewell, tolbooth, jail

Gaoler, Jailor, jālėr, *n* কারাগার রক্ষক, কারাধ্যক্ষ, One who has charge of a gaol or of prisoners, called also a turnkey.

Gap, gap, *n* [Icel. *gap*, mouth, opening] ছিদ্র ; ফাঁক, বিদার ; Cleft, chasm, hole, an opening

for passage or entrance ; a passage. *Syn* :—Breach, flaw, interstice, crevice, rift, hiatus, chink, vacuity.

Stand in the gap—কোন কিছু রক্ষা করিবার জন্য খানায় দণ্ডায়মান-হ ; বিপদসঙ্কুল স্থানে দণ্ডায়মান-হ ; Stand in the trench to guard something or to make up for something wanting ; to stand forward in the post of danger as a defender.

Stop a gap—তালি-দে ; Serve an occasion ; secure a weak point ; to patch up or make a shift for a time.

Gap-toothed, gap'-tōōtht, *a.* দন্তবিহীন ; ব্যবহিত দন্ত ; Have teeth wanting ; having interstices between the teeth.

Gape, gāp, *v. i.* [A. S. *geapan,* to gape] মুখ-ব্যাদন-কৃ ; হাই তোলা ; To open the mouth wide ; to yawn :—মুখ ব্যাদন করিয়া চাহিয়া থাকা ; হাঁ করিয়া দেখা ; To stare with open mouth :—বিস্তৃত-হ ; To be open, like a gap :—*n.* মুখব্যাদন ; The act of gaping.

Gape at—একদৃষ্টে চাহিয়া থাকা ; To stare in a wondering manner

Gape for, Gape after—আগ্রহসহকারে ইচ্ছা-কৃ ; Desire earnestly ; long for.

Gaper, gāp'ėr, *n* জৃম্ভক ; মুখব্যাদনকারী ; One who gapes.

Gar, gär, **Garfish,** gär'fish, *n* দীর্ঘাকৃতি মৎস্য বিশেষ ; A long slender fish with a pointed head

Garb, gärb, *n.* পরিচ্ছদ , ' রিচ্ছদ-প্রণালী ; Dress ; fashion of dress :—আকৃতি ; বাহ্যাকৃতি ; External appearance. *Syn* :—Costume, apparel, habit, vestments ; uniform.

Garbage, gär'bāj, *n.* ব্যবহারের অযোগ্য মাংস ; আবর্জ্জনা ; অসার ভাগ ; Offal, refuse ; parts of flesh :—উচ্ছিষ্ট ; The refuse of flesh or vegetable :—নাড়ীভুঁড়ি ; The bowels of an animal. *Syn* :—Offal, carrion, dregs, remains, offscourings, refuse, rubbish.

Garble, gär'bl, *v. t.* বিকৃত-কৃ ; অঙ্গহীন-কৃ ; To mutilate, corrupt :—অযথা উদ্ধৃত-কৃ ; To select out of any writing such parts as may serve our own purpose, in a bad sense. *Syn* :—Misquote, misrepresent, distort, pervert, falsify.

Garbler, gär'bl-ėr, *n.* যে অযথা উদ্ধৃত করে ; One who garbles or selects.

Garden, gär'dn, *n.* বাগান , উদ্যান ; মনোরম স্থান ; A piece of ground on which fruits, flowers, etc., are cultivated ; a delightful spot :—*v. t.* উদ্যানে পরিশ্রম-কৃ ; উদ্যান নির্ম্মাণ-কৌশল শিক্ষা-কৃ ; To work in a garden ; to practise gardening.

Gardener, gär'dn-ėr, *n.* উদ্যানপাল ; One who cultivates or has charge of a garden.

Gardening, gär'dn-ing, *n.* উদ্যান-নির্ম্মাণ-কৌশল ; The act of laying out and cultivating gardens.

Gargle, gär'gl, *v. t.* জলাদি না গিলিয়া গলনালী বা মুখ ধোয়া ; To make a liquid gargle or bubble in the throat without swallowing :—*n.* গলনালী ধুইবার ঔষধ ; A preparation for washing the throat.

Gargoyle, gär'goil, *n.* [Fr. *gargouille,* the throat] ছাদের জল নিঃসরণার্থ মনুষ্যাদির আকারে গঠিত আবৃত নল ; A spout, projecting from the roof gutters of buildings, often representing human or other figures.

Garish, gār'ish, *a.* আড়ম্বরশালী ; জাঁকাল ; Showy ; ostentatious. *ad*=garishly, *n*=garishness.

Garland, gär'land, *n.* পুষ্পমালা ; Wreath of flowers, feathers :—সম্মান মুকুট ; Crown of honour ; principal thing ; thing most prized :—সংগৃহীত গদ্য বা পদ্য গ্রন্থ ; A book of extracts in prose or poetry :—*v. t.* মালা দ্বারা সজ্জিত-কৃ ; To deck with a garland. *Syn* :—(*n*) Chaplet, coronal, crown, bays ; collection, anthology.

Wild garland—বনমালা ।

Garlic, gär'lik, *n.* লশুন ; রশুন ; Strong smelling onion ; a plant having a bulbous root, and pungent taste, used as a seasoning.

Garlicky, gär'lik-i, *a.* রশুনতুল্য ; Like garlic.

Garment, gär'ment, *n.* পরিচ্ছদ ; বস্ত্র ; Any article of clothing.

Garner, gär'nėr, *n.* [L. *granum,* a grain] শস্যভাণ্ডার ; A place where grain is stored up ; granary :—*v. t.* (শস্যাগারে) সঞ্চিত-কৃ ; To store in a granary. *Syn* :—(*v*) Gather, accumulate, treasure up, deposit, hoard, save.

Garnet, gär'net, *n.* [L. *granatum,* the pomegranate] রক্তবর্ণ মণি বিশেষ ; A precious stone :—কপিকল বিশেষ ; A sort of tackle fixed to the mainstay in ships.

Garnish, gär'nish, *v. t.* [Fr. *garnir,* to furnish] সুশোভিত-কৃ ; To adorn ; to furnish :—সৈন্য যোগান ; To furnish as a fort, with troops :—খচিত-কৃ ; To surround with ornaments, as a dish. *Syn* :—Embellish, deck, beautify, decorate, grace.

Garnish, gär'nish, **Garnishment,** gär'nishment :—*n.* আভরণ ; অলঙ্কার ; ভূষণ ; Ornament :—পরিচ্ছদ ; Garments.

Garnisher, gär'nish-ėr, *n.* যে সজ্জিত করে ; One who garnishes.

Garniture, gär'nit-ūr, *n.* আভরণ ; ভূষণ ; Ornament ; adornment, decoration.

Garotter, gar-rot'ėr, **Garroter,** gar-rōt'ėr, *n.* যে গলা চাপিয়া ধরিয়া লুট করে ; হত্যাকারী ; One who attacks by garotting , one who garrottes.

Garret, gar'et, *n.* [O. Fr. *garite,* a place of safety] শিরোগৃহ ; চিলেঘর ; Room next the roof a house ; attic. *Syn* :—Loft, upper story.

Garreteer, gar-et-ēr, *n.* দরিদ্র লেখক ; অপটু গ্রন্থকর্ত্তা ; One who lives in a garret ; a poor author ; a literary hack.

Garrison, gar'i-sn, *n.* [Fr. *garnir,* to furnish] দুর্গরক্ষণার্থ সৈন্যদল ; A body of troops for guarding a fortress ; a supply of soldiers for defending a fortress :—দুর্গ ; A fortress ; a fortified place :—*v. t.* সৈন্য দ্বারা দুর্গ পূর্ণ-কৃ ; দুর্গে সৈন্য রক্ষা-কৃ ; সৈন্যাদির দ্বারা সুরক্ষিত-কৃ ; To furnish a fortress with troops ; to defend by fortress, manned with troops.

Garrote, gar-rōt', **Garrotte,** gar-rot', *n.* [Sp. *garrote,* a cudgel, a packing stick] লোহার গলবন্ধ দিয়া শ্বাসরুদ্ধ করিয়া প্রাণনাশ ; Strangling to death with an iron screw :—উক্ত প্রকার দণ্ড দিবার যন্ত্র , The instrument by means of which the punishment is inflicted :—*v. t.* শ্বাসরুদ্ধ করিয়া প্রাণনষ্ট-কৃ ; To strangle to death :—গলা টিপিয়া টাকাকড়ি কাড়িয়া

খওয়া ; To suddenly render, insensible by semi-strangulation, and then to rob.

Garrulity, gar-ūli-ti, **Garrulousness,** gar'ū-lus-nes, *n.* গল্পপ্রিয়তা ; অতিভাষণ ; বাচালতা ; বাক্যপ্রিয়তা ; Loquacity ; talkativeness.

Garrulous, gar'ū-lus, *a.* [L. *garrio*, to chatter] বাক্যপ্রিয় , অতিভাষী ; বাচাল ; Talkative. *Syn* :—Loquacious, prating, chattering, prosy.

Garter, gär'tėr, *n.* [Fr. *jarret*, the ham of the leg] গার্টার ; মোজা-বন্ধনী ; মোজা বান্ধা ফিতা ; Knee-band to hold the stocking :—নাইট্ উপাধিধারীদিগের মধ্যে প্রধান পদের নিদর্শন ; Emblem of the highest order of knighthood in England :—*v.t.* ফিতা বাঁধা : গার্টার দ্বারা আবদ্ধ-কৃ ; To bind with garter :—To invest with the order of the garter.

Gas, gas, *n.* বাষ্প ; Fluid in the form of air , any kind of air, particularly that obtained from coal. *a*=gaseous, *pl*=gases.

Laughing gas—বাষ্প বিশেষ ; Nitrous oxide—used as an Anæsthetic by dentists.

Gaselier, gas-a-lēr', *n.* বাষ্প-দীপ ; Gas-lamp.

Gasconade, gas-kon-ād, *n.* বড়াই ; দম্ভ-প্রকাশ ; অহঙ্কার . Bravado , a boasting or bragging :—*v t.* দম্ভ-কৃ ; To brag or boast. *n*=gasconader, gasconading.

Gaseous, gāze-us, *a.* বাষ্পাকার ; In the form of gas or air

Gasfitter, gas-fitėr, *n.* বাষ্পালোকে ব্যবহৃত নলাদির মিলন-কর্ত্তা ; One who fits up the pipes and burners for gas.

Gash, gash, *n.* গভীর ছেদ ; গভীর ক্ষত ; A deep and long cut, *esp* in flesh ; a deep, open wound : —*v. t.* গভীর ছেদ-কৃ ; গভীর ক্ষত-কৃ ; To make a deep cut into any thing.

Gasify, gasi-fi, *v t.* [L. *facio*, to make] বাষ্পে পরিণত-কৃ ; To convert into gas. *n*=gasification.

Gasometer, gaz-omet-ėr, *n.* বাষ্পমান যন্ত্র ; বাষ্পাধার ; An apparatus for measuring, or holding gas ; a place for holding gas

Gasp, gasp, *n.* কষ্টসহকারে শ্বাসগ্রহণ ; নিশ্বাস-গ্রহণার্থ মুখব্যাদন ; Opening the mouth to catch breath ; a painful catching of the breath :—*v. i.* কষ্টসহকারে শ্বাসগ্রহণ-কৃ ; শ্বাসগ্রহণার্থ মুখ বিস্তার-কৃ ; হাঁপান , To labour for breath, respire convulsively or violently :—*v. t.* To emit with gaspings.

At one's last gasp—মরণ দশায় ; মুমূর্ষু সময়ে ; At the point of death.

Gasp for breath—হাঁপাইতে থাকা ; Open the mouth wide in catching the breath ; pant violently.

Gastric, gastrik, *a.* [Gr. *gastēr*, the belly] পাকস্থলী সম্বন্ধীয় ; উদর সম্বন্ধীয় ; Belonging to the stomach , pertaining to the belly.

Gastric juice, *n.* পাকস্থলী রস , A fluid secreted in stomach.

Gastronomy, gas-tronom-i, *n.* [Gr. *gastēr*, belly, and *nomos*, a rule] ভোজন-কৌশল , রন্ধন-কৌশল ; The art or science of good eating ; art of cookery.

Gate, gāt, *n.* দ্বার : কপাট ; প্রবেশ-পথ ; An entrance : —প্রবেশের উপায় ; Means of entrance.

Gate-keeper—দ্বারপাল ; দ্বাররক্ষক ।

Gate way, gātwā, দ্বার ; তোরণমার্গ ; A passage under an arch or gate ; the way through a gate ; a pass through a fence or wall.

Gated, gāted, *a.* তোরণযুক্ত ; দ্বারবিশিষ্ট ; Furnished with gates.

Tell in not in gath—একথা মুখে আনিও না ; Do not let others hear of it (used when something sad has occurred which might be turned into ridicule by enemies.)

Gather, gather, *v. t.* সংগ্রহ-কৃ ; একত্র-কৃ ; To bring together ; collect :—উপার্জ্জন-কৃ , To acquire :—ভাঁজ-কৃ ; To plait :—অনুমান-কৃ ; অনুমানে বিদিত-হ ; To learn by inference ; to infer :—আহরণ-কৃ ; To cull, pluck :—*v. i.* একত্রিত-হ ; To assemble or muster ; unite :—বৃদ্ধি-হ ; To increase :—পুযোৎপাদন-কৃ ; পুয সঞ্চিত-হ : To come to a head ; to suppurate :—*n* কাপড়ের ভাঁজ ; A plait or fold in cloth, made by drawing the thread through. *Syn* :—(*v*) Assemble, congregate, muster ; accumulate, amass, hoard ; pluck, pick, glean, crop, cull, reap ; infer, deduce, conclude ; pucker ; meet ; increase, thicken, be condensed.

Be gathered to one's fathers or **people**—পিতৃলোক প্রাপ্ত-হ ; Be numbered with the dead.

Gatherer, gathėr-ėr, *n.* শস্য আহরণকারী ; সংগ্রাহক ; One who gets in a crop ; one who collects.

Gathering, gathėr-ing, *n.* সংগ্রহ ; The act of gathering :—জনতা ; সমিতি , A crowd ; an assembly :—পুয-সঞ্চয় ; A tumour, suppurated, a collection of matter *Syn* :—Acquisition, collecting, procuring, gain ; crowd, throng, multitude ; abscess, sore, ulcer, fester, pustule.

Gaucho, ga-ō'chō, *n.* অশ্বচালন-কুশল জাতি বিশেষ ; One of the native inhabitants of the La Plata pampas of Spanish American descent, noted for their marvellous horsemanship.

Gaud, gawd, *n.* অকিঞ্চিৎকর অলঙ্কার ; A piece of worthless finery , a trinket.

Gaudy, *a.* gawdi, *a* [L. *gaudium*, joy] জাঁকাল ; অতি শোভন , Showy :—হর্ষযুক্ত ; উৎফুল্ল , Merry ; gay. *n*=gaudiness, *ad*=gaudily. *Syn* :—Tawdry, flashy, meretricious, tinsel.

Gauge, gāj, **Gage,** *n* পরিমাণ ; পরিমাণ দণ্ড ; মাপ , A standard of measure ; a measure or measuring-rod ; estimate :—*v. t.* পরিমাণ-কৃ ; To measure the contents of any vessel , ability :—বুদ্ধির দৌড় দেখা , ক্ষমতার অনুমান-কৃ , To measure the capacity of ; to estimate ability.

Gauger, gājėr, *n.* পিপার অন্তরস্থ দ্রব্যাদি পরিমাপক ব্যক্তি ; পিপার মদ্যাদি মাপ করিবার নিমিত্ত নিয়োজিত কর্ম্মচারী , An excise officer, whose business is to gauge or measure the contents of casks.

Gauging, gājing, *n.* পিপার দ্রব্যাদি পরিমাণ করণ ; The art of measuring casks containing excisable liquors.

Gaul, gawl, *n.* ফ্রান্সদেশের বা তদ্দেশবাসীর পূর্ব্বকালীন নাম , A name of ancient France ; an inhabitant of Gaul. *a*=gaulish.

Gaunt, gant, *a.* কৃশ ; ক্ষীণ ; Thin, lean ; meagre. *ad*=gauntly, *n*=gauntness. *Syn* :—Lank, skinny, spare, attenuated.

Gauntlet, gäntlet, *n.* হস্তত্রাণ ; সুদীর্ঘ হস্তাবরণ ; A long glove covering the wrist.

Grasshopper, grashop-ėr, *n* পতঙ্গ ; গঙ্গা ফড়িং , An insect ; a hopping insect allied to the locust and feeding on grass or leaves.

Grass-plot, grass-plot, *n.* তৃণাচ্ছাদিত ভূমি ; তৃণময় ভূখণ্ড ; A plot of grassy grounds ; a lawn.

Grass widow, *n.* পরিত্যক্তা স্ত্রী ; A woman living away from her husband.

Grassy, grasi, *a.* সবুজবর্ণ ; Like grass ; green :—তৃণাচ্ছাদিত , Covered with grass. *n*=grassiness.

Grate, grāt, *n.* [F. *gratter*, scratch] ঘসা ; To rub ; scratch ; wear away :—কর্কশ শব্দ-কৃ ; To rub hard so as to offend , to make a harsh sound :—ঝাঁঝরা বিশিষ্ট-কৃ ; To furnish with grates or cross bars :—বিরক্ত-কৃ ; উত্তেজিত-কৃ ; To offend or irritate :—*n.* জাফরি ; A lattice work used in windows of prisons &c. :—কয়লার চুল্লীর ঝাঁঝরী ; A frame of iron bars for holding coals. *Syn* :—(*v*) Scrape, scratch, abrade ; rasp, comminute, triturate ; be vexing, fret.

Grated, grāted, *a.* ঝাঁঝরীবিশিষ্ট ; Having a grating.

Grateful, grātfool, *a.* [L. *gratus*, pleasing, thankful] সুখদ , মনোরম , সুন্দর ; Pleasant ; delightful ; acceptable ; acceptably welcome :—কৃতজ্ঞ ; Thankful. *n*=gratefulness, *ad*=gratefully. *Syn* :—Beholden, indebted ; gratifying, agreeable, welcome, delicious, palatable, nice.

Grater, grātėr, *n.* মোটা উখা ; An instrument with a rough surface, rubbing off small particles of a body.

Gratification, grat-i-fi-kāshun, *n.* সন্তোষ ; আহ্লাদ ; The act of pleasing ; that which affords pleasure ; delight :—পুরস্কার ; Reward. *Syn* :—Pleasure, satisfaction , recompense.

Gratify, grati-fi, *v. t.* [L. *gratus*, and *facio*, to make] সন্তুষ্ট-কৃ ; তুষ্ট-কৃ , সান্ত্বনা-কৃ ; প্রশ্রয়-দে ; To please , to satisfy, to soothe ; indulge. *n*=gratifier. *Syn* .—Humour, delight ; requite, recompense.

Grating, grāting, *n.* বার ; A partition or frame of bars :—*a.* সন্তাপদায়ক , বিরক্তিকর ; Harsh , irritating. *ad*=gratingly. *Syn* :—(*a*) Irritating, jarring, rough, disagreeable, offensive.

Grating, *n.* ঘর্ষণ জনিত কর্কশ শব্দ ; A harsh sound of rubbing.

Gratis, grátis, *a. n.* বিনা মূল্যে ; কিছুই না লইয়া ; নিঃস্বার্থে ; By grace or favour ; for nothing ; freely. [ness ; gratefulness.

Gratitude, gratitūd, *n.* কৃতজ্ঞতা ; Thankful-

Gratuitous, gra-tū'i-tus, *a.* বিনা মূল্যে প্রদত্ত ; Done or given gratis or for nothing :—অমূলক ;

Without reason, ground or proof —স্বেচ্ছাপূর্ব্বক, স্বেচ্ছপ্রবৃত্ত, Voluntary —অকারণ, Without cause or provocation *Syn* —Spontaneous, assumed, groundless, unwarranted.

Gratuity, gra-tū'i-ti, *n* দান, পারিতোষিক, স্বেচ্ছাকৃত দান, Free gift, present *Syn* —Donation boon, grant, benefaction, endowment, charity

Gratulate, &c—Same as congratulate &c

Gravamen, *n* [L. *gravis,* heavy] অনুযোগ, অভিযোগের প্রধান কারণ, Grievance, substantial cause of complaint or action

Grave, grāv, *v t* খোদন-কৃ, তক্ষণ-কৃ, To cut, to engrave —*v. i* খোদন-কৃ, To practise engraving —*n* কবর, সমাধি Tomb —মৃত্যু, অন্ত Death, end *Syn* —(*v*) Carve, sculpture, imprint, impress, infix, (*n*) Sepulchre, pit, vault, long home.

Grave, grāv, *a* [L *gravis,* heavy] ভারি, Heavy, weighty —গুরু, Important —গম্ভীর ধীর, Serious —গম্ভীর, In music, not acute *ad*= gravely, *n*=graveness. *Syn* —Pressing, exigent, sage, staid, sober, plain, not showy, deep

Have one foot in the grave—অতি বৃদ্ধ, অতি প্রাচীন, Have not long to live, being very old

On this side of the grave—এ জীবনে, বাঁচিয়া থাকিতে থাকিতে, In this life

With one foot in the grave—এক পা গোরে, On the very verge of death.

Grave bow—ভদ্রতা Formal courtsey.

Grave-clothes, *n* যে পোষাক মৃত ব্যক্তিকে পোরাইয়া দেওয়া যায়, The dress in which the dead are buried [and prepares graves

Grave-digger, *n* কবর-খননকারী One who digs

Grave-stone, *n* A monumental tone.

Grave-yard, *n* প্রেতভূমি, Cemetery, necropolis, a yard for the interment of the dead

Gravel, gravel, *n* [Fr *grave,* a sandy shore] কঙ্কর A mass of small stones or fragments of stone —পাতরি, পাথুরি Concretions in the kidneys —*v t* কঙ্কর দ্বারা আচ্ছাদন কৃ হতবুদ্ধি-কৃ, To cover with gravel, to puzzle *a*=gravelly

Graver, grāver, *n* ভাস্কর An engraver —খোদন যন্ত্র, An engraving tool *Syn* —Sculptor burin engraving tool [Pregnant

Gravid, gravid, *a* [L. *gravis,* heavy] গর্ভবতী

Graving, grāving, *n* খোদন, খোদিত চিত্র, The act of cutting figures in hard substances —জাহাজ সংস্কার The act of cleaning a ships bottom

Graving-dock, *n* জাহাজ সংস্কার স্থান, A dock into which ships are taken to be graved

Gravitate, gravi-tāt, *v i* [L *gravis,* heavy] কেন্দ্রের দিকে আকৃষ্ট হওয়া, পৃথিবীর মুখে আকৃষ্ট-হ, To tend towards the centre

Gravitation, gravi-tā shun, *n* মাধ্যাকর্ষণ শক্তি মহাকর্ষণ, The peculiar force by which all bodies are drawn to the surface of the earth

Gravity, gravi-ti, *n* [L *gravis,* heavy] গুরুত্ব, Heaviness, weight —গাম্ভীর্য্য, Importance —গাম্ভীর্য্য, Seriousness, solemnity —মাধ্যাকর্ষণ, The tendency of a body towards the centre of the earth —ঘোর পাপ, Atrociousness, weight of guilt —নিম্ন সুর, Lowness of sound *Syn* —Gravitation, centripetal force sobriety, sedateness, moment

Specific gravity—আপেক্ষিক গুরুত্ব, The relative weight of any solid or liquid as compared with the weight of an equal bulk of distilled water or any gas as compared with air

Gravy, grāvi, *n.* মাংসের রস, মাংস-নিঃসৃত জলীয় পদার্থ, The juices from meat while cooking.

Gray, grā, *a* ধূসরবর্ণবিশিষ্ট, Ash-coloured, white mixed with black —বৃদ্ধ, পরিপক্ব, Old, mature : —*n* ধূসরবর্ণ, A gray colour, any mixture of white and black —ধূসরবর্ণ জন্তু, An animal of gray colour *n*=grayness

Gray-beard, grābērd, *n* প্রাচীন ব্যক্তি, An old man —কদর্য্য মৃৎপাত্র, A coarse earthenware vessel [gray.

Grayish, grāish *a* পাণ্ডু ঈষৎ ধূসর, Somewhat

Grayling, grāling, *n* মৎস্য বিশেষ, A silvery gray fish allied to the trout, but with a smaller mouth and larger scales.

Graystone, grāstōn, *n* প্রস্তর বিশেষ, A greening compact volcanic rock, allied to basalt

Graze, grāz *v t* চরায় তৃণ ভক্ষণ করান, To feed with grass to tend grazing cattle —*v i.* তৃণাহার কৃ, চরা, To eat grass *Syn* —Rub against, shave, skim scrape pasture, crop

Grazer, grāzer, *n* গবাদি তৃণভোজী জীব, An animal that grazes

Grazier, grāzher, *n* পশু-চারক, রাখাল পশুপালক, One who pastures cattle and rears them for market [pasture.

Grazing, *n* চরণ, The act of feeding on grass,

Grease, grēs, *n* [Fr *graisse* fat] বসা, মেদ, চর্ব্বি Animal fat —*v t* চর্ব্বি মাখান, বসাক্ত-কৃ To smear with grease —উৎকোচ-দে, To bribe.

St. John's golden grease—উৎকোচ Bribe.

Greasy, grēzi *a* তৈলপূর্ণ, তৈলময়, Oily —চিক্কণ স্নিগ্ধ, Smooth, fat *ad*=greasily *n*=greasiness

Great, grāt *a* বৃহৎ, Large, wide, big, vast —প্রধান, Chief —গুরুতর, Important, weighty —গর্ব্বিত Proud —ধনী Rich —বিখ্যাত, Superior distinguished —উচ্চপদস্থ, Of high rank —ক্ষমতাপন্ন Mighty —মহান Noble *n*=greatness *Syn* —Huge vast bulky, ample, immense, much high, excessive, numerous, eminent, powerful exalted, magnanimous, sumptuous, hard difficult principal superior

Great at, Great in, Great on—নিপুণ, Skilful

Great cry and little wool—বহ্বারম্ভে লঘুক্রিয়া, Much ado about nothing

Great with—পরিচিত, Familiar —গর্ভবতী, Pregnant [distinction

The great, *n* পদস্থ লোক, People of rank or

Great born, *a* মহৎ বংশোদ্ভব, Nobly descended

Great-coat, grātkōt, *n.* বড় লম্বা কুর্ত্তি, Outer coat over coat

Great-guns—ঝড়, *Tempest*

Great-hearted, grāt-harted, *a* মহৎ, উদার-স্বভাব, উচ্চমনা, High spirited, noble.

Greatness, *n* মহত্ব, প্রধানত্ব, Largeness of bulk, dimensions, number, quantity or the like
Great seal—The principal seal of state.
Greaves, grēvz, *n pl.* পাদ-রক্ষাকারী অস্ত্র, Ancient armour for the legs.
Grebe, grēb, *n* জলচর পক্ষী, Water-fowl.
Grecian, grē'shan, *a* গ্রীসদেশ সম্বন্ধীয়, Pertaining to Greece —*n* গ্রীসবাসী, A native of Greece —গ্রীক ভাষায় পণ্ডিত One well-versed in the Greek language and literature
Grecise, grē'sīz, *v t* গ্রীক ভাষায় অনুবাদ-কৃ, To make Grecian to translate into Greek —*v i* গ্রীক ভাষায় কথা কহা, To speak Greek.
Grecism, grē sizm, *n* গ্রীক ভাষার বিশেষ বাক্য-পদ্ধতি, An idiom of the Greek language a hellenism [voracity, greediness
Greed, grēd, *n.* লিপ্সা পেটুকতা, Covetousness,
Greed of gain—ধনলোভ।
Greediness, *n* লোভ পেটুক Ravenousness, voracity, gluttony eagerness, avidity.
Greedy, grēdi *a* পেটুক Voracious —ধনলোভী, Covetous —লোভী Eagerly desirous *n*= greediness *ad*=greedily *Syn* —Ravenous, gluttonous insatiable eager, avaricious
Greek, grēk *a* গ্রীসদেশীয় Grecian —*n* গ্রীসবাসী, A Grecian —গ্রীক ভাষা The language of Greece
Be greek to one—(অজানিত ভাষার) কথাবার্ত্তা কিছুই বুঝিতে না পারা, Be perfectly unintelligible to one (as in unknown tongue)
Greek meeting Greek—একজন বলশালী ব্যক্তির সহিত আর একজন তুল্য বলবিক্রম বিশিষ্ট লোকের সমাগমে সাক্ষাৎ করা, রাম রাবণের যুদ্ধ, One strong per on meeting of equal prowess in a fight
It is Greek to me—It is something unintelligible [dulge in one's cups
To play the Greek—অতি ভোজন করা, To indulge
When Greek joins Greek then is the tug of war—যখন দুই পরাক্রান্ত সৈন্যদল যুদ্ধ প্রবৃত্ত হয়, তখনি তুমুল যুদ্ধ উপস্থিত হয় When two armies of undoubted courage fight, the content will be very severe
Greek calends—কখন না Never
Greek church—The eastern church, the established church of Russia, the church within the ottoman empire subject to the partriarch of Constantinople
Greek-fire—নানা দ্রব্যের মিশ্রণে উৎপন্ন দহনশীল পদার্থ বিশেষ A combustible composition which burns under water —আমি বুঝিতে পারি না, A sound mound in sound body.
Greekling, *n* Beginner in Greek [Greek
Greekmaster, *n* গ্রীকভাষার শিক্ষক, Teacher of
Green, grēn, *n.* হরিদ্বর্ণ, The colour of growing plants —তৃণাচ্ছাদিত ক্ষেত্র, উদ্ভিদপূর্ণ ভূখণ্ড, A small green or grassy plain —*pl* শাক সব্জী, Vegetables —*a.* হরিৎ, Verdant having the colour of growing grass —টাট্‌কা, নূতন, নব Fresh —অপক্ক, অপরিপক্ক, Unripe —অনভিজ্ঞ, নবীন, Inexperienced, young *n*=greeness *Syn* —(*a*) Verdant, emerald, vigorous, blooming, flourishing, new, recent, crude, raw, awkward
Green old age—নবানুরাগ (বয়স হইয়াছে অথচ যুবার মত স্ফূর্ত্তিটুর্ত্তি আছে এই ভাব), Cheerfulness and liveliness which one retains even when old
Greenback, grēnback, *n* যুক্তরাজ্যে প্রধান প্রচলিত ব্যাঙ্ক নোট। [পূর্ব্বকালীন ইংলণ্ডের বিচারালয়।
Green cloth, *n* রাজপ্রাসাদস্থ অযথাচারীর শাস্তি জন্য
Green crop, *n* শাকাদি, A crop of green vegetables [very choice variety of the plum.
Greengage, *n* একপ্রকার সুমধুর ফল, A green and
Green grocer, *n.* শাকসব্জী বিক্রেতা, A retailer of greens [যুবক, One who is inexperienced.
Green horn, grēnhorn, *n* অনভিজ্ঞ ব্যক্তি, তরুণ
Greenhouse, grēnhows, *n* লতাদি রক্ষণ স্থান; Conservatory [*n*=greenishness.
Greenish, grēnish *a* ঈষৎ হরিৎ Rather green.
Greenness, *n* নবীনতা, অপক্কতা Viridity, freshness newness, rawness unripeness
Green-room—অভিনেতৃবর্গের বিশ্রামার্থ গৃহ, Retiring room for players
Green sand, *n* প্রস্তর বিশেষ, A variety of sandstone in which green specks of iron o cur
Green sickness—যুবতীদিগের পীড়া বিশেষ, An illness of woman [grass grows
Greensward, *n* তৃণাবৃত ভূমি, Turf on which
Greet, grēt *v t* [A S *gretan*, to go to meet] অভিবাদন-কৃ সম্ভাষণ কৃ, To salute congratulate —*v i* অভিবাদন-কৃ, To meet and salute *Syn* —Hail, address accost, welcome, compliment
Greeting, grēting, *n* অভ্যর্থনা, অভিনন্দন, Salutation compliment
Gregarian, gre gāri-an, *a.* পোপ গ্রেগরী সম্বন্ধীয় বা তৎপ্রবর্ত্তিত, Belonging to or established by Pope Gregory as the Calendar
Gregarian calendar—The calendar, as reformed by Pope Gregory XIII in 1582
Gregarious, gre gāri-us, *a* [L *gregis*, a flock] যাহারা দলবদ্ধ হইয়া বাস করে যূথচারী Associating or living in flocks *n*=gregariousness, *ad*=gregariously
Grenade, gre nād, *n* [L *granatum* a pomegranate] কামানের গোলা বিশেষ, A small bomb-shell
Grenadier, g en a dēr *n* সৈনিক, পদাতি সৈন্য বিশেষ, Originally a soldier who throws grenades —দীর্ঘাকার পদাতি সৈন্য, Later, a tall foot soldier —Now one of a regiment so called
Gretna, Green marriage—Run away matches
Gretna-green, *n* Place for run-away weddings.
Grew, groo *past tense* of *grow*
Grey, grā Same as Gray
The grey mare is the better horse—স্ত্রী স্বামীকে শাসন কৃ The woman is all paramount, the wife rules the husband
Greyhound, grāhownd, *n* শিকারি কুকুর, A swift hunting hound
Griddle, gridl, *n* পিষ্টক ভাজিবার কড়া তাওয়া A pan broad and shallow, for baking cakes
Gridiron, gridi-urn *n* মাংস কাবাব প্রস্তুত করিবার ঝাঁঝরা, Portable grating for cooking
Grief, grēf, *n* [L *gravo* to grieve] দুঃখ, শোক; Sorrow regret —দুঃখের কারণ Cause of sorrow. *Syn* —Dejection, affliction, mourning, mourn-

fulness, moaning, woe, anguish, trouble, tribulation ; trial, grievance.

Come to grief—কষ্টে পড়া ; Be in trouble, to meet with an accident.

Grievance, grēvans, *n*. কষ্ট ; দুঃখ, ব্যথা ; উৎপীড়ন ; Wrong done and suffered ; burden ; hardship, injury ; grief ; oppression ; wrong ; trial

Grieve, grēv, *v. t.* দুঃখ-দে ; ব্যথিত-কৃ, To vex, to afflict :—*v. i.* বিলাপ-কৃ ; শোক-কৃ ; To mourn *Syn* :—Pain, hurt, wound ; injure, trouble, annoy ; lament, deplore, sorrow, bewail.

Grievous, grēvus, *a*. দুঃখজনক ; কষ্টকর, Painful : —শোকাকুল, Full of grief :—ঘোর, উৎকট, Heinous ; atrocious. *n*=grievousness, *ad*=grievously. *Syn* :—Afflictive, distressing ; heavy, oppressive ; offensive, provoking, hurtful, injurious, destructive ; great, flagitious.

Griff, Graff—ছলে বলে কৌশলে ; By hook or by crook

Griffe, *n*. The offspring of a mulutto woman and negro man

Griffin, grif'in, **Griffon**, grif'un, *n*. কল্পিত জন্তু বিশেষ, An imaginary animal, generated between the lion and eagle :—গৃধ্র ; A species of vulture found in the mountainous parts of Europe, north Africa and Turkey.

Grig, grig, *n*. মৎস্য বিশেষ, বাইন মাছ, Small eel. —পতঙ্গ ; Grass-hopper.

Grill, gril, *v. t.* ভাজা, দগ্ধ-কৃ ; Broil on a grate. —কষ্ট-দে ; যন্ত্রণা-দে, To torment.

Grim, grim, *a*. বিকট ; ভয়ানক ; কদাকার, Fierce horrid, ghastly ; ill-looking. *n*=grimness, *ad*= grimly. *Syn* :—Ferocious, horrible, frightful, grisly, hideous, sullen, surly.

Grimace, gri-mās, *n* মুখভঙ্গী ; A distortion of the countenance, a smirk. *a*=grimaced

Grimaced, gri-māsd, *a*. বিকৃত, Distorted

Grimalkin, gri-malkin, *n*. বৃদ্ধ বিড়াল, An old cat

Grime, grim, *n*. ময়লা, অন্তর্গত ময়লা, Foul matter, ingrained dirt —*v. t.* কলুষিত-কৃ, To soil deeply

Grimy, grimi, *a* মলিন ; কলুষিত, Dirty, foul

Grin, grin, *v. i.* দাঁত দেখান, To open the mouth, withdraw the lips from the teeth, or in laughter, scorn or pain :—*v. t.* দন্তবিকাশসহকারে বলা, To express by grinning —*n* কপট হাস্য, দন্ত দেখান, Affected laugh, showing the teeth

Grind, grind, *v t* চর্বণ-কৃ, চূর্ণ-কৃ, To reduce to powder by friction as in a mill or with the teeth —ঘর্ষণ দ্বারা পরিষ্কার-কৃ, To wear down, polish or sharpen by friction —পীড়ন-কৃ, উৎপীড়ন-কৃ ; To oppress by severe exactions —পরীক্ষার জন্য প্রস্তুত-কৃ, To prepare for examination —*v. i.* চূর্ণিত বা ঘর্ষিত-হ, ঘর্ষণে তীক্ষ্ণ হওয়া, শাণিত-হ, To become pulverised, polished, sharpened by friction. *Syn*.—(*v*) Pulverize, pound, comminute, triturate ; grate, rub together ; sharpen, oppress, plague, persecute, harass, afflict, labour.

Grind-stone, grīndstōn, *n*. শাণ প্রস্তর ; A circular revolving stone for sharpening tools.

Grind and bear—বিরক্তি ভাব প্রকাশ না করিয়া সহিয়া যাওয়া ; Suffer without complaint.

Grind one's teeth, Gnash one's teeth—রাগে দাঁত কিড়মিড় করা বা দাঁত কামড়ান ; Rub or strike the teeth against one another (in anger).

Grind the face of—উৎপীড়ন-কৃ ; Tyrannize over.

Grinder, grindėr, *n*. পেষক ; He or that which grinds :—চর্বণ দন্ত, কসের দাঁত ; পেষণ দন্ত ; Double tooth, molar.

Grip, *n*. হস্ত দ্বারা ধারণ ; Grasp ; a holding fast :— *v. t.* ধৃত-কৃ ; To grasp ; to gripe.

Gripe, grip, *v. t.* শক্ত করিয়া ধরা ; (দৃঢ় মুষ্টিতে) ধারণ-কৃ ; To seize, hold fast :—উদরে বেদনা-দে ; To pain the bowels as if by pressure or contraction :—কষ্ট-দে ; নিপীড়িত-কৃ ; To pinch, distress :—*v. i* ধৃত-কৃ, To seize by griping :—পেট কামড়ানি ভোগ-কৃ, To feel griping pains in the bowels :—পীড়ন করিয়া অর্থ লওয়া ; To get money by hard bargains.—*n*. হস্ত দ্বারা দৃঢ়রূপে ধারণ, Grasp ; seizure ; clutch :—হাতল, A handle :—নিগ্রহ ; পীড়ন ; Oppression, cruel exaction :—*pl*. পেট কামড়ানি ; দারুণ পেট বেদনা ; Spasmodic pain in the intestines *Syn* :—(*v*) Clutch, seize, hold fast ; tighten, press, compress, squeeze, pinch, pain, distress.

Griping, grip'ing, *p. a*. অর্থলোলুপ ; Avaracious : —নিরতিশয় যন্ত্রণাদায়ক, Pinching.

Grisette, gri-zet', *n*. ফরাসীদেশীয় নীচ জাতীয়া বিলাসিনী স্ত্রী, A gay young French-woman of the lower class.

Grisly, grizli *a*. ভয়ানক, বিকট, Hideous, frightful. *Syn* :—Terrible, dreadful, terrific, horrible, ghastly, grim.

Grist, grist, *n*. এককালীন পেষণীয় শস্য ; Corn for grinding at one time —খাদ্য দ্রব্য যোগান, লাভ, Supply, provisions, profit.

Gristle, grisl, *n* কোমলাস্থি, Cartilage *a*=gristly.

Gristly, grisli, *a*. কোমলাস্থিময় বা সদৃশ, Consisting of or like gristle, *n*=gristliness

Grit, grit, *n* সামান্য খাদ্য, The coarse part of meal —পাথর বিশেষ, কাঁকর, Sand or gravel — সাহস, তেজ, Spirit —*pl*. যবাদির স্থূল চূর্ণ, Oats coarsely ground :—*v. i.* ঘস্ ঘস্ শব্দ-হ, To give forth a sound, as of sand under the feet —*v. t* চর্বণ-কৃ, To grind.

Grithy, *a* বালুকাময়, Containing or consisting of sand &c :—অমসৃণ, বন্ধুর ; Rough.—তেজস্বী, দৃঢ়প্রতিজ্ঞ, Spirited, resolute.

Gritty, griti *a* কঠিন কণাময়, Consisting of or having hard particles, *n*=grittiness

Grizzle, grizl, *n*. [Fr *gris*, gray] ধূসরবর্ণ, A gray colour *a*=grizzled.

Grizzled, grizld, *a* ধূসরবর্ণ, মিশ্রবর্ণ, Gray, of a mixed colour.

Grizzly, grizli, *a* কিঞ্চিৎ ধূসরবর্ণ ; Some what gray.

Groan, grōn, *n*. আর্তনাদ, যন্ত্রণাব্যঞ্জক অস্ফুটধ্বনি, Deep sound of pain, a deep moaning sound, as of distress —*v t.* আর্তনাদ-কৃ, To utter a moaning in distress :—আগ্রহপূর্বক চেষ্টা-কৃ ; কষ্ট পাওয়া, Strive after earnestly, to be afflicted. *Syn* :—Moan, lament audibly.

Groaning, grōning, *n*. গভীর আর্তনাদ, অস্ফুটধ্বনি, A deep sound uttered in pain, any low rumbling sound.

Groat, grōt, *n*. প্রাচীন ইংলণ্ডীয় মুদ্রা বিশেষ ; An old

English coin worth 8 cents :—অতি অল্প পয়সা ; Any small sum.

Groats, grōts, *n. pl.* চূর্ণীকৃত যব ; তুষহীন জই ; Oats or wheat husk broken or cracked.

Grocer, grṓsėr, *n.* মুদী ; গন্ধবণিক ; Dealer in tea, sugar, coffee, spice &c. [sold by grocers.

Grocery, grṓsėr-i, *n.* মুদীখানার পণ্য দ্রব্য ; Things

Grog, grog, *n.* জলমিশ্রিত মদ্য ; মাদক পেয় বিশেষ ; Spirit and water. [tailing grog.

Grog-shop, *n.* মদের দোকান ; A place for re-

Groggery, *n.* মদের দোকান ; A grog-shop.

Groggy, *a.* মাতাল ; Drunken ; tipsy. [stuff.

Grogram, grog'ram, *n.* বস্ত্র বিশেষ ; A coarse

Groin, groin, *n.* [Ice. *greina*, to divide] কুঁচকি, Hollow between the belly and the thigh :—দুই খিলানের সম্মিলন কোণ ; The angular curve formed by the intersection of two arches. *a*=groined.

Groom, grōōm, *n.* অশ্বপাল ; সহিস ; A servant, *esp* one who takes care of horses :—বর ; Bridegroom :—রাজসংসারের কর্মচারী ; An officer in the royal household :—*v. t.* অশ্বের পরিচর্য্যা-কৃ ; To take care of horses ; to tend, as a horse. *Syn* :—(*n*) Stable-man, hostler ; waiter, valet.

Groomsman, *n.* বরযাত্রী ; Attendent on a bridegroom at his marriage.

Groove, grōōv, *n.* [A. S. *grafan*, to dig] রেখা, খাত, প্রণালী ; A furrow, channel ; a long hollow cut by a tool .—*v. t* সীতা বা প্রণালী খনন-কৃ ; খনন-কৃ , To cut a groove or furrow in , to dig.

Grope, grōp, *v. i.* [A. S. *grapian*, to handle] অন্ধকারে হাতড়ান ; Feel about, as in the dark :—*v. t.* অন্ধকারে হাতড়াইয়া অনুসন্ধান-কৃ , To search by feeling, as in the dark. *Syn* .—Grabble, fumble.

Grope one's way—অন্ধকারে পথ হাতড়ান ; Search one's way by feeling in the dark, (like a blind man). [groping manner.

Gropingly, grōp'ing-li, *ad* হাতড়ানর ভাবে , In a

Gross, grōs, *a.* স্থূল , Bulky :—অপরিষ্কার ; স্থূল ; Coarse, rough :—স্পষ্ট , Palpable .—নির্বোধ ; মূর্খ , Stupid · dull :—অশ্লীল ; Sensual , obscene :—সমুদয় ; সমষ্টি ; The whole ; total :—*n.* সমুদয় প্রধান অংশ , The whole bulk :—১৪৪ সংখ্যা ; The number of 12 dozen. *ad*=grossly. *n*=grossness. *Syn* :—Large ; dense, close ; vulgar, low, broad ; rude, indelicate, impure ; enormous, shameful, flagitious ; palpable, glaring, manifest , whole, entire, total.

In the gross, In gross—মোটে ; মোটেমাটে ; সর্বসাকল্যে ; In the bulk , all together.

Grossbeak, grōs̀bēk, *n.* একজাতীয় বক্রচঞ্চু পক্ষী , A genus of birds with a thick strong convex beak.

Grossness, *n.* স্থূলতা ; মূর্খতা ; Bulkiness , rudeness. *Syn* :—Greatness, bigness, bulkiness ; density, thickness ; enormity , coarseness

Grot, grot, **Grotto,** grot'ō, *n.* গুহা , গহ্বর , A subterranean cavern ; cave. *pl*=grots, grottos. *Syn* :—Cavern, den.

Grotesque, grō-tesk', *a* অপরূপ হাস্যোদ্দীপক , Whimsical ; odd ; extravagant .—*n.* অপরূপ মূর্ত্তি বা দৃশ্য ; Whimsical figures or scenery. *n*=grotesquesness. *ad*=grotesquely. *Syn* :—Franciful, bizarre, unnatural,

Ground, grownd, *pa. t.* and *pa. p.* of *grind*.

Ground, grownd, *n.* ভূপৃষ্ঠ ; ভূমি ; প্রদেশ ; ময়দান ; মাঠ ; Earth ; soil ; land ; field :—ভিত্তি ; Foundation .—কারণ ; Cause , reason , originating force : —*pl.* মলা ; গাদ ; Dregs —মূল তত্ত্ব ; Principles :—*v. t.* ভিত্তির উপর স্থাপন-কৃ ; To fix on a foundation :—ভালরূপে শিখা-দে ; মূলসূত্র শিক্ষা-দে ; To instruct in first principles ; to instruct thoroughly :—*v. i.* ভূমিতে লাগা ; মাটিতে লাগিয়া অচল-হ ; To stike the bottom and remain ; to run ground. *Syn* :—Clod, turf, sod, loam, mould ; region, territory, country, domain, estates, acres ; basis, support ; motive, consideration, inducement, account, (*pl*) lees, sediments, settlings. (*v*) Found, establish, base, fix ; initiate.

Gain ground—অগ্রসর-হ ; কৃতকার্য্য-হ ; To advance ; make way ; obtain an advantage.

Give ground—পিছে হটা ; Recede :—সুবিধা হারান ; Yield advantage.

Lose ground—পিছে হটা ; To retire, retreat :—সুবিধা বা যশ হারান ; Lose advantage, credit or reputation. [reason that.

On the ground that—এই কারণে যে , For the

Groundage, growdāj, *n.* বন্দর শুল্ক ; বন্দরে অবস্থান জন্য জাহাজের শুল্ক ; A tax paid by a ship for the ground or space it occupies while in port.

Be grounded in—কোন বিষয়ের মূল সূত্র ভালরূপ জানা ; Be instructed and versed in the elements or first principles of subject.

Be grounded on—কোন মূলের উপর স্থাপিত হওয়া ; Be based or founded on.

Ground-floor, grownd'-flōr, *n.* নিম্নতলার মেজে ; গৃহভিত্তির সংলগ্ন মেজে ; Floor on a level or nearly so with the ground. [instruction.

Grounding, *n.* ভালরূপ শিক্ষা ; Thorough

Ground-ivy, grownd-i'vi, *n.* লতা বিশেষ , A plant which creeps along the ground, like ivy.

Groundless, growndles, *a.* অহেতুক , অমূলক , মিথ্যা ; Wanting ground, foundation, or reason ; not authorized ; false. *ad*=groundlessly. *n*=groundlessness.

Groundling, growndling, *n.* মৎস্য বিশেষ ; A fish that keeps at the bottom of the water :—রঙ্গালয়ের গৃহতলস্থ দর্শক ; A spectator in the pit of the theatre.

Ground-nut, grownd-nut, *n.* চীনের বাদাম ; Peanut :—লতা বিশেষ ; A leguminous plant.

Ground-plot, grownd-plot, *n.* গৃহাদির ভিত্তি ভূমি ; The plot of ground on which a building is placed.

Ground-rent, grownd-rent, *n.* ভূমিকর , ভূমির খাজনা , Rent paid for the privilege of building on another man's land.

Grounds, grownds, *n. pl.* তলানি বা গাদ ; Dregs of drink ; sendiment at the bottom of liquors.

Groundsel, growndsel, *n.* উদ্ভিদ বিশেষ ; An annual plant, about a foot high, with small yellow flowers.

Ground-swell, grownd-swel, ঝড়ের পর সমুদ্রের আন্দোলন , দূরস্থ ঝটিকাকর্তৃক সমুদ্ভূত সমুদ্রের উত্তাল তরঙ্গ , A broad deep swell or undulation of the ocean, after a storm or caused by a distant gale

Ground-work, growndwurk, *n.* ভিত্তি , বুনিয়াদ ;

মূল, Foundation —মূল তত্ত্ব, মূল কারণ, First principle the basis, the essential part

Group, grōōp, *n* [It *groppo* a bunch knot] সমবায়, সমূহ, একত্র বিন্যাস Cluster crowd assemblage —*v t* দলবদ্ধ হইয়া বিন্যস্ত কৃ বিন্যাস কৃ To form into a group or groups to arrange combine *Syn* —(*n*) Collection, clump, order, class, family

Grouping, grōōp'ing, *n* অঙ্কিত প্রতিমূর্ত্তি বা অপর বস্তুর একত্র সমাবেশ, The act of disposing and arranging figures or objects in groups

Grouse, grows *n* বন্য পক্ষীবিশেষ Heath cock

Grout, growt *n* [A S *grut* coarse meal] মোটা রকমের ময়দা, Coarse meal —তলানি শিটা The sendiment of liquor —গৃহ দিব নিমিত্ত মোটা রকমের মসলা, A thin coarse mortar

Grove, grōv *n* বৃক্ষসমূহ A collection of trees —বীথি, কুঞ্জ কানন An avenue of trees *Syn* —Forest, woodland thicket copse

Grovel, grovel *v i* ... হাঁটা মাটীতে হামা গুড়ি-দে Creep on the ground ... নীচ-হ Be low or mean *Syn* —Crawl, cringe fawn, sneak ... *n* groveller

Groveler, *n* ... One who grovels an abject wretch

Grow, grō *v i* ... বৃদ্ধি প্রাপ্ত Advance to fulness increase ... become —বর্দ্ধিত হ To develop —উন্নত হ To improve thrive —*v t* ... উৎপাদন কৃ ... To cause to grow cultivate produce to generate produce *Syn* —Expand extend vegetate germinate shoot sprout advance improve make progress wax raise produce cultivate

Grow into—... Enlarge

Grow out of—উৎপন্ন হ ... Spring from

Grow up, Grow up to ... হ Reach maturity arrive at manhood and maturity —উৎপন্ন হ উদয় হ Arise

Grow upon one—ক্রমে প্রবল হ, বৃদ্ধিপ্রাপ্ত হ Gradually gain power over one

Let the grass grow under one's feet—সময় অতিবা হিত হইতে দেওয়া Lose time

Growl, growl *v i* [Ger *grollen* to be angry] কুকুরের মত গোঁ গোঁ কৃ ... কুকুরের ন্যায় গর্জ্জন গজন কৃ To murmur or snarl as a dog অসন্তোষ প্রকাশ কৃ To utter an angry grumbling sound —*v t* গোঁ গোঁ করিয়া প্রকাশ কৃ To express by growling —*n* কুকুরের ন্যায় গর্জ্জন গর্জ্জন, A murmuring snarling sound as of an angry dog *Syn* —(*v*) Grumble grumble murmur complain *n*=growler

Grown gray—চুল পাকিয়া যাওয়া, (কোন বিষয়ে) পেকে যাওয়া Grown old

Grown up, *a* প্রৌঢ় Adult

Growth, grōth *n* বৃদ্ধি ক্রমিক বৃদ্ধি, বর্দ্ধন, A growing, gradual increase of bodies; advancement —উন্নতি পুষ্টতা সাধন, Progress development —উৎপন্ন দ্রব্য, ফল Product *Syn* —Augmentation advancement, progress, expansion, development produce product.

Grub, grub *v i* জমি খনন কৃ To dig in or under the ground —খাদ্য ভিক্ষা কৃ, To beg, *esp* food —নীচকর্ম্মে নিযুক্ত-হ, To be employed meanly —*v t* খনন কৃ, মূলোৎপাটন কৃ To dig, dig up by the roots —*n* অণ্ডোৎপন্ন কীট পোকার ছানা, A fleshy larve —বামন A short, thick man, dwarf —খাদ্য সামগ্রী Victuals

Grubber, grubėr *n* খননকারী, A digger —বৃক্ষের মূল উৎপাটন করিবার যন্ত্র An instrument for digging up the roots of trees

Grudge, gruj *v t* অনিচ্ছাপূর্ব্বক দান কৃ, To part with reluctantly —অনিচ্ছাসহকারে আদান প্রদান কৃ To give or take unwillingly —ঈর্ষ্যাসহকারে অবলোকন কৃ, To murmur at —*v i* অনিচ্ছুক হ To be unwilling to be reluctant —... To be covetous or envious —অসন্তোষ প্রকাশ কৃ To complain to shew discontent —*n* ঘৃণা ... ill will envy pique hatred spite *Syn* —(*v*) Envy begrudge repine at murmur complain, (*n*) Aversion, dislike secret enmity

Owe or bear one a grudge—কাহারও প্রতি বিদ্বেষ বা বৈরভাব থাকা Bear ill will or enmity to one [willingly

Grudgingly, grujing li *ad* অনিচ্ছাপূর্ব্বক Unwillingly

Gruel, grōō el *n* মণ্ড, ... ফেন A light liquid food made by boiling meal in water

Gruesome, grōō sum *a* ভীষণ ভয়ানক Horrible, fearful

Gruff, gruf *a* কর্কশ রূঢ়প্রকৃতি, কটুভাষী, Rough, harsh stern in manner surly churlish *ad* gruffly *n*—gruffness *Syn* —Rugged, surly bearish rude blunt ...

Grum, *a* বিষণ্ণ Morose ... sever of countenance —... Grim —... Low deep in the throat

Grumble, grumbl *v i* অসন্তুষ্ট-হ ... কৃ Murmur growl snarl ... Roar —*v t* বিরক্তি প্রকাশ কৃ Express with grumbling *n*=grumbler *ad* grumblingly *Syn* —Growl, complain repine croak find fault rumble

Grumble at (... যাহা বুঝিতে পারা যায় এমন ভাবে) অসন্তোষ প্রকাশ কৃ ... Express discontent at (in a low murmuring voice)

Grume, grōōm *n* [L *grumus* a little heap] ... Thick consistence of fluid, a clot as of blood *a*= grumous [thick

Grumous, grōō mus, *a* ঘন জমাট বাঁধা Clotted

Grumpy, grumpi *a* অপ্রসন্ন বিষণ্ণ, Surly melancholic dissatisfied

Grunt, *v i* শূকরের ন্যায় ঘোঁত ঘোঁত করে শূকরের ন্যায় শব্দ কৃ To make a sound like a pig —*n* শূকর রব, শূকরের ন্যায় ঘোঁত ঘোঁত শব্দ Noise of a hog, a short guttural sound as of a dog *n*=grunter

Gruntling, *n* শূকরশাবক A young hog

Guaiacum, *n* বৃক্ষবিশেষ, A tree a gum resin

Guano, *n* সামুদ্রিক পক্ষীর মল Excrement of sea fowls—used as manure

Guarantee, gar an-tē' **Guaranty,** gar an ti *n* দায়িত্ব চুক্তি বিশেষ A contract to see performed what another has undertaken security for debt —প্রতিভূ জামিন The person who makes such a contract —*v t* জামিন হ To undertake that another shall perform certain engagements —নিশ্চয় কৃ, To make sure.

Guard, gärd, *v t.* রক্ষা-কৃ, বিপদ হইতে রক্ষা কৃ, To take care of, to protect from danger.— রক্ষার্থে সঙ্গে যা, To accompany for protection — *v i* সতর্ক-হ, চৌকী দে, To watch, to be cautious, to be wary —*n* রক্ষণ, Defence, protection — সতর্কতা Watchfulness —রক্ষক, প্রহরী, A watch, sentinel —তরবারির বাঁট, Part of the hilt of a sword —আত্মরক্ষার স্থান Posture of defence — রেলওয়ে-গাড়ী শ্রেণীর তত্ত্বাবধারক, One who has charge of a coach or railway train —*pl* রাজার শরীর রক্ষক সৈন্যদল, Troops attached to the person of a sovereign *Syn* —(*v*) Defend, protect, shield keep watch, save, secure, be vigilant, be cautious, take care, (*n*) Shield, safeguard, security sentry, watchman, convoy, escort, care attention vigilance caution.

Advanced guard, Vanguard অগ্রবর্তী সৈন্যদল Front body of troops or ships

Be on one's guard—সতর্ক হ, সাবধান হ, Be vigilant, be cautious, be careful

Guard against—আঘাত হইতে রক্ষা-কৃ আপদ বিপদ না ঘটে এমন করিয়া রক্ষা-কৃ Secure against injury or evil —(কোন বিপদ বা অপরাধ না ঘটে এজন্য) প্রস্তুত হ সতর্ক থাকা, Be in a state of defence against (some evil or error), take care that some evil does not befall

Mount guard—[illegible] Take the station and do the duty of a sentinel [prince or general

Lifte guards—Horse soldier attending a

Off the guard—অসাবধানী, Care[illegible]

Put on one's guard—কাহাকে সতর্ক করিয়া দেওয়া Warn one

Throw one off one's guard—কাহাকে অনবহিত করা যাহাতে সতর্ক বা সাবধান না থাকে তাহাই-কৃ Render one inattentive or unsuspicious of danger lull one to sleep (with a view to surprise one and gain some advantage)

Guard room, gard room *n* [illegible] রাখিবার গৃহ A room for the accomodation of guard

Guard-ship, gardship, *n* রণপোত বিশেষ A vessel of war appointed for service in a harbour or river

Guardsman, gardsman *n* রাজপুরুষদিগের শরীর রক্ষার্থ নিয়োজিত সৈন্য, A soldier of the guards

Guarded, gar'ded, *a* সাবধান, সতর্ক, অবহিত, Wary cautious —সাবধানপূর্বক উক্ত, Uttered with caution *ad*=guardedly, *n*=guardedness *Syn* —Circumspect, watchful, reserved

Guardian, gardyan, *n* প্রতিপালক তত্ত্বাবধারক, One who takes care of —অপ্রাপ্তবয়স্ক বালকের প্রতিপালক, In law, one who has the care of an orphan minor —*a* রক্ষাকারী, Guarding, protecting *n*—guardianship *Syn* —Custodian, warden, keeper, protector, conservator, defender, preserver, tutor. [A fruit

Guava, gua'va, *n.* বৃক্ষ বিশেষ A tree —পেয়ারা,

Gudgeon, gujun, *n* মৎস্য বিশেষ, A fish —যে ব্যক্তি সহজে প্রতারিত হয় A person readily duped —চার, টোপ, প্রলোভন, A bait, allurement.

Guelder-rose, gelder-rōz, *n* গোলাকার পুষ্পবৃক্ষ বিশেষ, A tree with large white ball-shaped flowers. [pense, requital.

Guerdon, ger'dun, *n* পুরস্কার, Reward recom-

Guerrilla, *n* লঘু যুদ্ধ, Skirmishing warfare, a mode of harassing an army by small bands

Guess, ges, *v i* অনুমান-কৃ, Conjecture, hit upon chance, to judge at random —*v t* নিশ্চয় জ্ঞান ব্যতীত মত স্থির কৃ, To form an opinion without certain principles or means of knowledge —*n* অনুমান, Conjecture *Syn* —(*v*) Divine, surmise suspect, reckon, believe, imagine, fancy, suppose

Guesswork, ges'wurk, *n* আনুমানিক কর্ম, Work done by guess, or at hazard

Guest, gest, *n* নিমন্ত্রিত ব্যক্তি অভ্যাগত ব্যক্তি, Visitor received in a house visitant

Guffaw, guf-faw', *n* উচ্চ হাস্য A loud laugh

Guidance, gidans *n* উপদেশ পরিচালন, Direction, advice, counsel a leading

Guide, gid, *v t* পথপ্রদর্শন-কৃ পথ দেখান To lead, conduct direct in a way —উপদেশ-দে To direct —শাসন-কৃ, Influence control —*n* পথদর্শক Conductor —উপদেষ্টা Adviser leader —সৈন্যদল হইতে সংবাদ সংগ্রহার্থ নিযোজিত সৈন্য A soldier or other person employed to obtain information for any army *Syn* —(*v*) Pilot, manage, superintend train instruct, (*n*) Director pilot, cicerone, mentor, monitor, counsellor

Guide-book, gidbook, *n* [illegible] জ্ঞাপনার্থ পুস্তক Book for the guidance of travellers

Guide-post, gidpōst *n* [illegible] পথপ্রদর্শনার্থ পথে স্থাপিত স্তম্ভ, পথপ্রদর্শক কাষ্ঠ, A post to direct travellers

Guild, gild *n* [A S *gild* money] সমাজ, দল Society corporation brotherhood

Guild-hall, gild' hawl *n* [illegible] অধিবেশন হয় [illegible] The hall where a guild or corporation assembles [of members of a trade

Tradeguild, *n* [illegible] Brotherhood

Guile, gil *n* [illegible] Craft cunning, fraud *Syn* —Artifice duplicity deceit, art, subtlety trickery

Guileful, gil'fool *a* [illegible] শঠ Crafty, deceitful, treacherous *ad*=guilefully, *n*=guilefulness

Guileless, gil'les *a* সরল সাধু, অকপট Frank, honest artless *n*=guilelessness, *ad*=guilelessly. *Syn* —Sincere open, candid undesigning.

Guillmot, gil'le mot, *n* সামুদ্রিক পক্ষী বিশেষ, A genus of marine diving birds

Guillotine, gilōtēn, *n* শিরশ্ছেদনার্থ যন্ত্র, A machine for beheading by the stroke of a steel blade —*v t* শিরশ্ছেদন কৃ, To behead.

Guilt, gilt *n* পাপ দোষ, Crime sin offence —পাপাত্মতা Criminality *Syn* —Guiltiness, wickedness sinfulness

Guiltless, gilt'-les, *a* নির্দোষী নিরপরাধী, Innocent *ad*=guiltlessly, *n*=guiltlessness

Guilty, gilt-i, *a* অপরাধী, দোষী, পাপী, Wicked *n*=guiltiness, *ad*=guiltily. *Syn*.—Criminal, culpable, sinful, evil.

Guilty of—কোন অপরাধে অপরাধী ; Justly chargeable with (some crime) [gold coin=21s

Guinea, gini, *n* ইংলণ্ডের মুদ্রা বিশেষ, An English

Guinea dropper—প্রতারক, A cheat

Guinea-fowl, gini-fowl, **Guinea-hen**, gini-hen, *n* এক জাতীয় কুকুট ও কুকুটী, A fowl like the turkey.

Guinea-pig, gini-pig, *n* শূকর জাতীয় আমেরিকার জন্তু বিশেষ ; A small Brazilian animal, like the pig and the rabbit.

Guise, giz, *n* বাহ্য আকৃতি, External appearance : —পরিচ্ছদ, Dress —রীতি, আচরণ, Manner, behaviour *Syn* —Aspect, form, shape, fashion, garb, costume, mien, custom, mode practice

In the guise of—কোন বেশে, In the dress or grab

Guiser, gizer, *n* ছদ্মবেশধারী, A person in disguise :—A mummer who goes about at Christmas [stringed instrument

Guitar, gi-tar', *n* সেতার, তানপুরা, A musical

Gulf, gulf, *n* উপসাগর Large bay —দহ, অতল স্পর্শ খাত, আবর্ত ..., An abyss, whirl pool —অতৃপ্ত ..., Anything insatiable —*v t* গ্রাস কৃ; Swallow up *Syn* —(*n*) Inlet, arm of the sea, chasm

Gulf-stream, *n* উষ্ণ স্রোত, A warm current running from the Gulf of Mexico along the shores of the U S into the N E Atlantic

Gulfy, gulfi, *a* আবর্তময়, অগাধ, Full of whirl pools or gulfs.

Gull, gul *n* সামুদ্রিক পক্ষী, গাঙচিল, A web-footed, sea fowl —প্রতারণা, চাতুরী, Trick — যে সহজে প্রতারিত হয় One readily cheated a dupe —*v t* প্রতারণা-কৃ, ..., To deceive beguile ; cheat *Syn* —(*v*) Defraud, cozen circumvent, overreach, impose on.

Gullet, gulet *n* [L *gula*, the throat] কণ্ঠনালী, গলার নলী, The Esophagus

Gullible, guli-bl, *a* সহজে প্রতারিত, Easily deceived *n*=gullibility.

Gully, guli *n* জলপ্রণালী, Water-channel —*v t* ... প্রণালী কৃ, To wear into a gully

Gulp, gulp, *v t* গ্রাস কৃ, To swallow eagerly or in large draughts —*n* গ্রাস, Sudden swallow, what is swallowed at once

Gulp down—একবারে গ্রাস-কৃ, Swallow at once

Gulp up—উদ্গীরণ-কৃ, Disgorge.

Gum, gum, *n* দন্তমাংস, দাঁতের মাড়ি, Flesh on the jaws —বৃক্ষনির্যাস, আটা, গঁদ, Resin —*v t* আটাযুক্ত-হ, আটা দিয়া যোড়া, To harden into gum, become gummy —*v i* আটা বাহির কৃ, To exude or form gum [species of the genus Acacia

Gum Arabic—গঁদ, A gum from trees of several

Gummiferous, gum-if'ér-us, *a* [L *gummi* and *fero*, to produce] নির্যাস উৎপাদনকারী নির্যাসোৎপাদক, Producing gum.

Gummous, gumus, **Gummy**, gumi, *a* আটাযুক্ত নির্যাসপূর্ণ, আটাল, Like gum, viscous, adhesive. *n*=gumminess.

Gun, gun, *n* কামান, বন্দুক, Firelock, cannon *Syn* —Fire-arm, blunderbuss, musket, carbine, rifle, fowling piece [lently

Blow great guns—প্রচণ্ডভাবে বহা, Blow vio-

Gun-barrel, gun-bar'el, *n* কামানের নলী, বন্দুকের চুঙ্গী, The tube of a gun.

Gun-boat, gunbōt, *n* কামানবাহী নৌকা বা ক্ষুদ্র জাহাজ, কামান বহনোপযোগী নৌকা, A boat or small vessel fitted to carry one or more guns

Gun-carriage, gun-kar'ij, *n* কামানবাহী শকট, A carriage on which a cannon is supported or moved

Gun cotton, gun-kotn, *n* বারুদের ন্যায় দহনশীল তুলা বা অন্য উদ্ভিদ পদার্থ, A highly explosive substance obtained by soaking cotton, esp in nitric and sulphuric acids, cotton or any other vegetable rendered highly exposive

Gunnage, gunij, *n* একখানি রণপোতের কামান সমষ্টি The number of guns in a ship of war

Gunner, gunér, *n* কামান দাগে যে, কামানের তত্ত্বাবধায়ক, Cannoneer, one who has charge of cannon.

Gunnery, gunér-i, *n* কামান বিষয়ক বিদ্যা, কামান ছাড়ার কৌশল Art of managing guns or the science of artillery

Gunny, guni, *n*. চট A strong, coarse kind of sacking manufactured in India from jute

Gun-powder, gunpow-dér, *n* বারুদ, A combustible

Gunshot, gunshot *n* যতদূর পর্য্যন্ত কামান ছোড়া যায়, কামানের পাল্লা, Range of a gun

Gunshot wound—বন্দুকের কৃত আঘাত, Wound made by fire arms [বন্দুককারী, Gun-maker.

Gunsmith, gun-mith *n* বন্দুকের কারিগর, বন্দুক

Gunstock, gunstok *n* বন্দুকের কুন্দা The stock or wood on which the barrel of a gun is fixed

Gunwale, gunel *n* জাহাজ পার্শ্বের ... হইতে উপর তক্তের কামান ... The upper edge of a ship's side next to the bulwarks

Gurgle, gurgl *n* বরবর শব্দ, গড়গড় শব্দ, Sound made by a flowing liquid —*v i* ... To run or flow in a broken noisy current *Syn* —(*v*) Gurgle, bubble ripple purl [... A kind of fish

Gurnet, gurnet, **Gurnard**, gurnard, *n* ...

Gush, gush, *n* প্রবাহ ... Sudden rush of fluid, a violent issue of a fluid —ভাবুকতা Sentimentality —*v i* বেগে নিঃসৃত হ, বেগে নির্গত-হ, To flow out with violence or copiously —বেগে কার্য্য কৃ, To act with a sudden and rapid impulse *Syn* —(*v*) Stream, rush spout.

Gushing, gushing, *a* বেগে নিঃসরণশীল, বহু প্রবহমাণ, Rushing forth with violence, emitting copiously, effusive.

Gusset, guset, *n* [Fr *gousset* armpit gusset] বগলের যে খণ্ড বগল ঢাকিয়া রাখে, কাপড়ের কলি, The piece of cloth covering the arm pit in a shirt, a small piece of cloth inserted in a garment to strengthen or enlarge some part of it

Gust, gust, *n* প্রচণ্ড ঝটিকা, আকস্মিক প্রবল বায়ু, দমকা বাতাস, A sudden blast of wind —প্রচণ্ড ক্রোধ প্রকাশ, আকস্মিক ক্রোধোদ্দীপন, A violent burst of passion. *Syn* —Squall, blow, gale, stiff breeze, sudden passion, fit, paroxysm

Gust, gust, **Gusto**, gustō, *n* [L *gustus*, taste] আস্বাদন, স্বাদবোধ, Relish gratification —আস্বাদন

করিবার শক্তি, উপভোগ, Capacity for enjoyment *a*=gustatory. *Syn*.—Zest, gustation, savour, flavour

Gustatory, gus'ta-tor-i, *a* স্বাদঘটিত, সুস্বাদ, [Pertaining to taste

Gusty, gus'ti, *a*. ঝটিকাসকুল, ঝড়যুক্ত, Stormy, tempestuous *n*=gustiness. *Syn*.—Windy, squally, blustering

Gut, gut, *n* অন্ত্র, The intestinal canal of an animal —*v t* অন্ত্র বাহির-কৃ, অন্ত্রহীন কৃ, To take out the bowels, eviscerate, disembowel —লুণ্ঠন কৃ, To plunder

Gutta-percha, gut'a-percha, *n* নির্য্যাস বিশেষ, [A gum

Gutta-serena, *n* অন্ধতা, দৃষ্টিহীনতা, Amaurosis blindness caused by a palsied retina or optic nerve

Gutter, gut'ér, *n* [L *gutta*, a drop] প্রণালী, ছাদের জলনির্গমন নালী, Water channel —নর্দমা, Water channel of streets —*v i* গর্ত্ত কৃ, মোমবাতি যে রূপে গলিয়া পড়ে, To be hollowed, to run down in drops, as a candle. *Syn*.—Channel, conduit, tube pipe.

Guttural, gutur-al, *a* [L *guttur*, the throat] কণ্ঠ্য, কণ্ঠনালী সম্বন্ধীয়, Pertaining to the throat formed in the throat —*n*. কণ্ঠ্যবর্ণ, A letter pronounced in the throat *ad*=gutturally.

Guttural letter, *n* কণ্ঠ্যবর্ণ।

Guy, gi, *n* কোন বস্তু ঠিক বাঁধিবার রজ্জু, A rope or rod attached to any thing to steady it —কিম্ভূতকিমাকার, A queer figure

Guzzle, guz'l, *v i* উদরম্ভরির ন্যায় ভোজন-কৃ, সর্ব্বদা পান কৃ, To swallow liquids greedily, drink frequently —*v t* অধিক বা অনেকবার ভক্ষণ-কৃ, গলাধঃকরণ কৃ, To swallow much or often *n*=guzzler. *Syn*.—Drink, fuddle, carouse, tope, quaff, swill, swig, gormandize

Gymnasium, jim-nā'zi-um, *n* ব্যায়ামশালা, Place for exercise of the body *pl*=gymnasia

Gymnast, jim'nast, *n* ব্যায়াম শিক্ষক, ব্যায়ামকারী, One who teaches or practises gymnastics

Gymnastic, jim-nas'tik, **Gymnastical**, jim-nas'tik-al, *a* ব্যায়াম সম্বন্ধীয়, Pertaining to athletic exercises *ad*=gymnastically [exercises

Gymnastics, jim-nas'tiks, *n*. ব্যায়াম, Athletic

Gymnosophist, jim-nosof-ist, *n* [Gr *gymnos*, naked, *sophos*, wise] যোগী, নাগা সন্ন্যাসী; Indian philosopher walking bare footed; ascetic

Gynarchy, jin'ār-ki, *n* [Gr *gyne*, a woman, *arche*, rule] স্ত্রীশাসন, রমণী-রাজ্য, Government by a female.

Gynecocracy, jin-e-kokra-si, **Gynecocrasy**, jin e okra-si, *a* [Gr *gyne*, a woman, *krateō*, to rule] স্ত্রীশাসন, Government by woman, female power or sway. [vant at Cambridge.

Gyp, jip, *n*. কেম্ব্রিজ কলেজের ভৃত্য, A college ser-

Gypsum, *n* ধাতু বিশেষ, A mineral, consisting of sulphate of lime and 21 percent of water —When burnt to drive off the water, and ground up, it forms plaster of Paris

Gypsy, Gipsy, Gypsey, jip'si, *n*. One of a wandering race originally from India —ভিক্ষুক, Vagabond, fortuneteller —ধূর্ত্তলোক, ডাইন, A cunning or crafty person

Gyrate, ji'rāt, *v i* [L *gyratum*, to move in a circle] চক্রাকারে পরিভ্রমণ-কৃ, কেন্দ্রের চতুর্দ্দিকে পরিভ্রমণ কৃ, To move spirally, whirl round in rings: —*n* চক্রগতি Gyration *a*=gyratory

Gyration, ji-rā'shun, *n* চক্রাকারে পরিভ্রমণ, চক্রগতি, A turning or whirling around, a circular motion [a circle.

Gyratory, ji'ra-tor-i, *a* চক্রগতিশীল, Moving in

Gyre, jir, *n* [Gr *gyros*, a ring, round] ঘূর্ণন; চক্রগতি, Turn, a circular motion

Gyrfalcon, Gierfalcon, jer'-faw-kn, *n*. বৃহদাকার বাজপক্ষী, A large falcon, a species of hawk —শিকারী পক্ষী, A bird of prey

Gyromancy, ji'ro-man-si, *n* [Gr *gyros*, a circle, *manteia*, divination] চক্রভ্রমণে গণনা, A kind of divination by walking in circle.

Gyroscope, ji'ro-skōp, *n* [Gr *gyros*, a circle, and *skopeo*, to see] চক্রভ্রমণের প্রত্যক্ষ প্রদর্শক যন্ত্র, An apparatus shewing to the eye the effects of rotation

Gyve, jiv, *n* নিগড়, পায়ের বেড়ি, Fetter, chain for the legs —*v t* নিগড়বদ্ধ কৃ, পায়ে বেড়ি দে, To fetter, chain

H

H—ইংরাজী বর্ণমালার অষ্টম বর্ণ বা অক্ষর, The 8th letter of the English alphabet

Ha, hā, *interj* আ, বিস্ময়, আনন্দ বা দুঃখসূচক শব্দ, An exclamation of surprise, joy, or grief —*v t* ইতস্ততঃ কৃ, বিস্ময়প্রকাশ কৃ, To hesitate, to express surprise

Habeas-corpus, hā'be-as-kor'pus, *n* [L *habeo*, to have, and *corpus*, the body] জজ-সাহেবের সমক্ষে অপরাধীকে উপস্থিত করিবার পরওয়ানা, অন্যায়কারণপরম্পরায় সীমাংসার্থ অবরুদ্ধ ব্যক্তিকে বিচারালয়ে আনয়ন জন্য কারাধ্যক্ষের প্রতি আদেশপত্র, A writ for producing a prisoner before a judge and showing why he is confined

Haberdasher, haber-dash-ér, *n* ফিতা প্রভৃতি ক্ষুদ্র পণ্য বিক্রেতা, Dealer in small wares, such as ribbons, tapes

Haberdashery, habér dash-ér-i, *n* পণ্য দ্রব্য; ফিতা প্রভৃতি বিক্রেয় বস্তুজাত, Goods sold by a haberdasher.

Habergeon, ha-ber'je-un, *n* গ্রীবা ও বক্ষঃ রক্ষণার্থ বর্ম্ম, A coat of mail or armour to defend the neck and breast.

Habiliment, ha-bili-ment, *n* [Fr. *habiller,* to dress—L. *habilis,* fit, ready] বেশ, পরিচ্ছদ, পোষাক, Dress, garment. *Syn* .—Vestments, robes, clothes, garb.

Habit, habit, *n* [L *habitus,* state, dress] বেশ, পরিচ্ছদ, Dress —প্রকৃতি, Temperament —অভ্যাস, রীতি, Practice, custom —স্ত্রীলোকের কোট, A closely fitting coat worn by ladies — *v t.* সজ্জিত-কৃ, পোষাক-কৃ, To dress, clothe, array *Syn* :—(*n*) Garment, garb, habiliment, constitution, temperament, disposition, custom, usage, wont, practice way, manner, mode

Be in the habit of—কাহার অভ্যাস থাকা, Be accustomed or used to (followed by a present participle)

In the habit of—কোন বেশ বা পরিচ্ছদ পরিধা, In [the dress or garb of

Habitable, habit-a-bl, *a* [L *habito, habitatus,* to inhabit] বাস-যোগ্য, That may be inhabited or dwelt in *ad*=habitably, *n*=habitableness

Habitant, *n* নিবাসী, Inhabitant.

Habitat, habit-at, *n* জীব ও উদ্ভিদের স্বাভাবিক বাস স্থান, Natural abode of a planet or animal

Habitation, hab-i-tāshun, *n* বসতি, বাসগৃহ, Place of abode, a settled dwelling, a residence *Syn* —Domicile, house, mansion, home, residence, habitat

Habitual, ha-bitū-al, *a.* অভ্যাসলব্ধ, ব্যবহারসিদ্ধ অভ্যাসগত, Customary, usual, common *Syn* —Accustomed, ordinary, regular

Habituate, ha-bitū-āt, *v t* অভ্যস্ত-কৃ, অভ্যাস শিক্ষা দেওয়া, To accustom, to inure *Syn* —Familiarize, train.

Habituate (oneself) to—কোন বিষয়ে অভ্যস্ত হ, Make oneself familiar with (by use or association).

Be habituated to—অভ্যাস থাকা, Be in the [habit of

Habitude, habi-tūd, *n* অভ্যাসোৎপন্ন প্রবণতা, প্রথা, অভ্যাস, প্রকৃতি, Custom, habit, usual manner

Hack, hak, *v t.* খণ্ড খণ্ড-কৃ, টুকরা কাটা To cut and mangle, to chop —ভাড়া দিবার জন্য উপস্থিত হ, To offer for hire —থতমত খাইয়া বলা, To speak with hesitation —*v i* ভাড়া দিবার জন্য উপস্থিত-হ To be offered for hire —বারাঙ্গনা হ, To turn prostitute —*n* কর্তন, Notch, cut —বেতনভুক গ্রন্থ লেখক, A man who hires himself out for literary work —ভাড়াটিয়া গাড়ী বা ঘোড়া, A horse or carriage for hire —কুট্টনী, A procuress —*a* ভাড়াটিয়া, Hackneyed, hired. *Syn* :—(*v*) Hew, chop, mangle, hawk, cough up

Hacking cough—কষ্টদায়ক কাশ, A broken, troublesome cough.

Hackle, hakl, *n* পাট বা শণ আঁচড়াইবার চিরুণী, An instrument with teeth for sorting hemp or flax —*v t.* চিরুণী দ্বারা পরিষ্কার-কৃ, খণ্ড খণ্ড-কৃ, To dress with a hackle, to tear rudely asunder *Syn* —(*v*) Hatchel, rend, lacerate, question sharply.

Hackly, hackli, *a* বন্ধুর, অসমপৃষ্ঠ, Rough and [broken, as if chopped.

Hackney, hakni, *n.* ভাড়াটিয়া ঘোড়া, A horse kept for hire .—বেতনভোগী, A hireling —বেশ্যা, A prostitute —*v. t.* ভাড়াটিয়া গাড়িতে লইয়া যাওয়া, To carry in a hackney coach .—অভ্যস্ত-কৃ; ব্যবহার কৃ, To use much —*a* ভাড়াটিয়া; Let out for hire —সর্বদা ব্যবহৃত, Much used —দুশ্চারিণী, Prostitute. *Syn* —(*a*) Hack, hired, common, worn out, trite.

Hackney-coach, hakni-kōch, **—carriage,** *n.* ভাড়াটিয়া গাড়ী, Coach let out for hire

Hackneyed, *a* ভাড়াটিয়া, সাধারণ, অতিরিক্ত ব্যবহৃত, Hack, common, used much.

Had, *pa t* and *pa p* of *Have*

Haddock, haduk, *n* মৎস্য বিশেষ, A sea-fish of the cod family

Hades, hādēz, *n* মৃত ব্যক্তিদের আবাস, মৃত ব্যক্তিদের বাসস্থান, যমালয়, পরলোক, The abode of the dead, the place of departed spirits

Hadj, *n* মক্কা যাত্রা, Pilgrimage to Mecca.

Hadji, *n* হাজি, A pilgrim

Haemal &c. see Hemal &c

Haemoglobin, he-mo-glōbin *n* [Gr *haima,* blood, and L *globus,* a round body] যে পদার্থ হইতে রক্তের লাল রঙ্ হয়, The colouring matter of the blood.

Haemorrhage &c See Hemorrhage

Haft, haft, *n* বাঁট, হাতল, A handle

Hag, hag, *n* কুরূপা স্ত্রী কদাকার স্ত্রীলোক ডাইন; An ugly woman, witch sorceress *Syn* —Vixen a fury, beldam, sorceress

Haggard, hag'ard, *a* কৃশ, বেতেখ্যাক্রান্ত, Lean; thin hollow-eyed —অশিক্ষিত, Wild untamed —*n* কদাকার স্ত্রী, Hag *Syn* —(*a*) Wayward, unruly gaunt, spare, meagre, wasted, wrinkled ghastly

Haggle, hag'l, *v i.* দর কষাকষি-কৃ বচসা কচসা-কৃ; ইতস্ততঃ দর-কৃ, To be slow in making a bargain, higgle —*v t* অপটুভাবে কর্তন-কৃ কাটিয়া নষ্ট-কৃ, To cut in an unskilful manner, to mangle *Syn* —Notch higgle chaffer, prig, stickle.

Hagiographa, Hagiography, *n pl* সাধুজীবনী The last of the three Jewish divisions of the Old Testament, the lives of the saints *a*=hagiographal

Hagiographer, *n* ধর্মগ্রন্থ বা সাধুজীবনী লেখক; One of the writers of the Hagiographa, a sacred writer

Hagiology, *n* [Gr *hagios,* holy, *logos,* discourse] সাধুদের বিবরণ, History of saints.

Hah, ha, *int* আঃ, An exclamation of wonder.

Haha, hah a, *n* Same as *ha-ha*

Hail, hāl, *n* শিলা, শিলাবৃষ্টি, Frozen rain or grains of ice precipitated from the clouds —অভিবাদন, A wish of health, a salutation —*v. i.* শিলাবৃষ্টি-হ, To pour down masses of ice or frozen vapour —*inter.* অভিবাদন, সংবর্দ্ধনাসূচক শব্দ, An exclamation of salutation —*v t* শিলাবৃষ্টি কৃ, To pour down, as hail .—অভিবাদন-কৃ, সম্ভাষণ-কৃ, To salute, to greet. *Syn* . -(*v*) Accost, address, salute, welcome

Hailfellow—অন্তরঙ্গ বন্ধু, An intimate companion.

Hailfellow well met—খুব মাখামাখি On easy familiar terms.

Hail-stone, hālstōn, *n* শিলা, শিলাখণ্ড, A single [stone or ball of hail.

Hair, hār, *n.* চুল, কেশ, লোম, শূঁয়া, An integu-

ment of the body or of plants ; the whole mass of thread-like filaments forming a covering for the head or the whole body :—সূক্ষ্মাকৃতি বস্তু ; অতি সামান্য মূল্য ; Any thing very small ; a trifling value. *a*=hairless.

A braid of hair—কবরী।

Curly hair—অলক ; চূর্ণকুন্তল। [braid—বেণী।

Hair twisted together into a single

Matted or **clotted hair**—জটা।

Not a hair of one's head shall be touched—মস্তকের একগাছি চুল পর্য্যন্ত ছুঁতে পারিবে না, কিছুমাত্র ক্ষতি করিতে পারিবে না ; Not the slightest injury shall be done to one.

Not worth a hair—অকিঞ্চিৎকর ; Of no value.

One's hair stands on end—ভয়ে শরীর রোমাঞ্চিত হওয়া, গায়ে কাঁটা দেওয়া ; রোমাঞ্চ-হ ; The hair of one's head stands erect from fear ; the hair of one's body stands erect from fear, &c

To a hair—চুল চিরে, With the nicest distinction.

To split hairs—চুল চিরে বিচার-কৃ To make distinctions of useless nicety :—খুঁটিনাটি-কৃ ; To dispute over petty points.

Hair-brained, *a.* চঞ্চল ; Giddy.

Hair-breadth, hār'bredth, **Hair's-breadth,** hārz-bredth, *n* কেশ পরিমাণ ব্যবধান, রেখামাত্র ; Hair's breadth, a very small distance :—*a.* সঙ্কীর্ণ, Narrow

A hair-breadth escape—অল্পের জন্য বেঁচে যাওয়া, (কোন সঙ্কট হইতে) ভাগ্যে ভাগ্যে পরিত্রাণ ; অতি কষ্টে পলায়ন, A very narrow escape ; very narrow escape from some evil.

Be within a hair's breadth of—এক চুলমাত্র তফাৎ এরূপ নিকটে, সন্নিকট-হ, Be very near to.

Hair-brush, *n.* চুল আঁচড়াইবার ব্রুশ্ ; A brush for smoothing the hair. [hair

Hair-cloth, *n.* লোমনির্ম্মিত বস্ত্র ; Cloth made of

Hair-dresser, *n* ক্ষৌরিক, নাপিত, Barber, one who cuts or dresses hair.

Hairless, *a.* কেশহীন, Wanting hair.

Hereto—এই পর্য্যন্ত, To this.

Heretofore, hēr-too-fōr', *ad* ইতিপূর্ব্বে ইতঃপূর্ব্বে, আগে, Before this time, formerly *Syn* —Previously, antecedently

Hereunto, hēr-un too', *ad* এই কাল পর্যন্ত, এ পর্যন্ত, To this point or time

Hereupon, hēr-up-on, *ad* ইহার জন্য, ইহাতে, এই কারণে, On this, in consequence of this

Herewith, hēr-with, *ad.* ইহা সহ, এতৎসহকারে With this

Neither here nor there—তাতে কিছু আইসে যায় না, সে কথায় এখন কাজ নাই, সে কিছুই নহে, No matter of no consequence

Heriot, her'i-ot, *n* (ইংলণ্ডে) প্রজার মৃত্যুতে ভূস্বামীকে দেয় কর, An ancient tribute of munitions of war given to the lord of the manor, a duty paid to the lord of the fee on the decease of a tenant.

Heritable, her'it-abl, *a* উত্তরাধিকার-যোগ্য, উত্তরাধিকারস্বত্বে প্রাপ্য, That may be inherited

Heritable property—স্থাবর সম্পত্তি, Real property as opposed to movable property

Heritage, her it ij, *n* পৈতৃক বিষয়, উত্তরাধিকারস্বত্বে প্রাপ্ত সম্পত্তি That which is inherited inheritance *Syn* —Patrimony portion estate

Heritor, her'it-or, *n* কোন এক গির্জার অধিকারস্থ জমির ভূস্বামী, উত্তরাধিকারী A landholder in a parish in Scotland, heir, land-owner

Hermaphrodism, hér-maf'rod-izm, **Hermaphroditism,** her-maf'rod-it-izm, *n* একাধারে স্ত্রী ও পুংভাবের সমাবেশ, The union of the two sexes in one individual

Hermaphrodite, hér-maf'rod-it, *n* একাধারে স্ত্রী ও পুং উভয় চিহ্নযুক্ত প্রাণী, উদ্ভিদ বা মানব, নপুংসক, An animal or plant of the both sexes :—দ্বিলিঙ্গ, স্ত্রী ও পুংজাতির উভয়বিধ চিহ্ন বিশিষ্ট, Uniting the distinctions of both sexes.

Hermaphroditic, hér-maf-rod-itik, **Hermaphroditical,** *a* পুংস্ত্রী উভয় জাতির ভাব বিশিষ্ট, দ্বিলিঙ্গ, Partaking of both sexes

Hermeneutic, hér-me-nū'tik, **Hermeneutical,** her-me-nū'tik-al, *a* [Gr *hermēneus*, an interpreter] ব্যাখ্যাকারী, Explanatory, interpreting *ad*=hermeneutically

Hermeneutics, *n* *sing* ব্যাখ্যা বিজ্ঞান, The science of interpretation, especially of the scriptures

Hermes, *n* The Greek name of Mercury.

Hermetic, hér-metik, **Hermetical,** hér-met-ik-al, *a* রাসায়নিক, ঐন্দ্রজালিক, Chemical, magical —গোপনীয়, বন্ধ, সম্পূর্ণরূপে আবদ্ধ, Secret, completely closed *ad*=hermetically [schemy

Hermetic art, *n.* অপবসায়ন বিদ্যা, The art of

Hermetically sealed—সম্পূর্ণরূপে বন্ধ ; (কাচপাত্রাদির মুখ আগুনে গলাইয়া) সম্পূর্ণরূপে আবদ্ধ, Closed completely as a bottle, against the admission of air or any fluid closed completely, said of a vessel, the opening of which is closed by fising the extremity

Hermit, her'mit, *n* [G *erēmitēs* from *erēmos*, lonely] তাপস যতি, বনবাসী, সন্ন্যাসী, উদাসীন, One who retires from the world and lives in contemplation recluse, anchoret *Syn* —A solitary, ascetic

Hermitage, hér'mit-āj *n* তপস্বীর আশ্রম, সন্ন্যাসীর আশ্রম নিভৃত বাসস্থান Abode of a hermit, a retired residence —মদ্য বিশেষ, A French wine

Hern, hérn, Same as Heron

Hernia, hér'ni-a, *n* অন্ত্রবৃদ্ধি রোগ বিশেষ, A protruding rupture, a rupture, particularly that of the abdomen. *a*=hernial

Strongulated hernia—Irreducible protrusion with construction of an intestine

Hero, hērō, *n* [G *hēros*] বীর, শূর, যোদ্ধা, A man of distinguished valour or enterprise, a warrior —বিখ্যাত ব্যক্তি, প্রধান ব্যক্তি · Illustrious person principal personage —(নাটকাদির) নায়ক, The principal figure in any history or work of fiction *fem*=heroine (নায়িকা) । *Syn* —Warrior braveman, heading character, principal person

Out Herod Herod—সর্ব্বাপেক্ষা অত্যাচারী-হ, To out do in wickedness the worst of tyrants.

Herodians, *n* *pl* A Jewiso sect.

Heroic, hē-rō'ik **Heroical,** he ro'ik-al, *a* সাহসিক, নির্ভীক Courageous daring —বিখ্যাত, প্রসিদ্ধ Illustrious *ad*=heroically *Syn* —Brave, intrepid valiant, gallant, fearless, undaunted, bold daring enterprising, magnanimous ; epic

Heroic age—বীর যুগ, The age in which heroes are supposed to have lived, the age of a nation intervening between the purely mythical period and the hystoric.

Heroic medicines—অনিষ্টকারী ঔষধ, Those which produce serious or even fatal consequences.

Heroi-comic, her'o-i-komik, **Heroi-comi-**

cal, her'o-i-komik-al, *a.* বীর ও হাস্যরস সংবলিত, Consisting of the heroic and the ludicrous.

Heroic poetry—মহা কাব্য; Epic poetry; that in which the life of a hero is celebrated.

Heroic treatment remedies—প্রবল ঔষধ; Those of a violent character.

Heroic verse—ছন্দ বিশেষ; The verse of heroic poetry, being in English; the Iambic of ten syllables.

Heroism, her'ō-izm, *n.* সাহস, নির্ভীকতা; বীরত্ব, Courage, intrepidity. *Syn* :—Fortitude, bravery, valour, gallantry.

Heron, her'un, *n.* বক; A wading bird with long slender legs and neck.

Heronry, her'un-ri, *n.* বকশালা; বকের প্রসবস্থান, A place for the rearing of herons.

Heronshaw, her'un-shaw, *n.* বক-শিশু; A young heron.

Hero-worship, hē'ro-wur'ship, *n.* বীর-পূজা, মহাপুরুষদিগের অতিরিক্ত স্তুতি; মহাজনদিগের পূজা, The worship of heroes; extravagant or excessive admiration of great men.

Herpes, hėr'pēz, *n.* দদ্রু প্রভৃতি চর্ম্মরোগ; A kind of skin disease.

Herring, her'ing, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ; A small sea-fish

Hers, *pron.* and *a.* তাহার, Possessive of she.

Herse, hėrs, Same as *Hearse.*

Herself, hėr-self, *pron.* স্বয়ং; (স্ত্রীজাতীয়) তিনিই বা তাঁহাকে; The emphatic form of *she* in the nominative or objective, in her real character :—প্রকৃতিস্থা; স্বভাবস্থা, Having the command of temper, in her right mind; sane.

By herself—একাকিনী; Alone, apart; unacompanied

Hesitancy, hez'e-tan-se, **Hesitation,** hez-e-tā'shun, *n.* দ্বিধা, সন্দেহ, কথনে সঙ্কোচ; অব্যবস্থিত চিত্ততা, Doubt; stammering; indecision. *Syn* :—Doubleness, suspense, irresoluteness, uncertainty, dubiety; stammering, stuttering.

Hesitate, hez'i-tāt, *v. i.* [L. *haesitare, haesum,* to stick] সঙ্কুচিত-হ; সন্দিগ্ধ-হ; ইতস্ততঃ-কৃ; Falter, be doubtful, stammer. *ad*=hesitatingly. *Syn* :—Doubt, waver, scruple, deliberate, demur, stammer, stutter.

Hesper, hes'pėr, **Hesperus,** hes'pėr-us, *n* [Gr. *hesperos,* evening] শুক্রগ্রহ; The evening star or Venus.

Hesperian, hes-pē'ri-an, *a.* প্রতীচ্য; পাশ্চাত্য, Western; accidental.

Hest, *n.* শাসন, Command.

Heterocercal, het-er-o-sėr'kal, *a.* [Gr. *heteros,* different from, *kerkos,* the tail] (জলজীব সম্বন্ধে) অসমপুচ্ছ; Having a tail, the upper fork of which is different from or larger than the lower, as the shark.

Heteroclite, het'er-o-klīt, *n.* [Gr. *heteros,* different from, *kerkos,* the tail] যে পদ নিয়ম বহির্ভূত স্বতন্ত্ররূপ প্রাপ্ত হয়; নিয়ম বহির্ভূত ব্যক্তি বা বস্তু, (Gram.) A word irregularly inflected; any person or thing irregular.

Heteroclite, het'er-o-klīt, **Heteroclitic,** het-er-o-klit'ik, **Heteroclitical,** het-er-o-klit'ik-al, *a.* সাধারণ নিয়মের বহির্ভূত; Deviating from ordinary rules; irregular.

Heterodox, het'er-o-doks, *a.* [Gr. *heteros,* other, and *doxa,* opinion] স্থাপিত মতের বিরোধী-বাদী, চলিত মত-বিরুদ্ধ; ধর্ম্মবিরুদ্ধ; Not orthodox; heretical; unsound.

Heterodoxy, het'er-o-doks-i, *n.* ধর্ম্মবিরুদ্ধ মত; প্রচলিত মতের বিরুদ্ধাচরণ; Heresy.

Heterogeneous, het-er-ō-jē'ne-us, **Heterogeneal,** het'-er-o-jē'ne-al, *a.* [G. *heteros,* other, and *genos,* race] ভিন্ন; অসদৃশ; ভিন্নজাতীয়; Dissimilar, different in kind. *n*=heterogenity, heterogeneousness. *ad*=heterogeneously. *Syn* :—Unlike, different, incongruous, alien.

Hetman, het'man, *n.* রুশিয়ার জাতি বিশেষের সেনাপতি বা সর্দ্দার; Cossack commander-in-chief.

Hew, hū, *v. t.* [A. S. *heātwan*] কুঠার দ্বারা ছেদন-কৃ, খণ্ড খণ্ড-কৃ; Cut with an axe, cut in pieces :—গঠন-কৃ; গঠিত-কৃ; Shape. *n*=hewer. *Syn* :—Chop, hack; form, smooth, make even.

Hewer, *n.* ছেদক; One who hews cutter.

Hewers of wood and drawers of water—মুটে মজুর; গোলাম, যাহারা অতি নীচ কার্য্যে নিযুক্ত, Those who are employed in performing the most menial offices, slaves.

Hexagon, heks'a-gon, *n.* [Gr. *hexagonon*—*hex,* six, and *gonia,* an angle] ষড়ভুজ ক্ষেত্র; A plane figure with six angles and sides. *a*=hexagonal. *ad*=hexagonally.

Hexahedron, heks-a-hē'dron, *n.* [Gr. *hex,* six, *hedra,* a base] সমষট্‌পার্শ্ব ঘনক্ষেত্র; ঘনক্ষেত্র; A regular solid body of six equal sides or faces; a cube. *a*=hexahedral.

Hexameter, heks-am'et-ėr, *a.* [Gr. *hex,* six, *metron,* a measure] ষট্‌-পদী শ্লোক; ষট্‌পদী কবিতা; A verse of six measures of feet :—*a.* ষট্‌পদী; Having six metrical feet.

Hexapla, heks'a-pla, *n.* বাইবেলের ষড়্‌ভাষায় সঙ্কলন; A collection of the scriptures in six different languages, particularly that published by Origen. *a*=hexaplar.

Hexapod, heks'a-pod, *a.* [Gr. *hex,* six, and *pous,* a foot] ষট্‌পদ, Having six feet :—*n.* ষট্‌পদ জীব; An animal with six feet.

Hexastich, heks'a-stik, *n.* [Gr. *hex,* six, and *stichos,* a line] ছয় চরণের বা শ্লোকের কবিতা; A poem consisting of six lines or verses.

Hexastyle, heks'a-stil, *n.* [Gr. *hex,* six, and *stylos,* a pillar] ছয় স্তম্ভবিশিষ্ট অট্টালিকা; A building with six pillars or columns.

Hey, hā, *interj.* হোহো; প্রশ্ন বা হর্ষব্যঞ্জক অব্যয়; An exclamation or interrogation.

Heyday, hā'dā, *interj.* বিস্ময় বা উল্লাসসূচক অব্যয়; An expression of frolic, exultation or wonder :—*n.* কৌতুক, A frolic :—যৌবনসুলভ উচ্ছৃঙ্খলতা; উল্লাস; The wildness and spirits of youth.

Hiatus, hī-ā'tus, *n.* [L. *hiare,* to gape] ছিদ্র, An opening :—দোষ, অঙ্গহীনতা; A defect :—দুই স্বরবর্ণের সংমিলন, In *Gram.* a concurrence of vowel sounds in two successive syllables. *Syn* :—Gap, chasm, break, interval.

Hibernal, hī-ber'nal, *a.* [L. *hibernus,* from *hiems,* winter] হৈম, শীতকালীন; Wintry; winterish; belongin to winter.

Hibernate, hi'bār-nāt, *v. i.* [L. *hiberna*, winter quarters] শীতকাল যাপন-কৃ ; শীত কাটান ; To pass the winter in sleep ; to winter. *n*=hibernation.

Hibernation, hī-bér-nāshun, *n.* শীতকাল অতিবাহন ; The act of hibernating :—কোন কোন জন্তর শীতকালীন নিষ্পন্দ ভাব ; The state of torpor in which many animals pass the winter.

Hibernian, hī-bér'ni-an, *a.* [L. *Hibernia*, Ireland] আয়র্লণ্ড-দেশীয় ; Relating to Hibernia or Ireland :—*n.* আয়র্লণ্ডবাসী ; An Irishman.

Hibernianism, hī-bér'ni-an-izm, **Hibernicism**, hi-bér'ni-sizm, *n.* আয়র্লণ্ডের বিশেষ বাক্যপদ্ধতি ; An Irish idiom or peculiarity.

Hiccough, hikup, **Hiccup**, **Hickup**, *n.* হিক্কা ; A sudden and involuntary kind of cough :—*v. t.* হিক্কা তোলা ; হিক্কা উঠা ; To have a cough of this kind *p*=hiccoughing. *pa. p*=hiccoughed.

Hickory, hikor-i, *n.* মার্কিন দেশের বাদাম জাতীয় বৃক্ষ ; An American nut-bearing tree valued for timber.

Hid, *pa. t.* and *pa. p.* of *hide.*

Hidalgo, hi-dalgō, *n.* স্পেনদেশীয় ভদ্রলোক ; স্পেনদেশের সর্ব্বনিম্নশ্রেণীর কুলীন ; A Spanish nobleman of the lower class ; a gentleman by birth.

Hidden, *pa. p.* of *hide.*

Hidden, hidn, *a.* গোপনীয় ; লুকায়িত, গুপ্ত ; অজ্ঞাত ; Secret , unseen ; unknown ; concealed. *Syn* :—Concealed, covert, occult, clandestine, close , mysterious ; obscure, dark, unrevealed, abstruse, recondite.

Hide, hid, *v. t.* [A. S. *hydan*, Icel. *hyda*, to spread skins over] *v. t.* গোপন-কৃ ; লুকায়িত স্থানে রাখা ; To conceal ; to keep in safety :—*v. i* লুকায়িত ভাবে থাকা ; লুকায়িত থাকা ; To lie concealed. *Syn* :—Cover, bury, secrete ; shelter, cloak, screen, veil ; flog, whip.

Hide, hid, *n.* চর্ম্ম ; পশুচর্ম্ম ; The skin of a beast. raw or dressed :—ভূমি মাপ বিশেষ ; An old measure of land differently estimated from 60 to 120 acres :—*v. t.* কষাঘাত-কৃ , To flog ; to whip.

Hide and seek—লুকোচুরি খেলা ; A child's game, where one hides and another seeks ; a game in which one hides and the others try to find him ; concealment from public view ; a secret or concealed course of action.

Hide one's light under a bushel—আপনার গুণ ঢাকিয়া রাখা ; গুণের পরিচয় না দেওয়া ; Modestly conceal one's talents.

Hide the face—আনুকূল্যে বিরত-হ ; Withdraw [favour

Hide bound, *a.* কঠিন ত্বকবিশিষ্ট ; Having the skin or bark too tight :—কৃপণ ; Niggardly.

Hideous, hide-us, *a.* [F. *hideux*, from *hide* fright] ভয়ানক ; ভীষণ ; বিকট ; Horrible ; frightful, ghostly. *n*=hideousness. *ad*=hideously. *Syn* :—Ghastly, grim, grisly, horrid, ugly, dreadful, terrible ; hateful, abominable, detestable.

Hiding, **Hiding-place**, hiding-plās, *n.* লুকাইবার স্থান ; A place of concealment. *Syn* :—Covert, refuge, shelter, retreat.

Hie, hi, *v. i.* [A. S. *hiegian*, make haste] দ্রুত-কৃ ; ত্বরা-কৃ ; To hasten ; to go in haste :—চেষ্টা-কৃ ; Endeavour, *Syn* :—Fly, speed.

Hierarch, hī'er-ārk, *n.* [G. *hieros*, sacred, and *archos*, leader, ruler] ধর্ম্মনায়ক ; ধর্ম্মাধিপতি ; প্রধান পুরোহিত ; A ruler in sacred matters ; chief of a sacred order. *Syn* :—High-priest, primate, archbishop ; arch angel.

Hierarchy, hī'ér-ärk-i, *n.* যাজকগণ ; পুরোহিতবর্গ ; The body of the clergy :—পুরোহিত তন্ত্র ; যাজকগণকর্ত্তৃক রাজ্যশাসন ; A government by priests. *a*=hierarchical.

Hieratic, hī-ér-atik, *a.* পবিত্র ; পুরোহিত-সম্বন্ধীয় ; [যাজকীয় ; Sacred, sacerdotal.

Hieroglyph, hī-ér-o-glif, **Hieroglyphic**, hī-ér-o-glif'ik, *n.* [Gr. *hieros*, sacred, and *glypho*, to carve] চিত্রাক্ষর ; চিত্রলেখ্য ; সাঙ্কেতিক লিখন ; Picture-writing among the Egyptians ; any symbolical figure. *a*=hieroglyphic, hieroglyphical. *ad*=hieroglyphically.

Hieroglyphist, hī-ér-o-glif'ist, *n.* সাঙ্কেতিক লিখন পড়িতে পটু ; চিত্রলেখ্য পাঠাভিজ্ঞ ; One skilled in reading hieroglyphics.

Hierographic, hī-ér-o-graf'ik, **Hierographical**, hi-ér-ō-graf'ik-al, *a.* [Gr. *hieros*, sacred, and *grapho*, to write] ধর্ম্মপুস্তক সম্বন্ধীয় ; ধর্ম্মগ্রন্থবিষয়ক , Pertatining to sacred writing. *Syn* :—Symbolical, figurative, typical ; obscure.

Hierology, hī-ér-olo-ji, *n.* [Gr. *hieros*, sacred, and *logs*, a discurse] প্রাচীন ধর্ম্মমন্দিরাদির লিখনবিষয়ক বিজ্ঞান ; ধর্ম্মবিষয়ক বিজ্ঞান ; The science which treats of sacred matters, especially sacred writings and inscriptions.

Hierophant, hī'ér-o-fant, *n.* [Gr. *hieros*, sacred, *phaina*, to shew] পুরোহিত ; আচার্য্য ; ধর্ম্মোপদেষ্টা , One who teaches the mysteries of religion , a priest.

Higgle, hig'l, *v. i.* [Dan. *hykter*, to wheedle] দ্রব্য লইয়া বিক্রয়ার্থে দ্বারে ফিরা , ফেরি-কৃ , Carry provisions about for sale :—ঝগড়া ঝগড়ি-কৃ ; দরের কষা কষি-কৃ ; To make difficulty in bargaining ; to chaffer. *Syn* :—Chaffer, haggle, bargain, stickle , peddle, hawk.

Higgle and haggle—ক্রয়-বিক্রয়ের সময়ে দাম লইয়া কষাকষি করা ; Be difficult in bargaining ; belong in coming to the price.

Higgledy, **Piggledy**, *ad.* বিশৃঙ্খলভাবে ; In confusion ; confusedly.

High, hi, *a.* [A. S. *heah*, Gr. *hoch*] দীর্ঘ ; উচ্চ ; Lofty, tall :—উন্নত , Elevated ; lofty ; sublime :—বিখ্যাত ; Distinguised .—দাম্ভিক ; অহঙ্কারী ; গর্ব্বী ; Proud, arrogant :—কঠিন ; দুর্ভেদ্য ; Difficult, abstruse :—গভীর , Profound :—অত্যুৎকৃষ্ট ; Excellent :—ক্রোধান্বিত ; ক্রুদ্ধ ; Angry :—অত্যাচারী ; Violent ; severe ; oppressive :—মহৎ , Noble, illustrious, honorable :—প্রচণ্ড ; প্রবল , Violent ; tempestuous :—পূর্ণ ; Full ; complete :—ধনী ; বিলাসী ; Rich ; luxurious ; well-seasoned :—উজ্জ্বল ; ক্ষমতাবান্ ; Strong ; vivid ; deep :—অধিক ; Extreme, intense :—জমকাল ; Ostentatious :—দুর্মূল্য ; Dear .—উন্নত ; অতিমাত্রায় অগ্রগত ; Far advanced :—দূরতম ; প্রাচীন ; Remote in time :—উচ্চকণ্ঠ ; উচ্চ ; Loud :—*ad.* প্রচুর পরিমাণে ; উচ্চভাবে ; গভীর ভাবে ; In a high manner ; to a great attitude, eminently, profoundly. *ad*=highly. *Syn* :—Towering ; eminent, prominent, chief, superior ; recondite, profound ; haughty, lordly ;

boastful, bragging, overbearing, despotic; powerful, mighty; great; violent, stormy, turbulent, inflamed; costly; acute, sharp, shrill.

High-admiral, hī'-admi-ral, *n.* প্রধান পোতনায়ক; প্রধান পোতাধ্যক্ষ; The chief admiral of a fleet.

High-aimed, hī'āmd, *a.* উচ্চলক্ষ্য; Having lofty designs.

High-altar, hī'-awltar, *n.* খ্রীষ্টীয় ধর্ম্মমন্দিরের প্রধান বেদিকা; The principal altar in a church.

High-bailiff, *n.* The Chief officer of a town.

High-born, hī'-bawrn, *a.* উচ্চবংশীয়; সম্রান্তবংশীয়; উচ্চবংশজ; Of noble birth.

High-bred, hī'-bred, *n.* সুজাত; উচ্চবংশে পালিত ও শিক্ষিত; Of high education or blood; bred in high family.

High-church, hī'church, *n.* ধর্ম্মযাজকদিগের প্রভুত্ববাদী ইংলণ্ডের ধর্ম্মসম্প্রদায় বিশেষ; Inclined to magnify the authority and jurisdiction or ecclesiastical rites and ceremonies of a church,—usually applied to such as attach the highest importance to the episcopal office and the apostalic succession. *n.*=highchurchman, highchurchism.

High-coloured, hī-kulurd, *a.* অতিরঞ্জিত; সুরঞ্জিত, উজ্জ্বলবর্ণবিশিষ্ট; Having glaring colour, strong in representation. [Holiday; festival.

High-day, hī'-dā, *n.* পর্ব্ব; ছুটীর দিন; দিনমান;

High-fed, hī'-fed, *a.* অতিভুক্ত, যথেষ্ট পরিমাণে ভুক্ত, Pampered, fed luxuriously. *n*=high-feeding.

High-flier, hī'flier, *n.* যে অসম্ভাবিত কার্য্য বা বাক্য প্রয়োগ করে; One who is extravagant in pretensions or manners. *a*=high-flying.

High-flown, hī'-flōn, *a.* গর্ব্বিত; আড়ম্বরপূর্ণ, সগর্ব্ব, অপরিমিত, অত্যধিক; Proud; turgid, elevated, extravagant.

High-handed, hī'-handed, *a.* গর্ব্বিত; উৎপীড়ক; অত্যাচারী; প্রবল, Overbearing, oppressive, violent. [হৃদয়; With heart full of courge

High-hearted, hī'-härted, *a.* সাহসিক; নির্ভীক-

Highland, hī'land, *n.* পার্ব্বতীয় প্রদেশ; পার্ব্বত্যদেশ, Mountainous region.

Highlander, hī'land-ėr, *n.* পর্ব্বতবাসী; পার্ব্বত্যপ্রদেশবাসী; An inhabitant of a mountainous region.

High-life, *n.* বাবুগিরি, বড়লোকের চালচলন; Life of the fashionable class; life among the aristocracy; the manner of life that prevails among the higher classes of men. [rich food.

High-living, *n.* ভোজনে বিলাস; A feeding upon

High-mass, hī'-mas, *n.* প্রধান প্রধান উৎসবে যে স্তুতিগান হয়; The mass performed by a choir in a specially solemn manner. [spirit.

High-metalled, *a.* তেজস্বী; Having a high

High-minded, hī'-mīnded, *a.* উন্নত; উচ্চমনা; উদারচিত্ত; গর্ব্বিত; Elevated; proud; magnanimous, arrogant. *n*=high-mindedness.

Highness, hī'nes, *n.* উপাধি বিশেষ; দেব; রাজজনাদির উপাধি; Title of a prince, king, pasha :—উচ্চতা; মহত্ব; The state of being high. *Syn* :—Attitude, height, loftiness; dignity, rank, eminence, violence, vehemence, intensity, greatness; acuteness, sharpness. [in the meridian.

High-noon, *n.* মধ্যাহ্ন, Time when the sun is

High-pressure, hī'-preshūr, *n.* অত্যুত্তপ্ত বাষ্পবিশিষ্ট, অতিরিক্ত ভার; Pressure exceeding that of 15lbs to the square inch.

High-priest, hī'-prēst, *n.* প্রধান পুরোহিত; প্রধান ধর্ম্মযাজক: A chief priest

High-principled, hī'-prinsi-pld, *a.* উদার মতাবলম্বী; Of high, noble or strict principle :—Extravagant in politics.

High-proof, hī'-prōōf, *a.* প্রবল মদ্যসারপূর্ণ; অতিরিক্ত সুরাসারবিশিষ্ট; বিশোধিত; Very strong; containing much alcohol; highly rectified.

High-reaching, *a.* উচ্চাভিলাষী; Ambitious.

High-road, hī'-rōd, *n.* রাজপথ; Public road.

High-seas, *n.* The water of the ocean, three miles or more from the coast line.

High-seasoned, hī'sē'znd, *a.* মসলাদি দ্বারা সুগন্ধীকৃত, গরম মসলা ও ঘৃতাদির যোগে পক্ব, Made rich or piquant with spices or other seasoning.

High-souled, hī-sōld, *a.* মহাত্মা; সদাশয়; Having lofty soul or spirit.

High-sounding, hī'-sownding, *a.* সুদীর্ঘ; আড়ম্বরপূর্ণ, সাহঙ্কার; Pompous; ostentatious; noisy.

High-spirited, hī'-spir'it-ed, *n.* নির্ভীক; সাহসিক; ক্রোধন, তেজস্বী; Bold; daring; irascible.

High-tasted, hī'-tāsted, *a.* তীব্রাস্বাদ; Having a strong relish; piquant

High-time—পূর্ণকাল (আর বিলম্ব বিধেয় নহে, এই ভাব); Quite time (indicating that no further delay should take place); full time.

High-toned, *a.* মহৎ; High in tone or sound; noble; elevated.

High-treason, hī'-trē'zn, *n.* রাজবিদ্রোহরূপ গুরুতর অপরাধ; রাজদ্রোহ; Treason against the sovereign or state, being the highest civil offence.

High-water, hī'-waw'tėr, *n.* জোয়ার; কোটালের জোয়ার; Top of the tide; the greatest elevation of the tide.

High-way, hī'wā, *n.* রাজপথ; The public road; a public way. *Syn* :—Way, road, path, course, passage, street. [way robber.

Highway-man, hī'wā-man, *n.* দস্যু; A high-

High-words—ক্রোধপূর্ণ বাক্য, রাগের কথা; চড়া কথা; Angry words

High-wrought, hī'-rawt, *a.* সুকৌশলে সম্পাদিত; অতি রঞ্জিত, Wraught with exquisite art or skill; highly finished; greatly coloured; accurately finished. [in the sky.

On high—স্বর্গে; In heaven :—আকাশ-পথে; High

Hilarious, he-lā'r'e-us, *a.* [L. *hilaris*] উল্লাসিত; প্রফুল্ল, হৃষ্টচিত্ত; Gay; very merry; merthful. *Syn* .—Jovial, jolly, joyous, joyful.

Hilarity, he-lár'e-te, *n.* আনন্দ, উল্লাস; Gaiety; mirth. *Syn* :—Merriment, glee, cheerfulness, joyousness, exhilaration, joviality, jolity, conviviality. [February 1.

Hilary, *n.* A law-period from January 11 to

Hill, hil, [A. S. *hill*] *n.* ক্ষুদ্র পর্ব্বত; পাহাড়; A small mountain :—*v. t.* মৃত্তিকা দ্বারা বেষ্টিত-কৃ; To surround with earth. *Syn* :—Mount, mound, eminence, a height. [small hill.

Hillock, hiluk, *n.* ছোট পাহাড়; স্তূপ পর্ব্বত; A

Hilly, hili, *a.* ক্ষুদ্র পর্ব্বতময়, Full of hills. *n*=hilliness.

Hilt, hilt, *n* খড়্গাদির মুষ্টি ; The handle of anything *esp* of a sword *a*=hilted

Hilted, hilted, *a* মুষ্টিযুক্ত, Having a hilt.

Him, him, *pro.* (পুংবাচক) তাহাকে, তাঁহাকে, The objective case of *He*

Himself, *pro* (পুংবাচক) তিনি স্বয়ং, তিনি আপনি, The emphatic and reflective form of *him*

By himself—একাকী নিজে স্বয়ং।

Hind, hind, *n.* [O Eng *hyne*] হরিণী, মৃগী. The female of the red deer or stag —কৃষক, A peasant, a rustic —*a* পশ্চাদ্বর্তী, Backward, placed in the rear *Syn* —(*n*) Ploughman, swain, boor, bondager, herd

Hinder, hinder, *a* অধিকতর পশ্চাদ্বর্তী, Comparative of *hind*; opposed to *fore*

Hinder, hinder, *v t* [A S *hindrian*, from *hinder*, back] বাধা-দে, গতি রোধ কৃ. To prevent, to obstruct, to stop —*v i* বাধা-দে বাধা উপস্থিত-হ, To interpose impediments, to cause obstacles. *Syn* —Impede, obstruct, interrupt, thwart oppose, arrest, retard delay, debar

Hinderance, hinder ans **Hindrance,** hindrans *n.* বাধা, প্রতিবন্ধক, বিঘ্ন, Obstacle, obstruction *Syn* —Impediment, obstruction, interruption check, difficulty restraint

Hindermost, Hindmost, *a* সর্ব্বপশ্চাদ্বর্তী. Furthest behind. [spoken in North India

Hindi, hinde, *n* হিন্দি ভাষা The language

Hindoo, Hindu, hindoo, *n* হিন্দু, A native of Hindustan, an adherent of Brahmanism

Hindooism, Hinduism, hindoo-izm, *n* হিন্দুধর্ম, হিন্দুয়ানী, The religious tenets of the *Hindus*

Hindustani, *n* হিন্দুস্থানী বা উর্দ্দু ভাষা, A dialect of Hindi also called Urdu

Hinge, hinj. *n* কব্জা হাঁসকল, Hook or joint of a door —That on which anything turns —*v t* কব্জা-দে, হাঁসকলযুক্ত-কৃ, নত-কৃ, To furnish with hinges, to bend —*v. i* কব্জার উপর ঘুর নির্ভর কৃ To hang or turn as on a hinge, to depend. *Syn* —(*v*) Hang, depend, rest, turn

To be off the hinges—বিশৃঙ্খল কৃ, To be in a disorder or irregularity

Hinny, hini, *n* [Gr *hinnos*, *ginnos*, mule] খচ্চর, আদরসূচক শব্দ, The produce of a stallion and a she-ass, a term of endearment

Hint, hint, *v t* [A S *hentan* to pursue Dan *ynste*, to whisper] সংকেত-কৃ, ইঙ্গিতে স্মরণ করাইয়া-দে, To allude to, to suggest —*v. i.* উল্লেখ-কৃ ইঙ্গিত কৃ, To make an indirect or remote allusion to allude —*n* সংকেত, ইঙ্গিত, A distant allusion, slight mention, suggestion. *Syn* —(*v*) Intimate, insinuate, imply, allude, refer to, glance at, touch on (*n*) Intimation, insinuation

Take the hint—অন্যের ইসারা বা ইঙ্গিত বুঝিতে পারা. Make out a person's meaning from a slight intimation or gesture made by him.

Throw out a hint—ইঙ্গিত-কৃ, ঠারে ঠোরে বলা, Utter a hint, speak a word or two to give notice.

Hip, hip, *n.* নিতম্ব, কটি, The fleshy part of the thigh, the haunch —ফল বিশেষ; The fruit of the wild brier or dog-rose :—*v t.* নিতম্বদেশ আকুঞ্চিত করিয়া বেদনা জন্মান, To sprain the hip.—*int* মনোযোগ আকর্ষণ জন্য শব্দ, Used in calling and exciting attention

Have or catch one on the hip—বাগে পাওয়া; Have the advantage over one in a struggle.

Smite hip and thigh—সম্পূর্ণরূপে পরাজিত-কৃ, Defeat utterly [A species of fish

Hippo-campus, hip'o-kam-pus, *n.* মৎস্য বিশেষ,

Hippocentaur, *n* same as Centaur

Hippodrome, hip'o-drōm, *n* [Gr *hippos*, a horse, and *dromos*, a course] ঘোড়দৌড়ের মাঠ, অশ্বশকটাদির দৌড়প্রদর্শনার্থ স্থান বা রঙ্গভূমি, Race course, open circus.

Hippogriff, hip'o grif, *n* [Gr. *hippos*, a horse and *gryps*, a griffin] অর্দ্ধ ঘোটক ও অর্দ্ধ পক্ষীর আকার বিশিষ্ট কল্পিত রাক্ষস, Half horse and half griffin.

Hippopathology, hip o-pa-tholo-ji, *n.* পশু চিকিৎসা বিজ্ঞান অশ্বাদির চিকিৎসা বিজ্ঞান, The science of veterinary medicine

Hippophagous, hip-pof'a-gus, *n* [Gr *hippos*, a horse, and *phago*, to act] অশ্বভুক, অশ্বখাদক, Feeding on horse

Hippophagy, hip pof'a ji, *n* অশ্বমাংস ভক্ষণ, অশ্ব ভক্ষণ, The act or practice of feeding on horse-flesh. *n*=hippophagist

Hippopotamus, hip-o-pot'a-mus, *n* [Gr *hippos*, a horse *potamos*, river] জলহস্তী, সিন্ধু ঘোটক, Aquatic quadruped of Africa

Hippuric, hip ū'rik, *a* [Gr *hippos*, a horse and *ouron*, urine] অশ্বমূত্র হইতে প্রাপ্ত, Obtained from the wine of horses.

Hire, hir, *n.* [A S *hyr*] ভাড়া, পারিশ্রমিক, Wages, rent, the price paid for the temporary use of anything —*v t* ভাড়া-কৃ, পারিশ্রমিক দিয়া নিযুক্ত-কৃ, To obtain price, engage for pay —উৎকোচ-দে, ঘুষ দেওয়া, To bribe *Syn* —(*n*) Salary, stipend, pay, allowance, recompense, remuneration

Hire oneself out—পয়সা পাইবার জন্য কাহারও কার্য্যে নিযুক্ত-হ, Engage oneself in the service of another for money.

Hire out—ভাড়া-দে, Let out

Hireling, hirling, *n* ঠিকা লোক, অল্পকালের জন্য নিযুক্ত ভৃত্য, One hired, a mercenary, venal —বেশ্যা, A prostitute —*a* অর্থপরবশ, Serving for wages, venal

Hirsute, hir-sūt, *a* [L *hirsutus*] লোমশ, শুঁয়া বা কুঁচিযুক্ত, Hairy; shaggy —অসম, Rough *Syn* —Bristly, coarse, rude rough.

His, hiz, *pron.* (পুংবাচক) তাহার বা তাহার, Possessive form of *he.*

Hispid, hispid, *a* [L *hispidus*] Rough with bristles or minute spines, having hairs. *Syn*.—Hairy, shagggy, hirsute.

Hiss, his, *n.* সর্পের শব্দ, হিস্, ইংরাজি বর্ণ উচ্চারণের শব্দ, Noise of a snake, the sound of the letter *s* —ঘৃণা ও অসম্মতি সূচকধ্বনি, An expression of disapprobation, contempt &c —*v t* শিস্-দে, ধিক্কার-কৃ, To condemn by hissing, whiz, hoot হিস্ শব্দ-কৃ, To make a sound like the letter *s*,

as the goose, serpent, &c :—ঘৃণা বা অসম্মতি প্রকাশ-কৃ ; To express contempt by hissing.

Hissing, hising, *n.* শিস্ ; ধিক্কার ; ঘৃণাসূচক শব্দ ; ঘৃণার্হ বিষয় ; A hiss ; object of hissing , object or occasion of contempt.

Hist, *int.* চুপ , Hush ; silence.

Histoloy, *n.* প্রাণীবিদ্যা ; উদ্ভিদবিদ্যা ; The science which treats of the minute structure of animal and vegetable tissue.

History, hiś'tō-re, *n.* [G. *historia*, from *histo rein*, to learn by inquiry] ইতিহাস ; ইতিবৃত্ত , বিবরণ , বৃত্তান্ত ; আখ্যায়িকা ; গল্প ; An account of an event ; the knowledge of facts, events &c. ; a true story. *Syn* :—Account, narrative, recital, story, record, chronicles, annals.

Civil history, Ancient history—পুরাবৃত্ত . The history of the nations of antiquity.

Classical history—History of the Romans and Greeks.

Natural history—ধাতু, উদ্ভিদ ও প্রাণীদিগের বৃত্তান্ত . উদ্ভিদ ধাতু-প্রাণিগণের বিবরণ ; Description and classification of objects in nature as minerals, plants, animals ; a description and classification of the mineral, vegetable and animal productions of the earth. [of nations in general.

Profane history—মনুষ্যজাতির ইতিহাস, History

Sacred history—ধর্মসম্বন্ধীয় ইতিহাস ; The history of religion and the events connected with it as contained in the church ; history of the church

Historian, his-to're-an, *n.* ইতিহাস-লেখক ; A writer of history ; chronicler , annalist.

Historic, his-tor'ik, **Historical,** his-tor'ik-al, *a.* ইতিহাসমূলক ; ঐতিহাসিক ; Containing history ; derived from history. *ad*=historically.

The historic sense, *n.* Capacity to represent the unity of a past events.

Historiette, his-tor-i-et', *n.* সংক্ষিপ্ত ইতিহাস বা উপাখ্যান ; A short history or story.

Historiographer, his-tō-ri-og'raf-ėr, *n.* ইতিহাস লেখক ; সরকারী ইতিবৃত্ত-লেখক ; A historian ; writer of history, *esp.* an officer employed to write the history of a prince or state.

Historiography, his-tō-ri-og'ra-fi, *n.* ইতিহাস লিখিবার কৌশল বা কার্য্য , ইতিহাস-সঙ্কলন-বিদ্যা ; The art or employment of writing history.

Histrionic, his-tre-on'ik, **Histrionical,** his-tri-on'-ik-al, *a.* [L. *histrionicus*, from *histrio*, a player] নাটকীয় , নাটক ; নাটকাদি সম্বন্ধীয় ; Relating to the stage or stage-players , befitting a theatre ; theatrical.

Histrionism, his'tri-o-nizm, *n.* সঙের অভিনয় , ভণ্ডামি ; The art or practice of buffoons or pantomines ; the acts of stage-playing.

Hit, hit, *v. t.* [Icel. *hitta*, to hit] আঘাত-কৃ , স্পর্শ-কৃ ; To touch or strike :—উপযোগী-কৃ ; উপযুক্ত-হ ; Accord with ; suit :—সমীপবর্ত্তী-হ ; লক্ষ্যস্পর্শ করা বা তন্নিকটস্থ-হ ; To reach , to touch or reach that which is aimed at :—*v. i.* কৃতকার্য্য-হ ; To succeed in any attempt :—*n.* প্রহার ; A stroke ; blow : —শুভ ঘটনা ; A lucky chance :—সুবাক্য প্রয়োগ ; A happy turn of thought or expression. *Syn* :—(*v*) Smite ; reach, attain, gain, win, secure ; suit, accord with, fit ; clash, collide, dash against ; succeed. (*n*) Collision ; chance, fortune, venture, successful speculation ; happy remark.

A hard hit—আঁতে ঘা ; শক্ত ঘা ; A home-thrust ; a severe blow ; a taunt that tells.

A lucky hit—ঠিক তাক ; অব্যর্থ লক্ষ্য ; A successful stroke :—যেটী হঠাৎ হইয়া পড়ে , A successful chance or attempt :—যেটী হঠাৎ যোগায় ; A fortunate guess.

Hit against—আঘাত-কৃ ; Clash.

Hit at—লক্ষ্য-কৃ ; Aim at.

Hit hard—আঁতে ঘা দেওয়া ; Oppose vehemently : —Ridicule with the greatest effect.

Hit off—ঠিক ধরিয়া বর্ণনা-কৃ ; ঠিক করিয়া বা আঁটিয়া বর্ণনা-কৃ ; Describe happily ; describe or represent exactly but briefly (with a few touches).

Hit on or **upon**—উদ্ভাবন-কৃ ; হঠাৎ যোগান ; হঠাৎ (কোন উপায়) উদ্ভাবিত হওয়া বা যোগান , Devise ; come to light upon by chance ; discover or light upon by chance. [good luck.

Hit out—সৌভাগ্যবশতঃ সম্পাদন-কৃ ; Perform by

Hit the mark—তীর লাগা ; Reach or gain the object aimed at :—ঠিক যায়গায় ধরা ; Come to the exact point.

Hit the nail on the head—ঠিক যায়গায় আঘাত-কৃ , ঠিক যায়গায় ধরা বা আসা ; Hit or touch the exact point :—ঠিক যাহা করা উচিৎ ঠিক সময়ে তাহাই করা ; Do the right thing, at the right time :— ঠিক যাহা বলা দরকার তাহাই বলা ; Say the right thing.

Hitch, hich, *v. i.* [Scot. *hitch*, a motion by a jerk] বিজড়িত-হ ; Become entangled :—বড়শীবিদ্ধের ন্যায় অঙ্গবিক্ষেপ সহকারে চলা ; গমন-কৃ ; Move by jerks ; to fidget, move :—*v. t.* বিদ্ধ-কৃ ; বড়শীবিদ্ধ-কৃ ; ধরা , To fasten, unite, yoke, harness ; to hook , to catch :—ঝিঁকা মারা ; To raise or pull with a jerk :—*n.* ঠোকা টান ; ঝিঁকা ; A jerk :— বন্ধন ; A catch :—প্রতিবন্ধক ; An obstacle :— অকস্মাৎ গতিরোধ ; A sudden halt.

Hither, hither, *ad.* এখানে ; এইস্থানে ; এদিকে ; To this place :—*a.* অধিক নিকটস্থ ; অপেক্ষাকৃত নিকটবর্ত্তী ; Nearer ; toward the speaker.

Hither and thither—ইতস্ততঃ ।

Hithermost, hither-most, *a.* অত্যন্ত নিকটস্থ ; এদিকে অতি সন্নিহিত ; Nearest on this side.

Hitherto, hither-tōō, *ad.* এই স্থানাভিমুখে ; এই স্থান পর্য্যন্ত ; To this place :—অদ্যাবধি ; এখনও , To this time ; until now , as yet.

Hitherward, hither-ward, *a.* এই স্থানাভিমুখে ; এই দিকে ; Toward this place ; hither.

Hive, hiv, *n.* মধুমক্ষিকার বাস ; মধুচক্র ; A box or other place for a swarm of honey-bees to live in , the habitation of a swarm of bees :—মৌমাছির ঝাঁক , A swarm of bees :—জনতাপূর্ণ স্থল ; Crowded or busy place :—জনতা ; Company ; crowd :—*v t.* মৌচাকে রাখা ; To put into to a hive :—সঞ্চয় করিয়া রাখা ; মধুচক্রে সংগ্রহ-কৃ ; To collect and lay up in store ; to collect into a hive : —একত্রে বাস-কৃ ; দলবদ্ধ হইয়া বাস-কৃ ; To take shelter or lodging together ; to reside in collective body. *n*=hiver.

Ho | Hoa, hō, *int. excl.* হো ; মনোযোগ আকর্ষণার্থে

আহ্বান বিশেষ, Stop, hold, attend! a call to excite attention

Hoar, hōr, *a* শুভ্র, বার্দ্ধক্যবশতঃ শুভ্র, White or grayish white, *esp* with age or frost, white or whitish *n*=hoariness

Hoard, hōrd, *n* ভাণ্ডার, সঞ্চয়াগার, ধনরাশী, Treasure, stock, store hidden store —*v t* সঞ্চয়-কৃ, পুঁজি-কৃ, গুপ্তভাবে মজুত-কৃ, To store secretly, to amass and deposit in store —*v i* সঞ্চিত-হ, একত্রিত হইয়া ভাণ্ডার গঠন-হ, To store up to collect and form a hoard. *n*=hoarder *Syn* —(*v*) Accumulate, treasure up, garner, hive, amass

Hoard, hōrd, **Hoarding,** hōrding, *n* গৃহনির্ম্মাণকালে গৃহ ও মাল মসলাদির চারিদিকের বেড়া, A fence inclosing a house and materials while builders are at work.

Hoar-frost, hōr-frost, *n* ঘন-নীহার, নীহার বিন্দু, The white particles formed by the freezing of dew

Hoar-hound, Hore-hound, hōr'-hownd, *n* [লতা বিশেষ উদ্ভিদ্‌বিশেষ, A plant

Hoarse, hōrs *a* [G *heisch*] গলা ভাঙ্গা, রুক্ষ স্বর বিশিষ্ট, কর্কশ শ্রুতিকটু, Having the voice rough, harsh, discordant grating *n*=hoarseness. *ad* =hoarsely *Syn* —Raucous husky, rough

Hoary, hōri, *a* বার্দ্ধক্যবশতঃ শুভ্র, আধুসরযুক্ত, White or gray with age, grayish white, covered with whitish hairs *n*=hoariness

Hoax, hōks *n.* কষ্ট দিয়া তামাসা, ছল, অবজ্ঞা, Deceptive trick a practical joke, a slight —*v t* তামাসা কৃ, প্রতারণা-কৃ To deceive to play a trick upon for sport or without malice *n*=hoaxer *Syn* —Impose on, dupe, befool, gammon, trick

Hob, hob, *n* চক্রের নাভি, The nave of a wheel —লৌহচুল্লীর বিস্তৃত অংশ বিশেষ The flat shelf at the side of a grate where things are placed to be kept warm —গ্রাম্য লোক, চাষা, A rustic, a boor, a clown —পরী, A fairy

Hobble, hobl, *v i* [Diminutive of *hop*] খুঁড়িয়া হাঁটা, কুৎসিতভাবে চলা, To limp awkwardly to walk lamely —*v t* আলগা করিয়া পা বাঁধা To fasten loosely the legs of, to hopple, clog —*n* খুঁড়িয়া চলন, Halting gait —সঙ্কট বিপদ, সমস্যা দায়, A difficulty, perplexity *n*=hobbler *ad*= hobblingly *Syn* —Hault, falter

Hobbledehoy, hobl de hoi, —**tehoy,** *n* বালক, কিশোরবয়স্ক পুরুষ, A stripling, a youth between boyhood and manhood

Hobbly, *a* ছিদ্রময়, Full of holes, rough

Hobby, hobi, **Hobby-horse,** hobi-hors, *n* সবল কর্ম্মঠ অশ্ব, অশ্ব A strong active horse a pony, nag —প্রিয় বস্তু প্রিয় বিষয়, Favourite object, pursuit or play-thing

Ride a hobby—যে খেয়াল চাপে সেই খেয়াল মত কার্য্য-কৃ Follow a favourite pursuit, or that which occupies one unduly

Ride ones hobby or **hobby horse**—কোন বিষয়ে অথবা মনোযোগ দে, এক বিষয়ে বারংবার বলা, To be constantly setting off on one's favourite theme of discourse, to give undue attention to something

Hobgoblin, hob-goblin, *n* ভূত, A frightful apparition. *Syn* —Sprite, spectre, evil spirit.

Hobnail, hobnal, *n* ঘোড়ার পায় নালবন্দী করিবার মোটা মাথা বিশিষ্ট প্রেক, জুতার কাঁটা; A thick headed nail for shoes —চাষা, Boorish fellow, a clownish person. *a*=hobnailed

Hobnob, *ad* মদ্যপান করিবার জন্য পরস্পরাহ্বান, Take or not take—a familiar invitation to reciprocal drinking —*v t* বন্ধু মিলিয়া পান-কৃ বা আহার-কৃ, To drink or feast familiarly

Hobson's choice, *n.* স্বতন্ত্রতাভাব, অনন্যোপায় বা অনন্যগতি, Where there is no alternative

Hock, hok *n.* মদ্যবিশেষ, A Rhenish wine.

Hockey, hoki, **Hooky,** hoki *n* ক্রীড়া বিশেষ, A game at ball played with a hooked stick

Hockle, hokl *v t.* জঙ্ঘার মাংসপেশী কাটিয়া খোঁড়া কৃ, To hamstring

Hocus, hō'kus, *v t* প্রতারণা করা, দূষিত কৃ, To cheat, *to adulterate* —*n* প্রতারক, *One who* cheats *p*=hocussing *pa p* =hocussed

Hocus-pocus, hō kus pō kus, *n* বাজীকরের ভেল্কী, Juggler's trick —বাজীকর, A juggler —*v t* প্রতারণা কৃ, To cheat

Hod, hod *n.* গামলা, ইষ্টকাদি বহনার্থ ব্যবহৃত কাষ্ঠাধার, Tray with a long handle for mortar

Hoddengray, hodngrā *n* একপ্রকার সাদা মোটা পশমী কাপড়, Coarse cloth made of undyed wool in its natural state

Hodge-podge, hojpoj, *n.* [F *hock pot* from *hocher* to shake and *pot*, pot] নানা দ্রব্যের মিশ্রণ, A mixed mass, a medley of ingredients *Syn* —Farrago miscellany olio, ollapodrida, gallimaufry hotch-potch

Hodman, hodman, *n* রাজের মজুর যোগা A man who carries a hod, a mason's tender, a mason's labourer

Hodometer, ho-dome-tér *n* [Gr *hodos*, a way and *metron* a measure] চক্রগতির সংখ্যা রাখিবার জন্য অক্ষদণ্ডে সন্নিবিষ্ট যন্ত্রবিশেষ, An instrument attached to the axle of a vehicle to register the revolutions of the wheels

Hoe, hō *n.* কৃষকের যন্ত্র কুদাল, Husbandman's tool —*v t* কোদালি দ্বারা তৃণ পরিষ্কার কৃ কুদাল দ্বারা কাটা, জঙ্গল পরিষ্কার-কৃ আগাছা পরিষ্কার-কৃ To cut or clean with a hoe to weed —*v t* কোদালি ব্যবহার কৃ, To use a hoe, to labour with a hoe *n*=hoer

Hog, hog, *n* শূকর, ছিন্নমুষ্ক শূকর, শূকর শাবক, A swine, a castrated boar, a pig —নীচ লোক A mean filthy or greedy fellow —*v t* চুল ছাঁটা, লোম ছাঁটা, To cut short the hair of —*v i* বক্র-হ, To become bent upon in the middle like a hog's back

Drive the hogs—নাক ডাকা, Snore

To go the whole hog—অনেক দূরে যা, To be thorough-going in anything

Hoggerel, hog'er-el *n* দুই বৎসরের ভেড়া, A sheep of the second year

Hogget, hog et *n* দুই বৎসরের শূকর, এক বৎসরের ঊর্দ্ধবয়স্ক মেষ বা অশ্বশাবক, A young boar of the second year, sheep or colt after it has passed its first year

Hoggish, hog'ish, *a* ময়লাযুক্ত সমল, অপরিচ্ছন্ন, Brutish, filthy, swinish —স্বার্থপর, Selfish. *ad*=

hoggishly. *n*=hoggishness. *Syn* :—Greedy, gluttonous, selfish.

Hog-herd—শূকর-পালক ; A keeper of swine.

Hog-ringer, hog'-ring'ėr, *n.* যে ব্যক্তি শূকরের নাসিকায় অঙ্গুরীয়ক লাগাইয়া দেয়, One who puts rings into the snouts of hogs.

Hogshead, hogz̍hed, *n.* পরিমাণ বিশেষ ; An old measure=about 52½ imperial gallons or 63 wine gallons :—বড় পিপা , A large cask.

Hog's lard, hogz̍-lärd, *n.* শূকরের চর্ব্বি ; The melted lard of the hog ; the fat of the hog or swine.

Hog-sty, *n.* শূকরশালা ; A pen or house for [swine.

Hoiden Hoyden, hoi'dn, *n.* [W. *hoeden*, flirt] অবিনীতা বালিকা ; চঞ্চলা বালিকা ; A flirt ; a rude girl, a romp ; a rude :—*a.* অসভ্য, প্রগল্ভ ; Rude, rustic ; bold :—*v. i.* অস্বাভাবিক বা কুৎসিতভাবে লাফালাফি কৃ ; To romp rudely or indecently. *Syn* —A romph, tomboy.

Hoist, hoist, *v. t.* উত্তোলন-কৃ ; তোলা , To heave ; lift ; raise ; elevate :—*n.* উত্তোলন ; That by which anything is hoisted , the act of raising : - পতাকার বা পালের উচ্চতা , The height of a flag or sail.

Hoist with his own petard, Hoist by one's own petard—আপনার ফাঁদে পড়া ; নিজের চক্রে জড়িত বা নিজে ধরা পড়া ; Beaten with his own weapons ; caught in his own trap ; be caught in one's own toils or net.

Hoist-toity, hoi'ti-toi'ti, *a.* চঞ্চল , লঘুচিত্ত ; Thoughtless, giddy, flighty, noisy :—*int.* বিস্ময় ও ঘৃণাসূচক আক্ষেপ , An exclamation, denoting surprise with some degree of contempt.

Hold, hōld, *v t.* [A S. *healdan*] গ্রহণ-কৃ ; To grasp :—দমন-কৃ ; To restrain :—দখল-কৃ ; To possess ; to occupy :—অধিকারে বা আধিপত্যে রাখা ; To maintain possession of or authority over .—আবদ্ধ কৃ ; To confine ,—বদ্ধ কৃ , To bind :—ধারণ-কৃ ; To contain :—রক্ষা-কৃ ; To keep ; to defend :—বিবেচনা-কৃ ; অনুমান-কৃ ; To esteem ; think :—সম্পাদন-কৃ ; স্মরণীয়-কৃ ; To do ; to celebrate :—উঠিয়া পড়িয়া লাগা , অবিরত যত্নবান হইয়া কার্য্য-কৃ ; ক্রমাগত চালান ; To persist in ; carry on ; continue .—গ্রহণ-কৃ ; To accept an opinion :—বিবেচনা-কৃ ; Consider, regard account ; esteem :—*v. i.* অটল হইয়া থাকা ; দৃঢ় হইয়া থাকা ; To remain fixed :—স্থির থাকা ; অবিচলিত থাকা ; To be true or unfailing :—অদমিতভাবে থাকা ; অবিভিন্ন বা অবশীকৃত থাকা ; To continue unbroken or unsubdued :—লাগিয়া থাকা ; To adhere ; to cleave :—স্বত্ব প্রাপ্ত-হ ; অধিকার লাভ-কৃ ; To derive right :—*n.* গ্রহণ ; ধারণ ; Seizure :—গ্রহণ-শক্তি , Power of seizing :—অবলম্বন ; Support :—অধিকার ; Authority ; claim :—দুর্গ ; Stronghold ; a fortified place :—কারাগার ; আবদ্ধ করিবার স্থান ; Prison , a place of confinement :—ক্ষমতা ; Influence , ascendency. *Syn* :—(*v*) Gripe, clutch, clinch ; retain, possess, have, occupy ; restrain, detain, imprison ; bind, fasten, connect ; stop, stay, arrest, detain, suspend ; maintain, support, prosecute ; embrace, entertain, cherish , regard, consider, esteem, count , contain, admit, take in, receive ; celebrate, solemnize ; be firm, remain, last ; cling to, stick, cleave ; be derived ; think, believe ; stand, prove good. (*n*) Grasp, gripe ; stay ; footing, vantage, ground ; confinement, custody ; fort, fortress. *n*=holder.

Have a hold in—দাবি দাওয়া থাকা ; Have a claim upon :—দখল থাকা . Be firmly fixed in :—প্রভুত্ব বা ক্ষমতা থাকা ; Have influence over.

Hold a candle to—সমান-হ , Be equal to.

Hold and corner—লুকান চুরান বিষয় ; Clandestine ; underhand.

Hold back or **back from**—দমন-কৃ , Restrain.

Hold by—সমর্থন-কৃ ; Maintain.

Hold fast—শক্ত করিয়া ধরা ; Keep tight.

Hold forth—বক্তৃতা-কৃ ; Harangue :—প্রস্তাব-কৃ ; উত্থাপন-কৃ ; Propose ; put forward.

Hold from or **in**—দমন-কৃ ; Restain.

Hold good—সত্য-হ ; Hold true :—ঠিক খাটা , সঙ্গত হওয়া ; Be of validity.

Hold in—দমন-কৃ ; Restrain.

Hold of—Derive title from.

Hold off—দূরে রাখা ; তফাতে থাকা ; Keep at a distance , keep aloof.

Hold off from—নিবৃত্ত থাকা ; Refrain from.

Hold on—ক্রমাগত-কৃ ; চলা ; নিবৃত্ত না-হ ; Continue ; proceed in ; go on :—আক্রান্ত হইয়াও না হঠা ; নিজের কোট্ বজায় রাখা , Continue to maintain one's ground without falling off :—বিপদে অটল থাকা ; Keep oneself up.

Hold one's breath—(ভয়ে বা কোন কারণে) দম বন্ধ-কৃ , Listen breathlessly and anxiously ; cease respiring for a moment or two through great excitement.

Hold one's ground—(আক্রান্ত হইয়াও) আপনার স্থান না ছাড়া বা আপনাকে রক্ষা-কৃ ; Maintain one's position against opponents :—সমকক্ষ হইয়া সমান সমান-থা , Compete successfully.

Holds one's own—আপনার স্থান বা পদ না ছাড়া ; Not to lose ground.

Hold one's tongue—চুপ করিয়া থাকা ; কথা না [কহা ; Keep quiet.

Hold out—সম্মুখে ধরা ; প্রস্তাব-কৃ , Offer ; give or make an offer ; put forward :—বশীভূত না-হ ; অন্যের নিকট বশ্যতা স্বীকার না করা ; Not to yield ; not to give way .—স্থায়ী-হ . টেঁকা ; Maintain one's strength ; last :—সহ্য-কৃ ; Continue to suffer, endure.

Hold out against—আপনাকে রক্ষা-কৃ ; নিজের কোট্ বজায় রাখা ; Maintain oneself against.

Hold out a hope—(সম্ভাবনা আছে বলিয়া) আশা-দে ; Give or offer hopes.

Hold out a promise—(নিশ্চয়ই করিব বা হইবে বলিয়া) আশা-দে , Give assurance.

Hold out a threat—(কিছু করিব বলিয়া) ভয় দেখান ; Express a determination to inflict punishment or loss.

Hold over—নির্দ্দিষ্ট সময়ের অধিক স্বপদে থাকা ; নির্দ্ধারিত সময়ের অধিককাল ভূম্যাদি অধিকারে রাখা ; To remain in office, possession, beyond the regular term ; to keep possession of land or a house beyond the term of agreement.

Hold to—দৃঢ়রূপে লাগিয়া থাকা , জড়িয়া ধরিয়া থাকা ; Fix to , keep to , cling to .—কোন ব্যক্তির পক্ষ-হ ;

মতাবলম্বী-হ ; To take sides with a person or opinion. [from

Hold under—Be a tenant of, have a title

Hold up as a model—অনুকরণ-যোগ্য বলিয়া সকলের সমক্ষে আনা, Put one forward as worthy of being imitated

Hold up one's head—মাথা তুলিয়া থাকা, উন্নতি-কৃ ; Keep oneself up, prosper.

Hold up one's head high—উঁচু চালে চলা, Look big, assume a proud demeanour.

Hold up to, Hold up as—(প্রশংসা বা নিন্দার) যোগ্য বলিয়া সাধারণের সমক্ষে তুলিয়া ধরা অর্থাৎ সকলের গোচর কৃ, Present to public view as being deserving of. [efficacious

Hold water—কার্য্য-হ, ঠিক খাটা, Be sound, be

Hold with—লাগিয়া থাকা, Adhere to, take sides with a person or opinion

Lay hold of, Lay hold on—ধরা, Seize

Not fit to hold a candle—কোড়ে আঙ্গুলের যোগ্য নহে, Be very inferior to one. [traint

Hold-back, *n* বাধা, Check, hindrance, res-

Hold-fast, hōldfast, *n* আঁকড়া, লাল পেরেক A catch, hook &c to secure something else, a long nail

Holden, old *pa. p* of *hold*.

Holder, hōlder, *n* দখলকারী, One who or that which holds, an occupier *Syn* —Owner, possessor, proprietor clip clasp

Holding, hōlding, *n* জোত জমা, ক্ষেত্র ; Tenure · —ক্ষমতা, প্রভাব Hold, influence, power

Hole, hōl, *n* [A S *hol*] গহ্বর, গর্ত An opening in a solid body aperture —ছিদ্র, গহ্বর, A cave, den —অপ্রশস্ত অন্ধকারময় সঙ্কীর্ণ আবাস A low, narrow, dark lodging, a mean habitation —*v t* গর্ত নির্ম্মাণ-কৃ, গহ্বর মধ্যে চালাইয়া দেওয়া, To make holes in, to drive into a hole —গর্ত্তে প্রবেশ কৃ ; To go into a hole *Syn* —(*n*) Perforation, opening, hollow, concavity, pit, cell, hovel, kennel, mean habitation.

Pick a hole in one's coat—কাহার দোষ অনুসন্ধান করা, Find fault with one

Holiday, hole-dā, *n* পর্ব্ব, উৎসব দিন, অবকাশ দিন, Day of mirth and sport —*a* আনন্দজনক, Joyous, gay *Syn* —(*n*) Feast, festival

Holiness, hō le-nes, *n.* পবিত্রতা, সাধুতা, Sanctity, moral goodness —পোপের উপাধি, A title of the Pope. *Syn* —Godliness, religiousness, righteousness, purity, piety, moral perfection, divineness, sacredness

Holla, hola, **Hollo, Holloa,** holō, *int* শুন, এই যে, Ho, here, attend —*n.* উচ্চস্বরে আহ্বান, চীৎকার, A loud call, a shout .—*v. i.* উচ্চস্বরে ডাকা, To call out

Holland, holand, *n.* বস্ত্র বিশেষ, হলাণ্ড দেশজাত কার্পাস নির্ম্মিত বস্ত্র, A kind of linen first made in Holland [মদ্য, Gin made in Holland

Hollands, holands, *n* মদ্য বিশেষ, হলাণ্ড দেশজাত

Hollow, holō, *a* ফাঁপা, Not solid —শূন্যগর্ভ, Vacant, sunken —অসরল, কপট, Insincere, unsound —*n.* গর্ত, A hole —গহ্বর, A cavity, pit : —অবনত স্থান, A depressed part of a surface :—ছিদ্র, প্রণালী, A groove, a channel —*v. t.* খনন-কৃ, To excavate —*ad.* সম্পূর্ণরূপে, Wholly. *n*—hollowness. *Syn* —(*a*) Concave, sunken, empty, void, deceitful, insincere, faithless, treacherous, false, deep, low, rambling (*n*) Depression, low place, dent, cavern, excavation, concavity, den, channel, canel (*v*) Scoop, groove, cry aloud, vociferate.

Hollow-eyed, *a* Having sunken-eyes.

Hollow-hearted, holō-hārted, *a.* কপট, অবিশ্বাসী, বিশ্বাসঘাতক, Faithless, treacherous, insincere.

Hollowness, holō-nes, *n.* শূর্ণগর্ভতা, গহ্বর, The state of being hollow, cavity —কপটতা, বিশ্বাসঘাতকতা, Insincerity, treachery

Holly, holi, *n.* লতা বিশেষ, চিরহরিৎ গুল্ম বিশেষ, An evergreen shrub [বিশেষ, A plant

Holly-hock, holi-hok, *n.* লতা বিশেষ, উদ্ভিদ

Holm, hōlm, *n* দ্বীপ, নদ-দ্বীপ, An islet or river isle —নদীতীরস্থ অনুচ্চ ভূমি, নদীতীরবর্ত্তী উর্ব্বর ক্ষেত্র, A low flat tract of rich land on the banks of a river, rich land near a river —ওক বৃক্ষ, The evergreen oak

Holoa, *int* চীৎকার-কৃ, To call out or exclaim —*n* চীৎকার,—A loud shout —*v. i* উচ্চৈঃস্বরে ডাকা, To cry loudly to one at a distance

Holocaust, holo kawst, *n* হোম, A burnt sacrifice or offering wholly consumed by fire —হত্যাকাণ্ড, A great slaughter

Holograph, ho'lo graf *n* [Gr *holos*, whole, and *graphο* to write] স্বহস্তলিখিত দলিল, দলিলকর্তার স্বহস্ত লিখিত দলিল, Deed written by the hand of the signer, a deed or testament wholly written by the grantor or testator's own hand. *a* holographic

Holometer, hol-omet-ér *n* [Gr *holos* whole, and *metron*, measure] সকল প্রকার মাপ লইবার যন্ত্র বিশেষ, Pantometer, an instrument for taking all kinds of measures.

Holpen, hōlpn, old *pa p* of help

Holster, hōlster, *n* [Dut *holster* a pistol-case] পিস্তল রাখিবার চর্ম্মাধার Case for pistols, a cover for a pistol *a*=holstered

Holt, hōlt, *n.* বন, বনময় পাহাড়, A wood or woody hill —আশ্রয় স্থান A hole or other place of security —নদীমধ্যস্থ মৎস্যগণের আশ্রয়ভূত সুগভীর গহ্বর, A deep hole in a river, where there is protection for fish.

Holy, hō'li, *a* ধার্ম্মিক, নিষ্পাপ শুচি, পবিত্র, Hallowed, religious, pure, sacred. *Syn* —Immaculate, good, pious, devout, spiritual, consecrated *ad*=holily.

Holy-day, hō'li dā, *n.* উৎসব, ধর্ম্মোৎসব, পর্ব্বদিন, A festival, a religious festival, a holi-day

Holy-ghost, hō'li-gōst, **Holy-spirit,** hō'li-spir'it, *n.* [A S *halig*, holy, and *gast*, spirit] পবিত্রাত্মা, The third person of the Trinity *Syn* —The spirit, Comforter, Consoler, Sanctifier, Paraclete

Holy land —স্বর্গভূমি, পুণ্যভূমি, Palestine.

Holy of holies, *n.* মন্দিরের অভ্যন্তর, The innermost apartment of the Jewish tabernacle or temple, where the ark was kept.

Holy office, hō'li-of'is, *n* পোপের বিরুদ্ধমতাবলম্বীদিগের দমনার্থ স্থাপিত বিচারালয়, ধর্ম্মসম্বন্ধীয় বিচারালয়, The inquisition

Holy One, hō'liwun, *n.* ঈশ্বর, খৃষ্ট, The Almighty, Christ.

Holy orders, hō'li or'ders, *n pl* ধর্ম্মযাজকমণ্ডলী, পুরোহিতবর্গ, The several ranks of the ministry, the Christian ministry

Holy-rood, hō'li-rōōd, *n* রোমান ক্যাথলিক ধর্ম্মমন্দিরের বেদীমণ্ডপে প্রবেশদ্বারের উপরিভাগে সংস্থাপিত ক্রুশ, ক্রুশে বদ্ধ যিশুর মূর্ত্তি, Crucifix, the holy cross in Roman Catholic churches over the entrance to the chancel

Holy rood day, *n* 14th September.

Holy-stone, hō'li-ston, *n* জাহাজের পাটাতন পরিষ্কারার্থ ব্যবহৃত প্রস্তরবিশেষ, Soft stone to scrub decks, a stone used by seaman for cleaning the decks —*v t* উক্ত প্রস্তর দ্বারা মার্জ্জন কৃ, To scrub with a holy stone

Holy Thursday, hō'li thur'dā, *n* খ্রীষ্টের স্বর্গারোহণ স্মারক খ্রীষ্টানদিগের পর্ব্বদিন, Ascension day, the day on which the ascension of Christ is commemorated, ten days before Whit suntide

Holy war, *n.* ধর্ম্মযুদ্ধ, A war undertaken with view of crushing the enemies of the church—usually restricted to one of the crusaders

Holy-water, hō'li waw'ter, *n* পবিত্র জল, Water consecrated by the priest

Holy-week, hō'li-wēk, *n* খৃষ্টের ক্লেশভোগ-স্মারক খৃষ্টানদিগের পর্ব্ব সপ্তাহ The week before Easter in which the passion of Jesus is commemorated, passion week

Holy-writ, hō li-rit, *n* খ্রীষ্টানদের ধর্ম্মপুস্তক, The sacred scriptures the Bible

Homage, hom'āj, *n.* [L *homo*, a man] অধীনতা স্বীকার, প্রভুভক্তি, Service paid to a superior, act of fealty —পূজা সম্মান, প্রেম, ভক্তি, Respect, devout affection —ঈশ্বর-ভক্তি, Reverence directed to the supreme being *Syn* —Fealty, obeisance, allegiance, loyalty fidelity, respect submission, deference, duty, service, honour, cultus, worship

Home, hōm, *n* গৃহ, আবাস, One's own dwelling, abode, place of residence —স্থান, Seat, as of war —বাসভূমি, বাসস্থান, স্বদেশ, Place or country in which one dwells —*a* গৃহসম্বন্ধীয়, স্বদেশসম্বন্ধীয়, গার্হস্থ্য, Pertaining to one's dwelling or country domestic —কঠোর, সুতীক্ষ্ণ, Close, severe pointed.—*ad* নিকটে, ঠিক, Close, closely, to the point. *a*=homeless *n*=homelessness *Syn* —(*n*) Tenement, dwelling, abode, residence, domicile, habitation. (*a*) Domestic, home-born, direct, poignant

At home—ঘরে, নিজের বাটীতে; In one's own home —নিজের দেশে, In one's own country

At home and abroad—ঘরে বাহিরে, দেশ বিদেশে, In one's own country and elsewhere

Be at home—অভ্যস্ত হওয়া, On any subject, be familiar

Be at home in—কোন বিষয়ে দক্ষ বা পটু হওয়া, Be conversant with or skilful in (some subject)

Be at home with—কোন লোকের সহিত ঘরের লোকের মত মেশা; Be thoroughly familiar with (some person).

Bring home—হৃদয়ঙ্গম-কৃ, Bring home to, to apply, to make personal, to cause one to feel the force of, make one fully sensible of, convict one of —স্পষ্ট প্রমাণ-কৃ, Prove conclusively.

Come home—হৃদগত হ, To come close, to touch the feelings, interest or reason —(Naut) প্রবল ঝটিকা বা তরঙ্গ আঘাতে (নঙ্গর) ভূমি হইতে সরিয়া যা, To become loosened from the ground by the violence of the wind or current —said of the anchor

Feel oneself at home—নিজ বাটীতে থাকিলে যেমন স্বচ্ছন্দ বোধ হয় তেমনি স্বচ্ছন্দ বোধ-কৃ, (বাঁধ বাঁধ না ঠেকা), Feel oneself comfortable and happy (as one is at home).

Make oneself at home—ঘরের মত ব্যবহার করা বা থাকা, Make oneself as comfortable and easy (as one is at home).

Home-born, hōm'born, *a* গৃহজ, স্বদেশীয়, Domestic, native —স্বাভাবিক, Natural

Home-bred, hōm-bred, *n* স্বদেশীয়, গার্হস্থ্য, গৃহজ Native domestic —সামান্য, গ্রাম্য, অসংস্কৃত, Plain, not polished, unpolished

Home department, *n* Department of government having charge of internal affairs.

Home-farm, hōm-farm, *n* বাসগৃহের সন্নিহিত খামার, The farm near the homestead.

Home-felt, hōm-felt, *a* আন্তরিক, হৃদগত, আভ্যন্তরিক, Inward, private.

Home-keeping, *a* গৃহবাসী, Staying at home.

Homeless, *a.* গৃহশূন্য, Without a home.

Homely, hōm'li, *a* গৃহজ, গার্হস্থ্য, Domestic —অপরিষ্কার, কদাকার, Coarse, home-spun, rude. —গ্রাম্য, অসংস্কৃত, সাদাসিদে, অসুন্দর সামান্য, Unpolished, of plain texture, of plain features, not handsome plain —সুপরিচিত Familiar. *Syn* —Unpolished, home-spun, inelegant, uncomely not handsome, everyday, familiar. *n*=homeliness *ad*=homelily

Homelyn, homel in *n* মৎস্য বিশেষ, A species of ray, found on the British coasts

Home-made, hōm-mād, *a* গৃহজাত, Made at home —স্বদেশ-জাত Made in one's own country: —সাদাসিদে, সরল, Plain

Home-rule, hōm rōōl, *n.* আত্মশাসনাধিকার, আয়লণ্ডের স্বায়ত্ত শাসনাধিকার The right to a Parliament distinct from the imperial for the management of their home-affairs claimed by a section of the Irish people, in Ireland, a form of home government claimed by the league so called, the chief feature of it being a separate parliament for the management of internal affairs.

Home-sick, hōm-sik *a* গৃহবিরহাতুর, গৃহবিরহার্ত; Depressed in spirits by separation from home. *n*=homesickness

Home-spun, hōm'spun, *a.* গৃহসূত, গৃহজাত; দেশীয়, Spun or wrought at home; native — সামান্য, অসুন্দর, Coarse, plain, inelegant —*n.* গৃহজাত বস্ত্র, দেশী কাপড়, Cloth made at home — চাষাড়ে লোক, A clown. *Syn* .—(*a*) Home-made, plain, homely, coarse, rude

Home-stall, hōm'stawl, **Home-stead,** hōm'sted, *n.* বাস্তুভূমি, আবাস ভূমি, Place of the home-

house with neighbouring land :—উৎপত্তি স্থান, Place of origin.

Home-thrust, *n.* মর্ম্মে আঘাত; A severe or effective blow.

Homeward, hōmward, *ad.* গৃহাভিমুখে ; স্বদেশাভিমুখে ; Toward one's habitation or country :—*a.* গৃহাভিমুখ, Being in the direction of home.

Homeward-bound, hōmward-bownd, *a.* গৃহগমনোন্মুখ, Bound for home or to one's native land [ward home.

Homewards, hōmwardz, *ad.* গৃহাভিমুখে ; To-

Homeopathic, hō-me-o-pathik, *a.* হোমিওপ্যাথি (সদৃশ) চিকিৎসা সম্বন্ধীয় ; Of or pertaining, to *homeopathy.*

Homeopathist, hō-me-op'a-thist, *n* সদৃশ ব্যবস্থানুসারে চিকিৎসক, হোমিওপ্যাথি চিকিৎসাভিজ্ঞ বা চিকিৎসক ; One who believes in or practises homeopathy.

Homeopathy, hō-me-op'a-thi, *n.* [Gr. *homoios,* like, *pathos,* feeling] সদৃশ চিকিৎসা ; The system of curing diseases by small quantities of those drugs which excite symptoms similiar to those of the disease *a*—homeopathic.

Homer, hō'mer, *n* হিব্রু পরিমাণবিশেষ ; A Hebrew measure containing, as a liquid measure, about 2 barrels, as a dry measure, 8 bushels.

Good Homer sometime nods—সকলকার ভুল হইবার সম্ভাবনা, We are all apt to make mistakes

Homeric, hō-mer'ik, *a.* কবি হোমর সম্বন্ধীয়, হোমরের কবিতাসম্বন্ধীয় বা তৎসদৃশ, Pertaining to Homer, the great poet of Greece ; pertaining to or resembling the poetry of Homer.

Homicidal, homi-sid-al, *a.* জিঘাংসু ; নরহত্যাসম্বন্ধীয়, Pertaining to homicide, murderous, bloody.

Homicide, home-sid, *n* [L. *homo,* man, and *caedere,* to kill] নরহত্যা ; Man-slaughter — হত্যাকারী ; নরহন্তা ; Man-slayer. *Syn* .—Murder ; manslayer, murderer.

Homiletics, hom-i-letiks, *n.* ধর্ম্মোপদেশ প্রণয়ন ও প্রচার করিবার কৌশল ; ধর্ম্মোপদেশ-বিজ্ঞান, The art of preparing and delivering homilies *a*=homiletic, homiletical. [preaches to a congregation.

Homilist, homi-list, *n.* ধর্ম্মোপদেষ্টা, One who

Homily, homi-li, *n.* [Gr. *homilia,* an assembly] ধর্ম্মোপদেশ, ধর্ম্মপ্রবন্ধ ; ধর্ম্মবিষয়ে কথোপকথন, Religious discourse ; a plain and familiar sermon, a serious discourse. *a*=homeletic, homiletical. *Syn* :—Lecture, sermon, address.

Hominy, homi-ni, *n.* জলসিদ্ধ ভুট্টাচূর্ণ ; Maize hulled and broken, prepared for food by boiling with water :—ভুট্টা, Food of boiled maize.

Hommock, homuk, *n* ক্ষুদ্র পাহাড় ; A hillock or small conical eminence.

Homocentric, hō-mo-sentrik, *a.* [Gr. *homos,* same, *kentron,* centre] এককেন্দ্রী ; Having the same centre.

Homœpathy &c.—See *Homeopathy.*

Homogeneal, hō-mo-je'ni-al, **Homogeneous,** hō-mo-jē'ni-us, *a.* [Gr. *homos,* one, same, and *genos,* kind] সমজাতীয়, একজাতীয় ; Of the same kind or nature. *ns*=homogeneousness, homogeneity. *Syn* .—Cognate, congenial, kindred, akin, uniform.

Homologate, hō-molo-gāt, *v. t.* [Gr. *homos,* the same, and *lego,* to say] অনুমোদন-কৃ ; To say the same ; to agree ; to approve, to allow. *n*=homologation.

Homologous, hō-molo-gus, *a.* [Gr. *homos,* the same, and *lego,* to say] একজাতীয় ; একমত ; অনুরূপ ; সমানুপাত, Having the same relative position, proportion, value or structure.

Homologue, homo-log, *n.* পরস্পর অনুরূপ বস্তু, That which is homologous.

Homology, hō-molo-ji, *n.* ঐক্যমত, অনুরূপতা, গঠনসাদৃশ্য ; The quality of being homologous, *a*=homological.

Homonym, homo-nim, *n* [Gr. *homos,* the same, and *onoma,* name] ভিন্নার্থবোধক সমোচ্চারণ শব্দ, A word having the same sound, but a different meaning.

Homonymous, hō-moni-mus, *a.* দ্বিভাবাত্মক অভিন্ন-সংজ্ঞ অথচ দ্বিভাবাত্মক ; দ্ব্যর্থবোধক, Having different significations, ambiguous, equivocal *a*=homonymously.

Homonymy, ho-monimi, *n.* দ্ব্যর্থ, ভিন্নার্থবোধক একনামতা, দ্ব্যর্থবাচকতা, Sameness between word which differ in signification, ambiguity.

Homophone, homo-fon, *n.* [Gr. *homos* same, *phone,* sound] সমোচ্চারণবিশিষ্ট বর্ণ, A letter or character, expressing a like sound with another.

Homophonous, hō-mof'o-nus, *a.* সমোচ্চারণবিশিষ্ট, Expressing the same sound. *n*—homophony.

Homotype, homo-tip, *n.* [Gr. *homos,* the same, *typos,* type] ভিন্ন পদার্থের সহিত এক মৌলিক আদর্শে বিনির্ম্মিত পার্থক্য সমন্বিত বস্তু, That which has the same fundamental type of structure with something else.

Hone, hōn, *n* শান দিবার পাথর, শান, Fine whet stone .—*v. t.* শান-দে, To rub or sharpen on hone.

Honest, *onest, a* [L. *honestus, from honor,* honour] ন্যায়পর, সৎ, অকপট, ছলশূন্য, সরল, সত্যপ্রিয়, Frank, chaste, upright, true ; just *Syn* —Reputable, creditable, equitable, rightful proper, fair, conscientious, trusty, faithful candid, straightforward, sincere. *ad*=honestly

Honesty, ones-ti, *n.* সাধুতা, ন্যায়পরতা ; সততা, সরলতা, Integrity ; candour ; an upright disposition. *Syn* :—Probity, uprightness, trustiness, faithfulness, honour, justice, equity, fairness, plain dealing ; veracity.

Honesty is the best policy—সততাই সুন্দর উপায়, অর্থাৎ কাজকর্ম্মে উন্নতির যদি কোন বিশেষ পন্থা (ফিকির) থাকে, সততাই সর্ব্বপ্রধান ; In the transaction of business there is no policy so good as the policy of being honest in word and deed.

Honey, huni, *n.* মধু ; Sweet substance made by bees .—মধুরতা ; Sweetness :—*v. t.* মিষ্ট-কৃ, মধুর-কৃ ; প্রীতিপ্রদ-কৃ, To sweeten ; to make agreeable .—*v. i.* মিষ্ট কথা বলা, তোষামোদ-কৃ ; To talk fondly, to fawn.

Honeyd, Honied, hunid, *a* মিষ্ট মধুর, Sweet
Honey-comb, huni-kōm, *n.* মধুচক্র, মৌচাক, Cells of the bee
Honey-combed, huni-kōmd *a* মধুচক্র সদৃশ ক্ষুদ্র ক্ষুদ্র গহ্বর সমন্বিত, Having little flaws or cells like honey combs.
Honeydew, huni-dū *n* গ্রীষ্মকালে বৃক্ষপত্র-বিনিঃসৃত সুমিষ্ট রস, Sweet substance found in small drops like dew on the leaves of plants —গুড় মিশ্রিত এক প্রকার তামাক, A kind of tobacco moistened with molasses
Honey-moon, huni moon, **Honey-month,** huni munth *n* বিবাহের পর এক মাস, বিবাহের পর বর্তী প্রথম মাস মধুমাস, The first month after marriage the time after marriage spent away from home.
Honey-mouthed, huni-mowthd, *a.* মিষ্টভাষী, মধুমুখ Soft speaking soft in speech
Honey-suckle, huni suk l, *n.* লতা বিশেষ Woodbine a climbing shrub [in speech
Honey-tongued, huni tungd, *a* মিষ্টভাষী, Soft
Honour, onur *n* [L *honor honos*] সম্মান, ভক্তি Respect esteem veneration, reverence —যশ Reputation —গুণমর্যাদা, Esteem due or paid to worth —সচ্চরিত্রতা Excellence of character উচ্চপদ High rank exalted rank dignity সতীত্ব, Female chastity —সম্মানসূচক পদ সম্মানসূচক উপাধি A title of respect —*p* [illegible] উপাধি বা পারিতোষিক, বিশ্ববিদ্যালয়ে পুরস্কার বা সম্মান Academic prizes or distinction —পঘন [illegible] উচ্চ অঙ্কের তাস The four highest cards in games —জন্ম বা পদের অধিকার প্রাপ্ত সামর্থ্য Privileges of rank or birth civilities paid —*v t* সম্মান কৃ, To respect —পূজা কৃ To adore revere —পাদাব্রতি কৃ, মহিমান্বিত কৃ Elevate in rank to dignify —যথা সময়ে প্রতিগ্রহ ও পরিশোধ কৃ (হুণ্ডি প্রভৃতি) গ্রাহ্য করিয়া সময় মত টাকা দেওয় Accept and pay when due *Syn* —(*n*) Respect consideration, credit glory renown fame dignity distinction, elevation rank polity honesty integrity rectitude ornament boast (*v*) Exalt, reverence venerate esteem commemorate, celebrate observe, accept and pay. *a*—honourless honoured
A point of honour—যাহা না করিলে মানহানি হয় যাহা করিলে মান বজায় থাকে না A matter which is looked upon as involving questions of character and reputation, a matter to do which is looked upon as honourable and to abstain from which is considered dishonourable
A sense of honour—ন্যায়বুদ্ধি, মানাপমান জ্ঞান, A sense of what is right, proper and honourable with a course of life correspondent thereto
An affair of honour—দ্বন্দ্বযুদ্ধ দ্বারা যে বিবাদের নিষ্পত্তি হয়, মানাপমানের বিষয় মীমাংসা করণার্থ দুইজনে যুদ্ধ কৃ A dispute to be decided by a duel
Code of honour—Certain rules by which social intercourse is regulated among persons of fashion.
Debts of honour—যে দেনা আইন অনুসারে আদায় হয় না Debts contracted by betting, gambling or verbal promise
Do honour to—কাহারও পক্ষে সম্মানের বিষয়-হ, Be creditable to, reflect credit on —সম্মান প্রদর্শন-কৃ, Treat with respect
Do the honours of—অভ্যাগত ব্যক্তির প্রতি ঘরের কর্তার ন্যায় যত্ন দেখান, Show civility and attention to guests in the manner of a host
Honours of war—পরাজিত শত্রুকে সম্মান প্রদান: Distinctions granted to a vanished enemy
In honour of—কোন বিশেষ ঘটনা উপলক্ষে বা কোন সম্মানযোগ্য লোকের সম্মানার্থ কোন সম্মানসূচক কার্য্য, By way of marking or glorifying (some important occurrence or person).
Laws or code of honour—ভদ্রসমাজে যে সকল ভদ্রতার নিয়ম প্রচলিত আছে, Certain rules and regulation, which prevail in fashionable society
On ones honour, Upon ones honour—ধর্মতঃ, নিজের মান পণ করিয়া, দিব্যি করিয়া বলা, On the sake of one's reputation for integrity, on the pledge of one s honour
Pay honours to—সম্মান প্রদর্শন-কৃ, Show respect to
To do the honours—অতিথি সৎকার কৃ, নিমন্ত্রিত ব্যক্তিগণকে সম্মান প্রদর্শন কৃ, To show attention to a guest, to pay respect and attention to guests in the manner of a host as at a private or public dinner.
Honorarium, hon ur ā'ri um, *n* পারিতোষিক, ব্যবসায়ীর পারিশ্রমিক, A voluntary fee paid to a professional man for his service.
Honorary, oner-ar e *a.* অবৈতনিক, সম্মানজনক, Done for honour and not for payment —*n* পারিশ্রমিক উপঢৌকন A fee, a present *Syn* — Titular nominal formal unofficial
Honourable, oner-a bl, *a* মান্য মাননীয়, সম্মানাস্পদ, Worthy of honour —মাননীয় বিখ্যাত Illustrious —সম্মান জ্ঞান দ্বারা প্রণোদিত, সম্মান [illegible] প্রণোদিত Actuated by principles of honour — সম্মানবিধায়ক, সম্মানপ্রদ, Conferring honour — উচ্চপদস্থ লোকের উপযুক্ত, পদস্থ জনোচিত Becoming men of exalted station —সম্মান [illegible] দ্বারা কৃত Performed or accompanied with marks of honour —অনধম, Not base —সম্মানসূচক উপাধি উপাধি An epithet of respect or distinction *Syn* —Noble renowned upright, honest, principled, conscientious just, true virtuous, reputable estimable, equitable right, proper, fair *n*=honourableness, *ad*=honourably
Honourableness, onur a bl-nes, *n.* প্রাধান্য; খ্যাতি Eminence —সাধুতা, ন্যায়পরায়ণতা, Conformity to the principles of honour, fairness.
Honourless, *a* মানহীন, Without honour
Hood, hood, *n* শিরস্ত্রাণ মস্তকাবরণ, Covering for the head cowl —উপাধি-পরিচ্ছদের পশ্চাদ্বর্ত্তী অলঙ্কৃত অংশ বিশেষ An ornamental fold at the back of an academic gown —*v t* শিরস্ত্রাণ দ্বারা আবৃত কৃ, গোপন কৃ To cover with a hood, to cover, to hide —দৃষ্টিহীন-কৃ, To blind *a*=hooded
Hood of a serpent—ফণা।
Hood-wink, hoodwingk, *v. t* চক্ষু আবরণ কৃ আচ্ছাদন-কৃ To blind by covering the eyes to cover প্রতারণা কৃ প্র বঞ্চনা, To deceive to impose on *Syn* —Blindfold, delude, cheat

Hoof, hōōf, *n.* পশাদির খুর, Hard horn of a beast's foot :—পশু ; A beast. *pl*=hoofs, hooves. *a*=hoofed.

Hoofed, *a.* খুরবিশিষ্ট ; Furnished with hoofs.

Hook, hook, *n.* আঁকড়া ; আকুশী ; বঁড়শী ; A piece of metal bent into a curve, for catching, holding or sustaining any thing :—বাঁকা পেরেক, Bent nail :—কাস্তে, Sickle :—পাশ ; Snare :—*v. t* আঁকড়া দিয়া ধরা বা টানা ; To fasten or form with a hook :—ফাঁদে ফেলা ; ফাঁদে-ধৃ, To ensnare :—*v. i.* নত-হ ; বক্র-হ, To bend ; to be curved *Syn* :—(*n*) Catch, clasp, hasp.

By hook or by crook—যেমন তেমন করিয়া হউক, যে উপায়ে হউক ; In some way or other, somehow ; by any means direct or indirect.

Off the hooks—মৃত ; Out of sorts ; dead.

Hookah, *n.* হুঁকা, Smoking apparatus.

Hooked, hookt, *a.* বক্র ; Provided with a hook ; curved. *Syn* :—Bent, curvated, aquiline.

Hook-nosed, hook-nōzd, *a.* বক্রনাসা ; বক্র-নাসিকা-বিশিষ্ট, Having a hooked or curved nose.

Hooky, hooki, *a.* আঁকড়াপূর্ণ বা তৎসম্বন্ধীয় ; Full of, or pertaining to hooks.

Hoop, hōōp, *n.* গতর, Circular band for fastening a cask ; a pliant strip of wood or metal formed into a ring, used to confine the staves of casks, &c :—বস্ত্র বিস্তার করিবার জন্য তিমি মৎস্যের হাড়, Whale bone to spread out petti-coats :—চক্র ; অঙ্গুরীয়ক ; A ring :—*pl* স্ত্রীলোকের ঘাগরার প্রান্তে সংযোজিত স্থিতিস্থাপক চক্র বিশেষ, A circular of elastic materials used to expand the skirt of a lady's dress :—*v. t* গতর দিয়া বদ্ধ-কৃ, বেষ্টন-কৃ, To bind with hoops ; to encircle :—*v. i.* চীৎকার-কৃ ; To call out ; *whoop*. *Syn* :—(*n*) Gird ; farthingale, hoop-skirt, (*v*) Clasp round, encircle

Hooper, hōōp'ėr, *n.* যে ব্যক্তি গতর দিয়া পিপা আঁটে, পিপা-প্রস্তুতকারী ; One who hoops casks, a cooper

Hooping cough, *n.* কাশি, A cough in which the patient whoops with deep inspiration of breath.

Hoopoe, hōōp'ō, **Hoopoo,** hōōp'ōō, *n.* শ্যেনপক্ষী বিশেষ, A bird with a large crest on its head.

Hoot, hoot, *n.* [Fr. *houter*, *huter*, *huer*, to call] ধিক্কার ; অবজ্ঞাসূচক শব্দ ; Shout of contempt —*v. t.* ধিক্কার দিয়া বহিষ্কৃত-কৃ, To drive with cries of contempt, to follow with cries or shouts of contempt :—*v i.* অবজ্ঞাসূচক উচ্চধ্বনি-কৃ ; পেঁচার মত শব্দ-কৃ, To cry out or shout contempt, to cry as an owl. *Syn* :—(*v*) Shout, yell, hiss, decry

Hop, hop, *v. i.* [A S *hoppan*] এক পায়ে লাফ-দে, খোঁড়াইয়া চলা ; নৃত্য-কৃ, To leap on one leg, to spring ; to walk lame ; to limp ; to dance :—*n.* এক পায়ে লম্ফ, নৃত্য, Leap on one leg, a dance *Syn* :—(*v*) Skip, jump, bound, caper ; dance, trip ; halt. (*n*) Bound, jump, skip, spring.

Hop, *n.* ঔষধার্থে ব্যবহৃত কাঁটা গাছ বিশেষ, A well-known bitter plant, the cones of which are much used in brewing and in medicine :—*v. t.* উক্ত ফলের সহিত মিশ্রিত-কৃ ; To impregnate with hops :—উক্ত ফল চয়ন-কৃ ; To pick hops.

Hopbind, hop'bīnd, *n.* 'হপ্' ফলের বৃন্ত ; The stalk on which hops grow.

Hope, hōp, *n.* [A. S. *hopa*] আশা ; Expectation :—বিশ্বাস ; Confidence :—পূর্ব্ব অনুমান ; পূর্ব্ব সূচনা ; Anticipation :—আশ্বাস ; আশ্বাসস্থল ; That which furnishes ground of expectation :—আশার বস্তু, That which is hoped for :—*v i.* আশা-কৃ ; ভরসা-কৃ ; To expect ; to place confidence :—*v. t.* প্রত্যাশার সহিত ইচ্ছা-কৃ ; প্রাপ্তির ইচ্ছায় আশা-কৃ ; To desire with expectation. *Syn* :—(*n*) Trust, confidence, faith, belief ; reliance, dependence. (*v*) Trust, believe, feel confident, flatter one's self ; long for, look for.

Hope against hope—আশা করিবার কারণ না থাকিলেও আশা-কৃ, আশা নাই বলিলে হয় তবুও আশা-কৃ, Hope for what is good, when there are very slight grounds for hoping

Hope for—কোন বিষয়ের আশা করা ; Expect.

Hopeful, hōp'fōōl, *a* আশাপূর্ণ, Full of hope :—আশাজনক ; আশাপ্রদ, Promising good or success *Syn* :—(*a*) Expectant, confident, promising, propitious, auspicious. *n*=hopefulness, *ad*=hopefully.

Hopeless, hōp'les, *a.* নিরাশ ; হতাশ, Without hope ; despairing :—অভাবনীয়, Unexpected *n*=hopelessness. (হতাশা) । *ad*=hopelessly *Syn* :—Desperate, desponding, remediless, irremediable, incurable, impossible, impracticable

Hopper, hop'ėr, *n* এক পায়ে উল্লম্ফনকারী, One who hops :—যে কাষ্ঠনির্ম্মিত চোঙ্গের মধ্য দিয়া জাঁতায় শস্যাদি নীত হয়, A wooden trough through which grain passes into a mill :—বপনার্থ শস্য-বীজ লইয়া যাইবার পাত্র বিশেষ, A vessel in which seed-corn is carried for sowing.

Hopple, hop'l, *v. t.* কুর্দ্দন বা ধাবন নিবারণার্থ একত্র পাদবন্ধন-কৃ, To tie the feet loosely together, to prevent running :—*n.* চারণার্থ নিযুক্ত অশ্বের পাদ-বন্ধন শৃঙ্খল ; A fetter for horses, when turned out to graze (chiefly in *pl*)

Hopscotch, hop'skoch, *n.* শিশুদিগের ক্রীড়া বিশেষ A child's game in which lines traced on the ground are hopped over.

Hopvine, hop'vīn, *n.* হপ্ গাছের বৃন্ত, The stalk of the hop.

Horal, hōr'al, *a.* হোরা বা ঘণ্টা সম্বন্ধীয়, Relating to an hour

Horary, hōr'ar-i, *a.* ঘণ্টাসম্বন্ধীয়, ঘণ্টাসূচক, ঘণ্টা-ব্যাপী Pertaining to an hour ; noting the hours, hourly.

Horde, hōrd, *n.* পরিভ্রমণশীল জাতি, ঔপনিবেশিক ভ্রমণশীলজাতি বা সম্প্রদায় ; A migratory tribe or clan. *Syn* :—Nomadic people, migratory tribe, gang, multitude.

Horripilation—রোমাঞ্চ, A bristling of the hair of the head or body resulting from disease or terror

Horizon, hō-rī'zun, *n.* [G. *horizōn*, the bounding line] মণ্ডল, চক্রবাল ; দিঙ্মণ্ডল, দৃষ্টি-পরিচ্ছেদক রেখা বা বৃত্ত ; The circle which bounds the view where the earth and sky appear to meet. *Syn* :—Boundary, limit, border, verge.

Horizontal, hor-e-zon'tal, *a.* চক্রবালীয় ; চক্রবাল-সন্নিহিত, চক্রবাল সমান্তরাল, সমতল ; Pertaining to, near, parallel to the horizon ; level, *ad*=horizontally, *n*=horizontality.

Horn, horn, *n.* শৃঙ্গ, Antler —শিঙ্গা ; A musical instrument —পানপাত্র ; Drinking cup :—বারুদ রাখিবার পাত্র, A utensil for holding powder .—যে উপাদানে শৃঙ্গ প্রস্তুত হয়, The tough, fibrous material of which horns are composed —*v. t* ক্ষমতার চিহ্ন, শক্তিপরিচায়ক চিহ্ন ; A symbol of strength , power , exaltation .—*v. t* শৃঙ্গবিশিষ্ট-কৃ , To furnish with horns ; to cuckold. *a*= horned.

Between the two horns of a dialemma—উভয় সঙ্কটে , Between two difficulties.

Draw, pull or haul in the horns—উৎসাহ বা অহঙ্কার দমন কৃ , অহঙ্কারপূর্ণ কথা প্রত্যাহার-কৃ , To repress one's ardour, restrain one's pride , take back arrogant or boastful words

Horn-bill, hornbil, *n.* পক্ষী বিশেষ , A bird having a horny excrescence on its bill. [neral

Horn-blende, hornblend, *n.* ধাতু বিশেষ , A mi

Horn-book, horn'book, *n* প্রথম পাঠ্য , প্রথম পুস্তক , Primer , first book for children.

Horned, *a* শৃঙ্গবিশিষ্ট , Furnished with horns.

Hornet, hornet, *n.* একজাতীয় বড় বোল্‌তা , A species of wasp

Disturb a hornet's nest—ভিমরুলের চাক ঘাঁটান , Provoke the attack of a swarm of spiteful enemies

To hope one's head into a hornet s nest—[illegible] , To get into trouble by meddling [or hoof on the foot

Hornfoot, hornfoot, *a* শৃঙ্গপাদ , Having a horn

Horning, horning, *n* বর্দ্ধমান চন্দ্র-কলা , Appearance of the moon, when increasing or in a crescent form.

Hornlet, *n* ক্ষুদ্র শৃঙ্গ , A little horn [crazy

Horn mad, *a* বদ্ধ পাগল , Stark mad , raving

Horn-owl, hornowl, **Horned-owl,** horndowl *n* [illegible] বিশেষ , এক জাতীয় পেচক , A species of owl

Horn-pipe, hornpip *n* বাঁশী বিশেষ , A wind instrument —নৃত্য , আনন্দদায়ক রাগ বিশেষ , তালসঙ্গত নৃত্য A lively dance , a lively air , dance to the time.

Horn-stone, hornstōn, *n* ভঙ্গপ্রবণ প্রস্তর বিশেষ , A stone much like flint but more brittle

Hornwork, hornwurk, *n* দুর্গবহিঃস্থ গৃহ বিশেষ , An outwork in fortification composed of two demi bastions joined by a curtain.

Horny, horni, *a.* শৃঙ্গ দ্বারা নির্ম্মিত , Made of horn or horns —শৃঙ্গবৎ , কঠিন , সুকঠিন , Like horn , hard , callous.

Horography, hor-og'ra-fi, *n.* [Gr *hora*, an hour, and *grapho*, to describe] ঘটিকাযন্ত্র নির্ম্মাণ বিদ্যা , The art of constructing dials or instruments for indicating the hours.

Hologe, hor'o loj, *n* [Gr. *hora*, an hour, and *lego*, to tell] ঘড়ি , An instrument for telling the hours , a time-piece.

Horology, hor-olo-ji, *n* ঘটিকা-যন্ত্র নির্ম্মাণ বিজ্ঞান , ঘড়ি প্রস্তুত করিবার কৌশল Art of measuring hours or constructing time-pieces. *a*=horological.

Horometer, hor-omet-er, *n* [Gr. *hora*, an hour, and *metron*, a measure] সময় নিরূপক যন্ত্র , Any instrument for measuring time.

Horometry, hor-omet-ri, *n.* সময় নিরূপক যন্ত্র ; সময় নিরূপণ বা তাহার কৌশল , The art or practice of measuring time.

Horoscope, hor'o-skōp, *n.* [Gr. *hora*, an hour, and *skopeo*, to observe] জন্মপত্রিকা , ঠিকুজী , কোষ্ঠি, জন্মগ্রহপত্রিকা , Observation of the heavenly bodies at the moment of a person's birth

Horoscopist, hor-osko-pist, *n.* জ্যোতিষী ; An astrologer.

Horoscopy, hor-oskop-i, *n.* জন্মপত্রিকা দেখিয়া ভবিষ্যৎ গণনা করণ বিদ্যা , জন্মকালীন গ্রহাদির অবস্থিতি ; The art or practice of predicating the events of a person's life from his horescope , aspect of the planets at the time of birth *a*=horoscopic.

Horrent, hor'ent, *a* খাড়া , বহির্ম্মুখ , Standing on end, as bristles , bristled , pointing outward

Horrible, hor're-bl, *a.* [L *horribilis*] ভয়ানক , ভীষণ , ভয়োৎপাদক , হৃৎকম্পোৎপাদক , Dreadful , awful , terrific , shocking *n*=horribleness, *ad*= horribly *Syn* :—Frightful, fearful, terrible, shocking, hideous, horrid.

Horrid, hor'rid, *a* [L *horridus*] ভয়ানক , ভয়োৎপাদক , Hideous , shocking :—অসন্তোষকর , অসন্তোষজনক , Disagreeable , offensive *n*=horridness, *ad*=horridiy. *Syn* —(*a*) Bristling, prickly ; alarming, shocking, dreadful, awpel, terrific, terrible, frightful [ful.

Horrific, hor-rif'ik, *a* ভয়ানক , ভয়জনক , Fright-

Horrify, hor're-fi, *v. t* ভীত-কৃ , To strike with horror , to terrify. *Syn* —Shock, frighten, alarm

Horror, hor'rer, *n* [L. *horror*, from *horrere*, to bristle] ত্রাস , ভয় , হৃৎকম্প , Terror , dread ; shuddering —ভয়োদ্রেক , ভয়োৎপাদক বিষয় , That which excites horror or dread. *Syn* —Fright, dismay, great alarm, fear, consternation , abomination, detestation disgust, loathing, hatred.

Horse, hors, *n.* [A S *hors*, Skr *hrêsh*, to neigh] অশ্ব, A beast —অশ্বারোহী সৈন্য , Cavalry : —*v t* আরোহণ কৃ , অশ্বারোহণ-কৃ , To ride or sit on any thing astride , to mount on a horse — অশ্ব যোগান , অশ্ব সরবরাহ-কৃ , Provide with a horse ; furnish with a horse *Syn* —(*n*) Steed, charger, palfrey, nag, cob , roadster , horsemen.

Take horse—অশ্বারোহণ-কৃ , To mount a horse in order to set out to ride.

To get upon one's high horse—জাঁক দেখান ; To give oneself airs

Horse-block, horsblok, *n.* অশ্বারোহণ সাধন , ঘোড়ায় চড়িবার মঞ্চ , Step for mounting a horse.

Horse-boat, horsbōt, *n.* অশ্ব দ্বারা চালিত নৌকা ; ঘোড়ার নৌকা , A boat drawn by horses or for carrying horses

Horse-breaker, hors-brāker, **Horse-tamer,** horstāmer, *n.* অশ্বদমনকারী , অশ্বশিক্ষক , অশ্বপালক ; One whose employment is to break or tame horses, or to teach them to draw or carry

Horse-chestnut, hors-chesnut, *n.* সুপারি , A nut once used as food for horses .—বৃক্ষ বিশেষ , The tree that produces it.

Horse-dealer, horsdēler, *n.* অশ্ব-ব্যবসায়ী , One who deals in horses.

Horse-doctor, *n.* অশ্বচিকিৎসক, A veterinary surgeon [fly that stings horses
Horse-fly, hors-fli, *n* অশ্বদংশনকারী মক্ষিকা, A
Horse-guards, hors-gardz, *n.* অশ্বারোহী রক্ষকদল, Body of soldiers, mounted on horses, employed as guards [that of the mane and tail
Horse-hair, *n* বালাফি, The hair of horses, *esp*
Horse-hoe, *n* A harrow drawn by a horse
Horse jockey, *n* ঘোড়দৌড়ের সময় অশ্বারোহী, অশ্ববিক্রেতা, One who rides a horse at a race, a dealer in horses.
Horse-laughter, hors-lafer, *n* অট্টহাসা প্রতিকঠোর উচ্চহাসা, Coarse laughter a loud harsh, boisterous laugh
Horse-leech, hors-lech *n* অশ্বচিকিৎসক, Horse docter; one who cures horses —জোঁক, One that bites horses, a large species of leech
Horse-litter, hors-litter *n* দুই ঘোড়ার যানবিশেষ দ্বি-অশ্ব-বাহিত যানবিশেষ, A litter or carriage borne between two horses
Horseman, horsman, *n* অশ্বারোহী, A rider — অশ্বারোহী সৈন্য, A mounted soldier.
Horsemanship, horsman ship, *n* অশ্ব শিক্ষা অশ্বারোহণ বিদ্যা, The art of riding, training and managing horses.
Horse-play—পোড়া ঘোড়া খেলা Rough and frolicsome play attended with boisterous noise
Horse-power, hors-pow'er, *n.* অশ্ববল, Strength of a horse in draft —প্রায় ৪১২ মণ ভার এক মিনিটে এক ফুট উর্দ্ধে উত্তোলনক্ষম শক্তি, বাষ্পীয় কলের শক্তির পরিমাণ বিশেষ, Strength of a team engine, 33,000 lb, raised one ft high in one minute, a standard by which the power of steam engines is measured
Horse-race, horsras, *n* ঘোড়দৌড় A match of horses in running, a race by horses
Horse-racing, horsras-ing, *n* ঘোড়দৌড়, The practice of *racing* or running horses in matches
Horse-radish, horsradish, *n* তীব্র মূল, লতাবিশেষ, A plant —আচার, A condiment.
Horse-sacrifice—অশ্বমেধ।
Horse-shoe, horsshoo, *n.* যে চার নাল ঘোড়ার পায়ের নাল, A piece of iron on a horse's hoof, a shoe for horses, consisting of a curved plate of iron —ঘোড়ার নালের ন্যায় আকারবিশিষ্ট বস্তু, Anything shaped like a horse-shoe [leafless plant
Horse-tail, horstal, *n* পত্রহীন লতা বিশেষ A
Horse trainer, *n* অশ্বশিক্ষক, অশ্বপরিচালক One who trains horses for racing
Horse-wayroad, *n.* অশ্ব যাইবার পথ, A road in which horse may travel
Horse-whip, horshwip, *n* ঘোড়ার চাবুক, Whip for driving horses —*v t* কষাঘাত-কৃ, To strike with a whip, to lash. [giving advice
Hortation, *n* উপদেশ, Act of exhorting or
Hortative, hort'a-tiv, **Hortatory,** horta-tor e *a* [L *hortari*, to incite] উৎসাহবর্দ্ধক, উত্তেজক, উপদেশপ্রদ, উপদেশক, Encouraging, advisory *Syn* —Inciting, persuasive homiletic
Horticultural, hor-ti-kultūr al *a* উদ্যান কর্ষণ-সম্বন্ধীয়, Pertaining to the culture of gardens
Horticulture, ho'ti-kul-tūr *n* [L *hortus*, a garden] উদ্যান-কর্ষণ বিদ্যা, The art of cultivating gardens. *a*=horticultural
Horticulturist, hor-ti-kultūr-ist, *n.* উদ্যান-বিদ্যায় নিপুণ, Gardener, one who is skilled in gardening.
Hosanna, hō-zaña, *n.* ঈশ্বরের স্তব; ঈশ্বর-স্তোত্র, আরাধনা, জয় জয়, Exclamation of praise to God
Hose, hōz, *n* মোজা, পদাবরণ, Close fitting breeches, stockings, socks —অগ্নিনির্ব্বাপক বারিবাহী নল, A bending tube for carrying water to extinguish fire
Hosier, hō zhi-ér, *n* মোজা-বিক্রেতা, মোজা-ব্যবসায়ী, One who deals is stockings, socks &c
Hosiery, hō zhi-er-i *n.* সর্ব্বপ্রকার মোজা, মোজার ব্যবসায়, The business of a hosier, stockings in general.
Hospice, hospēs, *n* [L *hospes*, a stranger, a guest] সন্ন্যাসীদিগের চিকিৎসালয়, Hospital for monks —অতিথিশালা বিশেষ, An alpine convent where travellers are treated as guests
Hospitable, ho pit-a bl *a* [L *hospitalis*, from *hospes*, guest] আতিথেয়, সদয়, Kind to strangers or guests, shewing kindness *n* hospitableness *ad*=hospitably. *Syn* —Kind, generous, liberal, bountiful plentiful
Hospital, hospit-al, *n* [L *hospes*, a guest] চিকিৎসালয়, হাঁসপাতাল, Establishment for the wounded and sick
Hospitality, hos pi tal'i ti, *n.* অতিথিসৎকার আতিথেয়তা, আতিথ্য, Kindness to stranger, rite of hospitality.
Hospitaler, *n* বুদ্ধব্রত সন্ন্যাসী চিকিৎসালয়ে পীড়িতের তত্ত্বাবধায়ক ধর্ম্মসম্প্রদায়ের অন্তর্গত, Knight monk one whose duty is to relieve the poor on of a religious community for the care of the sick in hospitals.
Host, host, *n* [L *hostis* enemy] অতিথি সেবক, নিমন্ত্রণকারী ভূস্বামী, One who entertains another, landlord —সরাই-রক্ষক, An inn-keeper —সৈন্য সৈন্যদল, An army —বহুসংখ্য, A great multitude —রোমান ক্যাথলিক ধর্ম্মমন্দিরের উৎসর্গীকৃত পবিত্র রুটী বিশেষ, In the Roman Catholic Church, the consecrated bread offered in mass as the body of Christ *Syn* —Inn-keeper, entertainer, assemblage, crowd.
He is a host in himself—তিনি একাই এক শ, He is a equal to a host or a great many persons, a person of great powers.
Hostage, hostaj, *n* সন্ধিরক্ষার্থ প্রদত্ত ব্যক্তি, শরীরবন্ধককারী, প্রতিভূ, লগ্নক, One given in pledge for the performance of conditions
Hostel, hostel, **Hostelry,** hostel-ri, *n* পান্থশালা সরাই, An inn
Hostile, hostil, *a* [L *hostilis*, from *hostis*, enemy] যুদ্ধপ্রিয়, বিপক্ষ, শত্রুপক্ষীয়, Warlike, inimical, belonging to an enemy *ad*=hostilely *Syn* —Unfriendly, adverse, antagonistic, contrary repugnant.
Hostile (or *opposed*) **to**—প্রতিকূল, Against
Hostility, hos-tile-te, *n* শত্রুতা, সংগ্রাম, Enmity war *Syn* —Animosity, hatred, antipathy, aversion, unfriendliness, ill will, opposition, antagonism.

Hostilities, hos-tili-tiz, *n. pl.* শত্রুর আক্রমণ ; যুদ্ধ ব্যাপার ; Acts of warfare.

Hostler, hoslėr, *n.* অশ্বপাল ; পান্থনিবাসের অশ্বরক্ষক ; সহিস ; One who has charge of horses at an inn ; stable boy ; groom.

Hot, hot, *a.* [A. S. hât] তপ্ত ; উষ্ণ ; অগ্নিময় ; Having the power of heat ; very warm ; fiery :—তীক্ষ্ণ ; তীব্রস্বাদ ; Pungent ; acrid :—উগ্র ; প্রচণ্ড ; উত্তেজিত ; Fiery ; vehement ; furious ; animated :—কামুক ; রিপুপরতন্ত্র ; Lustful ; passionate. *Syn* :—Burning, scalding ; hasty, irascible, passionate, choleric ; fervid, glowing ; eager, ardent, precipitate, violent ; biting, piquant, highly seasoned.

Make (a place) too hot for one—(কোন পদে বা স্থানে) কাহাকে অত্যন্ত জ্বালাতন করিয়া তোলা (আর তিষ্ঠিতে পারা যায় না, এই ভাব) ; Make one's position highly uncomfortable.

To be in hot water—সঙ্কটে পড়া ; Be in difficulty.

Hot-bed, hotbed, *n.* বৃক্ষবর্দ্ধনার্থ কাচাচ্ছাদিত ভূমি ; Glass-covered bed heated for rearing plants :—অভ্যুর্ব্বর ভূমি ; সত্বর বর্দ্ধনানুকূল স্থান ; Any place favourable to rapid growth.

Hotblast, hotblast, *n.* উত্তাপবর্দ্ধনার্থ চুল্লীপ্রবিষ্ট উত্তপ্ত বায়ু-প্রবাহ ; A current of heated air injected into a furnace to raise the heat.

Hot-blooded, hot-bluded, *a.* উগ্রস্বভাব ; Having hot blood :—তেজস্বী ; কোপনস্বভাব ; High-spirited ; irritable. [violent.

Hot-brained, *a.* উগ্রস্বভাব, Ardent in temper ;

Hotchpotch, hochpoch, **Hotchpot,** hochpot, **Hodgepodge,** hojpoj, *n.* বহু দ্রব্যের একত্র সংরক্ষণ ; ঘেঁচড়া ; চচ্চড়ি ; অযথা বিমিশ্রণ ; খিচুড়ি ; A confused mixture of ingredients ; a confused mass of ingredients mixed in the same pot.

Hot-cockles, *n.* ক্রীড়া ; A game.

Hotel, hō tel, *n.* [L. *hospes*, a stranger] পান্থনিবাস ; সরাই ; প্রবাসাশ্রম ; A superior house for entertaining strangers ; an inn ; a tavern :—প্রাসাদ, A palace.

Hot-headed, hot-heded, *a.* উগ্রস্বভাব ; উগ্রমস্তিষ্ক, প্রচণ্ড ; Violent ; impetuous, of ardent passions.

Hot-house, hothows, *n.* ফল পরিপক্ব করিবার গৃহ, চারা রক্ষার্থ উষ্ণাগার ; কোমল গাছপালা পরিবর্দ্ধন জন্য উষ্ণগৃহ ; Building for ripening fruits or sheltering tender plants ; a house kept warm to rear tender plants.

Hot-press, hotpres, *v.* ধাতুপাত্রমধ্যে কাগজাদিতে চাপ দেওয়া ; Press paper &c., between two hot plates.

Hotspur, hotspur, *n.* ক্রুদ্ধ লোক ; উগ্রস্বভাব লোক, A rash and passionate man.

Hottentot, hotn-tot, *n.* দক্ষিণ আফ্রিকাবাসী, অসভ্য ব্যক্তি ; A savage native of South Africa ; a brutish fellow.

Houdah, Howdah, how'da, *n.* হাওদা ; হস্তিপৃষ্ঠস্থ আসন ; A seat to be fixed on an elephant's back.

Hough, Hock, hok, *n.* পশ্বাদির পশ্চাৎ পাদের সন্ধি ; উরু ; হাঁটুর পশ্চাদ্ভাগ ; Ham ; joint of a beast's hind legs :—*v. t.* শিরা ছেদ করিয়া খণ্ড খণ্ড-কৃ ; To disable by cutting the sinews of the legs ; to hamstring.

Hound, hound, *n.* শিকারী কুকুর ; Hunting dog :—*v. t* শিকার-কৃ ; Hunt :—শিকারার্থ উত্তেজিত-কৃ ; অগ্রসর-কৃ ; Incite, as a hound to pursuit ; to incite ; to spur on, to urge on. *Syn* :—(*v*) Chase ; urge on, stimulate, goad.

Hound a person—কোন ব্যক্তিকে নির্যাতন-কৃ ; To persecute a person or rather to set on persons to annoy him.

Houndfish, same as *Dogfish.*

Hound's tongue, howndz-tung, *n.* এক জাতীয় গাছ ; A plant, so called from the shape of its leaves.

Hour, our, *n.* [L. *hora*] ঘণ্টা ; Sixty minutes ; the 24th part of a day :—নির্দিষ্ট সময় ; কাল ; সুযোগ ; A fixed or appointed time ; a time or occasion :—*pl.* ঋতু এবং হোরার অধিষ্ঠাত্রী দেবীগণ ; In *myth* the goddesses of the seasons and the hours. *Syn* :—Time of day ; stated time.

At the eleventh hour—শেষ সময়ে ; Very last ; at the very last moment :—যতক্ষণ অপেক্ষা করা যাইতে পারে তাহার পর ; Very late :—যখন আর বড় একটা কাজে লাগিবে না এমন সময়ে ; শেষ শেষ সময়ে ; When likely to be of little use ; when some decisive step is about to be taken.

Bad hours—বিলম্বে ; Late.

Good hour—সকালে ; Early.

The small hours—দুই প্রহর রাত্রির পর সময় ; The hours after midnight.

Hour-glass, owr'glas, *n.* বালির ঘড়ী ; Sand-glass running for an hour.

Hour-hand, *n.* ঘড়ীর ঘণ্টার কাঁটা ; Index of a clock pointing to the hour.

Houri, how'ri, *n.* পরী ; অপ্সরা ; A nymph of the Mahammedan paradise.

Hourly, our'li, *a.* প্রতি ঘণ্টায় কৃত ; Happening or done every hour ; frequent :—পুনঃপুনঃ সমুপস্থিত ; Frequent :—*ad.* প্রতি ঘণ্টায় ; পুনঃপুনঃ ; Every hour, frequently.

Hour-plate, owr'plāt, *n.* ঘড়ির ডালা ; The plate of a timepiece on which the hours are marked.

House, hous, *n.* গৃহ ; বাটী ; বাসস্থান ; A dwelling-place ; home :—পান্থশালা ; পান্থনিবাস ; An inn ; tavern :—সাংসারিক কার্য ; সাংসারিক ব্যাপার ; Household affairs :—পরিবার ; আত্মীয় স্বজন ; Household ; family ; kindred :—বাণিজ্যালয় ; বাণিজ্যাগার ; A trading establishment :—ব্যবস্থাপক সভা ; A legislative body :—মহৎজাতি ; A note and illustrious race :—সমগ্র রাশিচক্রের দ্বাদশ ভাগের এক এক ভাগ ; A twelfth part of the heavens among the astrologers :—*v. t.* আশ্রয়-দে ; To harbour ; to shelter :—আচ্ছাদিত করিয়া রক্ষা-কৃ ; To protect by covering :—ভাণ্ডারজাত-কৃ ; ভাণ্ডারে রাখা, To store :—*v. i.* আশ্রয়-ল ; বাস-কৃ ; To take shelter ; to reside. *Syn* :—(*n*) Dwelling, mansion, abode, residence, domicile ; building, edifice ; lineage, race, kindred ; firm, company, partnership ; hotel ; lodging. (*v*) Abide, dwell, reside, lodge.

Bring down the house, Bring down the whole house—সমস্ত শ্রোতৃবর্গের নিকট হইতে প্রশংসা পাওয়া, নাট্যশালার সমস্ত লোকের প্রশংসা আকর্ষণ-কৃ ; To draw forth applause from a whole audience ; to draw an outburst of applause from the entire audience as in a theatre.

House-to-house visitation—বাড়ী বাড়ী ঘোরা।

House of correction, *n.* কারাগার, Prison for idle and disorderly persons, vagrants &c

House of God—ধর্ম্মমন্দির, A temples or church

Keep house—গৃহস্থালী-কৃ, ঘরকন্না দেখা, Manage domestic affairs

Open house—অতিথি-সেবা, Hospitality to all comers

Religious house, *n* মঠ, Monastry or convent

To make a house—In Parliament, to get a quorum of members.

House-agent, *n* বাটী বিক্রয় করিবার বা ভাড়া দিবার দালাল, Agent for selling or letting house

House-breaker, howsbrāk-er, *n* সিঁদেল চোর সিঁদেল চোর, Burglar, one who breaks into a house *n*=housebreaking

House-breaking, *n* ডাকাইতি, Forcibly break ing into a house for robbery, burglary

House-hold, houshōld, *n* পরিবার, Family living together —*a* পারিবারিক, গার্হস্থ্য, Domestic, belonging to the house and family *Syn* —(*a*) Domiciliary, home.

The household—রাজকীয় পারিবারিক লোকজন ও দলবল, The royal domestic establishment.

House-hold god—গৃহ-দেবতা।

Household-troops—রাজধানী ও রাজার রক্ষণাবেক্ষণ জন্য ছয় দল সেনা, Six regiments whose peculiar duty is to attend the sovereign and defend the metropolis.

House-holder, howshōld-ėr, *n* গৃহস্থ, গৃহপতি, গৃহস্বামী, Master of a house, one keeping a house

House-keeper, howskēp-ėr *n.* গৃহী, প্রধানা দাসী, House-holder, head woman servant

House-keeping, howskēping, *n.* আতিথ্য, গৃহ-কর্ম্মে যত্ন, গৃহকার্য্য; সাংসারিক কার্য্যের তত্ত্বাবধান Hospitality, care of domestic concerns, domestic concerns and management —প্রচুর অতিথি-সৎকারোপযোগী খাদ্যসামগ্রী, A plentiful and hospitable table —*a.* গার্হস্থ্য, Domestic

Houseless, howslės, *a* গৃহশূন্য, আশ্রয়হীন, গৃহহীন, Having no shelter, without a house

House-maid, howsmād, *n* দাসী, পরিচারিকা, Woman servant, not a cook, a female servant

House-steward, howstū'ard, *n* প্রধান দাস, বাটির সরকার, Head man-servant of a large house-hold.

House-surgeon, hows-sur'jun, *n* হাঁসপাতালবাসী চিকিৎসক, Resident officer in an hospital

House-warming, hows-wawrming, *n* গৃহ প্রবেশোৎসব, Merry-making when entering into a new house

Housewife, howswif, *n* গৃহিণী, Mistress of a house-hold; woman economist —স্ত্রীলোকগণের সূচীকর্ম্মকরণোপযোগী উপাদান প্রভৃতির আধার বিশেষ, A small case or bag for articles of female work, also spelt **Hussif,** which see. *a*=housewifely.

Housewifely, *a.* গৃহিণী সম্বন্ধীয়, গৃহিণী মত, Pertaining to a housewife or to female management of home affairs, like a housewife.

Housewifery, howswif-ri, *n* গৃহিণীর করণীয় কর্ম্ম, গৃহকর্ম্ম; The business of a housewife.—গৃহ কর্ম্মানুষ্ঠান, গার্হস্থ্য ধর্ম্ম, Domestic management; business of the mistress of a family.

House wright, *n.* গৃহনির্ম্মাতা; Builder.

Housing, houzing, *n* নরম জিন; ঘোড়ার জিনের কাপড় Soft saddle or covering for a horse, a saddle cloth —*pl* ঘোড়ার সাজ, The trappings of a horse *Syn* —Covering, protection, horse-cloth, saddle-cloth

Hove, *pa t* and *pa p* of *Heave.*

Hovel, huvel, *n* [A S *hôf*, den] পর্ণশালা, কুটীর, A small or mean dwelling, a shed, a cottage —*v t* পর্ণশালায় রক্ষা-কৃ, আশ্রয়-দে; To put in a hovel, to shelter *Syn* —Mean dwelling, poor cottage, hut, cabin, cot.

Hover, huver, *v i.* [W. *hofian*, *hofiaw*, to hang over, hover] পক্ষপুট সঞ্চালন করিতে করিতে ঊর্দ্ধ-ভাগে উড়িতে থাকা, পক্ষীর পাখার ঝাপট মারা, Hang fluttering in the air over head, to flap the wings —কোন স্থানের নিকট ভ্রমণ-কৃ, নিকটে অপেক্ষা কর, To move to and fro in the neighbourhood of, to wander about near, to wait suspense. *Syn* —Flutter, hang over, move about, fly around.

Hover about—উড়িয়া না গিয়া এক স্থানে পক্ষের উপর ভর করিয়া থাকা, Hang about (a place without flying away) —তক্কে তক্কে থাকা, Move to and fro watchfully, in the neighbourhood of (some place)

How, *ad* কেমন, কি প্রকারে, কতদূর কেমন অবস্থায়, In what way or manner, to what extent, in what state

How-beit, how-bē'it, *n* তথাপি সে যাহা হউক, সত্বেও, Notwithstanding, yet however. *Syn*: —Nevertheless but, be it as it may

Howdah—See *Houdah*

However, how-ever, *conj* যদ্যপি, তথায়, যদিও; তথাপি, Nevertheless, notwithstanding, yet, though, still though —*ad* কোন প্রকারে, যে কোন উপায়ে, অন্ততঃ, In whatever manner or degree; at all events at least *Syn* —Yet still

Howl, howl, *v i* [G *hulan*, L. *ulula*, an owl] নেকড়িয়া বাঘ বা কুকুরের ন্যায় চীৎকার কৃ, To cry as a wolf or dog —আর্ত্তনাদ কৃ, শোকসূচক উচ্চ চীৎকার-কৃ, আক্ষেপ কৃ, বিলাপ কৃ, To utter a sound of distress, to utter a long loud mournful sound; to wail —গর্জ্জন কৃ, To roar, as a tempest —*n.* কুকুর বা নেকড়িয়া বাঘের ন্যায় শব্দ, The protracted cry of a dog or wolf —আর্ত্তনাদ, শোকসূচক ক্রন্দন-ধ্বনি, A loud cry of distress, a mournful cry; yell *Syn* —(*v*) Yell, scream, screech, roar; wail, lament

Set up a howl—কুকুরের ন্যায় স্বর টানিয়া শব্দ-কৃ; Make a prolonged cry, like a wolf or dog —হাউ হাউ-কৃ, Raise an outcry

Howlet, how'let, *n* ক্ষুদ্র পেচক, An owl; owlet.

Howsoever, how-so-ever, *ad.* যদিও, যাহাই হউক, However although.

How-witz, How-witzer, how'its-ėr, *n* কামান বিশেষ, ছোট কামান, A short light cannon used for throwing shells.

Hoy hoi, *n* ক্ষুদ্র পোত, বৃহদাকার নৌকা বিশেষ; A small sloop, a large one decked boat, usually

rigged as a sloop :—*inj.* শুন ; থাম ; Haloo ; stop.

Hub, hub, *n.* অস্ত্রের মুষ্টি ; The hilt of a weapon :—চক্রের নাভি ; Nave of a wheel :—লক্ষ্য ; Mark to be thrown at.

Up to the hub—নিরতিশয় ; To the utmost.

Hubble-bubble, hubl-bubl, *n.* গুড়গুড়ি, হুকা ; A tobacco pipe.

Hub-bub, hubbub, *n.* গোলমাল ; গণ্ডগোল ; দাঙ্গা হাঙ্গামা ; Confusion ; uproar ; riot. *Syn* :—Uproar, clamour, din, racket ; tumult, disturbance.

Hubert, (St)—Patron saint of huntsmen.

Huckaback, huka-bak, *n.* ফুল তোলা টেবল-আচ্ছাদন স্থূল কার্পাস বস্ত্রবিশেষ . A coarse variety of table-linen, having raised figures on it.

Huckle, hukl, *n.* নিতম্ব ; ককুদ , ঝুঁটি , The hip, a hunch.

Huckle-backed, hukl-bakt, **Huck-shouldered,** huk-shōlderd, *a.* কুব্জপৃষ্ঠ ; কুব্জস্কন্ধ ; Having round shoulders. [hipbone.

Huckle-bone, hukl-bōn, *n.* নিতম্বাস্থি , The

Huckster, hukster, *n.* [Dan. *hokker*, to carry on the back] ক্ষুদ্র বণিক, ফেরিওয়ালা ; Inferior dealer ; a retailer of small articles :—*v. i.* স্বল্প পরিমাণে ক্রয়বিক্রয়-কৃ ; সামান্য দ্রব্যের বাণিজ্য-কৃ ; To deal in small articles or pretty bargains. *fem*=huckstress. *Syn* —Retailer, peddler, hawker.

Huddle, *n.* গণ্ডগোল , জনতা , গোলমাল , A crowd ; tumult ; confusion :—*v. i.* গাদাগাদি হওয়া ; গাদা করিয়া রাখা ; To put up things in a hurried tmanner ; to crowd —*v. t.* জমা করিয়া রাখা ; গাদা করিয়া রাখা , To put on hastily ; to crowd together in confusion.

Hudibrastic, hū-di-brastik, *a.* বিদ্রূপাত্মক ; হাস্যোদ্দীপক . In the style of *Hudibras*, a satire by Butler ; doggerel.

Hue, hū. *n.* [A. S. *hiw, hiow*] রঙ ; বর্ণ ; Colour ; dye :—চীৎকার ; উচ্চধ্বনি ; Clamour ; cry :—চেহারা ; বাহ্যাবয়ব , Appearance. *a*=hueless. *Syn* :—Tint, tinge, shade, complexion.

Hue and cry, *n.* সশব্দে চোরের অনুধাবন ; The outcry with which a felon was anciently pursued :—চোর ধরিবার ঘোষণা , Later, a proclamation requiring all persons to aid in retaking him.

Huff, huf, *n.* ক্রোধ, ঔদ্ধত্য বা গর্ব্ব ; Rage , a fit of disappointment or anger , a boaster :—দাম্ভিক ; অহঙ্কারী লোক ; A boaster .—*v. i.* স্ফীত-কৃ ; তর্জ্জন গর্জ্জন করিয়া অপমান-কৃ ; To swell ; to bully :—*v. i.* স্ফীত-হ ; To dilate , swell :—ক্রুদ্ধ-হ ; To take offence :—তর্জ্জন গর্জ্জন-কৃ ; দম্ভ প্রকাশ-কৃ ; To bluster ; storm. [anger.

In a huff—রাগে ; In a fit of disappointment and

Huffish, huf'ish, *a.* গর্ব্বী ; মত্ত ; উদ্ধত ; Insolent ; arrogant. *ad*=huffishly, *v*=huffishness.

Huffy, huf'i, *a.* স্ফীত ; Puffed up :—গর্ব্বিত ; খিট্‌খিটে ; কোপরাগী ; ক্রুদ্ধ ; Arrogant ; petulant ; angry.

Hug, hug, *v. t.* [A. S. *hegan*, to inclose] আলিঙ্গন-কৃ ; দৃঢ়ভাবে ধরা , To embrace closely and fondly ; to hold fast :—*v. i.* একত্র জড়-কৃ ; To crowd together :—*n.* আলিঙ্গন ; A close and fond embrace ; a gripe. *Syn* :—(*v*) Clasp, grasp, gripe, embrace ; retain, hold fast, cling to ; go near, keep close to.

Huge, hūj, *a.* [D. *hoog*, high] প্রকাণ্ড , বৃহৎ ; ভীষণাকার ; Very great ; immense ; vast ; monstrous. *n*=hugeness, *ad*=hugely. *Syn* :—Enormous, monstrous, immense, gigantic, colossal, prodigious, vast.

Hugenot, *n.* A French Protestant of the period of the religious wars in France in the 16th century.

Hugger-Mugger, hug'ér-mug'ér, *n.* গুপ্তাবস্থা ; গোলমাল ; Privacy ; secrecy , confusion :—*a.* গোপনীয় ; Secret ; clandestine :—বিশৃঙ্খল ; Confused ; disorderly :—*ad.* গোলমাল করিয়া , Disorderly.

Hulk, hulk, *n.* [A. S. *hulce*, a den] জাহাজের খোল ; The body of a ship , hull :—জীর্ণ জাহাজ ; An old ship unfit for service :—*pl.* কারাগার স্বরূপে ব্যবহৃত জীর্ণ তরীসমূহ ; Old ships used as prisons.

Hull, hul, *n.* [A. S. *hule, hulu*, the crust of a thing] ছাল ; তুষ ; খোসা ; Husk ; shell :—জাহাজের খোল ; The frame or body of a ship ; hulk :—*v. t.* তুষ বাহির-কৃ ; খোসা ছাড়ান , To husk ; to strip off the hull :—জাহাজের খোল ছিদ্র-কৃ ; To pierce the hull (as with a cannon-ball) :—*v. i.* জলে ভাসা , To float or drive on the water. *Syn* :—(*n*) Husk ; hulk, (*v*) peel, husk.

Hully, huli, *a.* তুষ বা খোসাবিশিষ্ট ; Having husks or pods.

Hum, hum, *n.* গুঞ্জন , গুণ্ গুণ্ শব্দ , Noise of bees &c., buzz :—অস্পষ্ট শব্দ , অস্ফুট ধ্বনি ; Low dull noise :—*v. t.* গুন্ গুন্ স্বরে গান-কৃ , To sing in a low voice .—*v. i.* গুন্ গুন্ শব্দ-কৃ ; হুঙ্কার-কৃ , To make a buzzing sound like bees :—*int.* সন্দেহসূচক শব্দ ; সন্দেহসূচক হুঙ্কার ; A sound with a pause implying doubt. *Syn* :—(*v*) Murmur, drone, buzz, mumble.

Hum and how—কথা কহিতে কহিতে ঢোক গেলা ; সংশয় করা ; Speak with interruption or hesitation ; hesitate. [mouth shut.

Hum a tune—গুন্ গুন্ স্বরে গান-কৃ ; Sing the

Human, hū'man, *a.* [L. *humanus*, from *homo*, man] মনুষ্যসম্বন্ধীয় , মানবীয় ; Belonging or pertaining to man or mankind .—মানুষিক গুণবিশিষ্ট , মানবধর্ম্মী ; Having the qualities or attributes of man. *ad*=humanly. *Syn* .—Anthropological, manly.

Humane, hū-mān, *a.* [L. *humanus*] দয়ালু ; কৃপাবান , Kind ; tender ; merciful. *ad*=humanely. *Syn* :—Sympathizing, benevolent, mild, compassionate, benign.

Humanise, hū'man-iz, *v. t.* দয়ালু-কৃ , কোমল-কৃ , সভ্য-কৃ ; To render human or humane . to soften ; to civilise :—*v. i.* সভ্য-হ ; To become civilise. *Syn* :—Refine, enlighten, improve, reclaim from barbarism.

Humanist, hū'man-ist, *n.* সাহিত্যে সুপণ্ডিত , মানবপ্রকৃতির সমালোচক ; One versed in polite literature or in human nature.

Humanitarian, hū-man-i-tāri-an, *n.* খৃষ্টের ঈশ্বরত্ব অস্বীকার করিয়া যে ব্যক্তি তাঁহাকে মনুষ্যপদবাচ্য করে ; One who denies Christ's divinity and holds him to be a mere man :—দয়ালু ব্যক্তি ; One who practises benevolence :—দয়ালু , মানব-হিতৈষী ; A philanthropic person :—*a.* মানবীয় , হিতৈষী ;

দয়ালু ; Of or belonging to humanity ; benevolent.

Humanity, hū-maně-te, *n.* মনুষ্যস্বভাব ; মানবধর্ম ; Quality of being human :—মনুষ্যজাতি ; Mankind :—দয়া ; কোমলতা ; Benevolence ; tenderness :—সুকুমার বিদ্যা ; Liberal education :—*pl* = *humanities*, সাহিত্যাদি ; Classics ; polite literature ; the branches of polite or elegant learming.

Professor of humanity—স্কট্‌লণ্ডের বিশ্ববিদ্যালয়সমূহে লাটিন ভাষার অধ্যাপক ; In Scotch universities the professor of Latin.

Humankind, hū'man-kind, *n.* মনুষ্যজাতি ; মানবজাতি ; The human species ; mankind.

Humanly, *ad.* মানবের রীতি অনুসারে ; After the manner of man.

Humble, hum̆bl, *a.* [L. *humilis*, on the ground, low] নীচ ; Low ; mean :—নম্র , বিনীত , Modest ; submissive ; meek ; unpretending :—*v. t.* নত-কৃ ; বিনীত-কৃ ; অপদস্থ-কৃ ; To lower ; to degrade ; sink ; mortify. *n*=humbleness. *ad*=humbly. *Syn* :—(*a*) Not high, not great, poor, lowly ; meek, acquiescent, unassuming. (*v*) Bring down, put down, reduce, depress, abase, mortify, humiliate, disgrace.

Humble-bee, hum̆bl-bē, *n.* একজাতীয় মধুমক্ষিকা ; A large hairy bee, having nests in the ground

Humble-cow, hum̆bl-kow, *n.* শৃঙ্গহীন গাভী ; A cow without horns.

Humble pie, Eat humble pie—ঘাট মানা ।

Humble to the dust—মাটি-কৃ ; Reduce the power of one to the lowest point.

Humbug, hum̆bug, *n.* [From *hum*, to impose on, and *bug*, a frightful object] প্রতারণা , ছল , ছলনা ; A hoax ; trickishness :—প্রতারক , প্রবঞ্চক ; One who hoaxes ; imposter :—*v. t.* প্রতারণা-কৃ ; ছলনা-কৃ ; তামাসা-কৃ , To deceive , impose on ; to hoax. *Syn* :—(*n*) Imposition, imposture, cheat, trick, fraud, blind, feint, chouse ; charlatanry, quackery, hypocrisy, cant ; cheat, charlatan, quack. (*v*) Trick, mislead, hoax.

Humbuggery, *n.* প্রতারণা ; ছলনা ; Practice of imposition.

Humdrag, *a.* বিরক্তিকর ; নির্বোধ , সামান্য ; Dull ; stupid ; common place , tiresome.

Humdrum, hum̆drum, *a.* মূর্খ ; Dull ; stupid :—গুন্ গুন্ শব্দকারী , Droning ; monotonous :—*n.* মূর্খ লোক ; A stupid fellow.

Humectant, hū-mek̆tant, *a.* [L. *humeo*, to be moist] রক্তের তারল্যবর্দ্ধক ; Tending to increase the fluidity of the blood.

Humective, hū-mektiv, *a.* সিক্তকরণক্ষম , Having the power to moisten

Humeral, hū'meral, *a.* [L. *humerus*, the shoulder] স্কন্ধদেশ-সম্বন্ধীয় ; Belonging to the shoulder.

Humorus, hū'-mėr-us, *n.* বাহু ; The upper arm —উদ্ধ্ব হাতের অস্থি , The bone of the upper arm.

Humhum, *n.* ভারতীয় মোটা কার্পাস বস্ত্রবিশেষ , A kind of plain, coarse, Indian cotton cloth.

Humid, hū'mid, *a.* [L. *humidus*, from *humere* to be moist] আর্দ্র , সিক্ত , ভিজা , সেঁতসেঁতে , Moist , damp , rather wet. *n*=humidness.

Humidity, hū-midi-ti, *n.* আর্দ্রতা ; সেঁতসেঁতে ভাব ; Moisture ; dampness.

Humiliate, hū-mile-āt, *v. t.* [L. *humiliare*] অবনত-কৃ ; হীনাবস্থা-কৃ ; To depress ; to lower in condition. *Syn* :—Humble, abase, mortify, shame, degrade, debase.

Humiliation, hū-mil-e-āshun, *n.* অপমানিতা ; দর্পচূর্ণ ; অবনমন ; Abasement ; mortification ; disgrace. *Syn* :—Humbling, self-abasement ; condescension, resignation, submission ; humility, meekness, submissiveness, lowliness ; indignity, affront.

Humility, hū-mile-te, *n.* বিনয় ; নম্রতা ; সৌজন্য ; Lowliness of mind ; modesty. *Syn* :—Diffidence, humbleness, meekness, penitence, submissiveness.

Humming-bird, hum̆ing-bėrd, *n.* ক্ষুদ্র পক্ষীবিশেষ , A very small American bird.

Hummock, hum̆uk, *n.* ক্ষুদ্র পাহাড় ; A rounded knoll or hillock :—নীহার ক্ষেত্রস্থিত নীহার স্তূপ ; A ridge or pile of ice on an ice-field. Same as *hommock*.

Humoral, ū'mur-al, *a.* রসসম্বন্ধীয় ; শ্লেষ্মা-সম্ভূত ; শ্লৈষ্মিক ; Relating to the humours.

Humoralism, ū'mur-al-izm, *n.* শ্লৈষ্মিকতা ; রোগসমূহ শ্লেষ্মাসম্ভূত এইরূপ মত , The doctrine that all diseases are owing to a depraved state of the humours or fluid of the body.

Humoralist, ū'mur-al-ist, *n.* রোগসমূহ শ্লেষ্মাসম্ভূত—এইরূপ মতবাদী , One who favours the doctrine of humoralism.

Humorist, ū'mur-ist, *n.* রসিক লোক , রসিকতা ; ভাঁড় ; খামখেয়ালী , রসাভিজ্ঞ ব্যক্তি , One who has a playful fancy ; a wag ; a droll. *Syn* :—An eccentric person, oddity, wag, droll, jester, wit.

Humorless, ū'mur-les, *a.* রসহীন ; রসিকতাশূন্য ; Destitute of humour.

Humorous, ū'mur-us, *a.* খামখেয়ালী ; চঞ্চল ; Capricious , whimsical , irregular :—কৌতুকপ্রিয় ; হাস্যজনক ; হাস্যোদ্দীপক ; Merry ; laughable. *n*= humorousness, *ad*=humorously. *Syn* :—Jocose, jocular, playful, witty, pleasant, merry, funny, comical , whimsical.

Humour, ū'mur, *n.* আর্দ্রতা , শারীরিক রস ; Moisture ; animal fluid :—প্রকৃতি ; মনোভাব ; State of mind :—খেয়াল ; মনোভাব ; Whim :—রসিকতা ; রহস্যপ্রিয়তা , Wit :—*v. t.* তুষ্ট-কৃ ; পরিতুষ্ট-কৃ ; To gratify ; to go in with the humour of. *Syn* :— (*n*) Bent, bias, propensity, mood ; fancy, whim, caprice, freak ; facetiousness, jocularity. (*v*) Indulge, favour, yield to, suit, fall in with.

Intercolonial, in-ter kol-ō'ni-al, *a* বিভিন্ন উপনিবেশসমূহের সম্বন্ধ-সংক্রান্ত Pertaining to the relation existing between colonies

Intercommune, *v t* পরস্পর কথাবার্ত্তা কহা To commune between or together

Intercommunicable, in ter kom ū'ni-ka bl, *a* পরস্পর জ্ঞাপনীয়, Capable of being communicated between or mutually

Intercommunicate, in-ter-kom ū'ni-kāt *v t.* পরস্পর কথাবার্ত্তা কহা পরস্পর চিঠি পত্র লেখালিখি কৃ, To communicate mutually *n*=intercommunication

Intercommunion, in ter kom-ū'nyun, *n.* পরস্পর কথোপকথন বা মিলন Mutual communion

Intercommunity, in ter kom-ū'ni-ti *n* পরস্পর জ্ঞাপন বা সংলাপ, Reciprocal intercourse, mutual communication

Intercostal, in-ter-kos'tal, *a* পঞ্জর মধ্যবর্ত্তী, পঞ্জর মধ্যস্থিত Lying between the ribs

Intercourse, in'ter-kōrs, *n* পত্র লেখালিখি, Communication, correspondence by letter, communion —সম্পর্ক, সংস্রব, সংসর্গ, Connection by dealings *Syn* —Correspondence communion, connection, commerce, familiarity, intimacy, acquaintance

Intercurrent, in-tér-kur'ent, *a* মধ্যগামী; মধ্যবর্ত্তী, Intervening *n*=intercurrence.

Interdependence, in-tér-de pendens, *n*,

পরস্পর নির্ভর ; Mutual dependence of parts one on another.

Interdict, in-ter-dikt', *v. t.* [L. *inter*, between, and *dicere*, to say] নিবারণ-কৃ ; নিষেধ-কৃ ; To forbid :—আলাপ রোধ-কৃ ; To forbid communion : —*n.* নিষেধ ; Prohibition :—নিষেধসূচক আদেশ ; নিষেধাজ্ঞা ; A prohibitory decree :—Papal prohibition of religious rites. *Syn* :—(*v.*) Prohibit, inhibit, disallow, prevent, debar. (*n.*) Prohibition, inhabition, disallowance.

Interdictive, in-tér-dikt'iv, **Interdictory,** in-tér-dikt'or-i, *a.* নিষেধক ; নিষেধকারক ; নিষেধাত্মক ; Prohibitory.

Interest, in'ter-est, *v.t.* মন আকৃষ্ট-কৃ ; মনোযোগী-কৃ ; পরার্থে উত্তেজিত-কৃ ; To excite concern in behalf of another ; engage the affections ; affect :—*n.* অর্থ. Concern :—আদর ; Regard :—অংশ ; ভাগ ; Share ; participation :—হিত , সুবিধা ; লাভ ; Good ; advantage :—স্নেহ ; Affection :—সুদ ; Premium for the use of money :—বৃদ্ধি ; Any increase :—বিশিষ্ট মনোযোগ ; বিশেষ মনোযোগ ; Special attention :—The persons interested in any particular business or measure, taken collectively, as the manufacturing interest. *Syn* :—(*v*) Concern, move, engage, enlist. (*n*) Sympathy, regard ; benefit, profit, influence, authority ; selfishness.

In the intersts of—কাহারও বা কোন বিষয়ের হিতার্থে ; For the benefit of.

Make interest—জোগাড়-কৃ ; সহি সুপারিস করান।

Take an interest in—কোন বিষয়ের কথা শুনিতে বা কহিতে আমোদ বোধ করা , Take a delight in talking or peering about :—কোন বিষয়ে আমোদ বোধ করা ; Feel pleasure in attending to :—কাহারও মঙ্গলে আনন্দিত হওয়া ; কাহারও হিত চেষ্টা করা ; Feel pleasure at one's welfare ; endeavour to advance one's interests.

Interested, in'ter-est-ed, *a.* পক্ষপাতী ; Partial :—স্বার্থপরায়ণ ; Looking to one's interest ; selfish. *ad*=interestedly. *Syn* :—Affected, moved, excited ; biased, predisposed, prejudiced.

Be interested in—কোন বিষয়ে ইষ্ট থাকা ; Have a care, concern, or regard for :—কাহার মঙ্গলে সুখী হওয়া , Be pleased at the welfare of :—কিছুর জন্য আগ্রহ থাকা ; Be solicitous about.

Interesting, in'tér-esting, *a.* আকর্ষণকারী ; চিত্তাকর্ষক ; ভাবোদ্দীপক ; Engaging the attention or regard. *ad*=interestingly.

Interfere, in-ter-fēr', *v. i.* [L. *inter*, between, and *ferire*, to strike] হস্তক্ষেপ-কৃ ; মধ্যবর্ত্তী-হ ; Intermeddle ; interpose :—বিরোধী-হ ; প্রতিকূল-হ ; To clash :—সংস্পৃষ্ট-হ ; To come in collision. *n*= interferer, interference. *Syn* :—Intervene ; collide, conflict. [বিষয়ে হস্তক্ষেপ করা ; Take a part in.

Interfere (or Meddle) in (a matter)—কোন

Interfere (or Meddle) with (a person or a matter)—বাধা দেওয়া ; Oppose :—কিছু করিতে না দেওয়া ; Not to allow :—পরস্পর বিরোধী হওয়া ; Clasp with, stand in the way of.

Interference, in-ter-fēr'ens, *n.* হস্তক্ষেপ ; Act or state of interfering ; interposition :—বিরোধ ; Collision ; clashing.

Interfluent, in-tér'floo-ent, **Interfluous,** in-tér'floo-us. *a.* [L. *inter*, between, and *fluo*, to flow] অন্তর্বাহী ; মধ্যে বহমান ; Flowing between.

Interfoliaceous, *a.* পত্রমধ্যস্থিত ; Situated between leaves.

Interfused, in-tér-fūzd. *a.* [L. *inter*, between, and *fundo*, to pour] মধ্যে সঞ্চারিত , Poured or spread between.

Interfusion, in-tér-fū'zhun, *n.* মধ্যে সঞ্চার ; A pouring or spreading between.

Interim, in'ter-im, *n.* মধ্যকাল ; মধ্যবর্ত্তী কাল ; The meantime ; time intervening.

Interior, in-tēr'e-re, *a* আভ্যন্তরিক ; মধ্যস্থিত ; Internal ; inner,—opposed to *Exterior* ; superficial :—দেশমধ্যস্থ ; Inland :—*n.* অভ্যন্তর ; মধ্যভাগ ; Inside :—দেশমধ্য ; দেশের মধ্যস্থল ; The inland part of a country. *ad*=interiorly. *Syn* :—(*a*) Inward, inside.

Interjacency, in-ter-jā'sen-si, *n.* মধ্যবর্ত্তিতা ; মধ্যবর্ত্তীস্থান ; A lying between ; a space or region between others.

Interjacent, in-ter-jā'sent, *a.* [L. *inter*, between, and *jaceo*, to lie] মধ্যবর্ত্তী ; মধ্যস্থিত ; Lying between. *n*=interjacency. *Syn* :—Intervening, interposed, intermediate.

Interject, in-ter-jekt, *v. t.* [L. *inter*, between, *jacio*, to throw] মধ্যে নিক্ষেপ-কৃ ; সন্নিবিষ্ট-কৃ ; To throw in between ; to insert :—*v. i.* মধ্যবর্ত্তী-হ , To throw one's self between.

Interjection, in-ter-jek'shun, *n.* মধ্যে নিক্ষেপ ; Intervention :—ভাবপ্রকাশক শব্দ ; হর্ষবিস্ময়াদি সূচক শব্দ ; Exclamation of emotion *a*=interjectional.

Interjunction, in-ter-jungk'shun, *n.* যোগ ; মধ্যযোগ ; Junction or joining between.

Interknit, in-ter-nit', *v. t.* একত্র সেলাই-কৃ , দৃঢ়রূপে সংযুক্ত-কৃ ; To knit together ; to unite closely.

Interlace, in-ter-lās', *v. t.* মধ্যে প্রবেশিত-কৃ ; এক পদার্থের মধ্যে অন্য পদার্থ সম্বদ্ধ-কৃ ; To put one thing within another :—মিশ্রিত-কৃ ; To intermix. *n*= interlacement. *Syn* :—Cross, reticulate, intertwine, interweave.

Interlard, in-ter-lärd', *v. t.* সংমিশ্রিত-কৃ , To mix in, as fat with lean :—মিশ্রণ দ্বারা ভিন্ন ধর্ম্মাক্রান্ত-কৃ , To diversify by mixture.

Interlay, in-ter-lā', *v. t.* মধ্যে রাখা ; মধ্যে স্থাপন-কৃ ; To lay among or between. [leaf inserted.

Interleaf, *n.* পুস্তকের মধ্যে সাদা কাগজ , A blank

Interleave, in-ter-lēv', *v. t.* পুস্তকের মধ্যে সাদা কাগজ-দে , গ্রন্থমধ্যে অলিখিত পত্র সন্নিবিষ্ট-কৃ ; To insert blank leaves in a book.

Interline, in-ter-līn', *v. t.* লেখার মধ্যে মধ্যে লেখা ; দুই পঙ্‌ক্তির মধ্যে লেখা ; To write between lines.

Interlinear, in-ter-līn'e-ar, *a.* দুই পঙ্‌ক্তির মধ্যে লিখিত ; পঙ্‌ক্তিদ্বয়ের মধ্যে লিখিত ; Written between lines already written. *n*=interlineation.

Interlineation, in-ter-lin-e-ā'shun, *n.* পঙ্‌ক্তি পর্য্যায়ে বা পঙ্‌ক্তিদ্বয়ের মধ্যে লেখন বা লিখিত বিষয় ; The act of interlining ; that which is interlined.

Interlink, in-ter-lingk, *v. t.* শৃঙ্খলে শৃঙ্খলে যোগ-কৃ ; শৃঙ্খলিত-কৃ ; To connect by uniting links.

Interlocation, in-ter-lo-kā'shun, *n*, মধ্যে স্থাপন : Interposition , placing between.

Interlocution, in-tel-lo-kū'shun, *n.* [L. *inter*, between, and *loquor, locutus*, to speak] চূড়ান্ত নিষ্পত্তির পূর্ব্ববর্ত্তী ডিক্রির আদেশ ; An intermediate decree before final decision :—কথোপকথন ; Dialogue ; conference.

Interlocutor, in-ter-lok'ū-tur, *n.* কথোপকথনকারী ; Diologist :—চূড়ান্ত নিষ্পত্তির পূর্ব্বে মধ্যবর্ত্তী আদেশ ; An intermediate decree before final decision. *a*=interlocutory.

Interlope, in-ter-lōp', *v. i.* [L. *inter*, between, and Dut. *loopen*, to run] *v. t.* বিনা লাইসেন্সে ব্যবসা-কৃ ; To traffic without a proper license :—অধিকারে হস্তক্ষেপ-কৃ ; To intrude into any matter in which one has no fair concern.

Interloper, *n.* অযথা পরচর্চ্চাকারী ; One who interlopes ; one who interferes officiously.

Interlude, in-ter-lōōd, *n.* [L. *inter*, between, *ludus*, play] নাটক বিশেষের অঙ্কসমূহের মধ্যে বা দুই খানি নাটকের মধ্যে ক্ষুদ্র নাট্যাভিনয় , বিষ্কম্ভ , গর্ভাভিনয় ; মধ্য অঙ্ক ; A theatrical entertainment between acts of a play or between the play and after piece.

Interluner, in-ter-lōō'nar, **Interlunary,** in-ter-lōō'nar-i, *a.* অমাবস্যা সম্বন্ধীয় , অমাবস্যাকালীন , Belonging to the time when the moon is invisible.

Intermarriage, *n.* পরিবর্ত্তে বিবাহ , অসবর্ণ বিবাহ ; Marriage between several members of two families or between different castes.

Intermarry, in-ter-mar'i, *v. i.* পরিবর্ত্তে বিবাহ-কৃ ; অসবর্ণ বিবাহ-কৃ ; To marry reciprocally. *n*=intermarriage.

Intermeddle, in-ter-medl, *v. t.* অন্যায়রূপে হস্তক্ষেপ-কৃ ; To interpose or interfere improperly. *n*=intermeddler.

Intermedial, in-ter-mē'di-al, **Intermediate,** in-ter-mēde-āt, *a.* মধ্যবর্ত্তী . Intervening , interjacent , interposed. *ad*=intermediately.

Intermedium, in-tėr-mē'di-um, *n.* মধ্যবর্ত্তী বস্তু ; An intervening agent or instrument.

Interment, in-ter'ment, *n.* সমাধি , সমাহিত করণ , Burial. *Syn* .—Sepulture, inhumation.

Intermigration, in-ter-mi-grā'shun, *n.* উপনিবেশ স্থাপন বিনিময় , Reciprocal migration.

Interminable, in-tėr'min-a-bl, **Interminate,** in-tėr'min-āt, *a.* [L. *in*, not, and *terminus*, a boundary] অনন্ত ; অসীম , Boundless, endless. *n*=interminableless. *Syn* :—Limitless, illimitable, immeasurable, infinite, unbounded, unlimited.

Intermingle, in-ter-ming'gl, *v. t.* or *v i.* মিশ্রিত-কৃ ; মিশ্রিত-হ , To mingle or mix together. *Syn* :—Intermix, commingle, blend.

Intermission, in-ter-mishun, *n.* বিরাম , বিরতি ; মধ্যবর্ত্তী অবকাশ কাল , Interval ; pause , time between the paroxyems of a disease. *Syn* :—Remission, suspension, suspense, stoppage, interruption ; stop, rest.

Intermissive, *a.* সময়ে সময়ে উপস্থিত ; সবিরাম ; Coming at intervals.

Intermit, in-ter-mit', *v t.* [L. *inter*, between, and *mittere*, to send] নিবৃত্ত-কৃ , বিরত-কৃ ; কিছুকাল স্থগিত-কৃ , To cause to cease for a time ; to interrupt. *Syn* :—Suspend, discontinue, stop, leave off.

Intermittent, in-tėr-mit'ent, *a.* সবিরাম ; Ceasing at intervals, as a fever :—*n.* যে পীড়া মধ্যে মধ্যে হয় ; An intermittent disease. *ad*=intermittingly.

Intermittent fever—পালাজ্বর ।

Intermix, in-ter-miks', *v. t.* মিশ্রিত-কৃ ; To mix together ; intermingle :—*v. i.* মিশ্রিত-হ ; To be mixed together ; be intermingled. *Syn* :—Commingle, blend.

Intermixture, *n.* মিশ্রণ সম্ভূত পিণ্ড ; মিশ্রিত বস্তু ; A mass formed by mixture ; something intermixed.

Intermundane, in-ter-mun'dān, *a.* লোকান্তর্ব্বর্ত্তী , [Between worlds.

Intermural, in-ter-mū'ral, *a.* প্রাচীরান্তর্ব্বর্ত্তী ; Lying between walls.

Intermuscular, in-ter-musk'ū-lar, *a.* পেশীমধ্যগত , Between the muscles.

Intermutation, in ter-mū-tā'shun, *n.* বিনিময় ; Mutual change ; interchange.

Internal, in-ter'nal, *a.* আন্তরিক ; আভ্যন্তরিক ; Inward , interior :—স্বদেশীয় ; দেশীয় ; পারিবারিক ; Pertaining to its own affairs or interest—said of a country , domestic, as opposed to foreign. *ad*=internally. *Syn* :—Interior, inner ; domestic ; intrinsic, real.

International, in-ter-nash'un-al, *a.* ভিন্ন জাতি সম্বন্ধীয় ; আন্তর্জাতিক ; Pertaining to the relations between nations. *ad*=internationally.

Internecine, in-ter-nē'sin, *a.* [L. *inter*, between, and *necare*, to kill] সাংঘাতিক ; প্রাণনাশক ; মারাত্মক ; Deadly. *Syn* :—Fatal, mortal.

Internuncio, in-ter-nun'shi-ō, *n.* [L. *inter*, between, and *nuncius*, a messenger] দূত ; পোপের প্রতিনিধি ; Messenger between two parties ; the Pope's envoy at republics and small courts.

Interoceanic, in-ter-ō-she-an'ik, *a.* মহাসমুদ্রান্তর্বর্ত্তী , Between oceans.

Interocular, in-ter-ok'ū-lar, *a.* অক্ষিদ্বয়ের মধ্যবর্ত্তী ; Between the eyes.

Interosseal, Interosseous, *a.* অস্থিদ্বয়ের মধ্যস্থিত , Situated between bones.

Interpellate, *v. t.* [L. *inter*, between, and *pello*, to drive] মন্ত্রী বা অন্য রাজকর্ম্মচারীকে প্রশ্ন-কৃ ; জিজ্ঞাসা কৃ ; To question (a minister or executive officer) in explanation of his action ; to question.

Interpellation, in-ter-pel-lā'shun, *n.* শমন ; হস্তক্ষেপ ; সাগ্রহ অনুগ্রহ ; বাদানুবাদের মধ্যে উত্থাপিত প্রশ্ন ; A summons ; citation ; interruption, interposition, intercession.

Interpetalary, *a.* দলমধ্যস্থিত ; Situated between [the petals.

Interplanetary, in-ter-plan'et-ar-i, *a.* গ্রহান্তর্বর্ত্তী ; Between the planets.

Interpledge, in-ter-plej', *v. t.* প্রতিভূ বিনিময়-কৃ To give and take a pledge.

Interpolate, in-ter'pō-lāt, *v. t.* [L. *inter* between, and *polire*, to polish] প্রক্ষেপ-কৃ ; অন্যায়রূপে সন্নিবিষ্ট-কৃ ; পরিবর্ত্তিত-কৃ ; To insert unfairly, as a spurious word or passage in a book or manuscript. *n*=interpolation (প্রক্ষেপ ; প্রক্ষিপ্ত ভাগ) . *Syn* :—Foist in ; introduce surreptitiously.

Interposal, in-ter-pōźal, **Interposition,** in-ter-pō-zishun, *n.* মধ্যবর্ত্তিতা ; A coming between :—মধ্যস্থতা ; Meditation ; intervention ; interpellation ; intercession.

Interpose, in-ter-pōz', *v. i.* [L. *inter*, between, and *ponere*, to place] মধ্যবর্ত্তী-হ ; মধ্যস্থ-হ ; হস্তক্ষেপ-কৃ ; To come between ; to mediate ; to intercede ; to interfere :—*v. t.* মধ্যে স্থাপন-কৃ ; প্রক্ষিপ্ত-কৃ ; সাহায্যদানাদির প্রস্তাব-কৃ ; To place between ; to thrust in ; to offer, as aid. *n*=interposer. *Syn* :—Introduce, insert, intrude ; intervene, interfere ; mediate, arbitrate.

Interposition, *n.* হস্তক্ষেপ ; মধ্যবর্ত্তিতা ; মধ্যস্থতা ; মধ্যে স্থাপিত বস্তু ; Intervention ; mediation ; anything interposed.

Interpret, in-ter'pret, *v. t.* [L. *interpres*, interpreter] ব্যাখ্যা-কৃ ; অনুবাদ-কৃ ; Expound ; translate ; explain the meaning of. *Syn* :—Elucidate, unfold, define, make out, decipher, render, construe, translate.

Interpretable, in-ter'-pre-ta-bl, *a.* ব্যাখ্যাযোগ্য ; অনুবাদসাধ্য ; Capable of interpretation.

Interpretation, in-ter-pret-ā'shun, *n.* অর্থ ; অনুবাদ , অর্থপ্রকাশ ; Explanation , meaning : version ; translation. *Syn* :—Exposition, elucidation ; rendering, construction, version , signification, sense.

Interpretative, in-ter'pre-tā-tiv, *a.* ব্যাখ্যাযোগ্য ; ব্যাখ্যাপূর্ণ ; অনুবাদ দ্বারা সংগৃহীত ; অনুবাদবিশিষ্ট ; Designed or fitted to explain ; collected or known by interpretation. *ad*=interpretatively.

Interpreter, in-ter'pret-er, *n.* ব্যাখ্যাকারী ; অনুবাদকারী , অনুবাদক ; অর্থপ্রকাশক ; An expositor ; a translator , an expounder.

Interregnum, in-ter-reg'num, *n.* [L. *inter*, between, and *regnum*, rule] যে সময়ে সিংহাসন শূন্য হয় , দুই রাজত্বের মধ্যবর্ত্তী অবকাশকাল ; The time between the cessation of one and the establishment of another government.

Interrex, inter-reks, *n.* [L. *inter*, between, *rex*, a king] রাজপ্রতিনিধি বা ব্যক্তি ; A magistrate that rules during an interregnum ; regent.

Interrogate, in-ter'rō-gāt, *v. t.* [L. *inter*, between, and *rogare*, to ask] প্রশ্ন-কৃ ; জিজ্ঞাসা-কৃ ; অনুসন্ধান-কৃ ; To question formally ; to examine by asking questions ; enquire :—*v. i.* প্রশ্ন জিজ্ঞাসা-কৃ ; অনুসন্ধান-কৃ ; To ask questions ; to inquire. *n*=interrogator (প্রশ্নকারী)। *Syn* :—Catechise, question, ask.

Interrogation, in-ter-rō-gā'shun, *n.* প্রশ্ন ; জিজ্ঞাসা ; Questions put :—প্রশ্ন চিহ্ন ; প্রশ্নসূচক চিহ্ন ; A point, mark, or sign (?) thus indicating that the sentence preceding it is a question. *Syn* :—Questioning ; inquiry ; question, interrogatory.

Interrogative, in-ter-rog'a-tiv, *a.* প্রশ্নার্থক , প্রশ্নসূচক ; প্রশ্নাকারে প্রকাশিত ; Denoting a question :—*n.* প্রশ্নসূচক পদ ; A word used in asking a question.

Interrogatory, in-ter-rog'a-tor-i, *n.* প্রশ্ন ; জিজ্ঞাসা ; A question or inquiry :—*a.* প্রশ্নার্থক ; প্রশ্নসূচক ; Expressing a question.

Interrupt, in-ter-rupt', *v. t.* [L. *inter*, between, and *rumpere*, to break] বাধা-দে ; ব্যাঘাত-দে ; গতিরোধ-দে ; বিভক্ত বা ভিন্ন-কৃ ; ক্রমিকতা ভঙ্গ-কৃ ; To stop or hinder by breaking in upon the course or progress of ; hinder ; to divide ; to break continually. *Syn* :—Break, divide, disconnect, separate ; disturb, hinder ; intermit, suspend, discontinue, leave off.

Interruptedly, in-ter-rup'ted-li, *ad.* বিরাম সহকারে ; বাধা দিয়া ; With interruptions.

Interruption, in-ter-rup'shun, *n.* প্রতিবন্ধক ; বাধা ; বিঘ্ন বা ব্যাঘাত উৎপাদন , বিরাম ; Hindrance ; cessation. *Syn* :—Intervention, interposition ; intermission, suspension ; pause ; obstruction, obstacle, impediment, stop.

Interruptive, in-ter-rup'tiv, *a.* প্রতিবন্ধক ; বিঘ্নজনক ; বাধাজনক ; Tending to interrupt. *ad*=interruptively.

Interscribe, in-ter-skrib', *v. t.* [L. *inter*, bteween, *scribo*, to write] মধ্যে মধ্যে লেখা ; To write between. [Dividing into parts ; crossing.

Intersecant, in-ter-sē'kant, *a.* ছেদনকারী ;

Intersect, in-ter-sekt', *v. t.* [L. *inter*, between, and *seco*, *sectum*, to cut] মধ্যচ্ছেদ-কৃ ; মধ্যে কাটা ; বিভক্ত-কৃ , To cut into or between ; to divide into parts ;—*v. i.* পরস্পর ছেদ-হ ; পরস্পর মিলিত-হ ; To cut into one another, meet, and cross each other. *n*=intersection.

Intersection, in-ter-sek'shun, *n.* ছেদ ; ছেদন ; দুই রেখা বা তলের ছেদবিন্দু বা ছেদ রেখা ; The act of intersecting ; the point or line in which two lines or two planes cut each other.

Intersperse, in-ter-spers', *v. t.* [L. *inter*, between, and *spargere*, to scatter] বিকীর্ণ-কৃ ; ইতস্ততঃ বিক্ষিপ্ত-কৃ ; To scatter here and there among other things ; interland. *n*=interspersion.

Interstellar, Interstellary, *a.* সৌরলোকাতীত ; নক্ষত্র মধ্যগত ; Situated beyond the solar system of among the stars ; in the intervals between the stars.

Interstice, in-ter'stis, *n.* [L. *inter*, between, and *sistere*, to stand] মধ্যস্থল ; মধ্যবর্ত্তী শূন্যস্থান ; Space between small interventing space. *a*=interstitial. *Syn* :—Interval, interspace, chink.

Interstratified, *a.* অন্যান্য পদার্থের মধ্যে স্তরীভূত ; Stratified between other bodies.

Intertexture, *n.* বিভিন্ন প্রকারের দ্রব্যের একত্র বয়ন ; The state of being interwoven.

Intertropical, *a.* অয়নান্ত বৃত্তদ্বয়ের মধ্যবর্ত্তী ; Situated between the tropics.

Intertwine, in-ter-twin, *v. t.* পাকাইয়া মিলিত-কৃ ; একত্র জড়ান , To twist together ,—*v.i.* পাক লাগিয়া একত্রিত-হ , বিজড়িত-হ ; To be twisted together ; to become involved. *ad*=intertwiningly. *Syn* :—Interlace, interweave.

Intertwist, in-ter-twist', *v. t.* পাকাইয়া যোজিত-কৃ ; একত্র জটান ; To twist together. *ad*=intertwisting.

Interval, in'ter-val, *n.* [L. *inter*, between, and *vallum*, a wall] মধ্যবর্ত্তী কাল বা স্থান ; দুই সুরের মধ্যবর্ত্তী অবকাশ ; Time or distance between. *Syn* :—Intermediate space, interspace ; season, period, term, spell.

At intervals—মধ্যে মধ্যে ; সময়ে সময়ে ; At times :—অন্তর ; At periods intervening between one event and another:—মধ্যে মধ্যে ; বারিগায় বারগায় ; Here and there ; at distances long or short from each other.

Intervene, in-ter-vēn, *v. i.* [L. *inter*, between and *venire*, to come] মধ্যবর্ত্তী-হ ; মধ্যস্থ-হ ; Come or be between ; mediate ; interpose :—*v. t.* বিচ্ছিন্ন-কৃ ; To separate. *Syn* :—Interrupt, interfere ; happen, occur.

Intervention, in-ter-ven'shun, *n.* মধ্যস্থতা ; মধ্যবর্ত্তিতা ; হস্তক্ষেপ ; Mediation ; interposition. *Syn* :—Interference : agency.

Interview, in'ter-vū, *n.* পরস্পর দর্শন ; সাক্ষাৎ ; সাক্ষাৎকার ; পরামর্শ ; Meeting ; meeting for conference ; parley :—*v. i.* সাক্ষাৎ-কৃ ; To have an interview.

Interweave, in-ter-wēv, *v. t.* সংজড়িত-কৃ ; একত্র বয়ন-কৃ ; To weave together :—সংযুক্ত-কৃ ; মিশ্রিত-কৃ ; To connect closely. *Syn* :—Interwine, interlace ; intermix, intermingle.

Intestacy, in-testa-si, *n.* আইন অনুযায়ী উইল না করিয়া মৃত্যু ; The state of one dying without having made a valid will.

Intestate, in-testāt, *a.* [L. *in*, not, and *testor*, to make a will] উইল না করিয়া মৃত , Dying without making a will :—*n.* যে উইল না করিয়া মরে ; উইল না করিয়া মৃত ব্যক্তি ; A person who dies without a will. *n*=intestacy

Intestinal, in-testin-al, *a.* অন্ত্রসম্বন্ধীয় , Pertaining to the intestines.

Intestine, in-testin, *a.* [L. *intus*, within, on the side] স্বদেশীয় ; আভ্যন্তরিক ; অভ্যন্তরস্থ , Domestic , not foreign ; internal :—applied usually to what is evil :—*n.* (usually in the plural) অন্ত্র , নাড়ীভুঁড়ি ; Bowels ; guts. *Syn* :—Inward, interior

Inthral, in-thrawl, *v. t.* দাসত্বাধীন-কৃ ; বশীভূত-কৃ ; ক্রীতদাস-কৃ ; শৃঙ্খলাবদ্ধ-কৃ ; To enslave ; shackle. *n*=inthralment.

Inthralment, in-thrawlment, *a.* দাসকরণ ; দাসত্ব ; Act of inthralling or enslaving , slavery.

Intimacy, inti-ma-si, *n.* ঘনিষ্ঠতা ; আত্মীয়তা ; বন্ধুতা ; বন্ধুত্ব ; Close familiarity ; friendship

Intimate, inte-māt, *a.* [L. *intimus*, from *intus*, within] নিগূঢ় ; গাঢ় ; সুপরিচিত ; Familiar ; close in friendship :—*n.* অন্তরঙ্গ বন্ধু ; সহচর ; A familiar friend or an associate :—*v. t.* ইঙ্গিত-কৃ ; সঙ্কেত-কৃ ; সূচিত-কৃ ; জ্ঞাপন-কৃ ; Insinuate ; hint. *ad*=intimately. *Syn* :—(*a*) Near, close, friendly ; conversant with. (*n*) Associate, companion, helpmate, comrade, crony. (*v*) Allude to ; impart, communicate, announce, tell, declare.

Intimation, in-te-mā'shun, *n.* ইঙ্গিত ; Hint, indication :—সংবাদ , জ্ঞাপন ; Information. *Syn* :—Suggestion, declaration ; notice, warning.

Intimidate, in-timid-āt, *v. t.* [L. *intimidare*, to frighten] সন্ত্রাসিত-কৃ ; ভয় প্রদর্শন-কৃ ; ভয়োৎপাদন-কৃ ; Overawe ; dispirit ; to inspire with fear. *n*=intimidation (ভয় প্রদর্শন) । *Syn* :—Dishearten, dispirit, daunt, frighten, terrify, alarm, threaten.

Into, in'-too, *prep.* মধ্যে ; ভিতরে ; অভ্যন্তরে , To the inside of , within.

Intolerable, in-tol'er-a-bl, *a.* [L. *in*, and *tolerare*, to bear] অসহ্য ; দুঃসহ ; Unbearable. *n*=intolerableness. *ad*=intolerably. *Syn* :—Insufferable, unendurable, insupportable.

Intolerance, Intoleration, *n.* অধৈর্য্য ; অসহিষ্ণুতা ; অক্ষমতা ; Impatience :—অনুদারতা ; গোঁড়ামি ; Want of toleration , bigotry.

Intolerant, in-tol'er-ant, *a.* অসহনশীল ; অসহিষ্ণু ; Not tolerant ; impatient :—নিগ্রহকারী ; নির্যাতনকারী ; Persecuting :—*n.* নিগ্রহকারী ব্যক্তি ; গোঁড়া ; অসহিষ্ণু ব্যক্তি ; One opposed to toleration. *n*=intolerance, intoleration. *ad*=intolerantly.

Intomb, in-tōōm, *v. t.* গোর-দে ; To bury ; inter, inhume.

Intone, in-tōn', *v. i.* এক প্রকার স্বরে কথা কহা ; শব্দ-কৃ ; To give forth a low protracted sound ; to utter a sound :—*v.t.* গান-কৃ ; স্বর করিয়া আবৃত্তি-কৃ ; To chant.

Intonate, in'ton-āt, *v. i.* স্বর-কৃ ; সঙ্গীত শব্দ উৎপাদন-কৃ ; শব্দ-কৃ ; To sound the notes of a musical scale ; to modulate the voice , to sound forth.

Intonation, in-tōn-ā'shun, *n.* [L. *in*, and *tonare*, to sound] স্বর ; স্বরকম্পন , Modulation of the voice. *Syn* :—Accentuation, cadence.

Intorsion, in-tor'shun, *n.* জড়ান ; বক্রীভাব ; A twisting, winding or bending.

Intoxicate, in-toksе-kāt, *v. t.* মদ সিঞ্চন-কৃ , মাতাল-কৃ ; উন্মত্ত-কৃ ; To make drunk :—উন্মাদিত-কৃ , To excite to a kind of delirium :—*a.* উন্মাদিত ; উত্তেজিত ; Over excited as with joy, grief. *Syn* :—(*v*) Inebriate, fuddle, make tipsy, make delirious.

Intoxication, in-toks-e-kā'shun, *n.* মত্ততা ; সুরামত্ততা ; মাতলামি ; Drunkenness :—উল্লাস , অতিশয় উত্তেজনা ; High excitement or elation. *Syn* :—Inebriation, inebriety ; infatuation, excitement, exhilaration.

Intractability, in-trakt-a-bil'e-te, *n.* অবাধ্যতা , অদম্যতা , Quality of being ungovernable *Syn* :—Obstinacy, perverseness, indocility, stubbornness, obduracy.

Intractable, in-trakt'a-bl, *a.* দুর্দ্দান্ত , দুর্দ্ধর্ষ ; অবাধ্য ; অদম্য , অশাসনীয় . Ungovernable ; unmanageable. *n*=intractableness, intractability. *ad*=intractably *Syn* :—Perverse, obstinate, cross, unmanageable, unruly, headstrong.

Intramural, *a.* প্রাচীর মধ্যগত ; Within the walls, as of a city.

Intransitive, in-transi-tiv, *a.* অকর্ম্মক ; কর্তৃপদে আবদ্ধ ; Expressing a meaning which does not pass over to an object. *ad*=intransitively.

Intransmissible, in-trans-misi-bl, *a.* অপ্রেরিতব্য , অপরিচালনীয় ; That cannot be transmitted.

Intransmutable, in-trans-mūt'a-bl, *a.* অপরিবর্ত্তনীয় ; That cannot be changed. *ad*=intransmutability.

Intrant, intrant, *a.* [L. *intro*, to enter] প্রবেশকারী ; ভেদক ; Entering ; penetrating :—প্রবেশক ; One who enters, particularly on some public duty.

Intrench, in-trensh, *v. t.* পরিখাদি দ্বারা পরিবেষ্টিত-কৃ , গড়বন্দি-কৃ ; গর্ত্ত-কৃ , Make a trench ; fortify

with a ditch ; to furrow :—*v. t.* আক্রমণ-কৃ ; বলপূর্ব্বক ধারণ বা গ্রহণ-কৃ ; To encroach ; invade.

Intrenchment, in-trensh'ment, *n.* পরিখা ; গড়, A trench ; a ditch and parapet for defence :—আক্রমণ ; An encroachment. *Syn* :—Moat, rampart ; infringement, encroachment.

Intrepid, in-trep'id, *a.* নির্ভয় ; ভয়শূন্য ; সাহসী ; Undaunted ; brave, fearless ; daring. *n*=intrepidity. *Syn* :—Bold, undaunted ; dauntless, doughty, daring.

Intrepidity, in-trē-pide-te, *a.* নির্ভীকতা ; সাহসিকতা ; Fearless bravery ; undaunted bravery. *Syn* :—Courage, heroism, fortitude, gallantry, valour.

Intricacy, intre-kā-se, *n.* জটিলতা ; Entanglement. *Syn* :—Perplexity, complication, complexity, involution, obscurity, difficulty.

Intricate, intre-kāt, *a* [L. *in*, and *tricari*, to make hinderances] জটিল ; বিজড়িত ; Entangled, involved ; perplexed. *n*=intricacy ; intricateness. *ad*=intricately. *Syn* :—Perplexed, complicated, obscure, difficult.

Intrigue, in-trēg', *n* ষড়যন্ত্র ; চক্রান্ত ; Secret plot or scheme :—নাটকাদির গল্পসূত্র ; The plot of a poem or romance :—অবৈধ, গুপ্তপ্রণয় ; Amour, secret illicit love :—*v. t.* ষড়যন্ত্র-কৃ ; চক্রান্ত-কৃ, To form intrigues :—গোপনে অবৈধ প্রণয়-কৃ, To carry on illicit love. *Syn* :—(*n.*) Cabal, plot, conspiracy, machination, artifice, wile, finesse, ruse, manoeuvre. (*v*) Scheme, cabal, plot.

Intriguer, in-trēg'er, *n.* ষড়যন্ত্রকারী ; চক্রান্তকারী, One who intrigues.

Intrinsic, in-trinsik, **Intrinsical,** in-trinsikal, *a.* [L. *intra*, within, and *secus*, side] আভ্যন্তরিক ; স্বাভাবিক, স্বভাবজ ; Inward ; inherent — যথার্থ ; প্রকৃত, Genuine. *ad*=intrinsically. *n*=intrinsicality. *Syn* :—Internal, inborn, native, natural, true, real, essential.

Introduce, in-trō-dūs', *v. t* [L. *intro*, within and *ducere*, to lead] উপস্থিত-কৃ, লইয়া যাওয়া, প্রবেশ করান, To lead in, to bring in, conduct or usher in :—জ্ঞাত-কৃ ; গোচর-কৃ ; পরিচিত-কৃ ; পরিচিত করিয়া দেওয়া ; To make known :—আরম্ভ-কৃ ; সূচনা-কৃ, To commence ; to begin, to preface :—প্রচলিত-কৃ ; To bring into practice *Syn* :—Conduct, usher in, bring acquainted, present ; import, produce.

Introduce into—ভিতরে প্রবিষ্ট করান ; Insert in, put into :—প্রবর্ত্তিত করা ; Bring into use in :—ভিতরে লইয়া যাওয়া ; Conduct one to.

Introduce (one) to—আলাপ পরিচয় করিয়া দেওয়া ; Make one known to another.

Introduction, in-trō-duk'shun, *n.* আরম্ভ ; Beginning :—পরিচয় করান ; পরিচয় করিয়া দেওন ; গোচরকরণ ; Act of making persons known to each other :—মুখবন্ধ ; গ্রন্থের ভূমিকা ; Preface :—Leading in :—উপক্রমণিকা, উপক্রমণিকা গ্রন্থ, Rudiments. *Syn* :—Ushering in, presentation ; proem, prelude, prologue, preamble.

Letter of introduction—পরিচয়-পত্র।

Introductive, in-tro-duktiv, *a.* জ্ঞাপক, পরিচায়ক ; Serving to introduce.

Introductory, in-trō-duktor-e, *a.* প্রথম ; প্রারম্ভক ; ভূমিকাস্বরূপ ; Prefatory ; preparatory ; preliminary :—জ্ঞাপক ; পরিচায়ক ; Serving to introduce. *ad*=introductorily. *Syn* :—Previous, initiative, precursory, proemial.

Intromission, *n.* অন্তঃপ্রেরণ ; অন্যের দ্রব্যে বা বিষয়ে হস্তক্ষেপ ; Sending within, intermeddling with another's effect.

Intromit, in-tro-mit', *v. t.* [L. *intro*, within, *mitto*, *missum*, to send] অন্তঃপ্রেরণ-কৃ ; গ্রহণ স্বীকার-কৃ ; প্রবেশ করিতে দেওয়া ; To send within ; to admit, to allow to enter.

Introspect, *v. t.* অন্তর দেখা, Look within.

Introspection, in-tro-spek'shun, *n.* অন্তর্দর্শন ; আত্মপরীক্ষা ; Sight of the inside or interior, self examination. *a*=introspective.

Introvert, in-tro-vert', *v. t.* [L. *intro*, within, and *verto*, to turn] ভিতর দিকে বক্র-কৃ ; ভিতর দিকে ফিরান ; To turn inwards.

Intrude, in-trōōd', *v. i.* [L. *in*, and *trudere*, to thrust] বিনা আহ্বানে উপস্থিত-হ ; অনাহূতভাবে প্রবেশ-কৃ, To enter uncalled or uninvited, to thrust into :—*v. t* প্রবেশিত-কৃ ; অনধিকার প্রবেশ-কৃ ; বলপূর্ব্বক অন্তঃপ্রবিষ্ট-কৃ ; To thrust in or cause to enter without right or welcome, to obtrude, encroach ; infringe, trespass. *n*=intruder. *Syn* :—Force into, intrench, interfere, enter uninvited.

Intrude into—অধিকার না থাকিলেও কোন বিষয়ে হস্তক্ষেপ করা ; Enter into without right :—বলপূর্ব্বক প্রবেশ-কৃ ; Force oneself into (some subject or place).

Intrude upon—বিনা আহ্বানে বা অনুমতিতে কাহারও নিকট আসা (বিরক্তিকর হয় এইভাব) ; Come without permission ; thrust oneself upon another in an abrupt and unwelcome manner.

Intruder, *n.* অনাহূত ব্যক্তি ; আগন্তুক ; One who enters without asking or leave.

Intrusion, in-trōō'shun, *n.* বিনা আহ্বানে আগমন ; অনাহূত প্রবেশ ; Entering into a place without welcome or invitation :—অনধিকার প্রবেশ ; বলপূর্ব্বক গ্রহণ বা আক্রমণ ; Encroachment.

Intrusive, in-trōō'sive, *a.* বিনা অনুমতিতে উপস্থিত, অনাহূতভাবে প্রবেশকারী, Tending or apt to intrude ; entering without welcome or right, *ad*=intrusively. *n*=intrusiveness.

Intrust, in-trust', *v. t.* ভারার্পণ-কৃ ; বিশ্বাসপূর্ব্বক ন্যস্ত বা অর্পণ-কৃ ; To deliver in, trust, confide to the care of, commit, consign.

Intuition, in-tū-ish'un, *n.* [L. *intueri*, *intuitus*, to look on] সহজ জ্ঞান, স্বতঃসিদ্ধ জ্ঞান ; প্রত্যক্ষ অনুভূত সত্য, The power of the mind by which it immediately perceives the truth of things without reasoning or analysis. *a*=intuitional. *Syn* :—Insight, immediate perception, penetration, instinct, notion, idea, conception.

Intuitive, in-tū'it-iv, *a.* সহজ জ্ঞান দ্বারা উপলব্ধ ; সহজ জ্ঞানে অনুভূত ; সরল পরিদর্শনে জ্ঞাত ; Seen by the mind without argument or testimony ; received or known by simple inspection. *ad*=intuitively. *Syn* :—Knowing directly, perceived at once ; immediate, full, distinct, certain.

Intumescence, in-tū-mesens, *n.* [L. *in*, and *tumeo*, to swell] স্ফীতি ; বৃদ্ধি ; উন্নতি ; A swelling ; a tumid state.

Intwine, in-twin, *v.* একত্র জড়িত-কৃ ; Twine around or together. [Twist together.

Intwist, in-twist, *v.* পাক-দা ; একত্র জড়িত-কৃ ;

Inumbrate, in-umbrāt, *v. t.* [L. *in*, and *umbro*, to shade—*umbra*, a shadow] ছায়াবিত-কৃ ; To shade.

Inundate, in-undāt, *v. t.* [L. *in*, and *undare*, to rise in waves] জলপ্লাবিত-কৃ ; Flood ; overflow with water. *n*=inundation. *Syn* :—Deluge, drown, overflow, overwhelm, submerge.

Inundation, in-un-dā'shun, *n.* জলপ্লাবন ; বন্যা ; A flood, an overflowing. *Syn* :—Deluge, rush ; cataclysm.

Inure, in-ūr', *v. t.* অভ্যস্ত-কৃ ; কঠিন-কৃ ; To accustom ; to habituate to harden ;—*v. i.* ব্যবহারে আসা ; উপকারে লাগা ; To come into use ; to serve to the use of. *n*=inurement. *Syn* :—Train, familiarize.

Inure one to—কোন কষ্টকর বিষয়ে অভ্যস্ত করা ; Habituate one to something that is difficult or troublesome.

Inurn, in-urn, *v. t.* সমাহিত-কৃ ; গোর দেওয়া ; চিতা-ভস্মাধারে রাখা ; To intomb ; to put in an urn ; to fur.

Inutility, in-ū-tile-te, *n.* অনুপযোগিতা ; অনুপকারিতা ; অব্যবহার্য্যতা ; Uselessness ; unprofitableness ; fruitlessness.

Invade, in-vād, *v. t.* [L. *invadere*, from *in*, and *vadere*, to go] আক্রমণ-কৃ ; Attack ; encroach upon :—লঙ্ঘন-কৃ ; Violate. *n*=invader. *Syn* :—Assail, assault ; infringe, violate.

Invader, *n.* আক্রমণকারী ; One who invades or attacks :—অনধিকারে প্রবেশকারী ; An encroacher ; an intruder.

Invalid, in-valid, *a.* [L. *in*, and *validus*] অপ্রমাণিক ; অকার্য্যকর ; বাতিল ; অগ্রাহ্য ; Not valid or strong ; void ; null :—দুর্বল ; দুর্বলকায় ; হীনবল ; রুগ্ন ; পীড়িত ; Infirm ; sick :—*n.* রোগী, রুগ্ন লোক ; যুদ্ধ আহত সৈন্য , A sickly person ; a disabled soldier :—*v. t.* যুদ্ধ আহত সৈন্যদিগের তালিকায় নাম লিখা ; রুগ্ন সৈনিকাদির তালিকাভুক্ত-কৃ , To enrol on the list of invalids in the military or naval service ;—রুগ্ন-কৃ ; To render invalid or affect with desease. *Syn* :—(*a*) Weak, worthless ; void, null ; sick, feeble.

Invalidate, in-valid-āt, *v. t.* অকর্ম্মণ্য-কৃ ; অসার বা নিষ্ফল-কৃ ; দুর্ব্বল-কৃ , ব্যর্থ-কৃ ; To render invalid ; to weaken. *n*=invalidity, invalidation. *Syn* :—Nullify, make void, overthrow.

Invalidity, *n.* অসারত্ব ; নিষ্ফলতা ; Want of cogency ; want of force.

Invaluable, in-valū-a-bl, *a.* অমূল্য ; Priceless. *ad*=invaluably. *Syn* :—Inestimable, very costly, very precious.

Invariable, in-vāre-a-bl, *a.* [L. *in*, and *varius*, changeable] অপরিবর্ত্তনীয় ; নিয়ত একরূপ , Unalterable. *n*=invariableness. *Syn* :—Constant, immutable, unchangeable, always uniform

Invasion, in-vā'zhun, *n.* আক্রমণ ; আস্কন্দন , Attack, an incursion :—অনধিকার প্রবেশ ; বলপূর্ব্বক ধারণ ; An encroachment ; a raid ; infringement :—লঙ্ঘন ; Violation. *Syn* :—Assault, aggression, irruption, inroad ; raid, foray ; encroachment.

Invasive, in-vā'siv, *a.* আক্রমণশীল ; আক্রমণকারী ; হস্তক্ষেপকারী ; Aggressive ; hostile.

Invective, in-vektiv, *n.* ভর্ৎসনা ; নিন্দা ; ধিক্কার ; ব্যঙ্গোক্তি ; Abuse ; reproach ; satire :—*a.* নিন্দাকারী ; বিদ্রূপাত্মক ; Railing ; abusive ; satirical. *Syn* :—(*n*) Railing, obloquy, vituperation ; philippic, sarcasm.

Inveigh, in-vā, *v. i.* [L. *in*, and *vehere*, to carry] গালাগালি দেওয়া ; নিন্দা-কৃ ; তিরস্কার-কৃ ; To attack with words, to revile. *Syn* :—Denounce, reprobate, censure, reproach, declaim against.

Inveigh against—খুব নিন্দা করা বা গালি দেওয়া ; Attack bitterly with reproaches.

Inveigle, in-vē'gl, *v. i.* প্রলোভিত-কৃ ; কুকর্ম্মে প্রবর্ত্তিত-কৃ ; To entice, seduce, wheedle. *n*=inveiglement. *Syn* :—Allure, ensnare, entrap, mislead. [Enticement ; enticing.

Inveiglement, in-vē'gl-ment, *n.* প্রলোভন ;

Invent, in-vent', *v. t.* [L. *invenire*, to find] উদ্ভাবন-কৃ ; আবিষ্কার-কৃ , উদ্ভাবিত-কৃ , রচনা-কৃ ; সৃষ্টি-কৃ , নির্ম্মাণ-কৃ ; জাল-কৃ ; মিথ্যা কল্পনা-কৃ ; Contrive ; create ; to frame ; to forge ; devise something not known before. *n*=invention. *Syn* :—Find out, design, fabricate, originate, forge.

Invention, in-venshun, *n.* আবিষ্কার ; সৃষ্টি ; উদ্ভাবন , Act of finding out or producing something new :—প্রতারণা ; A deceit :—উদ্ভাবনশক্তি ; The faculty of inventing. *Syn* :—Contrivance, fabrication, device, plan, design ; discovery ; deceit, fiction, forgery.

Inventive, in-ventiv, *a.* উদ্ভাবনক্ষম ; উদ্ভাবনতৎপর ; Able to invent ; quick at contrivance. *n*=inventiveness. *ad*=inventively. *Syn* :—Skilful, creative, ingenuous.

Inventor, Inventer, in-ventur, *n.* আবিষ্কারক ; উদ্ভাবনকর্ত্তা ; One who invents or finds out something new. *fem*=inventress.

Inventory, inven-tor-e, *n.* তালিকা ; Catalogue of goods :—*v. t.* তালিকা-কৃ , To make a catolague of. *Syn* :—(*n*) Register, roll, schedule.

Inverse, in-vers, *a.* বিপরীত ; বিপর্য্যস্ত ; উল্টা ; Inverted ; opposite ; contrary. *ad*=inversely.

Inversion, in-ver'shun, *n.* ব্যতিক্রম ; বিপর্য্যয় ; বিপরীতভাব , Change of order or position.

Invert, in-vert', *v. t.* [L. *in*, and *vertere*, to turn] উল্টা-কৃ ; বিপর্য্যস্ত-কৃ ; বিশৃঙ্খল-কৃ ; To turn upside down or last first ; to reverse ; to revise. *Syn* :—Upset, subvert, owrturn, overset.

Invertebral, Invertebrate, *a.* মেরুদণ্ডহীন ; Destitute of a vertebral column or backbone.

Invertebrate, *n.* মেরুদণ্ডহীন জীব ; An animal destitute of a skull and vertebral column.

Invertedly, in-verted-li, *ad.* বিপর্য্যস্ত বা বিপরীতভাবে , In a reversed or contrary manner.

Invest, in-vest', *v. t.* [L. *in*, and *vestire*, to clothe] সজ্জিত-কৃ ; কাপড় পরা , To dress ; to clothe :—অর্পণ-কৃ , প্রদান-কৃ ; দেওয়া , To endow ; to confer or give :—পদে স্থাপন-কৃ , পদাভিষিক্ত-কৃ .

To instal :—ভূষিত-কৃ; To adorn :—আবদ্ধ-কৃ; To besiege :—বাণিজ্যাদি বিষয়ে ধন প্রয়োগ-কৃ; টাকা খাটান; To lay out money on :—বেষ্টন-কৃ; To surround :—রুদ্ধ-কৃ; To block up :—*v. i.* To make an investment. *Syn* :—Array, robe, drape; endue; grace, bedeck; inclose, surround, blockade. [business for making a profit.

Invest in—টাকা খাটান; Lay out money in

Invest (one) with—কোনরূপ সম্মান দেওয়া; Adorn one with :—কোন ক্ষমতা দেওয়া; Clothe one with some authority or office.

Investigable, in-vesťi-ga-bl, *a.* অনুসন্ধানযোগ্য; অনুসন্ধেয়; Able to be investigated.

Investigate, in-veśte-gāt, *v. t.* [L. *in*, and *vestigare*, to track] অনুসন্ধান-কৃ; অনুসরণ-কৃ; To search out; to pursue. *Syn* :—Inquire into, examine, scrutinize, test, criticise; explore.

Investigation, in-ves-te-gāshun, *n.* অনুসন্ধান; অন্বেষণ; Enquiry; examination :—গবেষণা; অধ্যয়ন, Research; study.

Investigative, in-vesťi-gā-tiv, **Investigatory**, in-vesťi-gā-tor-i, *a.* অনুসন্ধানেচ্ছু; অনুসন্ধায়ী, Promoting or given to investigation

Investigator, in-vesťi-gā-tur, *n.* অনুসন্ধানকারী; তত্ত্বানুসন্ধানকারী, Enquirer; examiner.

Investiture, in-vesťi-tūr, *n.* অভিষেক; প্রতিষ্ঠা; অধিকারী করণ, Installing in office.

Investment, in-vesťment, *n* অর্থপ্রয়োগ; অর্থের বিনিয়োগ; Laying out money on :—আক্রমণ, অবরোধ; রোধ; Siege :—সজ্জিত করণ; The act of investing :—পরিচ্ছদ, A vestment. *Syn* :—Vestment, garment, clothing, besieging, surrounding, blockading; money laid out.

Inveterate, in-veter-āt, *a.* [L. *inveterare*, to render old] বদ্ধমূল, দৃঢ়মূল; Deep-rooted :—প্রবল; Violent. *ns*=inveterateness, inveteracy. *ad*=inveterately. *Syn* :—Obstinate, confirmed, ingrained, habitual.

Inveterateness, Inveteracy, *n.* প্রাচীনত্ব হেতু দৃঢ়তা; Firmness produced by long use or continuance.

Invidious, in-vide-us, *a.* [L. *invidiosus*, from *invidia*, envy] বাঞ্ছনীয়; Enviable; desirable —দ্বেষপ্রবর্তক; অসূয়াজনক; ঈর্ষ্যা-উদ্দীপক; ঘৃণাজনক; Likely to incear ill will, hateful; offensive; odious. *n*=invidiousness. *ad*=invidiously.

Invigorate, in-vig'or-āt, *v. t.* [L. *in*, and *vigor*, force] দৃঢ়-কৃ; বলশালী-কৃ; সবল-কৃ; অনুপ্রাণিত-কৃ; To strengthen; to animate *n*=invigoration. *Syn* :—Brace, harden, nerve.

Invincible, in-vinse-bl, *a.* [L. *in*, and *vincere*, of conquer] অনতিক্রম্য; অজেয়; দুর্জেয়; Insuperable; unconquerable. *n*=invincibleness, invincibility. *ad*=invincibly. *Syn* :—Indomitable, impregnable; insuperable; insurmountable.

Inviolable, in-vī'ō-la-ble, *a.* অনতিক্রমনীয়; অলঙ্ঘ্য; অলঙ্ঘনীয়; That cannot be violated. *n*=inviolability. *ad*=inviolably. *Syn* :—Sacred, holy; obligatory, unalterable.

Inviolate, in-vī'ō-lāt, *a.* [L. *in*, not, *violatus*, *pp.* of *violare*, to violate] অক্ষত; অদূষিত; অলঙ্ঘিত; Unhurt; unbroken. *Syn* :—Uninjured, unprofaned, unpolluted, virgin, intact, undefiled.

Invisible, in-vize-bl, *a.* [L. *in*, and *visere*, *videre*, to see] অদৃশ্য; That cannot be seen. *ns*=invisibility, invisibleness. *ad*=invisibly. *Syn* :—Imperceptible, unperceivable, indiscernible, unseen.

Invitation, in-ve-tāshun, *n.* নিমন্ত্রণ; আহ্বান; মিনতি; অনুরোধ; The act of inviting; asking, solicitation *Syn* :—Bidding, call, summons.

Invite, in-vīt', *v. t.* নিমন্ত্রণ-কৃ, To ask to a place of entertainment :—প্রবৃত্ত-কৃ; আকৃষ্ট-কৃ, প্রলোভিত-কৃ; To persuade; to allure :—জিজ্ঞাসা-কৃ; To ask :—আদেশ-কৃ; আজ্ঞা-কৃ, To summon; to bid: —আকর্ষণ-কৃ; To attract :—*v. i.* নিমন্ত্রণ-কৃ; To ask in invitation. *n*=inviter. *Syn* :—Solicit, call; attract, entice.

Inviter, *n.* প্রার্থনাকারী; One who invites.

Invitingly, in-vīting-li, *ad.* প্রলোভনের ভাবে; প্রলুব্ধ করিয়া, In an inviting or alluring manner.

Invocate, invo-kāt, *v. t.* প্রার্থনা-কৃ; যাচ্ঞা-কৃ; Call upon with solemnity; to implore. *n*=invocation.

Invocation, in-vō-kāshun, *n.* প্রার্থনা; প্রার্থনার রীতি, আহ্বান; Act of addressing in prayer; a call or summons. *Syn* :—Supplication, entreaty, petition, orison.

Invoice, invois, *n.* মূল্য সহিত দ্রব্যাদির তালিকা; মালের চালান, Writing sent with goods showing the particulars and prices :—*v. i.* তালিকা প্রস্তুত-কৃ; চালান তৈয়ার-কৃ; To make an invoice of; to insert in a priced list.

Invoke, in-vōk', *v. i.* [L. *in*, on, *voco*, to call] প্রার্থনা-কৃ; সানুনয়ে যাচ্ঞা-কৃ; বন্দনা-কৃ; Call upon solemnly; to address in prayer :—সাহায্য প্রার্থনা করা; সাহায্য ভিক্ষা করা; To implore assistance. *Syn* :—Supplicate, beseech, conjure, appeal to, adjure.

Involuntary, in-volun-tār-e, *a.* [L. *in*, and *voluntus*, will] অনিচ্ছুক; ইচ্ছাবিরুদ্ধ; অনভিপ্রেত; Not voluntary or willing; not chosen. *n*=involuntariness. *ad*=involuntarily. *Syn* :—Compulsory, reluctant; instinctive, automatic, spontaneous, off-hand.

Involution, in-vo-lū'shun, *n.* বিজড়িত করণ; বিজড়িত ভাব; The action of involving; state of being entangled :—ঘাতাবেশ; Act or process of raising a quantity to any given power.

Involve, in-volv', *v. t.* [L. *involvere*, to roll about, wrap up] জড়ান; গুটান; সমাবৃত-কৃ; To roll up; enwrap; envelop :—লিপ্ত-কৃ, বিজড়িত-কৃ; To entangle; to implicate :—বিপদগ্রস্ত-কৃ বা ঋণগ্রস্ত-কৃ, To overwhelm; embarass :—অন্তর্ভুক্ত-কৃ; To comprise; to include; to contain. *Syn* :—Envelop; include, imply, embrace; complicate, make difficult; connect, unite, mingle, blend; twine, interlace, interweave.

Involve (one) in—কোন বিপাকে জড়িত-কৃ; Entangle one in some difficulty or danger :—কোন কিছুতে আচ্ছন্ন-কৃ; Envelop completely in :—Embarrass one by debt :—জড়িত; Mingle confusedly with.

Involvement, *n.* বিজড়ন ; বিজড়িত ভাব ; The act of involving ; state of being involved.

Invulnerable, in-vul'nėr-a-bl, *a.* অভেদ্য ; আঘাতের অসাধ্য ; That cannot be wounded. *ns*=invulnerability. invulnerableness. *ad*=invulnerably.

Inward, in'ward, *a.* [A. S. *in* and *ward*, direction] আন্তরিক ; আভ্যন্তরিক ; মানসিক ; ঘনিষ্ঠ ; Inside ; internal ; interior, inner, intimate .—*ad.* মধ্যে ; Towards the inside :—মনোমধ্যে ; Into the mind : —*n. pl.* অন্ত্র ; The intestines.

Inwardly, *ad.* মধ্যভাগে ; অন্তরে , In the inner parts ; in the heart :—গোপনে ; কেন্দ্রাভিমুখে , Privately ; toward the centre.

Inweave, in-wēv', *v. t.* বুনানর দ্বারা একত্র-কৃ ; একত্রে বয়ন-কৃ ; To entwine :—বিজড়িত-কৃ , জড়িত-কৃ ; জটিল-কৃ ; To complicate.

Inwrap, in-rap', *v. t.* সমাবৃত-কৃ , আবৃত-কৃ ; Wrap up :—দায়গ্রস্ত-কৃ ; বিজড়িত-কৃ , To involve in difficulty or perplexity, to perplex. *Syn* :—Infold, envelop, encase, cover.

Inwreathe, in-rēth', *v. t.* মালা দ্বারা বেষ্টন-কৃ ; To surround with a wreath.

Inwrought, in-rawt', *a.* কারুকার্য্য শোভিত , চিত্র দ্বারা অলঙ্কৃত , Wroughed or worked in or among other things , adorned with figures

Iodate, i'o-dāt, *n.* রাসায়নিক মিশ্রদ্রব্য বিশেষ , A combination of iodic acid with a base.

Iodide, i'o-did, *n.* রাসায়নিক মিশ্রণ বিশেষ ; A combination of iodine with a simple body.

Iodine, i'o-din, *n.* [Gr. *ion*, a violet, and *eidos*, form] মৌলিক পদার্থ বিশেষ ; A chemical element *a*=iodic.

Iolite, i'o-lit, *n.* [Gr. *ion*, a violet, and *lithos*, a stone] স্বচ্ছ মণি বিশেষ , A transparent mineral.

Ionic, i-on'ik, *a.* গ্রীসের অন্তর্গত আইওনিয়া সংক্রান্ত ; Relating to Ionia in Greece :—এক প্রকার স্থপতি বিদ্যাসূচক ; Relating to an order of Greek architecture.

Iota, i-ō'ta, *n.* অণু ; বিন্দু ; সামান্য পরিমাণ ; Tittle , jot. *Syn* :—Bit, particle, grain, atom, scrap, whit

Ipecacuanha, ip-e-kak-ū-an'a, *n.* লতা বিশেষ ; ভৈষজ্য লতা ; A plant :—বমনকারক ঔষধ ; Emetic.

Irascible, i-ras'e-bl, *a.* [L *irasci*, to be angry] ক্রোধশীল ; কোপনস্বভাব ; খিট্‌খিটে ; Easily provoked ; readily angered ; irritable. *n*=irascibility. *ad*=irascibly. *Syn* :—Irritable, hasty, hot, passionate, choleric.

Irate, i'rāt, *a.* [L. *iratus*, angry] ক্রোধশীল ; রুষ্ট ; ক্রুদ্ধ ; Angry, enraged. *Syn* :—Incensed, inflamed, irritated, wrathful, exasperated.

Ire, ir, *n.* ক্রোধ ; কোপ ; Anger ; rage. *Syn* :—Wrath, choler, indignation, passion, exasperation.

Ireful, ir'fool, *a.* ক্রোধশীল ; ক্রোধপূর্ণ ; বিদ্বেষী , Angry ; resentful. *ad*=irefully.

Iridescent, Irisated, *a.* রামধনুর ন্যায় বর্ণবিশিষ্ট ; Having colour like the rainbow. *n*=irisdescence.

Iris, i'ris, *n.* ইন্দ্রধনু ; Rainbow ; Goddess of the rainnbow or the rainbow itself :—চক্ষুর পুত্তলির চতুর্দিকস্থ রঞ্জিত বৃত্ত ; Prismatic circle round the pupil of the eye, *pl*=irishes.

Irish, i'rish, *a.* আয়র্লণ্ড সংক্রান্ত ; আয়র্লণ্ডজাত ; Relating to or produced in Ireland :—*n.* আয়র্লণ্ডের ভাষা ; Language of the Irish, a species of Celtic :—*pl.* আয়র্লণ্ডবাসী ; The native inhabitants of Ireland.

Iritis, i-ri'tis, *n.* অক্ষি-গোলকের প্রদাহ ; An inflammation of the iris of the eye.

Irk, ėrk, *v. t.* ক্লান্ত-কৃ ; কষ্ট-দে ; বিরক্ত-কৃ ; To weary ; to trouble ; to distress ;—used impersonally.

Irksome, ėrk'sum, *a.* ক্লান্তিজনক ; ক্লেশকর ; দুঃখজনক ; বিরক্তিকর ; Tedious ; unpleasant. *n*=irksomeness. *ad*=irksomely. *Syn* :—Wearisome, tiresome ; troublesome, burdensome, annoying.

Iron, i'ron, *n.* লৌহ ; A metal :—লৌহাস্ত্র ; লৌহযন্ত্র ; An iron implement :—শক্তি ; Strength :—*pl.* লৌহশৃঙ্খল ; Fetters :—*a.* লৌহনির্ম্মিত ; Made of iron :—কঠিন ; অনমনীয় ; অদম্য ; অভেদ্য ; কঠোর ; Inflexible ; hard , stern :—দুর্ভেদ্য ; Impenetrable ; —দৃঢ়কায় ; Robust :—অসভ্য , Rude :—দৃঢ়সংলগ্ন ; Fast-holding :—*v. t.* ইস্তিরি কৃ , ইস্ত্রী-কৃ ; To smooth with a hot iron :—শৃঙ্খলাবদ্ধ-কৃ ; To fetter ; to shackle.

Iron-age, *n.* The last of the four ages, being that of enforced toil ; the last of the three prehistoric ages.

Iron-bound, i'urn-bound, *a.* লৌহবেষ্টিত ; লৌহবদ্ধ ; বন্ধুর ; Encircled with iron ; rugged.

Iron-clad, i'urn-klad, *a.* লৌহ দ্বারা আচ্ছাদিত , লৌহাবৃত ; Covered or protected with iron :—*n.* যুদ্ধজাহাজ ; লৌহাবৃত অর্ণবপোত , A war-vessel having the parts above water plated with iron.

Iron-filings, *n* লৌহচূর্ণ , Filings of iron.

Iron-founder, i'urn-founder, *n.* লৌহ যে ছাঁচে ঢালে , লৌহ ঢালাইকার , One who casts iron.

Iron-foundry, iurn foundri, *n.* লোহার কারখানা ; লৌহ ঢালাই করিবার কারখানা ; Place where iron is castings are made.

Iron-gray, i'urn-gra, *a.* ধূসরবর্ণ ; Of a gray colour —*n* ধূসরবর্ণ . Gray colour.

Iron-handed, i'urn-handed, *a* দৃঢ়হস্ত ; Having hands hard as iron. [কঠিনহৃদয় ; Cruel.

Iron-hearted, i'urn-harted, *a.* নিষ্ঠুর ; নির্দ্দয় ,

Iron-master, i'urn-mas'ter, *n.* লৌহ-প্রস্তুতকারী, , লৌহপণ্যাধ্যক্ষ , Manufacturer of raw and bar iron.

Iron-monger, i'urn-mung-gėr, *a.* লৌহকার , লৌহপণ্য-ব্যবসায়ী ; Dealer in iron.

Iron-mongery, i'urn-mung-gėr-i, *n.* লৌহনির্ম্মিত বস্তুনিচয় ; লৌহনির্ম্মিত দ্রব্যজাত ; Miscellaneous articles in iron.

Iron-mould, i'urn-mold, *n.* লৌহের দাগ, লৌহ মরিচার সংস্পর্শ হেতু আর্দ্রবস্ত্রে উৎপন্ন দাগ ; Mark on linen from iron rust.

Iron-pan, *n.* কটাহ ; Frying pan.

Iron-rule, *n.* কঠিন শাসন ; Harsh and stern government.

Iron-side, *n.* বলিষ্ঠ লোক ; Strong man ; curaissier ; one of Cromwell's cavalry.

Iron-smith, *n.* লৌহকার ; কর্ম্মকার, কামার ; A blacksmith , a worker in iron.

Iron-ware, i'urn-wār, *n.* লৌহভাণ্ড ; লৌহ দ্রব্যজাত ; Wares or goods of iron.

Iron-wood, *n.* লৌহবৎ দৃঢ় কাষ্ঠ ; Applied *to* the timber of various trees on account of their hardness.

Iron-work, *i'urn-wurk, n.* লোহার কারখানা ; Place for melting iron :—লৌহদ্রব্য , Anything made of iron.

Irons in the fire—মনোযোগ দিবার বিষয় ; Matters requiring attention.

The iron enters into his soul—অত্যন্ত যাতনা অনুভব-কৃ ; The anguish or annoyance is felt most keenly.

Too many irons in the fire—একেবারে অনেক-দিকে মন ; Too many objects requiring attention at one time.

Ironical, i-roñik-al, *a.* ব্যঙ্গসূচক ; ব্যঙ্গপূর্ণ ; শ্লেষপূর্ণ ; Satirical ; sacastic. *ad*=ironically.

Irony, i'urn-i, *a.* [Gr. *eiron*, a dissembler—*eiro*, to talk] লৌহনির্ম্মিত ; লৌহসদৃশ ; কঠিন ; Resembling iron ; hard :—*n.* ব্যঙ্গ ; ঠাট্টা ; শ্লেষ ; Satire ; a delicate sarcasm.

Irradiance, ir-rā'di-ans, **Irradiancy,** ir-rā'di-an-si, *n.* আভা ; কিরণচ্ছটা বিকাশ ; Emissions of rays of light :—দীপ্তি ; ঔজ্জ্বল্য ; *Lustre* ; splendour. [Shedding beams of light.

Irradiant, ir-rādi-ant, *a.* দীপ্তিমান ; কিরণবিকাশী ;

Irradiate, in-rā'de-āt, *v. t.* [L. *in*, and *radius*, ray] উজ্জ্বল-কৃ ; আলো-কৃ ; দীপ্তি দ্বারা অলঙ্কৃত-কৃ ; To dart rays upon ; to adorn with light :—জ্ঞান-দে ; To illuminate the understanding :—*v. i.* কিরণ বিকাশ-কৃ ; দীপ্তি পাওয়া ; To emit rays ; to shine :—*a.* প্রভা দ্বারা অলঙ্কৃত , Adorned with lustre. *Syn* :—Brighten, shine upon, illuminate, enlighten.

Irradiation, ir-rā-di-ā'shun, *n.* উজ্জ্বলতা ; ঔজ্জ্বল্য ; Brightness .—জ্ঞানালোক , Intellectual light.

Irrational, ir-rash'un-al, *a.* [L. *in*, and *rationalis*, from *ratio*, reason] বিবেকহীন ; বিচারশক্তিশূন্য , Void of reason :—অযৌক্তিক , অসঙ্গত ; Absurd ; unreasonable. *ad*=irrationally. *n*=irrationality. *Syn* :—Brutish, brute ; foolish, preposterous, silly, unwise, injudicious.

Irreclaimable, ir-re-klāmia-bl, *a.* অশোধ্য ; অশোধনীয় ; অসংশোধনীয় ; অপ্রতিবিধেয় , That cannot be reformed , incorrigible. *ad*=irreclaimably.

Irreconcilable, ir-rek-on-sīla-bl, *a.* পুনর্মিলনের অযোগ্য ; অপুনর্মিলনীয় ; That cannot be reconclied ; inplacable :—অসমঞ্জস ; অসঙ্গত ; Inconsistent. *n*=irreconcilableless. *ad*=irreconcilably. *Syn* :—*Unappeasable* ; incompatible, *incon*-gruous.

Irrecoverable, ir-rē-kuver-a-bl, *a.* অনুদ্ধরণীয় ; অপুনরুদ্ধরণীয় ; অসংশোধনীয় ; Irretrievable. *n*=irrecoverableness. *ad*=irrecoverably. *Syn* :—Irreparable, irremediable, incurable.

Irredeemable, ir-re-dēm'a-bl, *a.* অনুদ্ধরণীয় ; Not redeemable ; not subject to be paid at the nominal value. *n*=irredeemableness, irredeemability. *ad*=irredeemably.

Irreducible, ir-re-dūsi-bl, *a.* অপরিবর্তনীয় ; Not to be reduced. *n*=irreducibleness. *ad*=irreducibly.

Irrefagable, ir-ref'ra-ga-bl, *a.* [L. *in*, and *refragari*, from *frangere*, to break] অকাট্য ; অখণ্ডনীয় ; অবিসংবাদিত ; *Unanswerable. n*=irrefragability, irrefragableness. *ad*=irrefragably. *Syn* :—Irresistibly cogent, incontrovertible, indisputable, *incontestable*, *indubitable*, irre futable.

Irrefutable, ir-re-fū-t'a-bl, *a.* অখণ্ড ; অখণ্ডনীয় ; That cannot be refuted. *ad*=*irrefutably*.

Irregular, ir-reg'ū-ler, *a.* [L. *in*, and *regula*, rule, order] অনিয়মিত ; অস্বাভাবিক ; অবৈধ ; বিশৃঙ্খল ; Not regular ; unnatural ; unsystematic ; abnormal :—In grammar, departing from the ordinary form in respect to the inflectional terminations :—অযথারীতি ; দুষ্ট , ব্যভিচারী ; Immethodical ; vicious :—*n.* অনিয়মিত সৈনিক ; A soldier not in regular service. *n*=irregularity. *ad*=irregularly. *Syn* :—Erratic, devious, eccentric, anomalous, unsymmetrical ; immethodical, uncertain, unpunctual, capricious, desultory, variable ; disorderly, wild, immoderate, intemperate, inordinate.

Irregularity, ir-reg-ū-lār'e-te, *n.* বিশৃঙ্খলতা ; অনিয়মিততা ; রীতি-ব্যতিক্রম ; দুষ্টাচরণ ; State of being irregular ; vice. *Syn* :—Aberration, abnormity, anomaly ; uncertainty, capriciousness, variableness, fitfulness, unsteadiness : impropriety, indecorum, laxity, vice.

Irrelative, ir-rela-tiv, *a.* অপ্রাসঙ্গিক , অসম্বন্ধ ; অসম্পৃক্ত ; Unconnected. *ad*=irrelatively.

Irrelevant, *ir-relē-vant, a.* অপ্রাসঙ্গিক ; অসংশ্লিষ্ট ; Not relevant. *n*=irrelevancy. *ad*=irrelevently. *Syn* :—Inapplicable, inappropriate, impertinent. [religion.

Irreligion, ir-re-lijun, *n.* অধর্ম ; Want of

Irreligious, ir-rē-lije-us, *a.* অধার্ম্মিক ; Ungodly. *n*=irreligiousness. *ad*=irreligiously. *Syn* .—Impious, profane, wicked.

Land-waiter, *n.* জাহাজের মাল নামানর তত্ত্বাবধায়ক , A custom-house officer who waits or attends on the landing of goods.

Landward, landward, *ad* স্থলাভিমুখে ; Towards the land —*a* স্থলাভিমুখীন , সাগরকূল হইতে দূরবর্তী ; Lying toward the land ; away from the sea-coast :—গ্রাম্য , Rural [a narrow street.

Lane, lān, *n.* গলি ; সঙ্কীর্ণ পথ ; A narrow passage ;

Language, lang'gwāj, *n.* [L. *lingua*, the tongue] জাতিগত ভাষা , ভাষা ; Human speech , speech —দেশ ভাষা , Dialect :—শব্দ রচনার ধারা ; বিন্যাস প্রণালী ; Diction :—ভাবপ্রকাশ পদ্ধতি ; Any manner of expressing thoughts. *Syn* :—Tongue, idiom ; style, phraseology.

Languid, lang'gwid, *a.* [L. *languere*, to be faint] অবসন্ন ; নিস্তেজ ; হীনবল ; ক্ষীণ , Sluggish , spiritless ; weak ; feeble, enhausted , faint , without animation. *n*=languidness. *ad*=languidly. *Syn* :—Sickly, pining, feeble ; heavy, dull, inanimate, listless, torpid.

Languidness, lang'gwid-ness, *n.* অবসন্নতা ; ক্ষীণতা ; নিস্তেজতা ; Faintness, feebleness *Syn* : —Lassitude, languor, heaviness, slowness, dulness, listlessness.

Languish, lang'gwish, *v. i.* [L. *languo*, to be weak] ম্লান-হ , অবসন্ন-হ ; ক্ষীণ-হ ; নিস্তেজ-হ ; হীনবল-হ , Pine away ; to droop ; to lose strength :—*n*, Tender look or appearance. *n*=

languishment. *Syn* :—(*v*) Wither, fade, faint, decline, sink.

Languishingly, *ad.* দুর্ব্বলরূপে ; ক্ষীণভাবে ; নিস্তেজরূপে ; কোমলভাবে ; In a lanuishing, weak, dull, or tender manner.

Languishment, *n.* ক্ষয় ; দৌর্ব্বল্য ; দৃষ্টির কোমলতা ; The act or state of languishing ; softness of look.

Languor, lang'gwer, *n.* ক্লান্তি ; অবসন্নতা , তেজোহীনতা ; ক্ষীণতা ; Dullness ; lassitude ; feeblness. *Syn* :—Weakness, faintness, weariness, heaviness ; listlessness, ennui.

Laniary, *a* ছেদক ; Lacernting or teasing.

Laniferous, Lanigerous, *a* [L. *lana*, wool, and *fero*, to bear] পশমধারী ; পশম উৎপাদী ; Wool-bearing.

Lank, langk, *a.* [Ger. *schlank*, slender] ক্ষীণ , কৃশ , অবনত ; Loose or lax, thin and slender , drooping. *n*=lankness. *ad*=lankly. *Syn* :—Lean, slim, meagre, scraggy, gaunt, attenuated

Lansquenet, *n.* [Gr. *land*, country, and *knecht*, a soldier] জর্ম্মন পদাতি ; A German foot-soldier :- তাসখেলা বিশেষ , A game at cards.

Lantern, lantérn, *n.* [Gr. *lampo*, to give light] লণ্ঠন ; A case for a light :—*v. t.* লণ্ঠন দ্বারা সজ্জিত-কৃ ; To furnish with a lantern.

Lanyard, Laniard. *n.* জাহাজের দড়ি বিশেষ . A short piece of rope.

Laodicean, *n.* যে ব্যক্তি ধর্ম্মবিষয়ে উদাসীন ; One indifferent to religion

Lap, lap, *v. t.* or *v. i.* লেহন-কৃ ; জিহ্বা দ্বারা চাটা ; To lick up with the tongue :—উপরে লেপন-কৃ ; To overlap :—উপরে রাখা ; To lay on :—জড়ান , To wrap :—*n.* অঞ্চল ; Flap of a garment :—ভাঁজ ; Fold :—ক্রোড় ; অঙ্ক ; কোল , Part from the waist to the knees, when sitting. *Syn* :—(*v*) Fold, turn over ; wrap, twist round ; lay over, cover ; lick, lick up.

Lapdog, *n.* ক্রোড় কুকুর ; A small dog in the lap.

Lapel, *n.* কোটের উপরিভাগের লম্বমান অংশ ; The part of the breast of a coat which folds over like a lap. *a*=lapelled.

Lapful, lap'fool, *a.* অঙ্কপূর্ণ , ক্রোড়পূর্ণ . As much as the lap will hold.

Lapidescent, *a.* [L. *lapidesco*, to become stone] প্রস্তরে পরিবর্ত্তনশীল ; Becoming stone. *n*= lapidescence.

Lapidiary, lap'i-dar-i, *n.* [L. *lapis*, *lapidis*, a stone] বহুমূল্য প্রস্তর-খোদক , জহরি ; মণিব্যবসায়ী ; One who cuts precious stone ; dealer in precious stones :—*a.* প্রস্তরখোদন সংক্রান্ত , Pertaining to the cutting of stones.

Lapidify, lapidi-fi, *v. t. v. i.* [L. *lapis*, a stone, and *facio*, to make] প্রস্তরে পরিণত করা বা হওয়া ; To form to stone ; to turn into stone. *n*=lapidification.

Lapper, *n.* যে অবলেহন করে ; যে ভাঁজ করে ; One who laps, wraps or folds.

Lappet, lap'et, *n.* অঞ্চল ; লম্বমান বসনপ্রান্ত , Part of a garment, &c. hanging loose ; a flap.

Lapse, laps, *v. i.* [L. *lapsus*, from *labi*, to fall] প্রবাহিত-হ ; ধীরে ধীরে চলিয়া যাওয়া ; To flow ; slide ; slip ; to pass by degree :—ক্রমে পতিত-হ ; To err :—অভিভাবকাদির অনবধানতার জন্য অধিকারীর হস্তে যাওয়া ; To pass from one proprietor to another by the neglect or failure of some one ; —নিষ্ফল-হ ; To become void :—*n.* গতি ; Flow, motion :—পতন ; Fall :—চ্যুতি ; স্খলন ; ত্রুটি ; Failing ; slight fault :—কর্ত্তব্যস্খলন ; Transfer of right by neglect of the holder ; a failing in duty. *Syn* :—(*n*) Smooth course ; fall, decline, declension, descent ; slip, fault, error, failing ; apostasy. (*v*) Glide ; fall from virtue, fail in duty, apostatise.

Lapse of time—কালাতিপাত , The gradual passing away of time.

Lap-wing, *n.* টিটিভ , জলচর পক্ষী বিশেষ ; A bird which flaps its wings in a rapid and peculiar manner , a wading bird.

Lar, lär, *n.* গৃহদেবতা , A household deity regarded as the soul of a deceased ancester. *pl*=lares.

Larboard, lar'bōrd, *n.* জাহাজের বামপার্শ ; The left hand side of a ship looking from the stern :—*a.* বামপার্শ সংক্রান্ত , Pertaining to the port.

Larcenist, lär'sen-ist, *n.* চোর , অপহারক , Thief.

Larceny, lär'sen-e, *n.* [L. *latro*, a robber] চৌর্য্য , চুরি ; অপহরণ ; Theft. *Syn* :—Stealing, pilfering, petty robbery.

Larch, larch, *n.* বৃক্ষ বিশেষ ; A tree.

Lard, lard, *n.* চর্ব্বি ; শূকরের বসা , Melted swine's fat :—*v. t.* চর্ব্বি-দে , To grease :—মোটা-কৃ ; স্থূলকায়-কৃ , To fatten :—মিশ্রিত-কৃ , To mix with anything.

Lardaceous, lard-äshus, *a.* চর্ব্বিবৎ ; চর্ব্বিযুক্ত ; মেদময় ; Of or like lard.

Larder, lard'ér, *n.* মাংসাগার ; মাংসের ভাণ্ডার ; A room where meat is kept ; pantry.

Larderer, *n.* One in charge of the larder.

Lardy, lärd'i, *a.* চর্ব্বিপূর্ণ , বসাময় , Full of lard.

Large, lärj, *a.* প্রশস্ত , বিস্তৃত ; Wide, extensive (said of surface or area) :—পর্য্যাপ্ত , প্রচুর , বহুল ; Abundant, plentiful (of quantity) —বৃহদাকার ; বৃহৎকায় ; বড় ; Numberous, populous, bulky, huge (of size) :—সুদীর্ঘ ; দীর্ঘ ; Diffuse, long, full (of language, style) :—উদার , Liberal ; comprehensive (of the mind) :—সদাশয় ; মহৎ ; Generous, noble (of the heart) *ad*=largely. *n*= largeness. *Syn* :—Big, immense, ample, broad, spacious , full, copious , capacious.

A gentle man at large—স্বাধীন ব্যক্তি (কোন কাজকর্ম্ম নাই) ; One who has given up or is without any serious occupation.

At large—স্বাধীনভাবে ; অবাধে ; যথেচ্ছ ; Without restraint or confinement :—সম্পূর্ণরূপে ; সাধারণ্যে Diffuse ; to the full extent ; the whole or all the, in the mass ; fully.

Be at large—আবদ্ধ অবস্থা হইতে মুক্ত হওয়া ; স্বাধীনভাবে যেখানে সেখানে যাওয়া ; Be at liberty ; be going about without restraint.

Large-acred, *a.* Having large estates.

Large-handed, *a.* মহাভুজ ; Having large hands :—লোভী ; Rapacious , voracious.

Large-hearted, lärj'-hart'ed, *a.* বদান্য ; সদাশয় ; উদারচেতা ; Munificent ; liberal.

Large-minded, *a.* উদার ; Of a liberal mind.

Largeness, lärj'nes, *n.* দীর্ঘতা ; বৃহৎ আকার ; Bigness ; bulk. *Syn* :—Magnitude ; wideness, extensiveness, breadth, comprehensiveness ; greatness, vastness ; liberality, generosity.

Largess, lärj'es, *n.* দান ; উপহার ; A present ; a donation. *Syn* :—Gift, bounty, grant.

Lariat, lar'i-at, *n.* ফাঁসবিশিষ্ট রজ্জু ; A lasso.

Lark, lärk, *n.* চাতক ; A song-bird :—তামাসা ; ক্রীড়া ; কৌতুক ; A frolic ; a game :—*v. t.* চাতক ধরা ; To catch larks :—ক্রীড়া-কৃ ; To frolic.

Larkspur, *n.* ফুলগাছ বিশেষ ; A plant with showy flowers.

Larum, *n.* বিপদ্‌জ্ঞাপক সঙ্কেত শব্দ ; Alarm ; a noise giving notice of danger.

Larva, lär'va, *n.* অণ্ডোদ্গত কীট ; কীটজীবনের আদ্যাবস্থা ; Second stage of an insect ; a caterpillar ; grub. *a*=larval. *pl*=larvae.

Laryngites, lar-in-ji'tes, *n.* কণ্ঠপ্রদাহ ; Inflammation of the larynx.

Laryngoscope, *n.* [Gr. *larynx*, the throat, and *skopeo*, to behold] কণ্ঠ পরীক্ষার দর্পণ যন্ত্র ; A kind of reflecting mirror.

Larynx, lar'ingks, *n.* কণ্ঠনালী ; বায়ুনালীর ঊর্দ্ধভাগ ; The upper part of the windpipe ; throat. *a*= laryngeal, laryngean.

Lascar, laśkar, *n.* খালাসি ; ভারতবর্ষীয় নাবিক ; লস্কর ; A Hindoo seaman employed in European vesels.

Lascivous, las-sive-us, *a.* [L. *lascivus*, wanton] *a.* কামাতুর ; কামুক , লম্পট ; কামোদ্দীপক ; Leud ; lustful. *n*=lascivousness (লাম্পট্য ; lust) *ad*=lascivously. *Syn* :—Wanton, sensual, libidinous, unchaste, licentious, prurient.

Lash, lash, *n.* কশা ; চাবুকের দড়ি ; চর্ম্মরজ্জু ; The thong of a whip ; a whip :—কশাঘাত ; Stroke with a whip :—তীব্র প্রত্যুত্তর ; বিদ্রূপ ; তীব্র পরিহাস ; Retort ; a stroke of satire :—*v. t.* বেত্রাঘাত-কৃ ; কশাঘাত-কৃ ; To strike with a lash ; to whip :—নিন্দা-কৃ ; তিরস্কার-কৃ ; বিদ্রূপ-কৃ ; To censure severely ; to satirise :—*v. i.* বেত্রাঘাত-কৃ ; কশাঘাত-কৃ ; To play the whip :—ভীষণরূপে আক্রমণ-কৃ ; ব্যঙ্গোক্তি-কৃ ; To attack severely ; to satirise. *Syn* .—(*v*) Flog, scourge, beat ; lampoon ; bind, tie together.

Lash into fury—ক্রোধান্ধ-কৃ ; রাগে জ্বলিয়ে দেওয়া , ক্ষিপ্ত-কৃ ; তোলপাড়-কৃ ; To madden ; to cause to rage ; render furious.

Lasher, lashėr, *n.* বেত্রাঘাতকারী ; কশাঘাতকারী , One who whips :—A piece of rope for binding one thing to another.

Lashing, lashing, *n.* কশাঘাত ; দণ্ড ; বন্ধনরজ্জু ; A whipping with a lash ; a chastisement ; a rope for making anything fast.

Lass, las, *n.* বালিকা ; যুবতী ; A girl. *Syn* :—Girl, damsel, maiden, lassie.

Lassitude, laśe-tūd, *n.* [L. *lassitudo*, from *lassus*, faint, weary] ক্লান্তি ; ক্ষীণতা ; অবসন্নতা ; Weariness ; weakness ; languor. *Syn* :—Prostration, faintness ; weariness, dulness, heaviness, ennui.

Lasso, laśō, *n.* ফাঁস দড়ি ; A rope or long leather thong with a running noose for catching wild animals :—*v. t.* উক্ত দড়ি দ্বারা ধরা ; To capture with the lasso. *pl*=lassos.

Last, last, *a.* অন্ত ; অন্তিম ; Final .—পূর্ব্ব ; Preceding :—চরম ; অত্যন্ত অসম্ভব ; Utmost ; most unlikely :—সর্ব্বশেষ ; সর্ব্বপশ্চাদ্বর্ত্তী ; Latest ; coming after all the others :—*n.* শেষ ; The end :—জুতার ফর্মা ; জুতার ছাঁচ ; A footshaped block on which boot or shoes are formed :—*v. i.* না থামা ; স্থায়ী-হ ; থাকা ; To continue :—*v. t.* জুতার ফরমায় সাজ চড়ান ; To fit with a last *ad*=last, lastly. *Syn* :—(*a*) Hindmost, latest ; closing, ultimate ; highest, extreme, most likely ; lowest, meanest. (*v*) Abide, remain, hold out.

At last—অবশেষে ; At the end ; finally, ultimately.

Be on one's last legs—আর টেঁকে না ; যায় যায় হইয়াছে ; Be in a tottering or sinking cotdition.

Breathe one's last—মরা ; To die ; to expire.

Last but not least—সকলের শেষে বটে, কিন্তু সেই জন্য যে সামান্য বা অগ্রাহ্য তাহা নহে ; Last in order, but not on that account the least in importance.

To stick to one's last—নিজের ব্যবসায় না ছাড়া ; To abide by one's proper business.

To the last—শেষ পর্য্যন্ত ; আজীবন ; Till the last moment ; to the end of one's life.

Would be the last man—(অপরে যাহা করে তাহা করিতে পারে তাহা) নিজে কোনক্রমেই না করা ; Would himself upon no account do a thing, though others might.

Lasting, lasting, *a.* স্থায়ী ; Durable ; permanent. *Syn* :—Long-standing, continuing, enduring, undecaying, perpetual, unending.

Lastingly, *ad.* স্থায়ীরূপে ; In a enduring manner.

Last-resort—শেষ উপায় ; Ultimate means of relief.

Latch, lach, *n.* হুড়কা ; অর্গল ; খিল ; Door catch : —*v. t.* অর্গলবদ্ধ-কৃ ; হুড়কা দিয়া বন্ধ-কৃ ; To fasten with a latch.

Latchet, lachet, *n.* জুতার ফিতা ; The string, thong, or fastening of a shoe or sandal.

Latchkey, *n.* অর্গলমোচন-কুঞ্চিকা ; A key to raise the latch of a door.

Late, lāt, *n.* [A S. *lat*, Icel. *latr*, late) বিলম্বাগত ; ধীর ; চিরকারী ; Long delayed ; tarday — পরিণত ; দীর্ঘস্থায়ী ; Far advanced :—মৃত ; প্রস্থিত ; Deceased ; departed :—ভূতপূর্ব্ব ; অনতিপূর্ব্ব , পূর্ব্বতন ; Not long part :—পূর্ব্বতন ; পদচ্যুত ; কর্ম্ম হইতে অবসৃত ; Out of office. *ad*=lately , late (সম্প্রতি ; recently), *n*=lateness. *Syn* :—Slow, delayed ; recent.

Better late than never—নিতান্ত না হওয়া অপেক্ষা বিলম্বে হওয়া ভাল ; মূলে না পাওয়া অপেক্ষা গৌণে পাওয়া ভাল ; নেই মামার চেয়ে কানা মামা ভাল ; It is better to have something that is desirable evn at a late period than not to have it at all.

Of late—সম্প্রতি ; ইদানীং ; Lately.

Sooner or later—অদ্য কিংবা কিছুদিন পরে ; At some indefinite future time.

The late—মৃত ; No longer living :—ভূতপূর্ব্ব ; No longer holding the appointment of.

Too late—উচিত সময়ের পরে ; অতি বিলম্বে ; উপযুক্ত সময় অতীত হইয়া গেলে ; যখন কোন কাজে লাগিবে না তখন ; Not in due time ; of little use ; the proper time being past , after the proper time.

Latein, *a.* ত্রিকোণাকার পাইলে ব্যবহৃত ; Applied to a triangular sail.

Latency, lā'ten-si, *n.* গোপনীয়তা ; অন্ধকার ; অস্পষ্টতা ; The state of being latent ; hiddenness , obscurity.

Lateness, *n.* বিলম্বিতা ; দীর্ঘসূত্রিতা ; The state of being late.

Latent, lā́tent, *a.* [L. *latere*, to lie hid] গোপনীয় ; গুপ্ত ; লুক্কায়িত ; Concealed ; hidden. *ad*= latently. *Syn* :—Secret, invisible, occult.

Latent heat, *n.* Heat insensible to the touch or thermometer.

Later on—তার কিছু পরে ; Some time after.

Lateral, lat́ér-al, *a.* [L. *latus*, *lateris*, a side] একপার্শ্বস্থ ; পার্শ্বিক ; পার্শ্বসংক্রান্ত ; পার্শ্বাভিমুখীন, Belonging to the side. *ad*=laterally.

Lateritious, *a.* [L. *later*, *lateris*, a brick] ইষ্টকবর্ণ ; Brick-coloured.

At the latest—বড় জোর এত বিলম্ব হবে, তাহার পর কখনই নয় ; Not later than, not beyond

Lath, lȧth, *n.* কাঠের বাতা, পাতলা তক্তা ; A thin narrow board or strip of wood to support tiles, covering plastering :—*v. t.* বাতার দ্বারা আবৃত-কৃ, To cover with laths.

Lathe, lāth, *n.* যন্ত্র বিশেষ ; ভ্রমি ; The machine.

Lather, lath'ėr, *n.* সাবানের ফেনা, ঘর্মজনিত ফেন ; Foam of soap and water ; froth from sweat :—*v. t.* সাবানের ফেনা মাখান, To spread over with lather :—*v. i.* ফেনাযুক্ত-হ ; ফেনিল-হ ; To become frothy ; to form a foam with water and soap.

Latin, lat́in, *a.* [L. *Latium*, the district in which Rome was built] লাটিন ভাষা বা রোমকজাতি সংক্রান্ত, Pertaining to Latin or to the Latins or Romans :—লাটিন ভাষায় লিখিত বা কথিত, Written or spoken in Latin :—*n.* লাটিন ভাষা ; প্রাচীন রোমক জাতির ভাষা ; The language of the ancient Romans.

Dog Latin—Bad Latin.

Latin race—The nations of Western Europe, whose languages are closely allied to Latin, as the Italians and French

Low Latin—A corrupt Latin largely interspersed with foreign words ; corrupt Latin.

The Latin church—The Western or church of Rome in contradiction to the Greek or Eastern Church.

Latinise, lat́in-īz, *v. i.* লাটিন শব্দ ব্যবহার-কৃ ; Use Latin words.

Latinism, lat́in-izm, *n.* লাটিন ভাষার রীতি বা ভাব, লাটিন ভাষা পদ্ধতি ; Latin idiom.

Latinist, lat́in-ist, *n.* লাটিন ভাষাজ্ঞ ; লাটিন ভাষা বিশারদ ; One skilled in Latin.

Latinity, *n.* লাটিন ভাষার বিশুদ্ধতা ; লাটিন ভাষা বা তাহার রচনা-পদ্ধতি ; Purity of Latin style ; the Latin tongue, style or idiom.

Latish, lā'tish, *a.* ঈষৎ বিলম্বিত ; Somewhat late.

Latitude, lat́e-tūd, *n.* [L. *latitudo*, from *latus*, broad, wide] বিস্তৃতি ; Width, breadth :—বিষুব রেখা হইতে দূরত্ব ; অক্ষ রেখা ; The distance from the equator north or south or from the ecliptic :—অর্থের বিস্তৃতি ; অর্থের বিস্তার ; Extent of signification :—শিথিলতা ; Laxity, freedom. *a*= latitudinal. *Syn* :—Room, space ; extent, range, scope ; liberty, indulgence, free play.

Latitudinal, *a.* অক্ষান্তর-সংক্রান্ত ; অক্ষরেখাভিমুখীন ; In the direction of latitude.

Latitudinarian, lat-i-tūd-i-nā'ri-an, *a.* অবাধ ; উদার ; ধর্মসম্বন্ধে উদার মতাবলম্বী, Lax in religious opinions, free ; liberal :—*n.* স্থাপিত ধর্মমত অস্বীকর্তা ; অবাধ চিন্তক ; One who indulges in laxity of opinion ; one who departs from orthodoxy. *n*= latitudinarianism.

Latitudinous, lat-i-tūd-nus, *a.* বৃহৎ ; সুবিস্তৃত ; Having large extent ; vast.

Latrine, lat́rin, *n.* [L. *lavo*, to wash] মলমূত্র ত্যাগের স্থান ; পাইখানা ; A privy or water-closet.

Latten, lat'en, *n.* টিনের চাদর ; টিনমণ্ডিত লৌহ-চাদর ; Sheet tin ; tinned iron-plate.

Latter, lat́er, *a.* পশ্চাত্তর ; পরবর্তী ; Coming or existing after :—আধুনিক ; বর্তমান ; Modern ; recent :—পশ্চাদুক্ত ; পরে উল্লিখিত, Mentioned the last of two. *Syn* :—Lately past, last, latest.

Latterly, lat́ér-li, *ad.* পরবর্তী সময়ে ; সম্প্রতি ; In latter time, of late.

Lattice, lat́is, *n.* জাফরি ; A net work of crossed bars, called also lattice work :—*v. t.* জাফরি সংলগ্ন-কৃ, To furnish with a lattice.

Laud, lawd, *v. t.* [L. *laus*, *laudis*, praise] প্রশংসা-কৃ ; গুণকীর্তন-কৃ ; To praise. *n*=lauder. *Syn* :—Extol, celebrate, magnify, glorify.

Laud to the skies—স্বর্গে তোলা, Praise highly.

Laudable, lawde-bl, *a.* প্রশংসার্হ, প্রশংসনীয় ; শ্লাঘনীয় ; Praiseworthy, commendable. *ad*= laudably. *n*=laudableness.

Laudanum, laudá-num, *n.* আফিমের আরক ; অহিফেন ঘটিত ঔষধ ; Preparation of opium ; tincture of opium.

Laudatory, laudá-tor-i, *a.* প্রশংসাকর ; That which contains praise :—প্রশংসাযুক্ত ; প্রশংসাসূচক ; প্রশংসাবাদবিশিষ্ট ; Containing or expressing praise.

Laugh, lȧf, *v. i.* হাস্য-কৃ ; প্রফুল্লতা বিকাশ-কৃ ; Make noise of mirth ; to be gay or lively :—*v. t.* বিদ্রূপ-কৃ ; নিন্দা-কৃ, To express by laughing ; to ridicule or deride :—*n.* হাস্য, The sound caused by merriment. *Syn* :—(*v*) Be merry, smile, chuckle, giggle, titter, roar.

Laugh at—উপহাস-কৃ ; Ridicule ; deride :—শব্দ হয় এবং বেশ টের পাওয়া যায় এমন ভাবে হাস্য-কৃ ; Indulge in laughter.

Laugh in one's sleeve—গোপনে হাস্য-কৃ ; To laugh secretly.

Laugh off—হেসে উড়াইয়া দেওয়া, Laugh so as to imply that the matter is of little interest ; dismiss with a laugh.

Laugh out of the other corner or side of the mouth—ক্রন্দন-কৃ ; To weep, to be made to feel vexation or disappointment, *esp.*, after exhibiting exultation.

Laugh to scorn—বিদ্রূপ-কৃ ; Treat with mockery ; deride :—মুখ মুচকে হাসা, এমন ভাবে হাসা যে উপহসিত ব্যক্তি তাহা জানিতে না পারে ; Laugh at a person, not openly but a secret :—ঘৃণা প্রকাশ পায় এমন ভাবে হাস্য-কৃ, উপহাস-কৃ ; Treat with contempt and scorn, deride.

Laughable, laf'a-bl, *a.* হাস্যকর ; হাস্যজনক ; হাস্যোদ্দীপক ; Ludicrous. *ad*=laughably. *n*= laughableness. *Syn* :—Droll, ridiculous, mirthful, comical, droll, funny.

Laughing-gas, laf'ing-gas, *n.* হাস্যোদ্দীপক বাষ্প ; হাস্যজনক বাষ্প, A gas which excites laughter, called nitrous oxide.

Laughing-stock, laf'ing-stok, *n* হাস্যাস্পদ, A butt, an object of ridicule

Be the laughing-stock of—উপহাসাস্পদ হওয়া, Be the object of ridicule to

No laughing matter—হাসি তামাসার বিষয় নহে (গুরুতর ব্যাপার), No joke but a very serious affair.

Laughingly, laf'ing-li, *ad* প্রফুল্লভাবে, সহাস্যবদনে, In a merry way ; with laughter.

Laughter, *n.* হাস্যকারী, One who laughs

Laughter, laf'ter, *n.* হাস্য ; হাস্যের শব্দ, Act or noise of laughing. *Syn* :—Laughing, laugh, cachinnation.

Launch, Lunch, lánsh, *v t* [Fr *lance*, a lance] জলে ভাসাইয়া-দে, ভাসমান-কৃ, Cause to slide into the water :—প্রেরণ-কৃ ; To send forth —*v. i* ভাসমান-হ, To go forth, as a ship in water —বিস্তারিত বর্ণনা-কৃ, বাগবাহুল্য-কৃ, To expatiate in language —*n.* পোতাদি জলে ভাসান, First floating of a ship :—বৃহৎ নৌকা, Large boat. *Syn* :—(*v*) Cast, dart, hurl, let fly ; slide into water, send forth, despatch, plunge into, expatiate, enlarge, descant, dilate.

Launch forth or **out**—বিস্তারিত বর্ণনা-কৃ, Expatiate —ব্যবসায়-কৃ, Speculate.

Launch into—নৌকা জলে ভাসান, Set a vessel afloat —কিছু করিতে আরম্ভ-কৃ, Begin making — (যমালয়ে) প্রেরণ-কৃ, Despatch to

Launched into eternity—হঠাৎ হত হওয়া, ফাঁসি-দে, To be killed suddenly, hanged

Launder, lawnder, *n.* ধাতুক ধাতু-ওসমূহ, ধুইবার পাত্র, A trough used in washing ore

Launderer, *n.* ধোপা, One who washes clothe

Laundress, lawndres, *n* ধোপানী, রজকী, Washer-woman.

Laundry, lawndri, *n* ধোপার কারখানা, রজকালয়, [Washing place

Laureate, law're-at, *v t* লরেল পত্রের মালা পর-কৃ, To crown with laurel —উপাধিভূষিত কৃ, To confer a degree upon —*n.* [illegible] দ্বারা শোভিত হয়, লরেল-মুকুট [illegible], One who is so crowned —রাজকবি In- [illegible] laureate or court poet —*a.* শোভিত, Decked or invested with a laurel.

Poet laureate—রাজকবি, An officer of the royal household originally retained to compose odes for the king's birthday and other state occasions

Laureateship, law're-at-ship, *n* রাজকবির পদ, Office of a laureate.

Laureation, law-re-a'shun উপাধিভূষণ বিভূষণ, The act of laureating or conferring a degree.

Laurel, law'rel, *n* [illegible], The bay-tree used in ancient times for making honorary wreaths.

Laurelled, law'reld, *a* লরেল-মাল্য-ভূষিত, Crowned with laurel.

Lava, la'va, *n* [It *lava*, a stream] আগ্নেয় পর্বত হইতে নির্গত দ্রব পদার্থ, আগ্নেয়গিরিনিসৃত নিঃস্রাব, Molten matter from volcanoes.

Lavatory, lava-tor-i, *n* ধোপার কারখানা, Washing-place —ধাবন দ্বারা স্বর্ণ নিষ্কাশন স্থান, A place where gold is got by washing —*a.* ধৌত, Washing.

Lave, lāv, *v. t* স্নান-কৃ, স্নান-কৃ ; ধৌত-কৃ ; To bathe, to wash *Syn* —Bathe, purify, cleanse.

Lavender, laven-der, *n.* সুগন্ধি বৃক্ষ বিশেষ, An aromatic plant

Laver, la'ver, *n.* বৃহৎ প্রক্ষালন পাত্র ; স্নানার্থ জলপাত্র ; A large vessel for washing.

Lavish, lavish, *v. t.* অপব্যয়-কৃ ; নষ্ট-কৃ, To scatter with profusion ; to expend profusely ; to waste :—*a.* অপরিমিতব্যয়ী ; অপব্যয়ী ; অমিতব্যয়ী ; Prodigal, wasterful, extravagant :—অদম্য ; অসংযত, Wild ; unrestrained. *ad*=lavishly. *Syn* :—(*a*) Extravagant, profuse, immoderate, excessive, unrestrained

Lavish on or **upon, Be lavish of**—কোন কিছু ঢেলে দেওয়া, Bestow upon one with profusion

Lavishment, lavish-ment, **Lavishness,** lavish-ness, *n.* অপচয়, অপব্যয়িতা, অমিতব্যয়িতা, Profusion, prodigality.

Law, law, *n.* [A S. *lah*, from *leegan*, to lay] নিয়ম, বিধি, আইন, A rule.—বিধি ; Statute :—স্মৃতিশাস্ত্র, ব্যবহার-সংহিতা, Jurisprudence.—রাজাদেশ, রাজবিধি, Edict of a government — মুসার অনুশাসন গ্রন্থ, খৃষ্টীয় ধর্মপুস্তক, প্রাচীন বিধি, The Jewish or Mosaic code distinguished from the gospel, hence, the Old Testament *Syn* — Edict, regulation, command, order, decree, enactment, ordinance, act, precept, commandment, formula, principle, form, code, litigation legal science

Canon law—Ecclesiastical law

Ceremonial law—মুসা দ্বারা স্থাপিত ধর্মপদ্ধতি The rites and ceremonies instituted by Moses

Civil law—দেওয়ানি বিধি The written laws which regulate the ordinary rights and duties of men.

Commercial law—বাণিজ্য বিধি ; The laws that regulate the intercourse between merchants and traders. [of the English race

Common law—লোকবিধি, The unwritten law

Criminal law—দণ্ডবিধি The laws of trial to regulate the nature and punishment of crime against persons or property.

Club law—জবরদস্তী, Government by violence or by the use of arms, anarchy

Give law to, Make ones will the law—[illegible] তাহা প্রভৃতি তাহাই হয়, Command, rule, be absolute

Go to law—মোকদ্দমা-কৃ, Litigate :—আদালতে যাওয়া আদালতের আশ্রয় লওয়া, Seek legal redress for one wrong, refer a dispute to judicial decision

International law or law of nations—The law which regulates intercourse between nations

Law makers must not be law-breakers—বিধি প্রণেতাদিগের বিধি ভঙ্গ করা অনুচিত ; Those who make the laws ought especially to keep them

Law of the Modes and Persians—অপরিবর্তনীয় বিধি, যাহা পরিবর্তন হইবার নহে ; ভীষ্মের প্রতিজ্ঞা, হাকিম ফেরে ত হুকুম ফেরে না, A law which cannot be changed, unalterable law

Moral law—নীতিবিষয়ক নিয়ম ; The laws which lay down to men their duties to God and to each other—applied particularly to ten Commandments.

Mosaic or Jewish law—The law given by Moses contained in the first five books of the old Testamant scriptures

Municipal law—সাধারণ বিধি, The ordinary law of a country, regulating the conduct and affairs of its people.

One's word is law—সর্ব্বেসর্ব্বা হওয়া, অর্থাৎ যাহা বলেন তাহাই হয়, One's orders are obeyed as strictly as if they were the law, one is supreme

Physical laws or laws of nature—ভৌতিক নিয়ম, The properties, actions, tendencies &c, impressed by the creator on animals vegetables and matter generally in all their varied conditions and forms

Statute law—লিপিবদ্ধ বিধি A law or rule enacted by the legislative powers recorded in writing

Take the law into one's own hands—আইন আদালতে না করিয়া নিজ হাতে দণ্ডবিধান কৃ Usurp the functions of a court of justice, inflict punishment on one without going to law

The law—য়িহুদির বিধি The books of the Jewish laws as opposed to the Prophets

Lawful, law'ful *a* বিধিসম্মত বিধিসিদ্ধ আইনসঙ্গত Legal ন্যায্য Rightful উপযুক্ত যথার্থ Competent *n* lawfulness *ad* lawfully *Syn* —legal, authorized, constitutional, legitimate, allowable, permitted, just, proper

Lawgiver, law'giver *n* ব্যবস্থাপক, বিধানকর্ত্তা, A legislator, lawmaker

Lawless, law'less *a* অবৈধ আইনবিরুদ্ধ Illegal —বিধির বশ্যতার অধীন নহে Unrestrained *n*=lawlessness *Syn* —Unauthorized, unwarranted, wild reckless, self willed, rebellious, disorderly

Law monger, law'munger *n* সামান্য রকম আইন ব্যবসায়ী, Low dealer in law, a smatterer in law [illegible] pettifogger in law

Law-suit, law'suit *n* মকদ্দমা, অভিযোগ A [illegible]

Lawyer, law'yer, *n* ব্যবহারাজীব উকীল One who is versed in or who practises law *Syn* —Attorney, counsellor, solicitor, barrister, advocate

Lawn, lawn, *n* বনমধ্যস্থ অনাবৃত স্থান মাঠ An open space between woods with grass —বাটীর চতুঃপার্শ্বস্থ তৃণাবৃত ভূমি গৃহসন্নিহিত তৃণময় ভূখণ্ড A smooth space of ground covered with short grass, generally around a house —সূক্ষ্ম বস্ত্র বিশেষ, A sort of fine linen or cambric

Lawn-tennis, lawn-tennis, *n* এক প্রকার খেলা, A kind of tennis generally played on an open lawn

Lawny, *a* সূক্ষ্ম বস্ত্র দ্বারা প্রস্তুত Made of lawn

Lax, laks, *a* [L *laxus*, loose] কোমল শিথিল, ঢিলা, অদৃঢ়, Soft, loose, slack —শিথিল, নৈতিক বলহীন, Not strict in discipline or moral —Having too frequent alvine discharges —লম্পট, Licentious —উদরাময়ী, Loose in the bowels *n*=laxation *ad*=laxly *Syn* —Relax, not tense, flabby, soft, not firm, miss, not strict, latitudinarian, dissolute, immoral

Laxation, *n* শিথিলী করণ, শৈথিল্য, The state of being loose or slackened.

Laxative, laksa-tiv, *a* রেচক, Purgative —*n*. রেচক ঔষধ, A laxative medicine *n*=laxativeness

Laxness, laks-nes, **Laxity**, laks-te, *n* [L. *laxitas*, from *laxus*, loose, slack] শিথিলতা, শৈথিল্য, State or quality of being lax —অসংযোগ ভাব, Want of exactness *Syn* —Looseness, slackness, remissness, vagueness, dissoluteness, licentiousness

Lay—Past tense of *lie*, To lay one self down

Lay, la, *v t* [A S *lecgan*, causative form of *ligan* to lie] শায়িত-কৃ স্থাপন কৃ, রাখা, To cause to lie, put down, place or set down —দৃঢ়রূপে স্থাপন-কৃ, Establish firmly —ভূমিশায়ী কৃ, Beat down prostrate —শ্রেণীবদ্ধ করিয়া রাখা, সাজান, To place in order, set in order, arrange regularly —প্রস্তুত-কৃ, To make ready, provide —বিস্তৃত কৃ, To spread on a surface —শান্ত-কৃ, প্রশমিত কৃ To calm, to appease, allay দমন কৃ, বাজি রাখা To deposit (a wager), to wager stake —প্রসব-কৃ, উৎপাদন-কৃ Bring forth and deposit (eggs), produce (as eggs) —প্রয়োগ-কৃ, To apply, to put —কর নিরূপিত-কৃ, Assess (a tax) impose (a burden, suffering or punishment) —আরোপ কৃ To charge (origin of, responsibility for) —নির্দ্দেশ-কৃ, Enjoin (a duty) —উপস্থিত কৃ, To present —*v i* ডিম্ব প্রসব কৃ To produce eggs —*n* শ্রেণী, স্তর, That which lies or is laid row, stratum, layer —গান, গীত গীতিকাব্য Song a lyric or narrative poem *Syn* —(*v*) Set down deposit, put over, set, plant found, put on impute ascribe, impose, asses, tax settle, prepare, contrive, devise, scheme, bet wager, depress sink, allege state (*n*) Wager, bet ballad, carol, ditty

Lay about—বলপূর্ব্বক আঘাত কৃ Strike with vigor

Lay about one—চারিদিকে শত্রুকে আঘাত কৃ, Strike or throw the arms on all sides [away

Lay aside or apart—পরিত্যাগ-কৃ বর্জ্জন-কৃ, Put

Lay asleep—ঘুম পাড়ান অমনস্ক কৃ Lull

Lay at—আঘাত করিতে চেষ্টা কৃ Endeavour to strike

Lay at the door of—আরোপ কৃ Impute

Lay a wager—বাজি রাখা Lay a bet

Lay bare—খুলিয়া বলা প্রকাশ বা ব্যক্ত দেওয়া প্রকাশ-কৃ, Reveal unfold, show clearly disclose

Lay before—গোচরে আনা Present to view.

Lay blame upon—নিন্দা-কৃ, Blame

Lay by—সঞ্চয় কৃ Reserve for future use, save.

Lay claim to—দাবি কৃ Claim

Lay damages—খেসারতের দাবির পরিমাণ দেওয়া, State the amount of damages

Lay damages at—নালিশে দাবি বা খেসারতের পরিমাণ দেওয়া State the money-value of damages in a suit

Lay down (as a rule)—নির্দ্দেশ করিয়া দেওয়া; Prescribe (as a rule) —ত্যাগ-কৃ, Resign; relinquish, give up

Lay eggs—ডিম পাড়া, Produce eggs.

Lay heads together—একত্রে পরামর্শ-কৃ, Consult together

Lay hold of—ধৃত-কৃ, Seize.

Lay in—সঞ্চয় করিয়া রাখা ; Store up ; treasure.
Lay in for—প্রস্তাব-কৃ ; Make overtures for.
Lay on—প্রহার-কৃ ; প্রয়োগ-কৃ , Beat ; apply with force —দোষ ধরিয়া গালি দেওয়া ; Criticise :—কল বসান ; Fix pipes to supply.
Lay oneself open to—কোন কিছুর ভাজন হওয়া ; কোন কিছুর আস্পদ বা অধীন-হ ; Expose or subject oneself to.
Lay oneself out—বিশেষ চেষ্টা-কৃ , উদ্যম-কৃ ; Make special exertions ; strive earnestly.
Lay one's hand on one's heart and say—ধর্মতঃ বলা ; Say honestly, conscientiously and sincerely.
Lay one's hands on—ধৃত-কৃ , Seize.
Lay one's hand upon—দেখা ; Find.
Lay on thick—ঢেলে দেওয়া ; Bestow liberally.
Lay open—অনাচ্ছাদিত-কৃ ; Make bare , uncover
Lay or **put together**—পরামর্শ-কৃ ; Consult together.
Lay out—ব্যয়-কৃ ; Expend money ·—বিন্যাস-কৃ . Plan ; dispose in order ·—সঙ্কল্প-কৃ ; To purpose .—টাকা খাটান , Invest money :—গোছান , Arrange.
Lay over—উপরে বিস্তৃত-কৃ ; Spread over.
Lay siege to—আক্রমণ-কৃ , Besiege.
Lay stress upon—জোর-কৃ , জেদ-কৃ . Urge.
Lay the axe to the root of—সম্পূর্ণরূপে নষ্ট-কৃ , Thoroughly destroy.
Lay the foundation of—আরম্ভ-কৃ ; Begin the preparation , take the first steps.
Lay to—আরোপ-কৃ ; সোৎসাহে প্রবৃত্ত-হ , Impute ; apply with vigour.
Lay together—একত্রিত-কৃ ; জমা-কৃ , Collect.
Lay to heart—মনে কষ্ট পাওয়া ; কিছু মনে-কৃ ; অনুভব করা ; Feel deeply , to permit to effect greatly ; take to heart :—মনে মনে বিশেষ বিবেচনা-কৃ , Consider seriously and intently.
Lay to one's account—আরোপ-কৃ ; কারণস্বরূপ নির্দ্দেশ-কৃ ; Attribute to.
Lay under—বশীভূত-হ ; অধীন-কৃ , Be subject to
Lay under contribution—সকলকেই কিছু কিছু দিতে বাধ্য-কৃ ; Make people pay or contribute.
Lay under restraint—দমন-কৃ , Sestrain.
Lay up—সঞ্চয়-কৃ , সঞ্চয় করিয়া রাখা , Store , reserve for future use ; store :—শয্যাগত-কৃ ; Confine to bed.
Lay up against a rainy day—বিপদ নিবারণ জন্য টাকা সঞ্চয়-কৃ ; Save money in anticipation of a time of sickness or misfortune.
Lay wait for—আক্রমণ করণার্থ লুকাইয়া থাকা ; Lie in ambush for. [destroy.
Lay waste—জনশূন্য-কৃ ; নষ্ট বা উজাড়-কৃ ; Desolate ,
Lay, *a.* সাধারণ লোকসম্বন্ধীয় , Pertaining to the laity or people as distinct from the members of a learned profession ; not clerical.
Lay, lā, **Laik**, lā'ik, **Laical**, lā'ik-al, *a.* [Gr *laos*, the people] জনসাধারণ সংক্রান্ত ; যে বা যাহা যাজকীয় নহে ; Pertaining to the people , not clerical.
Layer, lā'ér, *n.* স্তর ; স্তবক ; A bed or stratum , bed :—দাব ; A shoot laid up for propagation.
Layering, lā'er-ing, *n.* কাণ্ডসংলগ্ন পল্লব প্রোথিত করিয়া অঙ্কুরোৎপাদন , A propagation by layers.

Lay-figure, lā'fig'ūr, *n.* কাষ্ঠ মূর্ত্তি ; Doll used by artists for modelling.
Layman, lā'man, *n.* বিষয়ী লোক ; ব্যবসায় বিশেষে অনভিজ্ঞ ব্যক্তি , A non-professional man.
Lazar, *n.* কুষ্ঠরোগী ; Leper.
Lazaret, laźa-ret, **Lazaretto**, laz-a-reťo, *n.* চিকিৎসালয় ; কুষ্ঠাশ্রম ; A public hospital for diseased persons.
Lazar-house, lā'zar-hows, *n.* চিকিৎসালয় ; কুষ্ঠাশ্রম , A hospital for the reception of diseased persons ; a hospital for quarantine.
Lazarists, *n.* A body of missionaries, founded by St. Vincent de Paul and so termed from the priory of St. Lazarus, which was their new quarters. [বৎ ; Full of sores ; leprous.
Lazar-like, lā'zar-lik, *a.* কুষ্ঠরোগগ্রস্ত , কুষ্ঠরোগী-
Lazaroni, laz-a-rō'ni, *n.* নেপলসের অলস ভিক্ষাজীবী নীচশ্রেণীর লোক ; The lowest classes in Naples, who live an idle out-cast life
Lazarus, *n.* ভিক্ষুক , Any poor beggar.
Laziness, lā'ze-nes, *n.* আলস্য ; The state or quality of being lazy.
Lazy, lā'ze, *a* [L. *laxus*, loose] শ্রমবিমুখ , অলস , Slothful ·—ক্লান্তিজনক ; Tedious. *n* = laziness *ad*=lazily. *Syn* ·—Idle, inert, inactive, supine, torpid , slow, slack, sluggish
Lea, Ley, lō, *n.* চারণ ; পশুচারণার্থ মাঠ , তৃণক্ষেত্র , Grass land ; pasturage.
Lead, *n.* সীসা , সীসক , A metal ; plummet for sounding ·—লেড , ছাপিবার জন্য সজ্জিত পংক্তিসমূহ বিচ্ছিন্ন করিবার সীসের পাত্র , A thin plate of type-metal separating lines in printing —*pl.* সীসের পাতের ছাদ , A flat roof covered with lead-sheets —*v. t.* সীসা দ্বারা আচ্ছাদন-কৃ , To cover or fit with lead :—ছাপিবার জন্য সজ্জিত পংক্তিসমূহ লেড বসাইয়া বিচ্ছিন্ন-কৃ , To separate lines in printing with leads.
Lead, lēd. *v. t.* পথ দর্শান , পথপ্রদর্শন-কৃ , পরিচালন-কৃ , To guide . to direct to conduct .—আদেশ-কৃ , To command —অগ্রে গমন-কৃ ; অগ্রগামী হওয়া ; To precede · —আকর্ষণ-কৃ , প্রলোভিত কৃ ; To draw ; to allure , to entice —অতিবাহিত-কৃ , To pass, spend —যাপন করায় , To cause to pass or spend ·—*v. i.* অগ্রে গমন করিয়া পথ প্রদর্শন-কৃ ; অগ্রগামী হইয়া পথ দেখান , To go before and show the way :—উৎপাদন-কৃ ; To tend :—প্রবৃত্তি প্রকাশ-কৃ ; ক্ষমতা বিস্তার-কৃ , To put a tendency ; to exercise dominion :—*n.* অগ্রগামিতা ; অগ্রবর্ত্তিতা , First place , precedence :—পরিচালন , নেতৃত্ব ; Direction , guidance. *Syn* .—(*v*) Direct, escort , go before, head ; govern ; influence, induce, persuade, prevail on ; tend to, conduce, serve, contribute.
Lead a cat and dog life—সর্ব্বদা বিবাদ-কৃ ; To be in the habit of quarrelling.
Lead a pretty dance—কাহাকেও কষ্টে ফেলা ; Bring one to trouble. [induce to evil.
Lead astray—বিপথগামী-কৃ ; পথভ্রষ্ট-কৃ , Mislead ;
Lead by the nose—নাকে দড়ি দিয়া টানিয়া লইয়া যাওয়া , যে দিকে ইচ্ছা লইয়া যাওয়া ; Lead blindly ; drag one as a bear by his ring—cause one to follow another's direction blindly. [into captivity.
Lead captive—বন্দী করিয়া লইয়া যাওয়া , To carry

Lead off or out—আরম্ভ-কৃ ; শুরু-কৃ ; Begin.

Lead one to the altar—বিবাহ-কৃ ; কোন যুবতীকে বিবাহ-কৃ ; Marry one ; marry a lady.

Lead the way—পথ দেখাইয়া লইয়া যাওয়া ; To show the way ; act as, as a guide ; go before and show the way.

Lead to—লইয়া যায় ; **Take to** :—কোন ফল হওয়া ; Be followed by (as a consequence.)

Take the lead—নেতৃত্ব গ্রহণ-কৃ ; সর্ব্বাগ্রে যাওয়া ; কোন কার্য্যে অগ্রবর্ত্তী-হ ; Be foremost ; act as the leader ; take the foremost place ; take the most prominent part.

Leaded, *a.* Fitted with or set in lead.

Leaden, ledn, *a.* সীসা নির্ম্মিত ; Made of lead :—নিস্তেজ ; নিশ্চেষ্ট ; জড়বৎ ; Heavy ; dull.

Leaden-headed, *a.* নিস্তেজ ; Dull.

Leaden-hearted, *a.* নিষ্ঠুর ; Unfeeling.

Leaden-heeled, *a.* মন্দগতি ; Slow.

Leaden-pencil, *n.* An instrument for drawing, made of black lead or plumbago.

Leader, lēder, *n.* পথপ্রদর্শক , অগ্রগামী ; Guide ; conductor :—মুখ্য প্রবন্ধ ; প্রধান প্রবন্ধ ; The leading article in a newspaper :—দলপতি, নেতা ; অধিনায়ক ; The chief of a party :—যন্ত্রের প্রধান চক্র ; The principal wheel in any machinery. *Syn* :—Director ; chief, commander, head, principal.

Leader of armies—সেনানায়ক , Commander.

Leadership, lēder-ship, *n.* নায়কত্ব ; নেতৃত্ব , অধিনায়কত্ব , The state, condition or office of a leader

Leading, lēding, *a.* প্রধান ; মুখ্য ; Guiding ; chief ; first. *n*=guidance. *Syn* :—Governing, ruling, principal, most important, most influential, highest.

Leading question—উত্তরসূচক প্রশ্ন ; One to suggest the kind of answer.

Leading-strings, lēding-stringz, *n. pl.* শিশু যে রজ্জু অবলম্বন করিয়া হাঁটিতে শিখে ; হাঁটিতে শিখিবার সময় শিশুদিগের অবলম্বন রজ্জু, পরের অধীন হওয়া ; Strings for supporting children, when trying to walk ; under the guidance or control of another :—পরবশে , In a state of absolute dependence.

Be in leading-strings—পরবশ-হ , Be in a state of dependence or under the control of others.

Lead-pencil, led-pensil, *n.* সীসের পেন্‌সিল ; লেড্ পেন্‌সিল , A pencil or instrument for drawing, or making lines, made of blacklead.

Lead-poisoning, led-poi'zn-ing, *n.* দৈহিক যন্ত্রমধ্যে সীস প্রবেশ দ্বারা প্রাণবধ ; A poisoning by the absorption and differsion of lead in the system.

Leaf, lēf, *n.* পত্র ; গাছের পাতা ; Green blade of plants :—গ্রন্থের দুই পৃষ্ঠা ; Two pages of a book :—কপাটের বা জানালার যাইল ; Side of a door or window :—সোনার পাত , Thin plate of gold :—*v. i.* পত্র বাহির-কৃ ; পত্রোদ্গত-কৃ ; To shoot out or produce leaves.

Take a leaf out of one's book—কাহাকে আদর্শস্বরূপ করা ; বিষয় বিশেষে কাহারও দৃষ্টান্ত অনুকরণ-কৃ ; Imitate one in certain particulars ; make another one's model ; do what another has done.

Turn over a new leaf—নূতন জীবন আরম্ভ-কৃ ; To reform an evil habit , to began a new course of life :—চালচলন পরিবর্ত্তন করা ; অনুরূপ চলা ; Begin a different mode of life ; change one's conduct or course of procedure.

Leafage, lēf'āj, *n.* পত্রসমূহ , পত্রগুচ্ছ ; Foliage.

Leaf-breaker—চোর ; Thief.

Leafless, lēf'les, *a.* পত্রহীন ; পত্রশূন্য ; Destitute of [leaves.

Leaflet, lēf'let, *n.* ক্ষুদ্র পত্র ; A little leaf.

Leafy, lēf'i, *a.* পত্রময় ; Full of leaves. *n*=leafiness.

League, lēg, *n.* [F. *ligue*, L. *ligare*, to bind] প্রায় দেড় ক্রোশ ; Nearly three miles :—সন্ধি ; বন্ধন ; একত্র মিলন ; A compact confederacy ; a bond :—*v. i.* সন্ধি-কৃ ; সম্মিলিত-হ ; To form a league ; to unite for mutual interest. *Syn* :—Alliance, confederacy, coalition, combination, compact, union.

Be in league with—কোন (দুষ্ট) অভীষ্ট সিদ্ধির জন্য অন্যের সহিত যোগ দেওয়া , Be in alliance with another (generally, for a bad purpose.)

A sea-league—প্রায় ৩½ মাইল ; It contains 3½ English miles nearly.

Leaguer, lēg'er, *n.* শিবির ; A camp.

Leak, lēk, *n.* [A. S. *hlecc*, leaky] ছিদ্র ; তরল-পদার্থের গমনাগমন উপযোগী ছিদ্র , Hole letting water in and out :—দোষ ; A flaw :—*v. i.* তরল পদার্থ প্রবিষ্ট বা বহির্গত-হ , To let water in and out. *Syn* :—(*n*) Crack, crevice, chink, hole.

Leak out—বাহির-কৃ , Let out ; ooze out :—প্রকাশিত হইয়া পড়া ; বেড়িয়ে পড়া ; Find publicity in a clandestine manner ; become public in a clandestine or irregular way.

To spring a leak—ছিদ্র-হ ; জল ঢোকা ; To open or crack so as to let in water ; to commence leaking , let in water through a crack or hole (used of ships.)

Leakage, lēkāj, *n.* ছিদ্র দিয়া যতটুকু তরল পদার্থ প্রবিষ্ট বা নির্গত হয় ; That which enters or escapes by leaking :—নির্গত হইয়া যতটা অপচয় হয় তাহার বরাট ; ছিদ্র দিয়া নিঃসারণ জন্য যাহা বাদ দেওয়া হয় ; An allowance for leaking.

Leaky, lēki, *a.* ছিদ্রময় ; সছিদ্র , Letting any liquid in or out. *n*=leakiness.

Leal, *a.* বিশ্বাসী ; Faithful. *Syn* :—Loyal, true, [attached.

Lean, lēn, *a.* কৃশ , মাংসহীন ; মেদহীন ; Thin ; wanting flesh :—*v. i.* অবনত হওয়া ; হেলা ; হেলান-দে ; আনত হওয়া ; To incline towards :—নত-হ ; To incline in opinion, conform in conduct :—আশ্রয়স্বরূপ অবলম্বন-কৃ ; To depend for support :—*v. t.* নত করান ; To cause to lean ; incline :—*n.* বসাহীন মাংস ; The muscular part of flesh without fat. *ad*=leanly, *n*=leanness. *Syn* :—(*a*) Slender, spare, meagre, lank ; skinny, gaunt, emaciated ; barren, jejume ; scanty, poor. (*v*) Recline, bear, rest, repose, confide, depend , tend, lead to.

Lean against—হেলান দেওয়া ; Bend from a vertical position resting the back on (something).

Lean on a broken reed—ভাঙ্গা যষ্টির উপর ভর দিয়া , Depend for support upon something that has no strength of its own.

Lean on or **upon**—হেঁট হইয়া ভর করা ; Bend the body forward for supporting oneself on :—আশ্রয়স্বরূপ অবলম্বন-কৃ , Rest on for support.

Lean to—কোন দিকে হেলা, Incline to the side of
Have a leaning to—কোন দিকে ঝোঁক বা টান থাকা, Have a predilection or liking for
Leanness, lēnnes, *n.* কৃশতা, Thinness, meagreness, emptiness, poverty [understanding
Lean-witted, *a* অল্প বুদ্ধিবিশিষ্ট, Having little
Leap, lēp, *v i* [A S *hleapan*, to leap] লম্ফ-দে, উল্লম্ফন-কৃ, লম্ফপ্রদান-কৃ, To jump, spring upward or forward, to move with bounds —*v t* উল্লঙ্ঘন কৃ, লাফাইয়া পার-হ, To pass over by leaping, to spring or bound over —*n* লম্ফঝম্ফ, Bound —পরিবর্তন, Sudden transition *Syn* — Vault, bound, skip, hop, dance of joy
Leap from the scabbard—তরবারি খাপ হইতে লাফিয়ে উঠা, অর্থাৎ আগ্রহের সহিত লড়াই করা Bound from the sheath readily, implying readiness or eagerness to fight
Take a leap in the dark—পরিণাম না ভাবিয়া দুঃসাহসিক কর্ম্ম-কৃ, Do a hazardous thing without any idea of what may result in
Leap-frog, lēp-frog *n* উল্লম্ফন, ক্রীড়া বিশেষ A play among boys, in which one stoops down and another leaps over him
Leap-year lēp-yēr, *n* প্রত্যেক চতুর্থ বর্ষ [illegible] বৎসর [illegible], Every fourth year [illegible] 366 day
Learn, lern, *v t* [A S *leornian* allied to *laeran*, to teach] শিক্ষা কৃ জ্ঞান অর্জন-কৃ To acquire new knowledge or ideas of —*v i* জ্ঞান উপার্জ্জন-কৃ, শিক্ষা-কৃ, জ্ঞাত হ, To gain knowledge, to improve by example, to receive information *Syn* —Attain gather, glean, collect, understand know be informed hear
Learn by heart—মুখস্থ-কৃ, Learn so as to repeat. [once
Learn off hand—একবারে শিক্ষা-কৃ Learn at
Learned, lernd, *a* পণ্ডিত জ্ঞানসম্পন্ন, শিক্ষিত বিদ্বান নিপুণ, Versed in literature and science literate, skilful *Syn* —Knowing well informed, experienced skilled lettered deep read, erudite, scholarly [who learns a pupil
Learner, lerner, *n* শিষ্য, ছাত্র শিক্ষার্থী One
Learning, lerning, *n* জ্ঞান, বিদ্যা, পাণ্ডিত্য Knowledge, scholarship, erudition *Syn* — Literature, lore, letters
Lease, lēs, *n* [Fr *laisser* to let, leave relinquish] জোত, জোতজমার বিলি, পাট্টা, Holding of land or house for a term of years at a rent, tenure —*v. t* পাট্টা-দে, জোতজমা বিলি-কৃ, To let for a term of years
Lease-hold, lēshōld, *a* পাট্টাপ্রাপ্ত, Held by lease —*n.* জোত, জোতজমি, Property held by lease
Leash, lēsh, *n.* চর্ম্ম বন্ধ, পাখী ও কুকুর বাঁধা দড়ি, Leather thong to hold dogs or birds —*v t* বান্ধা, বন্ধন-কৃ, To hold by a lash, to bind
Leasing, lēzing, *n* [A S *leas*, false, loose] মিথ্যা কথা, Falsehood, lies.
Least, lēst *a* অত্যল্প, ক্ষুদ্রতম, Smallest —*ad* অল্পতমে, কিছুই, অত্যল্প পরিমাণে, In the smallest degree *Syn* —(*a*) Feeblest, lowest, meanest, last, most diminutive.
At least, At the least—অন্ততঃ, At any rate; to say no more, if no more [degree
In the least—মূলেই, কিছুমাত্র, In the smallest
To say the least—অন্ততঃ সকল কথা না বলিলেও, Saying as little as can be said or as ought to be said, speaking mildly, not to say all that might be said.
Leather, lether, *n* চর্ম্ম, পরিষ্কৃত কার্য্যোপযোগী চর্ম্ম, The prepared skin of an animal —*a* চর্ম্মবৎ, চর্ম্মবিশিষ্ট কঠিন; Of or like leather, tough —*v t* বেত্রের আঘাত কৃ, To whip, to thrash
Nothing like leather—স্বার্থ লোককে অন্ধ করে, Self interest blinds the eyes
Leather bag—ভিস্তি। [prepares leather
Leather-dresser, *n* চর্ম্মসংস্কারক, One who
Leather-factor—চর্ম্মব্যবসায়ী, Dealer in leather
Leathern, lethern, *a.* চর্ম্মবিশিষ্ট, চর্ম্মনির্ম্মিত, চর্ম্মময় Made or consisting of leather
Leathern-faced, *a* Weather beaten
Leather-wright, *n* চর্ম্মকার A tanner
Leathery, letheri *a* চর্ম্মবৎ, দৃঢ় Resembling leather, tough
Leave, lēv *v t.* পরিত্যাগ কৃ, প্রস্থান-কৃ To forsake to abandon, depart from —দানপত্র [illegible] To bequeath —[illegible] To leave to remain —সমর্পণ কৃ [illegible] —[illegible]-কৃ, Reject —[illegible] To refer —[illegible], [illegible]-হ, To desist to cease *n* অনুমতি, Permission —[illegible] সম্ভাষণ, [illegible] Farewell —[illegible], Liberty granted *Syn* —(*v*) Desert, relinquish let alone, let be, permit allow, commit consign, refer, dismiss cease desist from go depart remove decamp retire, cease stop (*n*) Allowance licence, withdrawal departure adieu, goodbye
Leave alone—[illegible], [illegible] molesting or meddling with one. [illegible]
Leave in the dark—প্রকাশ না করা Not to in-
Leave off—পরিত্যাগ কৃ [illegible], Desert from, abandon, give up
Leave one in the lurch—সঙ্কটে [illegible] ফেলিয়া যাওয়া, Leave in a forlorn state or without help leave one in embarrassed or helpless situation
Leave one to one's fate—বরাতে যাহা আছে [illegible], Think no more of one, take no more care of one but [illegible] one to undergo what fate ordains
Leave out—ছাড়িয়া দে, Omit
Leave no stone unturned—কিছু বাকি না রাখা, [illegible] সাধ্য চেষ্টা-কৃ, Do everything that can be done, to use all practical means to effect an object [name
Leave one's mark—Leave behind a famous
Leave out in the cold—তাচ্ছীল্য কৃ, Neglect leave uninhabited [—হারান, Lose.
Take leave of—বিদায়গ্রহণ-কৃ, Bid farewell to
Leaved, lēvd, *a.* পত্রবিশিষ্ট, সপত্র, পত্রনির্ম্মিত, Furnished with leaves, having a leaf, or made with leaves or folds.
Leaven, levn, *n.* [F. *levain*, from *lever*, to raise] খমির, গাঁজ-উৎপাদক মিশ্রণ, খামি, A portion

of fermenting dough; yeast :—যাহা পরিবর্তন ঘটায়; পরিবর্তনজনক বস্তু, Any thing which makes a general change :—*v. t.* গাঁজান; দূষিত-কৃ; কলুষিত-কৃ; To excite fermentation in; to taint.

Leaves, lēvz, *n pl.* of *leaf*.

Leavings, lēvingz, *n. pl.* অবশিষ্টাংশ; অবশেষ; উচ্ছিষ্ট; Things left; relics; refuse.

Lecher, lech'ėr, *n.* লম্পট; A leud man :—*v. t.* কামপ্রবৃত্তি চরিতার্থ-কৃ, To indulge lust.

Lecherous, lecher-us, *a.* কামাসক্ত; কামোদ্দীপক; Lustful; leud. *ns*=Lecherousness, lechery. *ad*=leacherously. *Syn* :—Lascivious, wanton, salacious, concupiscent.

Lectern, Lecturn, *n.* গির্জ্জার খৃষ্টীয় ধর্ম্মগ্রন্থ পাঠের আধার (ডেস্ক); A reading-desk in churches from which the Scripture lessons are read.

Lection, leksun, *n.* [L. *lectum*, to read] পাঠ; হস্ত লিখিত বা মুদ্রিত গ্রন্থের পাঠের ভিন্নতা; খৃষ্টীয় ভজনালয়ে পঠিত ধর্ম্মগ্রন্থাংশ, A reading; a variety in a manuscript or book; a portion of Scripture read in divine service.

Lectionary, *n* রোমান কাথলিক ভজনাগ্রন্থ, The Roman Catholic service-book

Lector, lek'tor, *n* পাঠক; ধর্ম্মগ্রন্থ পাঠক, A reader; a reader of Scripture

Lecture, lek'tūr, *n* [L. *lectura*, from *legere*, to read] *n* বক্তৃতা, A set discourse :—তিরস্কার, A formal reproof :—*v. t* বক্তৃতা দ্বারা উপদেশ-দে, প্রবন্ধ দ্বারা শিক্ষা-দে, To instruct by discourse :—ভৎসনা-কৃ, তিরস্কার-কৃ, To reprove :—*v. i* বক্তৃতা-কৃ, প্রবন্ধ পাঠ-কৃ, To give a lecture or lectures *Syn* :—(*n*) Reprimand, sermon, address, prelection, lesson

Read one a lecture—ভৎসনা-কৃ, Administer a formal reproof to one, reprove one.

Lecturer, lek'tūr-ėr, *n.* বক্তা, প্রবন্ধ-পাঠক, One who gives lecture, a professor :—উপদেষ্টা, A preacher in a church who assists the rector or curate.

Lectureship, *n.* বক্তা বা উপদেষ্টার পদ, The office of a lecturer.

Led, *pa* and *p p.* of *led*, to shew the way.

Be led away by—সম্যকরূপে নীত বা চালিত হওয়া, Be completely swayed or misled by.

Ledge, lej, *n* [A. S. *leger*, from *licgan*, to lie] দ্রব্যাদি রাখিবার তাক, A shelf on which to lay articles :—উন্নতধার, উন্নত শৈলস্তবক, Raised edge, ridge :—সারি, A row :—স্তর, A layer :—ছোট কাচ, A small moulding. *a*=ledgy *Syn* :—Projection, shelf, small moulding, ridge of rocks.

Ledger, lej'ėr, *n.* খতিয়ান, খতেন বহি, An account book.

Ledgy, lej'i, *a* শৈলস্তবকময়; Abounding in ledges.

Lee, lē, *n.* বায়ুপ্রবাহের অভিমুখীন ভাগ; বায়ু সঞ্চার হইতে রক্ষিত স্থান; যে দিকে বায়ু বহে; A place defended from the wind; that quarter towards which the wind blows.

Leeside, the leeside of a ship—জাহাজের যে পার্শ্ব বায়ু হইতে রক্ষিত; The sheltered side of a ship; the side or part not exposed to the wind.

Leech, lēch, *n.* জলৌকা; জোঁক; Worm that sucks blood; a blood-sucking worm :—চিকিৎসক, Physician :—উকীল; Lawyer :—*v. i.* জোঁক বসাইয়া রক্ত মোক্ষণ-কৃ; To bleed by means of leeches.

Leechcraft—আরোগ্য কৌশল; Healing art.

Leech-house, *n.* চিকিৎসালয়; Hospital.

Leek, lēk, *n.* পলাণ্ডু; পেঁয়াজ; A kind of onion :—ওয়েল্‌সের জাতীয় চিহ্ন; The national emblem of Wales.

Leeringly, *ad.* অপাঙ্গদৃষ্টিতে, With a leering look.

Leer, lēr, *v. i.* আড় চোকে দেখা; অপাঙ্গদৃষ্টি-কৃ; Look obliquely; look askance :—*n.* আড়নয়ন; অপাঙ্গে দর্শন, An oblique look.

Lees, lēz, *n. pl.* মল, উচ্ছিষ্ট, তলানি; পিটি, Sediments, dregs, refuse.

There are lees to every wine—অতি উৎকৃষ্ট বস্তুর কোন দোষ আছে; The best things have some defect.

Lee-shore—বায়ুতাড়িত বায়ু; The shore opposite to the lee-side of a ship.

Leet, lēt, *n.* স্কটলণ্ডের কার্য্যবিশেষের মনোনীত পদপ্রার্থিগণের তালিকা; A selected list of candidates for an office in Scotland.

Leeward, *ad.* বায়ুর অভিমুখীনদিগাভিমুখে; Toward the lee;—*a* বায়ুর অভিমুখীন ভাগ সংক্রান্ত বা তদভিমুখীন; In the direction of the lee.

Leeway, *n* জাহাজের প্রকৃত গতিপথ হইতে বায়ুপ্রবাহের অভিমুখীন দিকে যতদূর চালিত হয়, The way or distance a ship is driven to leeward of her true course

Left, *p. t.* and *p. p* of *leave*.

Left, left, *n.* বাম, বামপার্শ্বস্থ; Not righ :—*n.* বামদিক, বামপাশ; The side opposite to that of the right.

Left to oneself—একাকী বা অন্য কর্ত্তৃক পরিত্যক্ত হওয়াতে, নিজের ইচ্ছামত চলিতে যাওয়া; Left alone; permitted to follow one's own desire; —আপনার ইচ্ছামত কার্য্য করিতে-দে; To be permitted to follow one's own opinions or desires.

Left-handed, left-hand'ed, *a.* ন্যাটা; নেঙ্গা; নেটা, Using the left hand.—কুৎসিত, Awkward:—দুর্ভাগা, Unlucky, malicious

Left-handed marriage—An irregular and not perfectly valid marriage

Left-handedness, Left-handiness, *n.* কুৎসিত ভাব, Awkwardness.

Left-witted, *a* নির্ব্বোধ, Dull

Leg, leg, *n.* পদ; Limb for walking :—আশ্রয়, পায়া; Support. *a=legged* (পদবিশিষ্ট; having legs).

Be on one's last legs—মৃতপ্রায়-হ; Be about to collapse, be near to ruin or death.

Be on one's legs—বক্তৃতা করিবার জন্য দাঁড়ান, Stand to speak, stand in order to speak:—বল পাইয়া খাড়া হওয়া; Regain stength so as to be able to stand.

To take leg-bail (slang)—পলায়ন-কৃ; To abscond or run away.

Without a leg to stand upon—অবলম্বনহীন; Having no support.

Legacy, leg'a-se, *n.* [L. *legare*, to bequeath] মৃত্যুকালে দত্ত সম্পত্তি; Bequest. *Syn* :—Bequeathment, devise.

Legacy-hunter, leg'a-si-hunt'ėr, *n.* যে ব্যক্তি উইল অনুসারে সম্পত্তি প্রাপ্তির অন্বেষণে তোষামোদ করিয়া ঘুরিয়া বেড়ায়; One who strives to get legacies.

Legal, le'gal, *a.* [L. *legalis,* from *lex, legis,* law] বিধি সম্বন্ধীয় ; আইন সম্বন্ধীয় ; Pertaining to law :—বৈধ , বিধিসঙ্গত ; Lawful :—আইন দ্বারা গঠিত বা অনুমোদিত ; Created or permitted by law. *n*= legality. *ad*=legally. *Syn* :—Constitutional, legitimate, authorized.

Legalise, le'galiz, *v. t.* ব্যবস্থানুযায়ী-কৃ , বিধিসিদ্ধ-কৃ ; অনুমোদন-কৃ ; To authorise ; to sanction. *Syn* :—Legitimate, make legal.

Legate, leg'ăt, *n.* [L. *legatus,* from *legare,* to send with a commission] পোপের দূত , পোপের প্রতিনিধি , Deputy ; Pope's ambassador. *a*=legatine *Syn* :—Envy, representative, delegate , nuncio

Legatee, leg-a-té, *n.* উত্তরাধিকারী ; উইলে করিয়া যাহাকে দান করা যায় ; One to whom a legacy is left.

Legateship, leg'ăt-ship, *n.* রাজদূতের পদ ; The office of a legate

Legation, le-gāshun, *n.* দৌত্য , দূত্য , Embassy , deputation :—দূত ; Envoy.

Legative, *a.* রাজদূত সম্পর্কীয় ; Of, or pertaining to, a legate

Legator, *n.* One who bequeathes a legacy.

Legbail, *n.* পলায়ন , Flight.

Legend, lej'end, *n* [L. *legendus,* to be read] পৌরাণিক কথা ; পৌরাণিক উপাখ্যান , জনশ্রুতি ; Tale , a marvellous or romantic story from early *times* :—বর্মের উপর অঙ্কিত শ্লোক , Inscription or motto, as on a coat of arms. *Syn* :—Romantic story, ancient tale, incredible narrative , fable, myth, fiction ; motto, inscription.

Legendary, lej'end-ar-e, *n.* পৌরাণিক উপাখ্যান , পৌরাণিক কথাপূর্ণ পুস্তক , A book of legends :—*a* পৌরাণিক ; অদ্ভুত ; কাল্পনিক , Consisting of or like legends ; exaggerated ; extravagant ; romantic , fabulous. *Syn* :—Fictitious, mythical

Legerdemain, lej-ĕr-de-mān, *n.* ভোজবাজি ; ইন্দ্রজাল ; Jugglery :—হস্তকৌশল ; Sleight-of-hand

Legging, leg'ing, *n.* পদাবরণ , A cover for the legs.

Legible, lej'e-bl, *a.* [L. *legibilis,* from *legere, to* read] স্পষ্ট ; পাঠসাধ্য ; সুবোধ্য , Clear and distinct, clear of being understord *ns*=legibleness, legibility. *ad*=legibly. *Syn* :—Readable, decipherable, discoverable, clear, distinct, plain.

Legion, le'jun, *n.* [L. *legio,* from *legere,* to gather] সৈন্যদল , যোদ্ধৃদল ; A body of Roman soldiers , a military force :—অনেক সংখ্যা , বহুসংখ্যা , A great number. *Syn* :—Army, host ; multitude, myriad.

Legion of honour—A French order of merit, insituted by Napoleon

Their number is legion—তাহাদের সংখ্যার সীমা নাই ; They are innumerable , their number is large.

Legionary, le'jun-ar-i, *a.* সৈন্যসম্বন্ধীয় ; সেনাদলসংক্রান্ত , Consisting of a legion or legions :—বহুসংখ্যক ; Containing a great number :—*n.* রোমক সৈনিক , A soldier of a legion.

Legislate, lj'is-lāt, *v. i.* [L. *lex, legis,* law, and *fero, latum,* to hear] আইন-কৃ ; ব্যবস্থা-কৃ ; আইন বিধিবদ্ধ-কৃ ; To make laws. *n*=legislation, (ব্যবস্থা বিধান) ।

Legislative, lej'is-lā-tiv, *a.* ব্যবস্থাপক ; বিধিব্যবস্থাপন সংক্রান্ত ; Pertaining to legislation,

Legislator, lejis-lāt-er, *n.* আইনকর্তা ; বিধিব্যবস্থাপক ; A law-giver. *fem*=*legislatress.*

Legislature, lejis-lāt-ūr, *n.* ব্যবস্থাপক সমাজ ; Body which makes laws.

Legist, le'jist, *n.* আইনজ্ঞ ; ব্যবস্থাশাস্ত্রাভিজ্ঞ ; One skilled in law.

Legitimacy, le-jit'i-ma-si, *n.* বৈধতা ; বিধিসিদ্ধতা ; Legality :—ঔরসতা ; ঔরসত্ব ; Lawfulness of birth :—অকৃত্রিমতা ; যাথার্থ্য ; Genuineness :—যথার্থতা ; যথাবিধি সিদ্ধান্ত ; Regular deduction.

Legitimate, le-jit'e-māt, *a.* বিধিবৈধ ; Lawful : —ঔরসজাত ; ঔরসজাত , Lawfully begotton :—অকৃত্রিম, আসল ; যথার্থ ; ব্যবহার দ্বারা সিদ্ধ ; Genuine ; real :—ন্যায়-শাস্ত্রানুযায়ী ; Following by logical or natural sequence :—*v. t.* বৈধ-কৃ ; আইন সঙ্গত-কৃ ; To make lawful :—ধর্মপত্নীজ সন্তানের স্বত্ব উপপত্নীজ সন্তানকে দান-কৃ ; To give the rights of a legitimate child to an illegitimate one. *ad*=legitimately. *Syn* :—Legal ; not spurious, acknowledged, authorized.

Legitimate wife—ধর্মপত্নী ।

Legitimation, le-jit-i-mā'shun, *n.* বৈধতা সম্পাদন ; ঔরসত্বের স্বত্বদান ; The act of rendering legitimate, particularly of conferring the privileges of lawful birth.

Legitimist, le-jiti-mist, *n.* বৈধক্ষমতাসমর্থক ; বৈধক্ষমতার পৃষ্ঠপোষক ; One who supports legitimate authority :—In France, an adherent of the Bourbons deposed in 1830 , partisan of absolutism.

Legless, leg'les, *a.* পদহীন ; Destitute of legs.

Leg-lock, *n.* শৃঙ্খল ; Fetter.

Leg-stretcher, *n.* ভ্রমণকারী ; Pedestrian ; traveller.

Legume, leg'ūm, **Legumen,** le-gūmen, *n.* [L. *lego,* to gather] শুঁটী , কলাই ; দুইভাগে বিভক্ত বীজকোষ ; A seed-vessel of two valves. *pl*= legumens ; legumina, *a*=leguminous.

Leguminous, le-gū'min-us, *a.* বীজকোষযুক্ত ; শুঁটীধারী ; কলাই সম্বন্ধিত , Consisting of pulse.

Leisure, le'zhūr, *n* [L. *licere,* to be permitted] অবকাশ ; কার্য্য হইতে নিবৃত্তি ; অবসরকাল , Freedom from business ; unoccupied time :—*a.* অব্যাপৃত , Unoccupied. *Syn* :—Vacation, opportunity, convenience, ease, quiet, retirement, spare time.

At leisure—অবকাশক্রমে ; Slowly and leisurely ; conveniently :—অবকাশপ্রাপ্ত ; Free from occupation.

Leisurely, le'zhōōr-li, *a.* অবহিত ; মন্থর ; ধীর ; মন্দ , Slow ; deliberate :—*ad.* আস্তে আস্তে ; ধীরে ধীরে ; In a leisurely manner.

Leman, le'man, *n.* প্রণয়ী বা প্রণয়িনী ; Sweet heart.

Lemma, lema, *n.* [Gr. *lambano,* to receive] পরবর্ত্তী কোন প্রতিজ্ঞার প্রমাণ সৌকর্য্যার্থ প্রতিপন্ন প্রতিজ্ঞা ; Assumption to facilitate demonstration.

Lemming, *n.* উত্তর ইয়ুরোপের একজাতীয় মূষিক ; A species of rat in northern Europe.

Lemon, lemun, *n.* লেবু ; An acid fruit :—লেবু গাছ ; The tree that bears lemons.

Lemonade, lem-un-ād, *n.* সরবৎ ; পানীয় বিশেষ ; লেমনেড্ ; A drink made of lemon-juice, water, and sugar.

Lemur, le'mur, *n.* [L. *lemur,* a ghost] বানর বিশেষ ; A kind of monkey in Madagascar.

Lend, lend, *v. t.* ঋণ-দে ; ধার দেওয়া ; To give for a short time something to be returned :—দে ; দান-কৃ ; To afford or grant :—ভাড়া-দে ; To let for compensation. *n*=lender. *Syn* :—Advance, loan ; give, present, furnish, supply, confer, impart.

Lend oneself to—কোন কুবিষয়ে কাহারও সাহায্য-কৃ ; Countenance ; aid a person in (something bad) :—যোগ-দে ; Join.

Lend one's name to—কোন কিছুতে নাম দেওয়া ; Allow one's name to be used in :—নিজের নাম দিয়া অনুমোদন-কৃ ; Sanction with one's name.

Length, length, *n.* দৈর্ঘ্য ; দীর্ঘতা ; Extent or reach from end to end :—দীর্ঘকালস্থিতি , Long continuance :—পুঙ্খানুপুঙ্খ ; Detail.

At length—অবশেষে , At last ; at the end ; *after a long period* :—সবিস্তর বর্ণনা , *In detail* , without abbreviation.

Great lengths—বাড়াবাড়ি ; A hazardous extent or effort. [throughout.

Length and breadth—চারিদিকে , All over ;

The length and breadth of the land—দেশের সকল্ল , চারিদিকে , The whole extent of the country

Lie at full length, Fall at full length—সটান পতিত হওয়া , সটান হইয়া শোয়া বা পড়া , Lie prostrate , lie stretched , fall flat.

Lengthen, length'n, *v t.* দীর্ঘ-কৃ ; টানিয়া লম্বা-কৃ , To make long or longer , to draw out , to prolong —*v. i.* দীর্ঘ-হ , দীর্ঘতর-হ ; To grow longer. *Syn* —Stretch, elongate, produce ; protract, extend, spin out.

Lengthwise, length'wiz, *ad.* লম্বালম্বি , In the direction of the length

Lengthy, lengthe, *a* সুদীর্ঘ , লম্বা , Rather long , lengthened *n*=lengthiness *ad*=lengthily. *Syn* :—Prolix, tedious, long-drawn, not brief

Leniency, le'ne-en-se, *n.* দয়া ; অনুকম্পা , Lenity. *Syn* :—Clemency, mildness, gentleness, mercy, forbearance, tenderness.

Lenient, le'ne-ent, *n.* [L. *lenire*, to soften] দয়ালু ; সদয় ; Mild ; merciful :—*n.* কোমলতাসাধক ঔষধ বা ব্যবস্থা ; A medicine that soften *n*=leniency. *Syn* :—Clement, gentle, tender, forbearing ; soothing, assuasive.

Lenitive, len'it-iv, *a.* উপশমকারী ; শান্তিকারক ; উপশমজনক , হ্রাসজনক ; রেচক ; Mitigating ; soothing ; palliative ; laxative :—*n.* যন্ত্রণানিবারক ঔষধ বা প্রলেপ ; মৃদু বিরেচক ; A medicine or an application for easing pain ; a mild purgative.

Lenity, len'e-te, **Leniency,** *n.* [L. *lenitas*, from *lenis*, soft, mild] দয়া ; Mildness ; gentleness ; clemency. *Syn* :—Kindness, tenderness, softness, humanity, mercy.

Lens, lenz, *n.* [L. *lens, lentis*, the lentil] দৃষ্টিসহায় কাচ , কাচ বিশেষ ; A sight-glass.

Lent, lent, *n.* ৪০ দিনব্যাপী উপবাসোৎসব ; চল্লিশ দিনের উপবাস ; A forty-day fast of the churches of Rome and England. *a*=lenten.

Lenten, len'ten, *a.* লেণ্ট-সংক্রান্ত ; লেণ্টে ব্যবহৃত ; পরিমিত , Pertaining to, or used in, lent ; sparing.

Lenticular, len-tiku-lar, **Lentiform,** len'tiform, *a.* [L *lens*, a lentil] কাচবিশিষ্ট ; মসুরাকার , Shaped like lens. *ad*=lenticularly.

Lentil, len'til, *n.* [L. *lens, lentis*, the lentil মসুর ; মসুর গাছ ; A kind of pulse ; a plant.

Lentisk, len'tisk, *n.* [L. *lentus*, sticky] বৃক্ষ বিশেষ ; The mastic tree. [viscid.

Lentous, len'tus, *a.* আঠাল ; চট্‌চটে ; Sticky,

Leo, le'o, *n.* সিংহরাশি ; The fifth sign of the zodiac.

Leonine, le'o-nin, *a.* সিংহবৎ ; সিংহসম্বন্ধীয় ; সিংহ সদৃশ ; Of or like a lion.

Leopard, lep'ard, *n.* [Gr. *leon*, lion, *pardos*, pard] চিতাবাঘ , A cat-like beast , a carnivorous animal of the feline kind, with a spotted skin.

Leper, lep'er, *n.* [Gr. *lepos*, a scale] কুষ্ঠব্যাধিগ্রস্ত লোক ; কুষ্ঠরোগী ; One having leprosy.

Lepidoptera, *n. pl.* চতুঃপক্ষবিশিষ্ট কীট ; Insect *having four wings.* *as*=lepidopteral, lepidopterous

Leporine, lep'o-rin, *a.* [L. *lepus, leporis*, the hare] শশক-সংক্রান্ত ; খরগোসসম্বন্ধীয় ; শশকসদৃশ ; Pertaining to, or resembling, the hare.

Lepra, Leprosy, lep'ro-si, *n.* কুষ্ঠরোগ ; Loathsome skin-disease.

Leprous, lep'rus, *a.* কুষ্ঠরোগবিশিষ্ট ; কুষ্ঠরোগাক্রান্ত ; Affected with leprosy. *a*=leprously. *n*=leprousness

Lesion, le'zhun, *n* [L. *laedo, laesum*, to hurt] আঘাত ; ক্ষত , An injury or wound.

Less, les, *a.* ক্ষুদ্রতর ; অল্পতর , Comparative of little ; smaller ; diminished :—*ad.* তত নহে ; অল্পতর পরিমাণে , Not so much ; in a lower degree :—*n.* ক্ষুদ্রতর অংশ ; A smaller portion :—নিকৃষ্ট জন , The inferior or younger. *Syn* :—(*a*) More diminutive, more insignificant, inferior, lower.

None the less, Not the less—সেই কারণে যে একটুও কম তাহা নহে ; Not on that account in a less degree.

Lessee, les-se', *n.* জোতজমির পাট্টাদার ; জোতদার ; One to whom a lease is granted.

Lessen, les'n, *v. t.* ন্যূন-কৃ ; হ্রস-কৃ ; অবনমিত-কৃ ; To make less , weaken , abate, lower, degrade :—*v. i.* ন্যূন-হ ; ক্ষুদ্রতর বা অল্পতর-হ ; To become less. *Syn* :—Diminish, decrease, reduce, abate, abridge, contract, narrow, curtail, retrench ; weaken, impair ; be reduced, sink, shrink, dwindle. [inferior.

Lesser, les'er, *a.* ক্ষুদ্রতর ; নিকৃষ্টতর ; Smaller ;

Lesson, les'n, *n.* [L. *lego*, to gather, to read] শিক্ষা , Instruction :—ছাত্রের পাঠ ; Task :—উপদেশ ; A precept or doctrine :—কঠোর শিক্ষা , ভর্ৎসনা ; Severe lecture ; reproof. *Syn* :—Pupil's task, exercise , rebuke, formal censure

Learn a lesson—শিক্ষা পাওয়া ; ঠেকে শেখা ; Gain some knowledge by personal experience.

Take a lesson from one—কাহারও নিকটে পাঠ লওয়া , Become with advantage the pupil of one.

Lessor, les'or, *n.* যে ব্যক্তি জোতজমির পাট্টা দেয় ; One who grants a lease. [fear that not.

Lest, lest, *conj.* পাছে , যেন না ; এই আশঙ্কায় ; For

Let, let, *v t* অনুমতি-কৃ ; দাও ; To allow ; to permit , suffer :—ভাড়া-দে . ইজারা-দে ; To grant to a tenant or hirer , to lease .—প্রতিরোধ-কৃ ;

বাধা-দে ; To prevent ; to hinder :—*n.* বাধা ; প্রতিবন্ধ ; বিলম্ব ; Hindrance ; obstruction ; delay. *Syn* :—(*n*) Obstacle, impediment.

Be let out to—ভাড়া দেওয়া ; Be hired by.

Let alone—ছাড়িয়া দেওয়া ; ত্যাগ করা . Forbear molesting or meddling with.

Let down—নামান ; অবনমিত-কৃ ; উপর হইতে নীচে নামাইয়া দেওয়া . To permit to sink or fall lower ; lower [forth with violence

Let drive or **fly**—বলপূর্ব্বক নিক্ষেপ-কৃ , To send

Let in or **into**—ভিতরে প্রবেশ করিতে দেওয়া ; Admit , allow to enter.

Let loose—মুক্ত-কৃ , বন্ধন খুলিয়া দেওয়া ; আবদ্ধ অবস্থা হইতে মুক্ত করিয়া ছাড়িয়া দেওয়া , Let at large , set at large , set free from restraint.

Let loose on—কুকুরের মত লেলাইয়া দেওয়া , দৌরাত্ম্য করিতে দেওয়া . Suffer to fall upon.

Let off—ছাড়িয়া-দে , Suffer to go free from some penalty .—বন্দুক বা বাজি ছোড়া . Discharge a fire-arm :—মুক্ত-কৃ ; Release (from an engagemet or penalty)

Let one into—Admit one into (a secret) —অবগত কৃ , কোন গুপ্ত কথার ভিতর প্রবেশ করিতে দেওয়া Make one acquainted with.

Let out—খুলে-দে , To extend or loosen as a rope on the tops of a garment :—ভাড়া-দে , To lease . —ছাড়িয়া-দে , Suffer to escape.

Let pass—অগ্রাহ্য-কৃ , Neglect.

Let slip—ছাড়িয়া দেওয়া , হাত হইতে দেওয়া , আক্রমণার্থে ছেড়ে দেওয়া ; To suffer to pass insensibly or negligently ; set in motion with a view to fall upon.

Let the cat out of the bag—গোপনীয় বিষয় প্রকাশ-কৃ ; To tell a secret

To let blood—রক্ত মোক্ষণ কৃ , রক্ত চোষা , To cause blood to flow (from a vein) , to bleed

Without let or **hindrance**—বিনা বাধায় . Without impediment

Lethal, lē'thal, *a* [L. *lethalis*, from *lethum*, death] প্রাণনাশক , সাংঘাতিক ; মারাত্মক , Fatal , deadly , mortal ; destructive.

Lethargic, le-thär'jik, **Lethargical,** le-thär'jik-al, *a.* অলস ; নিশ্চেষ্ট ; নিদ্রালু ; Dull ; sleepy *ad* = lethargically.

Lethargy, leth'ar-je, *n* [Gr. *lethargia*, drowsy, forgetfulness] আলস্য , তন্দ্রা , জড়তা ; অস্বাভাবিক নিদ্রালুতা ; নিশ্চেষ্টতা , Drowsiness , stupor ; dullness. *Syn* :—Morbid, torpor , dulness , inaction.

Lethe, lē'the, *n.* [Gr. *lethe*, forgetfulness] বিস্মৃতি নদী ; বিস্মৃতি সাগর , River of death or oblivion , a river of the lower world, whose waters caused a total forgetfulness of the past :—বিস্মৃতি ; Forgetfulness.

Lethean, le-thē'an, *a.* বিস্মৃতিজনক ; Oblivious ; inducing forgetfulness.

Letherous, *a.* প্রাণনাশক , Mortal.

Lethiferous, le-thifér-us, *a.* [L. *lethum*, death, and *fero*, to bear] মারাত্মক ; সাংঘাতিক ; প্রাণনাশক , Bearing death , deadly.

Letter, letér, *n.* অক্ষর ; বর্ণ , Alphabetic character :—লিপি ; পত্র ; পত্রিকা , Epistle :—বাক্যের অর্থ ; আক্ষরিক অর্থ , Verbal expression ; literal meaning , exact signification :—ছাপিবার অক্ষর ; A printing type :—*pl.* বিদ্যা ; Learning :—*v. t.* অক্ষর অঙ্কিত-কৃ ; অক্ষর মুদ্রিত-কৃ ; To stamp letters upon ; to impress letters. *Syn* :—Note, missive.

A man of letters—পণ্ডিত ; A learned man.

Letter of attorney—ওকালতনামা ; Authority to act for another.

Letter of credit—Letter to a merchant requesting to make an advance to the bearer.

Letter of license—Permission to a debtor to carry on his business unmolested.

Letter of marque—A commission given to a private ship by government to make reprisals on the ships of another states ; hence, the ship thus commissioned.

The letter of the law—শব্দার্থ ; আইনে যাহা লেখা আছে তাহা , আইনানুযায়ী ; The exact wording of the law , the strict import of the words in which the law is expressed.

To the letter—অবিকল ; ঠিক ; একচুলও তফাৎ নহে ; Literally and strictly ; exactly , minutely

Lettered, letérd, *a.* কৃতবিদ্য , শিক্ষিত , বিদ্বান ; Educated ; versed in literature —অক্ষরবিশিষ্ট ; Marked with letters. *Syn* :—Learned, well read, bookish. literary ; docquetted , stamped.

Letter-founder, letér-fownder, *n.* ছাপিবার অক্ষর ঢালাইকার ; Type-caster.

Lettering, letér-ing, *n* অক্ষর মুদ্রাঙ্কণ , মুদ্রিত অক্ষরসমূহ , The act of impressing letters ; the letters impressed.

Letters-patent, letérz-pā'tent, *n.* বিশেষ অধিকার পত্র , সহি মোহর করা রাজদত্ত লিখন , কোন অধিকার ভোগ করিবার ক্ষমতা-পত্র , Royal grant , patent ; open sheets of parchment sealed and signed by one in authority granting power to some one to do some act, or enjoy some privilege , a writing by which a person is authorised to enjoy some privilege.

Letter-press, letér-pres, *n.* অক্ষরের ছাপা , মুদ্রাঙ্কিত অক্ষরসমূহ বা বিষয় , Letters impressed or matter printed from type, as distinguished from engraving.

Letter-writer, *n* পত্র-লেখক ; Writer of letters :—পত্র লিখিতে শিক্ষা দিবার পুস্তক ; Book for teaching how to write letters :—Coppying machine [লতা বিশেষ ; A plant.

Lettuce, letis, *n.* [L. *lac*, milk] উদ্ভিদ বিশেষ ,

Levant, le-vant', *n* [L. *levare*, to raise] সূর্য্যোদয় বিন্দু , পূর্ব্বদিক ; The point where the sun rises ; the East :—ভূমধ্যসাগরের পূর্ব্বদিকস্থ উপকূল ; The eastern part of the Mediterranean :—*v. i.* গুপ্তভাবে পলায়ন-কৃ ; Abscond, decamp mysteriously.

Levant, levant, *a.* পূর্ব্বদিগ্দেশীয় , পূর্ব্বদেশীয় ; Eastern.

Levanter, le-vantér, *n.* প্রবল পূর্ব্ববায়ু ; A strong easterly wind in the levant wind.

Levantine, le-vantin, *a.* পূর্ব্বদেশীয় ; লেভ্যান্ট সংক্রান্ত , Belonging to the levant ; eastern :—*n.* A native of levant.

Levee, leve, *n.* আগন্তুকগণের প্রাতঃসমিতি ; দরবার ; A morning assembly of visitors , an assembly received by a sovereign or other great personage,

Levee day, *n* দরবার দিন, The day in which visitors are received by a sovereign.

Level, levél, *n.* সমতল, সমভূমি; Even surface —সমতা; সাধারণ উচ্চতা, Equality; usual elevation —উচ্চতা; Customary height.—লক্ষ্য-রেখা; The line of direction:—যন্ত্র বিশেষ, Theodolite —*v t.* সমান-কৃ, সমতল বা সমোচ্চ-কৃ, To make horizontal, to make even flat, or smooth: —তুল্য-কৃ, সমান কৃ, To make equal, to make even: —লক্ষ্য-কৃ; সন্ধান-কৃ, To make aim.—*a.* সমতল, অবন্ধুর, সমোচ্চ, Horizontal, even, smooth —পদ বা মর্য্যাদাতুল্য, Equal in rank or degree *Syn*: —(*a*) Even, flat, plain, horizontal, smooth; flush; on a par, equal. (*v*) Smooth, raze, demolish, aim, direct, point, adapt, suit, fit, proportion.

Be on a level with—সমান গুণবিশিষ্ট-হ, Be on an equality with, accord with [direct against

Level at—লক্ষ্য-কৃ, কাহারও প্রতি লক্ষ্য-কৃ, Aim at

Level down—সমান-কৃ; Smoothe.

Leveller, levél-ér, *n* সমতলকারী, সমতাসাধক; One who levels —সাম্যবাদী, One who advocates universal equality

Levellers, *n* A political party in the time of Charles I, who wanted all men to be placed on a level with respect to their eligibility to office

Levelling, level-ing, *n* সমতাসাধন, ভূপৃষ্ঠের ভিন্ন ভিন্ন স্থানের সমতার তারতম্য নিরূপণ-প্রণালী, The reduction of uneven surfaces to a level, the process of finding the differences in level between different points on the surface of the earth

Levelness, level-nes, *n* সমতা, The state of being level, even or equal

Lever, lē'ver, *n* [L *levo*, to raise] ভার উত্তোলন করিবার যন্ত্র, ভারোত্তলন দণ্ড, দণ্ডযন্ত্র, Bar for raising a weight

Leverage, lē'vér-āj *n* দণ্ডযন্ত্র দ্বারা লব্ধ বল দণ্ড যন্ত্রের কার্য্য, Action of a lever the mechanical power gained by the use of the lever

Leveret, lever-et *n* [L *lepus leporis*, a hare] শশক-শাবক, এক বৎসর বয়স্ক শশক, A young hare

Leviable, levi-a ble, *a* কর বসাইবার যোগ্য, ধার্য্য করিয়া আদায় করিবার যোগ্য বা সাধ্য That may be levied, fit or able to be assessed

Leviathan, le-vi'a-than, *n* প্রকাণ্ড জলজন্তু বিশেষ, A fabulous monster, a large sea-animal —কোন প্রকাণ্ডাকৃতি বস্তু, Anything of huge size —*a* অতি বৃহৎ, Monstrously large

Levigate, levi gāt, *v t* [L *levis*, smooth] পরিষ্কৃত-কৃ, চূর্ণ-কৃ, গুঁড়া-কৃ, Smoothe, grind to small powder *n*=levigation

Levitation, lev i-tā shun, *n* [L *levis*, light] লঘু করণ, Act of making light.

Levite, lēvit, *n* পুরোহিত, লেভার বংশধর, One of the priestly tribe of Levi a son of Jacob. *as*=levitic, levitical *ad*=levitically.

Levitical degrees—Degrees of relationship named in Leviticus, within which marriage is forbidden.

Leviticus, levit'i-kus *n* খৃষ্টীয় ধর্ম্মপুস্তকের গ্রন্থ বিশেষ, The third book of the old Testament.

Levity, levé-te, *n* [L *levitas*, from *levis*, light in weight] লঘুতা, চপলতা, চাপল্য, Lightness, unsteadiness —লঘুচিত্ততা, অবিবেকিতা, বৃথাভিমান, Lightness of temper or conduct, thoughtlessness; disposition to trifle; vanity *Syn* —Buoyancy; inconstancy, fickleness, volatility, flightiness, frivolity.

Levy, levé, *v. t.* [L. *levo*, to raise] কর সংগ্রহ-কৃ, সৈন্য সংগ্রহ-কৃ, Assess; collect tax, raise army. —*n.* ক্রোক, Distraint:—যুদ্ধের জন্য সৈন্য সংগ্রহ, Raising men for the army, men so raised —করনির্দ্ধারণ, Assessment —প্রাপ্ত ক্ষমতানুসারে সংগ্রহ, The act of collecting by authority *Syn* —(*v*) Raise, muster, gather, collect, exact

Levy in mass, *n.* A requisition of all able bodied men for military service

Levy war—আক্রমণের জন্য অস্ত্র গ্রহণ-কৃ, যুদ্ধ আরম্ভ-কৃ, আক্রমণ-কৃ, To take arms for attack, to begin war to attack

Lewd, lūd *a* দুশ্চরিত্র, কামুক, লম্পট ভ্রষ্ট, কলুষিত অপবিত্র, Wicked, lustful; licentious, profligate, unchaste, debauched, impure *n*=lewdness *ad*=lewdly *Syn* —Libidinous, sensual, impure, lecherous, incontinent, profligate, dissolute, lascivious

Lewdness, lūdnes, *n* লম্পটতা, ভ্রষ্টতা, The unlawful indulgence of lust *Syn* – Lasciviousness, impurity, unchastity, debauchery, lechery, licentiousness.

Lexicographer, leks-i kog'ra-fér *n* অভিধান লেখক, শব্দকোষ-সঙ্কলক, Writer of lexicography *a*=lexicographic.

Lexicography, leks-i-kog'ra-fi, *n* [Gr *lexicon*, a dictionary, and *grapho*, to write] অভিধান সঙ্কলন করণ, শব্দকোষ সঙ্কলন বা রচনা, The art of writing a dictionary. *a*=lexicographic lexicographical

Lexicologist, leks i-kolo-jist, *n* শব্দবিজ্ঞানবিৎ, One skilled in lexicology

Lexicology, leks-i-kolo ji *n* [Gr *lexis* and *logos* a discourse or treatise] শব্দবিজ্ঞান, That branch of philology which treats of the proper signification of words the science of words

Lexicon, leksi-kon, *n* [Gr *lexis*, a word] শব্দকোষ কোষ, অভিধান Dictionary *a*=lexical. *Syn* —Vocabulary glossary, word-book

Ley, lē, *n* ক্ষেত্র তৃণভূমি, A meadow, pasturage —Alkaline water

Leydon jar, *n* A glass jar so coated inside and outside that it may be charged with electricity

Liability, li-a-bile-te, *n* দায়িত্ব, অধীনতা, বশ্যতা State of being bound or obliged in law or justice *Syn* —Responsibility, accountability, obligation, exposedness, tendency

Liable, li a-bl, *a* [L *ligare*, to bind] বাধ্য, দায়ী, Answerable, obliged, responsible —অধীন, প্রবণ, Subject, exposed to tending. *n*=liability. *Syn* —Accountable, bound, amenable, responsible; obnoxious [the power of.

Be liable to—কোন কিছুর অধীন হওয়া, Be under

Liable to death—মরণশীল।

Liable to be punished—দণ্ডযোগ্য।

Liaison, lē'o-zong, *n* [L *ligare*, to bind] সংযোগ, সংযোগবন্ধন, প্রণয়, A union, or bond of union, intimacy

Liar, li'ar, *n* মিথ্যাবাদী, One who utters falsehood

Libation, li-bā'shun, *n* [Gr. *leibo* to pour] দেবোদ্দেশে মদ্য বা তরল দ্রব্য প্রদান, তর্পণ, পিতৃলোক উদ্দেশে জল বা মদ্য নিবেদন, The pouring of wine or other liquid in honour of some deity, pouring wine in honour of a god or hero

Libel, li'bel *n* [L *libellus* a little book] পরনিন্দা লিপি, বিদ্বেষপূর্ণ কুৎসা প্রচার, Lampoon, malicious publication, satire, calumny *v t* পরনিন্দা-কৃ, কুৎসা কৃ, To defame, to satirise to lampoon

Libeller, li'bel-ėr, *n* পরনিন্দাকারী, কুৎসাকারক One who defames by libels

Libellous, li'bel-us, *a* নিন্দাপূর্ণ কুৎসাবিশিষ্ট, Defamatory *ad*=libel'ously

Liberal, lib'eral *a* [L *liberalis*, from *liber*, free] ভদ্র ভদ্রোচিত Free by birth, refined befitting a gentleman —সরল Open hearted, candid —উদার [illegible], Catholic generous —দানশীল বদান্য, Bountiful —প্রচুর Profuse — মুক্ত Free — [illegible] স্বাধীনতার অনুকূল Friendly to great freedom in the form of administration of government —উদার Not bound by orthodox or established tenets in political or religious philosophy —[illegible] Not strict or literal —[illegible], General —[illegible] Extensive *ad*=liberally *Syn* —Munificent enlarged, not bigoted catholic tolerant high-minded open candid large full untinted plentiful copious ample profuse

Liberal arts—[illegible] Such as depend more on exertion of the mind than on labour of the hand, as grammar rhetoric painting sculpture, architecture music

Liberalise, liber-al-iz, *v t* [illegible] বা মতাদ্ভুত মত কৃ বিশাল কৃ, To make liberal to enlarge, free from narrow views or prejudices to enlarge.

Liberalism, liber-al-izm, *n* স্বাধীনতা [illegible] বা ধর্মসম্বন্ধে উদারতা, প্রিয়তা, The principles of a liberal in politics or religion, fondness of freedom

Liberalist, *n* Advocate of liberal principles

Liberality, lib-ėr-al'i-te, *n* উদারতা [illegible] Catholicity, generosity, largeness of mind candour —বদান্যতা, Munificence —দান দানশীলতা A gift —নিরপেক্ষতা, Impartiality *Syn* —Beneficence, benevolence, bountifulness, charity, present, donation, benefaction, gratuity, magnanimity, candour, impartiality, toleration, catholicity

Liberate, lib'er āt, *v t* [L *liberare* from *liber* free] ছাড়িয়া দেওয়া, মুক্ত কৃ, Set free, release from restraint. *n*=liberation. *Syn* — Deliver, discharge, free manumit, emancipate, disenthrall [One who liberates or frees

Liberator, lib'er-ātor, *n* মুক্তকর্তা মুক্তিদাতা,

Libertine, lib'er-tin, *n* [L *libertinus*, *liber*, free] লম্পট, কামবশ লোক, Debauchee, a rake —*a* কামুক, কামাসক্ত, অসংযত, Unrestrained, licentious. *Syn* —Freedman, rake, voluptuary, profligate

Libertinism, lib'ėr-tin-izm, *n*. লাম্পট্য, স্বেচ্ছাচার, কামুকতা, Lewdness, debauchery.

Liberty, lib'er-te, *n* [L *libertas*, from *liber*, free] স্বাধীনতা Freedom —অনুমতি, Permission leave —অধিকার, Privilege —অবিনয়, Breach of decorum —অব্যাহতি, Exemption *Syn* —Independence, licence, leave, franchise, immunity, exemption

Be at liberty—স্বাধীন থাকা, নিজের ইচ্ছামত কাজ করিতে পারা, Be free, be unrestrained

Liberty of conscience—ধর্মবিষয়ে স্বাধীন মত The liberty to follow what one's own conscience dictates

Liberty of the press—মুদ্রাযন্ত্রের স্বাধীনতা, Freedom to print or publish anything without legal control and interference

Set at liberty—মুক্ত করিয়া দে, কারাবস্থা হইতে মুক্ত কৃ, Set free from confinement

Take liberties—বিনয় অতিক্রম কৃ, অমর্যাদার কথা বা কাজ করা তামাসা করা To neglect the laws of propriety or courtesy, to treat without ceremony, use language or do things in an improperly familiar way

Take the liberty of—সাহস করিয়া বলা বা করা Make bold to say or do something that is not exactly proper

Libidinous, le-bid'in us *a* [L *libidinosus* from *libido* desire] লম্পট কামুক, Lustful lewd licentious, unchaste. *n*=libidinousness *ad* libidinously *Syn* —Impure, sensual, licentious lecherous salacious

Libra, li bra *n* তুলারাশি A sign of the zodiac

Librarian, li-brā'ri an, *n* [L *librarius* a transcriber of books] পুস্তকালয়ের অধ্যক্ষ পুস্তকাধ্যক্ষ Keeper of a library *n*=librarianship

Librarianship, *n* পুস্তকালয়ের অধ্যক্ষের পদ Office of a librarian

Library, li'brar-i *n* [L *liber* a book] পুস্তক সংগ্রহ, গ্রন্থ রাশি A collection of books পুস্তকাগার পুস্তকালয় A room or building containing a collection of books

Librate, li'brāt *v t* সমতুল কৃ, তুল কৃ To balance to poise —*v i* সমতুল-হ To be poised —দুলিতে থাকা To move as a balance *n*=libration

Libration, *n* তুলন তুলামান, ঈষৎ দোলন, Balancing, a state of equipoise, a slight swinging motion

Libratory, li'bra-tor-i, *a* সমান গতিশীল, তুলার ন্যায় দোদুল্যমান Moving like a balance

Libretto, li-bretto, *n* [L *liber*, a book] গীতি-নাট্যাদির শব্দকোষ, A book containing the words of an opera or other musical composition

Lice, lis, *n* Plural of *louse*

License, li'sens, *n* [L *licentia*, from *licere*, to be permitted] অনুমতি, Permission leave — স্বেচ্ছাচারিতা, স্বাধীনতার অপব্যবহার, Excess or abuse of liberty —পরওয়ানা, অনুমতি-পত্র, The document by which authority is conferred —

v. t. পরওয়ানা-দে ; অনুমতি-দে ; To grant license to :—অনুমতি-দে : ক্ষমতা-দে ; To authorise ; permit. *Syn* :—(*n*) Leave, liberty, privilege, immunity ; warrant, permit ; laxity. (*v*) Warrant, make legal ; allow, suffer, tolerate.

Licensor, li'sens-ér, *n.* লাইসেন্স দাতা ; অনুমতি দাতা , Granter of licenses :—নাটক-পরীক্ষক ; Examiner of play ; Censor of the press.

Licentiate, li-sen'shi-at, *n.* লাইসেন্সপ্রাপ্ত লোক ; ব্যবসায় বিশেষ পরিচালনে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ; One who has a license to exercise a profession.

Licentious, li-sen'she-us, *a.* লম্পট ; কামুক ; Dissolute ; loose ; given to sensual indulgence. *n*=licentiousness. *ad*=licentiously. *Syn* :—Uncurbed, uncontrolled, unruly, ungovernable, lax ; sensual, impure, unchaste, lascivious, immoral, profligate.

Lichen, li'ken, *a.* লতা বিশেষ ; A plant of the moss tribe .—চর্মরোগ বিশেষ , Erruption on the skin , a contanious eruption

Lichgate, *n* সিক্তাসংলগ্ন সমাধিক্ষেত্রের শবাধার রাখিবার আচ্ছাদনবিশিষ্ট তোরণ . A churchyard gate with a porch to rest the bier under. [corpse

Lichwake, *n.* শবপ্রহরিতা ; The watch over a

Lick, lik, *v. t.* চাটা ; আলেহন-কৃ ; To lap ; to cover with the tongue ; to pass the tongue over —বেত্রাঘাত-কৃ , To strike repeatedly for punishment ; flog , beat, whip. *n*=licker. *Syn* :—Flog, beat, whip, thrash, slap, spank.

Lick the dust—হত-হ , To be slain , to perish in battle.

Lick up—গ্রাস-কৃ ; Devour entirely.

Lickerish, *a.* ভোজনবিলাসী . আস্বাদন বা উপভোগার্থ ব্যগ্র . Dainty , eager to taste or enjoy.

Lickspittle, *n.* অতি নীচ তোষামোদকারী পরগ্রহ , তোষামোদকারী ; An abject, servile dependent , servile flatterer [root is used in medicine.

Licorice, Liquorice, *n* যষ্টিমধু . A plant , its

Lictor, liktor, *n.* প্রাচীন রোমীয় ম্যাজিষ্ট্রেটের অনুচর , দণ্ডধর , Roman beadle , an officer who attended the Roman magistrate, with the ensigns of office

Lid, lid, *n.* আবরণ ; ঢাকনী , Cover —চক্ষুর আবরণ , অক্ষিপত্র , চক্ষুর পাতা ; Eyelid , the cover of the eye.

Lie, li, *n* মিথ্যা কথা , মিথ্যা ; Criminal falsehood ; untruth : any intentional violation of truth :—*v i* মিথ্যা বলা ; মিথ্যা কথা কহা ; To tell lies ; to make a false representation. *Syn* :—Falsehood, fiction, deception, fabrication, fib

A lie hath no foot—মিথ্যা কিছুর সাহায্য ভিন্ন দাঁড়াইতে পারে না , Because it cannot stand alone.

Give the lie to—কোন অপবাদ মিথ্যা প্রমাণ-কৃ , Prove an imputation to be false :—মিথ্যাবাদী বলা ; Charge one with falsehood.

Tell a lie—মিথ্যা কথা কহা ; Utter a falsehood.

Lie, li, *v. i.* শয়ন-কৃ ; শয়ান থাকা ; থাকা ; To rest length-wise ; to lean ; to rest ; to sleep —অবস্থিত-হ ; To be situated :—বাস-কৃ ; To lodge :—অধিকারে থাকা ; To belong, pertain :—নিক্ষিপ্ত-কৃ ; Weigh ; to press on :—আইন অনুসারে সমর্থনীয় হওয়া , To be sustainable in law. *Syn* :—Recline, couch, be prostrate, rest, repose, remain, be placed, be situated ; consist in, pertain to ; be sustainable. [To be imputable to one.

Lie at any one's door—কাহার প্রতি আরোপ-কৃ ;

Lie at one's door—আরোপ-কৃ ; To be attributable to one [হওয়া . Depend upon.

Lie at one's money—কোন কিছুর সম্পূর্ণ অধীন

Lie at the heart—বাঞ্ছিত বস্তু-হ ; To be an object of desire :—মনোনিবিষ্ট-হ ; To be fixed in mind.

Lie down—শয়ন-কৃ ; Lay the body on the ground ; go to rest ; lie side by side.

Lie hard or **heavy**—উৎপীড়িত-কৃ ; Oppress.

Lie in—প্রসব-কৃ ; To be in child-bed ; bring forth young :—ভিতর থাকা ; অন্তর্গত-হ , Consist of ; be comprised in.

Lie in a nut-shell—সংক্ষেপে বর্ণনীয় হওয়া ; এক কথায় ব্যক্ত করা যাইতে পারে ; To be capable of brief statement ; to admit of easy determination , may be expessed in a few words.

Lie in one—কাহারও সাধ্য-হ ; To be in the power of. [pediment

Lie in the way—বাধা স্বরূপ-হ ; To be an im-

Lie in wait—আক্রমণ করিবার জন্য অপেক্ষা করিয়া থাকা , ওৎ করিয়া থাকা ; To watch for an opportunity to attack or seize ; lie concealled with a view to surprise or seize an enemy.

Lie on any one's head—কাহার প্রতি আরোপ-কৃ ; কাহারও শিরে পড়া ; To be imputable to any one.

Lie on hand—অব্যবহার্য হইয়া কাহারও অধিকারে থাকা , To remain in possession without occasion for use

Lie on one's hand—অবিক্রীত থাকা , Remain unsold :—বিরক্তিকর-হ , To be tedious.

Lie on or **upon**—পালনীয়-হ ; To be a matter of obligation or duty. [cupied.

Lie on the hands—হাতে থাকা ; Remain unoc-

Lie on the head—আরোপ-কৃ , Be imputed.

Lie or **be at the root of**—কারণ হওয়া ; To be the foundation or source of , to cause.

Lie or **hang heavy on one's mind**—মনে ভারস্বরূপ থাকা ; মনে কষ্ট পাওয়া , Lie like a burden on one's mind , cause pain to one.

Lie over—স্থগিত হ , Remain over , to be deffered to some future occasion.

Lie to—To have progress checked, as a ship.

Lie under—উৎপীড়িত-হ , To suffer , to be oppressed by.

Lie under arms—যুদ্ধের জন্য প্রস্তুত হইয়া থাকা ; To be in a state prepared for immediate action.

Lief, lēf, *ad.* ইচ্ছাপূর্ব্বক , সাহ্লাদে , Willingly ; now chiefly used in the phrase, I had as *lief* gladly :—*a* প্রিয় ; Loved, dear.

As lief—যত শীঘ্র ; As soon.

Liege, lēj, *a.* অধীন ; প্রভু ; জায়গীর দাতা , Bound by a feudal tenure under a superior ; dependent ; subject :—বিশ্বস্ত ; Faithful —*n.* অধীনস্থ লোক , অধীন ব্যক্তি , A vassal :—প্রভু ; Superior, lord ; sovereign ; one who has lieges.

Liege-man, *n.* প্রজা ; A vassal ; a subject.

Lien, li'en, *n* [L. *ligo*, to bind] আবদ্ধ বিষয় দখলে রাখিবার অধিকার ; অন্যের সম্পত্তি দখলে রাখিবার অধিকার , Right to detain property until a debt is paid.

Lieu, lū, *n.* [L. *locus*, place] স্থান; বদল ; পরিবর্ত ; Place ; stead.

In lieu of—কোন কিছুর পরিবর্তে ; Instead of.

Lieutenancy, lef-teńan-si, *n.* প্রতিনিধি কর্মচারীর পদ বা কার্য্য ; প্রতিনিধি কর্মচারীবর্গ ; Office or commission of a lieutenant.

Lieutenant, lef-teńant, *n.* [Fr. *lieu*, a place, and *tenant*, holding—*tenir*, to hold] প্রতিনিধিকর্মচারী ; কাপ্তেনের বা নৌ-সেনাদলে অধ্যক্ষের অব্যবহিত নিম্নপদস্থ সেনানী ; One next to a captain.

Lord Lieutenant—In countries, an officer appointed by Parliament to call out for training the militia :—The chief executive officer of Ireland. [*n* = lieutenant-generalship.

Lieutenant-general—One next to a general.

Lieutenant-governor, *n.* ছোট লাট ; One next to a governor.

Life, lif, *n.* জীবন ; প্রাণ ; সজীবতা ; জীবনকাল ; The state of living ; vitality ; animate existence ; the period of life :—নৈতিক আচরণ ; Moral conduct : —উৎসাহ ; Animation ; vivacity ; energy :—জীবনচরিত, Biography ; narrative of a life :—ভালবাসাসূচক কথা ; Word of endearment :—সজীব জন্তু ; A living being :—বাস করিবার রীতি ; Manner of living :—সামাজিক অবস্থা ; Social state —প্রাণী জগৎ ; System of animal nature :—স্বর্গীয় সুখ, Heavenly felicity :—জীবনী শক্তি ; A quickening principle (in a moral sense) :—প্রিয় বস্তু ; Darling :—মানবের কার্য্যাবলী ; Human affairs.

A matter of life and death—জীবন-মরণের ব্যাপার ; A matter involving the risk of the loss of life :—অতি গুরুতর ব্যাপার ; A very serious matter.

A stuggle for life and death—প্রাণের নিমিত্ত লড়া ; A struggle which ends either in victory or destruction ; a desperate struggle for existence.

For life—আজীবন ; যতদিন জীবিত থাকিবে ; During the period of one's existence ; for the whole period of one's life ; as long as one should live.

For one's life, On one's life—যদি স্বীয় জীবন রক্ষা করিতে চাহ ; If one wants to save one's life, at the risk of forfeiting one's life.

Give life to—পুনর্জ্জীবিত-কৃ, Animate.

Hover between life and death—মরণ বাঁচন সংশয় একরূপ অবস্থায় থাকা ; Lie in a precarious state.

Lead a life, Live a life—(কোনরূপে) জীবনযাপন-কৃ, Live in a certain manner.

Not for one's life—কোন রকমেই নহে ; Not by any means in one's power, even if one were to give one's life.

One's whole life is a lie—যাহার সমস্ত জীবন সত্য ও ন্যায়বিরুদ্ধ আচরণেই যাপিত হয় ; One has been a hypoctite all his life, one has never in all one's life acted honestly and truthfully.

Sell life dearly—প্রাণপণে লড়া, Not to yield without fighting hard, suffer defeat or death after a desperate fight.

Taken or **drawn from life**—জীবন্ত ব্যক্তি বা বস্তু দেখিয়া চিত্রিত ; Drawn from the living original.

The life and soul—মূল ; The chief elements ; the root :—জীবনীশক্তি ; মূলাধার ; The leader, the moving or animating spirit.

Through life, All one's life—বরাবর ; আজীবন ; During the whole period of one's life.

To the life—ঠিক ; অবিকল ; ঠিক জীবিতাবস্থায় যেমন সেইরূপে ; Exactly, exactly representing the original so as closely to resemble the living person or original.

Life is sweet—সকলেই বাঁচিতে চাহে ; Every one wishes to live. [life.

Life annuity, *n.* বার্ষিক জীবনবৃত্তি ; Pension for

Life-assurance, lif'-ash-shōōr'ans, *n.* জীবনবিমা ; Life Insurance.

Life-blood, *n.* প্রাণধারণোপযুক্ত রক্ত ; That necessary for life ; vital blood.

Life-boat, lif'bōt, *n.* জাহাজ ভাঙ্গিলে জীবন রক্ষণার্থ নৌকা বিশেষ ; জলমগ্নদিগের উদ্ধার তরণী ; জীবনতরী ; Buoyant boat to be used at shipwrecks.

Life-buoy, *n.* জীবন-বয়া ; A buoy thrown overboard to any one drowning.

Life-consuming, *a.* প্রাণনাশক ; Wasting life.

Life-drop, *n.* রুধির বিন্দু ; Vital drop.

Life-estate, lif'-es-tāt', *n.* জীবন ; জীবন স্বত্ব ; ভোগ করা সম্পত্তি, Interest for the term of life.

Life-everlasting. *n.* অনন্ত জীবন ; Enternal life.

Life-framer, *n* ঈশ্বর ; The Almighty.

Life-giving, *a.* জীবনপ্রদ ; উত্তেজক, Imparting life, invigorating.

Life-guard, lif'-gard, *n.* জীবন-রক্ষক ; দেহরক্ষক প্রহরী ; রাজা বা উচ্চপদের ব্যক্তির রক্ষী ; Bodyguard, a guard of a prince or other dignitary.

Life-hold, lif'hōld, **Life-land,** lif'land, *n.* জীবনস্বত্বের জোত জমা ; Land held by lease for life.

Life-Insurance, *n.* জীবন বিমা ; জীবনান্তে নির্দ্ধারিত পরিমাণ টাকা দিবার চুক্তি ; Assurance of a sum of money to be paid at death ; a contract by which a sum of money is insured to be paid at the close of a person's life.

Life-interest, *n.* জীবন-স্বত্ব ; Life estate.

Lifo-loss, lif'les, *a.* মৃত ; Dead :—নিস্তেজ ; নীরস, নিস্বাদ ; Spiritless ; destitute of vigour ; insipid :—মন্থরগতি ; Sluggish. *ad* = lifelessly, *n* = lifelessness *Syn* :—Defunct, inanimate ; soulless, inert, inactive, unanimated ; frigid, pointless, flat ; tasteless.

Lifolessness, lif'les-nes, *n.* নিস্তেজতা ; Destitution of life, vigour, and spirit. *Syn* :—Inactivity, inertness, dulness, sluggishness.

Life-like, *a.* ঠিক ; সজীবের ন্যায় ; Like a living person ; resembling life. [Through life.

Life-long, lif'long, *a.* আজীবন ; আজীবনস্থায়ী ;

Life-office, *n.* Life assuiance office.

Life-preserver, lif'-pre-zėrver, *n.* অগ্নি দাহ বা মজ্জন হইতে রক্ষা পাইবার যন্ত্র বিশেষ ; An apparatus for preserving lives in cases of fire or ship-wreck.

Life-rent, lif'rent, *n.* আজীবনকাল দেয় কর ; A rent that continues for life ; rent for the term of life.

Life time, *n.* জীবিতাবস্থা ; The time that life continues, duration of life..

Lift, lift, *v. t.* [A. S. *hlifian*, to be high]

উত্তোলন-কৃ ; তোলা ; Raise, elevate, upheave ; bring up to a higher place ; upraise :—উন্নত-কৃ ; উন্নমিত-কৃ ; To exalt, improve in fortune, estimation, rank :—স্ফীত-কৃ ; To cause to swell (with pride), elate :—হরণ-কৃ ; To steal :—লইয়া চলিয়া যাওয়া ; To take and carry away :—*v. i.* ঊর্দ্ধে উঠে ; উত্তোলন হইতে চেষ্টা-কৃ ; To rise, to try to raise ; be raised, seem to rise :—*n.* উত্তোলন ; Act of lifting or rising :—উত্তোলনীয় বস্তু ; যে বস্তুকে উত্তোলিত করিতে হইবে ; Thing to be raised :—উত্তোলিত করিতে সাহায্য দান ; উত্তোলন সহায় ; Assista.:ce in lifting ; that which assists to lift :—উত্তোলন করিবার যন্ত্র ; An elevator :—উন্নতি : Rise, promotion, degree of elevation.

Give one a lift—গাড়িতে তুলে দেওয়া ; Take one into a carriage.

Lift up the face—প্রফুল্লভাবে দর্শন-কৃ : সানন্দে দেখা ; Look to with confidence, cheerfulness and comfort. [Rejoice

Lift up the head—আহ্লাদিত-কৃ : আনন্দিত-হ :

Shop lifter—চোর ; A thief

Lifting jack—উত্তোলন করিবার যন্ত্র বা কল : Apparatus for lifting.

Ligament, lig'a-ment, *n.* [L. *ligamentum*, from *ligare*, to bind] বন্ধনী ; বন্ধন ; A bandage ; band, ligature :—অস্থিসংযোজক ঝিল্লী . A membrance connecting the movable bones *as*= ligamental, ligamentous.

Ligamental, lig-a-men'tal, **Liεamentous,** lig-a-men'tus, *a.* সংযোজক , সংযোজক ঝিল্লীবৎ , Composing or resembling a ligament.

Ligation, li-gā'shun, *n.* বন্ধন ; সংযোগ . The state of being bound.

Ligature, lig'a-tūr, *n.* বন্ধনী ; ক্ষতাদির বন্ধন-বস্ত্র ; A bandage :—সঙ্গীত-স্বর সংযোজক রেখা ; A line connecting musical notes.

Light, lit, *n.* আলোক ; That agent or force in nature which illuminates objects and renders them visible :—উজ্জ্বল পদার্থ ; That which shines or is brilliant :—দিন ; Day :—আলোকের কারণ ; যাহা আলোকিত করে ; That which furnishes or is source of light ; that which gives light as the sun :—যাহার মধ্য দিয়া আলোক প্রবেশ করে ; আলোক প্রবেশ-পথ ; The medium through which light is admitted ; an aperture for admitting light :—জীবন ; Life :—চিত্রের আলোকিত অংশ ; The illuminated part of a picture :—দিব্যালোক ; মানসিক বা আধ্যাত্মিক আলোক ; Mental and spiritual illumination :—জ্ঞানালোক ; বিদ্যাজ্যোতিঃ ; Enlightment :— প্রত্যূষ ; Dawn of day :—প্রচার ; প্রকাশ ; Publicity :—সুখের সময় ; সৌভাগ্য ; A time of prosperity or happiness ; prosperity :—জ্ঞান ; Knowledge :—প্রকাশ্ত দৃশ্য ; Open view :—অনুগ্রহ ; Favour :—খ্যাতনামা ব্যক্তি ; বিখ্যাত লোক ; A conspicuous person :—দর্শনশক্তি ; The power of vision :—*a.* আলোকবিশিষ্ট ; উজ্জ্বল ; Not dark ; bright ; clear : —হাল্কা ; লঘু ; Not heavy :—চালাক ; Nimble :—সামান্ত ; Slight ; trifling :—চঞ্চল ; Unsteady ; fickle :—গাঢ় নয় ; Not intense :—বালুকাময় ; Sandy :—অদৃঢ় ; শিথিল ; Loose :—দুশ্চরিত্র ; Unchaste :—আমোদপ্রিয় ; প্রফুল্ল ; Amusing, gay :—*v. t.* আলো-দে ; To kindle ; ignite, flame :—প্রজ্বলিত-কৃ ; জ্বালিয়া-দে ; To set fire to :—আলোক বিশিষ্ট-কৃ ; To furnish with light :—*v. i.* বসা ; অবস্থিত-হ ; To settle, rest :—অবতরণ-কৃ ; নামা ; To come to by chance. *ad*= lightly, *n*=lightness. *Syn* :—(*n*) Luminous rays, radiance, luminosity, phosphorescence gleam, scintillation, flash ; sunrise, dawn, daybreak, daylight ; candle, lamp, taper, lighthouse ; insight, knowledge, instruction, understanding ; interpretation, illustration, explanation ; window, pane ; aspect, point of view. (*a*) Buoyant, volatile, not dense ; imponderous, not burdensome, portable ; easy, not difficult ; porous, spongy, loose, sandy ; small, inconsiderable ; flimsy, unsubstantial ; frivolous, unsteady ; white, whitish. (*v*) Illuminate, lighten, irradiate ; happen, fall on, find ; alight.

According to one's light—জ্ঞানানুসারে ; According to one's knowledge :—নিজের বুদ্ধিতে যেমন আইসে ; According to the knowledge or conviction one has.

Bear the light—প্রকাশিত করিবার যোগ্য-হ ; সাধারণ সমক্ষে প্রকাশ করিবার যোগ্য হওয়া ; Can be made public.

Bring to light—প্রকাশ-কৃ ; Reveal ; discover.

By the light of—অন্যত্র হইতে যে জ্ঞান বা আলোক পাওয়া যায় তাহাই অবলম্বন করা ; Availing oneself of the light or knowledge furnished by.

Come to light—প্রকাশিত হওয়া ; Be discovered or revealed.

In the light of—যেন ; As. [to alight.

Light down or **from**—অবতরণ-কৃ ; To descend ;

Light gains make a heavy purse—Small profits and quick return is the best way of gaining wealth.

Light of knowledge—জ্ঞান প্রদীপ।

Light of the countenance—অনুগ্রহ ; প্রসাদ ; Favour ; smile.

Light up—প্রজ্বলিত-কৃ ; Kindle :—উৎসাহিত-কৃ ; উজ্জ্বল-কৃ ; ম্লানভাব দূর-কৃ ; Animate ; cheer up :—ব্যাখ্যা-কৃ ; পরিস্ফুট বা পরিষ্কার-কৃ ; Elucidate.

Light upon—পতিত-হ ; হঠাৎ প্রাপ্ত-হ ; হঠাৎ আসিয়া পড়া ; হঠাৎ উপলব্ধি করা ; Come to by chance ; to happen to find ; discover to chance.

Make light of—অগ্রাহ্য-কৃ ; কিছুই নয় মনে করা ; To consider as of no account ; to treat with indifference ; treat anything as of little or no consequence.

See the light—জন্মগ্রহণ-কৃ ; মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হওয়া , Be born :—প্রকাশিত-হ ; Be made public ; come out.

Strike a light—আলো জ্বালা ; Light a candle or lamp :—চকমকি ঘষিয়া বা দিয়াশলাই দিয়া আগুণ বাহির-কৃ ; Produce a light by means of a flint and steel or a match.

Throw or shed light upon—বুঝাইয়া-দে ; Make more clear ; to explain :—দীপ্তি প্রদান-কৃ ; বিকশিত-কৃ ; Dispel the darkness hanging over—make clear to the mind, give a knowledge of, enable one to understand.

Light-brain, *n.* নির্বোধ ; A booby ; a simpleton.

Lighten, lit'n, *v. t.* [A. S, *leohtan*, *lyhtan*, to

shine] লঘুভার-কৃ ; হাল্কা-কৃ ; To make lighter :—প্রফুল্ল-কৃ ; To cheer, exhilarate :—*v. i.* আলোকিত-হ ; দীপ্তি পাওয়া ; হ্রাস-হ ; To shine like light ; to flash ; to become less dark :—ক্লেশমুক্ত-কৃ ; To free from trouble. *Syn* :—Shine, flash, grow lighter, brighten ; enlighten, illuminate, irradiate ; ease, make lighter, alleviate.

Lighter, lit'er, *n.* অনাবৃত বড় নৌকা ; One who or that which lightens ; a barge used in lightening or unloading ships, also in loading them. *n*=lighterman.

Lighterage, lit'er-āj, *n.* লাইটার নৌকা দ্বারা জাহাজের মাল নামাইবার ভাড়া বা মাল নামান ; A price paid for unloading ships by lighters ; the act of thus unloading.

Light-fingered, lit-find'gerd, *a.* অপহরণ করিতে নিপুণ ; অপহরণপরায়ণ ; Thievish ; dexterous in stealing. [Thieves

Light-fingered gentlemen—চোর সকল ;

Light-footed, *a.* দ্রুত ; ত্বরিতপদ, ক্ষীপ্রগতি ; Nimble . quick of foot

Light-headed, lit'-hed'ed, *a.* চঞ্চল . অবিবেকী ; চিন্তাশূন্য ; চঞ্চলমস্তিষ্ক : Thoughtless ; headless ; unsteady.

Light-hearted, lit'-hārt'ed, *a.* প্রফুল্ল . প্রফুল্লচিত্ত . নিরুদ্বেগ ; উৎফুল্ল ; Cheerful ; free from anxiety. *ad*=light-heartedly, *n*=light-heartedness.

Light-heeled, *a.* দ্রুতগামী , Nimble

Light-horse, lit'-hors, *n.* অগুরু-অস্ত্রশস্ত্রে সজ্জিত অশ্বারোহী সেনাদল ; Light-armed cavalry.

Light-house, lithows, *n.* সমুদ্রপথ-দর্শক আলোক-গৃহ ; A house or tower with a light at the top to guide mariners at night.

Light-infantry, lit'-infant-re, *n* অগুরু-অস্ত্রশস্ত্রে সজ্জিত পদাতিদল , Infantry lightly armed.

Light-keeper, *n.* আলোক-গৃহ রক্ষাকারী . One in charge of a light-house

Light-legged, *a* দ্রুতগামী . Nimble. [slightly.

Lightly, *ad.* উজ্জ্বলরূপে ; আস্তে আস্তে ; Brightly ,

Sit lightly on—গ্রাহ্যের মধ্যে গণ্য না হওয়া ; Be slighted or not thought much of.

Light-minded, lit'-mind-ed, *a.* চঞ্চলচিত্ত ; চঞ্চলমনা ; অবিবেকী ; Not considerate. [animals.

Lights, lits, *n. pl.* জান্তব বায়ুকোষ ; The lungs of

Lightsome, lit'sum, *a.* প্রফুল্ল ; Gay :—হৃষ্টচিত্ত ; প্রফুল্লতাজনক ; Airy, cheering. *n*=lightsomeness.

Lightness, lit'nes, *n.* লঘুতা ; Want of weight *Syn* :—Volatility, instability, inconstancy, unsteadiness, levity, giddiness, flightiness, airiness, gayety, liveliness, sprightliness, briskness, swiftness, nimbleness. [thunder

Lightning, lit'ning, *n.* বিদ্যুৎ ; Flash attending

Struck with lightning—বজ্রাহত ।

Lightning-conductor—তড়িৎ-সঞ্চালক ।

Lightning-proof, *a.* বজ্রনিবারক ; Safe from lightning.

Lightning-rod, lit'ning-rod, *n.* বজ্রবারক শলাকা ; গৃহাদি বিদ্যুৎপাত হইতে রক্ষা করিবার ধাতুময় শলাকা ; A metallic rod to protect buildings from lightning.

Lign-aloes, lin-alōz, **Lignaloes,** lig-nal'oz, *n.* অগুরু কাষ্ঠ , Aloes-wood.

Ligneous, lig'ne-us, *a*, [L. *lignum*, wood] কাষ্ঠ নির্মিত ; কাষ্ঠময় ; কাষ্ঠবৎ ; Made of wood ; woody ; wooden.

Ligniferous, lig-nif'ėr-us, *a.* [L. *lignum*, wood, and *fero*, to bear] কাষ্ঠোৎপাদী ; কাষ্ঠোৎপাদক ; Producing wood.

Lignify, lig'ni-fi, *v. t.* [L. *lignum*, wood, *facio*, to make] কাষ্ঠে পরিণত-কৃ ; To turn into wood ; to convert into wood :—*v. i.* কাষ্ঠ-হ ; কাষ্ঠময়-হ ; To become wood or woody. *n*=lignification. [fibre.

Lignine, lig'nin, *n.* বিশুদ্ধ কাষ্ঠতন্ত্র ; Pure woody

Lignite, lig'nit, *n.* কাষ্ঠচিহ্নবিশিষ্ট মৃদঙ্গার ; Mineral coal retaining the texture of wood. *a*=lignitic.

Lignum-vitae, lig'num-vē'ta, *n.* দক্ষিণ আমেরিকার দৃঢ়কাষ্ঠ বৃক্ষবিশেষ ; A south American tree with every hard wood.

Ligule, lig'ūl, *n.* [L. *lingua*, a tongue] তৃণপত্রের বিস্তৃতাংশ, পুষ্পবিশেষের চর্মরজ্জুবৎ দল ; The flat part of the leaf of a grass ; a strap-shaped petal in certain flowers. [cious stone.

Ligure, lig'ūr, *n.* বহুমূল্য প্রস্তর বিশেষ ; A pre-

Like, lik, *a* [Ge. *leik*, body, kind, form] সমান ; তুল্য , সদৃশ ; Similar :—সম্ভবতঃ ; সম্ভবপর , Probable .—*n* সাদৃশ্য ; An exact resemblance :—অভিরুচি , প্রবৃত্তি , A liking :—*ad.* সম্ভবতঃ , তুল্যরূপে , Probably , in a like manner ; likely. *Syn* .—(*a*) Correspondent, similar, resembling, analogous, allied, paralled , likely, probable.

Like, lik, *v. t.* পছন্দ-কৃ , অনুমোদন-কৃ ; মনোনীত-কৃ ; উপভোগ-কৃ ; To approve ; to prefer ; to enjoy .—*v. i.* সন্তুষ্ট-হ ; To be pleased , to choose. *Syn* :—Love, approve. choose, relish, esteem, fancy.

And the like—এই প্রকার আরও , Things of a similar character. [*Had nearly, come near.*

Had like to have—প্রায় (যাব যাব) হইয়াছিল ;

In all likelihood –খুব সম্ভবতঃ ; In all probability ; most probably.

Likes and dislikes—অনুরাগ এবং বিরাগ , Preferences and antipathies.

Likely, likli, *a.* সম্ভব , বিশ্বাসযোগ্য ; Probable ; creditable ; having or giving reason to believe :—আনন্দদায়ক , মনোহর ; সুশ্রী ; Pleasing ; handsome .—*ad.* সম্ভবপর ; Probably. *n*=likelihood, likeliness.

Liken, lik'n, *v. t.* তুলনা-কৃ ; সাদৃশ্য প্রদর্শন-কৃ ; To compare ; to represent as similar ; compare with.

Likeness, lik'nes, *n.* সাদৃশ্য ; Resemblance :—ছবি ; চিত্র , আলেখ্য ; প্রতিমূর্ত্তি ; Portrait ; picture ; effigy. *Syn* :—Similarity, parallel, similitude ; counterpart, semblance, from ; representation, effigy, image. [*Produce a likeness or image.*

Take a likeness—ছবি আঁকা বা চেহারা তোলা ·

Likewise, lik'wiz, *adv.* অপিচ ; আরও ; অধিকন্তু ; Also ; moreover ; too.

Liking, lik'ing, *n.* অভিরুচি ; আহ্লাদ ; সন্তোষ ; পছন্দ ; অবস্থা ; *Inclination* ; *satisfaction* ; pleasure ; condition. [Have a fancy for, like.

Have a liking for—পছন্দ বা মনোমত হওয়া ;

To one's liking—ঠিক পছন্দসহি ; ঠিক মনের মত ; Exactly as one wishes it to be, exactly suiting one's taste.

Lilac, li'lak, *n.* অতি সুন্দর ফুলগাছ ; A pretty flowering shrub.
Liliaceous, lil-i-ā'shus, *a.* পদ্মজাতীয় ; পদ্মবৎ ; Pertaining to or like lilies.
Lilied, lilid, *a.* পদ্ম-শোভিত ; Embellished with [lilies.
Liliput, *n.* কল্পিত দ্বীপবাসী ; An imaginary island of dwarfs. *a*=liliputian.
Lilliputian, lil-i-pū'shian, *n.* ক্ষুদ্রকায় বা বামনাকার লোক ; A person of small size ; a dwarf :—*a.* খর্ব্বাকার ; ক্ষুদ্রকায় ; বামন ; Of diminutive body and narrow size ; of small size ; dwarfish.
Lilt, lilt, *v. i.* ক্ষিপ্রতা সহকারে কাজ-কৃ ; হৃষ্টচিত্তে গান বা খেলা করা ; To do anything dexterously or quickly ; to song or play merrily :—*n.* প্রফুল্লতা-জনক গীত বা সুর ; A cheerful song or air.
Lily, lili, *n.* নলিনী ; পদ্ম ; A flower :—Emblem of France :—পদ্মগাছ ; A bulbous plant. *a*= lilied (পদ্মবিশিষ্ট ; Having lilies).
Lily of the Vally—পদ্মজাতীয় এক প্রকার ফুল, A well-known and much-loved flower of the lily genus.
Lily handed, *a.* পদ্মহস্ত ; White handed.
Lily white—White as the petals of a lily.
Limb, lim, *n.* প্রত্যঙ্গ, অঙ্গ ; Joint or part of an animal body ; arm or leg —তরুশাখা ; বৃক্ষের শাখা, Branch of a tree :—প্রান্তভাগ ; ধার ; Edge ; border :—*v. t.* অঙ্গবিশিষ্ট-কৃ ; প্রত্যঙ্গ বা শাখা সংযোজিত-কৃ ; To supply with limbs :—অঙ্গহীন-কৃ, প্রত্যঙ্গ বা শাখা বিচ্ছিন্ন-কৃ ; To tear off the limbs ; to dismember. *Syn* :—(*n*) Member, arm, leg ; branch, bough.
Limb of the law, Limb of the devil—অভদ্র উকীল, An unmannerly lawyer.
Limber, limber, *a.* নমনীয় ; বশ্য ; Pliant, easily bent ; flexible :—*v. t.* নমনীয়-কৃ ; To cause to become limber :—সংযোজিত-কৃ, To attach to the limbers as a gun :—*n.* কামানের গাড়ীর যে অংশে অশ্ব সংযোজিত হয় ; That part of a guncarriage consisting of two wheels and a shaft to which the horses are attached.
Limbo, limbo, **Limbus,** limbus, *n.* নরকের প্রান্ত ; নরকোপান্তবর্ত্তী প্রদেশ ; Frontier of hell, a region on the borders of hell :—নরক ; Place where the souls of christains are lodged till doomsday :—কারাগার ; অবরোধ স্থান ; Prison ; a place of confinement.
Lime, lim, *n.* লেবুর গাছ ; A tree :—লেবু, জম্বীর, A fruit allied to the lemon :—পাখী ধরিবার আটা ; Bird-lime :—চূর্ণ ; Calcareous matter ; the white caustic substance obtained from limstone, &c. :—*v. t.* জমাট-কৃ ; সংযুক্ত-কৃ ; To cover with lime ; to smear with lime ; to cement :—জালে আবদ্ধ-কৃ ; পাশবদ্ধ-কৃ ; ফাঁদে ফেলা ; To insnare.
Lime-juice, lim-jūs, *n.* লেবুর আরক, The acid juce of the lime.
Marriage, mar'rij, *n.* [F *marier*, to marry] বিবাহ ; পরিণয়, Wedding, wedlock, match ; the union of a man and woman as husband and wife. *Syn* :—Nuptials, espousals

Marriageable, mar'ij-a-bl, *a.* মিলন-যোগ্য ; বিবাহের যোগ্য ; Capable of union *n* marriageableness. [tract of marriage

Marriage-articles, *n. pl.* বিবাহের চুক্তি ; Con-

Marriage-bed—বিবাহের অবস্থা : State of marriage. [One rung at wedding.

Marriage-bell, *n* বিবাহকালীন ঘন্টা ; শঙ্খধ্বনি,

Marriage-certificate, *n.* বিবাহের সার্টিফিকেট ; বিবাহের নিদর্শনপত্র ; Register of marriage.

Marriage-gift, *n* যৌতুক।

Marriage-licence, *n.* বিবাহের অনুমতিপত্র ; Permission to celebrate a lawful marriage at an unusual time or place.

Marriage-portion, *n.* যৌতুক ; Fortune given to a woman on her marriage.

Marriage-string—মঙ্গলসূত্র।

Be married to—কাহারও সহিত বিবাহ হওয়া।

Marrow, mar'rō, *n.* মজ্জা ; The soft, fatty substance in bones :—সারাংশ ; Pith ; the essence or best part. *a*=marrowy *Syn* :—Essence, cream, gist.

Marrow-bone, mar'ō-bōn, *n.* মজ্জাধার হাড় ; মজ্জাস্থি, A bone containing marrow :—*pl.* হাঁটু ; The bone of the knee ; knees.

Marrow fats, *n.* মটর, A pea

Marrowish, mar'ō-ish, *a.* মজ্জাগুণযুক্ত ; মজ্জাবৎ ; Of the nature of marrow ; resembling marrow.

Marry, mar'i, *v t.* বিবাহ-কৃ ; পরিণয়সূত্রে আবদ্ধ-কৃ Wed ; take for husband or wife :—বিবাহ-দে ; To cause to marry :—*v i* বিবাহ-কৃ ; বিবাহিত-হ ; To enter the married state ; to take a husband or wife. [Obtain wealth by marriage.

Marry a fortune—বিবাহ করিয়া ধনলাভ-কৃ ;

Marry into—কোন বংশ বা পরিবারস্থ কাহাকে বিবাহ-কৃ ; Marry some one belonging to (a certain family)

Marry (one) to—কাহারও সহিত বিবাহ দেওয়া।

Mars, marz, *n* যুদ্ধ-দেবতা ; বুধগ্রহ ; Roman Thor, the god of war, one of the planets.

Marsala, mar'sa-la, *n* মদ্য বিশেষ ; A kind of light wine resembling sherry. [morass ; bog.

Marsh, marsh, *n.* জলাভূমি, বিল, Swamp, fen,

Marshal, mar'shal, *n.* সেনাপতি, সেনাধ্যক্ষ ; A chief officer of arms ; the highest military officer :—দূত, A herald : a harbinger :—A master of ceremonies :—পুলিসের প্রধান কর্ম্মচারী, Chief officer of police —A sheriff of the United states —*v t* শ্রেণীবদ্ধ-কৃ, (দূতের ন্যায়) লইয়া যাওয়া, To arrange in order, to dispose in order, to lead as a herald. *Syn* :—(*v*) Rank ; range, dispose, array, draw up, set in order.

Marshal of the Kings or **Queen's Bench** —Keeper of the prison.

Marshaller, mar'shal-er, *n.* শ্রেণীবদ্ধকারক : One who arranges or disposes in order

Marshalship, mar'shal-ship, *n.* মারশ্যালের পদ ; Office of a marshal.

Marsh-mallow, marsh-malō, *n.* জলাভূম্যাদিতে জাত উদ্ভিদ বিশেষ ; A species of mallow common in meadows and marshes

Marshy, marshe, *a.* জলাশয় বিশিষ্ট, Swampy :—জলাভূমি সদৃশ ; জলাময়, Wet, fenny ; boggy. *n*=marshiness.

Mar-sport, *n* One who spoils sport.

Marsupial, mar-sū'pi-al, *a.* [Gr *marsupion*, a pouch] শাবকবহনস্থলী বিশিষ্ট ; শাবকবাহী ; Carrying young in a pouch —*n.* শাবকবাহী জীব ; ঐরূপ জীব ; A marsupial animal. [Market.

Mart, mart, *n.* বাজার ; হাট ; ক্রয়বিক্রয় স্থান ;

Martello, mar-telo, *n* তীর (সাগরকূল) রক্ষার্থ নির্ম্মিত গোলাকার দুর্গ ; A circular fort erected to protect a coast

Marten, mar'ten, *n.* বেজি বিশেষ ; একজাতীয় মাংসাশী নকুল ; A destructive kind of weasel valued for its fur.

Mar-text, *n* নির্ব্বোধ ধর্ম্মপ্রচারক ; One who spoils text ; a blundering or ignorant preacher.

Martial, mar'shal, *a.* [L. *martialis*, from *Mars*, the god of war] যুদ্ধপ্রিয়, যুদ্ধবিষয়ক ; সামরিক ; সাহসিক ; Belonging to war ; warlike ; military ; brave ; heroic. *ad*=martially.

Martial law, *n.* আইন বিশেষ ; An arbitrary kind of law extending to matters of civil as

wall as of criminal jurisdiction, and proclaimed only in time of war, insurrection, rebellion or emergency.

Martial music—রণবাদ্য।

Martin, mar'tin, **Martinet,** mar'tin-et, *n.* পক্ষিবিশেষ ; A bird of the swallow kind.

Martinet, mar'tin-et, *n.* উপদেষ্টা ; কঠিন শাসনকর্তা ; কঠিন শিক্ষাশাসনবাদী ; A strict disciplinarian.

Martingal, mar'tin-gal, **Martingle,** mar'tin-gl, *n.* পেটী ; ঘোড়ার কোমরপেটী ও মস্তকসংলগ্ন পেটী ; A strap from the nose-band to the girth :—জাহাজের দণ্ড বিশেষ ; A short spar under the bowsprit.

Martinmas, mar'tin-mas, *n.* সেণ্ট মার্টিনের উদ্দেশে উৎসব বিশেষ ; The feast of St. Martin 11th November.

Martlet, mar'let, *n* পক্ষী বিশেষ, Martin, [the bird.

Martyr, mar'ter, *n.* ধর্ম্মার্থ ত্যক্তপ্রাণ ; জীবনোৎসর্গী ; যে আত্মবিশ্বাসের জন্য জীবন বিসর্জ্জন করে ; One who suffers death for his belief :—*v. t.* ধর্ম্মার্থ হত্যা-কৃ ; কাহাকেও তাহার আত্মবিশ্বাসের জন্য বধ-কৃ ; To put to death for one's belief, torment, torture.

A martyr to disease—পীড়াগ্রস্ত ব্যক্তি ; One who suffers much from disease.

Martyrdom, mar'ter-dum, *n.* সত্যের জন্য জীবন উৎসর্গ ; দৃঢ় প্রত্যয়ীর জীবন বিসর্জ্জন বা নিগ্রহভোগ ; The death or sufferings of a martyr.

Martyrologist, *n.* সত্যের জন্য মৃতের ইতিহাস লেখক ; A historian of martyrs.

Martyrology, mar-ter-olo-ji, *n.* মার্টারদিগের ইতিহাস ; সত্যের জন্য মৃতের ইতিহাস ; A history of martyrs ; register of martyrs :—মার্টারধর্ম্মগ্রন্থ ; A discourse on martyrdom. *n*=martyrologist.

Myrvel, mar'vel, *n.* [L. *mirari*, to wonder] অদ্ভুত ব্যবহার ; অলৌকিক ব্যাপার. Wonder ; miracle ; a prodigy :—*v. t.* আশ্চর্য্যান্বিত-হ ; বিস্ময়াপন্ন-হ, To be struck with surprise or admiration ; to wonder. *Syn* :—(*n*) Prodigy, portent, miracle, phenomenon ; admiration, astonishment, amazement.

Marvellous, mar'vel-us, *a.* বিস্ময়কর, অদ্ভুত, Astonishing ; wonderful ; improbable. *n*= marvellousness. *ad*=marvellously. *Syn* :— Strange, portentous, miraculous, amazing, improbable, incredible, preternatural. [gold

Marybud, ma'ri-bud, *n.* পুষ্পবৃক্ষ বিশেষ ; Mari-

Masculine, masku-lin, *a.* [L. *masculus*, mas. male] *সাহসিক ; বলবান ; দৃঢ়কায় ; Manly, strong, robust ; bold* :—পুং-জাতীয় ; *Of the* male sex. *ad*=masculinely. *n*=masculineness. *Syn* :— *Male, virile ; powerful* ; brave.

Masculine gender—পুংলিঙ্গ।

Mash, *v. t.* মিশ্রিত-কৃ ; পেষণ-কৃ, মর্দ্দন-কৃ ; Mix into a mass with water ; mix malt and water ; bruise :—*n.* মিশ্রণ ; একত্র পেষিত দ্রব্য সমূহের মিশ্রণ ; A mixture ; a mixture of ingredients beaten together. [মসৃণ ; Of the nature of a mass.

Mashy, mashi, *a.* মিশ্রণ গুণযুক্ত ; পেষিত মিশ্রণ পিণ্ড

Mask, mask, **Masque,** *n.* মুখস ; Cover for the face ; visor :—ভাণ ; ছল ; Pretext ; pretence ; subterfuge :—উৎসব বিশেষ ; যাহাতে সকলের ছদ্মবেশ ধারণ করিয়া আমোদপ্রমোদ ; মুখসধারী অভিনেতাদিগের নাট্যাভিনয় ; A masquerade ; revel ; a festive entertainment in which the company wears masks ; a dramatic performance in which the actors must appear masked :—*v. t.* মুখস পরা ; মুখস দ্বারা আবৃত-কৃ ; To cover the face with a mask :—গোপন-কৃ ; লুক্কায়িত-কৃ ; To disguise, to hide :—*v. i.* ছদ্মবেশে আমোদপ্রমোদে যোগ দেওয়া ; To join in a mask or masquerade :—ছদ্মবেশধারণ-কৃ ; To be disguised in any way :—আবরিত-হ ; আমোদে মত্ত-হ ; To revel. *Syn* :—(*n*) Disguise ; cloak ; screen, evasion, shift.

Masker, masker, *n.* ছদ্মবেশধারী ; মুখসধারী ; One who wears a masks.

Mason, ma'sn, *n.* রাজমিস্ত্রী ; স্থপতি ; A builder in bricks or stone ; a freemason.

Masonic, ma-sonik, *a.* স্থাপত্য-বিষয়ক ; Relating to freemasonry.

Masonry, ma'sn-ri, *n* রাজের কর্ম্ম ; স্থাপত্য ; The work of a mason ; the art of building in stone : —ধর্ম্ম বিশেষ ; Freemasonry.

Masque, mask, *n.* ছদ্মমুখস ; মুখস ; Mask ; cover for the face ; masquerade.

Masquerade, mask-er-ad, *n.* প্রমোদার্থ মিলিত ছদ্মবেশিগণ ; আমোদপ্রমোদার্থ মুখসধারী জনসমূহ ; Entertainment where the company is masked ; an assembly of persons wearing masks :—ছল ; ছদ্মবেশ ; Disguise :—*v. t.* মুখস পরিয়া গোপন-কৃ ; ছদ্মবেশ ধারণ করান ; গোপন-কৃ ; To conseal with a mask ; to disguise ; cover ; hide :—*v. i.* ছদ্মবেশ ধারণ-কৃ ; ছদ্মবেশে যাওয়া ; To revel to be masked ; to go in disguise.

Masquerador, mask-er-ader, *n.* মুখসধারী ; ছদ্মবেশী ; ছদ্মবেশধারী One wearing a mask ; one disguised

Mass, mas, *n* পিণ্ড, Lump :—স্তূপ ; পুঞ্জ ; Heap, a collective body —কিয়ৎ পরিমাণ ; A quantity :— জড়পিণ্ড ; A lump of matter :—প্রধান অংশ ; Principal part :—জনসমবায়, A multitude :—আকৃতি ; Bulk, size —ধর্ম্মমণ্ডলীর পূজা প্রকরণ ; A religious service :—*v. t* পিণ্ডাকার-কৃ, একত্রিত-কৃ ; স্তূপ করা ; To form into a mass ; to assemble. *Syn* :— (*n*) Collection, magnitude, dimension ; assemblage, congeries, whole, aggregate, totality, main body, great mumber. (*v*) The people, the lower classes. [as a whole.

In the mass—মোটে, মোটেমাটে ; Collectively ;

Mass education—নিম্নশিক্ষা।

Mass meeting, *n.* বহু লোকের সমবায় ; বহু লোকের সভা ; Large assemblage.

Massacre, masa ker, *n* [Ger. *metsgern*, *metsgen*, to kill cattle] সংহার, সর্ব্বসংহার ; হত্যাকাণ্ড ; অবৈধ হত্যা Indiscriminate slaughter ; carnage, —*v t* হত্যা-কৃ ; নির্দ্দয়রূপে হত্যা-কৃ ; To slaughter ; to kill with violence and cruelty. *Syn* :—Butchery carnage

Massive, masiv, *a* ভারি, বড় ; বৃহদাকার ; গুরু ; গুরুভার, Bulky ; weighty *n*=massiveness. *ad*= massivly. *Syn* —Compacted ; heavy, ponderous.

Massy, masi, *a* গুরুভার ; Massive. *n*=massiveness.

Mast, mast, *n.* মাস্তুল ; A long piece of timber

to support sails of a ship :—সুপারি ; Nut of beech, oak ; acorns ; chestnut :—*v. t.* মাস্তল সংলগ্ন-কৃ ; To furnish with a mast.

Master, master, *n.* প্রভু ; A lord :—শিক্ষক ; Teacher :—অধিনায়ক ; One who controls :—অধিকারী ; A owner :—নেতা ; Leader :—নিয়োগকর্তা ; An employer :—বিশ্ববিদ্যালয়ের উপাধি বিশেষ ; A degree in universities :—বাণিজ্য-পোতের অধ্যক্ষ বা নায়ক ; Commander of a marchent vessel :—Chief ;—Employed as title of respectful address, also, familiarly to an inferior or a boy :—অধ্যক্ষ, শাসক ; Governor, ruler, director :—কোন কার্য্যে বা বিদ্যায় নিপুণ ব্যক্তি ; কোন বিষয়ে সুনিপুণ ব্যক্তি ; One highly skilled in any thing :—*v. t.* জয়-কৃ ; আয়ত্ত-কৃ; To subdue ; to overcome :—শ্রেষ্ঠ-হ ; ব্যুৎপন্ন-হ, দক্ষতা লাভ-কৃ ; Excel ; be skilful ; to execute with skill :—*a.* প্রভু ; প্রধান ; Chief ; principal. *Syn* :—(*n*) Director, manager, head, principal ; owner, possessor, proprietor ; instructor, tutor, preceptor, school-master ; commander, captain ; proficient, adept, skilled hand. (*v*) Conquer, overpower, overcome ; acquire, learn thoroughly.

Be master of one's situation—সুবিধাজনক স্থান অধিকার করা ; Have the vantage ground against an opponent.

Be master of the situation—যাহার সমকক্ষ নাই ; Be without a rival ; have none to contest the supremacy :—ক্ষমতাপ্রাপ্ত-হ, যাহা বলিবে তাহাই হইবে ; Be in power ; have sway.

Master in chancery, *n.* Inferior judge in chancery.

Master of arts—বিশ্ববিদ্যালয়ের এম এ উপাধি ; Higher degree of Arts in a university.

Master of ceremonies—উৎসবের কর্তা বা অধ্যক্ষ ; An officer who superintends the forms to be observed by the company or attendants, on a public occasion.

Master of dialectics—তর্কবাচস্পতি ।

Master of family—কুলপতি ।

Master of fence—তরবারি চালাইতে নিপুণ, অসিচালনে দক্ষ ; One skilled in the art of fencing.

Master of hounds—কুকুর-প্রভু, Gentleman who keeps and hunts a pack of hounds.

Master of one's self—আত্মসংযমী ; জিতেন্দ্রিয়, সংযমী ; Self possessed ; able to control one's feeling and passions.

Master of ordinence—সৈন্যাধ্যক্ষ ; A chief officer of artillery.

Master of the horse—অশ্ব-তত্ত্বাবধায়ক, One who has chief charge of the horses in a large household.

Master of the house-hold—গৃহ-কর্তা, One of the chief managing officers of the royal house-hold.

Master of the mint—টঙ্কশালের অধ্যক্ষ ; Chief officer of the mint.

Master of the revels—One chosen to direct sports.

Master of the Rolls—Second Judge in chancery.

To be master of—অতি নিপুণ-হ, দক্ষ-হ ; To be highly skilled in, to have eminence or authority.

Masterbation, *n.* হস্ত-মৈথুন, Self-abuse ornanism.

Masterful, *a.* অহঙ্কারী, দেমাকী, Overbearing.

Master-hand, master-hand, *n.* নিপুণ ব্যক্তি ; One very skill ; a person eminently skilled.

Master-jest—প্রধান তামাসা ; শ্রেষ্ঠ তামাসা ।

Master-key, master-ke, *n.* মূল চাবি ; প্রধান চাবি ; Key that opens many locks ;—অনেক কঠিন বিষয় মীমাংসার সাধারণ সূত্র ; A general clue to lead out many difficulties ; a main clue.

Masterless, master-les, *a.* প্রভুবিহীন ; অবশীভূত স্বামিশূন্য ; Without an owner :—অশাসিত ; অনায়ত্ত ; Ungoverned ; unsubdued.

Masterly, master-le, *a.* বিচক্ষণ ; সুনিপুণ ; অত্যুৎকৃষ্ট ; Skilful ; excellent :—*ad.* সুনিপুণ ভাবে ; With the skill of a master. *Syn* :—Finished, artistic, consummate ; skilled, expert, adroit ; imperious, domineering.

Master-mind, *n.* শ্রেষ্ঠ বুদ্ধি ; ভাল বুদ্ধি ; Predominant intellect.

Master-piece, master-pes, *n.* সর্ব্বোৎকৃষ্ট কার্য্য-নৈপুণ্য ; বিশেষ নৈপুণ্যব্যঞ্জক কার্য্য ; প্রধান গুণ ; উৎকৃষ্ট রচনা ; Excellent performance or piece of workmanship ; chief excellence ; best production.

Mastership, master-ship, *n.* প্রভুত্ব ; প্রাধান্য ; শ্রেষ্ঠত্ব, Rule ; dominion ; superiority.

Master's mate—নৌচালকের সহকারী অধ্যক্ষ ; Assistant in navigation.

Master-spirit—চালক ; Guiding spirit.

Master-stroke, master-strok, *n.* উৎকৃষ্ট কার্য্য সম্পাদন ; চূড়ান্ত কার্য্য ; Capital performance.

Master-work, *n.* উৎকৃষ্ট রচনা ; Master-piece.

Mastery, *n.* প্রভুত্ব ; স্বামিত্ব ; Dominion ; supremacy :—জয় ; Victory :—উৎকৃষ্টতা ; শ্রেষ্ঠতা ; Eminence ; superiority :—শ্রেষ্ঠতর ক্ষমতা বা নৈপুণ্যের সাধন ; The attainment of superior power or skill. *Syn* :—Superiority, pre-eminence, ascendancy, upper hand, dominion, rule, sway, command ; eminent, skill, dexterity, proficiency, acquirement, attainment.

Mastic, Mastich, mastik, *n.* বৃক্ষ বিশেষ, The lentisk-tree :—নির্য্যাস ; আঠা ; Gum of the tree : —সিমেন্ট, প্রলেপ বিশেষ ; A cement for plastering walls.

Masticate, maste-kat, *v. t.* দন্তদ্বারা চূর্ণ-কৃ ; চর্ব্বণ-কৃ ; To grind with the teeth, chew. *n*=mastication. *a*=masticable. *Syn* :—Manducate, munch.

Masticatory, masti-ka-tor-i, *a.* চর্ব্বণযোগ্য ; চর্ব্ব্য ; চর্ব্বণকারী, Adapted for chewing ; chewing :—*n.* লালা বৃদ্ধির নিমিত্ত চর্ব্ব্য ঔষধ ; A substance to be chewed to increase the saliva.

Mastiff, mastif, *n.* বৃহৎ জাতীয় কুকুর ; A large variety of dog.

Mastitis, *n.* স্তনের বোঁটার প্রদাহ ; Inflammation of the nipple.

Mastoid, *a.* স্তনের বোঁটাসম্বন্ধীয় ; মাইয়ের বোঁটা-সংক্রান্ত ; Resembling the nipple or the beast.

Mastodon, *n.* প্রস্তরীভূত হাতী, Fossil elephant.

Mat, mat, *n.* মাদুর ; A texture of flags, rushes &c. :—Anything growing thickly or closely into waving :—পাপোষ ; A texture of rope-yarn: —*v. t.* মাদুর দ্বারা আবৃত-কৃ, মাদুর বুনা ; বিজড়িত-কৃ ; To cover with mats ; to interweave ; to entangle :—*v. i.* To become interwoven.

Matadore, mata-dor, *n.* [Sp. *matar*, to kill] ঘাতক ; বৃষযুদ্ধে বৃষ-ঘাতক, One who kills ; the man appointed to kill the bull in bull-fights.

Match, mach, *n.* দিয়াশলাই ; দীপশলাকা ; A lucifer ; a combustible substance used for containing, conveying or communicating fire :—সমযোগী ; সমকক্ষ ; প্রতিদ্বন্দ্বী ; One equal to another ; an equal ; one able to cope with another :—বিবাহ ; Wedding marriage :—ক্রীড়া ; Game : —বিবাদ ; Contest :—বিবাহলভ্য ; One to be gained in marriage :—*v. i.* সমান আকৃতি-হ ; তুল্যাকারবিশিষ্ট-হ ; To be of the same make, size &c. :—বিবাহ-কৃ ; To be united in marriage :—*v. t.* সমান-হ ; সমকক্ষ-হ ; সমযোগী-হ ; প্রতিদ্বন্দ্বী হইতে সক্ষম-হ ; প্রতিযোগী-কৃ ; উপযোগী-কৃ ; To be equal to ; to be able to compete with ; to rival successfuly ; to find or equal to ; to adapt :—বিবাহ-দে ; To marry ; to give in marriage. *Syn* :—(*n*) Mate, companion ; competition. (*v*) Equal, rival ; sort, suit ; mate ; pit against ; contend equally.

A match for—কাহারও সহিত তুল্য বল ; Equal to another in strength or ability ; able to cope with another.

Be more than a match for—শারীরিক বলে বা কোন গুণে অন্যের অপেক্ষা শ্রেষ্ঠ হওয়া ; Be superior to another in strength or other quality.

To match—মানানসহি হওয়া ; To be suitable to it.

Matchless, machles, *a.* অতুল ; Unequalled ; having no equal. *n*=matchlessness. *ad*=matchlessly. *Syn* :—Unrivalled, unparalleled, incomparable, peerless, consummate.

Matchlock, machlok, *n.* দীপশলাকাবিশিষ্ট এক প্রকার বন্দুক ও তাহার রঞ্জক ঘর ; the lock of a musket containing a match for firing it : a musket so fired ; gun fired by a match.

Match-maker, *n.* ঘটক ; One who contrives a marriage.

Match-making—ঘটকের কার্য্য ।

Mate, māt, *n.* [Icel, *mati*, equal, companion] সঙ্গী ; সহচর ; An associate ; a comrade ; a companion :—সমকক্ষ ; An equal :—স্বামী কিংবা স্ত্রী ; Husband or wife : —জীবজন্তুর স্ত্রীপুরুষের অন্যতর ; A bird or animal which has paired with another of opposite sex :—জাহাজের মালিম ,বাণিজ্য-পোতের দ্বিতীয় অধ্যক্ষ ; সহকারী কর্ম্মচারী . In a merchantship the second in command ; an assistant :—*v. t.* সমকক্ষ হওয়া : যোড় দেওয়া ; বিবাহ-কৃ ; To match ; to marry , to pair.

Mate, māt, *n.* and *v. t.* in chess, same as *checkmate*

Mateless, mātles, *a.* সঙ্গীবিহীন ; সঙ্গীবর্জিত , Without mate or companion ; having no mate.

Material, ma-tē're-al, *a.* [L. *materialis*, from *materia*, matter] ভৌতিক ; প্রাকৃতিক , Composed of matter :—প্রধান ; শারীরিক , সসার ; সারভূত ; Important ; physical ; essential ; substantial :—শারীরিক ; অনাধ্যাত্মিক ; Corporeal , not spiritual :—*n. esp.* in *pl.* উপাদান , That of which anything is to be made. *ad*=materially, *n*=materialness, materiality. *Syn* :—(*a*) Corporeal, bodily ; important, weighty, momentous, vital. (*n.*) Substance, stuff, body.

Materialise, *v. t.* পদার্থে পরিণত-কৃ ; জড়রূপে গণ্য-কৃ ; জড়ভাবময়-কৃ ; ভৌতিক-কৃ ; Reduce to matter ; render material ; occupy with material interests.

Materialism, ma-tēri-al-izm, *n.* জড়তা ; The doctrine of materialists :—Belief that the universe is self-existent and that the functions of life, thought &c., arise out of the modifications of matter :—বিষয়াসক্তি ; Devotion to the material nature and wants.

Materialist, *n.* জড়বাদী ; One who holds the doctrine of materialism.

Materialistic, ma-tē'ri-al-istik, **Materialistical,** ma-tē'ri-al-istik-al, *a.* জড়বাদ সম্বন্ধীয় ; Pertaining to materialism :—জড়বাদিগণ সংক্রান্ত ; Pertaining to materialists.

Maternal, ma-ter'nal, *a.* [L. *maternus*, from *mater*, mother] মাতৃবৎ ; মাতৃক ; Motherly ; pertaining to a mother. *ad*=maternally.

Maternity, ma-tėr'ni-ti, *n.* মাতৃত্ব ; The state, character, or relation of a mother.

Mathematic, math-e-matik, **Mathematical,** math-e-matik-al, *a.* অঙ্কশাস্ত্র সম্বন্ধীয় ; গণিতশাস্ত্র সম্বন্ধীয় ; Pertaining or done by mathematics :—খুব ঠিক ; Very accurate. *ad*=mathematically.

Mathematician, math-e-matishan, *n.* অঙ্কশাস্ত্রজ্ঞ ; গণিতশাস্ত্রবিশারদ ; One versed in mathematics.

Mathematics, math-e-matiks, *n. sing.* অঙ্কশাস্ত্র ; গণিতশাস্ত্র ; The science of quantity to which belong arithmetic, geometry &c.

Matin, matin, *a.* প্রাভাতিক , প্রাতঃসম্বন্ধীয় ; Pertaining to, or used in, the morning :—*n. pl.* প্রাতঃপ্রার্থনা ; প্রাভাতিক উপাসনা ; Morning prayers : or service :—রোমান কাথলিকদিগের প্রথম উপাসনা কাল ; The first canonical hours of prayer in the Roman Catholic Church.

Matrice, mā'tris, *n.* গর্ভ ; Womb.

Matricide, matri-sid, *n.* [L. *mater*, mother, *caedo*, to kill] মাতৃহত্যা ; The murder of one's mother :—মাতৃঘাতক ; মাতৃহত্যাকারী ; Motherslayer ; a murderer of his mother. *a*=matricidal.

Matriculate, ma trikū-lāt, *v. t.* [L. *matricula*, a register] বিদ্যালয়াদির সভ্যশ্রেণীভুক্ত-কৃ ; ছাত্ররূপে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ-কৃ , কলেজে প্রবেশ-কৃ ; Admit to member- ship by enrolling one's name in a register ; enter a University by being enrolled as a student enrol as a member of a college &c :—*n.* সমাজবিশেষের সভ্যশ্রেণীভুক্ত লোক ; One who is admitted to membership in a society. *n*=matriculation (প্রবেশিকা পরীক্ষা) ।

Matrimonial, mat-re-mō'ne-al, *a.* বৈবাহিক ; Relating to or derived from marriage ; nuptial. *ad*=matrimonially. *Syn* :—Connubial, conjugal, sponsal

Matrimony, matre-mun-e, *n.* বিবাহ ; Marriage ; wedlock , union of man and woman as husband and wife.

Matrix, mā'triks, *n.* [L. *mater*, mother] জরায়ু ; গর্ভ ; Womb :—ছাঁচ ; The cavity in which anything is formed ; a mould :—খনিজগর্ভময় পদার্থ , Substances in which minerals are found : —মূলবর্ণ ; The five simple colors (black, white, blue, red, yellow.) *pl*=matrices.

Matron, mā'trun, *n.* [L. *mater*, mother] গৃহিণী , প্রৌঢ়া ; চিকিৎসালয়ের তত্ত্বাবধায়িকা ; Mother

of a family; female superintendent (in a hospital)—পরিচালিকা বিবাহিতা রমণী, An elderly married woman, an elderly lady.

Matronage, ma'trun-aj, **Matronhood,** ma'trun-hood, *n* প্রৌঢ়ার অবস্থা, প্রৌঢ়া মহিলার ভাব; State of a matron —সমগ্র প্রৌঢ়ামহিলা সম্প্রদায়, The collective body of matrons.

Matronal, matrun-al, *a.* মাতৃবৎ, মাতৃক, গম্ভীর, Motherly; grave.

Matronise, ma'trun-iz *v t* প্রৌঢ়ামহিলাবৎ-কৃ, To render matronly —রক্ষয়িত্রীরূপে কোন মহিলার সাহায্য-কৃ, To attend a lady to public places as protector.

Matronly, *a* প্রৌঢ়া, মাতৃবৎ, Becoming or belonging to a matron, elderly —গম্ভীর, Sedate

Matter, mat'er, *n.* পদার্থ, Material, substance body —বিষয়, ব্যাপার, Subject — অনির্দিষ্ট পরিমাণ Indefinite amount —সার, Essence —বিষয় অর্থ, Affair, thing —অর্থ Concern —অর্থ প্রয়োজনীয় বিষয়, Import, importance, consequence —কারণ, হেতু, Inducing cause or occasion; cause of a thing —পূয, পুয, Pus purulent discharge —*v t.* আবশ্যক-হ, প্রয়োজনীয় হ, প্রতীত-হ, To be of importance import signify —পূয সঞ্চয়-কৃ, To form puss *Syn* —(*n*) Stuff, raw material, topic question, business event, incident, trouble cause of distress significance, moment (*v*) Maturate suppurate

A matter of life and death—জীবন মরণের ব্যাপার, মরণবাঁচন ব্যাপার, A matter that involves the risk of loss of life [things are

As the matter stands—বর্তমান অবস্থায় As

For that matter—যতদূর আমি জানি For ought I know

For the matter of that—তা ধরিতে গেলে, So far as that is concerned.

In matter little, No matter—তাতে কিছু এসে যায় না It is of little or no consequence

In the matter of—কোন কিছু সম্বন্ধে Regarding

Matter in hand—আলোচ্য বিষয়, The subject or work which occupies us

Matter of choice—পছন্দের বিষয়, That which one may choose or refuse. [following

Matter of course—Something naturally

Matter of courtesy—ভদ্রতার বিষয়, That which is courteous, what pertains to good breeding

Matter-of-fact, mater-ov-fakt, *a* ঠিক কবিত্ববিহীন, প্রকৃত, প্রকৃত কথায় পূর্ণ, কেবল প্রকৃত কথা থাকিবে, নীরস, শুষ্ক, Adhering to the matter of fact, adhering to facts, treating only of facts, prosaic, precise, dry —সামান্য (যাহাতে অধিক বুদ্ধি খাটাইতে হয় না), Commonplace —কাল্পনিক নহে, যাহা প্রকৃত তাহাই মানিয়া (চলা), Not turning aside from absolute realities, not giving way to fancies —*n* যথার্থতা, Reality —যথার্থ ঘটনা, Verity fact.

Matter of surprise—আশ্চর্য্যের বিষয়, Subject of surprise, thing to be surprised at

Matter of taste—রুচির বিষয়, Point of nice perception of excellence of any kind

Mend matters—অবস্থা ভাল করা, কোন কিছু ভাল অবস্থায় দাঁড় করাইবার চেষ্টা করিয়া সফল হওয়া, Mend the matter, improve the state of things:—সমস্যা দূর-কৃ, Set right

Mince matters—(লজ্জা বা অন্য সংকোচবশতঃ) সত্য গোপন কৃ, Suppress the truth (out of delicacy): —অর্দ্ধেক চাপিয়া অর্দ্ধেক প্রকাশ কৃ, Express half and suppress half [The fact is.

The matter of fact is—প্রকৃত কথা বা ব্যাপার এই;

What is the matter—ব্যাপারটা কি, হইয়াছে কি; What is the trouble or difficulty? what mischief has happened?

What is the matter with—তোমার কিংবা তাহার কি হইয়াছে, What mischief has happened to?

Matting, mat'ing *n* মাদুর সমূহ, Mats collectively —মাদুর দ্বারা আচ্ছাদন Covering with mats —মাদুরের উপাদান, Materials for mats — মাদুরের ন্যায় বুনন, A mat-like texture

Mattock, matuk *n* কোদালি এক প্রকার কুদাল, Pick axe with the broad ends

Mattress, matres, *n* কঠিন বিছানা তোষক, গদী, Hard bed stuffed with wool, horse-hair &c.

Maturate, mat'ū rāt, *v t* [L *maturus* ripe] পরিপক্ক-কৃ পুঁজবিশিষ্ট-কৃ To make mature, to promote the suppuration of —*v i.* পুঁজ-হ, To suppurate perfectly. *n*=maturation

Maturative, mat ū-rāt-iv, *a* পুঁজজনক, Ripening —in *med* promotive suppuration —*n* পুঁজজনক ঔষধ A remedy promoting suppuration

Mature, ma tūr', *a.* [L *maturus,* ripe] পরিপক্ব পক্ব Ripe:—পূর্ণবয়স্ক, সম্পূর্ণ বৃদ্ধিপ্রাপ্ত, Of full time or age full-grown —পরিণত, Completely worked out —*v t* পরিপক্ক-কৃ, To ripen. —পূর্ণ-কৃ পূর্ণাঙ্গ-কৃ To bring to perfection — *v. i* পরিপক্ব-হ To become ripe —দেয় হওয়া; To become due, as a bill *n*=matureness, *ad*=maturely *Syn* —(*a*) Perfect, completed, prepared, ready, well-digested (*v*) Develop fully, prepare carefully, digest thoroughly, perfect

Maturescent, mat-ū-resent, *a* [L *maturesco,* to become ripe] প্রায় পরিণত, পক্কোন্মুখ, Approaching maturity

Maturity, ma-tūr'i-te, *n* পরিপক্কতা, Ripeness —দেয় হওন, A becoming due *Syn* —Full growth full age

Matutinal, mat ū-ti'nal, **Matutine,** mat'ū-tin, *a* প্রাতঃকালসম্বন্ধীয়, প্রাভাতিক, Early

Maudlin, mawdlin, *a* মাতাল, Drunk — নির্বোধ, মূর্খ, Stupid, silly —নির্ব্বোধ কল্পনাপ্রিয়, Sickly sentimental. [In spite of

Mauger, Maugre, maw'ger, *a pre.* সত্ত্বেও,

Maul, mawl *n* Same as Mall.

Maul-stick, mawlstik, *n* চিত্রাঙ্কনকালে হস্ত স্থির রাখিবার জন্য চিত্রকরদিগের ব্যবহৃত যষ্টি, Painter's stick to keep the hand steady in working

Maunder, *n* অসন্তোষ প্রকাশ-কৃ, খুত খুত-কৃ, To mutter, to grumble

Maundy thursday, mawndi-thurzda, *n.* খ্রীষ্টের মৃত্যু-স্মরণোৎসব-সপ্তাহের বৃহস্পতিবার, Thursday before Good Friday.

Mausolean, *a* সমাধিস্তম্ভ ঘটিত, কবরসম্বন্ধীয়, কীর্ত্তিস্তম্ভ ঘটিত, Pertaining to a mausoleum, monumental.

Mausoleum, *n.* কবর ; সমাধিস্তম্ভ ; কীর্ত্তিস্তম্ভ ; Magnificent tomb or monument. *a*=mausolean.

Mauve, mawv, *n.* সুন্দর নীললোহিত রঙ ; A beautiful purple dye.

Mavis, mā'vis, *n.* গায়ক পক্ষী বিশেষ ; The song-thrush.

Maw, maw, *n.* পশ্বাদির পাকস্থলী ; প্রথম পাকস্থলী ; The *stomach* of a beast ; the craw in birds.

Mawk, *n.* Maggot.

Mawkish, mawkish, *a.* ঘৃণাজনক ; অরুচিজনক ; ঘৃণাকর ; Loathsome, disgusting ; squeamish, nauseous. *n*=mawkishness *ad*=mawkishly. *Syn* :—Insipid, flat, stale, vapid

Mawworm, maw'wurm, *n.* কৃমি কীট, উদর কীট ; An intestinal worm ; the thread-worm.

Maxilla, *n.* চোয়াল ; Jaw-bone.

Maxillar, makśil-ar, **Maxillary,** makśil-ar-i, *a.* চোয়াল সম্বন্ধীয়, চোয়াল সংক্রান্ত, Pertaining to the jaw-bone.

Maxim, makśim, *n.* সূত্র ; অবধারিত মত ; বচন, প্রবাদ বাক্য ; Leading truth, established principle ; axiom ; proverb. *Syn* :—Aphorism, apothegm, adage, saying.

Maxim monger, *n.* বচন-ব্যবসায়ী ; বাক্যবাগীশ. One who deals in maxims.

Maximum, makśi-mum, *a* সর্ব্বোচ্চ. The greatest :—*n.* সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যা, পরিমাণ. উচ্চতম সূত্র ; The greatest number, quantity or degree. *pl*=maxima.

May, mā, *v. i.* হইতে পারে ; সম্ভবপর ; দৈবাৎ ঘটিয়া উঠা, To be free to act, to be possible, be by chance.

May, mā, *n.* ইংরাজী বৎসরের পঞ্চম মাস ; The fifth month of the year :—বৎসরের প্রথম ভাগ ; Early part of the year :—যৌবন ; Youth :—জীবনের প্রথমাংশ ; The early part of life :—কণ্টক ফুল, The flower of the hawthorn :—*v. i.* পুষ্প সংগ্রহ-কৃ, কণ্টক ফুল সংগ্রহ-কৃ ; Gather flowers on May morning ; gather May-flower.

May-apple, *n.* ফল বিশেষ ; The yellowish pulpy fruit of the podophyllum.

May-day, mádā, *n.* মে মাসের প্রথম দিন ; The first day of May

May-flower, máflow'er, *n.* এক প্রকার কণ্টক ফুল ; The flower that appears ; the hawthorn which blooms in May

May-fly, máflī, *n.* স্বল্পকালজীবী মক্ষিকা ; পতঙ্গ বিশেষ. An ephemeral fly which appears in May.

May-game, *n.* খেলা বিশেষ, Game fit for May-day.

May-morn, *n.* মে মাসের প্রাতঃকাল ; Morning of 1st or other day of May freshness

Mayor, máur, *n.* [L. *magnus,* great] নগরাধ্যক্ষ ; নগরের প্রধান ম্যাজিষ্ট্রেট ; Chief magistrate of a town or borough. *fem*=mayoress.

Mayorality, máur-al-ti, **Mayorship,** máurship, *n.* মেয়রের পদ ; The office of a Mayor.

Mayoress, *n.* মেয়রের পত্নী ; The wife of a mayor.

May-pole, mápōl, *n.* ১লা মে তারিখে চারিদিকে ঘুরিয়া নৃত্য করিবার নিমিত্ত প্রোথিত দীর্ঘ দণ্ড ; Pole to dance round in May.

May-Queen, mákwōn, *n.* ১লা মে তারিখে যে রমণীকে রাণী সাজান হয় ; A young woman crowned queen with flowers at the celebration of May-day.

Maze, māz, *n.* ব্যূহ ; গোলকধাঁধাঁ ; Labyrinth :—বিভ্রান্তি ; কিংকর্ত্তব্যবিমূঢ়ত্ব ; গোলমাল ; Confusion of thought ; perplexity ; intricacy :—*v. t.* হতবুদ্ধি-কৃ ; বিভ্রান্তি-কৃ ; কিংকর্ত্তব্যবিমূঢ়-কৃ ; To confound with intricacy ; to bewilder ; to confuse ; to amaze.

Mazurka, *n.* পোলণ্ডদেশীয় নৃত্য ও বাদ্য ; A Polish dance, or its accompanying music.

Mazy, māźe, *a.* জটিল ; কুটিল ; Labyrinthine ; intricate ; perplexing. *ad*=mazily, *n*=maziness. *Syn* :—Confused ; confusing.

Me, mē, *pro* আমাকে. The objective case of I.

Mead, mēd, *n.* মধু ও জল মিশ্রিত পেয় দ্রব্য ; মধুর পানীয় বিশেষ ; A fermented liquor made of honey and water :—ময়দান ; Meadow.

Meadow, medō, **Mead,** mēd, *n.* তৃণাচ্ছাদিত ভূমি ; তৃণক্ষেত্র ; ঘাসভূমি ; তৃণবহুলপ্রচার ; A rich pasture-ground. *a*=meadowy.

Meadowy, medō-i, *a* তৃণময় তৃণভূমিবিশিষ্ট ; Pertaining to, like or consisting of, meadow.

Meagre, Meager, mē'ger, *a.* কৃশ ; হীনবল ; Thin ; lean ; destitute of strength :—অপ্রচুর ; অল্প ; Scanty ; insufficient :—নিঃস্ব ; অভাবগ্রস্ত, Poor :—অনুর্ব্বর ; Barren. *n*=meagreness, meagerness. *ad*=meagrely. *Syn* :—Lank ; gaunt, starved, hungry, poor ; tame, feeble, jejume.

Meagreness, mē'ger-nes, *n.* কৃশতা ; অল্পতা ; Quality of being meagre. *Syn* :—Leanness, want of flesh, poorness, barrenness, scantiness.

Meal, mēl, *n* ভোজন ; এককালে ভুক্ত আহার্য্য, Food eaten at one time ; a portion of food taken at one time :—ময়দা, শস্যচূর্ণ ; Flower of corn, grain ground to powder.

Mealy, mēli, *a* ময়দার ন্যায়, শস্যচূর্ণবৎ ; Like meal ; be sprinkled as with meal, soft, smooth. *n*=mealiness.

Mealy-mouthed, mēli-mowthd, *a.* মৃদুভাষী ; সরলভাবে সত্য কথা বলিতে অনিচ্ছুক, Smooth-tongued ; soft of speech ; unwilling to state the truth in plain terms.

Meal-time, *n* ভোজন বেলা ; আহারের সময়, The usual time for eating meals.

Mean, mēn, *a* নীচকুলোদ্ভব বা নিম্নপদস্থ, Low in birth or rank :—নীচ, অধম ; নিকৃষ্ট, অপকৃষ্ট, Base, humble ; sordid :—মধ্য ; Middle :—মধ্যবর্ত্তী ; মধ্যমিক, Intervening, moderate :—*n.* মধ্যস্থল ; মধ্যবিন্দু ; The middle point :—*pl.* আয়, বৈভব ; সম্পত্তি, Income, resources ; estate :—সাধন ; যন্ত্র ; Instrument :—*v. t* অভিপ্রায়-কৃ ; সঙ্কল্প-কৃ ; To intend ; to purpose :—সূচনা-কৃ, To indicate :—অর্থ প্রকাশ-কৃ ; To denote, signify :—*v. i.* মনে-কৃ ; অর্থ থাকা ; To have in the mind ; to have meaning. *ad*=meanly. *n*=meanness. *Syn* :—(*a*) Ignoble, plebeian, ordinary, common, vulgar ; abject, wretched, degraded, degenerate, vile, servile, menial, grovelling ; dishonourable, disgraceful, shameful ; penurious, niggardly ; small, little, insignificant, paltry. (*n*) Medium, middle state, mediocrity ; average, intermediate value, instrument, method, way, means. (*pl*) Resources, property, revenue, income. (*v*) Design ; imply, import, express.

A means to an end—কোন উদ্দেশ্য সাধনের উপায় ; A means to effect some object.

By all means—অবশ্যই ; Certainly ; without fail.
By any means—যে কোন প্রকারে, In any way.
By means fair or **foul**—যেমন তেমন করিয়া, সদুপায়েই হউক বা অসদুপায়েই হউক ; By means honest or dishonest. [having recourse to
By means of—(কোন উপায়) অবলম্বন করিয়া, By
By no means, By no manner of means—কোন মতেই নহে ; নিশ্চয়ই নহে ; In no way ; not-at-all.
Meander, mē-añder, *n.* কুটিলগতি ; বক্রগতি ; জটিলতা ; A winding course ; maze ; perplexity :—*v. t.* বক্রগমন-কৃ ; To run in windings ; to wind about :—*v. i.* বক্রভাবে প্রবাহিত-হ ; জটিল-হ ; To flow or run in a winding course ; to be intricate.
Meandering, mē-añdér-ing, *a* কুটিলগামী, Winding in a course :—*n.* কুটিলগতি, A winding couse.
Meaning, mēning, *n.* অর্থ ; মর্ম ; Signification ; explaination ; sense :—অভিপ্রায় ; সঙ্কল্প, Intention, purpose :—*a.* অর্থপ্রকাশক ; বোধক ; Significant *ad* =meaningly. *Syn* :—Intent, design, purpose, aim, object ; sense, interpretation, import, purport, significance.
Meaningless, mēning-les, *a.* অর্থশূন্য, Having no meaning ; without meaning
Meanness, mēnes, *n.* নিকৃষ্টতা ; Lowness :—কৃপণতা ; Niggardliness. *Syn* :—Smallness, littleness, scantiness, poorness, poverty, vileness, baseness, illiberality, penuriousness, sordidness.
Mean-spirited—ক্ষুদ্রমনা।
Meant, *pt.* and *p. p.* of *Mean.*
Mean time-while—ইতিমধ্যে, ইত্যবসরে, In the intervening time, during the interval.
Measles, mē'zlz, *n.* হাম ; Disease with small red spots upon the skin.
Measly, mē'zli, **Measled,** mē'zld, *a* হামরোগগ্রস্ত, হামরোগে আক্রান্ত, Infected with measles or eruptions.
Measurable, mezhūr-a-bl, *a.* পরিমেয়, পরিমাপ্য, That may be measured :—পরিমিত, মধ্যবিধ, Moderate :—অল্প, অল্প পরিমাণ ; সামান্য প্রসব, In small quantity or extent *Syn* :—Mensurable, computable, temperate.
Measure, mezhūr, *n.* [L. *mensura,* from *metiri, mensus,* to measure] পরিমাণ ; নির্দ্ধারিত পরিমাণ ; Standard ; a stated quantity :—বিস্তৃতি ; আয়তন ; Size, extent :—যদ্দ্বারা কোন কিছুর বিচার হয় ; মাপনিরূপণ প্রণালী ; A rule by which anything is adjusted or judge :—সাধনোপায় ; উদ্দেশ্য সাধনের উপায় ; Proportion ; means to an end :—নৃত্যবিশেষ ; তাল ; লয় ; A grave ; solemn style of dance ; musical time :—মিতাচার ; পরিমিতি ; Moderation :—স্তর ; Strata ; bed :—ছন্দ, Metre :—*pl.* উপায় ; Expedients :—*v. t.* পরিমাণ-কৃ ; To ascertain the dimensions of :—বিন্যাস-কৃ, পরিমিত-কৃ ; To adjust :—চিহ্নিত-কৃ ; To work out :—বিভাগ-কৃ ; বণ্টন করিয়া দেওয়া, To allot ; mite :—*v. i.* পরিমাণবিশিষ্ট-হ ; সমতুল্য বা একরূপ-হ ; To be of a certain extent ; to be equal or uniform. *Syn* :—(*n*) Rule, gauge ; quantity, degree ; limit, due bounds, rhythm, foot, verse, tune ; plan, scheme, proposition, proposal, bill. (*v*) Estimate, value, appraise, gauge ; adjust, proportion ; distritute.
Beyond measure—অতিমাত্রা ; পরিমাণের অধিক।
Fill or **fill up the measure of**—কোন কিছুর পূর্ণমাত্রা-হ ; Render complete.
In measure—পরিমিত।
Lineal or **long measure**—রেখাদৈর্ঘ্য পরিমাপক ; The measure of lines or distance. [contend.
Measure grounds—বিবাদ-কৃ ; ঝগড়া-কৃ ; To
Measure oneself with or **against**—বিবাদ বা যুদ্ধ-কৃ ; Contend with. [যাওয়া ; Fall prone.
Measure one's length—সটান্ হইয়া পড়িয়া
Measure one's strength—প্রকাশ্যরূপে বিবাদ-কৃ ; Come into open conflict :—কাহারও বল কৃৎ-কৃ ; Judge of one's strength :—কাহারও সহিত বিচারে প্রবৃত্ত-হ ; Enter into a controversy :—প্রতিযোগিতা অবলম্বন-কৃ ; Pit oneself against.
Square measure—The measure of the superficial area of surfaces in square units as inches, feet &c.
Take the measure of—মাপ লওয়া ; Compute the dimensions of :—কতটা আয়তন বা কতটা শক্তি নিরূপণ-কৃ, Form an idea of the capacity or powers of :—কৃৎ-কৃ, Form an idea of :—সমস্ত সম্যক্‌রূপে বুঝিতে পারা ; Judge fully of.
To take measure—উপায় অবলম্বন-কৃ।
Measured, mazhūrd, *a.* সমান, তুল্য ; একরূপ ; Equal, uniform :—দৃঢ়, স্থির ; Steady :—সীমানির্দিষ্ট, নির্দিষ্ট, Restricted.
Measureless, mezhūr-les, *a.* অসীম ; অপরিমেয় ; Without measure ; limitless. *Syn* :—Boundless, vast, immense, infinite, immeasurable.
Measurement, mezhūr-ment, *n.* মাপ ; The act of measuring :—পরিমাণ ; পরিমিতি ; Area.
Meat, mēt, *n* খাদ্যদ্রব্য, খাদ্য, Victuals, food :—মাংস, মাংস, Animal food *Syn* :—Viands, provisions, aliment, nourishment, fare, provender, flesh for food
Meat offering, mēt-of-fér-ing, *n.* খাদ্য দান ; নৈবেদ্যোৎসর্গ, Offering of food, *esp.* of flour with salt and oil.
Meat-pie, *n* Pie of meat ; mince pie.
Meat-test, *n* রুচি ; Appetite.
Meaty, *a* মাংসযুক্ত ; Fleshy.
Mechanic, me-kañik, **Mechanical,** me-kañik-al, *a* যন্ত্রবিষয়ক, যন্ত্রসম্বন্ধীয় ; বলবিজ্ঞান সম্বন্ধীয় ; Relating to machinery or mechanics :—যন্ত্রকৃত ; যন্ত্র দ্বারা কৃত, Done by a machine :—শিল্পী ; Belonging to artisans :—দৈহিকবলে কার্য্যকারী ; Acting by physical power :—কেবল অভ্যাসের বলে সাধিত, Done merely by force of habit :—নীচ ; Vulgar. *ad*=mechanically.
Mechanic, me-kañik, *n.* কারিকর ; মিস্ত্রী, An artisan ; artificer ; craftsman.
Mechanician, mek-an-ishan, **Mechanist,** mekan-ist, *n.* বিজ্ঞানবিৎ পণ্ডিত ; কারিগর ; কলনির্মাতা ; যন্ত্রনির্মাতা ; One skilled in mechanics ; workmen : machine maker.
Mechanics, me-kañiks, *n.* বলবিজ্ঞান ; যন্ত্রবিজ্ঞান শক্তি নির্ণায়ক বিদ্যা ; The science of forces and powers of machinery.

Mediterranean, med-i-ter-rāne-an, **Mediterraneous,** med-i-ter-rāne-us, *a* [L *medius*, middle, and *terra*, earth, land] পৃথিবীর মধ্যস্থিত, ভূভাগের মধ্যবর্ত্তী, Situated in the middle of the earth —ভূমি দ্বারা বেষ্টিত, আভ্যন্তরিক, সাগর হইতে দূরবর্ত্তী, Surrounded by land, inland.

Medium, mē'di-um, *n.* মধ্য, Middle, mean —মধ্যবর্ত্তী স্থান বা পরিমাণ, The middle place or degree —সাধনোপায় বা দ্বার, সাধনদ্বার, উপায়, Channel, vehicle, instrumentality of communication, agency of transmission —মধ্যাগুরুষ, A person through whom the action of another body is said to be manifested and transmitted *pl*=mediums, media

Medlar, medlar, *n* বৃক্ষ বিশেষ, ফল বিশেষ, A tree a fruit

Medley, medle, *n* [L *miscere*, to mix] বিশৃঙ্খল রূপে মিশ্রিত পিণ্ড, নানা দ্রব্যের মিশ্রণ A composition which consists of several different ingredients, a mingled and confused mass *Syn* Mixture, miscellancy, jumble, hodge-podge farrago, confused mass.

Medula, *n* মজ্জা, Marrow, pith

Medullar, me-dular, **Medullary,** me-dular-i *a* [L *medulla*, marrow] মজ্জাবিশিষ্ট, মজ্জা ঘটিত, মজ্জাবৎ, Marrowy.

Meed, mēd, *n.* ভাড়া, পুরস্কার পারিতোষিক, দান Hire, that which is bestowed for merit reward gift *Syn* —Recompense, remuneration, due.

Meed man or **wright**—অর্থপরবশ ভৃত্য Hireling

Meek mēk *a.* [Icel *miukr* mild soft] বিনম্র মৃদু বিনীত বশানুগ Gentle mild, submissive yielding *n*=meekness *ad*=meekly *Syn* Soft pacific, unassuming, humble, submissive, modest

Meet, mēt *a* উপযুক্ত, উচিত উপযোগী Fitting qualified congenial

Meekness, mēknes *n* নম্রতা Mildness of temper *Syn* —Humility submissiveness resignation submission modesty gentleness

Meerschom, mēr-shawn *n* ধাতু বিশেষ, খেত মৃত্তিকা, A fine white clay a mineral

Meet, mēt *v t* সাক্ষাৎ কর, To come face to face —সাক্ষাৎ কর সম্মুখীন-হ To encounter fall in with —প্রাপ্ত হ গ্রহণ কর To find receive, light on —*v i* একত্র-হ To come together, assemble, assemble together —সাক্ষাৎ হওয়া, সম্মুখীন-হ, To have an encounter —একত্রিত হ Collect —মিলিত হ, সম্মিলিত হ Agree, harmonise —*n.* সম্মিলন A meeting as of huntsmen *Syn* —(*v*) Confront come in contact converge join, unite, fulfil, comply with congregate

Meet one on one s own ground—অন্যে যাহা করে তাহা করিয়া তাহার সমান-হ Be on a footing of equality with another by imitating him in every respect

Meet with—কোন কিছু পাওয়া, Get, find

Meet half way—উভয় পক্ষ হইতে কিছু ছাড়িয়া-দে, সমান দূরত্ব হইতে অগ্রসর-হ, Make mutual concessions, approach from an equal distance

Meeting, mēting, *n* সমাগম, Coming together —সভা; সম্মিলন, জনতা, An assembly, an interview. *Syn* —Conference, company, auditory, confluence, union.

Meeting-house, mēting-hows, *n.* ভজনালয়, উপাসনালয়, A place of public worship in England, a dissenter's congregation —সভাগৃহ, A house where people meet

Megatherium, *n.* প্রস্তরীভূত জন্তু, A fossil mammal

Megrim, mē'grim, *n* আধকপালে, শিরঃপীড়া, Neuralgic pain, headache —খেয়াল, A whim, freak, humour.

Meiasis, mī ō'sis, *n.* বাক্যালঙ্কার বিশেষ, A species of hyperbole representing a thing as less than it really is

Melancholic, melan kol-ik, *a* দুঃখজনক, হতাশ, বিষাদগ্রস্ত, বিষণ্ণ, দুঃখিত, Dejected, given to melancholy, mournful.

Melancholy, melan-kol-e, *n* [G. *melas*, black, and *cholos*, gall, bile] দুঃখ, বিষণ্ণতা, অবসাদ, Depression of spirits, dejection —*a* হতাশ, বিষণ্ণ, দুঃখজনক, Depressed in spirits, gloomy *Syn* —(*n*) Gloominess, sadness, moodiness dolefulness vapours, hypochondria (*a*) Sad dispirited, low-spirited, unhappy, disconsolate heavy doleful, gloomy, dismal, calamitous distressing afflictive

Meliorate, mē'li or āt, *v t* [L *melior* better] উন্নত কর, ভাল কর, To make better to improve —*v i* ভাল-হ, উন্নত হ, To grow better *n*=melioration

Melioration, *n* উন্নতিবিধান, উন্নতি The act of making better, improvement

Mellay, mela *n* বিশৃঙ্খল গোলমাল; Confusion.

Melliferous, mel if er-us, *a* [L. *mel*, honey, and *fero*, to produce] মধু উৎপাদক, মধুজনক, Producing honey

Mellifluent, mel-if lōō-ent, **Mellifluous,** mel if'lū-us *a* [L *mel* honey and *fluere*, to flow] মিষ্ট মধুস্রাবী সুস্বর মসৃণ কোমল, Flowing with honey or sweetness sweet, sweetly flowing smooth *n*=mellifluence *ad*=mellifluently, mellifluously *Syn* —Smooth, dulcet euphonious

Mellow, mel ō *a* কোমল পক্ব, পরিপক্ব, Soft, ripe mature —ভুরা, Well broken, as soil —অকঠিন স্পর্শ সুখকর Not hard, coarse, or rough to the senses soft to the touch —কোমল, Soft, rich delicate—said of sound, colour, flavour —মত্ত Genial, jovial, with liquor, slightly intoxicated —*v t* পরিপক্ব-কর, To mature —পক্বতা বা বয়সে কোমল কর To soften by ripeness or age —*v. i* পরিপক্ব হ, কোমল হ, To be matured to become soft *n*=mellowness *Syn* —(*a*) Perfect, full, fullflavoured, mellifluous well-toned jovial, half tipsy, jolly.

Mellowness, *n* কোমলতা, পরিপক্বতা, পক্বতা, Softness, maturity

Mellowy, melō-i, *a.* নরম, তৈলযুক্ত, তেলাল, Soft oily, unctuous.

Melodious, mē-lō'de-us, *a* সুশ্রাব্য, সুস্বর, তালযুক্ত Harmonious, musical *n*=melodiousness *ad*=melodiously *Syn* —Dulcet, concordant, tuneful

Melodise, *v t* সুস্বর-কৃ, To make melodious

Melo-drama, Melodrame, mel-o-dra-ma, melo-dram, *n* [Gr *melos* a song and *drama* a drama] গীতি নাটক, উদ্দীপক গীতিনাট্য বিশেষ, Play with songs, music, or pantomine *a*=melodramatic

Melody, melo de, *n.* [Gr *melon*, a song and ode, a lay] স্বর মিল লয়, সুর, সঙ্গীত Sweetness of sound, music, air, tune song *n*=melodist [Overstrained sensational

Melodramatic, *a.* অতিরঞ্জিত উত্তেজনোদ্দীপক

Melodramatist, mel-o-drama-tist *n* গীতি নাটক প্রণেতা, গীতি নাটক রচয়িতা One who is skilled in melodramas or who prepares them

Melon, melun, *n* [Gr *melon* an apple] ফুটি, তরমুজ, ফুটি গাছ তরমুজগাছ A plant and fruit

Melt, melt, *v t* দ্রবীভূত কৃ দ্রব কৃ তরল কৃ To dissolve, soften liquify —*v i* দ্রবীভূত হ To dissolve —আর্দ্র হ বিগলিত হ ভগ্নসাহস হ To become tender or mild to be discouraged

Melting, *n* তরল বা দ্রব করণ কোমল বা সিক্ত করণ The act of dissolving the act of softening *ad*=meltingly

Member, member *n* অঙ্গ প্রত্যঙ্গ Limb part of a whole —অংশ, ভাগ —সমাজের সভ্য One of the persons composing a society Syn —Vital organ part portion constituent component subordinate part branch division head fellow a society

Member of congress, *n* জাতীয় সভার সভ্য One of the house of Representatives in the United States

Member of Parliament, *n* মহাসভার সভ্য Representative in the Imperial Parliament

Membered, *a* অঙ্গবিশিষ্ট Having limbs

Membership, membership *n* সভ্যপদ সভ্যত্ব, State of being a member —সভ্য সমূহ সমাজ, Collective body of members a community

Membrane, membran *n* চর্মের স্তর ঝিল্লী The thin extended cellular tissue or skin *a* membraneous membranous membranaceous

Membraneous, Membranous, Membranaceous, *a* ঝিল্লীময়, ঝিল্লীবৎ, Consisting of or like a membrane

Memento, me-mento, *n.* [L *meminisse* to remember] স্মরণার্থ চিহ্ন স্মৃতি-উদ্দীপক সঙ্কেত A suggestion or notice to awaken memory memorial hint reminder remembrancer souvenir *pl*=mementos

Memoir, memwar *n* [L *memoria* memory সংক্ষিপ্ত জীবনী ইতিবৃত্ত Biographical sketch, statement —সভার কার্যবিবরণী The proceedings of a society Syn —Record, register journal biography autobiography

Memorabilia, *n* স্মরণীয় ঘটনা Things remarkable and worthy of remembrance or record

Memorable, memor-a-bl, *a* স্মরণীয় স্মরণযোগ্য, বিখ্যাত প্রসিদ্ধ Remarkable *ad*=memorably Syn —Signal distinguished, extraordinary, famous notable

Memorandum, mem-or-andum, *n* স্মরণার্থ স্মরণলিপি, স্মরণীয় বিষয়, A note to assist the memory *pl*=memorandums, memoranda

Memorial, me-mo're-al, *a* স্মারক, স্মৃতিচিহ্ন. Bringing to memory, contained in memory —*n* স্মৃতিচিহ্ন কীর্তিস্তম্ভ, স্মরণ চিহ্ন, Something to keep in remembrance, a monument —আবেদন পত্র; Statement and petition of facts Syn —(*a*) Memento monument record souvenir, address, petition [To petition by memorial.

Memorialise, me-mo'ri al-iz, *v t* আবেদন-কৃ,

Memorialist, me-mo'ri-al-ist, *n.* আবেদক, যে আবেদন করে One who writes, signs, or presents a memorial

Memory, mem-o-re, *n* [L *memoria*, from *memor*, mindful] স্মৃতিশক্তি, ধারণাশক্তি, The faculty of the mind by which it retains the knowledge of previous thoughts or events, ideas —স্মৃতি স্মরণ Remembrance, recollection, reminiscence, memorial Syn —Commemorative record fame renown, celebrity.

Men, *n* মনুষ্যগণ *pl* of man

Menace, menas *v t* ভীতিপ্রদর্শন-কৃ, ভীত-কৃ, To threaten to inspire with apprehension —*n* ভয়, ভয়প্রদর্শন ভীতিপ্রদর্শন A threat or threatening Syn —Intimidate denounce, defy

Menacing, *a* ভীষণ Threatening

Menage, *n* গৃহকার্য, House-keeping, domestic economy —পশুশালা A menagerie —অশ্বশিক্ষা, Training of animals, as of horse

Menagerie, Menagery, men-azhe-ri, *n.* পশুশালা পশুশালা A collection of wild animals a place for keeping wild animals

Menagogue, *n* Medicine to forward the flow of the menses

Mend, mend *v t* [L *emendare* from *menda*, spot blemish] সংশোধন-কৃ সংস্কার কৃ ভাল-কৃ রক্ষা কৃ To repair to correct to improve —*v i* উন্নত-হ সুস্থ হ To grow better *n*=mender mending *a*=mendable. Syn —Patch, edit retouch, improve better, emend, amend, rectify reform restore, hasten, quicken

Mend one s pace—দ্রুত গমন-কৃ, Go faster

Mendacious, men-dashe us *a* [L *mendax* lying] প্রবঞ্চনা-রত মিথ্যা, Given to deception, false lying *n*=mendacity *ad*=medaciously. Syn —Untruthful, deceptive, fallacious.

Mendacity, men-dase-te *n* অসত্যতা, প্রবঞ্চনা, Disposition to lie, lyingness Syn —Lying deceit, untruth, falsehood, lie, deceitfulness

Mendicancy, mendi kan-si, *n.* ভিক্ষাবৃত্তি, ভিক্ষা দরিদ্রতা Beggary

Mendicant, mende-kant, *n* [L *mendico*, to beg] ভিক্ষুক, Beggar —রোমান ক্যাথলিকদিগের ভিক্ষুসম্প্রদায়ের সভ্য, One of the begging fraternity of the Roman Catholic Church —*a* ভিক্ষাজীবী, দরিদ্র, ভিক্ষোপজীবী, Poor to beggary, begging, practising beggary Syn —Pauper, indigent person [life of a beggar.

Mendicity, men-dise-ti, *n* ভিক্ষুক-জীবন, The

Mendicity society, *n.* দারিদ্র্যনিবারক সভা; Society to stop begging

Menial, me'ne-al, *a.* দাসের, ভৃত্যোপযোগী; Be-

longing to a retinue of servants ; servile ; low :—নীচ কার্য্যকারী ; Performing servile office :—নীচ ; Low ; mean :—*n*. নীচ চাকর ; দাস ; ভৃত্য A domestic servant :—নীচ লোক ; নীচপ্রকৃতির লোক. A person of servile disposition. *Syn* :—(*a*) Domestic, attendent, dependent, servile, base, sorry, vile, abject. (*n*) Lackey, flunkey, underling, footman, valet.

Meningitis, *n*. [Gr. *meninggos*, a membrane] মস্তিষ্ক ঝিল্লীর প্রদাহ ; Inflammation of the membranes of the brain.

Meniver, meni-vér, **Minever, Miniver,** minvér, *n*. নকুলজাতীয় জন্তু বিশেষ ; জন্তুর লোম ; A beast ; its fur, which is white with specks of black. [মাসিক ; Monthly

Mensel, mensal, *a*. [L. *mensis*, a month]

Menses, mensez, *n pl*. মাসিক রজঃস্রাব ; স্ত্রী-ঋতু ; The monthly discharge from the womb, catamenia. [menses

Menstrua, menstrōō-a, *n pl*. স্ত্রী-ঋতু, রজঃ ; The

Menstrual, menstrōō-al, *a*. মাসিক ; ঋতুঘটিত, রজস্বলা ; Lasting a month, pertaining to the menses. [ধর্ম্মের অধীন ; Subject to monthly flowing

Menstruant, menstrōō-ant, *a* ঋতুমতী, রজস্-

Menstruate, menstrōō-āt, *v t*. ঋতুস্নাত-হ, রজস্রাব-হ, To discharge the menses. *n*= menstruation

Bathing after menstruation—ঋতুস্নান।

Menstruous, *a*. রজস্বলা, রজঃসম্বন্ধীয়, Having, or pertaining to, menses

Menstrum, menstrōō-um, *n*. দ্রাবক পদার্থ ; A solvent or dissolving substance.—*pl*. ঋতু. Menstrua (the menses).

Mensurable, mensū-ra-bl, *a*. [L. *mensura*, to measure] পরিমেয়, Measurable *n*=mensurability. [taining to measure

Mensural, mensū-ral, *a*. পরিমাণ সম্বন্ধীয় Per-

Mensuration, mens-ū-rā-shun, *n* পরিমাণ, মাপ, পরিমাপ করণ. The act of measuring ; the result of measuring. *Syn* :—Measurement, survey, surveying.

Mental, mental, *a* [L. *mens*, *mentis*, the mind] মানসিক ; বুদ্ধিবৃত্তিবিষয়ক, Relating to the mind, intellectual. *ad*=mentally *Syn* :—Rational, ideal, spiritual, subjective, metaphysical, psychical, psychological [putation

Mental arithmetic—শুভঙ্করী ; Off-hand com

Mental reservation—মনে মনে গোপন, Mental qualification ; the withholding or failing to disclose something that affects a statement

Mention, menshun, *n*. [L. *mentio*, from *meminisse*, to remember] বর্ণন, উল্লেখ, ইঙ্গিত ; A brief notice or remark, hint, recital ; naming :—*v. t*. উল্লেখ-কৃ ; সংক্ষেপে বলা, নাম-কৃ, To notice briefly ; to remark, to name. *Syn* :—(*n*.) Allusion, hint, observation, suggestion, declaration, announcement (*v*) Allude to, refer to, name, cite, report, notice, communicate, impart, declare [mentioned.

Mentionable, *a*. উল্লেখযোগ্য. That can be

Mentor, mentor, *n* উপদেশক ; বিজ্ঞ-বিশ্বস্ত উপদেষ্টা ; A faithful friend of Ulysses, He was regarded as the wisest man of his time ; wise counsellor or tutor. *a*=metorial.

Menu, *n*. ভোজনার্থ প্রস্তুত দ্রব্যজাতের তালিকা, List of things composing a repast.

Mephistophelean, *n*. অধর্মী ; পরশ্রীকাতর ; অনিষ্টকর ; বিদ্বেষবশ ; Cynical ; sceptical, malicious.

Mephitic, mē-fitik, *a*. বিষময় ; দুর্গন্ধযুক্ত ; বিষাক্ত ; Offensive to the smell. *Syn* :—Foul, fetid, noisome, poisonous, noxious, pestilential, malarious, miasmatic.

Mephitic, Mephitical, *a*. দুর্গন্ধ ; অনিষ্টকর ; রোগজনক ; Noxious ; pestilential

Mephitis, Mephitism, *n*. দুর্গন্ধ বাষ্প বিশেষ ; A foul, pestilential exhalation.

Mercantile, mer'kan-til, *a*. [L. *mercari*, to traffic] বাণিজ্যসম্বন্ধীয় ; বাণিজ্যসংক্রান্ত, Commercial. *Syn* :—Trading ; interchangeable, marketable. [of country.

Mercantile service—The mercantile marine

Mercantile world—বাণিজ্যে নিযুক্ত লোকসমূহ ; The whole body or class of persons engaged in mercantile.

Mercenary, mer'sē-nár-e, *a*. [L. *merces*, wages, reward] অর্থলোভী ; লোলুপ ; বেতনার্থী ; Hired for money, actuated by the hope of reward ; greedy of gain, sold or done for money :—*n*. ঠিকা লোক, বেতনার্থী সৈন্য, One who is hired ; a soldier hired into foreign service *Syn* :—(*a*) Hired, hireling, venal, sordid, base, avaricious, covetous, grasping, griping.

From mercenary motives—স্বার্থবশতঃ।

Mercer, mér'sér, *n*. পট্টবস্ত্রব্যবসায়ী ; রেশম-পশম কাপড় বিক্রেতা, One who deals in silks and woolen clothes. [The goods of a mercer.

Mercery, mér'sér-i, *n* রেশমের বাণিজ্য বা পণ্যদ্রব্য ;

Merchandise, mer'chan-dis, *n*. [F *marchand* a merchant] বাণিজ্য, Commerce, trade —পণ্যদ্রব্য, Goods, commodities *Syn* :—Traffic ; wares

Take notice of—দেখা ঠেকা, নজরে পড়া Observe and show that one has observed — সৌজন্যের সহিত বা আমলে আনা Pay heed or attention to
Noticeable, nōtis-abl *a* দর্শন যোগ্য লক্ষ্য-সাধ অবধান যোগ্য, Worthy of observation *ad* noticeably
Notification, nōti fi kāshun *n.* ঘোষণা বিজ্ঞাপন The notice given —ঘোষণা পত্র, বিজ্ঞাপন পত্র, The paper containing the notice
Notify, nōti-fi, *v t* [L. *notus*, known, and *facere*, to make] জ্ঞাপন কৃ প্রচার-কৃ, সংবাদ-দে To declare, announce, proclaim *Syn* —Publish, inform, apprise, acquaint.
Notion, nō'shun, *n* [L *notio*, from *noscere notum*, to know] মনের ভাব অনুমান, ধারণা Conception, idea —মত, সর্ববিদিত বিশ্বাস, Opinion, belief *a*=notional *Syn* —Sentiment apprehension, view, impression, understanding, inclination, fancy
Notional, *a* কাল্পনিক, কল্পনাপ্রিয়, Ideal, fanciful
Notoriety nō-tō-ri'e-te, *n* প্রকাশ, দুর্নাম, সাধারণে প্রচার; Publicity, public exposure, bad name *Syn*.—Repute, celebrity, name, note, vogue
Notorious, nō-tō're-us, *a.* [L. *notare*, to mark] অসৎকর্মে প্রসিদ্ধ, সাধারণে পরিচিত, নামজাদা, Infamous; noted *n*=notoriousness, *ad*=notoriously. *Syn* —Open, overt, patent, obvious; remarkable, celebrated, famous, renowned, disreputable
Notwithstanding, not-with-standing, *prep.* সত্ত্বেও, In spite of, despite —*adv* or *conj.* তথাপি, তথাচ, যে যাহা হউক; Nevertheless however.
Nought, nawt, *n* কিছু নহে, Not anything; nothing —*ad* কিছুই পরিমাণেও নয় In no degree.
Set at nought—ঘৃণা কৃ, অবজ্ঞা-কৃ, Despise; উড়াইয়া দেওয়া, slight, disregard
Noun, nown, *n.* সংজ্ঞা, বিশেষ্য পদ, (*Gram*) The name of anything
Nourish, nur'ish, *v t* পালন-কৃ, ভরণপোষণ-কৃ; To feed or bring up, to support —উৎসাহিত-কৃ, উত্তেজিত কৃ, To encourage —পোষণ-কৃ To cherish —শিক্ষা-দে, To educate *n*=nouriser *a*=nourishable *Syn* —Nurture, foster, tend provide supply support encourage, comfort
Nourishable, *a* পালন-যোগ্য, পালনীয়, পোষণীয়, Able to be nourished
Nourishing, *a* পুষ্টিকর, Nutritious.
Nourishment, nur'ish-ment, *n* আহার ভক্ষ্যদ্রব্য খাদ্যদ্রব্য, Nutriment, food *Syn* —Food, sustenance aliment diet
Novel, novel *a* অভিনব, নূতন অসাধারণ, অদ্ভুত, New unusual, strange —*n.* আখ্যায়িকা, উপন্যাস; উপকথা, A fictitious tale, a romance. *Syn*:—(*a*) Modern fresh, unusual, uncommon, rare.
Novelette, *n* ক্ষুদ্র উপন্যাস, A small novel
Novelist, novel ist, *n.* আখ্যায়িকা লেখক, উপন্যাসিক A novel writer
Novelty, novel-ti *n* নূতনত্ব, নবত্ব অভিনব বা অদ্ভুত বস্তু Newness, anything new or strange
November, nō vem-bėr, *n* নবেম্বর মাস The 11th month of the year
Novennial, nō-ven-yal *a* L *novem*, nine, *annus*, a year] প্রতি নবমবর্ষে কৃত Done every ninth year
Novice, novis *n* [L *novus* new] শিক্ষার্থী ব্যক্তি, কোন কার্যে দক্ষ নহে A beginner, one new in any business —যে কেবল প্রবেশ করিয়াছে কিন্তু ব্রত গ্রহণ করে নাই One who has entered a convent nunnery but has not taken the vow —নবদীক্ষিত লোক One newly received into the church *Syn* —Learner, tyro, neophyte, probationer
Novitiate, nō vishi-ā-t, *n* অন্তেবাসিত্ব শিক্ষার্থিতা, The state of being a novice —প্রথম শিক্ষার কাল, শিক্ষাকাল, The period of being a novice —শিক্ষানবিশ, শিক্ষার্থী, A novice
Now, now, *adv* এক্ষণে, বর্তমান সময়ে, At this moment, at the present time —*conj* কিন্তু, অতঃপর সুতরাং, এরূপ হইলে, But, after this; things being so —*n.* বর্তমানকাল, The present time [intervals, frequently.
Every now and then—যখন তখন, At short
Now and then—সময়ে সময়ে, কখন কখন, Occassionally, at intervals, at one time or another.

Now—Now—এক সময়ে ; অন্য সময়ে , পর্য্যায়ক্রমে , At one time , at another time.

Now (one thing) **now** (another)—কখন (এটা) কখন ওটা , একবার এদিকে একবার ওদিকে ; At one time and at another time.

Now or never—এই শেষ , এই সুযোগ, যাহা হয় করিয়া লও, ইহার পর আর হইবে না , The present (is the only time either to do the thing or give it up altogether).

Now that—যেহেতু এক্ষণে ; Since now

Now-a-days, now'a-dāz, *ad* একালে , আজিকালি , In days now present , in this age

Noway, nō'wā, **Noways,** nō'wāz, *ad.* কোন মতে নহে , কোন রূপেই নহে , কোন ক্রমেই নহে , In no manner or degree

Nowhere, nō'hwār, *ad* কোন স্থলে নহে , কুত্রাপি নহে , In no place , not any where

Nowise, nō'wiz, *ad.* কোন রূপেই বা কোন মতেই নহে , কোন ক্রমেই নহে In no degree , by no means

Noxious, nokshe-us, *a* [L *noxa*, hurt—*noceo* to hurt] অনিষ্টকর , ক্ষতিকর , অনিষ্টজনক , হিংস্র , Unwholesome , hurtful , corrupting to morals — বিনাশসাধক , বিষাক্ত , Destructive poisonous *ad*=noxiously *n*=noxiousness *Syn* —Harmful, injurious, pernicious destructive baneful insalubrious, noisome pestilent, deadly, destructive, poisonous

Nozzle, nozl, *n.* নাসিকাগ্র থুতনি , অগ্রভাগ The snout , the extremity of anything

Nucleated, *a* শাঁসাল Having a nucleus

Nucleus, nū'kle-us *n* বীজ , শস্য শাঁস , Kernel —ধূমকেতুর শরীর বা মস্তক , Body or head of a comet. *pl*=nuclei

Nude, nūd, *a* [L *nudus*, naked] নগ্ন উলঙ্গ , শূন্য , Naked , bare , void *n*=nudity *Syn* — Uncovered, undressed, exposed

Nudge, nuj, *n* আস্তে ধাক্কা A gentle push —*v. t* আস্তে ধাক্কা মারা , To push gently

Nudity, nūdi-ti *n* নগ্নতা Nakedness —*pl* নগ্ন অংশ , মানবমূর্ত্তির উলঙ্গ ভাগ Naked parts , naked portions of the human figure

Nugatory, nū ga-tor-e *a* [L *nugatorius* from *nugari*, to trifle] নিষ্ফল , নিরর্থক ব্যর্থ নগণ্য , অকার্য্যকর , বিফল , Fruitless , insignificant vain , ineffectual *Syn* —Trifling, futile insignificant , inoperative, ineffectual

Nugget, nug'et, *n* পিণ্ড , ধাতুর তাল A mass especially of a precious metal , a lump, as of a metal

Nuisance, nū'sans, *n.* [L *noceo*, to hurt উৎপাত , বিরক্তিকর বিষয় অনিষ্টকর বিষয় , Something noxious or offensive *Syn* —Offence, annoyance, plague, trouble pest

Null, nul, *a* [L *nullus*, not any] নিষ্ফল , ব্যর্থ অগ্রাহ্য , বাতিল , Void , invalid , nugatory , of no account , of no force , invalid [no validity

Null and void—নিষ্ফল , বাতিল , রদ, Of

Nullify, nule-fi, *v t* [L *nullus*, none, and *facere*, to make] নিষ্ফল-কৃ অকার্য্যকর-কৃ , বাতিল-কৃ , To annul , to render void. *n*=nullification *Syn* —Abolish, abrogate, revoke, annul, repeal, make void, neutralize.

Nullity, nuli-ti, *n* নিষ্ফলতা , নিষ্ফলত্ব ; অবিদ্যমানতা , Nothingness ; any thing void or no efficacy.

Numb, num, *a* জড় , অবশ , অসাড় , Chilled , destitute of the power of sensation and motion , torpid , insensible , benumbed , motionless , paralyzed —*v t.* স্পন্দরহিত-কৃ , অবশ-কৃ , অসাড়-কৃ , To make numb , to deaden , to stupefy , to make torpid *n*=numbness.

Number, number, *n* [L *nemo*, to distribute] সংখ্যা , একক , A single unit , a unit in counting : —বচন , The difference in words to express singular or plural —জনতা , Multitude , a collection of individuals —*pl* ছন্দ , Metre , verse · —তাল , Harmony :—A book of the Bible —*v t.* গণনা-কৃ , To count , to reckon —মোট-হ , সমষ্টিতে হওয়া , To amount to —সংখ্যা কৃ , সংখ্যার দ্বারা চিহ্নিত কৃ , To mark a number *Syn* —(*n*) Figure, numeral, digit many, crowd, throng (*v*) Enumerate, calculate, reckon estimate, compute tell.

Number one—স্বার্থ নিজে (স্বয়ং) , One's self , one's oneself , one's own personal interests

Number up—যোগ-কৃ Add together

Numberless, number-les, *a* অসংখ্য , অগণিত , Countless

Numerable, nū'mer-a bl, *a* গণনীয় গণনসাধ্য That may be counted *ad*=numerably. *n*=numerableness, numerability

Numeral, nū'mer al *a.* অঙ্কবোধক সংখ্যাসম্বন্ধীয় , Pertaining to or consisting of number —*n* অঙ্ক A figure used to express a number, as ১, ২ ৩ &c

Numerary, nū'mer-ar i, *a* অঙ্কসম্বন্ধীয় , সংখ্যাবিশেষ সম্বন্ধীয় , গণিত Belonging to a certain number [reckon how many , reckon

Numerate nū'mer-āt *v t* গণনা কৃ To tell ,

Numeration, nū-mer ā-shun *n* গণনা সংখ্যক্রিয়া , সংখ্যাকরণ , সংখ্যা পঠন-প্রণালী , The act or art of reading or writing numbers

Numerator, nū mer-ā tor, *n* গণক , ভগ্নাংশের লব The upper number of a vulgar fraction

Numeric, nū mer ik **Numerical,** nu mer'ik al, *a* অঙ্কবিষয়ক সংখ্যাবিষয়ক , তুল্যসংখ্যক Belonging to or denoting number , the same in number *ad*=numerically

Numerous, nū'mer-us, *a* অনেক , বহুসংখ্যক , বিস্তর Being many , great in number , frequent *n*=numerousness *ad*=numerously *Syn* —Many large in number, abundant

Numismatic, *a* [Gr *nomisma*, current coin—*nomizo*, to use commonly] মুদ্রা বা পদক সম্বন্ধীয় , Pertaining to coins or medals

Numismatics, nū-mis-matiks, *n* মুদ্রা বিজ্ঞান , পদক বিজ্ঞান , The science of coins and medals *a*=numismatic [versed in numismatology

Numismatologist, *n* মুদ্রা বিজ্ঞানবিদ্ , One

Numismatology, nū-mis-ma-tolo ji *n.* [Gr *nomisma* coin, *logos* science] *n* মুদ্রা-বিজ্ঞান The science of coins and medals in relation to history *n*=numismatologist

Nummulite, numū-lit, *n* মুদ্রাকার প্রস্তরীভূত শম্বুক , A fossil shell resembling a coin.

Numskul, nuḿskul, *n.* নির্বোধ, বোকা ; A block-head.

Nun, nun, *n* ব্রহ্মচারিণী ; তপস্বিনী ; Cloistered woman :—ক্ষুদ্র কপোত বিশেষ ; A kind of small pigeon.

Nunchion, *n.* জলপান ; A luncheon

Nunciature, *n* পোপের নিকট হইতে সমাগত দূতের পদ ; The office of a nuncio.

Nuncio, nuńshe-ō, *n.* [L. *nuncius*, a messenger] পোপের দূত , A messenger ; Pope's envoy *Syn* :—Ambassador, envoy, legate ; the Pope's legate.

Nuncupative, nun-kū'pa-tiv, **Nuncupatory,** nun-kū'pa-tor-i, *a.* [L. *nuncupare*, to call by name] প্রকাশকারী ; প্রচারকারী ; Declaring publicly or solemnly :—মৌখিক ; অ-লিখিত ; Oral, not written.

Nunnery, nuńer-e, *n.* মঠ ; সন্ন্যাসিনীদিগের আশ্রম ; A house for nuns. *Syn* —Convent, cloister, abbey.

Nuptial, nup'she-al, *a.* [L. *nuptiae*, marriage] বৈবাহিক ; পরিণয়ঘটিত , Belonging to weddings.

Nuptials, *n. pl.* বিবাহ ; পরিণয় উৎসব ; Marriage ; wedding ceremony. *Syn* .—(*n*) Bridal, espousals, marriage ceremony

Nurse, nurs, *n* [L *nutrio*, to suckle] ধাত্রী , Woman who suckles an infant, not her own — রোগীর শুশ্রূষাকারিণী , পরিচারিকা ; One who has care of the sick —*v t.* বর্দ্ধিত-কর় ; To nourish :— শুশ্রূষা-কর় ; পরিচর্যা-কর় , To tend :—দুগ্ধপান করান , To suckle —রক্ষা-কর় ; To protect , cherish — সযত্নে মিতব্যয়ে পরিচালন-কর় , To manage with care and economy *Syn* —(*v*) Suckle, nurture, feed ; foster, encourage, su cour , m inage, husband.

Nursery, nurser-i, *n* ধাত্রী-গৃহ , শিশুদিগের প্রকোষ্ঠ , The place for nursing young children , an appartment —চারা-বাগান , A piece of ground where plants are reared

Nursery man—পুষ্পোপজীবী ।

Nursery tale, *n.* মিথ্যা গল্প , A fictitious or extravagant or simple story such as amuses children.

Nursling, nursling, *n* শিশু , An infant.

Nurture, nurtūr, *n.* [L *nutrio*, to nourish] আহার , খাদ্য , Food , nourishment —শিক্ষা , Education ; instruction —লালনপালন , Tender care .—*v t.* পুষ্ট-কর় ; পোষণ-কর় ; শিক্ষা-দে ; To nourish , to bring up , to educate. *n*=nurturer. *Syn* —(*v*) Nurse, cherish, tend, train, educate, school, rear, discipline, instruct.

Nut, nut, *n.* সুপারি , বাদাম , নারিকেল ; Fruit or kernel of some trees and shrubs in a hard or soft shell .—*v. t* ঐরূপ ফল সংগ্রহ-কর় ; To gather nuts.

A nut to crack—যাহা ব্যাখ্যা করা যায় না , Something puzzling to be explained.

Nutant, nū'tant, *a.* [L. *nuto*, to nod] মস্তকের আনত-মস্তক ; Nodding ; having the top bent downward.

Nutation, *n.* মস্তককম্পন , পুষ্পের সূর্য্যাভিমুখতা ; A nodding , the turning of flowers towards the sun.

Nut-brown, nut-brown, *a,* পিঙ্গলবর্ণ ; Brown like an old nut.

Nut-craker, nut'krak-ér, *n* জাঁতি ; Instrument for crackling nuts :—পক্ষী বিশেষ ; A bird.

Nuthatch, *n* পক্ষী বিশেষ , A small climbing bird.

Nutmeg, nutmeg, *n* জায়ফল ; The kernel of the fruit, an E. I tree, having an aromatic smell.

Nutria, nū'tri-a, *n.* লোম বিশেষ , The fur.

Nutrient, nū'tri-ent, *a.* [L. *nutrio*, to nourish] পুষ্টিকারী ; পুষ্টিসাধক : Nourishing :—*n.* পুষ্টিকারক , পুষ্টিসাধন , Anything nourishing.

Nutriment, nū'tre-ment, *n.* [L. *nutrimentum*, from *nutrire*, to nourish] ভক্ষ্যদ্রব্য , খাদ্যদ্রব্য ; Food. *a*=nutrimental. *Syn* —Aliment, sustenance, nourishment, nutrition, subsistence.

Nutrimental, *a.* পোষণধর্ম্মী ; পুষ্টিসাধন , Nutritious.

Nutrition, nū-trishun, *n* [L. *nutritio*, from *nutrire*, to nourish] পুষ্টি , পুষ্টিসাধন ; Nourishment. *Syn* —Nourishing , food, nutriment, aliment.

Nutritious, Nutritive, nū'tri-tiv, *a.* পুষ্টিকর ; পুষ্টিসাধক , Nourishing , promoting growth *ad*=nutritiously, nutritive'y *n*=nutritiousness, nutritiveness *Syn* —Nutrimental, strengthening, wholesome

Nutshell, *n.* সুপারির খোসা , Shell of a nut .— অল্প পরিমাণ স্থান , A small space or compass.

Lie in a nutshell—অল্পে বলা যায় , To be capable of brief statement.

Nuxvomica, *n* [L *nux*, a nut, and *vomicus*, from *vomo*, to vomit] বিষাক্ত বৃক্ষবিশেষের ফল ; The seed of an East Indian tree.

Nuzzle, *v t.* শূকরের ন্যায় নাসিকা দ্বারা খুঁজিয়া বেড়ান ; To poke about with the nose, like a swine.

Nyctalopia, Nyctalopy, *n.* দিবান্ধতা রোগ বিশেষ , A desease of the eye.

Nyctalops, *n.* দিবান্ধ , One affected with nyctalopia.

Nylghau, nilgaw, *n.* মৃগ বিশেষ , A kind of large antelope.

Nymph, nimf, *n* দেবী বিশেষ , বনদেবতা , বিদ্যাধরী , Elf or fairy of the woods, meadows or waters . —যুবতী বালিকা , কুমারী, A lovely young girl , a maiden. *a*=nymphlike.

Nymph, nimf, **Nympha,** nimf'a, *n.* অপূর্ণদেহ কীট , The pupa or chrysalis of an insect. *pl*= nymphae (nimf'ē).

Nymphean, Nymphical, *a.* নিম্ফসম্বন্ধীয় Pertaining to nymphs.

Nympholepsy, *n.* এক প্রকার উন্মাদ , A species of madness

Nymphomania, *n.* স্ত্রীলোকের কামোন্মাদ , Morbid and uncontrollable sexual desire in woman.

O

O, ō, ইংরাজি বর্ণমালার পঞ্চদশ বর্ণ বা অক্ষর ; The 15th letter in the English alphabet —*int* বিস্ময় বা যাতনাসূচক অব্যয় , সম্বোধনসূচক বা শোকদুঃখাদি প্রকাশক অব্যয়পদ , An exclamation of wonder, pain, grief &c.

Oaf, ōf, *n.* নির্বোধ বালক , বোকা , অন্য শিশুর স্থানে পরীগণ-কর্তৃক পরিত্যক্ত নির্বোধ শিশু A dolt a blackhead, changeling, foolish child left by elves for a bright one. *a*=oafish (নির্বোধ, Stupid, dull)

Oak, ōk *n* বৃক্ষ বিশেষ A tree

Oakapple, ōk-ap l, *n* ওক পত্রস্থ কোমল স্রাব , A spongy excrescence on the leaves of the oak.

Oaken, ōkn *a* ওক কাষ্ঠ নির্মিত , ওকময় , Made of oak, consisting of oak

Oakling, *n* চারা ওক গাছ , A young oak.

Oakum, ōkum, *n* ফিংলি , রন্ধ্রাদি বন্ধ করিবার পুরাতন রজ্জু , Old ropes untwisted and teased into loose hemp for calking the seams of ships

Oaky, *a* কঠিন , Like oak, hard, firm

Oar, ōr, *n.* ক্ষেপণি দাঁড় , Instrument for rowing boats —*v i* দাঁড় টানা To row —*v t* ক্ষেপণি-যোগে সঞ্চালিত কর , To impel by rowing *a*=oared

Boat the oars—দাঁড় না টানা, Cease rowing and lay oars in the boat

Lie on one's oars —বিশ্রাম ... R... one oar ... [or from work

To feather the oars—To turn them edge-wise, as they move back to repeat the stroke

Oared, ōrd, *a* দাঁড়বিশিষ্ট , ... Furnished with oars [who rows with an oar

Oarsman, ōrzman *n* দাঁড়ি ... One

Oasis, ō'a-sis, *n.* মরুদ্বীপ , মরুভূমির মধ্যে উর্বর স্থলী, A fertile spot in a sandy desert *pl*=oases.

Oat, ōt *n* যই , A grain *pl*=oats

To have sown one's wild oats—কুৎসিত স্বভাব পরিত্যাগ কর , To leave off one's gay habits and to become steady

To sow one's wild oats—ইন্দ্রিয় সেবা-কর , কুকর্মে রত থাকা , To indulge in loose habits or forbidden pleasure [of oatmeal

Oatcake, *n* জইচূর্ণের পিষ্টক বিশেষ , A cake made

Oaten, *a* জইচূর্ণ নির্মিত , Made of oatmeal

Oatmeal, ōtmēl, *n* জইচূর্ণ , Flour from oats.

Oath, ōth, *n* শপথ , Swearing *pl*=oaths

Administer an oath—আইনানুযায়ী শপথ করান , Tender an oath

Oath of abjuration, *n.* An oath introduced after the Revolution of 1689 for the purpose of excluding the Stuart family from the throne

Oath of allegiance, *n.* যে শপথ দ্বারা প্রজা রাজার নিকট বদ্ধ হয় , The oath which binds the subject to swear allegiance to the sovereign.

Oath of supremacy—The oath which establishes the supremacy of the British sovereign over every other power, spiritual, or temporal in the realm

Oath-breaking, *n* শপথ-ভঙ্গ , Perjury.

Obduracy, obdū ras-e, *n* পাষাণ-হৃদয়তা , কঠিন হৃদয়তা , নিষ্ঠুরতা , একগুঁয়েমি , Inflexible persistence in sin, stubborness. *Syn* —Obstinacy, doggedness persistency, impenitence.

Obdurate, obdū rāt, *a* [L *obdurare*, to harden] কঠিন , পাষাণ-হৃদয় একগুঁয়ে , Hard in heart, hardened in feelings, stubborn *n*=obdurateness, *ad*=obdurately *Syn* —Firm, unbending, unyielding, obstinate, inflexible, unfeeling, insensible callous, impenitent, graceless reprobate

Obedience, ō bē'de ens, *n* আজ্ঞানুবর্তন , আদেশানুবর্তিতা , কর্তব্য পরায়ণতা , Dutifulness, compliance with what is required *Syn* —Compliance, yielding acquiescence, subservience, duty, respect [In compliance with

In obedience to—বশবর্তী হইয়া , আজ্ঞানুযায়ী ,

Obedient, ō-bē'de-ent *a.* আজ্ঞাবহ , আজ্ঞানুবর্তী , বশ্য কর্তব্যপরায়ণ Willing to obey dutiful *ad*=obediently *Syn* —Compliant, observant, regardful, subservient, submissive, respectful, deferential

Obeisance, ō-bā'sans, *n* [Fr *obeir*, to obey] প্রণিপাত , নমস্কার অভিবাদন , A bow or act of reverence, an expression of reverence

Obeism, *n* সর্পপূজা , Serpent worship.

Obelisk, ob'e lisk, *n* চতুষ্কোণ , উচ্চ স্তম্ভাকার ..., A quadrangular pyramid, a tall, four-sided tapering pillar :—† চিহ্ন বিশেষ , A mark or note thus †

Obese, ō-bēs', *a* [L. *ob*, and *edo*, *esum*, to eat] স্থূলকায় , মাংসল , মেদস্বী , Fat. *n*=obeseness, obesity.

Obesity, ō-bes'it-e, *n.* মেদস্বিতা , মাংসবাহুল্য ; স্থূলতা , Corpulence, abnormal fatness. *Syn* :—Fleshiness, fatness, corpulence, stoutness, pursiness

Obey, ō-bā', *v. t* [L *ob*, and *audire*, to hear] মান্য কর ; আদেশানুসারে কার্য্য-কর , To submit to ; comply with, to yield to. *n*=obeyer. *Syn* :—Follow, observe, keep

Obeyingly, *ad* আদেশানুবর্তী হইয়া , Obediently.

Obfuscate, *v t.* [L. *ob*, intensive, and *fuscus*, dark] অন্ধকারময়-কর , হতবুদ্ধি-কর ; To darken, to confuse. *n*=obfuscation.

Obit, ō'bit *n* [L *ob*. against, *eo*, to go] মৃত্যু ; Death.—অন্ত্যেষ্টিক্রিয়া ; Funeral ceremonies.

Obitual, *a* অন্ত্যেষ্টিক্রিয়া-ঘটিত, Pertaining to obits
Obituary, ō-bĭt'ū-ar-i, *a* মৃত্যুসম্বন্ধীয়, মৃত্যুবিবরক, Relating to the death of a person —*n.* মৃত ব্যক্তিদের তালিকা, মৃত ব্যক্তির বিবরণ, A list of deaths, an account of dead persons
Object, ob-jekt', *v. i.* [L *ob*, and *jacere*, to throw] আপত্তি-কৃ, Oppose, contravene —*v t* বাধা বা আপত্তি উপস্থিত-কৃ, To offer in opposition, to oppose —*n.* পদার্থ, বস্তু, দ্রব্য, An external thing —বিষয়, As opposed to subject —উদ্দেশ্য অভিপ্রায়, End, motive —কর্ম, কর্মপদ; In Grammar, that which follows a transitive verb *n*=objector *Syn* —(*n*) Mark, butt, aim, design, purpose, intent view, scope, drift
Object of love —প্রণয়ভাজন।
Object of trust—বিশ্বাসভূমি। [guments
Object to—আপত্তি কৃ, Oppose by words or ar
Object-glass, ob'jekt-glas *n* দূরবীক্ষণ বা অণুবীক্ষণ যন্ত্রের যে কাচখণ্ড দর্শনীয় পদার্থের সন্নিহিত থাকে, The glass nearest the object and furthest from the eye
Objection, ob-jek'shun, *n* আপত্তি, প্রতিবাদ The act of objecting, argument against, adverse argument *Syn* —Adverse reason, argument against, doubt scruple, exception cavil, demurrer [আপত্তি কৃ, Object to
Make an objection, Take objection to–
Raise or urge objection to—আপত্তি উত্থাপন কৃ।
Take objection to—আপত্তি কৃ Object to
Objectionable, ob-jek'shun-a bl, *a* আপত্তিজনক আপত্তিযোগ্য, পরিহার্য্য, That may be objected
Objective, ob-jek'tiv, *a* বাহ্যবস্তু সম্বন্ধীয়, বাহ্যপ্রকৃতির Being exterior to the mind not subjective —কর্মকারকীয়, Pertaining to the case of the objective —*n* কর্মকারক, In Grammar the case of the object *ad* =objectively
Objectiveness, Objectivity, *n* বাহ্যপ্রকৃতিত্ব The state of being objective
Object lesson —A lesson in which object teaching is employed
Objurgate, *v t* [L *ob*, against, and *jurgare*, to quarrel] তিরস্কার-কৃ, ভর্ৎসনা-কৃ, To chide, to reprove.
Objurgation, *n* তিরস্কার Reproof, reprehension [proof
Objurgatory, *a.* তিরস্কারকারী, Expressing re-
Oblate, ob lāt *a* উভপ্রান্তসমতল, কমলালেবুর আকার বিশিষ্ট, Flattened at the poles shaped like as an orange —নিবেদিত, Consecrated. *n*=oblateness
Oblation, ob-lā'shun, *n* [L *offerre oblatum*, to offer] পূজা, হোম, নৈবেদ্য দেবোদ্দেশে দত্তবস্তু, Offering; sacrifice
Obligation, ob-le-gā'shun, *n.* [L *ob* and *ligare*, to bind] ধর্মবন্ধন, কর্তব্য, বাধ্যতা Binding moral power, duty, that which binds —সন্ধি, অঙ্গীকারপত্র, Contract, a bond with a penal for non-fulfilment —দায়িত্ব, Indebtedness *Syn.* —Responsibility, accountableness, bond of duty, engagement, agreement, debt of gratitude, favour.

To be under obligation—ঋণী-হ, উপকৃত-হ, To be indebted [ব্যক্তিকে বাধিত-কৃ।
To lay a person under obligation—কোন
Obligatory, ob'li-ga tor-i, *a* বাধ্যতাজনক, অবশ্য কর্তব্য; কর্তব্য-বিধায়ক, Binding, imposing duty; bounden, compulsory *n*=obligatoriness. *ad*=obligatorily
Oblige, ō-blīj', *v. t.* [L *ob* and *ligare*, to bind] বাধ্য-কৃ, অনুগ্রহপ্রদর্শন দ্বারা বাধিত-কৃ, To bind by a legal or moral tie, constrain, compel —অনুগ্রহ-কৃ, সন্তুষ্ট কৃ, To do a favour to please. *Syn* —Coerce, necessitate, force, serve, benefit, accommodate gratify, bind obligate
Obligee, *n* যাহার নিকট অন্যে অঙ্গীকার দ্বারা আবদ্ধ থাকে The person to whom another is bound
Obliging, ō-blīj'ing *a* দয়ালু, উপকারক, উপকারশীল, প্রসন্ন, অনুগ্রাহী, Disposed to oblige or confer favours kind civil. *ad*=obligingly *n*=obligingness *Syn* —Complaisant, courteous, accommodating, considerate friendly
Obligor, *n* যে ব্যক্তি অন্যের নিকট অঙ্গীকার আবদ্ধ, The person who binds himself to another.
Oblique, ob-lēk' *a* [L *ob* and *liquis*, bent] বক্র তির্য্যক কুটিল, অসমান্তরাল, Slanting, not upright not straight not perpendicular not parallel —অসৎ অসরল, Not straitforword, underhand —সমগ্রস্থিত, Not direct in descent collateral *ad*=obliquely *Syn* —Inclined aslant indirect
Obliqueness, ob lēk'nes **Obliquity,** ob-lik'wi-ti, *n* বক্রতা কুটিল বা তির্য্যক গতি, A slanting direction —ভ্রান্তি ভ্রম Error, wrong —অনিয়ম, অন্যায়াচরণ Irregularity
Obliterate, ob lit'er āt, *v. t* [L *ob* and *litera*, letter] লোপ কৃ নিঃশেষ কৃ ধ্বংস-কৃ মুছিয়া ফেলা To blot out to destory to rub out *n*=obliteration *Syn* —Efface expurge, cancel [অপসারিত-কৃ।
Obliterate from the memory—স্মরণপথ হইতে
Obliteration, *n* লোপ বিলোপ ক্ষয় ধ্বংসসাধন, A botting or wearing out extinction
Oblivion, ob live-un *n* [L *oblivio* from *obliviscí*, to forget] বিস্মৃতি Forgetfulness, loss of remembrance —সাধারণ ক্ষমা, General pardon amnesty [gotten
Be buried in oblivion—ভুলিয়া যাওয়া Be for-
Oblivious, ob liv us *a* স্মৃতিহর বিস্মৃতিজনক, Forgetful *ad*=obliviously *n*=obliviousness
Oblong, ob'long *n* [L *ob* over and *longus*, long] আয়তক্ষেত্র Four-sided figure longer than broad any oblong figure —*a* দীর্ঘ চতুরস্র, আয়তাকার, Longer than broad
Obloquy ob'lō kwe *n* [L *obloqui*, to speak against] নিন্দা, ভর্ৎসনা, Censure calumny. *Syn* —Reproach odium contumely, gainsaying reviling, slander detraction, dishonour, disgrace shame infamy
Obnoxious, ob nok'shus, *a* [L *ob*, and *noxius* hurtful] অধীন Liable, subject —ঘৃণ্য, ঘৃণাজনক, নিন্দনীয়, গর্হিত, Offensive, hateful, blameworthy, unpopular. *n*=obnoxiousness. *ad*=obnoxiously *Syn* —Exposed, reprehensible, blameworthy, odious, unpleasing.

Obnoxious to—কাহারও বিরক্তি বা ঘৃণার বিষয়; Offensive or odious to.

Obolus, *n.* প্রাচীন মুদ্রা ও ওজন পরিমাণ বিশেষ; An ancient weight and coin.

Obscene, ob-sēn, *a.* অশ্লীল; অপবিত্র; কুৎসিত; অপ্রীতিকর; Lewd; filthy; indelicate; unchaste; disgusting. *n*=obscenity. *ad*=obscenely. *Syn* —Indecent, unchaste, impure, immodest, licentious, ribald, gross, foul. [বিত্রতা; Lewdness.

Obsceneness, Obscenity, *n.* অশ্লীলতা; অপ-

Obscurant, *n.* যে অন্ধকারময় করে; যে লেখক জ্ঞানালোকের উন্নতি রোধ করে; One who obscures; a writer who hinders the progress of enlightenment. *n*=obscurantism. [obscuring.

Obscuration, *n.* তমসাচ্ছন্নতা; The act of

Obscure, ob-skūr', *a.* অন্ধকারযুক্ত; অন্ধকারময়; Dark; dusky; gloomy:—অপ্রসিদ্ধ; অজ্ঞাত; অগণ্য; Retired; unknown:—দুর্বোধ্য; অস্পষ্ট; Not easily understand; not clear or legible:—সামান্য; নীচ; Humble:—*v. t.* মেঘাচ্ছন্ন-কৃ; অন্ধকারময়-কৃ; To darken:—অস্পষ্ট-কৃ; To make less plain. *n*=obscuration, *ad*=obscurely. *Syn* —(*a*) Shadowy, murky, dim, darksome, indistinct, defective; mean, low, undistinguished, inglorious, mysterious, recondite, uncertain, doubtful, obstruse, difficult, illegible, unintelligible. (*v*) Cloud, shade, dim, conceal, eclipse.

Obscurity, ob-skūr'e-te, *n.* অন্ধকার; অন্ধকারময়তা; Darkness:—অস্পষ্টতা; দুর্বোধ্যতা; Unintelligibleness:—গুপ্তভাব; Privacy; hiddenness:—নম্রতা, Humility. *Syn*:—Dimness, gloom, shade; retirement, seclusion.

Obsequies, ob-sēkwe-us, *a.* [L. *obsequium*, compliance] অন্ত্যেষ্টিক্রিয়া; Funeral ceremonies. *Syn*:—Meanly submissive, deferential, cringing, sycophantic, servile.

Obsequious, ob-sē'kwe-us, *a.* আজ্ঞাকারী; আদেশানুবর্ত্তী; Meanly condescending; meanly complying; compliant to excess. *n*=obsequiousness. *ad*=obsequiously. *Syn*.—Servile, sycophantic, cringing, deferential.

Observable, ob-zérva-bl, *a.* দর্শনযোগ্য; পরিদর্শনযোগ্য; Worthy of observation. *ad*=observably, *n*=observableness.

Observance, ob-zervans, *n.* প্রতিপালন; ধর্ম্মকর্ম্ম অনুষ্ঠান; Performance of religious ceremonies —মনোযোগ; অভিনিবেশ; Attention:—পরিদর্শন, Act of observing with attention:—আচরণপদ্ধতি, Rule of practice. *Syn*:—Observation; celebration, performance; fulfilment, discharge, acquittal; ceremony, form, rite.

Observant, ob-zervant, *a.* মনোযোগী; অভিনিবিষ্ট, লক্ষ্যকারী, Taking notice; adhering to; carefully attentive; mindful. *Syn*:—Watchful, heedful; obedient, submissive.

Observation, ob-zervā-shun, *n.* মনোযোগ; অভিনিবেশ; পর্যবেক্ষণ; নিরীক্ষণ; Attention:—ধর্ম্মক্রিয়ার অনুষ্ঠান; মন্তব্য: Remark:—পালন; Performance of what prescribed; observance:—পর্যবেক্ষণ; নৈসর্গিক ঘটনার প্রতি সাভিনিবেশ লক্ষ্য; Act of recognising and noting some fact or occurrence in nature. *Syn*:—Observance, cognition; notice; comment, animadversion, note.

Observational, *a.* মন্তব্য-ঘটিত; মন্তব্য-সম্বলিত; Consisting of, or containing, observations or remarks.

Observator, *n.* পর্য্যবেক্ষক; মন্তব্যকারক; A remarker.

Observatory, ob-zérva-tor-i, *n.* মান-মন্দির; পর্য্যবেক্ষণিকা; Place or building for looking out or observing the stars.

Observe, ob-zerv, *v. t.* [L. *ob*, and *servare*, to keep] অবলোকন-কৃ; লক্ষ্য-কৃ; To see or behold with attention; to pay attention to; to keep in view:—মনোযোগ-দে; অবধান-কৃ; To notice:—পালন-কৃ; To celebrate; to keep; to obey:—সমালোচনা-কৃ; মন্তব্য প্রকাশ-কৃ; To remark:—*v. i.* মনোযোগ-দে; লক্ষ্য রাখা; To attend; to remark. *n*=observer. *Syn*:—Note, watch, eye; heed, fulfil, perform, follow, comply with; celebrate, remember, solemnize; comment, say, make a remark.

The observed of all observers—যাঁহার দিকে সকলের চক্ষু যায়, যিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন; The cynosure of all eyes, one who attracts the attention of all men.

Observer, *n.* দর্শক; Spectator.

Observing, ob-zérving, *a.* মনোযোগী; Attentive. *ad*=observingly. [duced by volcanoes.

Obsidian, *n.* কাচ বিশেষ; A kind of glass pro-

Obsolescent, ob-so-lesent, *a* [L. *ob*, and *soleo*, to be wont] অপ্রচলিত হইয়া উঠিয়াছে এরূপ; Going out of use.

Obsolete, obsō-lēt, *a.* গত ব্যবহার; অতীত প্রয়োগ; অপ্রচলিত, অস্পষ্ট; Gone out of use, antiquated; obscure. *n*=obsoleteness. *Syn*.—Ancient, old-fashioned, disused, neglected.

Obstacle, obsta-kl, *n* [L. *obstaculum*, from *obstare*, to stand against] বাধা, বিঘ্ন; ব্যাঘাত; প্রতিবন্ধক, Obstruction; hinderance. *Syn*:—Impediment, interruption, barrier, stumbling-block, difficulty.

Obstetric, ob-stetrik, **Obstetrical,** ob-stetrik-al, *a.* [L. *ob*, before, and *sto*, to stand] ধাত্রীবিদ্যাসম্বন্ধীয়, ধাত্রীবিদ্যা-বিষয়ক; Pertaining to mid-wifery. [in obstetrics.

Obstetrician, *n.* ধাত্রীবিদ্যা-বিশারদ, One skilled

Obstetrics, ob-stet'riks, *n.* ধাত্রীবিদ্যা, The science of mid-wifery.

Obstinacy, obste-nas-e, **Obstinateness,** obsti-nāt-nes, *n.* একগুঁয়েমি; অবিচলনীয় স্থিরতা; Stubbornness; excessive firmness. *Syn*:—Pertinacity, firmness, persistency, perverseness, contumacy.

Obstinate, obste-nāt, *a.* [L. *ob*, in the way of, *sto*, to stand] একগুঁয়ে; দুর্দ্দম্য; অদমনীয়; Stubborn; wrong headed; not yielding. *ad*=obstinately. *Syn*:—Immovable, firm, resolute, pertinacious, headstrong, dogged, refractory, perverse, contumacious.

Obstreperous, ob-strep'er-us, *a.* [L. *obstrepere*, to make a noise at] কোলাহলকারী; শব্দবহুল, Clamorous; loud, noisy. *ad*=obstre-

perously. *Syn* :—Uproarious, vociferous, boisterous.

Obstruct, ob-strukt', *v. t.* [L. *ob*, and *struere*, to pile up] রোধ-কৃ ; বদ্ধ-কৃ ; To block up :—বাধা-দে ; মন্থর-কৃ ; To hinder ; to retard. *Syn* :—Bar, barricade, clog, choke, impede, interrupt.

Obstruction, ob-strukshun, *n.* বাধা ; বিঘ্ন ; প্রতিরোধ ; Obstacle ; impediment. *Syn* :—Embarrassment, bar, barrier, hinderance.

Obstructive, ob-strukt'iv, *a.* বাধক ; বাধাজনক ; প্রতিরোধক ; Hindering. *ad*=obstructively.

Obstruent, obstrōō-ent. *a.* রোধকারী ; প্রতিরোধক ; বাধক ; Blocking up ; hindering :—*n.* দেহাভ্যন্তরস্থ স্বাভাবিক-মার্গ-রোধক ; Anything that obstructs the natural passages in the body.

Obtain, ob-tān', *v. t.* [L. *ob*, and *tenere*, to hold] উপার্জ্জন-কৃ ; অর্জ্জন-কৃ ; লাভ-কৃ ; পাওয়া ; To get ; gain ; win ; earn ; procure :—*v. i.* প্রচলিত-হ ; স্থিত বা বিদ্যমান থাকা ; সফল-হ ; To be established ; to be prevalent ; to subsist ; to succeed. *Syn* :—Attain, acquire, procure, secure, achieve.

Obtain or gain the ear—মনোযোগ আকর্ষণ-কৃ. To induce one to listen ; to get one's attention.

Obtainable, ob-tāna-bl, *a.* যাহা পাওয়া যায় ; প্রাপ্য ; অর্জ্জনীয় ; That may be procured or acquired , capable of being obtained.

Obtrude, ob-trōōd', *v. t.* [L. *ob*, and *trudere* to thrust] বিনা প্রার্থনায় প্রবেশ-কৃ , অনাহূত হইয়া প্রবেশ করান ; To thrust in upon when not wanted ; to offer with unreasonable importunity :—*v. i.* উপর পড়া-হ ; To thurst or be thrust upon ; to intrude. *n*=obtrusion. *Syn* :—Foist in, press in ; encroach, infringe, trespass, trench

Obtrude on or upon—কেহ জানিতে চাহে না তথাপি নিজের মতাদি তাহার ঘাড়ে চাপান ; Force one's (opinions or remarks) upon (another with unreasonable importunity).

Obtrude oneself upon—কাহারও ইচ্ছার বিরুদ্ধে বা আহূত না হইয়াও তাহার নিকট আসা ; Come to a person (uninvited or against his will).

Obtruding, Obtrusion, *n.* ইচ্ছার বিরুদ্ধে প্রবেশ ; A thrusting in or upon against the will of.

Obtrusive, ob-trōōsiv, *a.* ধৃষ্ট ; Disposed to thrust oneself among others ; bold. *ad*=obstrusively.

Obtuse, ob-tūs, *a.* ভোঁতা ; নিস্তেজ ; নিষ্প্রভ ; জড় ; Not pointed ; stupid ; dull ; unintelligent ; stolid :—স্থূল (কোণ) ; Greater than a right angle. *n*=obtuseness, *ad*=obtusely.

Obverse, *n.* প্রধান চিহ্নাঙ্কিত মুদ্রা-পৃষ্ঠ ; The face of a coin containing the head or principal symbol :—*a.* অগ্রভাগ অপেক্ষা তলদেশ স্বল্পতর ; Having the base narrower than the top. *ad*=obversely.

Obviate, obve-āt, *v. t.* [L. *ob*, against, and *via*, way] নিবারণ-কৃ ; দূর-কৃ ; পরিহার-কৃ ; To remove, to prevent. *n*=obviation. *Syn* :—Preclude, turn aside ; provide against.

Obvious, obve-us, *a.* স্পষ্ট ; সুস্পষ্ট ; Manifest ; evident :—অধীন ; Liable ; subject. *ad*=obviously. *n*=obviousness. *Syn* :—Visible, plain, clear, apparent, patent, palpable, distinct, explicit, open.

Obvolute, *a.* পর্য্যায়ক্রমে পরস্পরকে বিজড়িত করিতে পারে এ ভাবে সজ্জিত ; Arranged so as alternately to overlap.

Occasion, ok-kāzhun, *n.* [L. *occasio*, from *occidere, occasum*, to fall down] সুযোগ ; সুবিধা ; Opportunity :—নিমিত্ত ; Incidental cause :—প্রয়োজন ; Need :—ঘটনা : Incident ; occurrence :—*v.t.* উৎপাদন-কৃ ; কারণ স্বরূপ-হ ; প্রবৃত্ত-কৃ ; To cause ; to influence. *Syn* :—(*n*) Occurrence, casualty, event ; conjuncture, opening, room, time ; exigency, necessity ; cause, ground, reason.

Occasion for—প্রয়োজন ; Necessity for.

On occasions—সময়ে সময়ে ; Occasionally :—আবশ্যক মত ; When necessary. [an opportunity.

Take occasion—ইত্যবসরে কিছু করা ; Seize

Occasional, ok-kāzhun-al, *a.* সাময়িক ; মধ্যে মধ্যে লক্ষিত ; ঘটনাক্রমে উপস্থিত ; Occuring only at times ; causual. *ad*=occasionally. [The west.

Occident, oksi-dent, *n.* পশ্চিম ; প্রতীচী ;

Occidental, oksi-dental, *a.* পশ্চিমদিকস্থ ; Western. *ad*=occidentally.

Occipital, *a.* মস্তকের পশ্চাদ্ভাগ সম্বন্ধীয় ; Pertaining to the back part of the head.

Occiput, o'ksi-put, *n.* [L. *ob*, against, *caput*, head] মস্তকের পশ্চাদ্ভাগ ; The back part of the head or skull—opposed to simiput. *a*=occiputal.

Occult, ok-kult', *a* [L. *occultus*, *pp.* of *occulere*, to cover up] গুপ্ত ; গূঢ় ; অজ্ঞাত ; Hidden ; secret ; unknown. *n*=occultness, *ad*=occultly. *Syn* :—Invisible, unrevealed, latent ; recondite, mysterious.

Occult sciences—গুপ্ত বিদ্যা ; Magic, alchemy and astrology, so called because they were occult or hidden.

Occultation, ok-kul-tāshun, *n.* গুপ্তভাব ; লুক্কায়ন , Hiddenness ; darkening of a planet by another body. [করণ ; Possession ; tenancy.

Occupancy, o'kū-pan-si, *n.* অধিকার ; অধিকার-

Occupant, okū-pant, *n.* অধিকারকারক ; অধিকারী ; One who has possession.

Occupation, ok-ū-páshun, *n.* ভোগ ; অধিকার ; Possession :—বৃত্তি ; Mode of livelihood ; calling :—ব্যাপার ; ব্যবসায় ; কাজ ; Business ; employment. *Syn* :—Occupancy, holding, tenure, use, employment, trade, pursuit, avocation. [an occupant.

Occupier, *n.* ব্যবসায়ী ; অধিকারী ; A tradesman ;

Occupy, okū-pī, *v. t.* [L. *ob*, and *capio*, to take] অধিকারে রাখা , অধিকার-কৃ ; To hold possession of ; to possess :—পূর্ণ-কৃ , To cover or fill :—নিযুক্ত কৃ ; To employ :—*v. i.* অধিকার-কৃ ; বাণিজ্য-কৃ ; To hold possession ; to trade. *Syn* :—Possess, keep ; use, cover, fill, take up ; busy, engage. [busied with.

Occupy one's self with—ব্যস্ত-হ ; Be

Occur, ok-kur', *v. i.* [L. *ob*, and *currere*, to to run] এখানে সেখানে দেখিতে যায় ; ইতস্ততঃ দৃষ্ট-হ ; To be found here and there :—সংঘটিত-হ ; ঘটে ; উপস্থিত-হ ; To happen ; to take place ; to appear :—মনোমধ্যে উপস্থিত-হ ; মনে উদিত-হ ; To come into the mind. [in one's mind.

Occur to—কাহারও মনে উদয়-হ ; Come to or arise

Occurrence, ok-kur'ens, *n.* ঘটনা ; ঘটনাক্রমে উপস্থিতি ; Incident ; occasional presentation *Syn* :—Event, circumstance, fact, accident, casualty, adventure, affair.

Occurrent, *a.* আকস্মিক ; ঘাটনিক ; Incidental ; accidental :—*n.* আকস্মিক ঘটনা ; An occurrence or incident.

Ocean, ō'shun, *n.* মহাসাগর ; Great body of the sea :—*a.* মহাসাগরীয় ; Pertaining to the great sea.

Oceania, *n.* A division of the globe, comprehending the islands in the Pacific.

Oceanic, ō-she-anik, *a.* সমুদ্রসম্বন্ধীয় ; সমুদ্রে প্রাপ্ত বা স্বষ্ট ; মহাসাগরীয় ; Pertaing to, found or formed in the ocean.

Ocelot, *n.* দক্ষিণ আমেরিকার ব্যাঘ্র বিশেষ ; A carnivorous mammal.

Ochlocracy, ok-lokra-si, *n.* [Gr. *ochlos*, the mob, and *kratos*, rule] প্রজাতন্ত্র . A government by the populace. *a*=ochlocratic, ochlocratical , *ad*=ochlocratically.

Ochraceous, ō-krā'shus, *a.* গৈরিকবর্ণ . Of an ochre colour.

Ochre, Ocher, ō'kėr, *n.* [G. *ochros*, pale-yellow] গেরিমাটি বিশেষ , গৈরিক , A coloured clay containing iron.

Ochreous, Ochry, *a.* গৈরিকময় , গৈরিকগর্ভ , গৈরিকসদৃশ , Consisting, of, containing, or resembling, ochre.

Octagon, okta-gon, *n.* [Gr. *okta*, eight, *gonia*, an angle] অষ্টভুজ , অষ্টভুজ সামতলিক ক্ষেত্র , A plane figure of eight sides. *a*=octagonal.

Octahedron, ok-ta-hē'dran, *n.* [Gr. *okto*, eight, and *hedra*, a base] সমাষ্টপার্শ্ব ঘনক্ষেত্র . অষ্টাস্র ; Solid of 8 sides, each three cornered *a*=octahedral

Octangular, ok-tang'gular, *a.* অষ্টকোণবিশিষ্ট , অষ্টকোণী , Having eight angles.

Octant, *n.* বৃত্তের অষ্টমভাগ , The eighth part of a circle

Octave, oktāv, *a.* [L *octo*, eight] অষ্ট , Consisting of eight —*n* অষ্টম , An eight .—কোন উৎসবের পর অষ্টম দিবস বা অষ্টাহ The 8th day or 8 days after a festival, including the festival :—অষ্টমভাগ , The eighth.

Octavo, ok-tāvō, *a* আটপেজি , Having eight leaves to the sheet :—*n.* আটপেজী গ্রন্থ , A book having eight leaves to the sheet , contracted 8 vo. *pl*=octavos.

October, ok-tō'bėr, *n.* দশম মাস ; The tenth month of the year

Octodecimo, ok-to des'i-mō, *a* [L *octo*, eight and *decem*, ten] আঠার পেজী ; Having eighteen leaves to the sheet , contracted 18 mo

Octogenarian, Octogenary, *n.* অশীতিবর্ষীয় লোক , A person eighty years of old.

Octogenary, ok-toje-nar-i, *a.* [L. *octogeni*, eighty each] অশীতিবর্ষ বয়স্ক ; Of eighty years of age.

Octopod, okto-pod, **Octopus,** okto-pus, *n.* [Gr. *okto*, eight, *pous*, *podos*, foot] অষ্টপদবিশিষ্ট জন্তু . An animal having eight feet or legs.

Octoroom, ok-to-rōōm, *n.* সন্তান বিশেষ , The offspring of a quadroon and a white person.

Octosyllabic, *a.* অষ্ট সিল্যাবল্‌বিশিষ্ট , Consisting of eight syllables.

Ocular, okū-lar, *a.* [L. *oculus*, eye] চক্ষুগোচরে ; চাক্ষুষ ; প্রত্যক্ষ ; Depending on or known by the eyes. *ad*=ocularly.

Oculist, okū-list, *n.* নেত্ররোগ চিকিৎসক ; অক্ষিচিকিৎসক ; One skilled in eye-disease.

Odalisque, *n.* তুরস্ক-সুলতানের বাঁদী : A female slave in the harem of the Turkish Sultan.

Odd, od, *a.* [W. *od*, singular] বিষম ; বিজোড় ; একাকী বা একাকিনী , Not even ; not divisible without a remainder :—অপরূপ ; অসাধারণ ; অদ্ভুত ; Strange, peculiar ; whimsical :—যৎসামান্য ; Trifling. *n*=oddness. *Syn* :—Uneven, unmatched ; supernumerary, redundant ; quaint, unusual, queer, eccentric, singular.

Odd-fellow, odfel-ō, *n.* অনামখ্যাত গুপ্ত হিতচিকীর্ষু সমাজের সভ্য , A member of a secret society, established for mutual aid and social enjoyment.

Oddity, odi-ti, *n.* অদ্ভুতত্ব , অপরূপত্ব ; অসাধারণত্ব ; Strangeness ; unlikeness ; singularity :—অপরূপ ব্যক্তি বা বস্তু , A singular person or thing.

Odds, ods, *n.* আধিক্য , Excess :—বৈষম্য , প্রভেদ অন্তর , Inequality —সুবিধা , শ্রেষ্ঠতা ; Advantage , superiority —বিবাদ , Dispute :—অবশেষ ; সামান্য খণ্ড ; Remnants.

At odds—পরস্পর বিরোধ ; At variance :—কোন কোন অংশে হীন থাকিয়া ; সমান সুবিধা না থাকিলেও , Being at a disadvantage

Odds and ends—অবশিষ্টাংশ ; টুকরা টাকরা , Scrapes ; refuse , fragments , remains ; that which is left , remnants , stray articles ; bits :—নানাপ্রকার বিষয় , Miscellaneous subjects.

The odds are against one—অনুকূল পক্ষ অপেক্ষা প্রতিকূল পক্ষ অধিক , There are more against one than on the side of one, the chances are against one.

Ode, ōd, *n.* গান , গীতকাব্য , গাথা , A song ; a lyrical poem

Odious, ō'de-us, *a* [L. *odiosus*, from *odium*, hatred] ঘৃণার্হ , ঘৃণিত , বিরক্তিকর , বিতৃষ্ণাজনক , অপ্রীতিকর , Offensive , hated , repulsive. *n*=odiousness, *ad*=odiously. *Syn* —Abominable, loathsome, hateful, detestable, disgusting invidious.

Odium, ō'de-um, *n.* [L *odi*, *odisse*, to hate ঘৃণা , Hatred , invidiousness , offensive. *Syn* :—Abhorrence, detestation, antipathy, dislike ; disapprobation, censure, condemnation ; disgrace, dishonour, shame, obloquy.

To bear odium—ঘৃণাভাজন-হ , কলঙ্কভাগী-হ ।

Odometer, *n.* শকটের গতিমান যন্ত্র বিশেষ ; An instrument attached to the wheel of a carriage, to measure the distance passed over, by marking the number of revolutions of the wheel.

Odontalgia, *n.* দন্তশূল , Toothache.

Odontology, ō-don-tolo-ji, *n.* [Gr. *odons*, *odontos*, a tooth ; and *logos*, science] দন্তবিষয়ক বিজ্ঞান , The science which treats of the teeth.

Odoriferous, ō-dur-if-ėr-us, *a.* [L. *odor*, odour, and *fero*, to bear] সুবাসিত , সুগন্ধি ; Fragnant , perfumed. *ad*=odoriferously.

Odorous, ō'dur-us, *a.* [L. *odorus*, from *odor* colour] সুগন্ধি ; সুরভি , Sweet-smelling ; fragrant aromatic , perfumed *ad*=odorously.

Odour, ō'dur, *n.* সুগন্ধ , গন্ধ , Perfume , smell [scent

Be in bad odour—অপ্রিয়-হ ; Be unpopu'ar ; be disliked ; be ill spoken of ; be out of favour.

Odourless, ō'dur-les, *a.* নির্গন্ধ ; গন্ধবিহীন ; Without odour.

O'er, ōr, Contracted from over.

Oesophagus, *n* অন্ননালি ; Gulle ; esophagus.

Of, ov, *prep.* হইতে ; From or out from :—সম্বন্ধ বোধক ; Belonging to ; denoting relation :—হইতে, Out of :—হইতে, Proceeding from :—মধ্যে, Among :—সম্বন্ধে ; Concerning.

A vessel of clay—মৃন্ময়পাত্র ।

Of course—অবশ্য, In due order.

Of itself—আপনাআপনি · নিজে নিজে ; Alone :—Without any one applying a force or impelling.

Of late—অধুনা ; Lately.

Of old—পূর্ব্বে ; Formerly.

Off, of, *ad.* দূরে ; হইতে ; বাহিরে ; Noting separation or distance ; from ; away ; away from :—*a.* দূরবর্ত্তী ; দূরতম ; Furthest :—*prep.* দূরে ; বাহিরে ; Distant from :—*int.* দূর হও ; চলিয়া যাও ; Away ; depart.

Be off—চলিয়া যাওয়া ; Go away.

Come off—পলায়ন-কৃ ; Escape :—ঘটা ; Take place.

Got off—পলায়ন-কৃ, Escape.

Go off—প্রস্থান-কৃ, To depart.

Ill or badly off—দরিদ্র ; In a state of poverty.

Off and on—মধ্যে মধ্যে থাকিয়া ; থাকিয়া ২ ; আসচে যাচ্চে ; Now and then ; at intervals ; occasionally.

Take off—নকল-কৃ · Mimic :—লইয়া যাওয়া, Take away.

Well off—ধনী ; In good circumstances.

Offal, of'al, *n* উচ্ছিষ্ট, অকিঞ্চিৎকর দ্রব্য ; পরিত্যক্ত মাংস ; Refuse ; anything worthless ; waste meat *Syn* :—Garbage, carrion ; rubbish, dregs.

Offence, of-fens, *n.* অপরাধ ; দোষ ; পাপ ; Crime ; fault ; sin :—বিরাগ, Displeasure ; resentment :—অপমাননা ; অপমান ; Affront, insult *Syn* :—Attack, assault ; anger, wrath, indignation, umbrage ; injury, injustice, wrong, insult, indignity, outrage, affront ; misdeed, transgression, misdemeanour, trespass, delinquency.

Take offence—দোষ গ্রহণ-কৃ ।

Offend, of-fend, *v. t.* [L. *ob*, against, *fendo*, to strike] পীড়া-দে ; অসন্তুষ্ট-কৃ, কুপিত-কৃ ; To annoy ; to displease, to wound :—*v.i.* বিরক্ত-হ ; অপরাধ-কৃ ; পাপ-কৃ ; ক্রোধের কারণ-হ ; To transgress ; to sin, to take offence. *Syn* :—Affront, vex, irritate ; shock, wound, pain, grieve ; do wrong, err.

Offend against—নিয়ম উল্লঙ্ঘন-কৃ ; Transgress, sin against.

Offender, *n.* অনিষ্টকারক ; অপরাধী ; পাপাচারী ; A criminal, a trespasser.

Offensive, of-fen'siv, *a.* অপ্রীতিকর ; অসন্তোষক ; Displeasing ; disagreeable :—পীড়াকর ; অনিষ্টকর ; Injurious :—প্রথম আক্রমণকারী ; Making the first attack :—আক্রমণকারীর অবস্থান ; The posture of one who attacks. *n*=offensiveness, *ad*=offensively. *Syn* :—Offending, assailing, invading ; distasteful ; obnoxious, abhorrent, disgusting ; impertinent, rude, saucy, insulting, insolent, abusive, scurrilous.

Act on the offensive—আক্রমণ-কৃ ; To be the attacking party.

Assume the offensive—আক্রমণকারী হওয়া ; Be the aggressor.

Offensive to the ear—শ্রুতিকটু ।

Offer, of'er, *v. t.* [L *ob*, and *ferre*, to bear, bring] প্রস্তাব-কৃ ; To make a proposal to :—চেষ্টা-কৃ ; To attempt :—উপহার-দে ; দেবোদ্দেশে প্রদান-কৃ ; To present in prayer or worship :—দিতে চাহা ; To propose to give :—ব্যবহার-কৃ ; To make use of :—*v. i.* উপস্থিত-হ ; নিকটবর্ত্তী-হ ; To present itself ; to be at hand :—অঙ্গীকার-কৃ ; To volunteer ; to promise :—*n.* প্রস্তাব ; A first advance ; proposal :—বিবাহ প্রস্তাব ; Wedding proposal :—প্রস্তাবিত মূল্য ; Price bid :—চেষ্টা ; Endeavour. *Syn* :—(*v*) Exhibit, tender, extend, show, hold out, proffer ; furnish, give ; propose, propound, bid ; sacrifice, immolate. (*n*) Overture, tender, proffer, proposition, bid.

Offer up—আরাধনা-কৃ ; Make a prayer so that it may go up to heaven.

Offer violence, *v. t.* আক্রমণ-কৃ ; To assault ; to assail with hostile intent :—বলাৎকার-কৃ ; To commit rape.

Offerable, of'ėr-a-bl, *a.* প্রস্তাবযোগ্য ; উপস্থাপনযোগ্য ; That may be offered ; capable of being offered.

Offering, of'ėr-ing, *n.* উপহার ; বলি ; Presentation ; gift, sacrifice, oblation.

Offhand, of'hand, *ad.* অবিলম্বে ; কোনরূপ দ্বিধা না করিয়া ; না ভাবিয়া চিন্তিয়া ; Promptly ; without hesitating, without study or preparation :—*a.* তাৎক্ষণিক কৃত বা কথিত ; Done or said on the spur of the moment.

Office, of'is, *n.* [L. *ob*, and *facere*, to make or do] কর্ম্ম, কার্য্য ; Duty ; work ; business ; service, employnent :—উপাসনা-পদ্ধতি ; উপাসনা ; পূজাপদ্ধতি ; Act of worship ; formulary of devotion :—কার্য্যালয় ; কার্য্যস্থান ; A place of business :—বিশেষ ব্যবহার ; Peculiar use :—হিতকর বা অহিতকর কার্য্য ; Act of good or ill :—*pl.* রন্ধনশালা ; গৃহব্যাপার সমাধানার্থ গৃহের বিভিন্ন প্রকোষ্ঠ ; Kitchen &c ; the apartments of a house in which the domestics discharge their duties. *Syn* :—*Employment*, function, trust, commission, station, post, situation, place, bureau, counting-room.

Good office—উপকার ।

Office-bearer, of'is-bār'ėr, *n.* কর্ম্মচারী ; One who holds an office.

Officer, of'e-ser, *n.* কর্ম্মচারী ; One who holds an office ; one who performs some public office :—*v. t.* কর্ম্মচারী যোগায় ; নেতৃত্ব-কৃ ; To furnish with officers ; to command as officers. *Syn* :—Official, functionary, magistrate.

Official, of-fish'al, *a.* পদ-পরিচায়ক ; সরকারী ; কর্ম্মচারী কৃত ; Done by virtue of an office or in the character of an officer, made by authority :—*n.* কর্ম্মচারী ; অধীন রাজকর্ম্মচারী ; One who holds an office ; a subordinate public officer. *ad*=officially

Official assignee, *n.* Public assignee in bankruptcy.

Official manager, *n.* Officer appointed to wind up a joint stock company

Officiate, of-fish'i-āt, *v. i.* প্রতিনিধির কার্য্য-কৃ ; প্রতিনিধিত্ব-কৃ ; To perform official duties for another,

Officinal, of-fisin-al, *a.* [L. *opus*, work, and *facio*, to do] *a.* দোকানসম্বন্ধীয় ; Belonging to a shop :—ভেষজ-গ্রন্থের ব্যবস্থানুসারে প্রস্তুত করিয়া ব্যবহারার্থে রক্ষিত ; Denoting an approved medicine, kept prepared by apothecaries.

Officious, of-fishe-us, *a.* অনধিকারচর্চ্চী ; প্রগল্ভ ; Meddling ; obtrusive ; assuming. *n*=officiousness. *ad*=officiously. *Sny* :—Impertinent, meddlesome, busy, pragmatical ; kind, obliging.

Offing, of'ing, *n.* তীর হইতে দূরস্থ সমুদ্রভাগ ; কূল হইতে দূরস্থিত গভীর-জল সাগরাংশ ; The part of the sea which is at a good distance from the shore , a part of the sea with deep water off from the shore.

Offscouring, of'skowr-ing, *a.* উচ্ছিষ্ট ; পরিত্যক্তাংশ ; আবর্জ্জনা ; Refuse ; anything vile or despised.

Offset, of'set, *n.* অঙ্কুর ; Sprout, shoot of a plant :—তুল্যরূপে স্থাপিত রাশি ; A sum or value set off against another as an equivalent :—*v. t.* তুল্যমূল্য রূপে স্থাপন-কৃ ; To place against as an equivalent.

Offshoot, of'shōōt, *n.* শাখা , Off-set ; anything growing out of another.

Offspring, of'spring, *n.* সন্তানসন্ততি ; বংশাবলী ; A child or children. *Syn* :—Issue, progeny, descendants.

Oft, Often, of'n, *ad.* সর্ব্বদা ; পুনঃপুনঃ ; অনেকবার ; Freguently ; many times :—*a.* পুনঃপুনঃ কৃত , Frequent. *n*=oftenness. *Syn* :—Repeatedly, recurrently, not seldom.

Oftenness, of'n-nes, *n.* পৌনঃপুণ্য ; Frequency.

Oft times, of'tīmz, **Often times,** of'n-tīmz, *ad.* সর্ব্বদা ; পুনঃপুনঃ ; বারংবার ; Frequently ; many times.

Ogee, ō'jē', *n.* অট্টালিকা-প্রসাধন বিশেষ ; Wave-like architectural moulding with the convex part upwards.

Ogham, og'ham, *n.* প্রাচীন আয়র্লণ্ডবাসীদিগের লিপি-কৌশল বিশেষ ; A peculiar kind of writing in cipher, practised by the arcient Irish.

Ogle, ō'gl, *v. t.* কটাক্ষ-কৃ ; অপাঙ্গদৃষ্টি-কৃ ; To look at with side-glances :—*v.i.* To practise ogling :—*n.* কটাক্ষ ; অপাঙ্গদৃষ্টি ; আড়দৃষ্টি ; A side glance. *n*=ogler ; ogling.

Ogre, ō'gėr, *n.* রাক্ষস ; কাল্পনিক মনুষ্যাশী রাক্ষস ; A man-eating monster or giant of fairy tales. *fem*=ogress.

Ogreish, ō'gėr-ish, *a.* রাক্ষসপ্রকৃতি ; রাক্ষসাকার , Resembling an ogre in character or appearance.

Oh, ō, *int.* বিস্ময়, শোক বা যাতনাসূচক অব্যয় , Denoting surprise, sorrow, pain &c.

Oil, oil, *n.* তৈল ; A greasy liquid :—*v. t.* তৈল লেপন-কৃ ; তৈলাক্ত-কৃ ; Smear with oil ; anoint with oil.

As oil on the fire—জলন্ত অগ্নিতে ঘৃতের ন্যায় , Like oil put on fire, something highly exciting or provoking.

Oil one's palms—ঘুষ দেওয়া ; Bribe one.

Pour oil into fire—জলন্ত অগ্নিতে ঘৃত-দে ; Make matters worse ; highly excite.

Pour (or throw) oil on the troubled waters—রাগ পড়ান ; শান্ত-কৃ ; দেশ থামান ; To quiet a disturbed condition of affairs ; to heal dissenssions ; calm angry passions ; pacify matters ; concidiate parties.

Well oiled, *a.* নম্র ; Mild ; easy.

Oil-bag, oil'bag, *n.* জীবদেহের তৈলকোষ ; A bag or cyst in animals, containing oil.

Oil-cake, oil'kāk, *n.* খোল ; খইল ; Refuse after oil is pressed from flax seed.

Oil-cloth, oil'kloth, *n.* বস্ত্র বিশেষ ; Cloth covered with oil or paint ; a painted floor-cloth.

Oil-colour, oil'-kulur, *n.* রঙ্ করিবার বস্তু ; তৈল মিশ্রিত রং ; A colouring substance mixed with oil.

Oil-man, *n.* তৈল-বিক্রেতা ; কলু ; One who deals in oils.

Oil-merchant, Oil-factor, *n.* তৈল-বিক্রেতা ; Dealer in oil.

Oil-mill, Oil-press, *n.* তৈল-চক্র , ঘানী ।

Oil-lamp, *n.* দীপ ; One lighted by oil.

Oil-nut, oil-nut, *n.* উত্তর আমেরিকার তৈলোৎপাদী ফল বিশেষ ; Butter-nut of North America.

Oil-painting, oil'-pānt'ing, *n.* চিত্র বিশেষ ; তৈল চিত্র , Painting done with oil-colours.

Oilskin, oil'-skin, *n.* তৈল-লেপন হেতু জলনিবারক বস্ত্র ; Cloth rendered water-proof by oil.

Oily, oil'i, *a.* তৈলময় ; তেলাল ; তৈলবৎ , Greasy ; like oil :—আজ্ঞানুবর্ত্তী ; Supple ; compliant. *n*=oiliness.

Ointment, oint'ment, *n.* মলম , প্রলেপ ; Greasy stuff for smearing sores .—সুগন্ধি দ্রব্য ; A perfume.

Old, ōld, *a* বৃদ্ধ ; বয়োবৃদ্ধ ; Advanced in years ; fair in years , aged :—প্রাচীন , Not new ; out of date :—পুরাতন ; Ancient :—বহুকাল প্রচলিত , বহু-অভ্যস্ত ; বাগী , Long practised :—নিপুণ ; অভিজ্ঞ ; Skilled ; experienced :—দীর্ঘকালীন ; Existed long :—বর্ত্তমানকালে অপ্রচলিত ; Antiquated :—জীর্ণ ; Worn out ; decayed :—মন্দ , নীচ ; Bad , mean *n*=oldness. *Syn* :—Elderly ; pristine, original, primitive ; antique, obsolete.

Of old—পূর্ব্বে, Long ago, formerly :—পুরাকালে , In time long past.

Old as the hills—প্রাচীন , Very old

Old bachelor, *n.* অবিবাহিত পুরুষ , Elderly unmarried man.

Old comer, Old chum, *n* One who has arrived or settled some time.

Old continent, *n.* Europe, Asia and Africa.

Olden, ōldn, *a* প্রাচীন ; পুরাতন , Ancient ; old.

Old fashioned, *a.* অপ্রচলিত ; Out of fashion ; of obsolete fashion.

Oldish, ōld'ish, *a.* ঈষৎ প্রাচীন ; Somewhat old.

Old maid, *n.* অবিবাহিতা কন্যা ; Elderly unwedded maid.

Old nick, *n.* শয়তান ; The evil one.

Old school—প্রাচীন সম্প্রদায় , A school or party belonging to a former time, or having the character, manner, or opinion appropriate to a former time.

Old style—ইয়ুরোপীয় প্রাচীন পঞ্জিকাগণন-প্রণালী ; The mode of reckoning before 1752, according to the Julian calendar or year of 365¼ days.

Old world, *n.* Europe or the old continent :—*a.* উন্নতিহীন সেকেলে ; Like the old world ; unprogressive.

Oleaginous, ō-le-aj'in-us, *a.* [L. *oleum*, oil] তৈলময় ; তেলাল , Oily ; unctuous, *n*=oleaginousness.

Oleander, ō-le-ańdėr, *n.* মনোহর সুগন্ধি পুষ্প বৃক্ষ বিশেষ ; করবী ; An overgreen shrub. [olive.
Oleaster, ō-le-aśtėr. *n.* বৃক্ষ বিশেষ ; The wild
Oleiferous, ō-le-if'ėr-us, *a.* [L. *oleum*, oil, and *fero*, to bear] তৈলোৎপাদী ; Producing oil, as seeds.
Oleograph, ō'le-o-graf, *n.* [L. *oleum*, oil, and Gr. *graphō*, to draw] এক প্রকার তৈল-চিত্র ; A print in oil-colours to imitate an oil-painting.
Olfactory, ol-fak̍tor-i, *n.* [L. *oleo*, to smell, *facio*, to do] গন্ধবাহী ; ঘ্রাণসম্বন্ধীয় ; Pertaining to or used in smelling.
Oligarch, olˊi-gärk, *n.* অল্পসংখ্যক কতিপয় রাজ্য-শাসকের অন্যতম ; A member of an oligarchy.
Oligarchal, ol-i-gârk̍al, **Oligarchical,** ol-i-gärk̍-ik-al, *a.* কতিপয় লোক দ্বারা রাজ্যশাসন প্রণালী সম্বন্ধীয় ; দল সম্বন্ধীয় ; Pertaining to an oligarchy, cliquish.
Oligarchy, olˊi-gärk-i, *n.* [Gr. *oligos*, few, *arche*, rule] কতিপয় লোক দ্বারা শাসিত রাজ্য ; অল্প-সংখ্যক ব্যক্তি দ্বারা রাজশাসন-প্রণালী ; A state governed by a few ; clique. [ley , miscellany.
Olio, ō'li-ō, *n.* মিশ্রণ ; বিভিন্ন দ্রব্যের সমবায় ; Med-
Olivaceous, ol-i-vā'shus, *a.* অলিভবর্ণ ; অলিভের ন্যায় হরিদ্বর্ণ ; Olive-green.
Olive, olˊiv, *n.* বৃক্ষ বিশেষ, উহার ফল ও রং ; A tree, its fruit, its colour :—শান্তির লক্ষণ ; শান্তি, Emblem of peace ; peace.
Bear the olive—শান্তিসংস্থাপন-কৃ , Act the part of a peace-maker. [peace.
Olive branch, *n.* Branch of Olive, emblem of
Olive oil—জলপাই তৈল ।
Olla-podrida, *n.* ব্যঞ্জন বিশেষ, A favourite Spanish dish :—অসমঞ্জসমিশ্রণ বা বিবিধ দ্রব্যের সমবায়, Any incongruous mixture or miscellaneous collection. [of four years.
Olympiad, ō-lim̍pi-ad, *n.* চারি বৎসর ; A period
Olympian, ō-lim̍pi-an, *a.* অলিম্পস পর্বত সম্বন্ধীয়, Relating to Olympus.
Olympic, ō-lim̍pik, *a.* অলিম্পিয়া নগর সম্বন্ধীয় ; Denoting Greek games at Olympia, in honour of Jove.
Olympics, Olympic games, *n.* অলিম্পিয়ার জুপিটারের উদ্দেশে প্রতি চারি বৎসর অন্তর অনুষ্ঠিত ক্রীড়োৎসব বিশেষ ; Games celebrated every four years at Olympia.
Olynthics, *n.* The orations of Demosthenes, inducing the Athenians to form an alliance with Olythus against Philip of Macedon.
Ombre, om̍ber, *n.* [L. *homo*, a man] তাসখেলা-বিশেষ ; A game of cards usually played by three persons.
Omega, ō'meg-a, *n.* গ্রীক বর্ণমালার শেষাক্ষর, The last letter of the Greek alphabet :—শেষ ; The end. [made chiefly of eggs.
Omelet, Omelette, *n.* ডিমের বড়া ; A pancake
Omen, ō'men, *n.* নিমিত্ত ; চিহ্ন ; শকুন ; A foretaken, prognostic :—ভাবী ঘটনার লক্ষণ বা সূচনা, Sign or indication of some future event. *Syn* :—Presage, augury, portent ; premonition, foreboding, warning.
Omened, ō'mend, *a.* চিহ্নবিশিষ্ট ; ভাবী ঘটনার লক্ষণ বা সূচনাবিশিষ্ট ; Containing omens.
Omer, ō'mėr, *n.* ইহুদীদিগের পরিমাণ বিশেষ ; A Hebrew dry measure.
Ominous, om̍in-us, *a.* অমঙ্গলসূচক ; অশুভ ; অশুভ লক্ষণ ; Foreboding evil ; inauspicious. *n*=ominousness. *ad*=ominously. *Syn* :—Portentous, threatening, foreboding, premonitory.
Omissible, ō-miśi-bl, *a.* ত্যাগযোগ্য ; বর্জনীয় ; That may be omitted.
Omission, ō-mish̍un, *n.* ভুল ; কর্তব্য কর্মে অবহেলা বা ত্রুটি ; The act of omitting ; the neglect or failure to do something required. *Syn* :—Neglect, failure, default ; oversight.
Omissive, ō-miśiv, *a.* বর্জনশীল ; Leaving out.
Omit, ō'mit, *v. t.* [L. *ob*, and *mittere*, let go] ত্যাগ-কৃ ; বর্জন-কৃ ; উপেক্ষা-কৃ ; ছাড়িয়া-যা ; To leave out ; to neglect , to fail. *Syn* :—Not mention, overlook, miss, let slip, loose.
Omnibus, *n.* যান বিশেষ, সুবৃহৎ চারিচক্রবিশিষ্ট শকট ; A large four-wheeled vehicle for conveying passengers. *pl*=omnibuses.
Omnifarious, om-ni-fāri-us, *a.* [L. *omnis*, all and *various*, various] সর্ববিধ ; Of all kinds.
Omniferous, om-nif̍ėr-us, *a.* [L. *omnis*, all, *fero*, to bear] সর্বপ্রদ , Bearing or producing all varieties or kinds.
Omniparient, Omniparous, *a.* [L. *omis*, all, and *parere*, to produce] সর্বজননী ; Producing all things.
Omnipotence, Omnipotency, *n.* সর্বশক্তিমত্ব ; সর্বশক্তিমত্তা ; অসীমক্ষমতা ; Unlimited power ; all powerfulness.
Omnipotent, om-nip'o-tent, *a.* সর্বশক্তিমান ; Possessing unlimited power ; all powerful :—*n.* সর্বশক্তিমান ঈশ্বর ; The Omnipotent God. *ad*=omnipotently.
Omnipresent, om-ni-preśent, *a.* সর্বব্যাপী ; Present everywhere ; present in all places at the same time. *n*=Omnipresence.
Omniscient, om-nish̍ent, *a.* [L. *omnis*, all, and *scio*, to know] সর্বজ্ঞ , সর্বদর্শী ; All seeing ; infinitely wise. *n*=omniscience (সর্বজ্ঞতা) ; *ad*=omnisciently.
Omnium-gatherum, *n.* বস্তু বা ব্যক্তিসমূহের বিশৃঙ্খল মিশ্রণ ; A miscellaneous collection of things or persons. [everywhere.
Omnivagant, *a.* সর্বত্র বিচরণশীল ; Wandering
Omnivorous, om-niv̍or-us, *a.* [L. *omnis*, all, and *voro*, to devour] সর্বভুক ; আমিষ-নিরামিষ উভয়বিধ খাদ্য-ভোজী ; All devouring ; feeding on both animal and vegetable food.
Omphalic, *a.* [Gr. *omphalos*, the naval] নাভি-সম্বন্ধীয় ; Pertaining to the naval.
On, on, *prep.* উপরে ; উপরিভাগে ; Upon ; above and in contact with :—নিকটে , সন্নিহিত , Near to ; at :—পরে , Immediately after :—জন্য ; প্রতি ; অভিমুখে ; Towards, for :—অধিকন্তু ; In addition to :—*ad.* উপরে ; Above :—আগে ; অগ্রদিকে ; পুরোভাগে ; Forward :—*int.* চল ; অগ্রসর হও, Go on ; proceed.
Be on (one)—(কোন রোগে) আক্রান্ত-হ ; Seise (as a disease) :—কাহার ঘাড়ে পড়া ; Fall upon one.

On a sudden—হঠাৎ ; অকস্মাৎ , Suddenly.
On and on—ক্রমিকই ; Continuously.
On fire—জ্বলনাবস্থায় ; In a state of burning :—ক্রোধাবস্থায় ; In a rage or passion.
On high—উপরে ; Above.
On, on—চল চল (নিবৃত্ত হইও না) ; Advance [forward
On the alert—সতর্কাবস্থায় ; সাবধানে ; In a state of vigilance. [departing.
On the wing—উড়িতে উড়িতে , In flight ,
Onager, ona-jer, *n* [Gr. *onos*, ass, a *gros*, a field] মধ্য এসিয়ার বন্য গর্দ্দভ ; The wild ass of Central Asia.
Onanism, *n.* হস্তমৈথুন ; Masturbation.
Once, wans, *ad.* একবার ; একবার মাত্র ; একদা ; At one time ; a single time , at a former time :—*n.* একবার ; One time. [suddenly.
All at once—সহসা ; একদম ; Abruptly, quite
At once—অবিলম্বে ; তখনই ; Immediately ; without delay :—যুগপৎ , এককালে উভয় ; Both, at the same time
For once—অন্ততঃ একবার . For a single time at least , as an exceptional case.
Once and again—বারংবার ।
Once for all—একবার চিরকালের নিমিত্ত , Once and only once ; one for all time to come ; once for all occasions
Once on a time, Once upon a time—পূর্ব্বে , একদা , এক সময় , বহুকাল হইল , Formerly , at a period long past.
One, wun, *a.* এক , অবিভক্ত ; অবিভক্ত , Single , undivided , entire :—সেই , The same :—*n.* একত্ব ; Unity :—*pro.* অনির্দ্দিষ্ট কোন ব্যক্তি , A person, spoken of indefinitely *Syn* —(*a*) Individual , common, united. [in concord.
At one—একমত হইয়া , In union , in agreement ,
Be at one with—একমত-হ , Be in uniformity , be in union or agreement with
Have (something) **one**—পরিধান-ক , Wear.
One and all—প্রত্যেক ব্যক্তি , Every one
One and the same—সেই একই , সেইই , একই , Not different , identical , verily the same.
One another—পরস্পর , Used to denote a reciprocal or mutual relation.
One by one—একে একে , এক এক করিয়া ; One at a time ; one after another , separately.
One way or another—কোন উপায় দ্বারা , By some means [Consult one's interests.
Take care of number one—স্বার্থপর হওয়া ,
One-horse, *a.* এক অশ্বের দ্বারা চালিত , Drawn by a single horse—said of a vehicle.
Oneness, wunnes, *n.* অদ্বিতীয় ; একত্ব , Singleness ; unity.
Onerary, oner-ar-i, *a.* [L. *onus, oneris*, a burden] ভারবহনোপযোগী ভারবিশিষ্ট , Fitted or intended for the carriage of burdens , comprising a burden.
Onerous, oner-us, *a.* [L. *onerosus*, from *onus*, a load, burden] দুর্ব্বহ , ক্লেশকর ; পীড়াকর ; Burdensome ; oppressive. *ad*=onerously. *Syn* :—Toilsome, heavy, responsible, laborious, operose.
One-sided, wunsid-ed, *a.* অসমান ; একদেশদর্শী , পক্ষপাতী ; Limited to one side ; partial. *n*=onesidedness.
One's self—The person speaking.
Ongoing, ongo-ing, *n.* অগ্রগতি , কার্য্য-প্রণালী , ঘটনা , A going forward ; procedure ; event.
On-hanger, *n.* অধীনস্থ লোক ; One who attends or follows closely, as an idler ; a lounger—more usually—Hanger on.
Onion, unyun, *n.* পলাণ্ডু , পেঁয়াজ , A bulbus root.
On-looker, *n.* দর্শক , Spectator.
Only, onle, *a.* এক ; একমাত্র ; Single ; alone :—*ad.* কেবল , মাত্র ; Singly ; merely ; barely. *Syn* :—(*ad*) Solely, simply.
Onomatopœia, on-o-mat-o-pe'ya, *n.* [Gr. *onoma,—atos*, a name ; *poieo*, to make] অর্থানুকরণে শব্দ গঠন ; ঐরূপে গঠিত শব্দ বা পদ প্রয়োগ ; Use of a word or saying which has a like sound to the thing signified.
Onset, onset, *n* ভীষণ আক্রমণ ; অবরোধ ; Violent attack , assault *Syn* :—Charge, onslaught, assault, first brunt, storming.
Onslaught, onslawt, *n.* আক্রমণ , অবরোধ ; Onset , attack , assault
Ontologist, on-tolo-jist, *n* তত্ত্ববিদ্যাবিৎ , পদার্থবিজ্ঞানবিৎ , One versed in ontology
Ontology, on-talo-ji, *n* [Gr *on, ontos* being, and *logos*, discourse] তত্ত্ববিদ্যা , পদার্থবিজ্ঞান , Science of being , metaphysics *a*=ontologic, ontological, *ad*=ontologically.
Onus, *n* ভার , Burden
Onward, onward, **Onwards**, onwards, *a.* বর্দ্ধিত , বর্দ্ধমান , অগ্রবর্ত্তী , অগ্রগামী , Advanced , advancing —*ad* অগ্রে , সম্মুখদিকে , অগ্রাভিমুখে , In advance ; forward *Syn* —(*ad*) Progressively, ahead.
Onychia, *n* নখ-কোণ-প্রদাহ । [gem , an agate
Onyx, on-iks, *n* মণি বিশেষ , প্রস্তর বিশেষ , A
Oolite, o'o-lit, *n* [Gr *oon*, an egg, and *lithos*, stone] প্রস্তর বিশেষ , Limestone like roe of a fish.
Ooze, ooz, *n.* কাদা ; পঙ্ক Soft mud —ধীর প্রবাহ , Gentle flow —*v. i* চুয়াইয়া পড়া ; ক্ষরিত-হ , To flow gently , to percolate, as a liquid through pores :—*v. t.* চুয়ান , ক্ষরণ করান , To cause to flow or percolate ; drop, distil, shed ; exude, filter, strain
Oozy, oozi, *a* কর্দ্দমময় , পঙ্কিল , Miry ; slimy.
Opacity, o-pasi-ti, *n.* অস্বচ্ছতা ; আলোকহীনতা ; Want of transparency , opaqueness , obscurity.
Opah, *n.* মৎস্য বিশেষ ; A large seafish.
Opal, o-pal, *n.* মণি বিশেষ , বহুমূল্য প্রস্তর ; A mineral gem that has rainbow shifting tints.
Opalescent, *a.* অভ্যন্তর হইতে দুগ্ধবৎ জ্যোতির্বিকাশী , Reflecting a milky or pearly light from the interior. *n*=opalescence.
Opaque, o-pak, *a.* অস্বচ্ছ ; তমোময় , ছায়াময় ; Not transparent , dark ; shady. *n*=opaqueness.
Opaqueness, *n.* অস্বচ্ছতা ; Want of transparency.
Ope, *v. t.* and *v. i.* খোলা ; In poetry, to open.
Open, o'pen, *a.* উদ্ঘাটিত ; উন্মুক্ত ; Not shut , unclosed :—সুগম ; অবাধ ; Free of access ; accessible :—বৃক্ষবিরহিত , বৃক্ষবিহীন , Free from trees :

—প্রকাশিত ; Public :—সরল ; অকপট ; Frank, artless ; candid :—অমিমাংসিত ; অমীমাংসিত ; Unbalanced ; not settled :—অবনপর ; Listening :—নিবিষ্ট ; Attentive :—বিতর্ক্য ; Free to be discussed :—মেঘশূন্য ; তুষারাবদ্ধ ; Unclouded ; not fosty :—Without defence :—খাড়া ; অনাবৃত ; Liable ; exposed :—*v. t.* উদ্ঘাটিত-কৃ ; উন্মুক্ত-কৃ ; To make open ; to unclose :—প্রকাশ-কৃ ; দৃষ্টিগোচর-কৃ ; To disclose, reveal ; bring to view :—ব্যাখ্যা-কৃ ; To explain ; expound :—আরম্ভ-কৃ ; To begin ; commence :—*v. i.* উদ্ঘাটিত-হ ; উন্মুক্ত-হ ; To be unclosed :—আবির্ভাব-হ ; To appear :—আরম্ভ-হ ; আরম্ভ-কৃ ; To begin. *n*=openness ; opener. *ad*=openly. *Syn* :—(*a*) Unfolded, expanded, broad ; unreserved, ingenuous ; undisguished, unreserved, sincere, artless ; plain, evident, apparent ; exposed, unprotected, undefended ; unrestricted, clear, public ; unsettled, undetermined ; mild, not frosty. (*v*) Unbar, unlock, uncover, unseal, exhibit, interpret ; pierce, lance, spread, expand.

An open question—অনিশ্চিত বিষয় ; যে বিষয়ের মীমাংসা হয় না ; A point not settled by a decision.

An open secret, *n.* গুপ্ত বিষয় যাহা প্রকাশ হইয়াছে, গুপ্ত বিষয় কিন্তু তাহা অনেকেই জানে ; A secret which is suffered to ooze out, a secret that has become known to many.

Be open to—পথ খোলসা থাকা, Be free to be used, not closed to :—যেহেতু সহজে যাইতে পারে বা আপত্তি ইত্যাদি চলিতে পারে ; Be liable to an attack of any kind.

Be open to an impression—কোন বিষয় সহজে মনে প্রবিষ্ট করান যায় ; Be ready to receive ideas into the mind, be easily impressible.

Be open to conviction—বুঝাইলে বুঝে ; Be ready to receive some truth.

Lay open—প্রকাশ-কৃ ।

Open a door to—সহজ-কৃ ; Render easy ; prepare the way for

Open sesame, *n.* প্রবেশোপায়ের মন্ত্র স্বরূপ, A charm which opens something that is closed, means of admission, passport.

Open the ball—কার্য্যারম্ভ-কৃ ; To begin an enterprise.

Open the eye of, Open one's eyes to—কোন বিষয়ে কাহারও চক্ষু ফুটাইয়া-দে, To make one see, understand, appreciate &c, to enlighten, to enable one to see or understand ; to begin to perceive.

Open the question—কোন বিষয়ের আলোচনা-কৃ ; To commence the discussion of a subject, to bring it before the public.

Open to criticism—সমালোচনাযোগ্য ।

Open to discussion—আলোচ্য ।

Receive one with open arms—বাহুদ্বয় প্রসারিত করিয়া কোলে লওয়া ; Welcome one warmly.

Open up—প্রকাশ-কৃ ; To disclose, to lay open ; to discover.

Open air—বাহির ; Under the free sky ; not in a building

In the open air—অনাবৃত স্থানে ; খোলা যায়গায় ; Not under any shade, out of doors.

Open-eyed, *a.* সতর্ক ; Watchful.

Open-handed, ōpn-handed, *a.* মুক্তহস্ত ; দানশীল, বদান্য ; Generous ; liberal.

Open-hearted, ōpn-hārted, *a.* সরল ; উদার ; Frank ; generous.

Opening, ō'pen-ing, *n.* ছিদ্র ; ফাটা ; রন্ধ্র ; A breach ; aperture ; gap, hole :—প্রারম্ভ ; আরম্ভ ; Beginning ; drawn :—প্রথম আবির্ভাব ; First appearance :—চেষ্টার উপায় ; Chance for exertion. *Syn* :—Orifice, cleft, rent ; commencement, initiation ; opportunity, chance, vacancy.

Open-mouthed, ō'pn-mowthd, *a.* মুখ খোলা ; ব্যাদিত-বদন ; Having the mouth open :—লোভী ; ঔদরিক ; গোলমালকারী, Greedy ; clamorous.

Open sea—সমুদ্রতীরের বাহিরে, The part of the sea away from the shore.

Open sky, *n.* Sky with no intervening shelter.

Open winter, *n.* নীহারশূন্য শীত ; Winter free from frost.

Opera, op'era, *n.* নাটক বিশেষ ; গীতি-নাট্য ; যাত্রা ; A musical drama.

Opera-bouffe, *n* হাস্যোদ্দীপক গীতি-নাট্য ; A comic opera.

Opera-dancer, *n* নটী ; A girl who dances in an opera.

Opera-glass, op'ér-a-glas, *n* রঙ্গালয়ে ব্যবহৃত ক্ষুদ্র দূরবীক্ষণ, Small telescope for a theatre.

Opera-house, *n.* নাট্যশালা ; Theatre for operas.

Operate, op'er-āt, *v. i.* [L. *operari*, from *opus*, *operis*, work, labour] কার্য্য-কৃ ; কাজ-কৃ ; To act ; to influence —অস্ত্রচিকিৎসা-কৃ ; অস্ত্র-কৃ ; Perform a surgical operation —*v. t.* ফলোৎপাদন-কৃ, সংঘটন-কৃ, উৎপাদন-কৃ, To effect ; to occasion ; to produce by agency. *Syn* :—Labour, work, have effect, have influence

Operate on—কাহার বা কিছুর উপর কার্য্য-কৃ ; Act on :—অস্ত্রচিকিৎসা-কৃ ; Perform some manual act on the body with instruments.

Operatic, Operatical, *a.* গীতি-নাট্যসম্বন্ধীয়, গীতিনাট্য তুল্য, Pertaining to, resembling, the opera.

Operation, op-er-āshun, *n.* কার্য্য ; কাজ, Action ; exertion :—উপায়, Agency :—অস্ত্রচিকিৎসা অস্ত্রপ্রয়োগ ; Surgical performance :—সৈন্যের গতিবিধি ; Motion of an army. *Syn* :—Force influence, effect, process, effort, action, manipulation ; movement, motion, manoeuvre

Operative, op'ér-a-tiv, *a.* কার্য্যকারী, কার্য্যকর ; ফলপ্রদ ; Exerting force ; producing effects ; efficacious :—*n.* শ্রমজীবি, মজুর ; A labourer, a workman ; a mechanic. *ad*=operatively.

Operater, op'ér-ā-tor, *n* কার্য্যকারক, কার্য্যকারী ; One who or that which produces an effect :—অস্ত্রচিকিৎসক, অস্ত্রাদি-প্রয়োগকর্ত্তা ; One who performs a surgical operation.

Operetta, *n.* ক্ষুদ্র গীতিনাট্য, A short, light musical drama.

Operose, op'ér-ōs, *a.* ক্লান্তিকর ; শ্রমসাধ্য ; Requiring labour, labourious ; tedious. *n*=operoseness *ad*=operosely.

Ophicleide, *n.* বড় বাঁশী বিশেষ ; A large brass trumpet.

Ophidian, Ophidious, *a.* [Gr. *ophis*, a serpent] সর্পঘটিত ; Pertaining to serpents.

Ophidian, of-idi-an, *n.* সর্পজাতীয় জন্তু ; An animal of the snake family.

Ophthalmia, of-thalmi-a, **Ophthalmy,** of-thal-mi, *n.* [Gr. *ophthalmos*, eye] চক্ষুপ্রদাহ ; অক্ষিপ্রদাহ ; Inflammation of the eye. *a*=ophthalmic.

Ophthalmic, of-thalmik, *a.* অক্ষিসম্বন্ধীয় ; Pertaining to the eye.

Ophthalmoscope, *n.* চক্ষুর অভ্যন্তরভাগ পরীক্ষা করিবার যন্ত্র বিশেষ ; An instrument for examining the interior of the eye.

Opiate, ō'pe-āt, *n.* নিদ্রাকারক ঔষধ ; নিদ্রাজনক ঔষধ ; স্থৈর্য্যসাধন ; Any medicine that produces sleep ; causing rest :—*a.* নিদ্রাকারক ; নিদ্রাজনক ; স্থৈর্য্যসাধক ; Inducing sleep ; cảusing rest. *Syn* :—Narcotic, anodyne, sedative.

Opiated, ō'pi-āt-ed, *a.* নিদ্রাকারক ঔষধ দ্বারা অভিভূত ; নিদ্রাজনক ঔষধের সহিত মিশ্রিত ; Affected by or containing opiates.

Opine, ō-piń, *v. i.* [L. *opinor*, to think] বিবেচনা-কৃ ; বোধ-কৃ ; অনুমান-কৃ ; Think ; judge ; be of opinion ; suppose. *Syn* :—Suppose, believe, conceive, presume.

Opinion, ō-piṅyun, *n.* মত ; ধারণা , বিবেচনা ; বিশ্বাস ; A conviction on probable evidence, judgment ; notion ; estimation. *Syn* :—Sentiment, persuation, idea.

Be of one's opinion—কাহারও সহিত একমত-হ , Agree with one in opinion.

One is of opinion—কাহারও মত এই ; One thinks.

Win golden opinions—সকলের সম্মানভাজন-হ ; Be highly esteemed.

Opinionated, ō-piṅyun-āted, *a.* একগুঁয়ে , স্বমতে অত্যাসক্ত ; অটল বিশ্বাসী ; Firmly adhering to one's own opinions.

Opinionative, ō-piṅyun-āt-iv, *a.* অনুচিতরূপে স্বমতে অনুরক্ত ; আত্মশ্লাঘী ; একগুঁয়ে ; স্বমতে অনুচিত দৃঢ় , Unduly attached to one's opinions ; stubborn ; conceited ; dogmatical. *ad*=opinionatively. *n*=opinionativeness.

Opinionist, *n.* স্বমতে অনুরক্ত ব্যক্তি ; One unduly attached to one's opinions.

Opium, ō'pi-um, *n.* [Gr. *opos*, sap] অহিফেন, আফিঙ ; The narcotic juice of the white poppy.

Opossum, o-posum, *n.* আমেরিকার জন্তুবিশেষ ; A marsupial four-footed beast : an American quadruped.

Oppidan, *n.* [L *oppidum*, a town] A student of Eton college, England, who boards in the town, not in the college.

Opponent, op-pō'nent, *a.* বিপরীত , বিরোধী ; প্রতিকূল ; Adverse ; opposite :—*n.* প্রতিপক্ষ , বিরোধী ; শত্রু ; বিপক্ষ ; Adversery. *Syn* :—(*n*) Antagonist, foe, enemy, opposer, rival, competitor.

Opportune, op-por-tūń, *a.* [L *ob*, before, and *portus*, a harbour] সময়োচিত ; যথাকালে উপস্থিত ; প্রাপ্তকাল ; Timely , seasonable , convenient. *n*=opportuneness. *ad*=opportunely. *Syn* :—Convenient, fit, well-timed, appropriate, felicitous, proper.

Opportunist, *n.* অবস্থা বুঝিয়া ব্যবস্থাপক ; A politician who waits for events before declaring his opinions.

Opportunity, op-por-tūńete, *n.* সুযোগ ; অবসর ; সুবিধা ; Occasion ; fit time or place. *Syn* :—Convenience, chance, fit opening.

Let slip an opportunity, Omit an opportunity, Miss an opportunity—সুযোগ ছাড়িয়া দেওয়া বা খোয়ান ; Allow an opportunity to pass away.

Seige or embrace an opportunity—সুযোগ পাইয়া কোন কার্য্য-কৃ ; Avail oneself of an opportunity.

Opposable, op-pōźa-bl, *a.* প্রতিরোধ্য ; প্রতিবাদযোগ্য ; Capable of being opposed.

Oppose, op-pōź, *v. t.* [L. *opponere, oppositum*, to oppose] বাধা-দে ; প্রতিরোধ-কৃ ; বিরুদ্ধে উপস্থিত-কৃ ; To resist ; to withstand ; to check ; to compete with ; to set against :—*v. i.* আপত্তি-কৃ ; To make objection. *n*=opposer. *Syn* :—Combat, resist, confront ; contradict, deny, oppugn, contravene; obstruct, bar, hinder.

Diametricatly opposed—সম্পূর্ণ বিপরীত ; Directly opposite, like the two ends of a diameter.

Opposed to—প্রতিকূল ; Against.

Opposite, op'-pō-zit, *a.* [L. *ob*, against, and *pono*, to place] বিরুদ্ধ ; বিপরীত , সম্মুখবর্ত্তী ; Adverse ; contrary ; standing in front :—সামনাসামনি ; In front of ; facing :—*n.* বিপক্ষ ; প্রতিপক্ষ ; An opponent. *ad*=oppositely. *n*=oppositeness. *Syn* :—(*a*) Facing, hostile, antagonistic, inimical ; contradictory, repugnant, diverse, incongruous, inconsistent.

Opposite to—প্রকৃতিতে বিপরীত ; Entirely different in nature from.

Opposition, op-pō-zishun, *n.* বিপক্ষতা ; প্রতিরোধ ; Adverseness , hostility ; resistance :—বাধা ; বিঘ্ন ; Obstacle :—বিরোধ ; প্রতিকূলতা ; প্রতিকূলাচরণ ; Repugnance ; contrariety :—বিপক্ষদল ; বর্ত্তমান মন্ত্রিদল বা শাসনপ্রণালীর বিরুদ্ধবাদী ; The party that opposes the ministry or existing government:—জ্যোতিষ্কগণের পরস্পর ১৮০ অংশান্তরে অবস্থিতি ; The situation of heavenly bodies when 180 degrees apart. *Syn* :—Counteraction ; diversity, inconsistency.

Oppress, op-preś, *v. t* [L. *ob*, and *premere*, to press] উৎপীড়ন-কৃ ; অত্যাচার-কৃ , পীড়ন-কৃ , পীড়া-দে ; চাপিয়া ধরা ; To curse with a heavy burthen, severity or cruelty , constrain ; overpower. *Syn* :—Overburden, overtask, overwhelm, crush, weigh down , persecute, maltreat, treat severely.

Oppression, op-preshun, *n.* অত্যাচার ; উৎপীড়ন ; উপদ্রব ; Severity , cruelty ; misery ; hardship ; injustice. *Syn* :—Misery, calamity, tyranny, persecution.

Oppressive, op-preśiv, *a.* অত্যাচারী ; পীড়াদায়ক ; দারুণ ; বাধক ; ক্রূর ; Unjustly severe , heavy ; overpowering ; tyrannical. *ad*=oppresively. *n*=oppressiveness. *Syn* :—Cruel, unjust, exacting, inhuman ; close, uncomfortable.

Oppressor, *n.* অত্যাচারী ; প্রজাপীড়ক ; উৎপীড়ক ; One who oppresses.

Opprobrious, op-prō'bre-us, *a.* কুৎসিত ; ঘৃণিত ; নিন্দাজনক ; অখ্যাতিজনক ; Reproachful ; infamous ; despised. *n*=opprobriousness. *ad*=opprobriously. *Syn* :—Abusive, offensive, insulting, scurrilous ; rendered, hateful, shameful.

Opprobrium, op-prō'bre-um, *n.* [L. *ob*, and *probrum*, reproach] অপমান ; অপযশ ; নিন্দা ; তিরস্কার ; Disgrace ; infamy. *Syn* :—Ignominy, obloquy, odium.

Oppugn, op-pūń, *v. t.* [L. *ob*, and *pugnare*

to fight] বাধা-দে ; প্রতিরোধ-কৃ ; To oppose ; to resist. *n*=oppugner. *Syn* :—Controvert, contravene. [patroness of husbandry.

Ops, *n.* কৃষি-দেবী ; The goddess of plenty and

Optative, op'ta-tiv, *a.* ইচ্ছাসূচক ; ইচ্ছাপ্রকাশক ; Expressing desire or wish :—*n.* In Gram. a mode of the verb exressing wish. *ad*=optatively.

Optic, op'tik, **Optical,** *a.* দৃষ্টি-বিজ্ঞান সম্বন্ধীয় ; চাক্ষুস ; Relating to sight or optics. *ad*=optically.

Optician, op-tishan, *n.* আলোকবিদ্যা-নিপুণ ব্যক্তি ; দর্শনবিজ্ঞানবিৎ ; One skilled in optics :—আলোকযন্ত্র বিক্রেতা বা নির্মাতা ; চসমা-বিক্রেতা ; Seller or maker of optical glasses or spectacles.

Optics, op'tiks, *n.* আলোক-বিজ্ঞান ; The science of the nature and properties of light.

Optimism, op'tim-izm, *n.* [L. *optimus*, best] সকলই মঙ্গলের জন্ত এই মত ; 'সংসারে সকলই উৎকৃষ্ট' এই মত ; The doctrine that everything in nature is ordered for the best.

Optimist, op'tim-ist, *n.* সকলই মঙ্গলের জন্ত এই মতাবলম্বী ; যাবতীয় পদার্থ শুভোদ্দেশ্যে সৃষ্ট মতাবলম্বী ; One who holds that everything is ordered for the best

Option, op'shun, *n.* [L. *optio*, from *optare*, to choose] অভিরুচি ; ইচ্ছা ; অভিলাষ ; Choice ; preference ; right of choice ; election. *a*=optional.

Optional, *a.* ইচ্ছাধীন ; অভিলাষাধীন ; Depending on choice ; left to one's choice. *ad*=optionally.

Opulence, op'ū-lens, *n.* ধন ; অর্থ ; Riches ; wealth.

Opulent, op'ū-lent, *a.* [L. *opulens*, from *ops*, *opis*, power, wealth] ধনী ; ঐশ্বর্য্যশালী ; সমৃদ্ধশালী ; ধনবান্ ; Wealthy. *ad*=opulently. *Syn* :—Rich, affluent, moneyed.

Opulent in words—বহুল বাক্য পূর্ণ, Verbose.

Or, or, *conj.* কিংবা, অথবা, বা ; Marking an alternative and some times opposition.

Oracle, or'a-kl, *n* [L. *oro*, to speak—*or, oris*, the mouth] দৈববাণী ; Answer supposed to be given by a Greek or Roman God or by wonderful wisdom :—দৈববাণীর স্থান ; The place where reponses were given, and the deities supposed to give them :—সুবিজ্ঞ ব্যক্তি ; জ্ঞানী লোক ; One famed for wisdom :—অভ্রান্ত মত ; A wise sentence or decision of great authority :—*pl.* ঈশ্বরোক্তি ; The revelations made to the prophets.

Oracular, or-akū-ler, *a.* দৈববাণীবিশিষ্ট ; Delivering oracles ; resembling oracles :—প্রামাণিক ; Authoratitive :—অর্থ ; দ্ব্যর্থবিশিষ্ট ; Obscure ; ambiguous :—গূঢ়ার্থক ; Grave. *ad*=oracularly. *n*=oracularness. *Syn* :—Prophetic ; uttering oracles, dictatorial, dogmatical ; sage, wise, venerable ; doubtful, ambiguous.

Oral, ō'ral, *a.* [L. *os, oris*, the mouth] বাচনিক ; মৌখিক ; Uttered by the mouth ; spoken. *ad*=orally. *Syn* :—Vocal, verbal ; unwritten, traditional.

Orang, ō-rang', *n.* বানর বিশেষ ; A kind of monkey resembling man, found chiefly in the forests of Malacca.

Orange, or'anj, *n.* কমলা লেবুর গাছ ; A tree :—কমলা লেবু ; Its fruit :—*a.* কমলা লেবুর ন্যায় বর্ণবিশিষ্ট ; Orange-coloured.

Orange girl (or **boy** or **woman**), *n.* কমলা লেবু বিক্রেতা ; Seller of oranges.

Orangeman, oranj-man, *n.* প্রোটেষ্টাণ্ট ধর্মমতের প্রচারার্থ আয়র্লণ্ডের সমাজের সভ্য ; A member of a secret society instituted in Ireland to uphold Protestantism.

Orange-musk, *n.* ফল বিশেষ ; A species of pear.

Orangery, or'anj-ėr-i, *n.* কমলা লেবুর বাগান ; A plantain of orange-trees. [in Netherlands.

Orangist, *n.* Supporter of the house of Orange

Orang-outang, (ওরাং উটাং) *n.* বনমানুষ ; A large monkey resembling man.

Oration, ō-rāshun, *n.* [L. *oratio*, from *orare*, to speak] প্রকাশ্য বক্তৃতা ; A public speech. *Syn* :—Harangue, address, discourse.

Orator, or'a-tor, *n.* বক্তা ; বাগ্মী, A public speech. *fem*=oratrix, oratress.

Oratorical, or-a-tor'ik-al, **Oratorial,** or-a-tori-al, *a.* বাগ্মিতা সম্বন্ধীয় ; বক্তা সম্বন্ধীয়, Pertaining to oratory or an orator. *ad*=oratorically.

Oratorio, or-a-tō'ri-ō, *n.* ধর্মশাস্ত্রবিষয়ক যাত্রা ; উপাসনা-স্থান ; A kind of musical drama usually founded on scripture ; a place of worship.

Oratory, or'a-tor-i, *n.* বক্তৃতা ; বাগ্মিতা ; বাকপটুতা ; Eloquence :—অলঙ্কার ; Rhetoric :—ভজনা-গৃহ ; উপাসনা-গৃহ ; Room for prayer ; an apartment or building for private worship.

Orb, orb, *n.* [L. *orbis*, a circle] মণ্ডল ; বৃত্ত ; A sphere ; circle ; disk :—চক্র ; A wheel :—চক্ষু ; The eye :—*v. t.* মণ্ডলাকার-কৃ ; বেষ্টন-কৃ ; To form into an orb ; to surround. *Syn* :—(*n.*) Globe, ball ; sphere, circle, orbit. [Circular.

Orbed, orbd, *a.* গোলাকার ; মণ্ডলাকার ; বৃত্তাকার ;

Orbicular, or-bikū-lar, *a.* গোল ; মণ্ডলাকার ; গোলাকার ; বৃত্তাকার, Spherical ; round. *ad*=orbicularly. *n*=orbicularness.

Orbiculate, or-bikū-lāt, **Orbiculated,** or-bikū-lāt-ed, *a.* গোলাকার ; In the form of an orb, *n*=orbiculation.

Orbit, or'-bit, *n.* [L. *orbis*, a ring or circle] গ্রহাদির পরিভ্রমণ পথ কক্ষ ; গ্রহ-কক্ষ ; Line or path of a star in its course :—চক্ষু-গহ্বর ; অক্ষিকোটর ; চক্ষুর চর্ম ; Hollow of the eye ; the skin surrounding the eye. *a*=orbital.

Orbital, *a.* চাক্ষিক ; Pertaining to an orbit.

Orchard, orchard, *n.* ফলবৃক্ষের উদ্যান ; ফলের বাগান ; A garden of fruit trees.

Orchestra, or'kes-tra, *n.* [Gr. *orcheomai*, to dance] রঙ্গালয়ের বাদ্যকরদিগের স্থান ; নাট্যশালার মধ্যে গায়কদের স্থান ; The part of a theatre for the instrumental musicians :—রঙ্গালয়ের বাদ্যকরদল ; গায়ক দল ; The performers in an orchestra ; the body of musical performers. *a*=orchestral.

Orchestral, *a.* রঙ্গালয়ের বাদ্যকরদিগের স্থানসম্বন্ধীয় ; Pertaining to an orchestra. [plant.

Orchid, or'kid, *n.* ফুলগাছ বিশেষ ; A fragrant

Orchidaceous, *a.* কতিপয় জাতীয় পুষ্পবৃক্ষসম্বন্ধীয় ; Pertaining to a group of plants with beautiful fragrant flowers. [orchidaceous plants.

Orchis, *n.* কয়েক জাতীয় ফুলের গাছ ; A genus of

Ordain, or-dān, *v. t.* [L. *ordo*, order] নিয়মিত-কৃ ; নিয়োগ-কৃ, ব্যবস্থা-কৃ, To appoint ; to regulate ;

—যাজক শ্রেণীভুক্ত-কৃ ; পদবিশেষে প্রতিষ্ঠিত-কৃ ; To invest with ministerial functions ; to set in an office. *Syn* :—Call, elect, destine, consecrate ; arrange, institute, establish ; decree, determine, enact, order, prescribe.

Ordeal, or'de-al, *n*. অগ্নি বা জল দ্বারা পরীক্ষা ; An ancient form of trial by lot, fire, water &c —অতি কঠোর পরীক্ষা ; Any severe trial or examination

Order, or'der, *n*. বিন্যাস , সুশৃঙ্খলা , পরিপাটি , Disposition ; regular arrangement —নিয়ম , পদ্ধতি , Rule ; method —স্থাপিত নিয়ম , Established process :—উপযুক্ত অবস্থা , Proper condition —আদেশ Command, direction :—শ্রেণী , Rank, class —সমাজ ; A society of persons —ক্রয় করিবার আদেশ , Direction for purchase —শাসনবিধি , Regulation :—ধর্মসম্প্রদায় ; A religious fraternity .—বৈজ্ঞানিক বিভাগ , A scientific division of objects —*pl*. খৃষ্টীয় যাজক-সম্প্রদায় , পুরোহিতবর্গ , The christian ministry ; the priesthood —*v t*. বিন্যাস-কৃ , বিন্যস্ত-কৃ ; To arrange, to dispose —আদেশ-কৃ পরিচালন কৃ , To command, to direct —যাজকের পদ প্রদান-কৃ ; To receive into ranks of the ministry —পরিচালন-কৃ , To conduct —*v i*. আদেশ প্রদান কৃ To give command *Syn* :—(*n*) Method, regularity, symmetry , fit condition, proper state regulation, prescription, canon, law , precept injunction, instruction , family, tribe rank class, degree, grade (*v*) Systematize, adjust , manage conduct lead , bid enjoin, instruct

Be in orders—পৌরহিত্য কার্যে নিযুক্ত হ , Be ordained to the work of gospel ministry

By order of—কাহারও আদেশ মত , According to the directions of , by command of

Call to order—সভার নিয়ম ভঙ্গ হইয়াছে এই বলিয়া সভাপতিকে জ্ঞাত-কৃ , সভার কেহ বাচালতা বা নিয়ম বিরুদ্ধ কার্য্য করিলে তাঁহাকে নিয়মানুযায়ী চলিতে আদেশ করা To call attention of the presiding officer to a violation of parliamentary rules require one to observe the forms or procedure of an assembly. [discipline

Keep order—শান্তিরক্ষা-কৃ , Preserve peace or

In good order—সুবন্দোবস্ত।

In order— প্রকৃতস্থ , ঠিকঠাক , দোরস্ত In a fit state —সুব্যবস্থা করিয়া , গুছাইয়া , Every thing in its proper place —পরে পরে , One after the other.

In order of—পরে পরে (বংশ গুণানুসারে) , In regular succession in point of (birth, rank, merit etc).

In order that, In order to—এই অভিপ্রায়ে যে , কোন কিছু করিবার জন্য , For the purpose of , with the object that.

In regular order—যথাক্রমে।

Orders in council—কাউন্সিলের আজ্ঞা , Temporary rules or laws issued by the sovereign, by and with the advice of the Privy Council, to meet particular emergencies.

Order of battle—সৈন্য-বিন্যাস , The different arrangements made by an army either to attack or receive an enemy.

Out of order—অপ্রকৃতস্থ ; বিশৃঙ্খল , সুস্থ বা সহজ অবস্থায় নহে , Not in a healthy condition .—ঠিক না (চলা) ; Irregular .—বে মেরামত , Not in a workable condition.

Religious orders—ধর্মসম্প্রদায়সমূহ ; Societies established for religion.

Sailing orders—রণ-জাহাজ চালনার আদেশ ; The particular and final instructions given to ships of war.

Set one's house in order—অনিষ্ট না হয় এমন করিয়া সমস্ত বন্দোবস্ত-কৃ ; Be cautious so as to guard against evil.

Standing orders—In Parliament certain rules and regulations laid down for guidance.

Take orders—পৌরহিত্য ব্যবসা অবলম্বন-কৃ ; Become a clergyman , enter the ministry of the church by being ordained.

The lower orders—ইতরবর্গ।

The order of the day—প্রচলিত নিয়ম ; রেওয়াজ ; A succession of business appointed for a specified day ; the rule , the fashion :—যাহাতে সকলেই মত্ত , What every one is striving after.

To order—আদেশ মত, According to one's direction or directions.

Ordering, or'dér-ing, *n* বিন্যাস , পরিচালন , Arrangement ; management

Orderless, *a* শৃঙ্খলাশূন্য , বিশৃঙ্খল , Disorderly.

Orderly, or'der-le, *a* নিয়মিত , Regular —পরিপাটী , সুপরিচালিত , Well regulated —কর্ত্তব্যকার্য্য করণে নিযুক্ত , কর্ত্তব্যকার্য্যে প্রবৃত্ত , Being on duty :—শান্ত , Well conducted , quiet —*n*. সেনাপতির হুকুম লেখক ও সংবাদবাহক , সংবাদ-চালক সৈনিক , A soldier who attends on a superior :—*ad*. নিয়মানুসারে , প্রণালীক্রমে , Regularly , methodically. *n*= orderlies *Syn* —(*a*) Methodical, systematic ; peaceable, well behaved

Orderly book, *n* A book for every company, in which the sergeants write general and regimental orders

Orderly officer, *n* কর্মচারী , The officer of the day , one who has charge of affairs for the day.

Ordinal, or'din-al *a* ক্রমবোধক , পূরণবাচক , পূরক ; Shewing order or succession —*n*. ক্রমবোধক ; সংখ্যা , A number denoting order —বিধি পুস্তক ; অনুষ্ঠানপদ্ধতি গ্রন্থ , A ritual for ordination.

Ordinance, or'din-ans, *n* বিধি , নিরূপিত ধর্মানুষ্ঠান পদ্ধতি , A law , an established rite *Syn* —Decree, enactment, statute, edict ; rite, observance, ceremony, sacrament.

Ordinary, or'din-ar-e, *a* [L. *ordinarius*, from *ordo*, order] প্রচলিত , নিরূপিত , নিয়মিত , Customary, regular , usual —সামান্য , সাধারণ ; সাদাসিদে , Common inferior ; plain —*n*. পুরোহিত ; যাজক , An ecclesiastic judge , bishop :—Settled establishment :—আহার করিবার স্থান ; ভোজনপ্রকোষ্ঠ , Place for eating at a regular time and price *ad*=ordinarily *Syn* :—(*a*) Settled, habitual, wonted, usual, customary ; mediocre, commonplace, plain, homely.

In ordinary—সর্ব্বদাই কাহারও কার্য্যে নিযুক্ত ; Not in actual service, but laid up under the charge of officers ; in actual and constant service.

Ordinate, or'din-āt, *a*. ব্যবস্থামত , সুবিহিত ; নিয়মিত ; Regular , methodical :—*n*. বক্র রেখার উভয় পার্শ্ব সম্পর্কী ভুজব্যাস সরল রেখা বিশেষ ; A straight

line in a curve terminated on both sides by the curve and bisected by the diameter. *ad*=ordinately.

Ordination, or-din-áshun, *n.* ধর্ম্মপদে নিয়োগ ; The act of ordaining ;—প্রচলিত ক্রম ; ধারা ; Established order. *Syn* :—Institution, appointment, induction, consecration. [guns ; artillery.

Ordnance, ordnans, *n.* কামান ; তোপ ; Great

Ordnance office, *n.* Office for managing the artillery and engineering. [filth ; excrement.

Ordure, or'dūr, *n.* বিষ্ঠা ; পুরীষ ; মল , Dung ;

Ore, ōr, *n.* আকর ; ধাতু , মৃত্তিকামিশ্রিত ধাতু ; Mineral as it is in the earth ; metal in its unreduced state.

Organ, or'gan, *n.* যন্ত্র ; সাধন ; উপায় ; An Instrument of action or motion ; means :—ইন্দ্রিয় ; Natural instruement, as the tongue ; medium :—বাদ্যযন্ত্র বিশেষ ; A musical instrument with pipes, bellows and keys.

Organic, or-gańik, **Organical,** or-gańik-al, *a.* ইন্দ্রিয়সম্বন্ধীয় , ইন্দ্রিয়বিষয়ক ; Relating to an organ :—ইন্দ্রিয়সম্ভূত ; ইন্দ্রিয়ঘটিত , Consisting of, containing or produced by the organs :—যান্ত্রিক . Instrumental. *ad*=organically.

Organic bodies—Such bodies, as possess life and sensation

Organic disease—যান্ত্রিক পীড়া , যে পীড়ায় ইন্দ্রিয়ের গঠন পরিবর্ত্তিত হয় The disease in which the structure of an organ is evidently altered

Organic law—শাসনপ্রণালী , A law which concern the fundamental parts of the constitution of state , a constitution.

Organic remains, *n.* জন্তু বা উদ্ভিদের প্রস্তরীভূত অবশিষ্ট অংশ , Fossil remains of animals or vegetable. [being arranged

Organisable, *a* শৃঙ্খলা-বিধান-সাধ্য ; Capable of

Organisation, or-gan-iz-áshun, *n* শৃঙ্খলাবিধান , গঠন ; The state of being organised *Syn* :—Construction, constitution, organizing, forming, making ; structure, form, organism

Organise, or'gan-iz, *v. t.* ইন্দ্রিয়বিশিষ্ট-কৃ , To form with suitable organs ; furnish with organs : —প্রস্তুত-কৃ ; গঠন-কৃ ; কল্পনা-কৃ ; Prepare ; arrange ; form ; devise. *n*=oganisation.

Organism, or'gan-izm, *n.* যন্ত্রের গঠন , যান্ত্রিক গঠন ; Organic structure.

Organist, or'gan-ist, *n.* অর্গান্ যন্ত্রবাদক ; One who plays on the organ.

Orgasm, *n.* অপরিমিত উত্তেজনা বা কার্য্য ; Immoderate excitement or action.

Orgies, or'jiz, *n. pl.* রাত্রিকালীন আমোদ ; ভৈরব চক্র ; নৈশ সুরাপানোৎসব ; Mad or midnight revels ; noctural drunken rites or revelry.

Oriel, ō'ri-el, *n.* বহিঃপ্রসৃত গবাক্ষ বিশেষ ; A window that juts out so as to form a small apartment.

Orient, ō'ri-ent, *a.* [L. *orior*, to rise] উদীয়মান , Rising :—প্রাচ্য ; Eastern :—উজ্জ্বল ; সমুজ্জ্বল ; Bright ; shining :—*n.* প্রাচী ; পূর্ব্বদিক , The East.

Oriental, ō-riental, *a.* প্রাচ্য ; পূর্ব্বদেশীয় ; Eastern . —উজ্জ্বল ; Shining, glittering :—Asiatic :—*n.* প্রাচ্যদেশবাসী , A native of the east.

Orientalise, *v.* পূর্ব্বদেশীয়-কৃ ; Make eastern.

Orientalism, ō-ri-ental-izm, *n.* আসিয়া দেশের রীতি বা ব্যবহার ; প্রাচ্যরীতি ; Eastern idiom ; oriental doctrine.

Orientalist, ō-ri-ental-ist, *n.* প্রাচ্যদেশীয় ভাষায় অভিজ্ঞ পণ্ডিত ; প্রাচ্যভাষাবিদ্ , One versed in the eastern language.

Orifice, or'e-fis, *n* [L. *os, oris*, a mouth, and *facere*, to make] ছিদ্র , মুখ ; রন্ধ্র ; An opening ; small hole. *Syn* :—Aperture, perforation, pore.

Oriflamme, *n.* [L *ourum*, gold, and *flamma*, a flame] ফ্রান্সের পূর্ব্বকালীন পতাকা বিশেষ ; An ancient royal standard of France. [Marjoram.

Origan, Origanun, *n.* সুগন্ধি মসলা বিশেষ ;

Origin, or'e-jin, *n.* [L. *oriri*, to rise] প্রথম উৎপত্তি ; আরম্ভ ; The first beginning ; first existence :—কারণ ; হেতু ; মূল , Cause ; source ; derivation. *Syn* :—Commencement, rise, spring, derivation ; root, foundation, occasion.

Original, ō-rijin-al, *a.* মৌলিক ; আদিম ; প্রাথমিক ; Primitive , first ; first in order :—মূলীভূত , Primary :—মূল , আসল ; অননূদিত ; Not copied ; not translated :—উদ্ভাবনক্ষম ; Inventive :—*n.* আদি ; মূল , Origin ; source :—মূলগ্রন্থ ; প্রথম লিপি ; First copy :—আদর্শ , Arch type :—অননূদিত ভাষা ; An untranslated tongue. *ad*=originally. *Syn* :—(*a*) Pristine, primordial, initiatory ; creative ; peculiar, odd, eccentric.

Original sin—প্রথম পাপ ; The first sin of Adam, namely his eating the fobidden fruit ; either the imputation of Adam's sin to posterity or a natural corruption and tendency inherited from him.

Originality, o-rij-in-alit-i, *n.* মৌলিকত্ব ; আদিত্ব ; নূতনত্ব ; অপূর্ব্ব কল্পনাশক্তি , উদ্ভাবনী শক্তি ; The quality or state of being original , the quality of originating ideas. [Productive ; primitive.

Originary, o-riji-na-ri, *a.* উৎপাদনশীল ; মৌলিক ;

Originate, ō-rijin-āt, *v. t.* সৃষ্টি-কৃ ; সৃজন-কৃ ; উৎপাদন-কৃ . To bring into existance ; to create :—*v. i.* আরম্ভ-কৃ ; উদ্ভূত-হ ; To begin ; to have origin. *n*=originater (উৎপাদক ; উদ্ভাবক) । *Syn* :—Form, produce ; commence ; take existence, arise, spring, proceed.

Originate in—সূত্রপাত বা আরম্ভ-হ ; Have origin in ; arise from (some source).

Originate with—কোন ব্যক্তি কর্ত্তৃক প্রথম উত্থাপিত-হ ; Come from one, in the first instance.

Origination, o-rijin-a-shun, *n.* মূল ; আরম্ভ ; Origin , beginning ; mode of production.

Oriole, ōr'i-ōl, *n.* [L. *ourum*, gold] পক্ষিবিশেষ ; The golden thrush with black wings.

Orion, o-ri'on, *n.* রাশিচক্র ; নক্ষত্রপুঞ্জ বিশেষ ; A large and bright constellation.

Orison, or'i-zun, *n.* [L. *oro*, to pray] প্রার্থনা ; উপাসনা ; A prayer.

Orlop, *n.* পোতের তল বিশেষ ; The deck of a ship.

Ormolu, *n.* পিতল বিশেষ ; A variety of brass.

Ornament, or'na-ment, *n.* [L. *ornamentum*, from *ornare*, to adorn] অলঙ্কার ; ভূষণ ; Embellishment ; decoration ; adornment :—রত্ন ; Jewel :—সম্মান ; Honour :—*v. t.* অলঙ্কৃত-কৃ ; ভূষিত-কৃ ; To adorn ; to decorate. *Syn* :—(*v*) Embellish, deck,

garnish, decorate; beautify; emblazon, illustrate.

Ornamented ground—বৃক্ষ দ্বারা সুশোভিত ভূমি Lands planted with trees and adorned with statues.

Ornamental, or-na-men'tal, *a.* শোভাবর্দ্ধক শোভন, শোভাসম্পাদক, Serving to adorn or beautify. *ad*=ornamentally.

Ornamental shrub—শোভাবর্দ্ধক লতা, Shrub cultivated for ornament.

Ornanentation, or-na-men-tā'shun, *n* অলঙ্কার, ভূষণ, Decoration, embellishment.

Ornate, or'nāt, *a.* [L *ornatus*, *pp.* of *ornare*, to adorn] অলঙ্কৃত, ভূষিত; বিচিত্র, Decorated, picturesque, ornamented *n*=ornateness *ad*=ornately *Syn* —Ornamented, decorated, embellished, high-wrought flowery, florid

Ornithological, *a* পক্ষিতত্ত্ববিষয়ক, Pertaining to ornithology. *ad*=ornithologically

Ornithology, or-ni-tholo-ji, *n.* [Gr *ornis ornithos*, a bird, and *logos*, science] পক্ষিবিজ্ঞান, পক্ষিতত্ত্ব; The science of birds *a*=ornithological

Ornithologist, *n.* পক্ষিতত্ত্ববিৎ, One versed in ornithology

Ornithomancy, *n* শাকুন বিদ্যা, A species of divination by birds, their flight, etc

Ornithorhynchus, or-ni-tho-ring'kus *n* জন্তু বিশেষ, A mammal in Australia with a duck's bill

Orography, or-og'ra-fi, *n* [Gr *oros*, a mountain, and *grapho*, to describe] গিরি বৃত্তান্ত, A description of mountains *a*=orographic, orographical.

Orphan, or'fan, *n* [Gr *orphanos*, bereaved অনাথ, মাতাপিতৃহীন, পিতৃহীন বা মাতৃহীন শিশু, Child bereft of father or mother or of both —*a* মাতা-পিতৃহীন, Bereft of parents

Orphan asylum—অনাথাশ্রম, অনাথ-নিবাস।

Orphanage, or'fan-āj *n* অনাথ অবস্থা মাতৃ পিতৃ হীন অবস্থা, The state of being an orphan —অনাথাশ্রম, A house for orphans

Orphean, or-fē'an, *a* পৌরাণিক কবি অর্ফিয়স সম্বন্ধীয় Pertaining to orpheus, a poet, who is represented as having had the power of moving the rocks by his music.

Orpheus, *n* গ্রীক-গায়ক, A Greek musician who moved inanimate objects by the music of his lyre

Orpiment, or'piment, *n.* [L *aurum*, gold and *pigmentum*, paint] *n* হরিতাল, Sulphuret of arsenic, a yellow paint

Orpin, *n* গাঢ় পীতবর্ণ, A deep gold or yellow colour. [coloured flowers

Orpine, *n.* কুলগাছ বিশেষ, A low plant with gold

Orrery, *n* গ্রহাদির আকারাদি প্রদর্শন করিবার যন্ত্র বিশেষ, A piece of apparatus

Orris, *n* ফুলগাছ বিশেষ, A species of iris

Ort, *n* সামান্য অবশেষ, পরিত্যক্ত অংশ, A fragment, refuse

Orthodox, or'tho-doks, *a* [Gr *orthos*, right, and *doxa*, opinion] স্বধর্ম্মপরায়ণ, স্বমতে দৃঢ়বিশ্বাসী, প্রচলিত ধর্ম্মসম্মত, শাস্ত্রবিশ্বাসী, Believing the genuine doctrine taught in scripture, bigoted, according to the received doctrine. *ad*=orthodoxly

Orthodoxy, or'tho-doksi, *n.* স্বধর্ম্মপরায়ণতা; মতের একাগ্রতা, গোঁড়ামি, Sound or right catholic belief.

Orthoepist, *n.* শব্দের বিশুদ্ধ উচ্চারণবিদ্যাবিৎ; One versed in orthoepy.

Orthoepy, or-tho-e-pi, *n.* [Gr. *orthos*, right, and *epos*, a word] শব্দের বিশুদ্ধ উচ্চারণ; The correct pronunciation of words. *a*=orthoepical.

Orthogon, *n* সমকোণী ক্ষেত্র; A figure with all its angles right angles.

Orthogonal, *a* আয়তাকার; সমকোণে, Rectangular, at right angles.

Orthographer, or-thog'ra-fér, *n.* বর্ণযোজনবিৎ; বিশুদ্ধ বর্ণবিন্যাসকারক; One who spells words correctly.

Orthographic, Orthographical, *a* বর্ণবিন্যাস বিন্যাসসম্বন্ধীয়, বিশুদ্ধ বিন্যস্তবর্ণ, Pertaining or according to orthograpy, spelt correctly. *ad*=orthographically

Orthography, or-thog'ra-fi, *n* [Gr. *orthos*, right and *grapho*, to write] বিশুদ্ধরূপে শব্দের বর্ণবিন্যাস, বর্ণশুদ্ধি The correct spelling of words. *a*=orthographic, orthographical [sects.

Orthoptera, *n* এক শ্রেণীর কীট An order of in-

Orthopterous, *a* অর্থপটেরা শ্রেণীর কীটসম্বন্ধীয়, Pertaining to the orthoptera [bird

Ortolan, *n* সুখাদ্য গায়কপক্ষী বিশেষ, A singing

Oryx, ō'riks *n* অজাকার মৃগ বিশেষ, A variety of south African antelope

Oscillate, osil lāt *v i* [L. *oscillum*, a swing] দোলায়মান হ, দুলিতে থাকা To vibrate as a pendulum swing to and fro move back and forward. *n*=oscillation *Syn* —Vibrate swing, sway

Oscillation, *n* দোলন, A swinging like a pendulum [ing.

Oscilliatory, osil la tor-i *a* দোলায়মান Swing-

Oscitant, *a* জৃম্ভনকারী, তন্দ্রালু নিদ্রিত, Yawning, gaping, drowsy, dull *ad*=oscitantly *n*=oscitancy

Oscitate, *v i* জৃম্ভন-কর To yawn *n*=oscitation.

Osculant, *a* সংলগ্নশীল, Adhering closely.

Osculate, *v t* [L, *osculum*, a kiss] চুম্বন-কর; স্পর্শ কর To kiss, to touch *n*=osculation

Osculatory, *a* চুম্বনসম্বন্ধীয়, Of or pertaining to kissing [used in marking baskets.

Osier, ō'zhi ér, *n* লতা বিশেষ, The water-willow

Osiered, *a* লতাভূষিত, ওসিয়ার লতার ন্যায়, Made of or like osiers adorned with osiers

Osmium, *n* ধূসরবর্ণ ধাতু বিশেষ, A grey-coloured metal. [coarse linen.

Osnabury, *n* মসীনা বস্ত্র বিশেষ, A species of

Osprey, Ospray, ospră, *n* ঈগল জাতীয় পক্ষী, A fishing eagle or hawk [Fruitless efforts.

Heaping ossa upon Pelion—বৃথা চেষ্টা,

Osseous, ose-us, *a* [L *os*, *ossis*, bone] অস্থিময়, অস্থিবৎ, Composed of or resembling bones; boney

Ossicle, osi-kl, *n* ক্ষুদ্র অস্থি, A small bone.

Ossiferous, os-sif'er-us, *a* [L. *os*, bone, *fero*, to bear] অস্থি উৎপাদক, অস্থিজনক, অস্থিগর্ভ, Producing bone, containing bone.

Ossification, *n* অস্থিবৎ পদার্থে পরিণতি; The change into a bony substance.

Ossifrage, osi-fraj, *n.* [L. *os,* bone, and *frange,* to break] ঈগলপক্ষি বিশেষ ; পক্ষিবিশেষ ; The young of the sea-eagle ; the bearded vulture.

Ossify, osi-fi, *v. t.* [L. *os,* bone, *facio,* to make] অস্থিতে পরিণত-কৃ ; অস্থিবৎ পদার্থে পরিণত-কৃ ; To make into bone or into a bone-like substance :—*v. i.* অস্থিময়-হ ; অস্থিতে পরিণত-হ ; To become bone or bony. *n*=ossification.

Ossivorous, *a.* [L. *os,* bone, *voro,* to devour] অস্থিভোজী ; Feeding on bones.

Ossuary, *n.* মৃতদিগের অস্থিসঞ্চয় স্থান ; A place where the bones of the dead are deposited ; a charnel-house.

Ostensible, os-tense-bl, *a.* [L. *ostendo, ostensum,* to show] প্রতীয়মান ; প্রদর্শনীয় ; প্রকাশ্য ; সুস্পষ্ট ; Apparent ; manifest *ad*=ostensibly. *n*=ostensibility. *Syn* :—Exhibited, presented, professed, shown, declared, or avowed.

Ostensive, os-tensiv, *a.* প্রদর্শক ; প্রদর্শী ; প্রদর্শনশীল ; Showing , exhibiting *ad*=ostensively.

Ostentation, os-ten-táshun, *n.* [L. *ostendo,* to show] জাঁকজমক , বাহ্যাড়ম্বরপ্রদর্শন ; দম্ভ ; Ambitious display , boasting ; outward show. *Syn* :—Parade, flourish ; high pretension, vaunting, boasting

Ostentatious, os-ten-táshe-us, *a.* বাহ্যাড়ম্বরপ্রিয় ; আত্মপ্রদর্শনাগ্রহ ; দাম্ভিক ; Fond of self-display , intended for display ; showy ; gaudy, boastful *ad*=ostentatiously *n*=ostentatiousness *Syn* —Boastful, vaunting, pretentious, dashing, pompous

Osteologer, Osteologist, *n.* অস্থিতত্ত্ববিৎ, One versed in osteology

Osteological, *a.* অস্থিতত্ত্ব সংক্রান্ত ; Pertaining to osteology. *ad*=osteologically

Osteology, os-te-olo-ji, *n.* [Gr *osteon,* bone, and *logos,* science] অস্থিতত্ত্ব ; অস্থিবিজ্ঞান , The science of the bones. *a*=osteological.

Ostler, osler, *n.* অশ্বপাল , Groom.

Ostlery, *n.* পান্থশালা , Inn.

Ostracise, ostra-siz, *v. t.* [Gr. *ostrakon,* a potsherd] নির্বাসিত-কৃ , বহিষ্কৃত-কৃ , সমাজচ্যুত-কৃ , In ancient Greece, to banish by a people vote ; to banish from society. *n*=ostracism.

Ostracism, ostra-sizm, *n.* নির্বাসন ; Banishment by ostracising.

Ostrich, ostrich, *n.* আফ্রিকার বৃহত্তম উষ্ট্র পক্ষী ; The largest of birds, found in Africa, remarkable for its speed in running and prized for its feathers.

Ostrich stomachs—যে পাকস্থলী সকল প্রকার খাদ্য জীর্ণ করে ; Strong stomachs which will digest anything.

Otacoustic, ot-a-kowstik, *a.* (Gr. *akouō,* to hear) শ্রুতিসহায় ; Assisting the sense of hearing.

Otacoustic, Otacousticon, *n.* শ্রুতিসহায়-যন্ত্র ; An instrument to facilitate hearing.

Other, uther, *a.* and *pro.* অন্য , ভিন্ন, অপর , আর ; অতিরিক্ত ; দ্বিতীয় ; Different ; additional ; second of two.

Every other day—একদিন অন্তর , Each alternate day.

Other than—ব্যতীত , Different from ; besides.

The other day—সেদিন ; At a certain past not distant but indifinite ; not long ago.

Otherwise, uther-wiz, *ad.* অন্য প্রকারে ; ভিন্ন প্রকারে ; অন্য কারণে ; অথবা ; কিংবা ; In another way ; in a different manner ; by other causes ; in other respects.

Otiose, ō'shi-ōs, *a.* [L. *otium,* rest] নিষ্ক্রিয় ; অব্যাপৃত ; অলস , Uhemployed ; lazy.

Otitis, o-ti'tis, *n.* [Gr. *ous, ōtos,* the ear] কর্ণপ্রদাহ ; Inflammation of the ear.

Otoscope, *n.* কর্ণ পরীক্ষার যন্ত্র ; An instrument for examining the ear.

Otic, *a.* কর্ণসম্বন্ধীয় ; Pertaining to the ear.

Otorrhoea, *n.* কান হইতে পূজ পড়া ।

Otter, ot'er, *n.* উদ্বিড়াল ; নকুল বিশেষ ; A large kind of weasel living entirely on fish.

Otto, oto, **Attar,** atar, *n.* আতর ; A fragrant oil obtained from certain flowers, especially the rose.

Ottoman, oto-man, *a.* তুরস্কসম্বন্ধীয় ; তুরস্ক সাম্রাজ্য সম্বন্ধীয় ; Pertaining to the Turkish empire :—*n* তুরস্ক ; A Turk :—আসন বিশেষ ; A stuffed seat.

Oubliette, *n.* কারাগৃহ বিশেষ ; A dungeon with an opening only at the top.

Ouch, owch, *n.* মণি বসাইবার গহ্বর ; A socket in which a precious stone is set.

Ought, awt, *v. i.* বাধ্য-হ , উচিত-হ ; আবশ্যক-হ ; (A defective verb) to be bound in duty or moral obligation ; to be under obligation ; to be proper or necessary.

Ounce, owns, *n.* ওজন পরিমাণ বিশেষ ; প্রায় আধ ছটাক পরিমাণ ; The twelfth part of a pound of Troy ; $\frac{1}{16}$ of a pound avoirdupois :—ব্যাঘ্র জাতীয় জন্তু বিশেষ , A feline carnivorous animal of Asia, resembling the leopard.

Our, owr, *a* and *pro.* আমাদের ; আমাদিগের ; অস্মদীয় ; Pertaining or belonging to us.

Ours, owrz, *pron.* আমাদের ; Possessive of *we.*

Ousel, oo'zl, *n.* গায়ক পক্ষী বিশেষ , Black bird , a kind of thrush.

Ourself, owr-self', *pro.* স্বয়ং আমি বা আমাকে , Myself (in the regal style).

Ourselves, owr-selvz, *pro. pl.* স্বয়ং আমরা বা আমাদিগকে ; We, not others ; us.

Oust, oust, *v t.* [F. *oster, oter,* to take away] বহিষ্কৃত-কৃ ; তাড়াইয়া দেওয়া ; To eject ; expel ; turn out. *Syn* :—Remove, dislodge ; dispossess, disseize, evict.

Ouster, owst'er, *n.* বেদখল ; অধিকারচ্যুত করণ ; Dispossession ; ejection.

Out, out, *ad.* বাহিরে, Without ; not in , not within :—বিদেশে , Abroad :—প্রকাশিত অবস্থায় ; প্রকাশিতভাবে , In a state of discovery :—সম্পূর্ণরূপে ; Completely :—নাস্তি ; নাশ বা ক্ষয়ের অবস্থা ; In a state of exhaustion, extinction &c :—যথেচ্ছ ভাবে ; স্বাধীনভাবে , Freely :—সবলে ; বলপূর্ব্বক ; Forcibly :—অনাবৃতভাবে ; Uncovered :—Not in office :—অনাশ্রিত অবস্থায় , Unsheltered :—হতবুদ্ধি হইয়া ; At a loss :—*int.* দূর হও ; চলিয়া যাও ; Away ; be gone :—*n.* কোণ ; A nook or corner :—বহিঃস্থ ব্যক্তি বা বস্তু , One who, or that which is without, especially one who is out of office :—মুক্ত স্থান ; An open space :—*v. t.* অধিকারচ্যুত-কৃ ; তাড়াইয়া-দে ; To eject ; to expel.

Be out—শেষ-হ ; ফুরান ; Be at an end ; be over :—নির্ব্বাণ-হ ; Be extinguished, as light :—বেরিয়ে আসা ; বাটীর বাহির হওয়া ; Have come out.

clamour. *Syn* :—Scream, screech, yell, exclamation, clamour, noise, vociferation, hue and cry. [To surpass; to excel.

Outdo, owt-dōō', *v. t.* অতিক্রম-কৃ; উৎকর্ষ লাভ-কৃ;

Outdoor, out'dōr, *a.* বাহিরে, গৃহ-বহিঃস্থ; প্রকাশ্য স্থানে, In the open air; being without the house.

Outdoors, owt'dōrz, *a.* গৃহের বাহিরে; Out of the house; abroad. [inner.

Outer, owt'ėr, *a.* বহিঃস্থ; External:—opposed to

Outermost, owt'ėr-most, *a.* সর্ব্বাপেক্ষা অধিক বহিঃস্থ বা দূরবর্ত্তী; সর্ব্ববহিঃস্থ, *Most* or furthest *out*; most distant.

Outfit, owt'fit, *n.* সজ্জাসামগ্রী; সজ্জাসাধন, সজ্জা; The articles or the expenses for fitting out, the means for an outfit; an equipment for a voyage. [who furnishes *outfits*.

Outfitter, owt'fit-ėr, *n.* সজ্জা সরবরাহকারক, One

Outfitting, *n.* সজ্জা; An outfit.

Outflank, owt-flangk', *v. t.* এক সেনাদলের পার্শ্বভাগ প্রতিপক্ষীয় সেনাদলের পার্শ্বভাগ অতিক্রম করিয়া বিস্তৃত-কৃ, To extend the flank of one army beyond that of another. [bear by frowning.

Outfrown, *v. t* ভ্রূভঙ্গি দ্বারা পরাভূত কৃ, To over-

Out-general, owt-jen'ėr-al, *v. t.* যুদ্ধবিদ্যায় শ্রেষ্ঠ-কৃ, সৈন্যাধ্যক্ষতায় অতিক্রম-কৃ, To outdo in generalship, to gain advantage over by superior skill

Outgoing, out'gō-ing, *n.* বহির্গমন, Act of going out.—খরচা, ব্যয়, Expenditure; outlay —প্রান্তসীমা, Extreme limit.

Outgrow, out-grō', *v. t.* বৃদ্ধিতে অতিক্রম-কৃ; বৃদ্ধি বিষয়ে অন্যকে অতিক্রম-কৃ, To surpass in growth:—বড় বা বৃদ্ধ হইয়া পরিত্যাগ-কৃ, ছাড়াইয়া ওঠা, Grow too great or too old for; to grow out of.

Out-Herod—অত্যন্ত নিষ্ঠুরতা-কৃ; To overact or surpass the cruelty of herod.

Out-Herod Herod—সকলের উপরে যাওয়া সকলের চেয়ে এককাঠি সরেস, সকলকে ছাপান; "এ আবার দাদার বাবা" এরূপ ভাব, Pass beyond bounds, surpass all others (in some evil course), be more tyrannical than Herod himself

Outhouse, out'hows, *n.* বহিঃশালা, বাহির বাটী, A small building outside a dwelling house.

Outlandish, out-landish, *a.* বৈদেশিক; বিদেশীয়, Not native, foreign, strange:—অসভ্য, বর্ব্বরোচিত; Rustic, rude, vulgar, clownish. *Syn* :—Exotic, alien, barbarous, clownish.

Outlast, owt last', *v. t.* স্থায়িত্বে অতিক্রম-কৃ; To last longer than.

Outlaw, out'law, *n.* দস্যু; A robber or bandit.—রাজবিধির আশ্রয়চ্যুত লোক; One deprived of the protection of the law:—*v. t.* বিধি বহিষ্কৃত কৃ; আইনের আশ্রয় হইতে বহিষ্কৃত-কৃ, To deprive of the benefit of law, to proscribe.

Outlawry, out'law-ri, *n.* নির্বাসন করণ; Proscription:—আইনের আশ্রয় হইতে বিচ্যুত করণ; The act of putting a man out of the protection of the law.

Outlay, out'lā, *n.* ব্যয়, খরচ, Expenditure:—মূলধন; Capital laid out for a return.

Outlet, out'let, *n.* নির্গম পথ, Exit, way out, egress, vent:—*v. t.* নির্গত-কৃ, ছাড়িয়া দেওয়া, To let out; to set free.

Outline, out'lin, *n.* নক্সা; খসড়া চিত্র; A sketch; a draft:—বহিরেখা, The exterior line; the line which marks the outside of a figure:—*v. t.* বহিরেখা অঙ্কিত-কৃ; নক্সা-কৃ, খসড়া-কৃ, বর্ণনা-কৃ; To draw the exterior line of; to delineate; to sketch. *Syn* :—(*n*) Contour; delineation, plan.

Outline of a subject—স্থূল স্থূল বিষয়।

Outlive, out-liv', *v. t.* অধিককাল বাঁচিয়া থাকা, দীর্ঘকাল জীবিত থাকা, Live beyond, to survive.

Outlook, out'look, *n.* পাহারা; Watch:—দৃশ্য; Prospect:—দর্শনের স্থান, পরিদর্শন স্থান, The place from which one looks out. *Syn* —Watch, sight, view, watch-tower.

Outlying, out'li-ing, *a.* দূরবর্ত্তী, দূরস্থ; সীমান্ত, Remote, on the frontier, being on the exterior.

Outmarch, *v. t.* দ্রুতগমনে অতিক্রম-কৃ, To march faster than.

Outmost, out'most, Same as outermost

Outnumber, out-num'ber, *v. t.* সংখ্যাতে অধিক-হ, সংখ্যায় অতিক্রম কৃ; To exceed in number.

Outpatient, out'pā-shent, *n* হাঁসপাতালের বাহিরবার রোগী; A patient who receives medical aid from a hospital, but lives outside of it.

Outport, out'pōrt, *n.* রাজধানী হইতে দূরস্থ বন্দর, বাহির বন্দর, A port remote from the capital.

Outpost, outpost, *n.* দূরস্থ চৌকি বা ফাঁড়ি; সেনা দলের বাহির আড্ডা, A station or post away from the main body of an army.

Outpour, out-pōr', *v. t* ঢালিয়া ফেলা, To pour out.—*n.* ঢালিয়া দেওন, Outpouring.

Output, *n.* নির্দ্দিষ্ট সময় মধ্যে যে পরিমাণ পরিষ্কৃত ধাতু চুল্লী হইতে লব্ধ হয়, বা যে পরিমাণ কয়লার খনি হইতে উত্তোলিত হয়, The quantity of metal produced by a smelting furnace, or of coal taken from a pit within a certain time.

Outrage, out'rāj, *n* [L. *ultragium*, from *ultra*, beyond] উপদ্রব; অত্যাচার, মর্য্যাদাতিক্রম, Open violence, excessive abuse, wanton abuse or mischief:—*v. t.* অপমান-কৃ; অত্যাচার-কৃ; To injure by violence, to insult —*v i.* অত্যাচার-কৃ, To commit an outrage. *Syn* —(*n*) Affront, insult, abuse, injury, offence, indignity.

Outrageous, out-rā'jē-us, *a.* দারুণ; নিদারুণ, ভীষণ, ভয়ানক, অত্যাচারী; Excessive; furious, violent; turbulent; enormous; atrocious. *n*=outrageousness, *ad*=outrageously. *Syn* —Raging, mad, frantic, wild, exorbitant, excessive, extravagant; monstrous, scandalous, flagitious.

Outre, ōō'trā, *a.* [F. *outrer*, to exaggerate] Being out of the common course or limits. *Syn* —Extravagant, excessive inordinate, grotesque, odd, queer.

Outreach, out-rēch, *v. i.* অতিক্রম-কৃ; ছাড়াইয়া যাওয়া, To extend beyond; to reach beyond.

Outride, out'-rid, *v. t.* অশ্বারোহণে অপেক্ষাকৃত শীঘ্র গমন-কৃ, অশ্বারোহণে অতিক্রম-কৃ, To ride faster than; to pass by riding:—পদদ্বারা দলিত-কৃ; Trample down.

Outrider, out'rid-ėr, *n.* অশ্বারোহী অনুচর; শকট সহচর অশ্বারোহী ভৃত্য, A servant on horseback

who attends a carriage :—অশ্বারোহণে পর্যটক; One who travels about on horseback.

Outright, out'rit, *ad.* অবিলম্বে ; তৎক্ষণাৎ ; সম্পূর্ণরূপে ; Directly ; immediately ; at once ; completely.

Outrival, out'rivel, *v. t.* শ্রেষ্ঠ-হ ; উৎকর্ষে পরাভূত-কৃ ; To surpass ; to surpass in excellence.

Outrun, out-run, *v. t.* দ্রুতগমনে অন্যকে অতিক্রম-কৃ ; দৌড়ে ছাড়াইয়া যাওয়া ; To surpass in running ; to leave behind in running :—শ্রেষ্ঠ-হ ; To exceed.

Outrun the constable—দেনাদার-হ ; Get into debt :—সঙ্গতির অতিরিক্ত ব্যয় করা, Spend beyond one's means.

Outset, outset, *n.* আরম্ভ ; A beginning . first entrance. *Syn* :—Commencement, opening, start.

At the outset—প্রথমে ; At the beginning.

Outshine, out-shin, *v. i.* অপেক্ষাকৃত অধিক দীপ্তিমান-হ ; প্রভা বিকাশ-হ ; To shine out or forth ; to send forth lustre :—*v. t.* উজ্জ্বল হওয়া বা উৎকর্ষে অতিক্রম-কৃ ; To excel in lustre or excellence.

Outside, out'sid, *n.* বহির্ভাগ ; বহির্দেশ ; The surface ; the exterior ; the outer side :—*a.* বহিঃস্থ ; বাহ্য ; Exterior, external.

At the outside—উৎকর্ষে ; At the utmost (generally as to number).

Outsider, *n.* বাহিরের লোক, অপর ব্যক্তি, One not belonging to the concern, party &c , spoken of

Outskirt, out'skert, *n.* সীমান্ত ; প্রান্তভাগ , সহরতলী ; Border ; suburb (often used in *pl*) *Syn* :—Outpost, purlieu, environ, precinct.

Outspoken, out-spo'ken *a* সরল , নির্ভীকবক্তা , Candid , frank or bold of speech.

Outspread, out-spred, *v. t.* বিস্তারিত কৃ ; বিস্তৃত-কৃ ; To spread out, to spread over.

Outstand, *v. i.* বহির্গত হ ; উন্নত হইয়া দাঁড়ান , Project outside the main body :—বাকী পড়া , To remain unpaid as debt —*v. t.* প্রতিরোধ-কৃ ।

Outstanding, out-standing *a.* অনাদায়ী , বাকী , বাকী পড়া ; অপরিশোধিত , Uncollected , remaining unpaid. [down, browbeat

Outstare, *v.* ভ্রূকুটী দ্বারা ভয় দেখান , To stare

Outstretch, out-stretch *v. t* প্রসারিত-কৃ , বিস্তৃত-কৃ ; To spread out ; to stretch out , to extend.

Outstrip, out-strip', *v. t* পশ্চাতে ফেলিয়া-যা , ছাড়াইয়া-যা , To outrun ; to leave behind. [fast

Outstrip the wind—অতি দ্রুত যাওয়া ; Go very

Out Timon Timon—অত্যন্ত মনুষ্যদ্বেষী-হ , Surpass Timon in misanthropy.

Outturn, *n.* উৎপাদিত সামগ্রী বা মাল । [surpass

Outvie, out-vi', *v. t.* অতিক্রম-কৃ ; To exceed , to

Outvote, out-vot', *v. t.* ভোটের সংখ্যায় অন্যকে অতিক্রম-কৃ ; অধিক ভোট বা মত দ্বারা পরাজিত-কৃ ; To defeat by a greater number of votes.

He was outvoted—অধিকাংশ লোকেই তাঁহার বিরুদ্ধে মত প্রকাশ করিয়াছিলেন ।

Outward, out'werd, *a.* বাহ্য ; বহিঃস্থ ; External , exterior. *Syn* :—Outer, extrinsic, entraneous, adventitious.

Outward, Outwards, *ad.* বহির্দিকে ; বহিরাভিমুখে ; Towards the exterior :—বৈদেশিক বন্দরাভিমুখে , To a foreign post.

Outward-bound, *a.* বহিরাভিমুখে বা বৈদেশিক বন্দরাভিমুখে গমনোদ্যত ; Bound in an outward direction or to a foreign port. [nally.

Outwardly, out'ward'li, *ad.* বাহ্যভাবে ; Exter-

Outweigh, out-wa, *v. t.* ওজনে অধিক-হ ; ভারে অতিক্রম-কৃ ; To exceed in weight or influence.

Outwit, out-wit', *v. t.* কৌশল বা চতুরতা দ্বারা অতিক্রম-কৃ ; প্রতারণা-কৃ ; ঠকান ; To defeat by superior ingenuity ; overreach ; cheat.

Outwork, outwurk, *n.* দুর্গের বহির্ভাগ ; বহিঃস্থ দুর্গ ; Detached fortification.

Oval, o'val, *a.* [L. *ovum*, an egg] ডিম্বাকার ; অণ্ডাকৃতি ; Egg-shaped :—*n.* অণ্ডাকার ; বৃত্তাভাস ; Egg-shaped figure ; an ellipse.

Ovariotomy, *n.* [Fr. *ovarire*, the ovary, and Gr. *tome*, cutting] গর্ভাশয়স্থ অর্বুদব্যবচ্ছেদ ; The excision of a tumour from the ovary.

Ovarious, o-va'ri-us, *a.* ডিম্বনির্মিত , ডিম্বময় , Consisting of eggs

Ovary, o'va-ri, *n* ডিম্বকোষ ; বীজকোষ , গর্ভাশয় , Organs containing the female ova. *a*=ovarian.

Ovate, o'vat, **Ovated,** o'vat-ed, *a* ডিম্বাকৃতি ; ডিম্বাকার , Egg shaped.

Ovation, o-va'shun, *n* [L. *ovo*, *ovatum*, to shout, exult] জয়োল্লাস , বিজয়োৎসব , An expression of popular applause , inferior military triumph. [for baking bread

Oven, uvn, *n.* পাঁউরুটীর চুল্লী , চুল্লী , Furnace

Over, o'ver, *prep* উপরি, Above ; upon — আড়াআড়ি , আড়পাড়ে , Across , athwart — মধ্য ; Through , throughout —*ad* উপরে ; আড়াআড়ি ভাবে , আড়পাড়ে ; Across , above — সম্পূর্ণরূপে ; Completely :—অধিক , অতিরিক্ত ভাবে ; Too much ; to excess :—এক দিক হইতে অন্য দিকে ; From side to side :—দেশান্তরে , এক দেশ হইতে অন্য দেশে ; From one country to another :—অতিরিক্ত পরিমাণে , অধিক ; Above in measure , more than :—উপরিতন , অতিক্রান্ত ; অতীত , Upper, beyond, past. *Syn* :—(*pre*) More than, upwards of

All is over with one—দফারফা হওয়া ; সর্বনাশ-হ ; মরা , One is done for (ruined or dead)

Over and above—অতিরিক্ত , সত্ত্বেও , Beside , in addition to.

Over and again—আর এক বার , Once more.

Over and over, Over and over again—পুনঃ পুনঃ , উপর্যুপরি , Repeatedly.

Over and over again—পুনঃপুনঃ ; Repeatedly.

Over gain—পুনরায় ; Once again.

Overact, o-ver-akt, *v. t.* কার্য্যে অতিক্রম-কৃ , To act to excess :—*v. i.* অতিরিক্ত ভাবে অভিনয়-কৃ ; প্রয়োজনাতিরিক্ত কার্য্য-কৃ ; To act more than is necessary.

Overalls, o'ver-awlz, *n.* এক প্রকার ঢিলা পাজামা ; A kind of loose trousers worn over all the other dress.

Overarch, *v. t.* খিলান-কৃ ; খিলানের ন্যায় উপরে বিলম্বিত-হ ; To cover with an arch , to hang over like an arch.

Overawe, o-ver-aw', *v. t.* ভয়প্রদর্শন-কৃ ; Keep in awe :—ভীতি দ্বারা অভিভূত-কৃ ; To restrain by fear. *Syn* :—Intimidate daunt, affright, cow.

Overbalance, o'ver-balans, *v. t.* ওজনে বেশী-হ ,

অতিরিক্ত ভারী হওয়া ; To preponderate ; to weigh down.

Overbear, ōver-bār', *v. t.* উৎপীড়ন-কৃ ; দমন-কৃ ; পরাভূত-কৃ ; To bear down by power, severity or pride ; to repress ; to oppress.

Overbearing, ōver-bār'ing, *a.* গর্ব্বিত , অহঙ্কৃত ; দাম্ভিক ; Haughty and dogmatical.

Overboard, ō'ver-bōrd, জাহাজ হইতে ; জাহাজের উপর হইতে ; Out of a ship ; from on board.

Overburden, ōver-bur'dn, *v. t.* অতিরিক্ত বোঝাই-কৃ ; অতিরিক্ত বোঝা চাপান , To load to excess.

Overbridge, *n.* লৌহবর্ত্মের ষ্টেশনে উভয় পার্শ্বস্থ মঞ্চ সংযোজনার্থ নির্ম্মিত উর্দ্ধ সেতু , খালের সাঁকো ।

Overcast, ō-ver-kast', *v. t.* মেঘাচ্ছন্ন-কৃ , তমসাবৃত-কৃ ; To cloud , to darken :—কোঁড় দেওয়া , To sew over slightly .—*a.* মেঘাচ্ছন্ন । *Syn* .—(*a*) Clouded, darkened, obscured, gloomy.

Overcharge, ō-ver-chärj, *v t* অধিক দাম লওয়া , To charge too much :—অতিরিক্ত ভার চাপান , To load with too heavy a charge .—*n.* অধিক দর , অধিক মূল্য ; An excessive charge :—অতিরিক্ত ভার , An excessive load. *Syn* —(*v*) Burden, oppress, surcharge, overload , surfeit, cloy , exaggerate, overstate.

Overcloud, ōver klowd', *v. t.* মেঘাচ্ছন্ন-কৃ , To overcast , to cover with clouds.

Overcoat, ōver-kōt, *n.* উপরকার কোট (জামা) , A coat worn over all the other clothing.

Overcoloured, *a* অতিরঞ্জিত ।

Overcome, ō-ver kum', *v t.* জয়-কৃ ; পরাজিত-কৃ , To conquer, to subdue —*v i.* বিজয়ী-হ , To be victorious. *Syn* .—Overpower, overthrow, defeat, vanquish, crush, beat, surmount, rise above , prevail, conquer, gain the victory.

Overdo, ōver dōō', *v t* অত্যাধিক-কৃ , To do overmuch ক্লান্ত-কৃ , To fatigue —হয়রাণ-কৃ বিরক্ত-কৃ , To harass :—অতিরিক্ত পাক কৃ , To cook too much

Overdose, ōver-dōs, *n.* ঔষধের অতিরিক্ত পরিমাণ বা মাপ , An excessive dose .—*v. t.* অতিরিক্ত পরিমাণ ঔষধ সেবন করান , অতিরিক্ত মাত্রায় (ঔষধ) প্রদান-কৃ , To dose overmuch.

Overdraw, ōver-draw', *v. t.* জমার অধিক টাকা লওয়া , জমার অতিরিক্ত গ্রহণ কৃ ; To draw too much , to draw beyond one's credit —অত্যুক্তি-কৃ , অতি বর্ণন-কৃ , To exaggerate , to paint too highly.

Overdue, ōver-dū', *a.* পরিশোধ-সময়াতীত , Past the time of payment.

Overestimate, ōver-estim-āt, *v. t.* অধিক আঁচ করা , অতিরিক্ত অনুমান-কৃ ; To estimate too highly —*n.* অতিরিক্ত অনুমান , অতিশয়িত আঁচ , An excessive estimate

Overflow, ō-ver flō', *v. t.* প্লাবিত-কৃ ; বন্যাক্রান্ত-কৃ ; To flood , deluge :—জয়-কৃ ; To overwhelm :—*v i* উথলিয়া পড়া ; ছাপিয়া উঠা , To run over :—অধিক-হ ; To abound :—*n.* জলপ্লাবন , An inundation :—আধিক্য , Super-abundance. *Syn* :—(*v*) Overrun, spread over, inundate.

Overflowing, ōver-flō'ing, *a.* প্রচুর ; Abundant :—*n.* প্রাচুর্য্য ; বাহুল্য ; Abundance ; copiousness. [আর ধরে না ; Fitted to excess.

Filled to overflowing—উপচে ‒‒ ‒‒ ‒‒.

Overgrow, ōver-grō', *v. t.* তৃণাদি দ্বারা আচ্ছাদিত-কৃ ; To cover with growth or herbage :—ছাপাইয়া উঠা , To rise above :—*v. i.* অতি বর্দ্ধিত-হ ; To grow beyond the natural size.

Overhang, ōver-hang', *v. t.* ঝুলিয়া থাকা ; উদ্গত হইয়া থোলা ; To project over ; to impend :—*v. i.* লম্বমান-হ , লম্বিত হ , To hang over.

Overhaul, ōver-hawl, *v. t.* উপরে টানিয়া আনা ; To draw over :—পরীক্ষার জন্য উল্টান বা ফিরান ঘুরান ; To turn for examination :—পরীক্ষা-কৃ ; To examine :—দ্রুতধাবনে অতিক্রম-কৃ ; To overtake in a chase :—*n.* পরীক্ষা , Examination :—জীর্ণসংস্কার ; Repair. [Aloft ; above , in the zenith.

Overhead, ōver-hed, *ad.* মস্তকোপরি , ঊর্দ্ধে ; উপরে ;

Overhear, ōver-hēr', *v. t.* হঠাৎ শুনিয়া ফেলা ; দৈবক্রমে শ্রবণ-কৃ ; To hear by accident , to hear privately or by chance what was not meant to be heard.

Overjoy, ōver-joy', *v. t.* উল্লাসিত-কৃ ; অতিরিক্ত আহ্লাদিত-কৃ ; To transport with gladness , to make excessively joyful :—*n.* অতিরিক্ত আনন্দ ; অত্যুল্লাস ; Joy to excess ; transport.

Overlabour, ōver-lābur, *v. t.* অত্যন্ত শ্রমে সম্পন্ন-কৃ , অতিরিক্ত শ্রম দ্বারা হয়রাণ-কৃ ; To labour to excess , to harass with toil.

Overland, *a.* যাহা স্থল দিয়া চলিয়াছে , Passing entirely or principally by land, as a route.

Overlap, *v. t.* উপরে চাপিয়া পড়া , উপরে জড়ান , To lap over.

Overlay, *v t.* or *v. i.* বিস্তৃত হইয়া নির্দ্দিষ্ট সীমার উপর পর্য্যন্ত যাব , বিস্তৃত-কৃ ; To extend so as to lie or rest upon , to spread over.

Overlay, ōver-lā, *v. t.* উপরে স্থাপন-কৃ ; উপরে বিন্যস্ত-কৃ , Lay something or too much upon —মেঘাচ্ছন্ন কৃ , To cloud :—চাপিয়া মারা , To smother.

Overleap, ōver-lēp', *v. t.* লাফাইয়া পার হ , To leap over. [মিশ্রিত কৃ , To mix too much with.

Overleaven, ōver-lev'n, *v. t.* অতিরিক্ত পরিমাণ

Overlie, ōver-lī', *v. t.* উপরে থাকা , শয়ান-হ , To lie over or upon. [outlive, to survive.

Overlive, ōver-liv', *v t.* অধিক দিন বাঁচা , To

Overload, ōver-lōd', *v t* অধিক বোঝাই-কৃ , অতিশয় ভারাক্রান্ত-কৃ ; To load or fill over much.

Overlook, ō-ver-look, *v. t.* উচ্চ স্থান হইতে দেখা , উপর হইতে দর্শন-কৃ , To command a view of :—পর্য্যবেক্ষণ-কৃ , পরিদর্শন-কৃ , To inspect ; to look into :—দেখিয়া না দেখা , উপেক্ষা-কৃ , To pass by ; to disregard —ক্ষমা-কৃ , মার্জ্জনা-কৃ ; To pardon , excuse ; forgive. *Syn* —Supervise, survey, superintend , disregard, neglect, miss.

Overmatch, ōver-mach, *v. t.* জয়-কৃ ; পরাভূত-কৃ ; To be more than a match for ; to conquer :—অতিরিক্ত বলশালী-হ , To be too powerful for :—*n.* পরাভবক্ষম লোক ; One who is more than a match.

Overmuch, ōver-much, *a.* and *ad.* পর্য্যাপ্তাতিরিক্ত ; More than sufficient.

Overnice, ōver-nīs, *a.* অতিশয় সূক্ষ্মদর্শী ; ছুঁৎমার্গী ; Excessively nice ; fastidious. [To pass over.

Overpass, ōver-pās, *v. t.* অতিক্রম-কৃ ; অগ্রাহ্য-কৃ ,

Overpay, over-pā, *v. t.* পাওনা অপেক্ষা বেশী-দে , অতিরিক্ত-দে , To pay too much , to pay more than is due.

Overpower, ō-ver-pow'er, *v. t.* ক্ষমতাতে অতিক্রম-কৃ, জয়-কৃ, পরাভূত-কৃ, To subdue, to vanquish. *Syn.*—Overbear, overcome, overwhelm, overthrow, conquer, crush.

Overplus, ō'ver-plus, *n* ফাজিল, Surplus.

Overrate, ōver-rāt', *v. t* অতিরিক্ত মূল্য নিরূপণ-কৃ, অত্যন্ত দাম প্রদান কৃ, To rate at too much.

Overreach, ō-ver-rēch, *v t* প্রতারিত-কৃ, ঠকান, To cheat —সীমা অতিক্রম করিয়া যাওয়া, To reach beyond. *Syn* —Outwit, circumvent, defraud

Override, *v. t* অতিরিক্ত চড়িয়া ক্লান্ত কৃ, অশ্বারোহণে বহুদূর গমন-কৃ, To ride beyond the strength of the horse, to ride too far —পদদলিত কৃ, রহিত করিয়া দেওয়া, To trample down, and hence to set aside, to annul.

Override one's commission or power—গর্ব্বিতভাবে ক্ষমতা প্রয়োগ কৃ, To go beyond one's power or authority, to use much arrogantly

Overrule, ō ver rool, *v. t* বাতিল-কৃ, অগ্রাহ্য কৃ, প্রত্যাখ্যা-কৃ, To supersede, to make void, to reject —অনুশাসন কৃ, কর্ত্তৃত্ব-কৃ, শাসন-কৃ, To control by superior authority *Syn* —Alter, annul, revoke, rescind, govern, sway, control, influence, direct

Overruling, *a* শাসনকারী, নিয়ামক Exercising superior strength or power governing

Overrun, ōver-run, *v t* ছড়াইয়া উঠা, ব্যাপিয়া যাওয়া, To run or spread over, to grow all over —দমন-কৃ, পীড়ন-কৃ পরাভূত-কৃ, To overcome by an invasion, subdue, oppress —আক্রমণ কৃ, To invade —*v i* অধিক হ, বিস্তৃত হ, To become excessive or superabundant, to spread over, over flow

Oversee, ōver-sē, *v t* পরিদর্শন-কৃ, তত্ত্বাবধান-কৃ তদারক কৃ, To superintend —পাশ কৃ, To peruse

Overseer, ōver-sē'ēr, *n.* পরিদর্শক, তত্ত্বাবধারক, A superintendent

Overset, ōver-set', *v. t.* উল্টাইয়া ফেলা, বিপর্য্যস্ত-কৃ, বিধ্বস্ত-কৃ, To turn over, to upset, to overthrow —*v i* উল্টাইয়া-যা, To be turned over.

Overshade, ōver-shād', *v. t.* ছায়াবৃত কৃ, To cover with a shade.

Overshadow, ōver-shadō, *v t* রক্ষা কৃ, To shelter, to protect —আশ্রয় দে, To cover with superior influence —ছায়াবৃত-কৃ, To throw a shadow over.

Overshoot, ōver shōōt, *v t* লক্ষ্য অতিক্রম কৃ লক্ষ্য ছাড়ান, To shoot beyond the target —অত্যন্ত সাহস-কৃ, To venture too far —দ্রুত বেগে অতিক্রম-কৃ, To pass swiftly over —*v i* লক্ষ্য ছাড়াইয়া যাওয়া, To fly beyond the mark

Oversight, ō'ver-sit, *n.* তত্ত্বাবধান, পর্য্যবেক্ষণ, Superintendence —ভুল, ভ্রম, Mistake, an overlooking ommission. *Syn* —Supervision, inspection, direction, management, charge, surveillance, inadvertence, inattention, neglect error, omission, miss.

Oversleep, *v t.* নির্দ্দিষ্ট কালের অধিক নিদ্রা যা, ঘুমাইয়া অতিক্রম-কৃ, To sleep beyond or by.

Overspread, ōver-spred, *v t.* উপরে প্রসারিত বা বিকীর্ণ কৃ, To spread over, to scatter over. —*v i.* উপরে বিস্তৃত হ, To be spread over.

Overstate, ōver-stāt', *v. t.* অত্যুক্তি-কৃ; অতিরঞ্জিত-কৃ, বাড়াইয়া বলা; To exaggerate. *n*—overstatement (অতিবাদ)।

Overstay, *v* নিরূপিত কালের অধিক দিন থাকা, সময় অতিক্রম করিয়া থাকা, To stay longer than or beyond the limits of

Overstep, ōver-step', *v t* অতিক্রম কৃ, লঙ্ঘন-কৃ, To step beyond, to exceed

Overstock, ōver-stok, *v t.* অতি পূর্ণ-কৃ, অতিরিক্ত মাত্রায় পূর্ণ কৃ, To fill too much, to stock to excess

Overstrain, ōver strān, *v t* অতি বিস্তৃত করা, অতিরিক্ত প্রসারিত-কৃ, চেষ্টা কৃ, To strain to excess, to make too violent effort.

Overt, ō vert, *a.* প্রকাশিত, স্পষ্ট, প্রতীয়মান, প্রকাশ্য Open to view, public, apparent, manifest patent

Overtake, ōver tāk, *v t.* দৌড়িয়া বা যাইয়া ধরা, নাগাল ধরা, To come up with, to come upon, to catch

Overtask, ōver task *v t* অধিক ভার দে, অতিরিক্ত গুরুতর কার্য্যভার অর্পণ কৃ, To impose too heavy a task on [কৃ To tax too heavily

Overtax, ōver tāk, *v t* [illegible] কর ভারাক্রান্ত

Overthrow, ō'ver thrō *v t* পরাজিত কৃ, পরাভূত কৃ ধ্বংস কৃ, To defeat utterly to ruin নীচে নিক্ষেপ কৃ [illegible] To throw over to turn up side down [illegible] —*n* নিয়ম বা সীমা অতিরিক্ত সময় [illegible] Time employed in overwork পরাজয় ধ্বংস Defeat ruin —বিপর্য্যয়, The state of being overthrown —*ad* [illegible] *Syn* (*v*) Overturn, upset prostrate demolish, destroy, overcome discomfit vanquish beat conquer (*n*) subversion prostration destruction, demolition, discomfiture

Overtime, ōver tīm, *n* অতিরিক্ত সময়।

Overtop, ōver top *v t* উপরে উঠা, মাথা ছাড়াইয়া উঠা To rise over the top of —শ্রেষ্ঠ হ, To surpass, [illegible] কৃ, To obscure

Overtrade, ōver trād, *v i* মূলধনের অতিরিক্ত বাণিজ্য কৃ, To trade beyond capital.

Overture, ō'vert ur *n* প্রথম প্রস্তাব, First proposal, something offered for consideration —*v t* প্রস্তাব উপস্থিত কৃ To lay an overture or proposal before *Syn* —(*n*) Proposal, offer, invitation, resolution, musical, prelude, orchestral introduction.

Overturn, ōver turn, *v t* উল্টাইয়া দে, বিপর্য্যস্ত-কৃ, Turn upside down, subvert —নাশ-কৃ, বিনষ্ট কৃ, To overthrow, ruin *Syn* —Overset, subvert ruin destroy.

Overvalue, ōver-valu, *v. t* অতিরিক্ত মূল্য নিরূপণ-কৃ, To value excessively

Overweening, ōver-weening, *a* দাম্ভিক, গর্ব্বিত, বৃথাভিমানী, Conceited, vain.

Overweigh, ō ver wā', *v t* ভারে অতিক্রম কৃ, To exceed in weight *Syn* —Preponderate, overbalance, outbalance, outweigh

Overweight, ō'ver-wāt', *n.* অতিরিক্ত ভার, Weight beyond what is required by law or custom

Overwhelm, ō-ver-hwelm, *v. t.* ডুবাইয়া ফেলা ; Crush with some thing that covers or embraee the whole :—জলে মগ্ন কৃ, জলে নিমজ্জিত-কৃ ; To submerge ; to immerse :—অভিভূত-কৃ ; আচ্ছন্ন-কৃ ; To overcome, to overpower, to subdue. *Syn* :—Overflow, drown ; overthrow, overcome, subdue.

Overwhelmed with anxieties—চিন্তাভিভূত।

Overwhelmed with sorrow—শোকাভিভূত।

Overwhelming, *a.* অতি প্রবল ; বিহ্বলকারী ; অনিবার্য ; Overpowering or crushing with weight or numbers.

Overwise, ō'ver-wiz, *a.* জ্ঞানাভিমানী ; অতি বুদ্ধি ; Wise over much or to affectation , too wise. *ad*=overwisely.

Overwork, ō'ver-wurk, *v. t.* সাধ্যাতীত শ্রম-কৃ ; অধিক কর্ম্ম করান, ক্লান্ত-কৃ ; To work beyond strength ; to tire :—*n.* অতিরিক্ত পরিশ্রম, Excessive labour.

Overworn, ō'ver-wōrn, *a.* জীর্ণ ; ক্লান্ত , Worn out ; subdued by trial .—ব্যবহার দ্বারা নষ্ট ; জীর্ণ ; পচা , Spoiled by use.

Overwrought, ō'ver-rawt, *a.* পরিশ্রান্ত ; অতিরিক্ত শ্রমসাধিত , Laboured to excess , worked all over.

Oviferous, ō-vif'er-us, *a.* [L. *ovum*, egg, and *fero*, to bear] অণ্ডোৎপাদক , ডিম্বধারী , Egg bearing

Oviform, ō'vi-form, *a.* ডিম্বাকার , Having the form of an egg.

Oviparous, ō-vip'a-rus, *a.* [L. *ovum*, egg, and *pario*, to bring forth] অণ্ডজ ; ডিম্বপ্রসূ , Bringing forth eggs.

Ovoid, ovoidal, *a* ডিম্বাকার , Egg-shaped.

Ovum, *n.* ডিম্ব , জীবের বীজ ; An egg *p'*=ova.

Owe, ō, *v. t.* ঋণী থাকা , ধারা , বাধ্য-হ ; To be bound to pay , to be under obligation , to be obliged for *Syn* :—Be indebted to, be due , be obliged to, ascribe to, be imputed to.

Owe a grudge—কাহারও প্রতি বিদ্বেষ বা বৈর ভাব থাকা , To cherish ill will, spite or enmity , to bear malice. [tertain a mean hatred

Owe one a spite—বিদ্বেষ ভাব পোষণ-কৃ ; To en-

Owe to—কাহারও নিকট কোন বিষয়ের দরুণ ঋণী হওয়া , Be under obligation *to* one *for* something :—কিছু করিতে বাধ্য থাকা ; Be bound to pay or to perform.

Owing, ō'ing, *a.* দেয় ; Due :—আরোপনীয় ; আরোপ্য , কারণরূপে নির্দ্দেশ্য ; Ascrible to , imputable

Owing to—তাহার কারণ এই , হেতু ; জন্য ; Caused by ; on account of.

Own, ōn, *v. t.* দখল-কৃ , অধিকার-কৃ ; To possess :—স্বীকার-কৃ ; To acknowledge ; to grant :—*a.* অধিকারভুক্ত ; স্বীয় ; স্বকীয় ; বিশেষ ; Belonging to peculiar. *Syn* :—Have ; recognize, confess, avow, admit.

Have one's own way, Have it all one's own way—নিজের মতলব মাফিক চলা ; যেরূপ ইচ্ছা করিতে পারা ; Act as one wishes (there being no one to oppose) ; be absolute.

Own to—কোন কিছু স্বীকার-কৃ ; Acknowledge ; confess as being affected by.

Owner, ōner, *n.* স্বামি ; স্বত্বাধিকারী ; অধিকারী ; মালিক ; One who owns. *n*=ownership (স্বত্ব ; স্বামিত্ব ; অধিকার)। *Syn* :—Proprietor, possessor, holder

Owl, (আউল), *n.* পেচক ; পেঁচা ; A night bird.

Owlet, owlet, *n.* ক্ষুদ্র পেচক ; A little owl.

Owlish, owlish, *a.* পেচকের ন্যায় ; পেচক তুল্য · Like an owl , resembling an owl.

Ox, oks, *n.* ষাঁড় , বলীবর্দ্দ ; বৃষ ; Bullock ; neat cattle *p'*=oxen, *fem*=cow.

Oxalic, *a* সরেল নামক উদ্ভিদ্ সম্বন্ধীয় বা তাহা হইতে প্রাপ্ত ; Pertaining to, or obtained from, sarrel.

Oxalis, *n* [Gr. *oxys*, acid] উদ্ভিদ্ বিশেষ ; A genus of plant. [meadows.

Oxeye, *n.* উদ্ভিদ বিশেষ ; A common plant in

Ox-eyed, oks'id, *a.* বৃষভাক্ষ ; Having large eyes like the ox. [the skin of oxen.

Oxfly, *n.* ক্ষুদ্র পতঙ্গ বিশেষ , A fly hatchet under

Oxidation, Oxidisement, *n* অক্সাইডে পরিণত করণ বা তৎপ্রক্রিয়া ; The operation or process of oxidising.

Oxide, ok'sid, *n.* রাসায়নিক পদার্থ বিশেষ ; A compound of oxygen without the properties of acid, as the rust of iron [being oxidised.

Oxidisable, *a.* অক্সাইডে পরিণমনীয় . Capable of

Oxidise, ok'sid-iz, *v. t.* অক্সাইডে পরিণত-কৃ ; To convert into an oxide :—*v. i.* ঐ হওয়া , To become an oxide *n*=oxidiser. [tary gas.

Oxygen, ok'si-jen, *n* অম্লজান বাষ্প ; An elemen-

Oxygenate, ok'si-en-āt, *v. t.* অম্লজানের সহিত মিশ্রিত-কৃ ; To unite or cause to unite with oxygen. *n*=oxygenation. [vinegar and honey.

Oxymel, *n.* মধু ও সির্কার মিশ্রণ ; A mixture of

Oxytone, *a.* তীক্ষ্ণধ্বনিত , Having an acute sound.

Oyez, Oyes, o'yes, *int* শুন শুন ; Hear ye.

Oyster, ois'tér, *n.* শুক্তি ; ঝিনুক ; শম্বুক বিশেষ ; কস্তুরি , A well-known bivalve shellfish.

Ozaena, *n.* নাসিকার ঘা , A fetid ulcer in the nose.

Ozone, ō'zōn, *n.* ঘনীভূত অম্লজান ; Oxygen in an active or highly electro-negative state.

P

P—ইংরাজি বর্ণমালার ষোড়শ অক্ষর ; The 16th letter of the English alphabet. [Pertaining to food.

Pabular, pab'ū-lar, *a.* আহারসম্বন্ধীয় , খাদ্যসংক্রান্ত ,

Pabulum, pab'ū-lum, *n.* খাদ্যদ্রব্য ; ভোজ্যবস্তু ; Food ; provender :—জ্বালানি কাঠ ; Fuel.

Paca, *n.* মূষিক বিশেষ ; A small rodent mammal.

Pace, pās, *n.* [L. *pando*, *passus*, to stretch.] পদক্ষেপ ; গতি , A step ; a stride :—আড়াই বা তিন ফুট , 2½ or 3 feet :—গতি ; Gait :—চলন বেগ ; দ্রুতগমনের পরিমাণ ; Degree of speed :—ঘোড়ার কদম . Two legs of a horse lifted upon the same side :—*v. t.* মাপ-কৃ ; পদক্ষেপ দ্বারা

পরিমাণ-কৃ ; To measure by steps :—পদচালনা শিক্ষা-কৃ ; গতি নিয়মিত-কৃ ; To regutate the motion of :—*v. i.* আস্তে আস্তে চলা ; কদমে চলা ; To walk slowly ; to amble. *n*=pacer. [Slowly.

At a snail's pace—ধীরে ধীরে ; মন্থরগতিতে ;

Keep or hold pace with—পিছু পড়িয়া না থাকা ; Keep up with ; move as fast as.

Thorough paced, *a.* Complete in all respects ; going all lengths.

Pacer, *n.* অশ্ব ; An easy-paced horse.

Pacha, Pasha, pash-á, *n.* তুর্কদেশীয় রাজপ্রতিনিধি ; তুরস্কদেশীয় শাসনকর্ত্তা ; A Turkish viceroy.

Pachalic, pashalic, *n.* পাশার অধিকার ; Province of a Pacha.

Pachyderm, Pachydermata, *n.* স্থূল চর্ম্মবিশিষ্ট চতুষ্পদ জন্তু ; স্থূলচর্ম্মী ; Thick skinned four-footed beast. *a*=pachydermatous.

Pacific, pa-sif'ik, *a.* [L. *pax, pacis,* peace, and *facere,* to make] শান্ত, প্রশান্ত ; নিরুপদ্রব ; Appeasing ; mild ; tranquil ; peaceful :—*n.* প্রশান্ত মহাসাগর ; The ocean between Asia and America. *ad*=pacifically. *Syn* :—(*a*) Peace-making, gentle, conciliatory ; calm, quiet.

Pacification, pas-if-i-kā'shun, *n.* শান্তিসংস্থাপন ; সন্ধি স্থাপন ; The act of making peace between parties at variance.

Pacificator, pa-sif'i-kā-tor, **Pacifier,** pas'i-fi-ér, *n.* শান্তিস্থাপক ; Peace-maker. *a*=pacificatory

Pacificatory, *a.* শান্তিকর ; Tending to make peace.

Pacify, paśe-fi, *v. t.* [L. *pax, pacis,* peace, and *facia,* to make] শান্ত-কৃ ; সান্ত্বনা-কৃ ; To appease ; to soothe ; to tranquilise. *Syn* :—Conciliate, calm, still, quiet, allay, compose.

Pack, pak, *n.* গাঁইট ; গাঁটরি ; গাঁট ; Large bundle ; bale :—বোঝা ; A burden :—কুকুর দল, Set of hounds for hunting :—এক জোড়া তাস, Set of playing cards :—বহুসংখ্যা ; Any great number :—*v. t.* মোট বাঁধা, To bind and press together as for carriage :—কুকর্ম্ম করিবার জন্য ব্যক্তি মনোনীত-কৃ ; কুকর্ম্ম সাধনার্থ লোক নির্ব্বাচন-কৃ ; To select persons for a bad purpose :—*v. i.* গাঁটবন্দী-কৃ ; To form into packs :—দ্রুত প্রস্থান-কৃ, To depart in haste. *n*=packer. *Syn* :—(*n*) Packet, parcel, budget, package ; load ; collection, assemblage, assortment, gang, crew, set, lot, squad.

Package, pakáj, *n.* গাঁটরি ; গাঁইট ; গাঁট ; A bundle or bale :—মোট বান্ধিবার ভাড়া ; গাঁটবন্দী করার মূল্য ; A charge for packing goods ; charge made for packing. [goods.

Packer, *n.* যে গাঁট বা মোট বাঁধে ; One who packs

Packet, paket, *n.* ছোট মোট ; ছোট গাঁটরি ; তাড়া ; A small package :—ডাকের জাহাজ ; Mail of letters ; a despatch vessel :—জাহাজ বিশেষ ; A vessel plying regularly between two ports :—*v. i.* তাড়াবন্দী-কৃ ; To make up into a parcel.

Packet boat, Packet ship—ডাকের বা যাত্রীগণের জাহাজ ; Vessel for carrying letters and passengers at stated times.

Pack-horse, pakhors, *n.* ভারবাহী অশ্ব ; বোঝাবাহক অশ্ব ; ছালার ঘোড়া ; A horse for carrying baggage.

Packing, *n.* গাঁটবন্দী করণ বা করিবার উপকরণ ; The act of putting in packs ; material for packing.

Packing-sheet, *n.* দ্রব্যাদি মুড়িবার মোটা কাপড় ; A large coarse cloth for packing.

Packman, pakman, *n.* ফেরিওয়ালা ; গাঁটরী-বাহক ; Pedler ; one who carries a pack.

Pack-saddle, pak-sadl, *n.* পালান ; Saddle for burdens. [Thread used in packing.

Packthread, pakthred, *n.* বোঝা বান্ধিবার দড়ি ;

Pact, pakt, *n.* চুক্তি ; নিয়ম ; A contract.

Paction, pakshun, *n.* চুক্তি ; সন্ধি ; A contract ; an agreement. *Syn* :—Bargain, covenant, league, bond, alliance, compact.

Pad, pad, *n.* নরম জিন ; কোমল গদি ; A soft saddle ; cushion :—কদমে চলনশীল অশ্ব ; Easy-paced horse :—পথদস্যু ; দস্যু ; Robber going on foot :—কোমল উপাদান নির্ম্মিত লেখনসহায় আধার বিশেষ ; A package of some soft material for writing upon :—*v. t.* তুলা দ্বারা ভরা ; Stuff ; to furnish with anything soft :—দলন-কৃ ; To trample :—*v. i.* ডাকাইতি-কৃ ; To rob on foot.

Padding, *n.* কোমল গদি নির্ম্মাণ বা তাহার প্রণালী, The act or process of making a pad.

Paddle, padl, *v. i.* জলক্রীড়া কৃ ; স্পর্শ-কৃ ; To beat water with the feet ; to play in water, to finger :—*v. t.* ক্ষেপণি সঞ্চালনে অগ্রসর-কৃ, দাঁড় বাহিয়া যাওয়া, To move with an oar, to propel with paddle :—*n.* দাঁড় ; নৌকাদণ্ড, A broad-ended oar ; the blade of an oar.

Paddle your own canoe—নিজের চরকায় তেল দেওয়া, Mind your business.

Paddle-wheel, padl-hwel, *n.* পোতচালক চক্র, A water wheel used in propelling steam-vessels.

Paddock, paduk, *n.* ভেক ; ভেঙ, A large toad or frog :—ক্ষুদ্র বেষ্টিত স্থান ; ক্ষুদ্র পশুচারণ ক্ষেত্র, A small enclosure under pasture.

Paddock-stool, paduk-stōōl, *n.* ব্যাঙের ছাতা, ছত্রক ; Mushroom ; a toad-stool.

Padlock, padlok, *n.* তালা, কুলুপ ; Lock with a link to pass through a staple or eye :—*v. t.* কুলুপ-দে ; তালা দিয়া বন্ধ-কৃ ; To fasten with a pad-lock.

Paddy, padi, *n.* ধান্য ; Rice in the husk.

Paean, pē'an, *n.* জয়গান ; বিজয়োল্লাস গীত ; A song of triumph.

Pagan, pā'gan, *n.* [L. *paganus,* a countryman] পৌত্তলিক, A heathen :—*a.* পৌত্তলিক, Heathen. *Syn* :—Gentile, idolater.

Paganise, págan-iz, *v. t.* পৌত্তলিক-কৃ ; To convert to paganism, to render heathen.

Paganish, *a.* পৌত্তলিকসম্বন্ধীয় ; Heathenish.

Paganism, págan-izm, *n.* পৌত্তলিকতা ; Heathenism.

Page, pāj, *n.* বালক-ভৃত্য ; বালভৃত্য ; A boy-servant in livery :—পৃষ্ঠা ; পত্র-পৃষ্ঠা ; A leaf of a book ; one side of a book :—*pl.* লিখিত বিষয় ; Writings :—*v. t.* পত্রাঙ্ক-কৃ ; পত্রাঙ্ক-দে ; To number the pages of.

Pageant, pajant, *n.* প্রদর্শনী ; সমারোহ ; দৃশ্য ; Public show or procession ; showy exhibition ; a grand show :—*a.* বাহ্যাড়ম্বর প্রিয় ; আড়ম্বরপূর্ণ ; জাঁকাল ; Showy ; pompous.

Pageantry, paj'an-tri, *n.* বাহ্যাড়ম্বর ; জাঁকজমকশালী দৃশ্য ; Ostentatious show ; pompous exhibition or spectacle.

Pagination, *n.* পত্রাঙ্ক ; The figures used to indicate the number of pages.

Pagoda, pa-gō'da, *n.* দেবমন্দির ; দেবমূর্ত্তি ; East Indian or Chinese temple ; an idol.

Paid, pād, *pa. t.* and *pa. p.* of pay.

Paidentics, *n.* [Gr. *paideno,* to teach] অধ্যাপনা-বিজ্ঞান ; The science or theory.

Pail, pāl, *n.* জলপাত্র ; দুগ্ধপাত্র ; বেঁড়ে ; দোহনভাণ্ড ; Wooden or tin vessels for water, milk-pail.

Pain, pān, *n.* [L. *poena,* punishment] বেদনা ; দৈহিক যন্ত্রণা ; Ache ; bodily distress :—মনঃকষ্ট ; মানসিক কষ্ট ; Anguish :—দণ্ড ; Penalty :—*pl.* প্রসব-বেদনা ; Labour ; the throes of child-birth : —*v. t.* কষ্ট-দে ; ক্লেশ-দে ; যাতনা-দে ; ব্যথিত-কৃ ; To distress ; to torment ; to grieve. *Syn* :—(*n*) Pang, trouble, distress, agony, torture, torment ; grief, affliction, sorrow, anxiety, care, bitterness. (*v*) Torture, rack, agonize, hurt, wound, disquiet, trouble, grieve, aggrieve.

On pain of or **under the pain of**—অন্যথা হইলেই দণ্ড এই ; The penalty of disobedience being.

Be at the pains, Take pains—কষ্ট বা যত্ন স্বীকার করিয়া কোন কর্ম্ম করা ; Undergo labour, take trouble.

Painful, pān'fool, *a.* কষ্টদায়ক ; কষ্টকর ; যন্ত্রণাদায়ক ; কষ্টসাধ্য ; Distressing ; difficult. *ad*=painfully, *n*=painfulness. *Syn* :—Tormenting, torturing, excruciating, afflictive, troublesome, distressing ; grievous ; laborious, toilsome, arduous.

Painless, pān'les, *a.* কষ্টশূন্য ; ক্লেশমুক্ত ; Without pain ; free from pain. *n*=painlessly, *n*=painlessness.

Pains-taker, pānz'tāk-ėr, *n.* শ্রমশীল ব্যক্তি, পরিশ্রমী ; One who takes pains or care ; a labourious person.

Pains-taking, pānz'tak-ing, *a.* পরিশ্রমী, কার্য্যতৎপর ; কষ্টসহ ; Laborious, diligent :—*n.* পরিশ্রম ; অধ্যবসায়, শ্রম ; Labour ; diligent.

Paint, pānt, *v. t.* রং-কৃ ; রঞ্জিত-কৃ ; চিত্রিত-কৃ ; To represent by drawing with colours ; to colour —বর্ণনা-কৃ ; To describe :—*v. i.* চিত্রকার্য্য-কৃ ; চিত্র-কৃ ; To practice painting :—মুখে রং দেওয়া ; মুখ রঞ্জিত-কৃ ; To lay colours on the face ; to colour the face :—*n.* রং ; A colouring substance. *Syn* :—(*v*) Picture, depict, portray, delineate, represent, figure, sketch.

Painter, pānt'ėr, *n.* চিত্রকর ; One skilled in painting :—নৌবন্ধন রজ্জু, A rope used to fasten a boat.

Painter's colic, *n.* চিত্রকরের শূল বেদনা ; Disease from handling lead poisons.

Painting, pānt'ing, *n.* চিত্রবিদ্যা ; চিত্র ; Art of delineating colours ; picture :—বর্ণন ; Vivid description in words.

Pair, pār, *n.* যোড়া ; যুগল, যুগ্ম, Couple ; brace ; two things similar, suitable to each other :—দম্পতি, A man and his wife :—*v. t.* যুক্ত-কৃ ; যুগলমিলন-কৃ ; To join in couples, unite in couples :—*v. i.* যুক্ত-হ ; যুগলরূপে মিলিত-হ, To be joined in couples.

Pair off—যোড় বাঁধিয়া যাওয়া ; জোড়ায় জোড়ায় যাওয়া ; To go off in a pair or pairs :—বিপরীত মতাবলম্বীর সহিত এরূপ নিয়মবদ্ধ হওয়া যে, উভয়ের কেহই স্ব স্ব মত প্রকাশ করিবে না ; To make an arrangement with one of an opposite opinion by which the votes of both are withheld.

Pairing time, *n.* পক্ষীদিগের সঙ্গমকাল ; Time when birds couple.

Palace, pal'ās, *n.* রাজপ্রাসাদ ; রাজবাটী ; A royal house :—বিশপের বাসস্থান ; A bishop's official residence :—অট্টালিকা ; প্রাসাদ ; A house eminently splendid.

Paladin, pal'a-din, *n.* বিখ্যাত যোদ্ধা ; দিগ্বিজয়ী বীর ; A distinguished champion ; an eminent person ; a knight-errant.

Palaeology, *n.* প্রত্নতত্ত্ব সম্বন্ধীয় প্রবন্ধ বা গ্রন্থ ; পুরাকালীন বিবরণ ; A discourse or treatise on antiquities ; archaeology. *n*=palaeologist.

Palaeontology, *n.* ভূতলের প্রাচীন তত্ত্ব ; The science of the ancient life of the earth, or of its fossil remains :—মৃত্তিকা নিমগ্ন পদার্থ বিদ্যা ; Science of fossils. *a*=palaeontological. *n*=palaeontologist.

Palanquin, Palankeen, pal-an-kēn', *n.* পাল্কি ; নরযান ; A light covered carriage borne on men's shoulders.

Palatable, pal'at-a-bl, *a.* সুস্বাদু ; Agreeable to the taste, savoury. *ad*=palatably.

Palatal, pal'at-al, *a.* তালব্য ; Uttered by aid of the palate :—তালু সম্বন্ধীয় ; Pertaining to the palate :—*n.* তালব্য বর্ণ ; A letter pronounced by the aid of the palate.

Palate, pal'āt, *n.* তালু, The roof of the mouth touched by the food :—আস্বাদন ; স্বাদ ; Taste ; relish.

Tickle the palate—সুস্বাদু-কৃ।

Palatial, pa-lā'shi-al, *a.* রাজকীয় ; আড়ম্বরশালী ; Royal ; magnificent.

Palatinate, pal-at'in-āt, *n.* প্যালাটিনের অধিকার ; Province of a palatine.

Palatine, pal'a-tin, *a.* রাজকীয় অধিকার বিশিষ্ট ; Having royal privileges :—রাজোচিত ক্ষমতাপন্ন, Possessing royal privileges :—*n.* রাজ ক্ষমতাবিশিষ্ট সম্ভ্রান্ত ব্যক্তি ; A noble invested with royal privileges :—প্রজা ; A subject of palatinate.

Palaver, pal-a'vėr, *n.* বৃথা জল্পনা ; বৃথা বাক্য ; তোষামোদ ; Idle talk ; flattery :—প্রকাশ্য সভা ; ঘোঁট ; প্রকাশ্য বাদানুবাদ, A public conference.

Pale, pāl, *n.* খোঁটা ; স্তম্ভ ; বেড়া ; বেষ্টিত স্থান, সীমা ; ঘের ; প্রদেশ ; A narrow piece of wood used in fencing or enclosing ; a pointed stake driven into the ground ; an enclosure ; limit ; district : —*v. t.* বেষ্টন-কৃ ; খোঁটা দ্বারা ঘেরা ; To enclose with stakes ; to encompass.

Pale, pāl, *a.* পাণ্ডুবর্ণ ; মলিন ; বিবর্ণ ; ক্ষীণ ; মন্দপ্রভ, অনুজ্জ্বল ; Wan ; of a faint lustre ; dim :—*v. t.* মলিন-কৃ ; বিবর্ণ-কৃ ; To make pale :—*v. i.* মলিন-হ, বিবর্ণ-হ ; To turn pale. *n*=paleness (মলিনতা) ; *ad*=palely. *Syn* :—White, whitish, pallid, sallow, faint.

English pale—The limits of territory around Dublin, within which the English could be said to rule.

Out of the pale of—সীমার মধ্যে নহে ; (সমাজের) বাহিরে, Beyond the limits of.

Paleography, pā-le-og'ra-fi, *n.* প্রাচীনকালের

লিখন পাঠ ; Study of ancient writings and modes of writing.

Palestra, pa-lestra, *n.* [Gr. *pale*, wrestling] ব্যায়াম বিদ্যালয় ; মল্লযুদ্ধ বিদ্যালয় ; A wrestling school.

Palestric, pa-lestrik, **Palestrical**, pa-lestrik-al, *a.* ব্যায়াম সম্বন্ধীয় , মল্লযুদ্ধ সংক্রান্ত ; Pertaining to wrestling.

Paletot, pale-to, *n.* উপরের ঢিলা কোট্ ; A loose overcoat.

Palette, palet, *n.* চিত্রকরের রঙ্ রাখিবার পাত্র বা আধার ; Painter's board for holding colors.

Palfrey, palfri, *n.* ক্ষুদ্র ঘোড়া ; সাধারণ আরোহণার ; A saddle-horse ; a small horse for a lady.

Palimpsent, *n.* [Gr. *palim*, again, *psestos*, rubbed] যে হস্তলিপি প্রথমবার মুছিয়া দ্বিতীয়বার লিখিত হইয়াছে ; A manuscript which has been written upon twice, the first writing having been erased to make place for the second.

Palindrome, *n.* যে শ্লোক, পদ, বা বাক্য বাম বা দক্ষিণ দুইদিক হইতে তুল্যরূপে পঠিত হয় , A word, verse, or sentence that is the same when read backward or forward, as, *deed*, peep, madam.

Paling, paling, *n.* খোঁটাখুঁটি ; বেষ্টন ; খোঁটার বেড়া , বেড় ; A fence of pales ; an enclosure.

Palinote, *n.* পূর্ব্ব ঘোষণার বিপরীত ঘোষণা , A recantation.

Palisade, pal-i-sad, *n.* [L. *palus*, a stake] ছুঁচলো গোঁজের বেড়া , কাঠগড়া ; A fence of pointed stakes set firmly in the ground , sharpened stake driven into the ground , a fence formed of stakes :—*v. t.* কাঠগড়া-কৃ , কাঠগড়া দিয়া ঘেরা , বেষ্টন-কৃ ; To enclose , to surround with stakes.

Palish, pa'-lish, *a.* আপাণ্ডুর ; Somewhat wan.

Pall, pawl, *n.* [L *palla*, a mantle, a curtain] পরিচ্ছদ , অঙ্গরক্ষণী , A cloak of state , a mantle : —শবাচ্ছাদন বস্ত্র , The cloth thrown over a coffin : —*v. t.* আচ্ছাদন-কৃ ; To cover.

Pall, *v. t.* পরিতৃপ্ত-কৃ ; নিস্তেজ-কৃ , ভগ্নোদ্যম-কৃ ; বিস্বাদ-কৃ ; Make spiritless , make vapid , to coy ; to depress :—*v. i.* বিস্বাদ-হ ; নিস্তেজ-হ ; To become vapid ; to become spiritless.

Pall upon—অরুচিকর-হ ; বিতৃষ্ণা-হ , Become insipid to.

Palladium, pal-ladi-um, *n.* প্যালাস নামক দেবমূর্ত্তি ; Statue of Pallas :—রক্ষার উপায় ; রক্ষাকবচ , Charm for security or protection , defence —ধাতু বিশেষ , A rare metal. [Greek name of Minerva.

Pallas, *n.* সরস্বতী ; Athene or Minerva ; The

Pall-bearer, *n.* শবপরিচ্ছদ-বাহক ; One who attends the coffin at a funeral.

Pallet, palet, *n.* [Fr. *paille*, straw] সামান্য বিছানা ; খড়ের গদি ; A small or rude bed ; mattress of straw :—চিত্রকরের রঙ্ রাখিবার পাত্র ; A palette : —কুমোরের গঠন-যন্ত্র ; The tool used by potters.

Palliam, *n.* A consecrated vestment worn by Pope and sent to patriarches, priests, metropolitans and sometimes to bishops.

Palliasse, *n.* [L. *palea*, chaff] নীচে পাতিবার খড়ের গদি ; An under mattress of straw.

Palliate, pale-at, *v. t.* [L. *pallium*, a clock] লঘু-কৃ ; উপশম-কৃ ; হ্রাস-কৃ ; To excuse ; to soften by favourable representation ; to extenuate. *Syn* :—Cover, cloak, extenuate, excuse : allay, soothe, alleviate, mitigate, assuage.

Palliation, pal-i-ashun, *n.* উপশমন ; লঘুকরণ ; হ্রাসকরণ ; Extenuation ; mitigation.

Palliative, pali-a-tiv, *a.* উপশমকারী ; উপশমক ; লঘুকারী ; হ্রাসকারক ; Mitigating ; serving to extenuate.

Pallid, palid, *a.* মলিন ; পাণ্ডুবর্ণ ; ক্ষীণ ; Pale ; wan. *Syn* :—Ashy, colourless, cadaverous.

Pall-mall, pel-mel, *n.* দাঁড়গুলি খেলা বিশেষ ; ক্রীড়া বিশেষ ; A game in driving a ball with a malt through an iron ring :—লণ্ডনের রাস্তার নাম ; A street in London.

Pallor, palor, *n.* বিবর্ণত্ব ; পাণ্ডুবর্ণ ; Paleness.

Palm, pam, *n.* করতল ; হাতের তালু ; The inner part of the hand :—তালজাতীয় বৃক্ষ ; A branchless tree :—বিজয়োল্লাস চিহ্ন ; জয়চিহ্ন ; A token of triumph or victory :—*v. t.* করতলে লুক্কায়িত-কৃ ; হাতের তলায় মধ্যে গোপন-কৃ ; To conceal in the palm of the hand , to stroke with the palm of the hand :—প্রতারণা-কৃ ; প্রতারিত-কৃ ; To deceive ; to impose by fraud. [best ; be pre-eminent.

Bear the palm—শ্রেষ্ঠ-হ , সর্ব্বশ্রেষ্ঠ-হ ; To be the

Carry the palm—জয়ী-হ ; Become victorious.

Dispute the palm—প্রাধান্যের জন্য বিবাদ-কৃ ; Contend for the prize or mastery.

Give the palm to—শ্রেষ্ঠত্ব স্বীকার-কৃ ; Acknowledge a person or thing as superior to another.

Palm on, Palm off upon one—ফাঁকি দিয়া চালাইয়া দেওয়া , Pass upon one artfully (like a juggler), impose fraudulently upon one.

To palm off—প্রতারণা করা , To impose by fraud , to put off by unfair means.

Palmar, palmar, **Palmary**, palma-ri, *a* করতলিক ; করতলতুল্য বিস্তারবিশিষ্ট , Pertaining to the palm , having the breadth of a palm.

Palmary, palma-ri, *n* [L. *palma*, a palm] করতলযোগ্য , Worthy of the palm :—শ্রেষ্ঠ ; Pre-eminent.

Palmate, palmat, **Palmated**, palmat-ed, *a.* করতলাকার , লিপ্তপদ , Shaped like the palm of the hand , entirely webbed, as feet.

Palmer, pamer, *n.* তীর্থযাত্রী ; A pilgrim from the Holy land :—প্রতারক ; One who cheats.

Palmer-worm, pamer-wurm, *n.* লোমশ কীট বিশেষ ; A kind of hairy worm.

Palmotto, *n.* তালজাতীয় কয়েক প্রকার বৃক্ষের নাম ; A name for several far-trees.

Palm-house, *n.* তালজাতীয় গাছের জন্য কাচগৃহ ; A glass house for raising palms.

Palmiped, *a.* লিপ্তপদ , Web-footed :—*n.* সন্তরণ-ক্ষম পক্ষী ; A swimming bird.

Palmister, palmis-ter, *n.* গণক ; One who pretents to tell fortunes by the lines of the palm of the hand *n*=palmistry (সামুদ্রিক বিদ্যা) ৷

Palm-Sunday—ঈষ্টার উৎসবের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী রবিবার ; Sunday before Easter.

Palm-wine, *n.* তাড়ি ; Toddy.

Palmy, pame, *a.* তালবিশিষ্ট , তালপত্রধারী ; Bearing palms :—সমৃদ্ধ ; বিজয়ী ; Flourishing ; victorious. *Syn* :—Prosperous, fortunate, joyous.

Palmyra—তাল গাছ ৷

Palpability, **Palpableness**, *n.* প্রতীয়মানতা ; সুস্পষ্টতা ; Obviousness.

Palpable, palpa-bl, *a.* [L. *palpo*, *palpatus*, to touch softly] স্পর্শেন্দ্রিয়গ্রাহ্য ; প্রতীয়মান ; সুস্পষ্ট ;

স্পৃষ্ট ; Capable of being felt ; perceptible by the touch ; obvious ; gross. *n*=palpability, palpableness. *Syn* :—Tactile, tangible, manifest, evident, plain, obvious, gross.

Palpitate, palpi-tāt, *v. i.* ধুক্ ধুক্-কৃ ; স্পন্দিত-হ ; ঘন ঘন আঘাত-কৃ ; To beat rapidly ; to throb ; flutter ; pulsate.

Palpitation, pal-pi-tāshun, *n.* ধুক্ ধুক্ , স্পন্দন ; A disease of the heart, characterised by forcible pulsations.

Palsy, pawlze, *n.* পক্ষাঘাত ; Paralysis :—*v. t.* পক্ষাঘাতগ্রস্ত-কৃ ; অবশ-কৃ ; To paralyse ; benumb ; deaden.

Palter, pawlter, *v. i* তুচ্ছ-কৃ ; তাচ্ছীল্য-কৃ ; চাতুরী-কৃ ; শঠতা-কৃ ; To trifle ; to dodge , to haggle ; to shuffle, to equivocate. *Syn* :—Quibble, trifle, prevaricate.

Paltry, pawltre, *n.* [Sw. *palta,* rag] নীচ , জঘন্য ; অকিঞ্চিৎকর ; ক্ষুদ্র , Mean ; vile ; worthless. *n*=paltriness. *ad*=paltrily. *Syn* :—Contemptible, pitiful, despicable, shabby, beggarly ; small, little, trifling, trivial

Paludial, pal-ū'dal, *a.* [L. *paludis,* a marsh] জলযুক্ত ; জলাভূমিময় ; Marhsy

Paludinous, *a.* জলাসম্বন্ধীয় ; জলা-বিল সংক্রান্ত ; Belonging to or produced in marshes.

Pampas, pampaz, *n. pl* দক্ষিণ আমেরিকার প্রান্তর ; Vast plains in South America

Pamper, pamper, *v. t.* [Ger. *pampfen,* to stuff] অতিরিক্ত ভোজন করান , পর্যাপ্ত পরিমাণে আহার করান ; To feed luxuriously , to feed to the full , to glut. *n*=pamperer *Syn* :—Gratify inordinately, sate, surfeit ; indulge, cocker. [small book.

Pamphlet, pamflet, *n* পুস্তিকা , ক্ষুদ্র পুস্তক , A

Pamphleteer, pam-flet-ēr', *n* পুস্তিকা-লেখক ; A writer of pamphlet ; a scribbler.

Pamphleteering, pam-flet-ēr'ing, *n.* পুস্তিকা-লিখন ; পুস্তিকা-রচনা ; The writing of pamphlets · —*a.* পুস্তিকা-রচনশীল ; Writing pamphlets.

Pan, pan, *n.* কটাহ ; A broad shallow vessel for domestic purpose :—বন্দুকের বারুদ-ঘর , Part of a fire-lock which holds the priming :—বনদেবতা ; God of shepherds.

Panacea, pan-a-sē'a, *n.* [Gr. *pas, pan,* all, and *akeomai,* to heal] সর্ব্বব্যাধিহর ঔষধ , সর্ব্বরোগ-নিবারক ঔষধ ; A remedy for all diseases ; an univerval medicine. [sweat-meat

Panada, do, *n.* Bread boiled in water and

Pancake, pankāk, *n.* পিষ্টক বিশেষ ; ডিমের বড়া ; Thin cake of eggs, flour, sugar, and milk fried in a pan.

Pancreas, pankre-as, *n.* [Gr. *pas, pan,* all, and *kreas,* flesh] উদর মধ্যস্থ পরিপাক-সহায় যন্ত্র বিশেষ ; A fleshy gland situated under and behind the stomach, secreting a saliva-like fluid which assists digestion. *a*=pancreatic (প্যান্‌ক্রিয়াস্ যন্ত্র সম্বন্ধীয় ; pertaining to pancreas).

Pandect, pandekt, *n.* [Gr. *pas, pan,* all, and *dechomai,* receive] বিজ্ঞানের তাবৎ বৃত্তান্ত বিষয়ক পুস্তক ; বিজ্ঞান বিশেষের লিখিত সমুদায় গ্রন্থ ; A treatise on the whole of a science :—*pl.* সংক্ষিপ্ত ব্যবহারদর্পণ বিশেষ ; Justinian code.

Pandemonium, pan-de-mō'ni-um, *n.* সকলের সভাগৃহ ; প্রেত-প্রাসাদ ; The hall of all the devils or evil spirits.

Pander, pander, *n.* ভেড়ুয়া ; কোটনা ; মদনদূত ; অন্যের ইন্দ্রিয় পরিতৃপ্তি-সাধন-সঙ্ঘটক ; A procurer ; a pimp ; one who procures for another the means of gratifying his passions :—*v. t.* কোটনামি-কৃ ; To play the pander for :—*v. i.* কোটনামি-কৃ ; ইন্দ্রিয় পরিতৃপ্তির সহায়তা-কৃ ; To minister to the passions.

Pander to—অপরের অসৎ প্রবৃত্তি চরিতার্থ করিবার জন্য উত্তরসাধক-হ ; Act as agent in gratifying (the passion of another). [vices of a pander.

Pandorage, *n.* কোটনামি ; Employment or

Pandit, pundit, *n.* পণ্ডিত , A learned Brahmin.

Pandour, pandoor, *n.* অষ্ট্রিয়ার সেনাদলের পদাতিক সৈন্য , *A Hungarian foot-soldier in the* Austrian service.

Pane, pān, *n.* চারিকোণা কাচ ফলক ; কাচের পরকলা , A plate of glass :—স্বতন্ত্র খণ্ড ; A district patch.

Paned, *a.* স্বতন্ত্র খণ্ড বা পরকলাবিশিষ্ট ; Composed of panes ; variegated.

Panegyric, panē-jir'ik, *n.* [Gr. *pas, pan,* all, and *agyris,* a gathering] স্তুতি ; প্রশংসা ; Praise , an encomium ; eulogium , eulogy. *a*=panegyric, panegyrical. *ad*=panegyrically.

Panegyrise, pane-jir-īz, *v. t.* প্রশংসা-কৃ , স্তুতিবাদ-কৃ , To praise highly. *n*=panegyrist.

Panegyrist, *n.* প্রশংসাকারী ; স্তুতিপাঠক ; Eulogist.

Panel, Pannel, panel, *n.* কপাটের পেনেল ; কপাটের খোপ , A piece of board inserted into a frame thicker than itself :—জুরিদের ফর্দ্দ , জুরিদের তালিকা , A schedule containing the names of persons summoned as jurors :—*v. t.* প্যানেল বিশিষ্ট-কৃ . To furnish with panels.

Panelling, *n.* প্যানেল কাজ , Panel-work.

Pang, *n* [A. S. *pyngan,* to prick] ক্ষণিক প্রবল যন্ত্রণা ; বিষম কষ্ট , A momentary and violent pain. *Syn* :—Throe, twinge, gripe, agony, anguish, distress.

Panic, panik, *n.* আকস্মিক ভয় ; নিদারুণ ভীতি ; Extreme or sudden fright .—*a.* অত্যন্ত ; নিদারুণ ; আকস্মিক ; অমূলক . Extreme or sudden ; imaginary, groundless.

Panicle, *n* এক প্রকার শস্য পুষ্পোদ্গম ; পুষ্প বা বীজের গুচ্ছ ; থোবা , A form of inflorescence in which the cluster is irregularly branched ; a tuft of flowers or seeds.

Panic-monger, *n.* One who creates panic.

Panic-struck, panik-struk, **Panic-stricken,** panik-striken, *a.* ভয়বিহ্বল , আকস্মিক ভয়াভিভূত ; Seized with sudden fear ; struck with a sudden fear.

Pannel, *n.* same as panel, গ্রাম্য পলান ; A kind of rustic saddle :—বাজপক্ষীর পাকস্থলী ; The stomach of a hawk.

Pannier, panyer, *n.* ঝুড়ির চুপড়ি ; অশ্বোপরি ফল মূলাদি বহনার্থ ঝোড়া ; Bread-basket ; a basket for carrying light produce on a horse.

Panoply, pano-pli, *n.* [Gr. *pas, pan,* all, and *hopla,* arms] বর্ম্ম , সাঁজোয়া ; দেহত্রাণ ; গাত্ররক্ষী ; A full suit of armour.

Panoplied, *a.* অস্ত্রশস্ত্রে সম্পূর্ণরূপে সজ্জিত ; Completely armed.

Panorama, pan-o-rä'ma, *n.* [G. *pan*, all, and *horama*, a view] একত্র সমাবিষ্ট বহুদৃশ্যপূর্ণ সুদীর্ঘ চিত্র ; চিত্র ; দৃশ্য ; A picture representing a number of scenes unrolled and made to pass before the spectator. *a*=panoramic.

Pansy, poṅzi, *n.* লতা বিশেষ ; এক জাতীয় ভায়লেট , A species of violet, heart's ease.

Pant, pant, *v. i.* হাঁপান , কষ্টে শ্বাস ত্যাগ-কৃ ; To breathe quickly ; to gasp , to breathe in a laboured manner :—অত্যন্ত অভিলাষী-হ , অত্যন্ত উৎসুক-হ ; To long for :—*v. t* দ্রুত নিশ্বাস ত্যাগ-কৃ , *Gasp out ; breathe forth quickly* —*n* হাঁপানি , Rapid breathing ; gasp ; palpitation —আকাঙ্ক্ষা ; আশা ; Longing. *Syn* :—(*v.*) Blow, puff , sigh, desire ardently, long, yearn.

Pantagraph, *n.* চিত্র নকল করিবার যন্ত্র বিশেষ , An instrument for copying drawings, on the same or on a different scale.

Pantaloon, pan-ta-lōōn, *n.* ভাঁড় , সং , A buffon :—*pl.* পাজামা ; Trousers

Playing pantaloon—কাহারও অধীন-হ , Playing second fiddle ; being the cat's paw of another

Pantheism, paṅthe-izm, *n.* [Gr. *pan*, all, and *theos*, God] প্রকৃতি ও সমুদায় বিশ্বই ঈশ্বর একপ মত ; বিশ্বেশ্বর বাদ , অদ্বৈত বাদ , The doctrine that the whole universe is God *a*=pantheistic, pantheistical.

Pantheist, paṅ-the-ist, *n* অদ্বৈত বাদী , বিশ্বেশ্বর বাদী ; A believer in patheism.

Pantheologist, *n* যাবতীয় ধর্মমত ও দেবজ্ঞানে সুপণ্ডিত ; One versed in pantheology

Pantheology, pan-the olo-ji, *n* [G *par* all, *theos*, God, and *logos*, discourse] দেবসমূহের জ্ঞান ; যাবতীয় ধর্মমত ও দেবের জ্ঞান , A system of divinity or knowledge embracing all the gods

Pantheon, paṅthe-on, *n* [G *pan*, all and *theos*, God] রোমনগরস্থ দেবসমূহের মন্দির জাতীয় দেবোদ্দেশে উৎসর্গীকৃত মন্দির , A temple dedicated to all the gods .—দেবসমূহ , The whole of the gods of a sect .—জাতি বিশেষের উপাস্য দেবতার বিবরণ গ্রন্থ , A work in which all the divinities worshipped by a people are treated of.

Panther, paṅthėr, *n.* চিতা বাঘ , চিত্র ব্যাঘ্র , A pard ; a spotted ferocious carnivorous animal.

Pantomimic, Pantomimical, *a* Pertaining to pantomime.

Pantomime, paṅto-mim, *n* [Gr *pas*, *pantos* all, and *mimos*, an imitator] কেবল অঙ্গ ভঙ্গ দ্বারা অভিনয় ; সং , পুতুল নাচ , A show or representation or an entertainment in dumb show :—অঙ্গভঙ্গী দ্বারা যে মনোভাব ব্যক্ত করে , One who expresses his meaning by mute action —*a* আকারেঙ্গিতে ব্যক্তকারী , Representing only in mute action. *a*=pantomimic, pantomimical. *ad*=pantomimically. [ভাঁড়, An actor in a pantomime.

Pantomimist, paṅto-mim-ist, *n.* সং , বিদূষক ;

Pantry, paṅtri, *n.* খাদ্য দ্রব্যাদির ভাণ্ডার , An apartment or place for provision or for cleaning plate &c.

Pap, pap, *n.* বালকের নরম আহারীয় দ্রব্য , A soft food for infants :—চুচুক ; স্তনাগ্র ; স্তনের বোঁটা ; A nipple or treat :—ফলের শাঁস ; The pulp of fruit. *a*=pappy (নরম ; Soft). [spiritual father.

Papa, pī-pa, *n.* পিতা , Father :—যাজক ; A

Pausingly, pawźing-li, *ad.* মধ্যে মধ্যে বিরত হওয়া ; With pauses, by breaks.

Pave, pāv, *v. t.* ইষ্টক বা প্রস্তর বসান ; প্রস্তর দ্বারা আচ্ছাদন-কৃ ; To lay or cover with brick or stone :—প্রস্তুত-কৃ ; To prepare. *n*=paver, pavier.

Pave the way for—পথ পরিষ্কার-কৃ, কোনও কিছুর ঘটনা সহজ-কৃ, Prepare the way for, to render possible or easy :—কোন কিছুর জন্য পথ প্রস্তুত করা ; Facilitate the introduction of.

Pavement, pāvment, *n.* পাকা রাস্তা ; পাকা মেঝের মেজে ; A paved causeway or floor

Pavillion, pa-vilyun, *n* তাম্বু, পটমণ্ডপ ; শিবির ; A tent, tent-like covering ; building with a dome ; a tent raised on posts :—*v. t.* তাম্বু যোগান ; পটমণ্ডপ দ্বারা সজ্জিত-কৃ, To furnish with pavillions. [who paves.

Pavior, pāvyur, *n.* যে প্রস্তরাদি বিস্তৃত করে ; One

Paw, *n.* পশ্বাদির থাবা ; শ্বাপদের পদ, The foot of beasts of prey :—*v. i.* থাবা পাতা, অগ্রপদ মৃত্তিকাতে ঘর্ষণ-কৃ ; To draw the forefoot along the ground like a horse :—*v. t.* অগ্রপদ দ্বারা ঘর্ষণ-কৃ ; To scrape with the forefoot :—থাবা মারা ; To handle with the paws :—অগ্রপদ দিয়া টানিয়া ফেলা ; To handle roughly :—তোষামোদ-কৃ ; To flatter.

Pawed, pawd, *a.* প্রশস্তপদ ; Broad-footed.

Pawk, *n.* ছোট জাতীয় গলদা চিংড়ী, A small lobster.

Pawky, pawki, *a.* কুটীল ; ধূর্ত, Arch.

Pawl, *n* অর্গলিকা বিশেষ ; দাঁতওয়ালার চাকার আটক ; A short bar ; a catch.

Pawn, pawn, *n* বন্ধক ; বন্ধক রাখা জিনিষ ; Something given as security for the repayment of

money :—দাবা খেলার বোড়ে ; A common piece in chess :—*v. t.* বন্ধক-দে ; To give in pledge.

Pawn-broker, pawn̆brōk-ėr, *n.* বন্ধক-গ্রহণকারী ; বন্ধকগ্রহীতা (উত্তমর্ণ) ; One who lends small sums on pledge. *Syn* :—Gage, security.

Pawner, pawn̆ėr, *n.* বন্ধকদাতা , বন্ধককারী (অধমর্ণ) ; One who gives a pledge as security for money borrowed.

Pawwax, pakśwaks, *n.* ককুৎ ; বড় বড় পশুর ঝুঁটি ; The strong tendon in the neck of large quadrupeds.

Pay, pā, *v. t.* [F. *paier*, L. *pacare*, to pacify] ঋণ পরিশোধ-কৃ ; শোধা ; To discharge as debt :—পুরস্কার-কৃ ; To reward :—আলকাতরা প্রভৃতি লেপন-কৃ ; To smear with tar, pitch &c. :—দণ্ড দে ; শাস্তি-দে , To punish :—*v. i.* পুরস্কার-কৃ ; ক্ষতিপূরণ-কৃ ; To recompense :—*n.* বেতন , মজুরি ; Salary ; wages :—ভাড়া , Hire *pt. p. p.* paid. *Syn* :—(*n*) Settle, liquidate, cash, fulfil , compensate, requite, remunerate ; revenge upon.

Be in the pay of—কাহারও টাকা খাওয়া (ঠিক বেতন নহে কিন্তু বেতন স্বরূপ) , Receive money regularly from some one (not salary for any authorized or legitimate service, but for some service not exactly legitimate).

Full pay—পুরা বেতন ।

Pay back—পরিশোধ-কৃ ; Repay.

Pay court—ভদ্রতা দেখান ; To show civilities.

Pay dear for the whistle—To get any advantage at too great cost.

Pay dearly for—কোন কিছুর জন্য গুরুতর দণ্ড ভোগ-কৃ ; কোন কার্য্যের জন্য শাস্তি পাওয়া ; Pay a heavy penalty for.

Pay for—(কোন জিনিসের) দাম দেওয়া ; মূল্য-দে ; ক্ষতিপূরণ-কৃ ; Pay the price of (any purchased) ; make amends :—কোন দুষ্কৃতির ফল ভোগ-কৃ , পাপের প্রায়শ্চিত্ত-কৃ ; Atone for something by suffering some punishment ; atone for.

Pay homage—সম্মান প্রদর্শন-কৃ ; To render respect ; show reverence.

Pay into—কোন স্থানে টাকা জমা দেওয়া ।

Pay off—দেনা পরিশোধ-কৃ ; Settle with and get rid of , discharge (a debt) :—পাওনাগণ্ডা বুঝাইয়া দিয়া কর্ম্ম হইতে জবাব-দে ; Pay and discharge one · —প্রতিদান-কৃ ; To requite :—প্রতিশোধ লওয়া ; Take revenge upon.

Pay one back—উল্টে দোষ দেওয়া ; উল্টে দোষারোপ-কৃ , Return a charge.

Pay one back in his own coin—যে কাঠায় মাপ সেই কাঠায় শোধ-দে ; Return like for like , retaliate [to seek in marriage.

Pay one's addresses—প্রণয়াকাঙ্ক্ষা-কৃ , To court ,

Pay one's own or the same coin—প্রতিশোধ লওয়া ; To retort , to retaliate.

Pay one's respects—সাক্ষাৎ-কৃ ; To visit as a matter of ceremony or courtesy.

Pay one's score—হিসাবে যাহা দেনা হয় তাহা দেওয়া , যে খরচ লাগে তাহা ঘাড়ে পড়া ; Pay what one owes , bear the charges.

Pay one's way—নিজের খরচ চালান ; দেনা না করিয়া নিজের খরচ চালান ; Meet one's expenses ; meet one liabilities without being in debt.

Pay out—বিস্তৃত-কৃ ; ছাড়া (দড়ি, রজ্জু) ; To cause to run out, as rope. [according to ability.

Pay scot and lot—সাধ্যানুসারে কর-দে ; Pay taxes

Pay the debt of nature—মরা ; Die.

Pay the forfeit, Pay the penalty of—দণ্ড ভোগ-কৃ ; কোন দুষ্কৃতির জন্য ফল ভোগ-কৃ ; To suffer for ; suffer the punishment incurred by (some misdeed).

Pay the paper—দেনা পরিশোধ-কৃ ; ফলভোগ-কৃ ; To settle the bill ; to suffer the consequences—especially of extravagant, unwise and foolish acts.

Pay the piper—সমস্ত খরচা বা ঝঞ্ঝাট বহন-কৃ ।

Pay up—সমস্ত দেনা শোধ-কৃ ; সমস্ত পাওনা শোধা ; Pay punctually or what is required ; pay fully.

Payable, pā'a-bl, *a.* দেয় ; প্রদেয় ; পরিশোধনীয় ; That ought to be paid.

Paybill, *n.* List of names and wages due to each.

Payclerk—যে বেতন দেয় ; One who pays wages.

Payday—বেতন দিবার দিবস ; Day fixed for payments to be made.

Payee, pā-ē', *n* পাওনাদার ; অর্থের গ্রহীতা ; One to whom money is to be paid.

Paymaster—যে বেতন দেয় ; বেতনদাতা কর্ম্মচারী ; প্রদাতা ; বেতনদাতা ; An officer whose duty it is to pay wages.

Payment, pāment, *n.* টাকা দেওয়া ; প্রদান ; পরিশোধ ; The act of paying ; that which is paid :—প্রতিদান , পুরস্কার ; Recompense ; reward.

Pay-office—যেখানে টাকা দেয় ; The office for the payment of the public money.

Paynim, Painim, *n.* পৌত্তলিক , A pagan.

Pea, pē, *n* মটর ; কলাই ; A plant and its seed. *pl* = peas (সংখ্যা বুঝাইতে) ; pease (সমষ্টি বা রাশি বুঝাইতে) ।

Peace, pēs, *n.* শান্তি , উৎপাত-নিবৃত্তি ; A state of quiet ; freedom from disturbance :—সন্ধি ; Freedom from war :—বন্ধুভাব , মিত্রতা ; Friendliness : —মিল , Harmony, concord :—বিশ্রাম ; Calm ; rest :—নিস্তব্ধতা , Silence :—*int.* চুপ কর ; চুপ হও , স্থির হও ; Silence ; hist. *Syn* :—(*n*) Repose, peacefulness, stillness ; concord, amity ; truce, armistice.

Bind one over to keep the peace—মুচলেকায় আবদ্ধ-কৃ ; Oblige one to behave well under penalties in case of misbehaviour.

Breach of peace—শান্তি ভঙ্গ । [silent.

Hold one's peace—চুপ-কৃ ; মৌনাবলম্বন-কৃ ; Be

Make one's peace—পুনর্মিলিত-হ ; To reconcile or become reconciled. [enmity.

Make peace—সন্ধি-কৃ ; To put an end to war or

Peaceable, pēśa-bl, *a.* শান্ত ; শান্তিপ্রিয় ; শান্তিপ্রবণ ; Quiet , tranquil *n*=peaceableness, *ad* = peaceably. *Syn* :—Peaceful, pacific, amicable, friendly ; gentle, mild, serene, still, undisturbed.

Peaceful, pēśfōōl, *a.* শান্তিময় ; শান্ত ; নিস্তব্ধ ; প্রশান্ত ; Quiet ; tranquil ; still ; calm ; serene. *ad*=peacefully (চুপে চুপে) ; *n* = peacefulness (স্থির বা শান্তভাব) । *Syn* :—Still, undisturbed, serene ; mild, gentle, friendly, amicable.

Peacemaker, pēsmāk-ėr, *n.* কুশল-সংস্থাপক; শান্তি-সংস্থাপক; One who makes or promotes peace by reconciling persons at variance.

Peace-offering, pēs-of'ėr-ing, *n.* মঙ্গলার্থ উৎসর্গ; ইহুদিদিগের ঈশ্বরোদ্দেশে উৎসৃষ্ট নৈবেদ্য; বলি; Among the Jews, an offering to God, either in devout thankfulness for past or petition for future mercies; satisfaction offered to an offended person.

Peace-officer, pēsof'is-ėr, *n.* শান্তি-রক্ষক, Justice of peace or constable; a police-officer.

Peace-party, pēs-par'ti, *n.* শান্তি পক্ষাবলম্বনকারী; রাজনৈতিক সম্প্রদায়; A political party advocating the preservation of peace.

Peach, pēch, *n.* পিচ্ গাছ ও ফল; A tree and its fruit. *a*=peachy.

Peach-coloured, *a.* পিচ ফলের ন্যায় বর্ণবিশিষ্ট; ঈষৎ-লোহিত; Of the colour of a peach blossom; pale-red.

Peacock, pē'kok, *n.* ময়ূর; He-hen; a large gallinaceous bird remarkable for the beauty of its plumage. *fem*=peahen.

Pea-hen, *n.* ময়ূরী; The female of the pea-cock.

Peak, pēk, *n.* পর্ব্বতশৃঙ্গ; চূড়া; শিখর; অগ্রভাগ, Sharp top of a hill; a point; the pointed end of anything. *a*=peaked; peakish.

Peaked, pēkt, *a.* সূক্ষ্মাগ্র. Pointed; ending in a point.

Peakish, pēkish, *a.* শিখরবিশিষ্ট; Having peaks.

Pea-jacket, pē'-jaket, *n.* এক প্রকার মোটা পশমী জ্যাকেট (জামা); A coarse thick woolen jacket worn by seamen.

Pebbled, Pebbly, *a.* ক্ষুদ্র উপলখণ্ডময়, Full of pebbles.

Peccable, pek'a-bl, *a.* [L. *pecco*, to sin] পাপপ্রবণ; পাপাত্মা. Liable to sin. *n*=peccability.

Peal, pēl, *v. i.* উচ্চধ্বনি-কৃ; শব্দ-কৃ. To utter or give forth loud or solemn sounds :—*v. t.* শব্দ করিয়া আক্রমণ-কৃ; ধ্বনিত-কৃ; বাজান; To assail with noise; to celebrate :—*n.* ধ্বনি; বৃহন্নাদ; নিনাদ; উচ্চ শব্দ; A loud sound :—পরম্পর সম্বদ্ধ ঘণ্টাশ্রেণী; The changes rung upon a set of bells.

Pean—See Paean.

Pear, pār, *n.* বৃক্ষ বিশেষ; রসাল ফল বিশেষ; A tree and its fruit.

Pearl, pėrl, *n.* মুক্তা; মতি; রত্ন; মণি, Whitish gem; a shining gem, found in several shell-fish; something very precious: a jewel :—*a.* মণিসম্বন্ধীয়; মুক্তানির্ম্মিত; মৌক্তিক. Made of or pertaining to pearl :—*v. t.* মণি দ্বারা অলঙ্কৃত-কৃ; মুক্তা বসান; To set or adorn with pearls.

Cast pearls before the swine—উলুবনে মুক্তা ছড়ান; Offer something valuable to one who is unable to appreciate it, cast away, waste.

Pearl-diver, *n.* One who seeks pearls beneath the sea.

Pearl-eyed, *a.* Having a white speck on the eye.

Pearl-fishery, *n.* Where pearls, oysters lie.

Pearl-fishing—সমুদ্র হইতে মুক্তা উত্তোলন।

A pearl necklace—মতির মালা।

Pearl-oyster, *n.* শুক্তি; মৌক্তিক শুক্তি; A bivalve from which pearls are obtained.

Pearly, pėrli, *a.* মৌক্তিক; মণিময়; মণিসম্বন্ধীয়; মুক্তাবৎ; মুক্তাগর্ভ; মুক্তাময়; Containing or resembling pearls :—স্বচ্ছ; নির্ম্মল; বিশুদ্ধ; Clear; transparent; pure. *n*=pearliness.

Peasant, pez'ant, *n.* [F. *paysan*, from L. *pagus*, the country] কৃষক; চাষা; A rustic :—*a.* গ্রাম্য; গ্রামীণ; Rustic, rural. *Syn* :—Countryman, swain, hind.

Peasantry, pez'ant-ri, *n.* কৃষকদল; চাষাসকল; শ্রমজীবীসম্প্রদায়; Rustics; labourers.

Peat, pēt, *n.* ঘাসের চাপড়া; উদ্ভিদের পচা শিকড়বিশিষ্ট মৃত্তিকা; Turf in bogs; a turf cut for fuel. *a*=peaty.

Pebble, pebl, *n.* নুড়ি; ছোট পাথর; স্বচ্ছ প্রস্তর; A small rounded stone; transparent and colourless rock-crystal. *a*=pebbled.

Peccadillo, pek-a-dil'lo, *n.* [L. *peccatum*, a sin] লঘু দোষ; সামান্য অপরাধ; A petty fault; a venial offence. *pl*=peccadillos.

Peccant, pek'ant, *a.* [L. *peccans*, *ppr.* of *peccare*, to sin] দোষী; দোষকারী; অপরাধী; দুষ্ট; Transgressing; guilty; corrupt; bad. *n*=peccancy, *ad*=peccantly. *Syn* :—Sinning, erring, guilty, criminal; morbid, not healthy, corrupting, malignant

Peccary, *n.* দক্ষিণ আমেরিকার শূকরাকার চতুষ্পদ জন্তু বিশেষ; A hog-like quadruped in South America.

Peck, pek, *n.* পরিমাণ বিশেষ; এক বুশেলের চতুর্থাংশ; A dry measure, 2 gallons or ¼ of a bushel :—*v. t.* চঞ্চু দ্বারা গ্রহণ-কৃ; চঞ্চু দ্বারা খুঁটিয়া লওয়া; To pick up with the beak :—পুনঃ পুনঃ আঘাত-কৃ; চঞ্চু দ্বারা ঠোকর মারা; To strike with repeated blows.

Pecker, pek'ėr, *n.* যে ঠোকর মারে; কাঠঠোকরা পাখী; A wood-pecker.

Peckish, *a.* ক্ষুধিত; ছিদ্রান্বেষী; Hungry, disposed to find fault.

Pectinal, pek'tin-al, *a.* [L. *pecten*, *pectinis*, a comb] চিরুণী সম্বন্ধীয়; চিরুণী সদৃশ; Pertaining to or like a comb :—*n.* মৎস্য বিশেষ; A fish with bones like the teeth of a comb.

Pectinate, pek'tin-āt, **Pectinated,** pek'tin-āt-ed, *a.* চিরুণীর দন্তের ন্যায়; চিরুণীদন্ত সদৃশ; চিরুণীর মত দাঁতওয়ালা; Resembling the teeth of a comb. *n*=pectination, *ad*=pectinately.

Pectination, *n.* চিরুণীদন্ত সাদৃশ্য; The state of being pectinated.

Pectoral, pek'tor-al, *a.* [L. *pectus*, *pectoris*, the breast] বক্ষঃস্থল সম্বন্ধীয়; বক্ষঃ সংক্রান্ত; Relating to the chest :—বক্ষঃস্থলের ডানা; A pectoral fin :—বক্ষোরোগের ঔষধ; A medicine for complaints of the chest.

Peculate, pek'ū-lāt, *v. t.* [L. *peculium*, private property] হরণ; রাজকোষস্থ ধন অপহরণ-কৃ; To steal; embezzle money; rob the public. *n*=peculation (রাজকোষস্থ ধন অপহরণ; ন্যস্ত দ্রব্য হরণ); peculator (ন্যস্ত দ্রব্য হরণকারী)। *Syn* :—(*n*) Misappropriate, purloin, steal.

Peculator, *n.* সাধারণ ধনাপহরণকারী. One who embezzles public money.

Peculiar, pē-kū'le-ar, *a.* [L. *peculium*, private property] বিশেষ; অসাধারণ; অসামান্য; Appropriate; strange; particular; singular. *n*=peculiarity (বিশেষত্ব; বিশেষ ধর্ম; স্বধর্ম; Singularity). *ad*=peculiarly. *Syn* :—Private, personal, characteristic, special, specific; unusual, uncommon.

Peculiar to—কেবল এই বস্তুতে বা ব্যক্তিতে দেখা যায়, অন্য কিছুতে বা কাহাতে দেখা যায় না ; Belonging exclusively to.

Pecuniary, pe-kū'ni-ar-i, *a.* [L. *pecunia*, money] আর্থিক ; অর্থসম্বন্ধীয় ; Relating to money. *ad*=pecuniarily.

Pedagogic, ped-a-goj'ik, **Pedagogical,** ped-a-goj'ik-al, *a.* শিশু-শিক্ষক সম্বন্ধীয়, Belonging to a teacher of children :—শিক্ষা-সম্বন্ধীয়, Relating to teaching.

Pedagogics, ped-a-goj'iks, **Pedagogy,** peda-goj-i, *n.* শিক্ষা-বিজ্ঞান ; অধ্যাপনা-বিজ্ঞান ; শিক্ষকতা কার্য্য ; The science of teaching.

Pedagogue, peda-gog, *n.* [Gr *pais*, *paidos*, a boy, *agogos*, a leader] শিশুদিগের শিক্ষক, বিদ্যাভিমানী ; গুরু মহাশয় ; A teacher of children, schoolmaster ; pedant.

Pedal, pedal, *a.* [L. *pedis*, the foot] পদ সংক্রান্ত ; পদ সম্বন্ধীয়, Belonging to foot :—*n.* বাদ্যযন্ত্রের যে অংশ পদ দ্বারা চালিত হয় ; পা-দান ; A lever or key of a piano or organ moved.

Pedant, pedant, *n.* পণ্ডিতাভিমানী ; বিদ্যাভিমানী, বিদ্যাদর্শী ; Self-conceited school-master ; vain or awkward pretender to learning. *a*=pedantic, pedantical.

Pedantic, Pedantical, *a.* পাণ্ডিত্যাভিমানী ; পণ্ডিতম্মন্য, Vainly displaying knowledge.

Pedantry, pedant-ri, *n.* পাণ্ডিত্যাভিমান ; পাণ্ডিত্য-প্রদর্শন ; A vain and useless display of knowledge.

Peddle, pedl, *v. i.* ফেরি করিয়া বিক্রয়-কৃ ; বিক্রয়ার্থ ফেরি করিয়া বেড়ান ; To travel about with a bundle of goods for sale, to hawk :—*v. t.* অল্প অল্প করিয়া বিক্রয়-কৃ ; খুচরা বিক্রয়-কৃ ; To retail in very small quantities

Peddler, Pedler, Pedlar, pedler, *n.* ফেরিওয়ালা, One who carries goods about for sale in a box or pack ; a hawker, a travelling trader

Peddlery, pedlér-i, *n.* ফেরিওয়ালার ব্যবসায়, The trade of a peddler —ফেরিওয়ালার জিনিসপত্র ; ফেরিওয়ালার পণ্যদ্রব্য ; The wares sold by a peddler.

Peddling, *n.* ফেরিওয়ালার ব্যবসায়, The trade of a peddler.

Pedestal, pedes-tal, *n.* [L. *pes*, *pedis*, the foot, and It. *stallo*, a place] স্তম্ভমূল, স্তম্ভের পাদদেশ ; স্তম্ভের পাদভূমি ; The foot or base of a pillar.

Pedestrian, pe-des'trian, *a* [L. *pes*, *pedis*, the foot] পদব্রজে গমনশীল, পদব্রজে সম্পাদিত ; Going on foot ; performed on foot :—*n.* পদব্রাজক, পদব্রজে গমনকারী, One journeying on foot, an expert walker. *n*=pedestrianism.

Pedestrianism, *n.* পদব্রজে গমন ; পাদচারণ ; Travelling, walking.

Pedicel, pedi-sel, **Pedicle,** pedi-kl, *n.* [L. *pes*, *pedis*, the foot] ফল বা পত্রের বৃন্ত, পুষ্পবৃন্ত, The little foot stalk by which a leaf or fruit is fixed on the tree.

Pedigree, pede-grē, *n.* কুলজী, বংশাবলী ; বংশানুক্রম, বংশপত্রিকা ; Lineage, geneology. *Syn*.—Descent, register of ancestors.

Pediment, pedi-ment, *n* ছাদের সম্মুখভাগে কার্ণিশ-পরিবৃত ত্রিকোণাকার গাঁথুনি ; Triangular part over an entablature. *a*=pedimental.

Pedobaptism, *n.* (খৃষ্টধর্ম্মে) শৈশবদীক্ষা, Infant baptism.

Pedobaptist, *n.* শৈশব-দীক্ষানুরাগী ; One who holds to infant baptism.

Pedometer, *n.* পাদচারণ-দূরত্বমান যন্ত্র বিশেষ ; পাদক্ষেপ-গণনার যন্ত্র ; An instrument for indicating the number of steps.

Peduncle, pē-dung'kl, *n.* ফুলের ডাঁটা, যে ছড়িতে ফুল থাকে ; A flower-stalk.

Peel, *v. t.* ত্বক বা বল্কল উন্মোচন-কৃ ; ছাল খোলা ; খোসা ছাড়ান, To strip off the skin or bark ; to bare.—লুণ্ঠন-কৃ ; To plunder :—*v. i.* খুলিয়া আসা ; To come off :—*n.* চর্ম্ম ; ত্বক, বল্কল ; ছাল ; The skin, rind or bark. *a*=peeled.

Peel, *n.* রুটিওয়ালার কাঠের হাতা বা শাবল ; A baker's wooden shovel, a fire-shovel :—ক্ষুদ্র দুর্গ, A small fortress.

Peeler, *n.* ত্বক্-মোচনকারী ; One who peels :—লুণ্ঠনকারী ; A plunder :—Slang for Policeman.

Peep, pēp, *v. t.* কুক্কুটশাবকের ন্যায় শব্দ-কৃ ; চি চি শব্দ-কৃ, ডাকা, To cry as a chicken ; to chirp :—উঁকি মারা, কুটিল দৃষ্টি-কৃ, To look through a narrow space, to look slyly or closely :—প্রথম দেখা-দে, To begin to appear :—*n.* কুক্কুটশাবকের ডাক ; চি চি শব্দ, The cry of a chicken, chirp —উঁকি, A sly look —উদয় হইতে আরম্ভ, উদয়, A beginning to appear, first appearance.

At the peep of—প্রারম্ভে, প্রথম দর্শনে ; At the first appearance

Peep of day—প্রত্যূষ ; প্রভাত, The first streak of light, early in the morning.

Peeper, pēp'ér, *n.* কুটিল দৃষ্টি ক্ষেপক, কুক্কুটশাবক ; One who peeps ; a chicken just breaking the shell.

Peephole, Peeping hole, *n.* কপাটের যে ছিদ্র দিয়া উঁকি মারিয়া দেখা যায় তাহা, A hole or small opening through which one may look without being discovered.

Peepul—অশ্বত্থ গাছ।

Peer, pēr, *v. i.* দৃষ্টিগোচর-হ, দর্শন দেওয়া, উপস্থিত হ, To appear :—কুটিল দৃষ্টিপাত-কৃ, To look narrowly উঁকি মারা, To peep

Peer, pēr, *n.* [L. *par*, *paris*, equal] অভিজাত ; কুলীন, লর্ড সভার সভ্য ; A nobleman, a member of the house of Lords :—সমকক্ষ, সমতুল্য ব্যক্তি, An equal, a match —সঙ্গী ; সহায় ; A comrade, an associate *fem*=peeress.

Peerage, pēr'āj, *n* কুলীনের পদ ; অভিজাতা ; The rank or dignity of a peer —কুলীন জনসমূহ ; অভিজাত সম্প্রদায় ; The body of peers.

Peerless, pēr'les, *a.* অতুল ; অতুলনীয়, অনুপম, Matchless *ad*=peerlessly, *n*=peerlessness. *Syn* —Unequalled, incomparable, superlative, unsurpassed

Peevish, pē'vish, *a.* খিটখিটে ; কোপনস্বভাব, বিরক্তি প্রকাশক ; Habitually fretful, easily annoyed *n*=peevishness (খিটখিটে ভাব) ; *ad*=peevishly (রাগত হইয়া) ; *Syn* —Cross, ill-natured ill-tempered, testy, spleeny, irritable, waspish captious, discontented, petulant.

Peg, peg, *n.* গোঁজ ; কীলক ; খোঁটা ; Wooden nail or pin :—*v. t.* গোঁজ দ্বারা বদ্ধ-কৃ ; কীলক দিয়া আবদ্ধ কৃ, To fasten with a peg. *a*=pegged.

Pegged, pegd, *a.* কীলক দ্বারা সংবদ্ধ ; কীলকবিশিষ্ট ; Fastened or furnished with pegs.

Pegtop, *n.* শিশুদিগের ক্রীড়ানক বিশেষ ; A child's plaything for spinning.

Pekoe, pe'kō, *n.* সুগন্ধি কৃষ্ণ চা ; A scented black tea.

Pelagian, *a.* সামুদ্রিক ; Pertaining to the sea.

Pelagian, *n.* পেলেজিয়স সন্ন্যাসীর শিষ্য ; A follower of Pelagius, a British monk.

Pelagianism, *n.* পেলেজিয়স-নীতি ; The doctrines of Pelagius.

Pelargonium, *n.* নানা প্রকার ফুলগাছ ; A genus of beautiful flowering plants.

Pelf, pelf, *n.* অর্থ ; ধন ; Money, riches ; love of money ; generally in an ill sense.

Pelican, peli-kan, *n.* জলচর পক্ষী বিশেষ ; A large water-fowl.

Pell, pel, *n.* [L. *pellis*, a skin or hide] পশুচর্ম ; পার্চমেন্ট ; A roll of parchment.

Pellet, pelet, *n.* [L. *pila*, a ball to play with] গুলি ; ছিটে ; A little ball.

Pelleted, *a.* ছোট বর্তুলময় গুলি দ্বারা আহত ; Furnished with pellets, pelted, as with bullets.

Pellicle, peli-kl, *n* সূক্ষ্ম চর্ম, সূক্ষ্ম ত্বক ; ঝিল্লী ; Thin skin. *a*=pellicular.

Pellisse, pe-lēs, *n.* [L. *pellis*, a skin] স্ত্রীলোকের রেশমি পোষাক বিশেষ ; মহিলাদিগের পট্টপরিচ্ছদ বিশেষ ; Furred robe ; woman's silk cloak ; a silk habit worn by ladies.

Pell-mell, *a.* গোলমাল ; হুলস্থুল ; এলোমেলো ভাবে ; With confusion hurry, and violence, promiscuously.

Pellucid, pel-lū'sid, *a.* [L. *per*, very, and *lucidus*, clear, bright] স্বচ্ছ ; নির্মল, Transparent ; clear. *n*=pellucidness, *ad*=pellucidly *Syn* :—Limpid, crystalline, not opaque.

Pelt, pelt, *n.* লোমযুক্ত চর্ম, অপরিষ্কৃত পশুচর্ম ; A raw hide ; an undressed hide :—বাজপক্ষীর ছিন্নভিন্ন শিকার ; The quarry or prey hawk, all torn :—নিক্ষিপ্ত বস্তুর আঘাত, A blow from something thrown :—*v. t.* ফেলিয়া মারা ; নিক্ষেপ-কৃ ; To throw or cast.

Pelted to death—প্রস্তরাঘাতে হত।

Pelting, pelting, *n.* প্রস্তরাঘাত, ঢিল-ছোড়া, An assault with anything.

Peltry, peltri, *n.* লোমশ জন্তুর চর্ম ; লোম, The skins of animals producing fur ; furs.

Pelvis, pelvis, *a* বস্তি-গহ্বর, বস্তির নিম্নদেশ, The bony cavity forming the lower part of the abdomen.

Pen, pen, *n.* কলম ; লেখনী, Quill, instrument used for writing :—খোঁয়াড় ; A small inclosure ; a coop :—*v. t.* বদ্ধ-কৃ, খোঁয়াড়ে বদ্ধ-কৃ ; To shut up ; to shut in a small inclosure :—লিখা ; লিপিবদ্ধ-কৃ ; To write.

Pen and Ink—লিখিত ; In writing.

Penal, pē'nal, *a.* [L. *poenalis*, from *poena*, punishment] দণ্ডবিধায়ক ; দণ্ডসম্বন্ধীয় ; দণ্ডার্হ ; Pertaining to punishment ; incurring punishment. *ad*=penally. *Syn* :—Punitive, retributive ; corrective.

Penal-code—দণ্ডবিধির আইন ; Code for punishment of crimes.

Penalty, penal-te, *n.* দণ্ড ; শাস্তিবিধান ; অর্থদণ্ড ; জরিমানা ; Personal or pecuniary punishment ; a fine ; mulct. *Syn* :—Forfeiture, amercement, penal retribution.

Penance, penans, *n.* প্রায়শ্চিত্ত ; পাপক্ষয়ার্থ কৃচ্ছ্রসাধ্য কার্য্য ; Suffering ; voluntary or unforced for sin ; penitence.

Pence, pens, *n.* Plural of *penny*.

Penchant, pāng'shāng, *n.* প্রবণতা ; আসক্তি ; প্রবৃত্তি ; Inclination ; bias ; decided taste.

Pencase, Penholder, *n.* An article for holding a pen or nib when writing.

Pencil, pensil, *n.* তুলী ; তুলিকা ; সীসক-লেখনী ; পেন্সিল ; Black led or other instrument or brush for writing or drawing :—কিরণমালা ; কিরণজাল ; Collection of rays of light converging to a point :—চিত্র বা অঙ্কন বিদ্যা, The art of painting or drawing :—*v. t.* পেন্সিল দ্বারা লেখা ; চিত্র-কৃ ; অঙ্কন-কৃ ; নক্সা-কৃ ; To write, sketch or mark with a pencil ; to paint or draw ; to delineate. *a*=pencilled.

Pencilled, *n.* পেন্সিল দ্বারা লিখিত বা অঙ্কিত ; Written or marked with a pencil :—কিরণোজ্জ্বল ; বিভাসিত, Radiated.

Pencilling, *n.* লিখন বা অঙ্কন বিদ্যা ; নক্সা ; The art of writing or sketching ; a sketch.

Pencutter, *n.* কলম-প্রস্তুতকারী ; One who makes pens :—কলম কাটিবার যন্ত্র ; An instrument for making pens.

Pendant, pendant, *n.* [L. *pendeo*, to hang] লম্বমান অংশ ; লম্বমান দ্রব্য ; Something that hangs :—কর্ণকুণ্ডল, দুল ; কর্ণাভরণ ; An ear-ring :—পতাকা বিশেষ ; A long narrow flag, worn at the head of the principal mast of vessel of war ; streamer or pendant at the mast-head.

Pendence, Pendency, *n.* দোলায়মান বা সন্দিহান অবস্থা ; অনিষ্পত্তি ; A hanging in suspense, the state of being undecided.

Pendent, pendent, *a.* [L. *pendens*, *ppr.* of *pendere*, to hang] লম্বমান, বিলম্বিত ; লম্বিত ; Hanging, projecting ; suspended. *Syn* :—Suspended, drooping, pendulous, pensile.

Pending, pending, *a.* অনিষ্পন্ন, নিরাবলম্ব ; অনিষ্পাদিত ; মুলতুবী, বিচারাধীন ; Remaining undecided ; not terminated :—*prep.* সময়ের মধ্যে ; ব্যাপিয়া ; During.

Pending the trial—যাবৎ মোকদ্দমা নিষ্পত্তি না হয়।

Pendulous, pendū-lus, *a.* [L. *pendulus*, from *pendere*, to hang] দোদুল্যমান, লম্বমান ; দোদুল্যমান, Swinging ; hanging ; suspended from above ; pendent loosely. *n*=pendulousness, pendulousity

Pendulum, pendū-lum, *n.* [L. *pendulus*, hanging] দোলক, পরিদোলক ; Any weight so hung or suspended from a fixed point as to swing freely.

Penetrable, pene-tra-bl, *a.* বেধ্য ; বেধনীয় ; বিভেদ্য ; ভেদ্য, Capable of being pierced by another body :—ধারণাক্ষম ; Capable of having the mind affected *n*=penetrability.

Penetrate, pene-trāt, *v. t.* বিদ্ধ-কৃ ; To pierce into :—প্রবেশ-কৃ ; To entire :—মর্মভেদ-কৃ ; মর্মে আঘাত-কৃ ; To affect the feelings :—মর্ম জানা ; বোধগম্য-কৃ ; To understand :—বাহির-কৃ ; To find

out :—*v. i.* পথ-কৃ ; To make way :—অভ্যন্তরে প্রবেশ-কৃ ; To pass inwards. *Syn* :—Pierce, bore, perforate ; touch, affect ; discern, comprehend.

Penetrate into—ভিতরে প্রবেশ-কৃ ; Make way into the interior of :—ভিতরের কথা বুঝা ; Comprehend the inner meaning of. [with.

Be penetrated with—তন্ময়-কৃ ; Be pervaded

Penetrating, peńe-trāt-ing, *a.* তীক্ষ্ণ ; Sharp :—সূক্ষ্ম বুদ্ধি ; তীক্ষ্ণ বুদ্ধি : Discerning ; acute ; quick to understand :—বিদ্ধকারী ; Piercing or entering.

Penetration, pen-ē trāshun, *n.* প্রবেশ ; The act of entering :—সূক্ষ্ম বুদ্ধি, তীক্ষ্ণ বুদ্ধি ; বুদ্ধির তীক্ষ্ণতা, বিচক্ষণতা, Acuteness ; discernment, sagacity. *Syn* :—Insight, sagaciousness, sharpness, discrimination.

Penetrative, peńe-trāt-iv, *a.* প্রবেশশীল, ভেদকারী ; প্রবেশপ্রবণ ; Tending to penetrate :—বিচক্ষণ ; তীক্ষ্ণ, সূক্ষ্ম ; Sagacious :—মনোমুগ্ধকর ; Affecting the mind.

Penguin, peń-gwin, **Penquin,** peńqwin, *n.* জলচর পক্ষী বিশেষ ; An aquatic bird in the southern hemisphere.

Peninsula, pen-ińsū-la, *n.* [L. *paene,* almost, *insula,* an island] প্রায়োদ্বীপ, উপদ্বীপ ; A piece of land nearly an island ; a portion of land so surrounded by water as to be almost an island.

Peninsular, pen-ińsū-lar, *a.* উপদ্বীপসম্বন্ধীয় ; প্রায়োদ্বীপ-সংক্রান্ত, Pertaining to a peninsula :—উপদ্বীপবাসী ; প্রায়োদ্বীপবাসী ; Inhabiting a peninsula.

Penitence, peńe-tens, *n.* পাপের জন্য অনুতাপ ; অনুশোচনা ; Sorrow for sin. *Syn* :—Repentance, contrition, compunction, remorse.

Penitent, peńe-tent, *a.* [L. *poenitens, ppr,* of *poenitere,* to repent] অনুতপ্ত ; পাপের জন্য অনুতাপকারী ; Contrite ; repentant, sorry for sin :—*n.* অনুতপ্ত ব্যক্তি ; One grieved for sin ; one underpenance. *ad*=penitently.

Penitential, pen-i-teńshal, *a.* অনুতাপজনিত, অনুতাপসূচক ; অনুতাপব্যঞ্জক ; Pertaining to or proceeding from penitence, pertaining to or expressive of penitence :—*n.* প্রায়শ্চিত্তবিধি গ্রন্থ, A book containing rules relating to penance *ad*=penitentially.

Penitential psalms—অনুতাপপ্রকাশক ভজন ; Psalms expressive of contrition.

Penitentiary, pen-i-teńshar-i, *a.* প্রায়শ্চিত্ত-বিষয়ক ; প্রায়শ্চিত্তসংক্রান্ত ; অনুতাপসম্বন্ধীয় ; Penitential :—*n.* অনুতপ্ত ব্যক্তি ; প্রায়শ্চিত্তকারী, A penitent :—প্রায়শ্চিত্ত করিবার স্থান, প্রায়শ্চিত্ত-ভূমি, A place for penance :—কারাগার, অপরাধীদিগের সংশোধনাগার, A house of correction for offenders.

Penknife, peńnif, *n.* কলম কাটা ছুরি ; A small knife for mending pens. [an author.

Penman, peńman, *n.* লেখক ; গ্রন্থকার, A writer,

Penmanship, peńman-ship, *n.* লিখিবার কৌশল, লিপি-কৌশল, লিপি-পদ্ধতি ; Art of writing, manner of writing

Pennant, peńant, **Pennon,** peńun, *n.* ক্ষুদ্র পতাকা, ধ্বজা ; A small flag ; a banner.

Broad pennant, *n.* A square flag of a Commodore carried at the masthead.

Pennate, peńāt, **Pennated,** peńāt-ed, *a.* [L. *penna,* feather, wing] ডানাযুক্ত ; ডানাবিশিষ্ট ; পক্ষবিশিষ্ট ; Winged.

Penniless, peń-i-les, *a.* কপর্দকশূন্য ; দরিদ্র ; নিঃস্ব ; Without money ; poor.

Pennon—See pennant.

Penny, peńi, *n.* ইংলণ্ডীয় তাম্র মুদ্রা ; প্রায় দুই পয়সা ; A copper coin=$\frac{1}{12}$ of a shilling ; four farthings :—অর্থ ; টাকা, Money in general. *pl*=pennies (Denoting the number of coins) ; *pence* (the amount of pennies in value).

Penny-a-liner, peńi-a-lińer, *n.* বেতনভুক্ লেখক ; A casual contributor to a newspaper, who furnishes matter at 1*d.* or 1½*d.* per line ; a writer for pay.

Penny-father—কৃপণ ; A miser.

Penny-royal, peń-i-roy-al, *n.* উদ্ভিদ বিশেষ ; A species of aromatic plant.

Penny-wedding, *n.* A wedding, where the guests contribute to the festival and the household outfit.

Penny-weight, peńi-wāt, *n.* ওজন পরিমাণ বিশেষ ; দ্রোণ ; Twenty-four grains of troy weight.

Penny-wise, *a* দৃষ্টি কৃপণ, Saving small sums at the hazard of larger.

Penny wise and penny foolish—বজ্র আঁটুনি ফস্কা গেরো ; দৃষ্টি-কৃপণ, Careful about small savings but careless about larger gains.

Pennyworth, peńi-wurth, *n.* প্রায় দুই পয়সা মূল্যের দ্রব্য, লাভজনক ব্যাপার ; সুবিধাজনক সওদা ; A penny's worth of anything, a good bargain.

Pensile, peńsil, *a.* [L. *pendo,* to hang] লম্বমান, দোদুল্যমান ; Hanging, suspended.

Pension, peńshun, *n.* পেন্সেন, বৃত্তি, মাসিক বা বার্ষিক বৃত্তি, A stated allowance to a person in consideration for past services :—*v. t.* পেন্সেন-দে ; বৃত্তিদান-কৃ, To grant a pension.

Pension off—পেন্সন দিয়া বিদায়-কৃ, Cause one to retire from service by the grant of a pension, discharge with a pension.

Pensionary, peńshun-ar-i, *a.* বৃত্তিভোগী ; বৃত্তি-ঘটিত, বৃত্তি-সম্বন্ধীয়, Receiving a pension ; consisting of a pension :—*n.* বৃত্তিভোগী লোক ; One who receives a pension.

Pensioner, peńshun-ér, *n.* বৃত্তিভোগী লোক, পরান্নভোজী, One who receives a pension ; a dependant.

Pensive, peńsiv, *a* চিন্তাশীল, ধ্যানমগ্ন ; Thoughtful with sadness, reflecting. *n*=pensiveness (ধ্যানপরতা), *ad*=pensively. *Syn* :—Thoughtful, meditative, reflective, dreamy ; sober, sad, melancholy.

Pent, pent, *pa. p.* of pen, আবদ্ধ ; Shut up.

Pentachord, peńta-kord, *n.* [Gr. *pente,* five, *chorde,* string] পঞ্চতন্ত্রীক বাদ্যযন্ত্র ; A musical instrument with five strings.

Pentagon, peńtā-gon, *n.* [Gr. *pente,* five, and *gonia,* angle] পঞ্চ কোণ ; পঞ্চভুজ সামতলিক ক্ষেত্র ; A plane figure having five angles and five sides. *a*=pentagonal. [equal sides.

Pentahedral, *a.* সমপঞ্চ পার্শ ; Having five

Pentahedron, pen-ta-hē'dron, *n.* [Gr. *pente,*

five, and *hedra*, seat, base] সম পঞ্চপার্শ্ব ঘনক্ষেত্র ; A solid figure having five equal sides.

Pentameter, pen-tam-e-tėr, *n.* [Gr. *pente*, five, and *metron*, a measure] ছন্দোবিশেষ ; পঞ্চপদী শ্লোক ; A verse of five measures or feet :—*a.* পঞ্চপদী ; Having five feet.

Pentangular, pen-tang'gul-ar, *a.* পঞ্চ কোণ-বিশিষ্ট ; পঞ্চ কোণী ; Having five equal angles.

Pentarchy, pen-tar-ki, *n.* [Gr. *pente*, five, *arche*, rule] পঞ্চ ব্যক্তি দ্বারা শাসিত রাজ্য ; Government by five persons.

Pentateuch, pen'ta-tūk, *n.* [Gr. *pente*, five, and *teuchos*, a book] খৃষ্টধর্ম-পুরাণের প্রথম পঞ্চগ্রন্থ ; The first five books of the Old Testament. *a*= pentateuchal.

Pentateuchal, *a.* খৃষ্টধর্ম-পুরাণের প্রথম পঞ্চগ্রন্থ-সংক্রান্ত ; Pertaining to the Pentateuch.

Pentecost, pen'te-kost, *n.* ইহুদীদের উৎসব, ইহুদীদের পর্ব ; A solemn festival of the Jews celebrated on the 50th day after the feast of the Passover. *a*=pentacostal. [Pentecost.

Pentecostal, *a.* পেন্টেকষ্ট সংক্রান্ত ; Pertaining to

Penthouse, *n.* pent'hows, *n.* বহির্গৃহ ; বাসবাটীর সংলগ্ন কুটীর ; A shed hanging out from a building.

Pent-roof, pent'rōōf, *n.* কেবল একদিক ঢালু ছাদ, A roof with a slope on one side only.

Penult, pe-nult', **Penultima,** pe-nul'ti-ma, *n.* [L. *paene*, almost, *ultimus*, last] একোন অন্তিম পদাংশ, The syllable last but one.

Penultimate, pe-nul'ti-māt, *a.* উপান্ত ; একোন অন্তিম, Last but one :—*n.* একোন অন্তিম পদাংশ, The penult.

Penumbra, pe-num'bra, *n.* [L. *paene*, almost, and *umbra*, shade] চন্দ্রসূর্যাদির গ্রহণকালীন অপূর্ণ গ্রাস, চন্দ্রাদির গ্রহণকালীন ঈষৎ ছায়া, A partial shadow round the perfect shadow of an eclipse :—চিত্রের যে অংশে ছায়া ও আলোক মিশ্রিত হয়, The part of a picture where the shade blends with the light.

Penurious, pē-nū're-us, *a.* [L. *penuria*, scarcity, want] ব্যয়কুণ্ঠ, কৃপণ ; কৃপণস্বভাব, Sordid ; miserly ; not liberal ; not bountiful. *n*= penuriousness, *ad*=penuriously. *Syn* :—Avaricious, covetous, niggardly, parsimonious, griping, close-fisted, stingy

Penury, pen'ū-re, *n* [L. *penuria*, hunger] দরিদ্রতা ; দারিদ্র্য ; নিঃস্বতা, Poverty. *Syn* .—Want, indigence, beggary, destitution, privation.

Peon, pē'on, *n.* পাদচারী ; পথিক, পেয়াদা ; ভৃত্য, A footman ; a pedestrian ; a servant.

Peony, *n.* ফুল গাছ ; A plant having beautiful flowers.

People, pē'pl, *n.* লোক ; ব্যক্তি ; দেশবাসী লোক ; Persons generally ; inhabitants :—জাতি ; A nation :—ইতরলোকসমূহ, সাধারণ লোক ; প্রজা ; The vulgar ; the populace :—*v. t.* লোক দ্বারা পূর্ণ-কৃ ; অধিবাসিপূর্ণ কৃ ; To stock with people or inhabitants. *pl*=peoples (জাতি ; races ; tribes). *Syn* :— Tribe, race ; population, folks, public, community, mob, masses.

Peoples, *n. pl.* জাতিসমূহ ; Races, tribes.

Pepper, pep'ėr, *n.* মরিচ বা উহার বৃক্ষ ; A plant, and its seed :—*v. t.* মরিচ ছিটাইয়া-দে ; মরিচ সংযুক্ত-কৃ ; To sprinkle with pepper.

Pepper-corn, pep'ėr-korn, *n.* মরিচ ; The corn or berry of the pepper-plant :—নগণ্য দ্রব্য ; Something of little value.

Peppermint, pep'ėr-mint, *n.* কটু গাছ বিশেষ ; তাহা হইতে পরিস্রুত দ্রব্য ; A species of aromatic pungent like pepper ; a liquor distilled from the plant.

Peppery, pep'ėr-i, *a.* গরম ; কটু ; Hot ; pungent.

Pepsene, pep'sin, *n.* [Gr. *pepsis*, digestion] পাচক রসের উপাদান বিশেষ ; One of the essential constituents of the gastric juice, used in the process of digestion.

Peptic, pep'tik, *n.* [Gr. *pepto*, to digest] পরিপাক-সংক্রান্ত, পরিপাক-সহায় ; Relating to or promoting digestion.

Peradventure, per-ad-ven'tūr, *ad.* দৈবাৎ বোধ হয়, দৈবাৎ, হইলেও হইতে পারে ; By chance, perhaps.

Perambulate, per-am'-būl-āt, *v. t.* [L. *per*, through, and *ambulo*, to walk] ভিতর বা উপর দিয়া যাওয়া ; গমন-কৃ ; To walk through or over, to pass through ; to survey. *n*=perambulation.

Perambulation, *n.* ভিতর দিয়া গমন ; পরিদর্শন ; A travelling survey

Perambulator, per-am'būl-āt-or, *n.* রাস্তা মাপ করা যন্ত্র বিশেষ, An instrument for measuring distances on roads :—ছেলের গাড়ি ; শিশুদিগের ক্ষুদ্র শকট ; A low carriage for a child.

Perceivable, per-sēv'a-bl, *a.* ইন্দ্রিয়-গোচর ; Capable of being perceived. *ad*=perceivably.

Perceive, per-sēv', *v. t.* [L. *per*, and *capere*, to take, receive] বুদ্ধি-কৃ ; বুঝিতে পারা, To see, to discern, to understand :—ইন্দ্রিয় দ্বারা জ্ঞান উপলব্ধি-কৃ, ইন্দ্রিয় দ্বারা জানিতে পারা ; অনুভব-কৃ ; To get knowledge of by the bodily senses ; to feel. *n*=perceiver. *Syn* :—Observe, note, descry, behold, discern, understand, know, comprehend, feel.

Percentage, per-sent'āj, *n.* শত করা ছাড় ; শতকরা হার ; Allowance given on a hundred ; rate per cent. [of being perceptible.

Perceptibility, *n.* অনুভবনীয়তা ; The quality

Perceptible, per-sep'te-bl, *a.* ইন্দ্রিয়গোচর ; অনুভবনীয়, জ্ঞাতব্য ; বোধগম্য ; That can be perceived ; that may be known ; discernible. *n*= perceptibility. *ad*=perceptibly. *Syn* :—Visible, apparent, perceivable.

Perception, per-sep'shun, *n.* উপলব্ধি ; অনুভূতি ; অনুভব শক্তি, প্রত্যক্ষ জ্ঞান, অভিজ্ঞ বোধ ; The power, act, or state of receiving knowledge of external things by impressions on the senses ; discernness ; idea ; notion, conception. *Syn* :— Seeing, discernment, observation, sense, taste, sensation ; cognition, apprehension, understanding.

Perceptive, per-sep'tiv, *a.* অনুভবক্ষম ; বোধক্ষম ; Having the power of perceiving or descerning.

Perceptivity, per-sept-iv'i-ti, *n.* অনুভব-ক্ষমতা ; বোধশক্তি ; The quality of being perceptive.

Perch, perch, *n.* পক্ষীর দাঁড ; Pole ; rod ; roost for birds :—পরিমাণ বিশেষ ; ৫॥० গজ ; A measure of length of five yards and a half ; the fortieth part of a rood :—মৎস্য বিশেষ ; মৎস্য জাতি বিশেষ ; A voracious fresh water-fish ; a genus of fishes :—*v. t.* দাঁড়ে বসা ; দাঁড়ের উপর বসা ; To set or roost on a perch ; to settle :—*v. t.* দাঁড়ে বসান ; দাঁড়ের উপর স্থাপিত-কৃ ; To place as on a perch.

Perchance, per-chanś, *ad.* ঘটনাক্রমে ; বোধ হয় ; দৈবাৎ ; হইলেও হইতে পারে ; By chance ; perhaps.

Percher, pércher, *n.* দণ্ডোপবেশী ; বৃক্ষোপবেশী পক্ষী , A bird that perches on trees.

Percipient, *a.* অনুভবকারী , অনুভূতিশক্তি সম্পন্ন , অনুভব করিতে সক্ষম ; Perceiving ; having the faculty of perception :—*n.* অনুভবকারী লোক ; One who perceives.

Percolate, per'kō-lāt, *v. t.* or *i.* [L. *per,* through, and *colare,* to strain] ছাঁকা , পরিস্রুত-কৃ ; Te filter. *n*=percolation. *Syn* .—Filtrate, strain, transude, ooze

Percolation, *n.* পরিস্রুতি , The act of filtering.

Percolator, per'ko-lā-tor, *n* ছাঁকিবার পাত্র ; পরিস্রুতি-যন্ত্র , A filtering vessel ; a filtering machine.

Percussion, per-kushŭn, *n.* [L. *per,* thoroughly, and *quatio,* to shake] ধাক্কা , সজোরে সংঘর্ষণ ; Collision . the striking of one body :—শ্রুতি বিষয়ে শব্দের ধারণা , Impression of sound on the ear. [tonating cap

Percussion gun, *n.* Gun fired with a de-

Percussive, per-kusiv, *a.* সংঘর্ষী , Striking against.

Perdition, per-dish'un, *n* [L. *perditio,* from *perdere,* to lose] নাশ , উচ্ছেদ , ধ্বংস ; Ruin , utter destruction ; eternal death ; entire loss.

Peregrinate, per'e-grin-āt, *v. i.* ভ্রমণ-কৃ , To travel abroad :—বিদেশে বাস-কৃ ; To live in a foreign country. *n*=peregrination.

Peregrinative, *n.* পরিভ্রমণ ; বিদেশে বাস ; The act of travelling about ; abode in foreign countries. [One who travels about.

Peregrinator, per'e-grin-āt-or, *n.* ভ্রমণকারী ,

Peremptory, per'emp-tor-e, *a.* [L *per,* entirely, and *emo,* to take] সুনিশ্চিত ; দৃঢ়াগ্রহ ; সুদৃঢ় , অটল ; Authoritative ; dogmatical , decisive. *n*=peremptoriness. *ad*=peremptorily. *Syn* :—Absolute, positive, categorical, imperative, arbitrary.

Perennial, per-enne-al, *a.* [L. *per,* through, and *annus,* year] বর্ষব্যাপী ; বর্ষস্থায়ী . চিরস্থায়ী ; নিত্য , Lasting through the year or more than two years ; perpetual , continuing :—*n.* A plant that lasts through the year or more than two years. *ad*=perennially. *Syn* :—(*a*) Enduring, permanent, uninterrupted, deathless, immortal

Per favour of—(সামান্য ভৃত্য অপেক্ষা উচ্চ) কোন লোকের মারফৎ ; Through (one who is above a menial servant).

Perfect, per'fekt, *a.* [L. *perficere,* to perform, finish] সম্পূর্ণ ; পূর্ণাঙ্গ ; Complete , wholly finished .—দোষশূন্য ; নিষ্কলঙ্ক ; বিশুদ্ধচরিত্র , সর্বগুণান্বিত · Faultless ; possessing every moral excellence —সম্পূর্ণরূপ নিপুণ ; Completely skilled or acquainted :—গত ; সমাপিকা ; In grammar, expressing an act completed :—*v. t.* সম্পূর্ণ-কৃ ; সমাধা-কৃ ; শেষ-কৃ ; To finish ; to complete. *n*=perfector. *Syn* :—Consummate ; whole, entire ; blameless, unblemished, immaculate.

Perfectible, per-fekti-bl, *a.* যাহা সম্পূর্ণ করা যায় ; পূর্ণাঙ্গ করণীয় ; That may be made perfect. *n*=perfectibility.

Perfection, per-fekshun, *n.* পূর্ণতা ; Completeness ; the state of being perfect :—শ্রেষ্ঠ কৌশল ; Great skill :—উৎকর্ষ ; Excellence :—গুণ ; সম্পূর্ণ গুণ বা জ্ঞান ; An endowment ; a perfect quality or acquirement :—পরাকাষ্ঠা ; Acme. *n*=perfector. *Syn* :—Perfectness, maturity.

To perfection—সম্পূর্ণরূপে ; কৌশল দ্বারা ; Perfectly :—অত্যুত্তম ; In the highest degree of excellence.

Perfectionist, per-fekshun-ist, *n.* ধর্মনীতিতে বা রাজনীতিতে প্রগাঢ় অনুরাগী ; An enthusiast in religion or politics. *n*=perfectionism

Perfective, per-fektiv, *a.* সম্পূর্ণকারী ; পূর্ণতাসাধনসক্ষম . Tending to make perfect. *ad*=perfectively.

Perfectly, pér'fekt-li, *ad.* সম্পূর্ণরূপে ; ঠিক ; পূর্ণরূপে . যথাযথভাবে ; Completely ; exactly.

Perfectness, pér'fekt-nes, *n.* উৎকৃষ্টতা ; পূর্ণতা ; চরম , উৎকর্ষ , Consummate excellence.

Perfidious, per-fide-us, *a.* বিশ্বাসঘাতক ; অবিশ্বাসী Treacherous ; unfaithful. *n*=perfidiousness.

Perfidy, per'fe-de, *n* [L. *perfidus,* faithless] বিশ্বাসঘাতকতা ; Treachery. *Syn* :—Faithlessness, treachery, disloyalty.

Perfoliate, per-fō'li-āt, *a* [L. *per,* through, *folium,* a leaf] তলদেশে বৃন্তপরিবেষ্টক ; Surrounding the stem at the base.

Perforate, per'fō-rāt, *v. t.* [L. *per,* through, and *forare,* to bore] বিদ্ধ-কৃ ; ছিদ্র-কৃ ; সচ্ছিদ্র-কৃ ; ভেদ-কৃ ; To pierce ; to make a hole through ; to bore though. *n*=perforation. *Syn* :—Penetrate, drill.

Perforation, *n.* ভেদন ; বস্তুর মধ্যগত ছিদ্র ; The act of borning or piercing through.

Perforator, pér'fo-rāt-or, *n.* ছিদ্র করিবার যন্ত্র ; বিদ্ধ করিবার যন্ত্র ; An instrument for perforating orbor ing.

Perforce, per-fōrś, *ad.* বলপূর্বক ; সবলে ; অবশ্যরূপে ; By force ; violently ; of necessity.

Perform, per-form, *v. t.* [L. *per,* through, and *fournir,* to furnish] সম্পন্ন-কৃ . সমাধা-কৃ ; To carry out ; to bring to completion ; to achieve ; to act :—*v. i.* অভিনয়-কৃ ; To act a part —যন্ত্র বাদন-কৃ ; বাদিত-কৃ ; To play, as on a musical instrument. *Syn* :—Execute, discharge, accomplish, do, transact, achieve, effect, complete ; observe, fulfil, meet ; enact, act, play.

Performable, per-forma-bl, *a.* সম্পাদ্য ; সাধ্য ; Practicable ; capable of being performed.

Performance, per-formans, *n.* সম্পাদন ; The act of performance :—কার্য ; কর্ম , Deed ; action, any public act :—অভিনয় ; An exhibition.

Syn :—Completion, execution, accomplishment ; work, act, exploit, feat.

Performer, per-formér, *n.* সম্পাদনকারী ; কৌশল-প্রদর্শক ; অভিনয়কারী ; অভিনেতা ; One who performs, esp. One who makes a public exhibition of his skill ; an actor.

Perfume, per'fūm, *n.* [L. *per,* thoroughly, and *fumus,* fume] সুগন্ধ ; সৌরভ ; সুরভি দ্রব্য ; সুগন্ধি দ্রব্য ; Sweet odour ; fragrance ; scent ; aroma :—*v. t.* সুবাসিত-কৃ ; সুগন্ধি-কৃ ; To scent.

Perfumer, pér-fūmér, *n.* সুগন্ধি দ্রব্য বিক্রয়কারী ; সুরভি-বিক্রেতা ; One who or that which perfumes , one who trades in perfumes.

Perfumery, per-fūmér-i, *n.* সুগন্ধি দ্রব্যসমূহ ; সুগন্ধি দ্রব্য প্রস্তুত করণ ; Perfumes in general ; the act of preparing.

Perfunctory, per-fungktor-i. *a.* অপ্রকারে কৃত ; অমনোযোগপূর্ব্বক কৃত ; তাচ্ছীল্যসহকারে কৃত ; তুচ্ছ , Negligent ; carelessly done ; careless ; slight. *ad*=perfunrtorily. *n*=perfunctormess.

Perhaps, per-haps, *ad.* বোধ হয় : সম্ভবতঃ ; হইলেও হইতে পারে ; By chance ; it may be ; possibly. *Syn* :—Perchance, peradventure. [or elf.

Peri, pē'ri, *n.* পরী : An imaginary female fairy

Pericardium, per-i-kardium. *n.* [Gr. *peri,* around. *kardia,* heart] হৃৎ বেষ্টক ; হৃদয় বেষ্টক কোষ ; Thin membrane surrounding the heart. *a*=pericardial, pericardian, pericardic.

Pericarp, per'i-karp, *n* [Gr. *peri,* around, and *karpos,* fruit] বীজকোষ , A seed vessel. *a*=pericarpial.

Pericranium, per-i-kráni-um. *n.* [Gr *peri,* around, *kranion,* the skull] খর্পরিবেষ্টক ঝিল্লী , The membrane that surrounds the cranium.

Perigee, per'i-jē, *n* [Gr. *peri,* near, *ge,* the earth] চন্দ্রবৃত্তের সর্ব্বাপেক্ষা পৃথিবীর নিকটবর্ত্তী স্থল , চন্দ্রকক্ষের যে বিন্দু পৃথিবীর অতি নিকটবর্ত্তী , The point of moon's orbit nearest the earth.

Perihelion, per-i-hē'li-on, **Perihelium,** per-i-hē'li-um, *n.* কোন গ্রহ বা ধূমকেতুর কক্ষের যে বিন্দু সূর্য্যের অতি সন্নিহিত , The point of the orbit of a planet or comet nearest to the sun ;—opposed to Aphelion.

Peril, per'il, *n.* [F. L. *periculum,* from G. *peiraein,* to try] বিপদ ; আপদ ; অনিষ্টপাত . Danger .—*v. t.* বিপদগ্রস্ত-কৃ ; To expose to danger ; to endanger. *Syn* :—(*n*) Risk. hazard, jeopardy, venture ; insecurity, exposedness.

At one's peril—করিলে বিপদ ঘটিবে ; With risk or danger to one.

Perilous, per'il-us, *a.* বিপদজনক ; বিপদসঙ্কুল , বিপৎপাতময় ; Dangerous ; hazardous ; risky. *n*=perilousness, *ad*=perilously.

Perimeter, per-ime-tér. *n.* [Gr. *peri,* around, *metron,* measure] সামতলিক ক্ষেত্রের সীমাসূচক রেখা বা রেখাসমূহের সমষ্টি , Boundary or length of a plane figure ; the sum of all the sides of a plane figure.

Perimetrical, per-im-et'ri-kal, *a.* সামতলিক ক্ষেত্রের বহিঃস্থ সীমার পরিমাণ-সংক্রান্ত ; Pertaining to the perimeter.

Period, pē're-ud, *n.* [G. *periodos,* a going round] সময় ; Time :—অন্ত ; End :—পূর্ণচ্ছেদ ; A full stop [.] :—সম্পূর্ণ বাক্য ; Complete sentence :—কালচক্র ; বৎসর পর্য্যায় ; Cycle ; series of years :—পরিসমাপ্তি ; Conclusion. *Syn* :—Date, age, era, epoch ; duration, continuance ; bound, end, conclusion ; termination ; stop.

Periodic, pē-ri-odik, **Periodical,** pē-ri-odik-al, *a.* সাময়িক ; পর্য্যায়ক্রমে সংঘটনশীল ; Lasting or happening at periods. *ad*=periodically.

Periodical, pē-ri-odik-al, *n.* সাময়িক পত্রিকা ; সাময়িক পত্র ; A magazine or other publication which appears in parts at regular periods.

Periodicalist, Periodical, pē-ri-od'ik-al, *n.* সাময়িক পত্রিকা লেখক ; One who writes in a periodical.

Periodicity, pē-ri-o-disit-i, *n.* সাময়িক অবস্থা ; সাময়িকত্ব ; State of being periodical.

Periosteum, *n.* অস্থি-বেষ্টক ; A fibrous skin covering the bones.

Peripatetic, per-i-pa-tetik, *a.* [Gr. *peri,* about, *pateo,* to walk] এরিষ্টটলের দর্শন বিজ্ঞান সংক্রান্ত ; Pertaining to the philosophy of Aristotle, who is supposed to have given his instructions, while walking in the Lyceum at Athens :—*n.* এরিষ্টটলের শিষ্য ; A follower of Aristotle ; itinerant preacher.

Periphery, per-if'ér-i, *n.* [Gr. *peri,* around, *phero,* to carry] পরিধি ; বৃত্ত বা অপর বক্ররৈখিক ক্ষেত্রের পরিধি ; The circumference of a circle or any figure.

Periphrase, per'i-frāz, **Periphrasis,** per-if'ra-sis, *n.* [G. *peri,* round, about, and *phrasis,* a speaking] বাক্যবাহুল্য ; কথায় প্যাঁচ ; Circumlocution ; speaking in a round about way. *v. t.* or *i*=periphrase (to use circumlocution).

Periphrastic, per-i-frastik, **Periphrastical,** per-i-frastik-al, *a.* বাক্যবাহুল্যযুক্ত ; অনাবশ্যক অধিক বাক্যে প্রকাশিত ; Containing or expressed by periphrasis or circumlocution. *ad*=periphrastically.

Perish. per'ish, *v. i.* গতায়ু-হ ; ক্ষয়প্রাপ্ত-হ , নষ্ট-হ , বিনাশপ্রাপ্ত-হ , মরিয়া-যা ; To die ; to come to nothing ; to waste away ; to decay ; to lose life :—*v. t.* ক্ষীণ-কৃ ; নষ্ট কৃ ; To cause to decay ; to destroy. *Syn* :—Decease ; wither.

Perishable, per'ish-a-bl, *a.* নশ্বর ; নাশশীল . ক্ষয়শীল ; That may perish or decay ; subject to speedy decay ; liable to perish. *n*=perishableness. *ad*=perishably. *Syn* :—Destructible, decaying ; frail, mortal, dying.

Peristyle, per'i-stil, *n.* [Gr. *peri,* around, *stylos,* a column] স্তম্ভ বেষ্টিত স্থান ; A building with columns in the inside court ; place surrounded with columns.

Peritoneum, *n.* উদরাবরক ; A membrane investing the whole internal surface of the abdomen and the viscera contained in it.

Periwig, per'i-wig, *n.* পরচুলা ; কৃত্রিম কেশ , A small wig ; a peruke :—*v. t.* পরচুলা পরাও ; To dress with a periwig. [eatable sea-snail.

Periwinkle, per'i-wingk-l, *n.* শম্বুক বিশেষ ; An

Perjure, pér'joor, *v. t.* [L. *per,* away, and *juro,* to swear] মিথ্যা শপথ-কৃ ; To swear falsely (followed by a reciprocal pronoun). *n*=perjurer.

Perjurer, *n.* মিথ্যা-শপথকারী ; One given to perjury. [swearing.

Perjury, pér'jur-i, *n.* মিথ্যা শপথ ; False

Perk, pérk, *a.* পরিষ্কার পরিচ্ছন্ন ; Smart , trim :—*v. t.* পরিষ্কার পরিচ্ছন্ন-কৃ ; To make trim or smart :—*v i.* ভঙ্গি করিয়া মস্তক উন্নত-কৃ ; To hold up the head with affected smartness.

Permanence, pér'ma-nens, **Permanency,** pér'ma-nen-si, *n.* স্থায়িত্ব ; Continuance in the same state ; duration.

Permanent, per'ma-nent, *a.* [L. *permanens, ppr.* of *permanere,* to last] স্থায়ী ; Durable ; lasting. *Syn* :—Abiding, fixed, enduring, perpetual, constant.

Permanent settlement—চিরস্থায়ী বন্দোবস্ত।

Permeable, pér'me-a-bl, *a.* ভেদ্য ; পরিচালক , That may be permeated ; penetrable. *ad*= permeably, *n*=permeability.

Permeate, pér'me-āt, *v. t.* [L. *per,* through, *meo,* to go] ভিতর দিয়া প্রবেশ-কৃ , গর্ত দিয়া গমন কৃ ; To pass through the pores of ; to penetrate and pass through *n*=permeation

Permissible, per-mis'e-bl, *a.* অনুমোদনীয় . অনুজ্ঞেয় , অনুমত , Allowable *ad*=permissibly. *Syn* . Sufferable, admissible, lawful, legitimate.

Permission, per-mishun, *n.* আদেশ , আজ্ঞা , অনুমতি , Liberty granted , allowance. *Syn* .—Leave, liberty, license, consent, permit.

Permissive, per-misiv, *a* অনুমোদনকারী , স্বীকৃত, প্রাপ্ত , Granting permission or liberty , allowing , granted.

Permit, per-mit', *v. t.* [L. *permittere,* permit] আদেশ-কৃ , অনুমতি-কৃ , অনুজ্ঞা-কৃ . সহ্য-কৃ ; To allow , to give leave to :—*n* অনুমতি , পণ্যদ্রব্য স্থানান্তরিত করণার্থ অনুজ্ঞা , Permission. *Syn* —(*v*) Let, suffer, tolerate , license, sanction, authorize, warrant.

Permutable, per-mūt'a-bl, *a* [L. *per,* through, *muto,* to change] পরিবর্ত্তনীয় . বিনিময়-যোগ্য , That may be changed, one for another *n*=permutableness, *ad*=permutably.

Permutation, pér-mū-tā'shun, *n.* গণিত সম্বন্ধীয় বস্তু বা বর্ণমালার অনুলোম বিলোম সংস্থাপন , অদলবদল , পরিবর্ত্তন , বিনিময় , Exchanging arrangement in all possible orders.

Pernicious, per-nishe-us, *a.* [L. *pernicies,* destruction] সাংঘাতিক ; অপকারক , অপকারী , অনিষ্টকর , Noxious , hurtful , destructive , highly injurious. *n*=perniciousness, *ad*= perniciously. *Syn* :—Ruinous, deadly, noxious, mischievous, deleterious.

Peroration, per-o-rā'shun, *n.* [L. *per,* through, and *oro,* to speak] বক্তৃতার শেষ , বক্তৃতার উপসংহার ভাগ ; Close and summary of an oration.

Perpendicular, pér-pen-dikū-lar, *a.* [L. *per,* through, and *pendo,* to weigh] লম্বভাবে উন্নত ; ঠিক খাড়া ; লম্ব ; লম্বভাবে অবস্থিত ; Exactly upright , at right angle to a given line or surface .—*n.* লম্ব ; লম্ব রেখা বা সমতল , A perpendicular line or plane. *ad*=perpendicularly.

Perpendicularity, *n.* লম্বত্ব ; The state of being perpendicular.

Perpetrate, pér'pe-trāt, *v. t.* [L. *per,* thoroughly, and *patio,* to perform] সম্পাদন-কৃ ; (অসৎ কর্ম্ম) সম্পন্ন-কৃ ; কুকর্ম্ম-কৃ . To execute ; to commit (generally in a bad sense). *n*= perpetrator.

Perpetrate a joke—অসময়ে বিদ্রূপ-কৃ ; To be guilty of jesting at an unseasonable time

To perpetrate the remembrance of a thing—চিরস্মরণীয়-কৃ।

Perpetration, pèr-pe-trā'shun, *n.* দুষ্কর্ম্মসাধন ; সম্পাদন ; The act of committing a crime , the thing perpetrated.

Perpetual, per-pet'ū-al, *a.* চিরস্থায়ী , অবিরত ; নিত্য ; অনন্ত , Never-ceasing ; not temporary ; everlasting. *ad*=perpetually. *Syn* :—Constant, endless, eternal, never-failing, perennial, continual, continuous , lasting, unceasing

Perpetuate, per-pet'ū āt, *v t.* চিরস্থায়ী-কৃ , বিস্মৃতি হইতে রক্ষা-কৃ , To make perpetual ; to preserve from extinction on oblivion *n*=perpetuation.

Perpetuation, *n.* নিত্যতা-বিধান , বিস্মৃতি হইতে সংরক্ষণ , The act of preserving from oblivion

Perpetuity, per-pet-ū'i-ti, *n.* নিত্যতা , অবিচ্ছিন্নতা , অবিনশ্বরতা , চিরস্থায়িত্ব অনন্তত্ব , Continuity , endless duration , duration for an indefinite period of time

Perplex, per-pleks', *v. t.* [L. *perplexus,* entangled] হতবুদ্ধি-কৃ , সন্দিহান কৃ , বিপন্ন কৃ , বিরক্ত-কৃ ; To puzzle , to embarass , to tease , to confuse *Syn* :—Involve, entangle, complicate , bewilder, confuse, distract. [doubtful

Perplexing, *a.* জটিল , বিরক্তিকর , Intricate ;

Perplexity, per pleks'i ti, *n* উদ্বেগ , গোলযোগ , জটিলতা , সংশয় , হতবুদ্ধিতা , সন্দেহ , কিংকর্ত্তব্যবিমূঢ়তা , Embarrassment of mind ; doubt , intricacy.

Perquisite, per'kwi zit, *n* [L *per,* thoroughly, and *quaero,* to ask] উপরিলাভ , উপরি পাওনা , দস্তুরি , Extra allowance or fee beyond ordinary salary. [pears.

Perry, *n.* মদ্য বিশেষ , The fermented juice of

Persecute, per'se-kūt, *v t* [L *per,* through, and *sequi,* to follow] উত্যক্ত-কৃ , নির্যাতন-কৃ ; নিগৃহীত কৃ , নিগ্রহ-কৃ , জ্বালাতন কৃ , উৎপীড়ন-কৃ ; উৎপীড়িত-কৃ , To harass , to annoy or punish especially for religious or political opinions. *n*=persecutor. *Syn* :—Oppress, afflict, molest, worry.

Persecution, per-se-kū'shun, *n.* নিগ্রহ ; নির্যাতন ; নিপীড়ন , The state of being persecuted.

Perseverance, per-sē-vēr'ans, *n.* অধ্যবসায় ; ঐকান্তিকতা , Steadiness , rigid constancy , persistence. *Syn* :—Indefatigableness, continuance, steadfastness, constancy.

Persevere, per-sē-vēr', *v i.* [L. *per,* through, and *severus,* strict] অভিনিবেশ-কৃ ; অধ্যবসায়ী-হ ; যত্নশীল-হ ; To persist , to hold on , be constant ; to pursue anything steadily. *ad*=perseveringly. *Syn* .—Continue, proceed.

Persevere in—উদ্যম ভঙ্গ হইলেও অধ্যবসায়ের সহিত (কোন সৎ) কার্য্যে লাগা , Continue steadily and

firmly in (generally, something that is good in-spite of discouragements).

Persiflage, *n.* চাপল্য বা ব্যঙ্গোক্তিপূর্ণ কথোপকথন; Frivolous or bantering talk. [পারস্যভাষা।

Persian, *a.* পারসিক; পারস্য;—*n.* পারস্যবাসী;

Persist, per-sist', *v. i.* [L. *per*, through, and *sistere*, to stand] অবিরত যত্নবান হইয়া কার্য্য-কৃ; আরব্ধ কার্য্যে অবিচলিত থাকা; অধ্যবসায়ী-হ; To keep steady or steadfast; to persevere; to continue rigidly in any course. *ad*=persistingly. *Syn* :—Remain, endure, last.

Persist in—(কোন মন্দ বিষয়ে) নাছোড়বান্দা-হ; Continue in (some course that is bad, implying greater obstinacy than persevere).

Persistence, per-sis'tens, **Persistency,** per-sis'ten-si, *n.* অবিরত চেষ্টা; অধ্যবসায়; ঐকান্তিকতা, অবিশ্রান্ত উদ্যোগ; Perseverance; obstinacy; constancy, duration.

Persistent, per-sis'tent, *a.* দৃঢ়; যত্নশীল; বদ্ধমূল. Tenacious; fixed; unmovable. *ad*=persistently.

Person, per'sun, *n.* [L. *persona*—*per*, through, and *sonare*, to sound] পুরুষ, লোক, ব্যক্তি; সজীব মনুষ্য, A human being; an individual; a living soul :—শরীর, Body :—রূপ; Form; character. *Syn* :—Man, party, one, somebody; bodily substance

In person—স্বয়ং; অর্থাৎ প্রতিনিধি দিয়া নহে, স্বয়ং উপস্থিত করিয়া, By one's self, personally; not by substitute, not by representative.

In the person of—অমুকেতে।

The first person—উত্তম পুরুষ।

The second person—মধ্যম পুরুষ।

The third person—তৃতীয় পুরুষ।

To one's person—সমক্ষে।

Personable, per'sun-a-bl, *a.* সুন্দর; সুরূপ; প্রিয়দর্শন; দিব্যাঙ্গ; Of good appearance, graceful.

Personage, pér'sun-āj, *n.* বিখ্যাত লোক; সুপ্রসিদ্ধ ব্যক্তি; বাহ্যাবয়ব; An individual of eminence; exterior appearance.

Personal, per'sun-al, *a.* ব্যক্তিগত; মানুষিক; Individual :—দৈহিক; শারীরিক; Bodily :—ব্যক্তি সম্বন্ধীয়, Belonging to persons :—স্বয়ং কৃত; Done in person :—নিজ, স্বকীয়, আপনার, Own, peculiar :—অস্থাবর, Moveable, as, personal property :—ব্যাকরণ-পুরুষ-বোধক, Denoting the grammatical person. *Syn* :—Peculiar, individual, private, corporeal, exterior, material, physical.

Personal estate—অস্থাবর সম্পত্তি; Personal property; every species of property except real estate—that is, lands and house.

Personal indentity, *n.* আত্মার একত্ব, আমিত্ব জ্ঞান; Our sameness of being at every stage of life of which consciousness gives us the evidence.

Personal pronoun—I, we, প্রভৃতি সর্ব্বনাম শব্দ।

Personal representative, *n.* মৃত ব্যক্তির সম্পত্তির কার্য্যদর্শী; The executors or administrators of a person deceased.

Personal rights—নিজ স্বত্বাধিকার।

Personality, pér-sun-al'i-ti, *n.* পৌরুষের ভাব; ব্যক্তিত্ব; পৃথক আত্মতা; That which constitutes a person; individuality :—ব্যক্তি বিশেষের নিন্দা; ব্যক্তিগত মন্তব্য; Offensive individual reflection; abuse; a personal remark.

Personally, pér-sun-al-li, *ad.* ব্যক্তিগতভাবে; Individually :—স্বয়ং; নিজে; স্বয়ং উপস্থিত থাকিয়া; In person; by bodily presence.

Personalty, *n.* সকল প্রকার অস্থাবর সম্পত্তি; All sorts of movable property.

Personate, per'sun āt, *v. t.* অপর রূপ ধারণ-কৃ; ছদ্মবেশ ধরা; জাল-কৃ; ভাণ-কৃ; To assume the character of; to disguise; to counterfeit; to feign. *n*=personator, personation. *Syn* :—Represent, play.

Personify, per-son'i-fi, *v. t.* চেতনত্ব ধর্ম্ম আরোপ-কৃ; মানবধর্ম্মের আরোপ-কৃ; অচেতন পদার্থে চেতন ধর্ম্ম আরোপ-কৃ; To ascribe to any thing the qualities of a person; to represent as a rational being. *n*=personification (মনুষ্য ধর্ম্মারোপ)।

Perspective, per-spek'tiv, *n.* [L. *per*, through, and *specio*, to look] দৃশ্য; পরিপ্রেক্ষণ; A view; vista :—চিত্রাঙ্কন বিদ্যা; চিত্র করিবার কৌশল; The art of drawing objects mathematically :—দৃশ্যে অঙ্কিত চিত্র; A picture in perspective :—*a.* দৃশ্যানুযায়ী; দৃশ্যসম্বন্ধীয়; Pertaining or according to perspective.

Perspectively, *ad.* পেরস্পেক্টিভ্ নিয়মানুসারে; According to the rules of perspective.

Perspicacious, pér-spi-kā'shus, *a.* [L. *perspicio*, to see through] তীক্ষ্ণ দৃষ্টি; Quick sighted :—তীক্ষ্ণবুদ্ধি; Of clear or acute understanding. *ad*=perspicaciously, *n*=perspicaciousness.

Perspicacity, *n.* তীক্ষ্ণ দৃষ্টিতা; দৃষ্টির তীক্ষ্ণতা; তীক্ষ্ণবুদ্ধিতা; বোধশক্তির তীক্ষ্ণতা: Acuteness of slight; the state of being acute in discerning; acuteness of understanding.

Perspicuity, per-spe-kū'e-te, *n.* স্পষ্টতা; সুগমতা, বিশদতা; পরিস্ফুটতা; প্রাঞ্জলতা; Clearness; freedom from obscurity or ambiguity. *Syn* :—Perspicuousness, intelligibility, plainness, distinctness, transparency, translucency.

Perspicuous, per-spik'ū-us, *a.* [L. *perspicuus*, from *perspicere*, to look through] স্বচ্ছ; সুস্পষ্ট; স্পষ্ট; বিশদ; স্ফুট; সুগম; That may be seen through; clear to the understanding; plain. *n*=perspicuousness, *ad*=perspicuously (বিশদরূপে)। *Syn* :—Distinct, lucid, intelligible, transparent. [ঘর্ম্ম; স্বেদ, Sweat.

Perspiration, pér-spi-rā'shun, *n.* ঘর্ম্মনিঃসরণ;

Perspiratory, per-spīr'ator-i, *a.* ঘর্ম্মকারক; ঘর্ম্মজনক; ঘর্ম্মসম্বন্ধীয়; Pertaining to, or causing, perspiration.

Perspire, per-spīr', *v. t.* [L. *perspirare*, to breathe through] ঘর্ম্ম ত্যাগ-কৃ; ঘর্ম্ম নির্গত-হ; ঘর্ম্মাক্ত-হ; ঘামা, To sweat.

Persuade, per-swād, *v. t.* [L. *per*, through, and *suadere*, to advise] প্ররোচিত-কৃ, প্রবর্ত্তিত-কৃ; To prevail on, to induce; to exhort; to entice :—লওয়ান; Move. *n*=persuader. *Syn* :—Induce, influence, allure, actuate; convince.

Persuasible, per-swā'si-bl, *a.* প্রবর্ত্তনীয়; প্ররোচিত হইবার যোগ্য, Capable of being persuaded. *n*=persuasibleness, persuasibility.

Persuasion, per-swā́zhun, *n.* প্রবর্তনা; প্ররোচনা; Inducement :—দৃঢ় বিশ্বাস; ধর্ম; মত; Faith; creed; belief; settled opinion :—এক মতাবলম্বী ধর্মসম্প্রদায়; A seat or party adhering to a creed. *Syn* :—Influence, motive, reason; conviction.

Persuasive, per-swā́siv, *a.* প্রবৃত্তিজনক; প্রবর্তক; প্ররোচক; প্রবর্তনাজনক; Having the power to persuade; influencing the mind or passions. *n*=persuasiveness, *ad*=persuasively. *Syn* :—Convincing, cogent, sound, valid; seductive, alluring, enticing.

Pert, pert, *a.* [W. *perc*, from *percu*, to trim] ধৃষ্ট; প্রগলভ; অশিষ্ট; নির্লজ্জ; Forward; saucy, bold; impertinent; smart. *ad*=pertly. *n*=pertness. *Syn* :—Lively, forward, bold, saucy, flippant, impertinent, impudent.

Pertain, per-tā́n, *v. i.* [L. *per*, through, and *tenere*, to hold] অধিকারে থাকা; সম্পর্ক রাখা; সংসৃষ্ট-হ; তৎসম্পর্কীয়-হ; To belong; to relate to. *Syn* :—Appertain, regard, concern; behoove, befit.

Pertinacious, per-te-nā́she-us, *a.* [L. *per*, through, and *tenax*, tenacious] স্থিরপ্রতিজ্ঞ; স্থিরসঙ্কল্প; নাছোড়বান্দা; একগুঁয়ে; Resolute; determined; obstinate; stubborn. *n*=pertinaciousness, *ad*=pertinaciously. *Syn* :—Steadfast; inflexible.

Pertinacity, pėr-ti-naś-i-ti, *n.* স্থিরানুবন্ধতা; স্থিরপ্রতিজ্ঞা; একগুঁয়েমি; জেদ; Obstinacy.

Pertinence, pėr'ti-nens, **Pertinency,** pėr'ti-nen-si, *n.* উপযুক্ততা; উপযোগিতা; যোগ্যতা; Appositness; suitableness; fitness.

Pertinent, per'te-nent, *a.* উপযুক্ত; যোগ্য; প্রাসঙ্গিক; Fitting; appropriate; relevant; to have relation. *ad*=pertinently (সঙ্গতরূপে)। *Syn* :—Apposite, suitable, fit, proper, applicable.

Perturb, per-turb, *v. t.* [L. *per*, through, and *turbare*, to shake] আলোড়িত-কৃ; বিচলিত-কৃ; বিশৃঙ্খল-কৃ; অস্থির-কৃ; To agitate; disturb; to disquit; to disorder. *Syn* :—Unsettle, confuse, discompose, vex.

Perturbation, pėr-tur-bā́shun, *n.* ব্যাকুলতা; ক্ষোভ; উদ্বেগ; চাঞ্চল্য; অশান্তি; Disquiet of mind.

Peruke, per'ōōk, *n.* [L. *pilus*, hair] পরচুলা; A periwig.

Perusal, per-ū́zal, *n.* পাঠ; পঠন; পরীক্ষা; Study; reading; examination.

Peruse, per-ū́z, *v. t.* পাঠ-কৃ; পড়া; পরীক্ষা-কৃ; To read with attention; examine.

Peruvian, per-ōō'vian, *a.* পেরু সম্বন্ধীয়; Pertaining to Peru in South America :—*n.* পেরুদেশবাসী; A native of Peru.

Peruvian bark, *n.* Cinchona.

Pervade, per-vā́d, *v. t.* [L. *per*, through, and *vadere*, to go] ব্যাপ্ত-কৃ; অনুপ্রবেশ-কৃ; সমাবিষ্ট-কৃ; To spread all over; to extend through the whole; to pass through; to affect entirely. *Syn* :—Penetrate, diffuse, permeate; fill, be diffused, overspread.

All pervading—সর্বব্যাপী।

Pervading spirit—The spirit or feeling which characterises one's conduct.

Pervasive, *a.* অনুপ্রাবন-প্রবণ; ব্যাপক; Tending to pervade.

Perverse, per-verś, *a.* [L. *perversus*, turned the wrong way] বিপথগামী, উৎপথগামী; বিপথে চালিত; উন্মার্গগামী; Turned aside :—বিরক্তিকর; ক্রোধন; Vexatious, cross :—একগুঁয়ে; অদম্য; Stubborn; intractable. *n*=perverseness (ন্যায়ভ্রষ্টতা); perversity (অশিষ্টতা); *ad*=perversely. *Syn* :—Distorted, bad, forward, cross, wayward, unmanageable, petulant, peevish.

Perversion, per-vėr'shun, *n.* বিপর্যয়; বিপথে গমন; সত্যচ্যুতি; ন্যায়বিবর্জন; অশিষ্টাচার; একগুঁয়েমী; অপপ্রয়োগ; A diverting from the true path; a turning from truth or propriety; misapplication. [দুষ্টামি; State of being perverse.

Perversity, *n.* একগুঁয়েমি; ন্যায়ভ্রষ্টতা; দুষ্টতা;

Pervert, per-vert, *v. t.* [L. *per*, through, and *vertere*, to turn] সত্যভ্রষ্ট-কৃ; বিচলিত-কৃ; কলুষিত-কৃ; দূষিত-কৃ; বিপথগামী-হ; কুকর্মে প্রবৃত্ত-কৃ; To corrupt, to change from the truth or right path; lead astry; to entice to evil :—*n.* বিপথগামী ব্যক্তি; যে ব্যক্তি উৎকৃষ্ট স্বধর্ম ত্যাগ করিয়া নিকৃষ্ট পরধর্ম গ্রহণ করে; One who has turned away from a right way to that which is wrong. *n*=perverter. *Syn* :—(*v*) Distort, falsify, misrepresent; convert, proselytize.

Pervertible, *a.* বিপথগামী-করণসাধ্য; Capable of being perverted.

Pervious, per'vi-us, *a.* [L. *per*, through, and *via*, a way] অনুপ্রবেশনীয়; প্রবেশ্য; বেধ্য; ভেদনীয়; Penetrable; permeable; affording a way or passage through; *n*=perviousness (সচ্ছিদ্রতা); *ad*=perviously.

Pessimist, pesi-mist, *n.* [L. *pessimus*, worst] সকল বিষয় অমঙ্গলেরই জন্য এই মতাবলম্বী; যাবতীয় বস্তু অমঙ্গলার্থ সৃষ্ট হইয়াছে এরূপ অনুযোগকারী; বিশ্বনিন্দা; A general grumbler; one who complains of everything as being for the worst;—oppossed to optimist. *n*=pesimism (বিশ্বনিন্দুক)।

Pest, pest, *n.* [L. *pestis*, a contagious disease] মহামারী; মড়ক; মারাত্মক বিষয় বা বস্তু; A plague; a fatal epidemic disease; anything destructive. *Syn* :—Pestilence, infection; taint, bane; infliction, nuisance, annoyance.

Pester, pestér, *v. t.* ক্লিষ্ট-কৃ; কষ্ট-দে; বিরক্ত-কৃ; To annoy; to vex; to disturb.

Pest-house, *n.* সংক্রামক রোগগ্রস্তদিগের হাঁসপাতাল; A hospital for persons infected with any contagious disease.

Pestiferous, pest-if'ér-us, *a.* [L. *pestis*, a contagious disease, and *fero*, to bear] স্বাস্থ্যনাশক; সাংঘাতিক; সংক্রামক; Bearing pestilence, pestilent; infectious, contagious. *ad*=pestiferously.

Pestilence, pest'i-lens, *n.* বহুব্যাপী সংক্রামক রোগ; মড়ক; মারী; Any contagious deadly disease.

Pestilent, pest'i-lent, *a.* অপকারক; ক্ষতিকারক; ক্ষতি দুষ্ট; Hurtful to health and life; mischievous; corrupt; troublesome. *ad*=pestilently.

Pestilential, pest i-len'shal, *a.* সংক্রামক; মারাত্মক; বিনাশাত্মক; নাশক; Producing pestilence; destructive. *ad*=pestilentially.

Pestle, pesl, *n.* [L. *pistum*, to pound] উদূখলের দণ্ড ; হামান দিস্তা ; খোটনা ; মুষল ; An instrument for pounding anything in a mortar :—*v. t.* হামানদিস্তার গুঁড়া-কৃ ; খোটনা দ্বারা চূর্ণ-কৃ ; To pound or break with a pestle.

Pet, pet, *n.* বল্লভ ; প্রিয়পাত্র ; A favourite :—পোষা জন্তু ; Any animal tame and fondled :—বিরক্তি ; ঈষৎ ক্রদ্ধভাব ; A fit of peevishness ; slight passion :—*v. t.* আদর-কৃ ; To fondle.

Petal, pet'al, *n.* পুষ্পদল ; পুষ্পের পাপড়ি ; A flower-leaf. *a*=petalous.

Petalaid, pet'al-aid, *a.* পুষ্পদলের ন্যায় আকারবিশিষ্ট ; Having the form of a petal.

Petaled, pet'ald, **Petalous,** pet'al-us, *a.* দলবিশিষ্ট ; সদল , Having petals

Petaline, pet'al-in, *a* পুষ্পের পাপড়ি সম্বন্ধীয় ; পুষ্পদল সদৃশ , Pertaining to, or resembling, a petal.

Petard, pe-tärd, *n.* [Fr. *peter*, to crack] আগ্নেয়াস্ত্র , যুদ্ধযন্ত্র ; An engine of war used to break down gates, barriers &c , by explosion.

Hoist on his petard, Hoist with his own petard—আপনার ফাঁদে পড়া ; Caught in his own trap.

Peter-pence, pē'tėr-pens, *n.* প্রাচীন ইংরাজ জাতির নিকট পোপের প্রাপ্য বার্ষিক কর বিশেষ ; An annual tax of a silver penny formerly paid by the English to the Pope.

Petiole, pet'i-ōl, *n.* [L. *pes*, *pedis*, a foot] পত্রের বোঁটা , পত্রবৃন্ত ; A leaf-stalk.

Petition, pē-tishun, *n.* [L. *petitio*, from *petere*, to beg, ask] দরখাস্ত , আবেদন , প্রার্থনা , A request ; a supplication , an entreaty , a prayer :—*v t* প্রার্থনা-কৃ , আবেদন-কৃ , অনুনয়-কৃ , To solicit, to supplicate. *Syn* :—Solicitation, suit ; address, application, appeal, memorial

Petitionary, pe-tishun-ar-i, *a.* আবেদনকারী ; অনুনয়সূচক , Supplicatory.

Petitioner, pe-tishun-ėr, *n.* আবেদনকারী ; দরখাস্তকারী , প্রার্থনাকারী ; আবেদক , One who presents a petition or prayer. [Entreaty, solicitation

Petitioning, pe-tishun-ing, *n.* অনুনয় ; আবেদন ,

Petre—Same as saltpetre.

Petrean, pe-trē'an, *a.* [Gr. *petra*, a rock] প্রস্তরসম্বন্ধীয় ; Pertaining to rock or stone.

Petrefaction, *n* পাষাণীকরণ ; প্রস্তররূপে পরিণাম ; প্রস্তরাকারে পরিণতি ; প্রস্তরীভূত পদার্থ , The act or process of changing into stone.

Petrefactive, pet-ri-fakt'-iv, **Petrific,** pe-trif'ik, *a.* প্রস্তরীকরণক্ষম ; Having the power to convert into stone.

Petrel, *n.* সামুদ্রিক পক্ষী বিশেষ ; An ocean bird.

Petrescent, pe-tresent, *a.* প্রস্তরীভূত ; প্রস্তরাকারে পরিবর্ত্তমান ; Growing into or becoming stone. *n*=petrescence.

Petrify, pet'ri-fi, *v. t.* [L. *petra*, a rock, *facio*, to make] প্রস্তরীভূত-কৃ , প্রস্তরে পরিণত-কৃ , To convert into stone, to make callous or obdurate . —বিস্ময়াপন্ন-কৃ , To fix in dumb amazement :—*v. i.* প্রস্তরীভূত-হ ; প্রস্তরের ন্যায় কঠিন-হ ; To become stone or hard like stone. *n*=petrifaction.

Petroleum, pe-trō'le-um, *a.* [L. *petra*, rock, and *oleum*, oil] শিলা তৈল ; পার্থিব তৈল ; প্রস্তর নিঃসৃত তরল পদার্থ ; Rock oil ; a brown liquid oil.

Petrous, pē-trus, *a.* প্রস্তরবৎ কঠিন ; প্রস্তরময় ; পাষাণসদৃশ ; Like stone ; hard ; stony.

Petted, pet'ed, *a.* লালিত ; সোহাগপ্রাপ্ত ; আদৃত ; Indulged ; fondled

Petticoat, pet'i-kōt, *n.* স্ত্রীলোকের ঘাঘরা ; ছোট জামা , A loose under garment worn by females ; a little coat. *a*=petticoated.

Petticoat government—স্ত্রীশাসন , স্ত্রীলোকের দ্বারা চালিত শাসন ; Female rule

Pettifogger, pet'i-fog-ėr, *n.* সামান্য উকিল ; বাজে উকিল ; A lawyer who practises in petty or paltry cases ; a petty lawyer.

Pettish, pet'-ish, *a.* বিরক্তিকর , খিটখিটে ; রাগী , ক্রোধন ; Peevish, fretful.

Petty, pet'e, *a.* সামান্য ; ক্ষুদ্র ; নগণ্য ; নিকৃষ্ট , তুচ্ছ ; Small ; little , inconsiderable ; contemptible , inferior. *n*=pettiness, *ad*=pettily. *Syn* :—Trifling, diminutive, trivial, unimportant, frivolous, slight ; inferior. [Wearing a petticoat.

Petty-coated, *a.* ছোট জামা বা ঘাঘরা পরিহিত ;

Petty-foggery, *n.* সামান্য উকিলের ব্যবসা ; ব্যাজোক্তি ; Disreputable tricks ; quibbles.

Pettyfogging, *n.* সামান্য ওকালতি , অতি নীচ কর্ম্ম , নীচ কর্ম্মকারী ; প্রতারক , The practice of a pettyfogger ; mean tricks , quibbles , paltry.

Petulance, petū-lans, **Petulancy,** pet-ū-lan-si, *n.* ধৃষ্টতা , অশিষ্টতা , প্রগল্ভতা , Forwardness , sausiness ; impudence :—বিরক্তি , উচ্ছৃঙ্খলতা , Peevishness ; wantonness.

Petulant, pet'ū-lant, *a.* [L. *peto*, to fall upon] ধৃষ্ট , প্রগল্ভ , Forward ; impudent —খিটখিটে , সহজে রাগী , বিরক্ত ; Peevish. *ad*=petutantly. (চটিয়া ; উগ্রভাবে) । *Syn* —Querulous, captious, cavilling, irritable, ill-humoured, cross, fretful.

Pew, pū, *n.* খৃষ্টীয় ধর্ম্মালয়ে পরিবেষ্টিত আসন , An inclosed seat in a church. *a*=pewy.

Pewit, pē'wit, **Pewet,** pē'wet, *n.* পক্ষী বিশেষ , টিটিভ , The lapwing.

Pewter, pū'tėr, *n* এক প্রকার দস্তা ; An alloy of lead and tin or lead and zinc :—দস্তা নির্ম্মিত পাত্র ; Vessels made of pewter —*a.* দস্তানির্ম্মিত , Made of pewter. [do one's work.

To scour the pewter—আপনার কার্য্য-কৃ ; To

Pewterer, pū'tėr-ėr, *n.* দস্তার কারীকর ; কাঁসারী ; One who works in pewter

Pewtery, *a* দস্তাসম্বন্ধীয় , Belonging to pewter.

Phaeton, fāe-tun, *n.* খোলা চারি চাকার গাড়ী বিশেষ , ফেটিন গাড়ী ; A kind of open pleasure carriage on four wheels :—পক্ষী বিশেষ , The tropic bird.

Phalanges, fa-lanjez, *n. pl.* অঙ্গুলির ক্ষুদ্র অস্থিসমূহ ; The small bones of the fingers and toes.

Phalanx, falangks, *n.* সৈন্যশ্রেণী ; পদাতি সৈন্যের চতুষ্কোণ ব্যূহ ; ঘনসন্নিবিষ্ট সৈন্যের দল , A line of battle , a square battalion of heavy armed troops formed in ranks and in files close and deep ; any compact body of men.

Phanerogamous, *a.* পৃথক্ পৃথক্ পুংকেশর ও গর্ভকেশর সমন্বিত পুষ্পধারী , Having visible flowers, containing distinct stamens and pistils,

Phantasm, fan'tazm, *n.* [Gr. *phaino*, to bring to light ; *phao*, to shine] অপচ্ছায়া, কাল্পনিক দৃশ্য বা মূর্তি ; স্বপ্ন ; কল্পনা ; ভূত ; A fancied vision ; a spectre ; a phantom. *pl*=phantasms, phantasmata.

Phantasmagoria, fan-taz-ma-gō'-ria, *n.* ছায়াবাজি ; ঐন্দ্রজালিক আলোকাধার ; A magic lantern with slides by which figures are magnified on a wall or screen and made to appear as if in motion.

Phantastic, Phantasy—See Fantastic, Fantasy.

Phantom, fan'tom, *n.* অপচ্ছায়া ; ভূত ; A spectre ; a fancied vision , an airy spirit.

Pharisaic, far-e-sā'ik, **Pharisaical,** far-e-sā'ik-al, *a.* ফারিসীদিগের সম্বন্ধীয় বা সদৃশ, Pertaining or resembling the Pharisees :—কপটী, ধর্মধ্বজী ; Hypocritical. *ad*=pharisaically *n*=pharisaicalness. *Syn* :—Formal, sanctimonious.

Pharisaism, far'i-sā-izm, **Phariseeism,** far'i-sē-izm, *n.* ফারিসী নীতি, কপটতা, ধর্মধ্বজিতা. The practice and opinions as of the Pharisees strict observance of outward forms in religion without the spirit of it , hypocrisy in religion.

Pharisee, par'i-sē, *n.* য়িহুদীগণের বিখ্যাত ধর্ম সম্প্রদায় বিশেষ, A well-known Jewish sect, noted for their strict observance of the law. and of the traditions of the elders and pretender to superior sanctity.

Pharmaceutic, fār-ma-sūt'ic, **Pharmaceutical,** fār-ma-sūt'ik-al, *a.* ঔষধ প্রস্তুত করিবার কৌশল সম্বন্ধীয়, ঔষধ প্রস্তুতকরণ বিদ্যাসম্বন্ধীয় ; Pertaining to the knowledge or art of pharmacy *ad*=pharmaceutically.

Pharmaceutics, fār-ma-sūt'iks, *n.* ঔষধ প্রস্তুত করণ বিদ্যা ; ঔষধ প্রস্তুত করিবার বিজ্ঞান ; The science of preparing medicines.

Pharmaceutist, fār-ma-sūt'ist, *n.* ঔষধ-প্রস্তুতকারী ; ঔষধ প্রস্তুত করণক্ষম লোক ; One who practises pharmacy ; an apothecary.

Pharmacopœia, fār-ma-ko-pē'ya, *n.* [Gr *pharmakon*, medicine, *poieo*, to make] ঔষধ প্রস্তুত-করণের গ্রন্থ, Book of directions for preparing drugs.

Pharmacy, fār'ma-si, *n.* [Gr. *pharmakon*, a drug] ঔষধ প্রস্তুত করিবার বিদ্যা, ঔষধালয়, The art or practice of preparing and mixing medicines

Pharos, fā'ros, *n.* সমুদ্রতীরস্থ আলোকগৃহ ; নাবিকদিগের জন্য দীপস্তম্ভ, A light-house.

Pharynx, far'inks, *n.* গলনালী ; The cavity forming the upper part of the gullet

Phase, fāz, *n.* দৃশ্য. Appearance which any thing manifests. *pl*=phases.

The phase of the moon—চন্দ্রের কলা।

Pheasant, fez'ant, *n.* সুন্দর পক্ষীবিশেষ, A beautiful bird of game.

Pheasantry, fez'ant-ri, *n.* ফেজ্যান্ট পক্ষীর জন্য বেষ্টিত স্থান ; An enclosure for keeping pheasants.

Phenix, fē'niks, **Phoenix,** *n.* কল্পিত পক্ষী ; কাল্পনিক পক্ষী বিশেষ ; A fabulous bird believed to burn itself and arise from its own ashes.

Phenomenal, fen-om'en-al, *a.* দৃশ্য সম্বন্ধীয় ; আকারগত, অদ্ভুত ; অপূর্ব ; Pertaining to a phenomenon or appearance ; very extraordinary. *ad*=phenomenally.

Phenomenon, fen-om'en-on, *n.* [Gr. *phaino*, to shew] দৃশ্য ; দৃষ্টির বিষয়ীভূত বস্তু ; অপূর্ব দৃশ্য ; অসাধারণ দৃশ্য ; An appearance ; anything visible ; a remarkable or unusual appearance. *pl*=phenomena.

Phial, fi'al, *n.* শিশি, A small glass vessel or bottle :—*v. t.* শিশি বা বোতলে রাখা ; To put or keep in a phial.

Philander, fi-lan'der, *v. i.* [Gr. *philo*, to love, and *andros*, a man] প্রেমালাপ-কৃ, ছেনালী-কৃ ; Make love ; coquet , flat.

Philanthropic, fil-an-throp'ik, **Philanthropical,** fil-an-throp'ik-al, *a* বিশ্বপ্রেমিক, হিতৈষী ; মঙ্গলকামী ; Benevolent ; loving mankind ; exhibiting philanthropy. *ad*=philanthropically.

Philanthropist, fil-an'thro-pist, *n* লোকহিতৈষী, বিশ্বপ্রেমিক, One who loves and wishes to serve mankind.

Philanthropy, fil-an'thro-pi, *n.* [Gr. *philos*, loving, and *anthropos*, a man] মনুষ্য হিতৈষণা, নরপ্রীতি, বিশ্বপ্রেম, Love of mankind , universal good will.

Philharmonic, fil-har-mon'ik, *a* [G. *philos*, loving, and harmonia] সুরপ্রিয় ; সঙ্গীতপ্রিয়, Loving harmony or music.

Philippic, fil-ip'ik, *n* ফিলিপের বিরুদ্ধে ডিমস্থিনেসের বক্তৃতা ; তীব্রপূর্ণ নিন্দা ; কুৎসাপূর্ণ বক্তৃতা, An oration of Demosthenes against Philip of Macedon ; a discourse full of invective.

Philippise, *v. t.* গালি-দে, Utter invective :—ফিলিপের পক্ষাবলম্বন-কৃ, Side with Philip

Philistine, fil'is-tin, *n.* সুশিক্ষা-বিহীন লোক, অশিক্ষিত ব্যক্তি ; ক্ষুদ্রাশয় লোক, সঙ্কীর্ণমনা ব্যক্তি, Man without liberal culture , a narrow-minded man. *pl*=philistinism.

Philistinism—ধর্মে ঔদাসীন্য ; A cynical indifference and supercilious sneering at religion.

Philologist, fil-ol'o-jist, *n.* ভাষাতত্ত্ববিৎ, ভাষা বিজ্ঞানবিৎ ; One versed in philology.

Philology, fil-ol'o-ji, *n.* [Gr. *philos*, loving, and *logos*, discourse] ভাষাতত্ত্ব ; ভাষাবিজ্ঞান, শব্দবিদ্যা, Knowledge of languages , the science of languages *a*=philologic, philological (ভাষাতত্ত্ব সম্বন্ধীয়) ; *ad*=philologically.

Philomath, *n.* [Gr. *philos*, loving, and *manthano*, to learn] ছাত্র, বিদ্যার্থী ; A scholar. *a*=philomathic, philomathical.

Philomel, fil'o-mel, **Philomela,** fil-o-mē'la, *n.* নাইটিঙ্গেল নামক পক্ষী ; The nightingale.

Philosopher, fil-os'o-fer, *n* [Gr *philos*, a lover, *sophos*, wise] দার্শনিক, দর্শন বিজ্ঞানবিৎ ; জ্ঞানলিপ্সু, One versed in or devoted to philosophy.

Philosopher's stone—স্পর্শ মণি ; পরেশ পাথর ; A stone fancied to turn base metals into gold :—ধনলাভের উপায় ; The way to wealth.

Philosophic, fil-o-sof'ik, **Philosophical,** fil-o-sof'ik-al, *a.* দর্শনসম্বন্ধীয় ; দার্শনিক ; Belonging or according to philosophy :—বিজ্ঞ ; Rational ; wise :—স্থির ; প্রশান্ত, Calm. *ad*=philosophically.

Philosophise, fil-óso-fiz, *v.i.* বিচার-কৃ ; দার্শনিকের ন্যায় বিচার-কৃ ; কারণানুসন্ধান-কৃ ; To act the philosopher ; to reason ; to moralise.

Philosophism, fil-oso-fizm, *n.* ভ্রমাত্মক বিচারণা ; The practice of sophistry. *n*=philosophist, *a*=philosophistic.

Philosophy, fil-aśo-fi, *n.* [Gr. *philos*, loving, *sophia*, wisdom] বিজ্ঞান ; দর্শনশাস্ত্র ; The knowledge of the causes of all phenomena.

Mental philosophy—মনোবিজ্ঞান ।

Natural philosophy—পদার্থবিজ্ঞান ।

Philter, Philtre, filtér, *n.* কামোদ্দীপক ঔষধ ; প্রেমোদ্দীপক মোহমন্ত্র ; A charm or spell to excite love ; a love-potion.

Phlebotomy, fle-bot'o-mi, *n.* [Gr *phlebos*, a vein, and *tomos*, a cutting] রক্তমোক্ষণ ; রক্তস্রাবণ, Act of letting out blood ; blood-letting

Phlegm, flem, *v.* [G. *phlegma*, a flame, *phlegein*, to burn] শ্লেষ্মা, কফ, The thick matter discharged in coughing :—চিলামি ; অলসতা, জড়তা, ঔদাসীন্য ; Dullness ; sluggishness, indifference. *Syn* —Mucus ; coldness.

Phlegmatic, fleg-mat'ik, **Phlegmatical,** fleg-matik-al, *a.* শ্লেষ্মাজনক ; শ্লেষ্মাযুক্ত, Abounding in phlegm —নিস্তেজ ; ঢিমা, জড ; অনাসক্ত, অলস, Dull, cold, sluggish. *ad*=phlegmatically. *Syn* —Heavy, indifferent, apathetic.

Phlogiston, *n.* অদ্ভুত তেজ, দাহ্য বস্তুই অগ্নিগর্ভ ; The imaginary principle of fire. *a*=phlogistic (তত্তেজ সম্বন্ধীয়) । [plant.

Phlox, *n.* পুষ্পবৃক্ষ, A well known flowering

Phocine, *a.* সীলজাতীয় জলজন্তু সম্বন্ধীয়, Pertaining to the seal tribe. [moon.

Phoebe, *n.* চন্দ্র ; Diana, the Goddess of the

Phœbus, *n.* সূর্য ; সূর্যদেব ; The sun ; Apollo.

Phœnix—Same as Phenix.

Phonetic, fo-net'ik, **Phonetical,** fo-net'ik-al, *a.* [Gr. *phone*, a sound] স্বরবিষয়ক, শব্দ বা স্বর সম্বন্ধীয় ; Vocal ; pertaining or according to the sound of the voice.

Phonetics, fo-nit'iks, *n.* স্বর বিজ্ঞান, শব্দবিজ্ঞান, The science of sounds, esp, of the human voice, phonology. [taining to sound.

Phonic, fońik, *a.* শব্দবিষয়ক, স্বরসম্বন্ধীয়, Per-

Phonics, foniks, *n.* স্বর-বিজ্ঞান, শব্দবিজ্ঞান, The science of sound ; accoustics.

Phonogram, *n.* বিশেষ ধ্বনির বা তৎপরিবর্তনের দ্যোতক লিখিত বর্ণ বা চিহ্ন ; A written letter or mark indicating a particular sound.

Phonograph, fō'no-graf, *n.* [Gr. *phone*, sound, and *grapho*, to write] যে যন্ত্রের সাহায্যে বাক্য বা অন্য শব্দ গ্রহণ করিতে এবং ইচ্ছানুসারে তাহার পুনরাবৃত্তি করিতে পারা যায়, শ্রুত-শব্দ-লেখক যন্ত্র, সাঙ্কেতিক চিহ্ন ; A character or symbol ; used in phonograpy.

Phonographer, fo-nog'ra-fér, **Phonographist,** fo-nog'ra-fist, *n.* বিভিন্ন বর্ণে বিভিন্ন শব্দ জ্ঞাপন কৌশলজ্ঞ ; One versed in phonography.

Phonographic, Phonographical, *a.* শব্দ-প্রকাশক ; Representing sounds.

Phonography, fo-nog'ra-fi, *n.* চিহ্ন দ্বারা শব্দ প্রকাশ করিবার বিদ্যা, রেখাক্ষরলিপি বিদ্যা ; সাঙ্কেতিক-সংক্ষেপ-লিপি-কৌশল ; The art of expressing sounds by characters or types. *a*=phonographic, phonographical. *ad*=phonographically.

Phonologist, *a.* শব্দবিজ্ঞানবিৎ ; One versed in phonology.

Phonology, fo-nolo-ji, *n.* [Gr. *phone*, sound, *logos*, discourse] শব্দবিজ্ঞান ; মৌলিক শব্দবিজ্ঞান ; বর্ণিক বিদ্যা, Phonetics ; the science of the elementary spoken sound. *a*=phonological.

Phonotype, fō'no-tip, *n.* [Gr. *phone*, sound, *typos*, type] উচ্চারিত ধ্বনির দ্যোতক চিহ্ন, A type or sign representing a sound.

Phonotype, fo-not'ip-i, *n.* ভিন্ন ভিন্ন অক্ষরে শব্দ বিজ্ঞান বিদ্যা ; The art of representing sounds by types or distinct characters.

Phosphate, *n* লবণ বিশেষ, A kind of salt.

Phosphoresce, fos-for-eś, *v. i.* ফস্ফরাসের ন্যায় অন্ধকারে আলোক প্রকাশ-কৃ ; To shine in the dark like phosphorus.

Phosphorescent, fos-for-eśent, *a.* অন্ধকারে জ্বলনশীল ; Shining in the dark like phosphorus. *n*=phosphorescene.

Phosphoric, fos-for'ik, **Phosphorous,** fośfor-us, *a* ফস্ফরাস্ সম্বন্ধীয় ; তৎসদৃশ বা তদুৎপন্ন, Pertaining to, resembling, or obtained from Phosphorus.

Phosphorus, fośfor-us, *n.* [Gr. *phos*, light, and *phoros*, bearing, *phero*, to bear] শুক্র গ্রহ, শুকতারা, The morning star :—দীপক দ্রব্য ; অন্ধকারে জ্বলনশীল দাহ্য বস্তু বিশেষ ; প্রস্কুরক ; A yellowish substance, like wax, inflammable and luminous in the dark.

Phosphuret, *n.* অন্য ধাতুর সহিত ফস্ফরাসের মিশ্রণ ; A combination of phosphorus with a metal.

Phosphuretted, *a.* ফস্ফরাসের সহিত মিশ্রিত ; Combined with phosphorus.

Photograph, fō'to-graf, *n.* চিত্র বিশেষ, আলোক চিত্র, A picture produced or obtained by photography :—*v. t* আলোক সাহায্যে চিত্রাঙ্কন-কৃ ।

Photographer, Photographist, *n.* আলোক-চিত্র ব্যবসায়ী ; আলোকচিত্রকুশল ব্যক্তি ; One who practises, or is skilled in, photography.

Photographic, Photographical, *a.* আলোক চিত্র বিদ্যা-বিষয়ক ; আলোক চিত্র-কৌশলজ. Pertaining to or obtained by, photography *ad*=photographically.

Photography, fo-tog'raf-i, *n.* [Gr. *photos*, light, and *grapho*, to draw] আলোক লেখা, আলোক চিত্রবিদ্যা, আলোক সাহায্যে চিত্রাঙ্কন-বিদ্যা ; Daguerrotype, the art of drawing or producing pictured by light on chemically prepared surfaces.

Photometer, fo-tomet-ér, *n.* [Gr. *photos*, light, and *metron*, a measure] আলোক পরিমাপক যন্ত্র ; আলোকমান যন্ত্র ; An instrument for measuring the intensities of light.

Photophobia, fō-to-fō'bia, *n.* [Gr. *photos*, light, *phobos*, fear] আলোক ভীতি ; আলোকাতঙ্ক রোগ ; Dread of light.

Photophone, *n.* কিরণ রেখা সাহায্যে দূরদেশে বাক্য প্রেরণ-যন্ত্র ; An apparatus for transmitting arti-

culate speech, to a distance along a beam of light.

Photosphere, *n.* আলোকবৃত্ত ; সূর্য্যমণ্ডলের জ্যোতির্ম্ময় পরিবৃত্তি ; A sphere of light.

Phrase, frāz, *n.* [G. *phrasis*, from *phrasein*, to speak] বাক্যাংশ ; বাক্যসমষ্টি ; বাক্য কথনের ধারা ; A short pithy expression ; a mode or form of speech :—*v. t.* বাক্যে প্রকাশ-কৃ ; আখ্যাত-কৃ ; To express in words ; to style. *Syn* :—(*n*) Expression, term, idiom ; diction, style, phraseology.

Phraseologic, Phraseological, *a.* বাক্যকথনপদ্ধতি সম্বন্ধীয় ; ক্ষুদ্র বাক্য বা বাক্যাংশময় ; Consisting of phrases. *ad*=phraseologically.

Phraseology, frā-ze-olo-ji, *n.* [Gr. *phraseos*, phrase, *logos*, science] বাক্য রচনা ; বাক্যের রীতি ; ভাষার ধারা ; কথনের ধারা ; পদাবলি ; Peculiarities of diction ; a collection of phrases. *a*=phraseologic, phraseological

Phrenologist, fren-olo-jist, *n.* মস্তিষ্ক বিদ্যাবিৎ ; মস্তিষ্ক তত্ত্ববিৎ ; One who is versed in phrenology.

Phrenology, fren-olo-ji, *n.* [Gr. *phrenos*, mind, and *logos*, science] মস্তিষ্ক বিদ্যা ; মস্তিষ্ক তত্ত্ব ; The science of the functions of the brain and its different parts. *a*=phrenological, *ad*=phrenologically.

Phthisic, tizik, **Phthisical,** tizik-al, *a* ক্ষয়কাশাক্রান্ত ; Pertaining or having phthisis.

Phthisical, tizik-al, *a.* ক্ষয়কাশ সম্বন্ধীয় . ক্ষয়কাশাক্রান্ত ; Pertaining or having phthisis ; breathing hard.

Phthisis, thi'sis, (থাইসিস্) *n.* [Gr. *phthio*, to waste away] ক্ষয়কাশ ; Consumption of the lungs.

Phylactery, fi-laktér-i, *n.* রক্ষা কবচ বিশেষ ; Amulet against infection. *a*=phylacteric, phylacterical.

Phyllonera, *n.* কীট বিশেষ ; A genus of insects.

Physic, *n.* চিকিৎসা কৌশল ; ঔষধ ; Medicine ; the art of healing :—*v. t.* ঔষধ-দে , চিকিৎসা-কৃ ; আরাম-কৃ ; To give medicine to ; to cure.

Physical, fizik-al, *a.* [G. *phusis*, nature, from *phuein*, to bring forth] পদার্থবিদ্যা বিষয়ক ; স্বাভাবিক ; প্রাকৃতিক ; Pertaining to nature or natural objects :—ভৌতিক ; শারীরিক ; বাহ্য , Bodily ; corporeal ; external. *ad*=physically (দেহসম্বন্ধে) । *Syn* :—Material, tangible, substantial, natural ; medicinal, cathartic, purgative.

Physical exercise—শারীরিক ব্যায়াম ; অঙ্গচালনা ।

Physical Geography—প্রাকৃতিক ভূগোল ।

Physical labour—কায়িক পরিশ্রম ।

Physician, fi-zishan, *n.* চিকিৎসক ; ভিষক ; বৈদ্য ; One who prescribes remedies for diseases.

Physicist, fizi-sist, *n.* পদার্থদর্শনাধ্যায়ী ; পদার্থবিদ্যাবিৎ ; A student of nature , one versed in physical science.

Physics, fiziks, *n.* পদার্থ বিদ্যা ; The science which treats of the general properties of natural bodies ; natural philosophy :—বৈদ্যক বিজ্ঞান ; ঔষধ-বিজ্ঞান ; The science of medicine ; the art of healing diseases :—ঔষধ ; A medicine.

Physics, fiziks, *n.* *sing.* প্রকৃতি বিজ্ঞান ; জড় বিজ্ঞান ; পদার্থ বিজ্ঞান ; The science of the material system ; natural philosophy.

Physiognomist, *n.* যে মুখের ভাব দেখিয়া স্বভাব বলিতে পারে ; One skilled in physiognomy ; one who tells fortunes by the face.

Physiognomy, fiz-i-og'no-mi, *n.* [Gr. *physis*, nature, and *gnonai*, to know] আকৃতি দেখিয়া মনের ভাব নিরূপণ করিবার বিদ্যা ; মুখমণ্ডলের রেখাপাত দেখিয়া স্বভাব নিরূপণ বিদ্যা বা কৌশল ; The science or art of knowing a man's character from his features :—মুখের বিশেষ ভাবভঙ্গী ; মুখমণ্ডল ; বাহ্যাকার ; Particular expression of the countenance. *a*=physiognomic, physiognomical, *ad*=physiognomically, *n*=physiognomist.

Physiography, fiz-i-og'ra-fi, *n.* [Gr. *physis*, nature, and *grapho*, to describe] বাহ্য জগতের বিবরণ ; পৃথিবীর বাহ্যাকার সম্বন্ধীয় বিজ্ঞান-শাস্ত্র ; প্রাকৃত বিজ্ঞানের উপক্রমণিকা ; An introduction to the study of nature.

Physiology, fiz-i-olo-ji, *n.* [Gr. *physis*, nature, and *logos*, science] শরীর বিধান ; শারীরস্থান-বিদ্যা ; জীবজগতের শক্তি বিজ্ঞান , The science which treats of the functions of living beings. *a*=physiologic, physiological. *ad*=physiologically. *n*=physiologist.

Physique, fiz-ēk, *n.* মনুষ্যের প্রাকৃতিক বা শারীরিক গঠন ; The natural constitution, or physical structure of a person.

Phytology, fi-tolo-ji, *n.* [Gr. *phyton*, a plant, and *logos*, science] উদ্ভিদ বিদ্যা . The science of plants , botany. *a*=phytological, *n*=phytologist.

Piacular, pi-akū-lar, *n.* প্রশমক ; পাপহর ; Expiatory ; requiring expiation :—অত্যন্ত দুষ্ট , Atrociously bad.

Piametor, *n.* রক্ত বহা নাড়ীবিশিষ্ট ঝিল্লি ; Thin skin of the brain.

Pianissimo, *ad.* অতি ধীরে ধীরে ; Very softly.

Pianist, pi-ā'nist, *n.* পিয়ান-বাদক ; Pianoforte player.

Piano, pi-a'no, *ad.* ধীরে ধীরে ; Softly.

Piano, pi-áno, **Pianoforte,** pi-ā'no'fōr'te, *n.* বাদ্যযন্ত্র বিশেষ ; পিয়ানো ; A musical instrument.

Piastre, pi-as'tér, *n.* রৌপ্য মুদ্রা বিশেষ ; A silver coin used in Turkey and other countries.

Piazza, pi-aza, *n.* বারান্ডা ; বারান্ডা দ্বারা বেষ্টিত চতুষ্ক রাস্তা ; চাঁদনী ; A square surrounded by buildings ; portico :—A walk roofed in.

Pibroch, *n.* সামরিক বাদ্য বিশেষ ; The martial music.

Pica, *n.* ছাপিবার অক্ষর বিশেষ ; A printing type.

Pick, pik, *v. t.* ঠোকরান ; To peck at :—চয়ন-কৃ ; জড়-কৃ ; সংগ্রহ-কৃ ; সঞ্চয়-কৃ ; To pluck ; to gather :—ভেদ-কৃ ; বিদ্ধ-কৃ ; To pierce :—মনোনীত-কৃ ; নির্ব্বাচন-কৃ ; To choose ; to select :—পৃথক-কৃ ; To separate :—উদ্ঘাটন-কৃ ; To open, as a lock :—অন্বেষণ-কৃ , অনুসন্ধান-কৃ ; To seek, as a quarrel :—অপহরণ-কৃ ; To steal :—*v. i.* সুন্দররূপে কোন কিছু-কৃ ; To do anything nicely :—অল্প অল্প করিয়া ভোজন-কৃ ; খণ্ডে খণ্ডে খাওয়া ; To eat by morsels :—*n.* তীক্ষ্ণাগ্র যন্ত্র ; সূচীমুখ অস্ত্র ; Any sharp pointed instrument :—মনোনয়ন ; পছন্দ ; Choice. *Syn* :—Glean ; cull, hull ; clean ; steal, pilfer.

Pick a bone with any one—তর্ক-কৃ , বিবাদ-

কৃ; কোন কিছু লইয়া কাহারও সহিত কামড়াকামড়ি বা বিবাদ-কৃ; To wrangle, to dispute.

Pick acquaintance—হঠাৎ বন্ধু সংগ্রহ-কৃ।

Pick acquaintance with—আলাপ-কৃ; Make the acquaintance of.

Pick a hole—দোষ বাহির-কৃ; ছিদ্রানুসন্ধান-কৃ; Find fault.

Pick a hole in one's coat—পর-ছিদ্রানুসন্ধান-কৃ; Find fault with.

Pick a lock—পর চাবি দিয়া খোলা; Open a lock with a false key.

Pick and chose—ইচ্ছামত পছন্দ-কৃ; Select at will.

Pick and steal—Steal indiscriminately.

Pick a pocket—জেব হইতে চুরি-কৃ; জেব হইতে দ্রব্যাদি অপহরণ করা; Steal the contents of a pocket.

Pick a quarrel—গায় পড়িয়া ঝগড়া-কৃ; ইচ্ছা করিয়া ঝগড়া বাধান; Get into a quarrel by seeking for it.

Pick quarrel—বিবাদের কারণ অনুসন্ধান-কৃ; গায়ে পড়ে ঝগড়া-কৃ; Seek cause for quarrelling.

Pick at—বিরক্ত-কৃ।

Pick-me-up, *n.* উত্তেজক পানীয় বা সুরা।

Pick off—সঞ্চয়-কৃ; Gather :—বধ-কৃ; এক একটী করিয়া গুলি দ্বারা পাড়া; Take away by an unexpected movement, as the life of an enemy in sharp shooting; kill.

Pick one's pocket—কাহারও পকেট বা জেব হইতে কিছু চুরি-কৃ; Steal something from one's pocket.

Pick out—পছন্দ-কৃ, বাছিয়া লওয়া; Select; select from a number or quantity.

Pick to pieces, Pick pieces—নিন্দা-কৃ; দোষ ধরা. Find fault with; to decry.

Pick up—হঠাৎ জড়-কৃ; Gather by chance or indiscriminately :—ক্রমে ক্রমে সারিয়া আইসা; Improve slowly in health; improve in health by degrees :—যাইতে যাইতে দখল-কৃ; Acquire possession of, something as one moves along :—এখান থেকে ওখান থেকে সংগ্রহ করা; উপার্জ্জন-কৃ, Gather from here and there; obtain in a chance way; acquire by chance :—সময়ে সময়ে পড়িয়া বা এর ওর কাছে শুনিয়া শিক্ষা-কৃ; Acquire (some knowledge by casual study) :—কুড়াইয়া লওয়া; Take up from the ground with the fingers.

Pick-axe, pĭkaks, *n.* কুঠার, খনিত্র; শাবল; A picking tool used in digging; digging tool pointed at the one end and broad at the other, used in excavating.

Picklock, pĭklok, *n.* তালা খোলা কাটি; চাবি ব্যতীত তালা খুলিবার যন্ত্র; An instrument by which locks are opened without the key :—চোর, যে কৌশলে তালা খোলে; A person who picks locks.

Pick-pocket, pĭkpok-et, *n.* গাঁটকাটা; পকেট মারা চোর; One who cunningly steals from the pockets of another in a public way.

Pickthank, *n.* তোষামোদকারী; An officious person or parasite.

Picked, *a.* বাছাই; মনোনীত; চুনিয়া লওয়া; Carefully selected; as, picked men :—সূচাগ্র; Pointed; sharp :—অপহৃত; Plundered :—চালাক; Smart.

Picket, piket, *n.* সূক্ষ্মাগ্র খুঁটি; তীক্ষ্ণাগ্র দণ্ড; তাঁবুর খুঁটি; A sharp pointed stake, used in fortifications and encampments :—প্রহরি সন্নিবেশ; A small outpost or guard :—তাসখেলা বিশেষ; A game at cards :—*v. t.* সূক্ষ্মাগ্র দণ্ড দ্বারা সুরক্ষিত-কৃ; খুঁটি দ্বারা বেষ্টিত-কৃ; To fortify enclose or fence with picket.

Pickle, pikl, *v. t.* লবণাক্ত-কৃ; লবণ-সির্কা মাখাইয়া রাখা; To preserve, or season with salt, vinegar :—*n.* লবণাক্ত জল; আচার বিশেষ; কাসুন্দি; A liquid in which substances are preserved; substance picked :—অসুখকর অবস্থা; A disagreeable position.

Pick-wick, *n.* সস্তা দরের ছোট চুরুট।

Picnic, pĭknik, *n.* চড়ুই ভাতি; বন-ভোজন; উদ্যানাদিতে ভোজন; An entertainment in the open air, at which each person contributes some article for the common table; an open air entertainment :—বিস্কুট বিশেষ; A kind of small sweet biscuit :—*v. i.* বন ভোজনে যাওয়া; To go on a picnic..

Picquet—Same as picket.

Pictorial, *a.* চিত্র সম্বন্ধীয়; চিত্র সম্বলিত; সচিত্র; Pertaining to pictures; illustrated by pictures. *ad*=pictorially.

Picture, piktūr, *n.* [L. *pictura,* from *pingere, pictum,* to paint] চিত্র; ছবি; Painting; drawing; likeness; resemblance; image :—*v. t.* চিত্র-কৃ; চিত্রিত-কৃ অঙ্কিত-কৃ; To paint; to represent :—সুস্পষ্টভাবে বর্ণনা-কৃ; To describe vividly. *Syn* :—(*n*) Drawing, engraving, print; portrait, effigy, similitude, representation.

Picture-book, *n.* চিত্র পুস্তক; ছবির বই; A book for children illustrated with picture.

Picture-frame, *n.* ছবির ফ্রেম; The ornamental border or case made to contain a picture.

Picture-gallery, *n.* চিত্রশালা; Rooms set apart for the exhibition of picture.

Picture-liner, *n.* One who prepares and fixes the inner canvas of a picture.

Picturesque, pik-tūr-esk, *a.* [L. *pictura,* a picture] সুন্দর; সুদর্শন; রম্য; নয়ন-রঞ্জন; Romantic; mild and beautiful :—স্বাভাবিক; অকৃত্রিম; Natural :—সুস্পষ্ট; Vivid. *n*=picturesqueness. *ad*=picturesquely.

Piddle, pidl, *v. t.* সামান্য দ্রব্যের ব্যবসা-কৃ; তুচ্ছ তাচ্ছিল্য-কৃ; To deal in trifles; to trifle :—প্রস্রাব-কৃ; মুতা; To urinate.

Pie, pī, *n.* পক্ষী বিশেষ; A magpie :—পিষ্টক; মাংসপূরিত পিঠা; Crust baked with something in it; a meat baked within a crust of prepared flour :—উপাসনা পুস্তক; Roman Catholic service-book :—অক্ষর বিশেষ; অক্ষর স্তূপ; A type; a mass of printing types.

Piebald, pībowld, *a.* বহুবর্ণবিশিষ্ট; বর্ণ বৈচিত্র্যপূর্ণ; চিত্রবিচিত্র; Of various colours; diversified in colours; mottled :—মিশ্রিত; Mixed.

Piece, pēs, *n.* খণ্ড; অংশ; টুকরা; Part of anything; bit :—একটী মাত্র বস্তু; দ্রব্য; A single article; an individual article :—প্রবন্ধ রচনা; A literary or musical composition :—কামান; বন্দুক; A gun :—মুদ্রা; A coin :—ব্যক্তি; লোক; A person (slightingly) :—*v. t.* তালি-দে; সংযুক্ত-কৃ; To patch; to mend by adding a piece :—*v. i.* সংযুক্ত-কৃ; To join. *n*=piecer, *Syn* :—(*n*) Scrap

shred, portion, mouthful, morsel; writing, fire-arm, cannon.

Fall to pieces, Go to pieces—খণ্ড খণ্ড হইয়া যাওয়া বা পড়া; Be reduced to pieces; be destroyed.

Of a piece, Of a piece with—সমান; অনুরূপ; এক ভাবাপন্ন; Of the same sort; alike; similar to.

Of a piece with—সেই রকম; সমরূপ।

Piece out—তালি-দে; Add to; extend or enlarge by the addition of one or more pieces.

Piece up—বিবাদ ভঞ্জন-কৃ, Make up a quarrel for a time.

Tear to pieces, Break or out to pieces—খণ্ড খণ্ড-কৃ; Reduce to pieces by tearing; reduce to pieces by breaking or cutting.

To fall to pieces—চুরমার-হ; কুতপ্রবণা-হ।

To give a piece of one's mind to—মনের কথা খুলে বলা।

To pieces—To utter ruin.

Piece-goods, *n* বস্ত্রাদি পণ্যদ্রব্য, Dry goods sold by drapers, as, cotton, longcloths. [whole.

Pieceless, pēsles, *a*. সম্পূর্ণ, অখণ্ড, Entire;

Piecemeal, pēsmēl, *a*. এক; পৃথক, অদ্বিতীয়, Single, made of parts:—*ad*. বহুখণ্ডে; খণ্ড খণ্ড রূপে; ক্রমশঃ; By pieces, gradually; in fragmants.

Piecer, *n*. যে তালি দেয়; A factory hand who attends on farms and spindles to join broken threads.

Piecework, pēswurk, *n*. যে কার্য্য খণ্ডে খণ্ডে সম্পন্ন হয়; খণ্ডে খণ্ডে কৃত কর্ম্ম, Work done by job.

Pied, pīd, *a*. চিত্রবিচিত্র; বিবিধ বর্ণে চিত্রিত, দাগযুক্ত, Variegated, spotted.

Pier, pēr, *n*. উত্তরণস্থান; জেটি, A wharf; a jetty; a projecting wharf or landing place:—তরঙ্গ বেগ নিবারণার্থ প্রস্তর নির্ম্মিত বাঁধ; পোস্তা; A mass of stone work or a mole projecting into the sea for breaking the force of waves, a buttress:—খিলানের অবলম্বন; পিল্পা; A mass of stone-work for supporting an arch.

Pier-glass, pēr'glas, *n*. গবাক্ষ দর্পণ; বাতায়নের মধ্যে বিলম্বিত দর্পণ; A mirror hanging between windows.

Pierce, pērs, *v. t.* or *i*. বিদ্ধ-কৃ, ছিদ্র-কৃ; ভেদ-কৃ, To penetrate, to bore:—মর্ম্মস্পর্শ-কৃ, বিদীর্ণ-কৃ, মোহিত-কৃ; To touch or move deeply.—রহস্য ভেদ-কৃ, গুপ্ত বিষয়ে প্রবেশ-কৃ, To dive into, as a secret or purpose. *n*=piercer. *Syn*:—Perforate, drill, affect, touch, move, thrill, strike.

Pierceable, pērsa-bl, *a*. বেধ্য, ভেদনীয়; Capable of being pierced.

Piercing, *a*. প্রবেশকারী, Penetrating —বিদারক, মর্ম্মভেদী; Affecting deeply —তীব্র, তীক্ষ্ণ, Cutting; sharp; keen. *ad*=piercingly (মর্ম্মভেদপূর্ব্বক)। [muses.

Pierian, *a*. সরস্বতী সম্বন্ধীয়, Pertaining to the

Pierian spring—সরস্বতী কুণ্ড।

Piet, *n*. কাকজাতীয় পক্ষী, A magpie.

Pietism, pī'et-izm, *n*. ধর্ম্মের বাহ্যাড়ম্বর; এক শ্রেণীর ধর্ম্মনীতি, Obstentatious piety, the religion of the pietists

Pietist, pī'et-ist, *n*. প্রগাঢ় ধর্ম্মানুরাগী; এক শ্রেণীর ধর্ম্মসংস্কারক; One of a sect of German religious reformers of the 17th century, characterised by great piety or practical religion; one who marked by strong devotional or religious feeling.

Piety, pī'e-te, *n*. [L. *pietas*, piety] ধর্ম্মপরায়ণতা; ধার্ম্মিকতা; ধর্ম্মানুরাগ; ঈশ্বরভক্তি, মাতাপিতার প্রতি ভক্তি; স্বদেশানুরাগ; কর্ত্তব্যবোধ, Reverance for the Deity, parents, or country; reverance towards God, affectionate reverence for parents, or country; sense of duty. *Syn*:—Religion, sanctity, holiness, veneration, devotion, godliness, grace.

Pig, pig, *n*. শূকরশাবক; A young swine, male or female:—*v. i.* শূকরশাবক প্রসব-কৃ; To bring forth pigs. [*n*=pig-headedness.

Pig-headed, *a*. একগুঁয়ে; Stupidly obstinate.

Pig-iron, pig-ī'urn, *a*. অবিশুদ্ধ লৌহপিণ্ড; অপরিষ্কার লৌহদণ্ড; Rough iron, in rough bars.

Pig-tail, pig'tāl, *n*. শূকরশাবকের লেজ; The tail of a pig; the pair of the head tied behind in the form of a pig's tail:—তাম্রকূট বিশেষ; তামাকের জটা; A roll of twisted tobacco.

The pig-tail—The Chinese.

Pigeon, pij'un, *n*. কপোত; পারাবত; A well-known bird; the dove —নির্ব্বোধ ব্যক্তি, A simpleton. [breast.

Pigeon-breasted, *a*. উন্নত বুক; With a raised

Pigeon-English, *n*. The barbarous and childish dialect of English in use in Chinese ports, between the English and American merchants and native trade.

Pigeon-express, *n*. কপোত দ্বারা সংবাদ প্রেরণ, Supply of intelligence by carrier pigeons.

Pigeon-fancier, *n*. One who keeps rare pigeons.

Pigeon-hearted, pij'un-hart'ed, **Pigeon-livered**, *a* ভীরু; ভয়শীল, কপোতহৃদ, Timid, fearful; cowardly.

Pigeon-hole, pij'un-hōl, *n*. পায়রার খোপ, কপোত বিবর, Hole in a dovecoat; a hole for pigeons.—কাগজ রাখিবার ছিদ্র, কাগজপত্র রাখিবার কাষ্ঠপ্রকোষ্ঠ, Small whole for papers, a division of a case for papers.

Pigeon-house, *n*. কপোত-গৃহ, Dove-coat.

Pigeon-livered, *a* ভীরু, ভয়শীল, Timid, cowardly.—বিনম্র, কোমলস্বভাব, Mild in temper, gentle.

Pigeonry, *n*. কপোতাগার, Dove-coat.

Piggery, pig'er-i, *n*. শূকরশালা; A place where pigs are kept. [vessel

Piggin, *n*. কোটা, কাষ্ঠপাত্র, A small wooden

Piggish, pig'ish, *a* শূকর-সম্বন্ধীয়; শূকরবৎ, শূকর সদৃশ, Belonging to, relating to, or like pigs

Pigment, pig'ment, *n*. [L. *pingo*, to paint] রঙ, যে বস্তু হইতে রঙ্ প্রস্তুত হয়, Any substance for colouring paint. *a*=pigmental.

Pigmy, pig'me, *n*. Same as Pygmy. বামন, A dwarf. *Syn*:—Dwarfish, small, diminutive, inconsiderable.

Pike, pīk, *n*. লৌহফলকযুক্ত বল্লম; বর্শা; A long lance; a weapon consisting of a long wooden

shaft and spear-head ; pitchfork :—মৎস্য বিশেষ ; A fresh-water fish. [a point ; acuminated.

Piked, pikt, *a.* সূচাগ্র ; সূচীমুখ ; ফলযুক্ত ; Ending in

Pikeman, pikman, *n.* বর্শাধারী ; বল্লমধারী ; A man armed with a pike. [a pike at the end.

Pike-staff, pikstaf, *n.* বল্লমদণ্ড ; A staff having

Pilaster, pi-laster, *n.* [L. *pila*, a pillar] চতুষ্কোণ স্তম্ভ ; A square pillar set within a wall. *a*=pilastered.

Pilastered, pi-lastèrd, *a.* ভিত্তিসংলগ্ন স্তম্ভযুক্ত ; Furnished with inserted pillars.

Pilchard, pilchärd, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A herring like sea-fish.

Pile, pil, *n.* [F. *pile*, L. *pila*, a ball, G. *pilos*, a ball, globe] রাশি ; স্তূপ ; কাঁড়ি ; A heap ; a roundish mass :—মৃতদেহ জ্বালাইবার কাষ্ঠ ; চিতা ; Combustibles for burning, esp. dead bodies :—হর্ম্য ; বৃহৎ অট্টালিকা ; ইমারত ; An edifice ; a building :—গোলা-রাশি ; গোলাগুলির গাদা ; A heap of sht or shell :—যন্ত্র বিশেষ ; A form of battery :—স্তম্ভ ; ভূমিকাপ্রোথিত কাষ্ঠদণ্ড ; A piece of timber pointed and driven into the earth for the support of a building, a bridge, on the lake :—কাপড়ের উপরকার রোঁয়া ; আঁস ; তুঁষা ; The nap on cloth :—*v. t.* সংগ্রহ-কৃ ; জড়-কৃ ; রাশীকৃত-কৃ ; স্তূপাকার-কৃ , To heap up ; to collect in a mass :—কাণায় কাণায় পূর্ণ-কৃ ; To fill above the brim or top. *Syn* :—(*n*) Accumulation, lot ; building, structure ; filament, thread, fibre ; staple.

Pile, *n.* চুল ; Hair.

Funeral pile—চিতা ।

Pile-driver, Pile-engine, *n.* অবলম্বন কাষ্ঠদণ্ড প্রোথিত করিবার যন্ত্র বিশেষ ; Machine for driving down piles.

Pileate, pi'le-āt, **Pileated,** pi'le-āt-ed, *a.* টুপির আকারবিশিষ্ট ; Having the form of a cap or hat.

Piles, pilz, *n. pl.* [L. *pila*, a ball] অর্শ রোগ ; Hæmorrhoids.

Pilfer, pilfer, *v. i.* সামান্য বস্তু চুরি-কৃ ; অপহরণ-কৃ ; To rob ; to steal small things :—*v. t.* অপহরণ-কৃ ; To steal by petty theft ; to filch away. *Syn* .—Thieve, filch, purloin, cabbage.

Pilferer, *n.* চোর ; Thief.

Pilfering, *n.* অপহরণ ; চৌর্য্য ; Petty theft.

Pilfery, pilfer-i, *n.* সামান্য চুরি ; Pretty theft.

Pilgrim, pilgrim, *n.* [L. *per*, through, and *ager*, land] তীর্থযাত্রী পর্যটক , পরিব্রাজক ; One who travels on religious account ; a traveller ; one who travels to a distance to visit a holy palce. *Syn* :—Palmer ; wanderer, wayfarer.

Pilgrimage, pilgrima-āj, *n.* তীর্থযাত্রা ; A journey to a shrine or other holy place.

Pill, pil, *n.* [L. *pila*, a ball] ঔষধের বড়ি ; বটিকা ; A little ball of medicine :—*v. t.* ছাল তোলা ; To strip bare :—লুণ্ঠন-কৃ ; To rob or plunder :—*v. i.* To be peeled off ; to come off in flakes.

Swallow a pill—ভাল লাগে না এমন কিছু সহ্য করিতে হওয়া ; তেঁতো গেলা ; Have to go through or endure something unpalateable or disagreeable.

Pillage, pilāj, *n.* [F. *piller*, to plunder] লুণ্ঠন ; লুটপাট ; Plunder ; spoil, especially taken from enemy in war :—*v. t.* লুণ্ঠন-কৃ ; To plunder ; to spoil. *n*=pillager. *Syn* :—(*n*) Devastation, depredation, spoliation, rapine, robbery ; booty, loot. (*v*) Sack.

Pillar, pilar, *n.* [L. *pila*, a pillar] স্তম্ভ ; থাম ; অবলম্বন ; Column. *Syn* :—Shaft, post ; prop, support ; foundation, basis ; supporter, maintainer.

Pillars of Hercules—Mountains at the straits of Gibralter.

Pillar of state—রাজ-রক্ষক ।

Running from pillar to post—Running from one thing to another, without any definite purpose.

Pillar-box, *n.* বাক্স বিশেষ ; A box attach to a pillar in the streets for the mailing of letters.

Pillared, pilard, *a.* স্তম্ভাবলম্বিত ; স্তম্ভ দ্বারা রক্ষিত ; স্তম্ভাকৃতি ; স্তম্ভাকার ; Supported by a pillar ; having the form of a pillar.

Pillau, pil-law', *n.* তুরস্কদিগের ভোজ্য বিশেষ ; পোলাও ; Turkish dish.

Pillion, pilyun, *n.* অশ্বারোহীর পশ্চাতে স্ত্রীলোকের বসিবার গদি ; জিনের গদি ; A cushion for a woman to ride on behind a horse-man ; the cushion of a saddle.

Pillory, pilor-i, *n.* শাস্তি প্রদানার্থ যন্ত্র বিশেষ ; Wooden machine in which offenders are fastened by the neck :—*v. t.* উক্ত যন্ত্র দ্বারা দণ্ড প্রদান-কৃ ; To punish in a pillory.

Pillow, pilō, *n.* বালিস ; উপাধান ; A bag filled with feathers, down &c., for resting the head on ; any cushion :—*v. t.* তাকিয়ায় ঠেস-দে ; To lay on for support.

Pillow-case, pilō-kās, *n.* বালিসের ওয়াড় ; A case or covering for a pillow.

Pillowy, pilō-i, *a.* উপাধানতুল্য ; নরম ; কোমল ; Like a pillow ; soft. [Hiary. *n*=pilosity.

Pilose, pilōs, **Pilous,** pilus, *a.* চুলযুক্ত ; লোমশ ;

Pilot, pilut, *n.* কর্ণধার ; জাহাজ-পরিচালক ; One whose business it is to guide ships in and out of a harbour or channel ; helmsman :—পথপ্রদর্শক ; A guide :—*v. t.* জাহাজ পরিচালিত-কৃ ; পথপ্রদর্শন-কৃ ; To conduct as a pilot ; to direct the course of, as a ship ; to guide through dangers or difficulties. *Syn* :—(*v*) Steer, guide, conduct.

Pilotage, pilut-āj, *n.* জাহাজ পরিচালন ; The act of piloting :—পোতচালকের বেতন ; পোতচালকের খরচা ; The fee or wages of pilots :—পোতচালকের পদ বা কার্য্য , The duty or office of a pilot.

Pilot-cloth, *n.* মোটা শক্ত কাপড় বিশেষ ; A coarse stout kind of cloth for overcoats.

Pilot-fish, *n.* মৎস্য বিশেষ ; A fish. [pepper.

Pimenta, Pimento, *n.* মসলা বিশেষ ; Jamaica

Pimp, pimp, *n.* কোটনা ; ভেড়ুয়া ; রমণদূত ; A pander ; a procurer :—*v. i.* কোটনামি-কৃ ; ভেড়ুয়াগিরি-কৃ ; To pander ; to procure. [plant.

Pimpernel, Pimpinella, *n.* উদ্ভিদ্ বিশেষ ; A

Pimple, pimpl, *n.* ফুসকুড়ি ; ব্রণ ; A small swelling. [pimples on the skin.

Pimpled, Pimply, *a.* ব্রণযুক্ত ; ব্রণময় ; Having

Pin, *n.* আলপিন ; Short piece of wire for fastening articles together :—খিল ; গোঁজ ; কীলক ; A peg :—অকিঞ্চিৎকর বস্তু ; Anything of little value : —*v. t.* আলপিন দিয়া সংযুক্ত-কৃ ; বদ্ধ-কৃ ; To fasten

with a pin ; to fasten :—বেষ্টন-কৃ ; আবদ্ধ-কৃ ; To inclose ; to confine.

A rolling pin—বেলন।

Pins and needles—ঝিমঝিমা।

Pin one down—আলোচ্য বিষয় ব্যতীত অন্য কথা কহিতে না দেওয়া ; In discussion to force one to keep to the point.

Pin one's faith upon another's sleeve—অপরের মতে মত-দে ; স্বাধীন ভাবে চিন্তা না-কৃ ; (কোনও কিছুতে) বিশ্বাস স্থাপন-কৃ ; To be slavishly dependent on another for one's opinions, not to be an independent thinker.

Pinafore, piná-fŏr, *n.* বালকের পোষাক ; শিশুর বহির্বাস ; An apron for a child fastened before ; a tier.

Pinbasket, *n.* বালকের ঝুড়ি ; Basket for a boy : —স্ত্রীলোকের শেষ সন্তান ; Woman's last child.

Pincase, pińkās, **Pincushion,** pińkoosh-un, *n.* আলপিন রাখিবার আধার, Case for holding pins.

Pincers, pińserz, See *pinchers*.

Pinch, pinsh, *v. t.* [F. *pincer*, from Ger. *pfitsen*, to pinch] চিমটী কাটা ; To squeeze the flesh so as to give pain :—পীড়া-দে ; To distress :—মুঠা করিয়া বা আঁকড়াইয়া ধরা, To nip ; to gripe :—নিষ্পেষণ-কৃ ; To squeeze :—*v. i.* কষ্টকর হওয়া ; To bear or press hard :—পরিমিত ব্যয়ী-হ ; To live sparingly ; to be thrifty ; to spare :—*n.* চিমটী, Squeeze with the fingers :—উৎপীড়ন ; পীড়ন ; Oppression :—বেদনা ; Pain :—খাম্‌চা ; What is taken between the finger and thumb :—ক্লেশকর অবস্থা, অর্থাভাবজনিত ক্লেশ ; Difficulty, pang, distress through want. *Syn* .—(*v*) Squeeze, nip, gripe, compress, straiten, distress, spare.

At a pinch, On a pinch—কষ্টে ; কষ্টের সময় ; At a difficulty.

At or on a pinch—বাঁধিক সময়ে, What at a loss for something to do :—আবশ্যক মতে ; When necessary ; in an emergency.

Know or feel where the shoe pinches—কোথায় ব্যথা বুঝিতে পারা ; ভুগিয়া বোঝা কোথায় কষ্টের কারণ আছে, Have personal and practical experience of anything.

Where the shoe pinches—পায়ের কোনখানে লাগিতেছে ; What part of the feet is squeezed :—কোথায় ব্যথা, বা গোল বাঁধে, বা ঠেকে, When the difficulty or puzzle is.

Pinched with cold—শীতার্ত।

Pinched with hunger—ক্ষুধার্ত।

Pinched with want—অর্থাভাবে কষ্ট ক্লিষ্ট।

Pinch-penny, *n.* কৃপণ ; One niggardly towards his dependents.

Pinchback, pinshbek, *n.* তাম্র ও দস্তার মিশ্রণোৎপন্ন ধাতু ; An alloy of copper and zinc.

Pincher, *n.* যে ব্যক্তি বা বস্তু চিমটাইয়া ধরে বা কষ্ট দেয় ; One who, or that which, pinches.

Pinchers, Pincers, *n.* সাঁড়াশি ; An instrument for seizing anything, esp nail ; small tongs.

Pinching, *a.* ক্লেশদায়ক ; Causing pain or distress :—পীড়াদায়ক ; Acting as a pincher, griping :—বিনাশকারী, Nipping —অত্যন্ত লোভী ; Covetious.

Pinching poverty—দুঃসহ দারিদ্র্য।

Pinchingly, finshing-li, *ad.* কষ্টদায়করূপে ; In a pinching way.

Pindaric, pin-dar'ik, *n.* গীতকাব্য ; ক্ষুদ্র গাথা ; An irregular ode in imitation of those of Pindar, the Greek poet :—*a.* গীতিকাব্য-লেখক পিণ্ডারের লিপিকৌশলানুযায়ী ; After the style and manner of Pindar.

Pinder, *n.* খোঁয়াড়-রক্ষক ; A pound-keeper.

Pine, pin, *n.* দেবদারু বৃক্ষ ; A tree.

Pine, pin, *v. i.* শুকাইয়া-যা ; কৃশ-হ ; ম্লান-হ ; অবসন্ন-হ ; To waste away ; droop ; languish ; decline ; flag ; wither ; decay :—*v. t.* শোক-কৃ ; অনুশোচনা-কৃ ; To grieve ; to wear out.

Pine-apple, piń-ap'l, *n.* আনারস ; Anana ; a tropical plant, and its fruit.

Pinery, piněr-i, *n.* আনারস বাগান ; আনারস বন ; A place where pine-apples are raised ; a pine-forest.

Pinfold, pińfold, *n.* পশাদির খোঁয়াড়, A pound for cattle.

Pinhole, *n.* সূচী-রন্ধ্র।

Pinion, piń-yun, *n.* [L. *penna*, feather, wing] পক্ষ ; পালক ; A feather ; quill :—ডানা ; বৃহৎ চক্র-সংলিষ্ট ক্ষুদ্র চক্র ; A small wheel with teeth playing into a large wheel :—হাতকড়ি, Fetter for the arm —*v. t.* পক্ষবন্ধন-কৃ ; To bind the wings of :—পক্ষচ্ছেদন-কৃ ; To cut off the pinion :—পিঠমোড়া করিয়া বাঁধা, আবদ্ধ-কৃ, To confine by binding the arms, to restrain by binding. *Syn* :—(*v*) Confine, shackle, fetter, chain.

Pink, pingk, *n.* পুষ্প বিশেষ ; A flower :—পাটল বর্ণ, A colour like that of the flower :—মৎস্য বিশেষ, A fish :—ক্ষুদ্র বিশেষ ; A plant —অত্যুৎকৃষ্টতা ; Height of excellence :—*v. t* বিদ্ধ-কৃ, ক্ষুদ্র ছিদ্র-কৃ ; To stab, to pierce with small holes cut in small scollops or angles.

Pink-eyed, pingkid, *a.* ক্ষুদ্র ছিদ্রবিশিষ্ট ; কুতচক্ষু, Having small eyes

Pink of perfection—আদর্শ ; The beau ideal, the acme

Pinking-iron, *n.* কোর করিয়া কাটিবার অস্ত্র বিশেষ, A cutting instrument, for scalloping the edges of ribbons

Pin-money, *n* স্বামী কর্তৃক প্রদত্ত স্ত্রীলোকের নিজ খুচরা খরচের টাকা, স্ত্রীর হাতে খরচের জন্য টাকা, A wife's allowance for her personal expenses ; a sum of money allowed to a wife for her private expenses.

Pinnace, pińās, *a.* ক্ষুদ্র নৌকা বিশেষ ; A small vessel navigated with oars and sails.

Pinnacle, piná-kl, *n.* শৃঙ্গ ; Highest point :—চূড়া ; মন্দিরাদির অগ্রভাগ ; A turret or elevation above the main building ; a slender tower :—*v t* চূড়াযুক্ত করিয়া নির্মাণ-কৃ ; To build with pinnacles

Pinnate, pińāt, *a.* [L. *pinna*, a feather] পক্ষাকৃতি ; Shaped like a feather :—মৎস্য পক্ষবিশিষ্ট, Furnished with fins. *ad* = pinnately.

Pinner, pińér, *n.* আলপিন প্রস্তুতকারী ; A pin-maker :—খোঁয়াড়-রক্ষক ; The pound-keeper.

Pin-point, piń-point, *n.* আলপিনের অগ্রভাগ ; The point of a pin :—সামান্য বস্তু, অকিঞ্চিৎকর বিষয় ; A mere trifle

Pint, pint, (পাইন্ট), *n.* তরল পদার্থের পরিমাণ বিশেষ,

Half a quart or 4 gills :—বার আউন্স, 12 ounces.

Pintle, pintl, *n.* ছোট আলপিন ; A little pin :—লোহার বড় অর্গল ; A long iron bolt. [pine trees.

Piny, pini, *a.* দেবদারু বৃক্ষপূর্ণ ; Abounding with

Pioneer, pi-o-nēr, *n.* পথ পরিষ্কারক সৈনিক ; A soldier or mechanic who clears the road for an army :—নেতা ; অগ্রগামী ব্যক্তি, অগ্রণী ; Settler who penetrates into the wilderness ; one who goes before to prepare the way for another :—*v. t.* অগ্রগামী হইয়া পথ পরিষ্কার-কৃ, To act as pioneer to.

Pious, pi'us, *a.* ধর্মপরায়ণ ; ধার্মিক ; ঈশ্বরপ্রেমিক ; সাধু ; Devout, religious ; devoted, dutiful. *ad*=piously (ভক্তিপূর্বক ; সাধুতাসহকারে)। *Syn* :—Godly, holy, righteous, saintly.

Pip, pip, *n.* পক্ষিদিগের রোগ বিশেষ ; A disease of fowls :—ফলের বীজ ; The seed of a fruit :—তাসের ফোঁটা ; A spot on cards.

Pipe, pip, *n.* বাঁশী ; বংশী ; A music instrument consisting of a long tube :—নল, চোঙ্গ, Any long cylindrical body ; tube :—নল ; Tube for conveying gas, water or sound :—তামাক খাইবার নল ; Tube for smoking tobacco :—বড় পীপা ; A cask containing two hogsheads :—*v. t.* বাঁশী বাজান, To play on a pipe.—To call by means of a pipe, as on board ships :—*v. i.* শীষ-দে, To whistle. *n*=piper.

Pipe-clay, pip'klā, *n.* নল নির্মাণ করিবার শ্বেত মৃত্তিকা, A species of white clay used for making tobacco pipes, and earthen ware.

Piper, *n.* বংশীবাদক ; সানাইদার, Player on the pipe. [এক্কেবারে।

As drunk as a piper—অতিশয় মত্ত বা বে-

To pay the piper—খরচা যোগান ; খরচ বহন কৃ, খরচ বহন-কৃ. To pay the expense as at an entertainment, where the presence of a paid piper used to be deemed indispensable.

Piping, pip'ing, *a.* দুর্বল, রুগ্ন, Weak, feeble, sickly :—অত্যন্ত উত্তপ্ত, ফুটন্ত, Boiling hot, as water.

Pipkin, pip'kin, *n.* ক্ষুদ্র মৃৎপাত্র বিশেষ ; হাঁড়ি, A small earthen boiler. [tart apple.

Pippin, pip'in, *n.* অম্ল আপেল বিশেষ, A kind of

Piquancy, *n.* তীব্রতা ; Pungency, severity

Piquant, pikant, *a.* [F. *piquer*, to prick] কটু ; তীব্র ; তীক্ষ্ণ ; Severe, sharp ; pungent *ad*=piquantly, *n*=piquancy. *Syn* :—Biting, stinging, sharp, tart, cutting, pointed ; racy.

Pique, pēk, *v. t.* ক্রোধোদ্দীপ্ত-কৃ, ক্রোধ উত্তেজিত-কৃ ; To excite to anger :—গর্ব্ব-কৃ, আত্মশ্লাঘা-কৃ, বিরক্ত-কৃ ; To pride or value ; to offend :—*n* বিরক্তি ; রাগ ; অসন্তোষ ; An offence taken, dislike :—দ্বেষ ; Spite :—used reflexively :—নিষ্ঠা, Punctilio. *Syn* :—(*n*) Displeasure, irritation, grudge, spite, offence, umbrage.

Piquet—Same as Picket [at cards

Piquet, pi-ket, *n.* এক প্রকার তাস ক্রীড়া ; A game

Piracy, pi'ra-si, *n.* জলদস্যুতা, জলে ডাকাইতি ; Robbery on the high seas :—গ্রন্থকারের স্বত্বাধিকার বিষয়ক আইনলঙ্ঘন ; বিনা অনুমতিতে অন্যের লিখিত বিষয় প্রচার ; Infringement of the law of copyright.

Pirate, pi'rat, *n.* [L. *pirata*, G. *peirān*, to attempt] জলদস্যু ; A sea-robber :—গ্রন্থকর্তার গ্রন্থ-বিষয়ক স্বত্বাপহারক, One who steals or infringes a copy-right :—দস্যু জাহাজ, An armed vessel, which plunders other vessels on the high seas :—*v. t.* বিনা অনুমতিতে গ্রহণ-কৃ ; অন্যের লেখা চুরি-কৃ ; To take without permission, as books or writing. *Syn* :—(*n*) Freebooter, buccaneer, corsair.

Piratical, pi-rat'ik-al, *a.* জলদস্যু সম্বন্ধীয় ; জলদস্যুতা-ব্যবসায়ী, Pertaining to a pirate ; practising piracy. *ad*=piratically

Pirouette, pir-on-et, *n.* নাচিতে নাচিতে পদাঙ্গুলির উপর ভর দিয়া আবর্তন ; A turning about on the toes in dancing :—অশ্বের চক্রাকারে পরিভ্রমণ ; The turning of a horse on the same ground :—*v.* পদাঙ্গুলির উপর ভর দিয়া ঘোরা, To whirl, or turn about on the toes, as in dancing.

Piscatorial pis-ka-tō'ri-al, **Piscatory,** pis-ka-tōr-i, *a* মৎস্য সম্বন্ধীয়, মৎস্য ধরিবার কৌশল সম্বন্ধীয়, Relating to fishes or fishing.

Pisces, pisēz *n* মৎস্য : The fishes :—রাশিচক্রের দ্বাদশ স্থানীয় রাশিচক্র, মীনরাশি, The twelfth sign of the zodiac

Pisciculture, pisi-kur-tūr, *n* মাছের চাষ, The artificial methods of rearing and nurture of fish. [Belonging to a fish-pond.

Piscinal, pisi-nal, *a.* [L. *piscina*, a fish-pond]

Piscine, pisin, *a* মৎস্য সম্বন্ধীয়, মৎস্য বিষয়ক ; মৎস্য পরিপূর্ণ পুষ্করিণী সম্বন্ধীয়, Pertaining to fishes.

Piscivorous, pis-ivo-ru *a.* [L. *piscis*, fish, and *voro*, to devour] মৎস্যভোজী, মৎস্যাশী ; মৎস্যভুক, মৎস্যখাদক, Devouring or feeding on fishes.

Pish, pish, *n* অবজ্ঞাসূচক শব্দ, ছিঃ ; দোঃ An exclamation of contempt.

Pismire, pizmir, *n.* পিপীলিকা, The ant or emmet. [to urinate.

Piss, pis, *v. i.* মূত্র ত্যাগ-কৃ, To make water.

Pistachio, Pistacia, *n.* ক্ষুদ্র বৃক্ষ ও তৎ ফল বিশেষ, A small tree the nut of the tree

Pistil, pistil *n* গর্ভ-কেশর, বীজ কোষ, The seed-bearing organ of a flower, the female organ in the centre of a flower

Pistillaceous, *a* গর্ভকেশরোৎপন্ন, Growing on the pistil of a flower. [no stamens.

Pistillate, *a* গর্ভকেশর, Having a pistil, and

Pistilliferous, *a* পুং কেশর বিবর্জিত গর্ভকেশরযুক্ত : Having a pistil without stamens

Pistol, pistol, *n* পিস্তল, হাত বন্দুক, A small fire-arm discharged by holding in the hand, a hand-gun :—*v. t.* হাত বন্দুক ছোঁড়া ; To shoot with a pistol

Pistole, pistōl, *n* স্পেনদেশীয় স্বর্ণমুদ্রা বিশেষ ; A Spanish and Italian gold coin about 16 shillings [pistol

Pistolet, pisto-let, *n* ছোট হাত বন্দুক ; A little

Piston, pistun, *n.* দমকল প্রভৃতি যন্ত্রের অঙ্গ বিশেষ ; ছিপি দণ্ড, A short solid cylinder, used in pumps &c., fitting and moving up and down with another

Piston-rod, pistun-rod, *n.* পিষ্টন পরিচালক দণ্ড বিশেষ, A rod by which the piston is moved.

Pit, pit, *n* গভীর গর্ত ; গহ্বর, কূপ, A large deep hole in the earth, a well :—অতলস্পর্শ গহ্বর ; নরক ; কবর, An abyss ; the bottomless pit ;

hell, the grave —বন্য জন্তু ধরিবার গহ্বর, ফাঁদ, A hole used in a trap for wild beasts, whatever in snares or entraps —উদর, পাকাশয় গহ্বর, The hollow of the stomach —নাট্যশালার নিম্নতম স্থান, রঙ্গালয় প্রাঙ্গণ, The ground flour of a theatre where spectators asssemble —খনি প্রবেশের সুড়ঙ্গ, The shaft of a mine —বসন্তের দাগ, বসন্ত ক্ষতের চিহ্ন, Mark left by small-pox —বক্ষদেশ, বগল, Hollow under the arm pit —*v t* ক্ষুদ্র ক্ষুদ্র গর্তে চিহ্নিত কৃ, To mark with little hollows —ঝগড়া বাধাইয়া-দে, প্রতিদ্বন্দ্বীতায় বিনিয়োগ কৃ, To set in competition *Syn* —(*n*) Excavation, hollow, trench, cavity, dent, depression, dimple, gulf, abyss, parquet, partere

Pit against—ঝগড়া লাগাইয়া দে, বিবাদ বাধাইয়া-দে Set fighting as cocks or dogs in a pit

Pit one against another—সমকক্ষ হওয়া, পরস্পর টক্কর দেওয়া, Be rivals —বিরোধ বাধাইয়া দেওয়া, ঝগড়া লাগাইয়া দেওয়া, Set one against another in competition.

Pit-a pat, pit a pat *ad* ধফড় করিয়া হৃদপিণ্ডের ঘন ঘন স্পন্দনসহকারে With palpitation or quick beating in a flutter

Pitch, pich, *v t* [A S *piccan*, to prick] নিক্ষেপ কৃ দ্রুত ক্ষেপণ-কৃ To fling to throw, to hurl —স্থাপিত কৃ, সজ্জিত-কৃ দৃঢ়রূপে আবদ্ধ-কৃ To fix or set in array, to fix firmly —স্বরবাদ্য সুর বাঁধিয়া-দে, To fix the tone —আলকাতরা দে পিচলিপ্ত-কৃ, To smear with pitch to cover over with pitch —*v i* অবস্থিত-হ To settle —উঠা এবং নামা, To rise and fall —তাঁবু গাড়া To encamp —অধোমুখে পতিত হ, To fall headlong —*n.* আলকাতরা ফুটাইয়া যে আঠাল বস্তু পাওয়া যায় পিচ, The solid thick black substance obtained by boiling down common tar —শিখর উচ্চতার পরিমাণ Any point or degree of elevation —ঢালু স্থান, ক্রমনিম্নতা, Declivity, a descending slope degree of slope —অবরোহণ, A descent —সঙ্গীত স্বরের উচ্চগ্রাম, The height of a musical note —দুইদাঁতের মধ্যবিন্দুদ্বয়ের ব্যবধান, The distance between the centres of two teeth *Syn* —(*v*) Cast, fling launch, send, hurl plant, place, station settle plunge fall toss

Pitch in, Pitch into—আক্রমণ কৃ; গালি-দে আচ্ছা করিয়া দেওয়া, ঠেসে ধরা, Attack abuse attack one vigorously either by actual blow or abusive language

Pitch of heroism—বীরত্বের এক শেষ।

Pitch one's tent—Prepare to tarry or reside for a longer or shorter time

To pitch upon—শিবির সন্নিবেশ বা স্থাপন কৃ, To come suddenly down upon, to fix the choice upon

Pitched battle, *a* তুমুল যুদ্ধ বা সংগ্রাম, A battle in which the hostile forces have firm or fixed position as distinguished from a skirmish

Pitch-dark, *a* আলকাতরার ন্যায় কৃষ্ণবর্ণ, Black as pitch

Pitchfork, pichfork, *n* খড়াদি উত্তোলন বা তৃণাদি নিক্ষেপ করিবার কৃষিযন্ত্র বিশেষ, A farming instrument, pronged as a fork, for lifting and throwing hay or sheaves of grain —*v t* Use pitch fork —সাহসপূর্ব্বক নিক্ষেপ-কৃ, To throw in boldly

Pitchpipe, pichpip *n* বাদ্যযন্ত্রের সুর বাঁধিবার জন্য বংশী বিশেষ, A small pipe to pitch the voice or tune with

Pitcher, pichér, *n* জলপাত্র বিশেষ জলাধার বিশেষ, জল কলস, A vessel with a spout for holding water.

Pitcherplant, pichér-plant, *n.* গ্রীষ্মপ্রধান দেশীয় লতা বিশেষ A tropical plant.

Pitchy, pichi *a* পিচের মত কাল, পিচ সংলিপ্ত; Black like pitch smeared with pitch —তমসাচ্ছন্ন অন্ধকারময়, ভীষণ, Dark, dismal

Piteous, pitéus *a* করুণ, শোকজনক, Compassionate —করুণার উদ্দীপক শোকসন্তপ্ত, অনুকম্পাপর, দয়ালু Mournful, miserable —সামান্য, নীচ, Paltry mean *ad*=piteously *n*=piteousness. *Syn* —Mournful, sorrowful, sad, pitiable; affecting, wretched miserable, paltry, mean, pitiful tender

Pitfall, pitfawl *n* পশ্বাদি ধরিবার গুপ্ত গহ্বর, চোরা গর্ত Covered pit to catch wild beasts

Pith, pith *n* [D *pit* pith kernel] বৃক্ষাদির মজ্জা The marrow of plants —শক্তি, বল, তেজস্বিতা, সারভাগ Force, vigour, importance, essence *Syn* —Heart, quintessence, substance gist kernel cream strength, energy, vigour weight moment, importance

The pith and marrow of—কোন বিষয়ের সার ভাগ, The vital or essential part of any matter.

Pithless, pithles *a* মজ্জাশূন্য মজ্জাহীন, শক্তিশূন্য বলহীন নিস্তেজ Wanting pith force or energy

Pithy, pithi *a* মজ্জাবহুল সারগর্ভ সারাল, Full of pith —তেজস্বী, বলবান, উদ্যমশীল, Forcile strong energetic. *ad*=pithily *n*=pithiness. *Syn* —Nervous, terse, laconic, concise sententious

Pitiable, pité-a-bl, *a* দয়ার যোগ্য, বর্ষণযোগ্য, শোচ্য, Deserving pity affecting, lamentable —ঘৃণার্হ নিকৃষ্ট, দীনহীন হতভাগা, Contemptible, despicable miserable wretched *ad*=pitiably *n*=pitiableness *Syn* —Sorrowful, lamentable mournful woful wretched miserable

Pitiful, pité fool *a* দয়ালু কোমলহৃদয়, কারুণিক, Compassionate, tender —ঘৃণিত, ঘৃণার্হ, Sad, despicable, contemptible *ad*=pitifully, *n*=pitifulness *Syn* —Tender compassionate, miserable, sad, lamentable, contemptible despicable, paltry

Pitiless, piti-les, *a* নিষ্ঠুর, নির্দয়, পাষাণহৃদয়, Unsympathising, cruel, merciless, hard-hearted *n*=pitilessness *ad*=pitilessly.

Pitman, pitman, *n* যে ব্যক্তি কয়াদির গর্তে থাকিয়া কর্ম করে One who works in a pit, esp in sawing timbers

Pitsaw, pitsaw, *n* বড় করাত, A large saw for timber worked vertically by two men, one of whom stands in a *pit* below.

Pittance, pitans, *n.* অত্যল্প অংশ বা পরিমাণ, জীবনধারণের নিমিত্ত অল্পাচ্ছাদন, A very small portion or quantity —পরদুঃখ মোচনার্থ দান; A charity gift

Pity, pité, *n.* সহানুভূতি, পরদুঃখকাতরতা, দয়া

Sympathy :—খেদের কারণ ; সহানুভূতিজনক বিষয় ; দুঃখজনক বিষয় ; Subject of pity or grief ; thing to be regretted :—*v. t.* সহানুভূতি প্রকাশ-কৃ ; To sympathise with ; to feel pain or grief for. *Syn* :—(*n*) Compassion, mercy, commiseration, condolence, fellow-feeling. (*v*) Commiserate, compassionate. [be regretted.

It is a pity—দুঃখের বিষয় এই ; It is much to

Take pity upon—কাহারও কষ্ট দেখিয়া দয়ালু হওয়া ; Have a tender feeling for (a person, excited by his distresses), compassionate one.

Pivot, pivut, *n.* অক্ষের আল ; A small peg or stake on which anything turns :—বিচ্ছেদ বিন্দু ; যাহার উপর অনেক ফল নির্ভর করিতেছে ; Turning point ; that on which important results depend —সেনাদলের পার্শ্বস্থিত যে সেনাকে অবলম্বন করিয়া সেনাদল মাথাক্রমে আবর্তন করে ; The soldier at the flank upon which a company wheels.

Pivoting, *n.* যন্ত্রাদিতে আলের কাজ ; Pivot-work in machines.

Pixy, Pixie, piksi, *n.* ক্ষুদ্র পরী ; A small fairy.

Placable, plā'ka-bl, *a.* [L. *placo*, to appease] প্রশমনীয় ; সন্তোষণীয় , ক্ষমাশীল , ক্ষমী ; That may be appeased , relenting ; forgiving. *ad*= placably, *n*=placability, placableness.

Placard, pla-kard, *n.* ঘোষণা-পত্র ; বিজ্ঞাপন-পত্র , ইস্তাহার ; A bill struck upon a wall as an advertisement ; a written or printed paper posted in a public place :—*v. t.* প্রকাশ্য ভাবে ঘোষণা-কৃ , To notify publicly.

Place, plās, *n.* স্থান ; Space in general .—স্থান , Locality ; situation :—নগর , সহর , A town :—বাসস্থান , A residence .—পদ , পদবী ; Rank : office :—বদল , Stead .—স্থান , Room :—অট্টালিকা , Mansion .—ব্যবসায় ; Occupation ; calling :—প্রাঙ্গন , Court-yard :—পুস্তকের অণুচ্ছেদ ; A passage of a book :—অনাবৃত স্থান ; An open space : —নগরের মধ্যস্থ সুপ্রশস্ত পথ , A broad way in a city :—*v. t.* স্থাপন-কৃ ; To put in any place or rank ; set ; establish :—নির্দ্ধারিত-কৃ ; স্থাপন-কৃ ; To settle ; to invest :—ধার-দে ; To lend :—আরোপ-কৃ , To ascribe. *n*=placer. *Syn* :—(*n*) Position, location, site, spot , village, city : rank, station, grade, condition ; space, room, stead ; mansion, abode, residence. (*v*) Station, lay, deposit, locate, fix, appoint, assign, arrange , invest.

Give place to—বশীভূত-হ ; To make room or way ; to yield precedence :—একটার পরিবর্তে আর একটা-হ ; Be succeeded by ; give way to. [of.

In place of—পরিবর্তে , কোন কিছুর স্থলে ; Instead

In the first place—প্রথমে ।

In the next place—পরে ।

Out of place—স্থানচ্যুত ; বেমিলিক ; Not in the proper place :—অনুপযুক্ত ; বেখাপ , Misplaced :—বেজায় , Unbecoming ; unsuited to the occasion.

Place out—Put into an employment ; invest.

Supply the place of—কোন কিছুর স্থানীয়-হ ; Serve the same purpose as :—কাহারও স্থানে বসিবার উপযুক্ত-হ ; Be fit to occupy another's place. [Be ranked with.

Take one's place among—কাহার সহিত গণ্য-হ ;

Take one's place among, Take a high place among—উচ্চ শ্রেণীর কাহারও সহিত গণ্য হওয়া ; Be ranked with.

Take place—ঘটে ; Happen ; occur.

Take the place of—অন্যের স্থান গ্রহণ-কৃ ; অন্যের স্থান দখল-কৃ ; কাহারও পদ গ্রহণ-কৃ ; Occupy the place of.

To have place—স্থান পাওয়া ; To have a station, room or seat ; to have existence.

Placeman, plās'man, *n.* রাজকীয় কর্মচারী ; One who has an office under a government ; one who fills a public station ; creature of patronage. *pl*=placemen.

Place-monger, *n.* A trafficer in public employment and patronage.

Placenta, pla-senta, *n.* গর্ভপরিস্রব ; ফুল ; Afterbirth. *a*=placental, *pl*=placentæ.

Placental, *a.* গর্ভপরিস্রব সম্বন্ধীয় বা তদগর্ভ ; Pertaining to, or having, a placenta :—*n.* গর্ভপরিস্রববিশিষ্ট স্তন্যজীবী ; A mammal having a placenta.

Placid, plasid, *a.* [L. *placidus*, from *placere*, to please] শান্ত ; ধীর ; প্রশান্ত ; অক্রুদ্ধ : Gentle ; peaceful ; mild. *n*=placidity, placidness. *Syn* : —Pleased, contended, unruffled, serene, quiet, tranquil.

Plagiarise, plā'ji-ar-iz, *v. t.* অন্যের লেখা বা রচনা হইতে চুরি-কৃ ; To steal from the writings of others.

Plagiarism, plā'ji-ar-izm, *n.* রচনা চুরি , (অন্যের) লেখা চুরি ; The act or practice of plagiarising.

Plagiarist, plā'ji-ar-ist, *n.* যে রচনা চুরি করিয়া নিজের বলিয়া প্রচার করে ; অন্যের লেখা চোর ; One who plagiarises.

Plagiary, plā'ji-ar-i, *n.* [L. *plagium*, man-stealing] যে অন্যের ভাব বা রচনা চুরি করিয়া আপনার বলিয়া প্রচার করে ; One who steals the thoughts or writings of others and gives them out as his own :—*a.* অন্যের লেখা-চুরি-ব্যবসায়ী ; Practising literary theft.

Plague, plāg, *n.* [L. *plaga*, a blow, stroke] মড়ক ; মহামারি ; বিষম সংক্রামক রোগ ; মারীভয় : A pestilence ; a deadly epidemic :—উপদ্রব ; দৈবদুর্বিপাক ; নৈসর্গিক বিপদ ; কণ্টক ; Any great calamity ; any great natural evil :—*v. t.* রোগগ্রস্ত-কৃ ; পীড়িত-কৃ , হয়রাণ-কৃ ; বিরক্ত-কৃ ; To infest with disease or calamity ; to harass ; to trouble ; to tease. *Syn* :—(*n*) Pest ; calamity, affliction, trial , annoyance, vexation, torment, curse. (*v*) Distress, afflict, annoy, trouble, vex, torment, molest, harass.

Plague-mark, plāg'mark, **Plague-spot,** plāg-spot, *n.* মড়কের চিহ্ন ; A mark or spot of pestilence or foul disease.

Plaice, plās, *n.* চ্যাপ্টা-মৎস্য ; লবণাক্ত-জলচর মৎস্য ; A broad flat-fish ; a salt-water fish.

Plaid, *n.* পশমী বস্ত্র বিশেষ ; A striped or variegated woolen cloth, worn as an over-garment by the Scottish Highlanders. *a*=plaided.

Plaided, *a.* উক্ত বস্ত্র পরিহিত ; Wearing plaids.

Plain, plān, *a.* সম , সমতল ; সমপৃষ্ঠ ; Smooth ; even ; level ;—সুস্পষ্ট ; স্পষ্ট ; Clear ; evident :—

দৃশ্যমান, Visible —সাধু, Honest —সাদাসিধে, Artless —প্রকাশমান, Open, public —সরল, অকপট, Frank, candid, sincere —সামান্য, আড়ম্বরশূন্য, অনলঙ্কৃত, Common, homely, simple —শুদ্ধ, কেবল, Mere —অরঞ্জিত, রঞ্জিত নহে, Not coloured or figured —*n.* সমতল ভূমি, প্রান্তর, Plain or level land and open field —যুদ্ধক্ষেত্র A field of battle —*ad* সরলভাবে, সুস্পষ্টরূপে, Honestly, distinctly *ad*=plainly, *n*=plainness *Syn* —(*a*) Even, flat, open, manifest obvious, certain, explicit, distinct, unambiguous, unadorned, unvarnished, honest ingenuous downright, ordinary

Plain-dealer, plān dēler, *n* সরল লোক, সরল হৃদয় মনুষ্য, One who deals or speaks out his mind frankly.

Plain-dealing, plān dēling, *a.* সাধু, অকপট, সরল, Honest, open candid —*n* সরল ব্যবহার বা ভাষণ, সরলতা, অকপটতা, Frank and candid speaking or acting sincerity.

Plain-hearted, plān [illegible], *a* অকপট, সরল, Sincere *n*=plain heartedness.

Plain-looking, *a* সামান্য, Ordinary [dour

Plain speaking, *n.* [illegible] Frankness [illegible]

Plain-spoken, plān [illegible] —[illegible], Speaking with rough sincerity

Plaint, plānt, *n* [illegible] Lamentation, complaint —[illegible] আর্তনাদপূর্ণ শব্দ, A sad song —[illegible] অভিযোগ, বর্ণনা-পত্র, Written statement of a suit in a court

Plaintiff, plāntif, *n* বাদী অভিযোক্তা, ফরিয়াদী, One who commences a suit against another a complainant

Plaintive, plāntiv, *a* দুঃখপূর্ণ, দুঃখব্যঞ্জক বিলাপকারী, দুঃখিত, Complaining mournful, sad *ad*=plaintively *n*=plaintiveness *Syn* —Sorrowful, doleful, melancholy wailing

Plain-work, plān-wurk, *n* [illegible] কর্ম্ম Plain needle-work, as distinguished from embroidery

Plait, plāt, *n* [G *plechte* a twisted rope string] [illegible] চুনট, কবরী, খোঁপা A fold, a double of a cloth a doubling —[illegible] চুনট কৃ, To interweave —বেণী বন্ধন কৃ, To braid —বিজড়িত কৃ, To entangle *Syn* —(*n*) Braid, plat gather pucker [or braids

Plaiter, *n* যে ভাঁজ বা বেণী করে, One who plaits

Plan, plan, *n* [L *planus* flat, level] নক্সা, A drawing, a design —অভিসন্ধি, মতলব, অভিপ্রায়, Scheme, project contrivance —*v t.* নক্সা-কৃ, To make a sketch of on a flat surface —অভিসন্ধি কৃ, মনে মনে মতলব-কৃ, To devise or scheme, to form in design *n*=planner *Syn* —(*n*) Delineation, plot, sketch, map, chart, contrivance, device system, method, proposal

Planary, plānari, *a* সমতল ক্ষেত্র সম্বন্ধীয়, Pertaining to a plane

Plane, plān, *a* সমান, সমপৃষ্ঠ, Even, plain, level —*n* সমান ভূমি, সমপৃষ্ঠ ক্ষেত্র, A level surface —রেঁদা, A joiner's or carpenter's tool —*v t* সমান-কৃ, সমতল-কৃ, To make level. *Syn* —(*a*) Flat, smooth, plain.

Planer, *n* সমপৃষ্ঠকারক ব্যক্তি বা বস্তু; One who or that which planes —(মুদ্রাযন্ত্রে) ফরমার মধ্যে অক্ষর সকলকে বসাইয়া সমতল করিবার কাষ্ঠখণ্ড, পেটেলা; A wooden block for forcing down the type in a form, and making the surface even.

Planet, planet, *n.* গ্রহ, Wandering star, belonging to the solar system, a celestial body which revolves round the sun.

Planetarium, *n* যে যন্ত্রসাহায্যে গ্রহগণের গতি ও গতিপথ বুঝিতে পারা যায়, An astronomical machine showing the motions and orbits of the planets.

Planetary, planet-ar-i, *a* গ্রহসম্বন্ধীয়, Pertaining to the planets —গ্রহঘটিত, গ্রহপূর্ণ, Consisting of or produced by planets —গ্রহের প্রভাবাধীন; গ্রহপ্রকৃতিক, Under the dominion or influence of a planet —পরিভ্রামণশীল, ভ্রমণকারী, Erratic, revolving

Planetary system—জ্যোতিষ্কমণ্ডলি।

Plane-tree, *n* বৃক্ষ বিশেষ, A fine tall tree.

Planet-striken, Planet-struck, *a* গ্রহক্লিষ্ট, গ্রহপীড়িত নিরুদ্ধশক্তি-নিগৃহীত, Affected by the planets

Planetoid, planet-oid, *n* [Gr *planetes*, and *eidos* form] উপগ্রহ, A very small planet, often called an asteroid.

Planish *v t* ধাতুপ্রস্তরাদি সমতল ও মসৃণ কৃ, To render smooth and level, as a metallic surface by gentle pounding *n*=planisher

Planisphere, *n* [L *planus* plane, and *sphaera*, sphere] গ্রহণকর্তৃক অঙ্কিত বৃত্তসমূহের মানচিত্র, A map exhibiting the circles of a sphere

Plank, plangk, *n* [illegible] তক্তা, A broad piece of sawed timber —*v t* তক্তা দ্বারা, To cover with plank

Planner, planér, *n* যে ব্যক্তি নক্সা করে, নক্সাকারী, One who forms a plan —কল্পনাকারী, অভিসন্ধিকারী, A projector

Plant, plant, *n* উদ্ভিদ চারাগাছ, গুল্ম, Vegetable sapling, a shrub —শিশুসন্তান, A child —*v t* বপন বা রোপণ কৃ To set in the ground —স্থাপন-কৃ To establish —পোক্ত কৃ, To fix রোপণকার্য্য সমাধা কৃ, To perform the act of planting —*v t* মনে স্থাপন কৃ To set in the mind. *Syn* —(*v*) Set insert, settle, found, institute

Plantain, plantan, *n* কদলী বৃক্ষ, কলাগাছ, কদলী ফল রম্ভা A tree its fruit

Plantation, plan-tāshun, *n* বৃক্ষবাটিকা উদ্যান, আবাদ, Act of planting, place planted with trees or shrubs, land brought under cultivation —নূতন বসতি, উপনিবেশ A new colony or original settlement —আমেরিকার যুক্ত সাম্রাজ্যের অন্তর্গত জমিদারী, In the United States and West Indies, a large estate

Plante grade, plante-grād, *a* [L. *planta*, the sole, and *gradior*, to walk] পদতল পাতিয়া গমনশীল, Walking on the sole of the foot —*n.* ভল্লুকের ন্যায় পা পাতিয়া গমনকারী পশু, An animal that walks on the sole of the foot, as the bear.

Planter, planter, *n.* রোপণকারী, রোপক; One who plants —ক্ষেত্রস্বামী, উদ্যানাধিকারী· The owner of a plantation.

Planting, *n.* রোপিত বস্তু ; Something planted :—উদ্যান ; A plantation.

Plash, plash, *n.* পুষ্করিণী ; ক্ষুদ্র জলাশয় বা ডোবা ; Pond ; puddle :—জলোচ্ছ্বাস ; A dash of water :—*v. t.* জলক্রীড়া-কৃ ; জল ছিটাইয়া খেলা ; To dabble in water ; to speash ; to splash.

Plashy, plashi, *a.* জলময় ; Watery :—ক্ষুদ্র জলাশয়ে পূর্ণ ; Abounding with puddles.

Plaster, plaśter, *n.* [Gr. *plassō*, to mould, to fashion] চুণ, বালি ও জল দ্বারা প্রস্তুত জমাট ; চুণকাম ; Composition of lime, water and sand for overlaying walls :—মলম ; An external medical application spread on cloth :—*v. t.* চুণকাম-কৃ ; বালিকাম-কৃ ; To cover with plaster :—মলম দ্বারা আবৃত-কৃ ; মলম দিয়া ঢাকা ; To cover with a plaster, as a wound :—*a.* গঠনযোগ্য-পদার্থ নির্মিত . Made of plaster. *Syn* :—(*n*) Mortar, cement, stucco. [plasters.

Plasterer, *n.* যে চুণকাম করে ; One who

Plastering, plaśtér-ing, *n.* চুণকাম বা বালিকাম ; প্রলেপ ; Plaster

Plastic, plaśtik, *a.* [G. *plastikos*, from *plassein*, to form, mould] গঠনক্ষম ; গঠনকারী : গঠনসমর্থ ; Having power to give shape or form. *n*=plasticity. *Syn* :—Formative , soft, ductile, easily moulded. [of being plastic.

Plascicity, *n.* গঠনযোগ্যতা ; The state or quality

Plat, *n.* ভূমিখণ্ড , ভূখণ্ড , A piece of ground ; plot.

Platano, *n.* বৃক্ষ বিশেষ , The plane-tree.

Plate, plāt, *n.* ধাতুনির্ম্মিত চাদর ; A thin or flat piece of metal :—স্বর্ণ বা রৌপ্য ভোজন পাত্র , Household utensils in gold or silver :—থাল ; পাত্র ; রেকাব ; A flat dish, vessel :—খোদিত প্রশস্ত ধাতুখণ্ড ; অঙ্কিত ধাতুফলক ; An engraved plate of metal :—মুদ্রিত চিত্র ; Any printed picture :—প্রশস্ত বস্তু ; Something flat :—*v. t.* পাতা মোড়া , পাতধাতু দিয়া ঢাকা . পিটিয়া পাতলা পাত-কৃ ; To overlay with a coating of plate or metal ; to adorn with metal , to beat into thin pieces.

Plateau, pla-tō, *n.* উচ্চভূমি ; উপত্যকা ; সমতল ক্ষেত্র , A table-land. *pl*=plateaux.

Plateglass, *n.* চাদর কাচ বিশেষ ; A fine kind of glass, cast in thick plates.

Platform, platform, *n.* মাচান ; উন্নত মঞ্চ ; A raised level scaffolding :—একমতাবলম্বী ব্যক্তিদিগের মত বিবরণী ; A declaration of principles to which any body of men declare their adhesion :—কামান পাতিবার উচ্চ ভূমি , An elevated floor for cannon.

Platina, plaťin-a, **Platinum,** plaťin-um, *n.* ধাতু বিশেষ ; A metal.

Plating, plaťing, *n.* গিল্টি ; A thin coating of metal laid upon another metal.

Platitude, plaťi-tūd, *n.* অসারতা ; প্রশস্ততা ; নিস্তেজতা , অসার উক্তি ; অসার মন্তব্য ; Flatness ; dullness ; an empty or weak remark.

Platonic, pla-tońik, **Platonical,** pla-tońik-al, *a.* গ্রীকদার্শনিক প্লেটো বা তদীয় মত সম্বন্ধীয় ; Pertaining to Plato, the Greek philosopher or to his philosopical opinion :—অনাসক্ত ; আধ্যাত্মিক ; Pure and unmixed with carnal desires ; spiritual, *ad*= platonically.

Platonic love, *n.* স্বর্গীয় প্রেম ; Wholly spiritual love.

Platonism, plaťon-izm, *n.* প্লেটো বা তদীয় শিষ্যদিগের মত বা নীতি ; The philosophical opinions of Plato. *n*=platonist. [of Plato.

Platonist, plāto-nist, *n* প্লেটোর শিষ্য ; A follower

Platoon, pla-tōōń, *n.* পদাতি সৈন্যের দল ; সৈন্য বিভাগ বিশেষ ; A part of a company of infantry ; a subdivision of a company.

Platter, plaťér, *n.* সুপ্রশস্ত অগভীর বড় পাত্র ; A large flat shallow plate or dish.

Plaudit, plawd'it, *n.* [L. *plaudo*, to prai e] প্রশংসা , প্রশংসাবাদ ; Applause , praise bestowed.

Plauditory, plawd'it-or-i, *a.* প্রশংসাকারী ; প্রশংসাবাদী ; Applauding ; commending.

Plausible, plawźe-bl, *a.* [L. *plaudo*, to praise] সত্যবৎ প্রতীয়মান ; যথার্থবৎ প্রতীয়মান ; Seemingly right ; apparently right ; superficially pleasing , specious :—প্রশংসনীয় ; অনুগ্রহযোগ্য ; লোকপ্রিয় ; Fitted to gain favour or popular. *ad*=plausibly, *n*=plausibleness, plausibility.

Play, plā, *v. i.* ক্রীড়া-কৃ ; খেলা-কৃ ; To frolic ; sport , game .—ক্রীড়া-কৃ ; To trifle :—জুয়া খেলা ; To gamble :—অভিনয়-কৃ ; To act in a theatre ; to act a part upon the stage :—প্রতারণা-কৃ ; To practice a trick :—ইতস্ততঃ সঞ্চালিত-হ ; To move irregularly :—বাদ্যযন্ত্র বাজান . To perform on a musical instrument :—অভিনয়-কৃ ; To represent a character :—উপহাস-কৃ ; Mock :—*v. t.* সম্পাদন-কৃ ; To bring into action :—সঞ্চালিত-কৃ ; To put in motion :—*n.* ক্রীড়া ; খেলা ; আমোদপ্রমোদ ; Pastime ; sport ; game :—নাটক ; A drama :—জুয়া খেলা ; Gambling :—কার্য্যের স্বাধীনতা ; প্রসর ; Freedom of action ; liberty of acting ; scope :—ব্যবহার ; Action ; use :—অভিনয় ; নাটক ; Dramatic show , dramatic composition :—গতি ; Motion , movement. *Syn* :—(*v*) Frisk, toy, trifle, wanton ; perform, act, represent, personate , engage. (*n*) Frolic ; amusement, gambols, diversion, recreation, pastime ; tragedy, comedy · gaming ; room, swing.

Call into play—পরিচালনা-কৃ ; Call into action.

Come into play—পরিচালিত-হ ; Be called into action.

Fair play—ন্যায় ব্যবহার ; Equitable and impariál treatment ; uprightness of conduct.

Foul play—বদমাইসি ; Treachery , dishonesty.

Give play to—কোন প্রবৃত্তি উদ্রিক্ত-কৃ ; Give room for action ; afford scope to. [be deceitful.

Play a double game—কপটতা-কৃ ; শঠতা-কৃ ; To

Play against—বিবাদ-কৃ ; Contend with.

Play a part—নাট্যশালায় অভিনয়-কৃ ; Act a part on the stage :—কোন উদ্দেশ্য সাধনার্থ কোন রূপ ধারণ-কৃ ; Assume a certain character for some purpose :—কোন বৃহৎ ব্যাপারে প্রধানরূপে কার্য্য-কৃ ; Take a part in and cut a figure :—কপটতা অবলম্বন-কৃ ; Practise simulation or hypocricy, pretend to be that which one is not.

Play at—ক্রীড়া-কৃ ; Engage in a game :—কোন খেলা-কৃ ; Play a game for diversion :—কোনরূপ সাজিয়া খেলা-কৃ ; Amuse oneself by personating a certain character :—কোন কিছু করিয়া নিজেকে খেয়াল

Pliability, pli-a-bil-i-ti, **Pliableness,** pli'a-bl-ness, *n.* নমনীয়তা, Flexibility

Pliable, pli'a-bl, *a.* [F. from *plier,* to bend, to fold] নমনশীল, নমনীয়, সহজে প্রবর্তনীয় ; Supple, easily persuaded. *n*=pliableness, pliability. *Syn* :—Pliant, flexible, supple, limber, ductile ; yielding, manageable, compliant.

Pliant, pli'ant, *a.* নমনীয় ; সহজনম্য, নমনশীল, Fexible, tractable. *ad*=pliantly. *n*=pliancy. *Syn* :—Flexile, lithe, limber, supple, ductile, yielding, manageable, docile, obsequious.

Plicate, pli'kāt, **Plicated,** pli'kāt-ed, *a.* [L. *plico,* to fold] ভাঁজযুক্ত, কুঞ্চিত, Folded, plaited.

Pliers, *n. pl.* সাঁড়াশী বিশেষ ; A kind of pincers

Plight, plit, *n.* [A S. *pliht,* danger, pledge] প্রতিভূ ; বন্ধক, A pledge ; a security :—অবস্থা ; সঙ্কটাপন্ন দশা. Condition, dangerous condition :—প্রতিজ্ঞা, নিয়োগ, Promise, engagement :—*v. t* জামিন-দে, বন্ধক-দে, বন্ধক রাখা, To give, as security :—অঙ্গীকার-কৃ, To give as a proof of good faith, to pledge, as, one's faith *Syn* :—(*n*) Gage ; state, difficulty, perplexity.

Plighted, *a.* অঙ্গীকৃত, Pledged, formally promised.

Father's plighted truth—পিতৃসত্য।

Plinth, plinth, *n.* [Gr. *plinthos,* a brick] স্তম্ভমূল, ভিত্তিমূল, স্তম্ভাদির মূলপ্রদেশস্থ ইষ্টকাকার অংশ, The lowest brick-shaped part of the base of a column or pedestal

Plod, plod, *v t.* অতি কষ্টে ভ্রমণ-কৃ, অত্যন্ত পরিশ্রম-কৃ. To travel laboriously, to toil, to drudge —অবিচলিত-অধ্যবসায় সহকারে কষ্টে অধ্যয়ন-কৃ, To study heavily with steady diligence.

Plodder, plod'ėr, *n.* নিৰ্বোধ অথচ পরিশ্রমী লোক অতীক্ষ্ণ বুদ্ধি অথচ পরিশ্রমী ব্যক্তি, A dull, heavy, laborious man

Plodding, plod'ing, *a* শ্রমশীল, পরিশ্রমী কিন্তু মন্থর, Laborious but slow —*n* শ্রমশীলতা Slowness with steadiness and perseverance — অবিচলিত পরিশ্রম সহকৃত মন্থর গমন বা অধ্যয়ন Slow movement or study with persevering industry *ad*=ploddingly.

Plot, plot, *n* ভূমিখণ্ড ; ক্ষুদ্র ভূখণ্ড. A small extent of ground —*v t* নক্সা-কৃ, পাণ্ডুলেখ্য রচনা কৃ, To make a plan of

Plot, plot, *n* ষড়যন্ত্র কুমন্ত্রণা, Conspiracy, stratagem, intrigue —গল্প বস্তু. নাটকাদিলিখিত আখ্যায়িকার ঘটনাপরম্পরায় ধারাবাহিকতা, The chain of incidents in the story of a play —*v i.* ষড়যন্ত্র-কৃ, To conspire, to scheme, to intrigue.— *v t* অভিসন্ধি-কৃ, মন্ত্রণা-কৃ, To devise, to contrive. *Syn* - (*n*) Stratagem, cabal, combination, machination (*v*) Contrive, concoct, hatch, frame, project. [pirator

Plotter, plot'ėr, *n* ষড়যন্ত্রকারী, মন্ত্রণাকারী, A cons-

Plough, plow, *n* লাঙ্গল, হল, ভূমিকর্ষণ, চাষ, An instrument for turning up the soil, culture of the earth ; tillage —*v t* লাঙ্গল দ্বারা কর্ষণ-কৃ, হলচালনা-কৃ ; To turn up with the plough :—ভিতর দিয়া বহিয়া-যা, To run through in sailing :—পৃথক কৃ, ছিন্ন-কৃ ; To divide, to tear .—*v. i.* লাঙ্গল-দে, To labour with a plough :—বাধাসত্ত্বেও অগ্রসর-হ ; To advance in spite of obstacles. *n*=plougher.

Plough in—কর্ষণ করিয়া আচ্ছাদন কৃ ; কর্ষণ দ্বারা ঢাকা ; Cover by ploughing.

Plough up or out—লাঙ্গল দ্বারা উৎপাটন-কৃ ; Turn out of the ground by ploughing.

Ploughable, plow'-a-bl, *a.* কর্ষণযোগ্য ; কর্ষণীয় ; Capable of being ploughed ; arable.

Plough-boy, plow'boy, *n.* কৃষক-বালক ; কৃষিবালক, A boy who drives or guides horses in ploughing, a rustic boy.

Ploughman, plow'man, *n.* কৃষক, কৃষিজীবী ; কৃষিবল, কঠোর পরিশ্রমী, A husbandman, a rustic ; a hardy labourer.

Ploughshare, plow'shār, *n.* লাঙ্গলের ফাল ; The part of a plough which cuts the ground at the bottom of the furrow [bird.

Plover, pluv'ėr, *n.* পক্ষী বিশেষ. টিট্টিভ ; A kind of

Pluck, pluk, *n.* [Gael *pluc,* a lump] উৎপাটন, আকর্ষণ, A single act of plucking :—জন্তুর হৃদয়, যকৃৎ ও ফুস ফুস, The heart, liver, and lungs of an animal —সাহস, তেজ, Courage, spirit —*v t.* সংগ্রহ-কৃ, To gather —পক্ষ উৎপাটন-কৃ, ছাড়াইয়া ফেলা, To strip off feathers —কাড়িয়া লওয়া ; To snatch —আকর্ষণ কৃ, To pull away —ফেল-কৃ, To reject at an examination. *Syn* —(*n*) Resolution, intrepidity, hardihood, mettle, nerve

Pluck up—সাহস উদ্ধার কৃ, Recover courage.

Pluck up spirit—ভয় ত্যাগ কর, সাহস বাঁধ। Throw fear aside and regain confidence.

Plucked, *a* পরীক্ষায় অনুত্তীর্ণ, Rejected in an examination —উৎপাটিত পক্ষ, অপহৃত, Stripped of feathers robbed by sharpers.

Plucky, pluki, *a* সাহসী, তেজস্বী, Having spirit or courage. *n*=pluckiness, *ad*=pluckily

Plug, plug, *n* ছিপি, A block or peg used to stop a hole, a stopple —*v t* ছিপি দ্বারা বন্ধ-কৃ, To stop with a plug —বলপূর্বক ছিপি প্রবিষ্ট-কৃ ; To drive plugs into

Plugging, *n* ছিপির উপাদান, The material of which a plug or stopple is made.

Plum, plum, *n* কুল, A well-known stone-fruit.

Hog plum আমড়া।

Plumage, plōōm'āj, *n* পক্ষীর পালক, পক্ষীর পক্ষসমষ্টি, The whole feather of a bird

Plumb, plum, *n* [L *plumbum,* lead] ওলন, সরলোর্দ্ধত্ব জ্ঞাপনার্থ ব্যবহৃত রজ্জুলম্বিত ভার বিশেষ, A mass of lead or other material hung on a string and used to find whether any thing is upright or to sound depths —*v t* লম্বভাবে সংস্থাপিত-কৃ গভীরতা পরিমাপ কৃ, পরীক্ষা-কৃ, To sounds the depths, to examine by tests, to adjust by a plumb-line —*ad* সরলোন্নত বা লম্বভাবে, In plumb direction, perpendicularly —*a* সরলোন্নত, লম্ব, Perpendicular

Plumbago, plum-bāgo, *n* [L *plumbum,* lead] সীসা, অঙ্গার ও লৌহ মিশ্রিত খনিজ পদার্থ বিশেষ, A mineral, blacklead.

Plumbean, plum'be-an, **Plumbeous,** plum'be-us, *a* সীসাময়, ভারাক্রান্ত, জড়, দুর্বুদ্ধি নির্বোধ, Consisting of or resembling lead ; dull ; heavy ; stupid

Plumbery, plumér-i, *n.* সীসক-কর্ম্মকারের ব্যবসায় ; The business of a plumber :—সীসা ঢালাই প্রভৃতির কারখানা ; The place where plumbing is carried.

Plumbic, plumbik, *a.* সীসা সম্বন্ধীয় ; সীসা হইতে প্রাপ্ত ; Pertaining to or obtained from lead.

Plumbing, pluming, *n.* সীসা ঢালিবার কৌশল ; The art of casting and working in lead &c. :—সীসার নল পাতিয়া তাহার মধ্য দিয়া জল চালাইবার কারবার ; The business of arranging pipes and conducting water.

Plumbline, plum-lin, *n.* ওলন দড়ি ; ওলন ; A line attached to a mass of lead, a plummet.

Plumcake, *n.* পিষ্টক ; Cake containing plums, raisins or other fruits.

Plume, ploōm, *n.* [L. *pluma*, a small soft feather] পক্ষ ; পক্ষীর পালক ; Bird's feather :—অলঙ্কার-স্বরূপ পরিহিত পক্ষ ; A feather worn as an ornament :—সম্মান-চিহ্ন ; জয়পতাকা ; প্রতিযোগিতার পুরস্কার ; Token of honour ; prize of contest ; prowess, stateliness :—শিখা ; চূড়া ; A crest :—*v. t.* পক্ষ বিন্যাস-কৃ ; To adjust the feathers of, as a bird :—পালক দ্বারা অলঙ্কৃত-কৃ ; To adorn with plumes :—পালক উৎপাটন-কৃ ; To strip off feathers :—গর্ব্ব-কৃ ; অহঙ্কার-কৃ ; বড়াই-কৃ ; To pride ; to boast :—মূল্যবান বোধ-কৃ ; To value.

Plume oneself upon—কোন কিছু আছে বলিয়া জাঁক-কৃ ; অহঙ্কার-কৃ ; Boast of, pride oneself on.

Plumer, plumér, *n.* সীসার কারিকর, যে ব্যক্তি সীসার কাজ করে ; One who works in lead.

Plummet, plumet, *n.* ওলন ; গভীরতা-পরিমাপক ভার বিশেষ ; A weight of lead hung at a string for sounding depths ; a plumb-line :—পেন্সিল, A lead-pencil.

Plumose, ploōmōs, **Plumous,** ploō'mus, *a.* পক্ষবিশিষ্ট, পক্ষসদৃশ ; Feathery ; plume-like.

Plump, plump, *a.* পুরা ; খাঁটি ; Downright, unreserved :—হৃষ্টপুষ্ট ; মোটা ; স্থূলকায় ; Fat ; massive :—*v. i.* হঠাৎ পতিত-হ, হঠাৎ নিমজ্জিত-হ, To fall like a lump ; to fall suddenly ; to sink suddenly :—*v. t.* অকস্মাৎ নিমজ্জিত-কৃ ; To cause to sink suddenly ; to give in the lump or undivided ; as a vote to one only :—*adv.* ধপ্ করে পড়িয়া ; একেবারে, সহসা ; With a sudden fall ; suddenly ; heavily. *Syn* :—(*a*) Round, full, well-conditioned, chubby, strapping, bouncing, fleshy ; complete, full, direct, downright.

Plumper, plump'ér, *n.* একাধিক ব্যক্তির নির্ব্বাচন-ব্যাপারে একের উদ্দেশে প্রদত্ত মত ; ঐরূপ মতদাতা ; A vote given to one candidate only where the voter has a right to vote for two or more :—সম্পূর্ণ মিথ্যা ; A downright lie.

Plumpudding, *n.* পিষ্টক বিশেষ ; কুলের আচার ; A pudding containing plums, raisins or other fruits.

Plum-pudding face—Face marked with purple pimples.

Plumule, *n* বৃক্ষের প্রথমাঙ্কুর ; The first bud, or gem mule of a young plant.

Plunder, plunder, *n.* লুট ; লুণ্ঠন ; লুণ্ঠিত দ্রব্য ; Pillage ; spoil ; booty :—*v. t.* লুট-কৃ ; লুণ্ঠন-কৃ ; To sack ; to rob ; to pillage. *n*—plunderer. *Syn* :—(*v*) Despoil, rifle, strip, rob, (*n*) Booty, loot, pillage, prey, spoil.

Plunderer, *n.* দস্যু ; A spoiler ; a robber.

Plunge, plunj, *v. t.* জলে অকস্মাৎ নিক্ষেপ-কৃ ; To thrust or cast suddenly into water or other fluid :—সহসা বলপূর্ব্বক প্রবিষ্ট-কৃ ; To force suddenly into :—দুইবর্ণে দীক্ষিত-কৃ ; To baptise by immersion :—*v. i.* জলমগ্ন-কৃ ; ডুব-দে ; To dive :—দ্রুতবেগে ধাবিত-হ ; To rush or throw one's self headlong, as a horse :—বেগে ধাবিত-হ ; প্রবলবেগে বিপদে পতিত-হ ; To rush into any danger :—*n.* মজ্জন ; অবগাহন ; Act of plunging :—অশ্বের ন্যায় অতি বেগে প্রধাবন ; Act of rushing headlong, as a horse. *Syn* :—(*v*) Dip, douse, submerge, sink, overwhelm ; dive, pitch.

Plunge into—জলে ডোবা, ডুব দেওয়া ; Dive in water :—গুঢ়তমদেশে প্রবেশ-কৃ ; কিছুতে ডোবা ; Enter into the depths of :—খোঁচা মারা ; বসিয়ে দেওয়া ; Thrust into. [A diver.

Plunger, plunjér, *n.* অবগাহনকারী ; মজ্জনকারী ;

Plunging, plunjing, *a.* বেগে ধাবমান ; Rushing down headlong :—প্রবলবেগে নিম্নাভিগামী ; Pitching downward :—*n.* জলে বা তরল দ্রব্যে নিমজ্জন, অবগাহন ; The putting or sinking under water or other fluid :—অশ্বের আরোহীকে ভূপাতিত করিবার চেষ্টা ; The act of a horse trying to throw its rider.

Pluperfect, ploō'pér-fekt, *a.* পরোক্ষ ; অতীত-ঘটনাবোধক ; In *Grammar*, noting that an action happened before some period referred to.

Plural, ploō'ral, *a.* [L. *plus*, *pluris*, more] বহুবচনান্ত ; একাধিক-বোধক ; Containing more than one :—*n* বহুবচন ; In Grammer, the number or form denoting more than one *ad*=plurally.

Pluralize, Pluralise, *v. t.* বহুবচনান্ত-কৃ ।

Pluralism, ploō'ral-izm, *n.* একাধিকত্ব ; এককালে একাধিক যাজকীয় বৃত্তির উপভোগ, The holding of more than one ecclesiastical living.

Pluralist, ploō'ra-list, *n.* বহুবৃত্তিভোগী যাজক ; A clergyman who holds more than one ecclesiastical benefice.

Plurality, plū-rale-te, *n.* একাধিক যাজকীয় বৃত্তির উপভোগ, The holding of more than one benefice :—বহুত্ব ; অধিক সংখ্যা, A number greater than one, majority.

Plus, plus, *n* [L. *plus*, more] ধন বা যোগ চিহ্ন ; The mark (+) prefixed to positive quantities as a sign of addition. [shaggy cloth

Plush, *n.* এক জাতীয় লোমশ বস্ত্র, A species of

Plutocracy, *n.* [Gr. *ploutos*, wealth, *kratos*, strength] ধনাঢ্যদিগের রাজ্যশাসন ; Government by the wealthy. [অন্ধকারময় ; Infernal ; dark.

Plutonian, Plutonic, *a.* প্রেতভূমি সম্বন্ধীয় ;

Pluvial, *a.* [L. *pluvia*, rain] বৃষ্টি সম্বন্ধীয় ; বৃষ্টিময়, সিক্ত ; আর্দ্র ; Rainy ; humid.

Pluvious, ploō'vi-us, *a.* বৃষ্টিবহুল ; Rainy.

Ply, pli, *v. t.* ভাঁজ-কৃ ; To fold or cover over :—অনুনয়-কৃ ; প্রার্থিত-কৃ, To urge, solicit importunely :—পরিশ্রম সহকারে কার্য্য-কৃ ; To practise or perform with diligence :—*v. i.* অধ্যবসায় সহকারে কার্য্যে নিযুক্ত থাকা ;—অবিচলিত ভাবে কার্য্য-কৃ, To work at steadily :—দুই বন্দরের মধ্যে সর্ব্বদা যাতায়াত-

কৃ; To make regular passages between two ports :—তাড়াতাড়ি যাওয়া; To go in haste :—বায়ুর প্রতিকূলে গমন-কৃ; To make way against the wind :—*n.* ভাঁজ; কুঞ্চন; A fold; a plait :—গতি; অভিমুখ; Bent; direction. *Syn* :—(*n*) Press, strain, force, exercise, practise.

Ply a trade—কোন ব্যবসা চালান; To exercise or follow a trade. [to another for hire.

Ply for hire—ভাড়া খাটা; Go from one place

Ply for work—ভাড়া খাটা; Work for hire.

Ply one's heels—পলায়ন-কৃ, To exercise one's heels in running away.

Ply one's trade—নিজের ব্যবসা চালান; Follow one's profession; do one's business.

Ply one with—ব্যাপৃত রাখা; Keep one busy with :—ক্রমিক কোন লোভানি দেখান, Tempt one repeatedly with. [To keep flattering him.

Ply one with flattery—কাহারও তোষামোদ-কৃ;

Ply one with wine—বোতল বোতল মদ খাওয়ান; Give repeated doses of wine.

Plymouth Brethern—A sect that protests against all sectarianism.

Pneumatic, nū-maťik, **Pneumatical,** nū-maťik-al, *a.* [G. *pneuma,—atos,* wind, air] বায়ুময়; বায়বীয়, বায়ু দ্বারা চালিত, Consisting of air, moved by air or wind. *ad*=pneumatically.

Pneumatics, nū-maťiks, *n. sing.* বায়ুবিজ্ঞান, The science which treats of air and other elastic fluids or gases.

Pneumatologist, nū-mat-olo-jist, *n.* বায়ুবিজ্ঞানবিৎ; অধ্যাত্ম-বিদ্যাবিৎ, One versed in pneumatology.

Pneumatology, nū-mat-olo-ji, *n.* [Gr. *pneuma,* wind, spirit, and *logos,* science] অধ্যাত্ম-শাস্ত্র; The science of air and other elastic fluids, the doctrine which treats of the spiritual substances.

Pneumonia, nū-mōni-a, *n.* [Gr. *pneumon,* the lungs] ফুস্‌ফুসের প্রদাহ; Inflammation of the lungs. [taining to the lungs.

Pneumonic, nū-mońik, *a.* ফুস্‌ফুস্ সম্বন্ধীয়; Per-

Poach, pōch, *v. t.* গোপনে অপহরণ-কৃ, শিকারের পশাদি অপহরণ-কৃ, To steal game; to plunder by stealth :—ফুটন্ত জলে ডিম ভাঙ্গিয়া পাক-কৃ; To dress eggs by breaking them into a vessel of boiling water :—*v. i.* চুরি করিবার জন্য অন্যের অধিকারে প্রবেশ-কৃ; To intrude on another's grounds in order to steal game. [game.

Poacher, pōcher, *n.* চোর; One who steals

Poaching, *n.* চৌর্য, Trespass in pursuits of game; the occupation of a poacher.

Pock, pok, *n.* বসন্ত রোগের ব্রণ; পুয়গর্ভ ব্রণ, Pustule from small pox or other disease.

Pocket, poket, *n.* জামার জেব; ছোট থলি, A little pouch or small bag in a garment :—*v. t.* জেবে রাখা; To put in the pocket :—ধূর্ততাপূর্বক লওয়া, অপহরণ-কৃ; To take slily; to take stealthily :—সহ্য-কৃ, To take without resenting it.

Be out of pocket—টাকা খোয়ান; Be a loser (in money matters) :—এত টাকা খরচ হইয়া গিয়াছে; Have expended (so much).

Pocket an affront, abuse—কিল্ খাইয়া কিল্ চুরি-কৃ; Receive an affront, abuse or insult without resenting it.

Pocket an insult—অপমান সহ্য-কৃ; কিল খেয়ে কিল চুরি-কৃ; Receive an insult without resenting.

Pocket up—Put out of sight without examination.

Pocket-book, poket-book, *n.* জেবে বহনযোগ্য ক্ষুদ্র পুস্তিকা; জেবে রাখিবার খাতা; Diary or memorandum book for the pocket.

Pocket-borough, *n.* Political place in the hands of a patron. [book.

Pocket-edition, *n.* ক্ষুদ্রাকার পুস্তক; Small size

Pocketful—As much as the pocket will hold.

Pocket-money, poket-mun-i, *n.* সামান্য খরচের জন্য টাকা; নিজ খরচ, আবশ্যক মত খরচ পত্র; Money for causal expenses.

Pocket-picking—জেব হইতে অপহরণ; Act of stealing from the pocket. [left by a pock.

Pockmark, Pockpit, *n.* ব্রণক্ষতচিহ্ন; The mark

Pod, pod, *n.* বীজের আবরণ, শিম মটর প্রভৃতির শুঁটী; The covering of the seed or seed-vessel of certain plants, as the pea or bean; seed-case :—*v. i.* পূর্ণ কৃ শুঁটী-হ, স্ফীত-হ, To fill, as a pod; to produce pods; to swell.

Poem, pō'em. *n.* কবিতা, কাব্য, পদ্য; ছন্দোবদ্ধ রচনা; A composition in verse

Poesy, pō'e-si, *n.* [Gr *poieo,* to do or make] কবিতা, পদ্য, Poetry, poem.

Poet, *n.* কাব্য রচয়িতা, কবি, The auther of a poem :—কল্পনাশক্তিশালী ব্যক্তি; One with a strong imagination. *fem*=poeteso. [state or city.

Poet laureate—রাজকবি, Poet maintained by a

The jewel of a poet—কবিরত্ন।

Poetaster, pō'et-as-tėr, *n.* কু-কবি; নিম্নশ্রেণীর কবি, A writer of contemptible verses; a pitiful writer of verses, a petty poet.

Poetic, po-ețik, **Poetical,** po-eťik-al, *a.* কবিতা সম্বন্ধীয়; কবিতোচিত; ছন্দময়; Pertaining or suitable to poetry :—ছন্দোবদ্ধ; ছন্দোবদ্ধে প্রকাশিত; Expressed in poetry :—কল্পনাপ্রিয়; Imaginative :—কাব্যালঙ্কৃত; Possessing the peculiar beauties of poetry.

Poetical justice—That ideal justice which poets exercise in making the good happy and the bad unsuccessful in their evil schemes.

Poetically, *ad.* কবিত্বভাবে, In a poetic manner.

Poetics, po-etiks, *n* কবিতার সমালোচনা; কাব্য সমালোচনা; কাব্যনীতি; The branch of criticism, which relates to poetry, the doctrine of poetry.

Poetise, pō'et-iz, *v. i.* কবিতা লেখা; কবিতা রচনা-কৃ; To make verses; compose verses.

Poetry, pō'et-ri, *n.* কবিতা; কাব্য; পদ্য; ছন্দোময় বাক্য; Metrical composition :—সঙ্গীতাকারে প্রকটন; Utterance in song. [being poignant.

Poignancy, *n.* তীক্ষ্ণতা; তীব্রতা, The state of

Poignant, poińant, *a.* [F. *poignant,* from L. *pungere,* to prick] তীক্ষ্ণ; Sharp; keen :—তীব্র; কটু, Pungent :—বেধক; তীক্ষ্ণ; Penetrating :—তীব্র; মর্মস্পর্শী; মর্মভেদী, Acutely painful :—গ্লানিকর; বিদ্রূপাত্মক; Satirical. *n*=poignancy, *ad*=poignantly. *Syn* :—Severe, intense, pointed, pungent, caustic, biting.

Point, point, *n.* [L. *punctum,* from *pungere,* to prick] বেধক যন্ত্রের তীক্ষ্ণাগ্র ; The sharp end of a piercing instrument :—হুল ; That which pricks or wounds :—প্রকৃষ্ট কল্পনা ; Lively turn of thought :—মনোযোগ আকর্ষণ ; That which awakens attention :—বিন্দু ; Dot :—বিন্দু ; Smallest possible space :—পূর্ণচ্ছেদ ; Full stop :—মুহূর্ত ; Moment of time ; instant :—সামান্য ব্যাপার ; A small affair :—একমাত্র বস্তু ; একটী বস্তু ; A single thing :—কটূক্তি ; ব্যঙ্গোক্তি ; Sting of an epigram ; that which stings, as the point of an epigram :—একটী বাক্য ; A single assertion :—আলোচ্য বিষয় ; The precise thing to be considered :—উদাহরণ ; Example :—স্বর ; Note ; tune :—পদ ; ক্রম ; Degree :—অবস্থা ; Condition :—বিশেষ লক্ষণ ; বিশেষত্ব ; Peculiarity :—অন্তরীপ ; A small headland :—Mark of the decimal place ; as ১· ১৪· :—*pl.* এক পথ হইতে অন্য পথে শকট সঞ্চালিত করিবার বিভিন্নমুখীন লৌহবর্ত্মদ্বয়ের আক্ষেপযোগ্য স্থান ; The switch or railway track ; the switch on a railway :—*v.i.* তীক্ষ্ণ-কৃ ; সূক্ষ্মাগ্র-কৃ ; To sharpen :—লক্ষ্য-কৃ ; To aim :—মনোযোগ নিবেশ-কৃ ; মন দেওয়া ; To direct one's attention :—বাক্য মধ্যে ছেদচিহ্নের সন্নিবেশ-কৃ ; Punctuate, as a sentence :—*v. t.* অঙ্গুলি নির্দ্দেশ-কৃ ; To direct the finger towards an object :—দৃষ্টি দ্বারা শিকার দেখাইয়া-দে ; To show game by looking, as a dog. *Syn* :—(*n*) Stop, end, extremity, termination ; spot, place, station, stage ; state, condition ; summit, top, apex ; projection, cape ; verge ; aim, purpose, design ; object ; question, subject, theme ; respect, trait ; peculiarity ; poignancy ; edge ; sting. (*v*) Level, direct ; show, indicate, designate.

Armed at all points—আপাদমস্তক অস্ত্রশস্ত্রে সজ্জিত, Armed from head to foot.

At the point of death—মুমূর্ষাবস্থায় ; মরমর ; On the verge of death ; as near as can be to death.

At the point of tho bayonot or sword—বল প্রয়োগ দ্বারা ; অস্ত্র সম্মুখে ধরিয়া, তলোয়ার উঁচাইয়া বা জবরদস্তি করিয়া ; By military force ; by compulsion.

At this point—এই স্থলে ; At this part :—এই অবস্থায় ; At this stage.

Being to the point—প্রাসঙ্গিক।

Come to the point—আসল কথায় আসা ; Take up the main question. (Opposite of *beat about the bush*).

Gain one's point—ঈপ্সিত বস্তু প্রাপ্ত-হ ; যে বিষয়ে লক্ষ্য থাকে তাহা হাসিল-কৃ ; Get the thing aimed at.

Give point to—তীব্র-কৃ ; যাহাতে একটু লাগে এমন করিয়া বলা ; Make incisive :—রংদার করিবার জন্য বাড়াইয়া বলা ; Make (anything) striking by exaggerating it.

In point of—সম্বন্ধে বা বিষয়ে ; কোন কিছু ধরিতে গেলে ; As regards.

Make a point of—নিয়ম-কৃ ; কোন নিয়মে চলা ; Make it a rule with oneself :—স্থিরনিশ্চয়-কৃ ; Decide :—নিশ্চয়ই ; Be sure to.

Nine points of the law—আইনের প্রধান বল ; The greater chance of success in a suit at law.

On the point of—প্রায় ; উদ্যত ; উন্মুখ ; About to :—করিব করিব, হব হব এই অর্থ বুঝায় ; On the verge of.

Point at—লক্ষ্য-কৃ ; Aim at :—অবজ্ঞা-কৃ ; To treat with contempt :—অঙ্গুলী দ্বারা নির্দ্দেশ-কৃ ; Force upon notice, draw attention to (by the finger).

Point in one's favour—কাহারও অনুকূলে কোন বিষয় ; A circumstance that is favourable to one.

Point of dispersion—বিকিরণ-বিন্দু।

Point of honour—যাহার উপর মান নির্ভর করে ; A matter which concerns one's self-respect or the esteem of others.

Point of view—যেখান হইতে কোন বস্তু দেখা যায় ; Stand point ; place from which any object is seen.

Point out—দেখান ; প্রমাণ-কৃ ; সঙ্কেত দ্বারা বা অঙ্গুলী দিয়া দেখাইয়া দেওয়া ; Show ; demonstrate ; indicate :—দেখাইয়া বা বুঝাইয়া দেওয়া ; Explain or indicate clearly.

Point or **mattor in dispute**—বিবাদি বিষয় ; The point or matter which is disputed or contested.

Point to—অঙ্গুলী দ্বারা দেখান ; Direct attention to (by the finger) :—পূর্ব্বলক্ষণ দেখান ; Foreshadow :—কোন দিকে যাওয়া ; Tend to.

Point to be solved—বিচার্য্য বিষয় ; The thing to be explained or decided.

Point to or **towards**—নির্দ্দেশ-কৃ ; Indicate

Point under discussion—আলোচ্য বিষয়।

Rallying point—যেখানে কোন দলস্থ বা মতস্থ লোক জমা হয় এবং উৎসাহ পায় ; আড্ডা ; The focus ; the point of concentration, the place where people attached to a certain cause meet and find encouragement.

The turning point in or of one's career—(যে সময়ে) কাহারও কপাল ফেরে ; The period in a man's life when there is to be a decided change when he is either to rise or to fall :—(যে ঘটনার দরুণ) কাহারও কপাল ফেরে, The circumstance that brings about a decided change in a person's career.

To mark or **score a point**—To note down successive hits.

To strain a point—ঠিক সীমা অতিক্রম-কৃ ; To go beyond the proper limit ; to exceed the bounds of strict propriety or of duty.

To the point—প্রসঙ্গোপযোগী ; প্রসঙ্গানুকূল ; Pertinent ; apt, apposite, bearing directly upon the subject in hand.

Point-blank, point-blank, *a.* সুস্পষ্ট ; স্পষ্ট ; Direct, plain :—*ad.* স্পষ্টতঃ ; সরলভাবে, সাক্ষাৎভাবে ; Directly ; plainly ; expressly :—*n.* A white mark at which aim is taken.

Pointed, pointed, *a.* সূক্ষ্মাগ্র ; তীক্ষ্ণাগ্র ; তীক্ষ্ণ ; Having a sharp point ; sharp :—তীব্র ; Keen :—ঠিক ; প্রত্যক্ষ ; Direct :—ব্যক্তিগত ; Personal :—ফলপ্রদ ; Telling. *ad*=pointedly. *n*=pointedness. *Syn* :—Peaked ; distinct, marked ; severe, poignant, epigrammatic.

Pointer, point-ėr, *n.* কুক্কুর বিশেষ ; A dog trained to point out game :—নির্দ্দেশক ; প্রদর্শক ; That which points :—ঘড়ির কাঁটা ; Clock-hand.

Pointing, *n.* সন্নিবেশ-কৌশল ; বিরাম-চিহ্ন-সন্নিবেশ ; The art of making the divisions of a writing by points or marks ; punctuation :—চূণসুরকি দিয়া ফাঁকগুলি ভরাট করণ ; The art of filling the crevices of a wall with mortar.

Pointless, pointles, *a.* ভোঁতা ; অতীক্ষ্ণ ; Blunt ; obtuse :—বুদ্ধিবিহীন ; নিস্তেজ ; Dull ; stupid.

Pointsman, *s.* এক লৌহপথ হইতে অন্যপথে গাড়ী চালাইয়া দিবার ভার যাহার উপর থাকে ; One who has charge of Railway switches.

Poise, poiz, *v. t.* [L. *pendo,* to hang, to weigh] সমান ভারি-কৃ ; সমান ওজনবিশিষ্ট-কৃ ; To balance in weight , to make of equal weight :—*n.* ভার ; তুল্য ভার ; বাটখারা ; Balance ; weight ; that which balances.

Poison, poi'zn, *n.* [L. *potio,* from *potare,* to drink] হলাহল ; বিষ , গরল ; Venom ; anything infectious or malignant :—যাহা চরিত্রের বিশুদ্ধতা কলুষিত করে ; যাহাতে নৈতিক পবিত্রতা নষ্ট করে , That which taints or destroys moral purity or health :—*v. t.* বিষাক্ত-কৃ ; বিষ প্রয়োগে বধ-কৃ ; বিষদ্বারা প্রাণনাশ করা ; To infect or kill with poison :—কলুষিত-কৃ ; দূষিত-কৃ ; To corrupt :—তিক্ত-কৃ , অসুখী করা ; To mar ; to imbiter. *n*=poisoner. *Syn* :—(*n*) Virus ; bane, pest, corruption, infection. (*v*) Taint, vitiate, contaminate, envenom.

Administer poison to—বিষ খাওয়ান ; Give poison with a view to kill.

Poison the ear—কাণভারি-কৃ ।

Poisonous, poi'zn-us, *a.* বিষময় ; বিষাক্ত ; সাংঘাতিক ; Venomous ; full of venom , destructive. *ad*=poisonously, *n*=poisonousness.

Poke, pōk, *v. t.* দীর্ঘ অস্ত্র দ্বারা খোঁচান ; To search for with a long instrument :—শৃঙ্গ দ্বারা গুঁতা মারা , To thrust at with horns :—উস্কাইয়া-দে , To stir (fire &c.) :—*v. i.* হাতড়ান ; To grope :—*n.* থলি , জামার জেব ; Bag ; pouch ; pocket :—খোঁচা ; A thrust.

Buy a pig in a poke—না দেখিয়া কিছু ক্রয়-কৃ ; To buy a thing without seeing it.

Poke about—অন্ধকারে হাতড়ান , See in the dark ; grope.

Poke fun at—উপহাস-কৃ ; হাস্যাস্পদ-কৃ , ঠাট্টা-কৃ ; Ridicule ; to make fun of.

Poke fun at one—কাহাকে হাস্যাস্পদ-কৃ ; Make one a laughing stock.

Poker, pōkér, *n.* অগ্নি উস্কাইবার লৌহ-শলাকা ; An iron rod for poking or stirring the fire.

Polar, pō'lar, *a.* মেরুসম্বন্ধীয় ; মেরু সন্নিহিত বা সন্নিকট ; Pertaining to or situated near the poles :—চুম্বকাকৃষ্ট-লৌহ-শলাকা-সূচিত দিক্ সম্বন্ধীয় ; Pertaining to the magnetic poles.

Polar circle, *n.* মেরু হইতে ২৩ ২৮′ অক্ষাংশ অন্তরে পরিকল্পিত অক্ষবৃত্ত , One of two circles on the earth 23° 28′ from the pole.

Polarisation, *n.* মেরুর অভিমুখীকরণ ; তাড়িতস্রোতের বিপরীত প্রবাহ , A particular modification of rays of light, by the action of certain media or surfaces, so that they cannot be reflected or refracted again in certain direction.

Polarise, pō'lar-iz, *n* কোন বস্তুকে কোন বিশেষ ধর্মাক্রান্ত-কৃ ; To give polarity to.

Polariser, *n.* বস্তুগত বিশেষ ধর্মপ্রদাতা ; That which gives polarity to.

Polarity, pō-lar'it-i, *n.* মেরুর অভিমুখতা ; মেরুপ্রবণতা ; যে অবস্থা বা গুণ থাকাতে বস্তুর বিপরীত প্রান্তে শক্তি দৃষ্ট হয় ; A property in certain bodies by which they arrange themselves in certain direction or point as it were to given poles.

Pole, pōl, *n.*মেরু ; ধ্রুব ; One of the extremeties of the axis of a sphere, especially of the earth :—চুম্বকাদি বস্তুর যে দুই বিন্দুতে আকর্ষণ বা বিকর্ষণ শক্তি একত্রিত হয়, তাহার অন্যতর ; One of the two ends of a magnet :—দীর্ঘ কাষ্ঠদণ্ড ; A pale ; a long piece of wood :—যষ্টি ; A long staff :—পরিমাণ বিশেষ ; A measure of length, 5½ yards :—মাপিবার যন্ত্রবিশেষ ; An instrument for measuring. *Syn* :—Stick, rod ; thill, shaft ; rood, perch. [Poland.

Pole, pōl, *n.* পোলণ্ডের অধিবাসী ; A native of

North pole—কুমেরু ।

Poles of the heavens—পৃথিবীর উত্তর মেরুর সমসূত্রপাতে অবস্থিত নভোমণ্ডলের বিন্দুদ্বয় ; The two points in the heavens or the celestial sphere opposite to the poles of the earth.

South pole—কুমেরু । [her sails are furled.

Under bare poles—Said of a ship when all

Poleaxe, pōl-aks, *n.* পরশু ; টাঙ্গি ; কুঠার ; Axe or hatchet with a long pole or handle.

Polecat, *n.* নকুল জাতীয় জন্তু ; গন্ধ-গোকুলা ; খটাশ , A kind of weasel.

Polemic, po-lem'ik, **Polemical,** po-lem'ik-al, *n.* [Gr *polemos,* war] তর্কপ্রিয় ; তার্কিক ; বাগাড়ম্বরপ্রিয় ; Given to disputing ; controversial. *ad*=polemically.

Polemic, po-lem'ik, *n.* তর্করসিক-লেখক ; A controversialist :—তার্কিক , A disputant.

Polemics, *n. pl* বাগাড়ম্বর ; বিতণ্ডা ; Contest or controversy :—ধর্মবিষয়ক বাদবিতণ্ডার ইতিহাস ; In theology, the history of ecclesiastical controvency.

Polenta, *n* [L. *polenta* peeled barley] ভুট্টার পিষ্টক , Pudding made of flour of maize.

Pole-star, pōl-star, *n* ধ্রুবনক্ষত্র ; ধ্রুবতারা ; The name of the star nearest to the north pole of the heavens.

Police, po-lēs', *n* [Gr *polis,* a city] পুলিস ; শান্তিরক্ষক কর্মচারিবর্গ , Regulation and government of a city or town ; the body by which this is effected.

Police court—থানা-চালানি মোকদ্দমার বিচারালয় ।

Police inspector—(থানার) দারোগা । [stable.

Policeman, *n.* শান্তিরক্ষক ; থানার লোক ; Cons-

Police officer—থানাস্‌ক্রান্ত কর্মচারী ।

Police outpost—ফাঁড়ি ।

Police station—থানা ।

Policy, pol'i-si, *n.* অভিপ্রায় ; Plant ; object :—পরিণামদর্শিতা , বিচক্ষণতা ; চতুরতা ; শঠতা ; Expediency ; skill ; prudence ; cunning :—রাজনীতি ; রাজ্যশাসন-প্রণালী ; The art of governing a nation :—অর্থ প্রদানের অঙ্গীকার পত্র ; বিমার চুক্তিপত্র ; Certificate of a life, fire or other insurance.

Commercial policy—বাণিজ্য বিষয়ক নিয়ম ; Measures relating to the agriculture, manufacture, trade and commerce.

Domestic policy—Measures relating to the just administration of land and the well-being of the nation.

Foreign policy—The relations and dealings of the government with foreign powers.

Policy-holder, *n.* যে ব্যক্তির নিকট বিমা-সর্তে অর্থ প্রদানের অঙ্গীকারপত্র থাকে।

Polish, polish, *a.* Relating to Poland or its people.

Polish, polish, *v. t.* [L. *polio*, to make shine] পরিষ্কার-কৃ ; পালিশ-কৃ ; মসৃণ ও চিক্কণ-কৃ ; To make smooth and glossy by rubbing :—সুন্দর ও সভ্য-কৃ ; শিষ্ট-কৃ ; To make elegant and polite ; to refine : —*v. i.* মসৃণ-হ ; চক্‌চকে-হ ; পরিষ্কৃত-হ ; To become smooth, glossy :—*n.* জেল্লা ; চাকচিক্য ; উজ্জ্বলতা ; A smooth glossy surface produced by friction or rubbing :—উপরের কৃত্রিম মসৃণতা ; অস্বাভাবিক উজ্জ্বলতা ; Artificial gloss :—শিষ্টতা ; শিষ্টাচার ; Elegance of manners ; refinement :—যদ্দ্বারা চাকচিক্য উৎপন্ন হয় ; A substance used to impart a gloss. *n*=polisher. *Syn* :—(*n*) Burnish, gloss, brighten, furnish ; refine, civilize.

Polite, pō-lit, *a.* [L. *politus*, *pp.* of *polire*, to polish] ভদ্র ; শিষ্ট ; ভব্য ; শিষ্টাচারযুক্ত ; সুশীল ; বিনীত ; Refined ; well-bred ; obliging ; courteous. *n*=politeness. *ad*=politely (শিষ্টভাবে ; সবিনয়) । *Syn* :—Accomplished, courteous, complaisant, urbane, civil, courtly, elegant, genteel.

Polite learning—মার্জিত বিদ্যা।

Polite literature—Those branches of knowledge or instruction, apart from art and science which please the understanding.

Politeness, pō-litnes, *n.* সভ্যতা ; শিষ্টাচার ; সৌজন্য ; State or quality of being polite ; civility. *Syn* : —Courtesy, refinement, urbanity, courteousness, affability, complaisance, gentility.

Politic, pole-tik, *a.* [G. *politikas*, belonging to the citizen or state, from *polis*, a city.] রাজনৈতিক , রাজনীতিজ্ঞ , Skilled in political affairs :— বিজ্ঞ ; বিচক্ষণ ; বিবেচক ; চতুর ; Judicious ; wise ; prudent ; discreet ; cunning. *ad*=politicly. *Syn* :—Political, civil, civic ; wise ; provident, wary ; artful, cunning, diplomatic.

Body politic—সমস্ত রাজ্যতন্ত্র ; The whole machenery of Government.

Political, po-litik-al, *a.* রাজনীতি বিষয়ক ; শাসনপ্রণালী সম্বন্ধীয় ; Partaining to government :— জাতিগত ; জাতি সম্বন্ধীয় ; Pertaining to nations :— সরকারী ; সাধারণ ; Connected with government ; public :—*n.* Indian civil servant.

Political arithmetic—Political statistics.

Political division—রাজকীয় বিভাগ।

Political economist—অর্থশাস্ত্রবিৎ।

Political economy—অর্থনীতি বিজ্ঞান ; অর্থশাস্ত্র ; Science of national wealth.

Political rights—রাজ্য সম্বন্ধীয় অধিকার।

Political science—নীতিশাস্ত্র।

Political world—That portion of society directly concerned with or interested in political affairs.

Politician, pol-i-tishan, *n.* রাজনীতিজ্ঞ ; One versed in politics :—কূটবুদ্ধি ; চতুর লোক ; A man of artifice and cunning.

Politics, poli-tiks, *n, sing.* রাজনীতি ; The art of science of Government :—রাজকার্য ; Political affairs :—রাজনৈতিক চাতুরী ; Political trickery.

Polity, poli-ti, *n.* রাজ্যশাসন-প্রণালী ; রাজতন্ত্র ; Civil constitution.

Polka, pōlka, *n.* নৃত্য বিশেষ ; A dance of Polish origin.

Poll, pōl, *n.* মস্তক ; মাথা ; The head :—মস্তকের পশ্চাদ্ভাগ ; Back of the head :—লোকের তালিকা ; ব্যক্তিবর্গের তালিকা ; List of persons ; register of heads :—রাজকর্মচারী-নির্বাচক মতদাতাদিগের নামের তালিকা ; The entry of the names of electors who vote for civil officers, such as Members of Parliament :—মত প্রকাশ করিবার প্রণালী ; An act or process of voting :—নির্বাচন-স্থান ; The place where the votes are taken :—নির্বাচন ; Election : —*v. t.* কাটা ; মাথা কাটিয়া দেওয়া ; বৃক্ষের ডাল ছাঁটিয়া ফেলা ; To cut ; to clip ; to lop as the branch of trees :—কাহারও নাম তালিকাভুক্ত-কৃ ; To take a list of persons or votes ; collect and register votes : —নির্বাচন স্থানে আনয়ন-কৃ ; To bring to the poll as a voter. *n*=poller.

Poll, pōl, *n.* তোতা পক্ষী ; তোতা পাখীর আদরের নাম ; A familiar name of a parrot :—কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ে যে সামান্য উপাধি প্রাপ্ত হয় :

Pollack, Pollock, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A salt-water fish of the cod family.

Pollard, polard, *n.* ছিন্নাগ্র বৃক্ষ ; ডাল ছাঁটা বা মুড়া গাছ ; A tree with its top cup off :—*v.* ডাল ছাঁটা ; To lop the tops of trees.

Poll clerk—One who receives and registers votes.

Pollen, polen, *n.* পুষ্পরেণু ; পরাগ ; Powder in the anther :—পরিষ্কৃত ময়দা ; Fine flour.

Poll-tax, pōltaks, *n.* মাথা গণনায় ধার্য্য রাজকর ; ব্যক্তিগত রাজকর ; জেজিয়া ; A tax by the head.

Pollute, pol-lut, *v. t.* [L. *pol*, towards, and *luo*, to wash] মলিন-কৃ ; কলুষিত-কৃ ; দূষিত-কৃ ; কলঙ্কিত-কৃ ; অপবিত্র-কৃ ; To soil ; to taint ; to defile ; to corrupt , to abuse ; to profane. *Syn* :—Soil, vitiate, contaminate, deprave, debase ; debauch, dishonour.

Pollution, pol-lū'shun, *n.* অপবিত্রতা ; অবিশুদ্ধতা ; মলিনতা ; Defilement ; impurity ; uncleanness. *Syn* :—Contamination, vitiation, taint, corruption, uncleanness.

Nocturnal pollution—স্বপ্নদোষ ; স্বপ্নাবস্থায় রেতঃপাত।

Polo, *n.* অশ্বারোহণে বলক্রীড়াবিশেষ ; A military game.

Polony, *n.* অর্দ্ধসিদ্ধ মাংসের শুষ্ক চাটনি বিশেষ ; A kind of dry sausage made of meat partly cooked.

Poltroon, pol-trōōn, *n.* কাপুরুষ ; ভীরু ব্যক্তি ; A coward , a dastard :—*a.* নীচ , ভীরু ; হেয় ; ঘৃণার্হ ; Base, vile, contemptible. *Syn* :—(*n*) Craven, milksop.

Poltroonery, pol-trōōner-i, *n.* কাপুরুষতা ; ভীরুতা ; মানসিক নীচতা ; Cowardice ; want of baseness of mind.

Polverine, *n.* [L. *pulveris*, dust] কাচ নির্মাণোপযোগী কাঠের ক্ষার বা ছাই ; Calcinid ashes of a plant used in the maaifacture of glass.

Polyandrian, *a.* [Gr. *polys*, many, *andros*, a man] বিংশত্যধিক-পুংকেশর সমন্বিত ; Having many or more than twenty stamens.

Polyandry, pol-i-andri, *n.* [Gr. *polys*, many, *andros*. a husband] বহু পুরুষের সহিত বিবাহ ; এককালীন বহু পতি গ্রহণ ; The having more than are

husband at the same time; plurality of husbands.

Polyanth, Polyanthus, *n.* [Gr. *polys*, many, *anthos*, a flower] বহুপুষ্পরক্ষ বিশেষ; A kind of prim-rose bearing many flowers.

Polygamist, pol-ig'a-mist, *n.* বহুবিবাহকারী; বহুপত্নীক; বহুপত্নী গ্রহণকারী; বহুবিবাহের পক্ষপাতী; One who practises or advocates polygamy.

Polygamy, *n.* [Gr. *polys*, many, and *gamos*, marriage] বহুপত্নী গ্রহণ; বহুবিবাহ; The condition of having more wives than one at the same time; plurality of wives. *a*=polygamous.

Polyglot, *a.* [Gr. *polys*, many, *gloto*, language] বহুভাষাসমন্বিত; Containing many languages :—*n.* বহু ভাষায় লিখিত বাইবেল বিশেষ; A bible containing the same subject in several languages.

Polygon, poli-gon, *n.* [Gr. *polys*, many, *gonia*, a corner] বহুভুজক্ষেত্র; A plane figure of many angles or with more than four. *a*=polygonal, polygonous.

Polyhedron, *n.* বহুভুজ ঘনক্ষেত্র; A solid body with many sides. *a*=polyhedral, polyhedrous.

Polynomial, *n.* বহুপদী বৈজিক রাশি; An algebraic expression composed of many terms :—*a.* বহুপদী; Containing many terms.

Polypode, poli-pōd, *n.* সহস্র পদবিশিষ্ট জন্তু; বহুপদ জন্তু; An animal with many feet.

Polypus, poli-pus, **Polype,** polip, **Polyp,** *n.* [Gr. *polys*, many, *pous*, foot] নাসারোগ; স্ফোটক; A tumour in the nose :—বহুপদ জন্তু বিশেষ; বহুমূল বস্তু বিশেষ; Something that has many feet or roots. *pl*=polypes, po'ypi. *a*=polypous.

Polypus of the nose—নাসারোগ।

Polypetalous, *a.* বহুদল; Having many petals.

Polysyllable, poli-sil-a-bl, *n.* বহু পদাংশযুক্তবাক্য; বহু পদাংশ গ্রথিত শব্দ; A word of many or more than three syllables. *a*=pollysyllabic, pollysyllabical.

Polytechnic, *a.* বহুশিল্পবিদ্যা-সমন্বিত; Comprehending many arts.

Polytheism, poli-thē-izm, *n.* বহুদেবার্চ্চনা; বহুদেবার্চ্চনা-নীতি; The doctrine of a plurality of gods. *a*=polytheistic, polytheistical.

Polytheist, poli-thē-ist, *n.* বহুদেবার্চ্চনকারী; বহুদেবোপাসক; অনেকেশ্বরবাদী, One who believes in many gods; a believer in many gods.

Pomace, *n.* আপেলের সার, The substance of apples.

Pomaceous, *a.* আপেলসারতুল্য; Like pomace.

Pomade, po-mād', **Pomatum,** po-mā'tūm, *n.* সুগন্ধি তৈলযুক্ত পদার্থ বিশেষ; পমেটম; Any greasy composition for dressing the hair.

Pomegranate, pōm-gran-āt, *n.* দাড়িম্বগাছ; দাড়িম্ব ফল; A tree and its fruit.

Pommel, pum'el, *n.* কোন বস্তুর গোলাকার উন্নত ভাগ; উন্নতাংশ; গাঁইট; Ball; knob :—তরবারির বাঁটের মাথার গাঁইট; The knob on a sword-blade :—জিনের সম্মুখ ভাগের উন্নতাংশ; The high part of a saddle-bow—*v. t.* প্রহার-কৃ; আঘাত করিয়া চূর্ণ-কৃ; To beat; to beat roughly; to bruise by beating.

Pomona, *n.* ফল-দেবতা; ফুল-দেবতা; The goddess of orchards and fruits.

Pomp, pomp', *n.* আড়ম্বর; জাঁকজমক; ঘটা; ধূমধাম; Pageantry; grandeur; splendour; display; ostentation; a splendid ceremony. *Syn*:—Parade, display, pageant, pageantry; stated, magnificence.

Pompey's Pillar—A pillar erected by Publius, Prefect of Egypt, in honour of the emperor Dioclitian to record the conquest of Alexandria.

Pompous, pomp'us, *a.* আড়ম্বরপূর্ণ; আড়ম্বরবিশিষ্ট; জাঁকাল; Grand; magnificent; dignified; stately; boastful. *n*=pompousness, pomposity. *ad*=pompously. *Syn*:—Splendid, superb, gorgeous, sumptuous, showy, august, stately, magisterial; inflated; bombastic; ostentatious.

Pond, pond, *n.* পুষ্করিণী; বদ্ধ জলাশয়; পুকুর; A body of fresh-water shut in or dammed up; a pool of stagnant water.

Ponder, ponder, *v. t.* [L. *ponderare*, from *pondus*, a weight] *v. t.* ধ্যান-কৃ; মনে মনে আলোচন-কৃ; বিবেচনা-কৃ; চিন্তা-কৃ; To think over; to consider. *n*=ponderer. *Syn*:—Examine, contemplate, study, meditate, reflect, muse, cogitate, ruminate.

Ponder on or over—নিজের সম্বন্ধে কোন বিষয় দীর্ঘকাল চিন্তা-কৃ, Denotes a long-sustained meditation on what is of deep personal concern.

Ponderable, pondér-a-bl, *a.* ভারযুক্ত; ভারবিশিষ্ট; গুরু; Having sensible weight. *n*=ponderability.

Ponderous, ponder-us, *a.* গুরুভার; ভারী; অতি গুরু; Massive, very weighty; very heavy. *n*=ponderousness. *Syn*:—Bulky, massive, weighty.

Ponderousness, Ponderosity, *n.* ভার; গুরুত্ব; Heaviness, gravity.

Poniard, ponyard, *n.* ছুরিকা; ছোরা; A sharp pointed instrument for stabbing, dagger; dirk, stiletto :—*v. t.* ছোরা দ্বারা খুঁচিয়া মারা; ছোরা দ্বারা আঘাত-কৃ; To stab with a poniard.

Pontage, *n.* [L. *pontis*, a bridge] সেতুর মাশুল; সেতু সংস্কারার্থ প্রদত্ত কর; A toll paid on bridges; a duty paid for repairing bridges.

Pontiff, pontif, *n.* প্রধান ধর্ম্মাচার্য্য; প্রধান ধর্ম্মযাজক; পোপ; The Pope.

Pontific, pon-tif'ik, **Pontifical,** pon-tif'ik-al, *a.* প্রধান ধর্ম্মযাজকীয়; পোপ সম্বন্ধীয়; Of or belonging to a high-priest or the pope :—আড়ম্বরপূর্ণ; জাঁকাল; Splendid; magnificent :—যাজকীয় ক্রিয়া-পদ্ধতি এবং যাজ আচার প্রক্রিয়া সম্বন্ধীয় পুস্তক বিশেষ; —A book of ecclesiastical ceremonies.

Pontificals, *n.* যাজক বিশপ অথবা পোপের বসন ভূষণ, The dress of a priest, bishop or Pope.

Pontificate, pon-tif'i-kāt, *n.* পোপের পদ; পোপের মর্য্যাদা; পোপের শাসনকাল; The state and dignity or reign of a Pope.

Pontoon, pon-tōōn, *n.* [L. *pons*, bridge] নৌকার সেতু; A bridge of boats :—ভাসমান পোত বিশেষ; A portable floating vessel :—প্রশস্ত নৌকা বিশেষ; A lighter.

Pony, pōni, *n.* ক্ষুদ্র ঘোটক; টাট্টু ঘোড়া; A small horse.

Poodle, pōō'dl, *n.* ক্ষুদ্র লোমশ কুকুর বিশেষ; A small dog with long silky curling white hair.

Pooh, pōō, *int.* ছিঃ; হুম্; ভাইতো; An exclamation of contempt or disdain.

Pooh Pooh, *v. t.* (পুঃ পুঃ) অবজ্ঞাপূর্ব্বক বর্জন-কৃ;

অবজ্ঞা বা অগ্রাহ্য-কৃ ; To put down summarily and contemptuously ; to take light of.

Pool, pōōl, *n.* ক্ষুদ্র জলাশয় ; পুষ্করিণী ; ডোবা ; A small body of water ; a puddle :—খেলায় বাজির পণ রাখিবার পাত্র ; জুয়াখেলায় যাহা ধরা হয় ; The receptacle for the stakes in certain games ; the stakes played for.

Poop, pōōp, *n.* জাহাজের পশ্চাদ্ভাগস্থিত সর্ব্বোচ্চ পাটাতন ; A deck above the ordinary deck in the after-part of a ship :—*v. t.* জাহাজের পশ্চাদ্ভাগ আঘাত বা ভগ্ন-কৃ ; To strike the stern.

Poor, pōōr, *a.* দরিদ্র ; দীন ; গরীব ; দুঃখী ; সম্পত্তিহীন ; Needy ; indigent ; without means :—কৃশ ; দুর্ব্বল ; Lean ; weak :—দীন ; বেচারা ; দয়ার যোগ্য ; Wretched ; pitiable :—সামান্য ; অকিঞ্চিৎকর ; তুচ্ছ ; Low ; paltry :—ঊষর ; অনুর্ব্বর ; Barren ; sterile :—সৌন্দর্য্যহীন ; মর্য্যাদাহীন ; Destitute of fitness, beauty or dignity. *n*=poorness, *ad*=poorly. *Syn* :—Moneyless, penniless ; emaciated ; mean, paltry ; trifling ; miserable ; unfruitful ; unproductive.

A poor poet—কুকবি।

Poor opportunities are better than none—নাই মামার চেয়ে কানা মামা ভাল।

Poor-box, *n.* যে বাক্সে দরিদ্রদিগের জন্য অর্থ সংগৃহীত হয়, Box to receive money for alms :—দরিদ্রগণ ; The poor.

Poor-house, pōōr-hows, *n.* দরিদ্র শালা ; দরিদ্র নিবাস ; অতিথিশালা, সাধারণের খরচে যে বাটীতে দরিদ্রদিগের ভরণপোষণ হয় ; Work house ; a house established at the public expense for the poor.

Poor-law, *n.* দরিদ্রগণের ভরণপোষণার্থ বিধি ; A law providing for the support of the poor.

Poorly, *ad.* সামান্যরূপে ; হীনভাবে ; নিকৃষ্টভাবে ; With little or no success. *n*=poorlines (অসুস্থতা)।

To be poorly off—নির্ধন হওয়া।

Poorness, *n.* দরিদ্রতা ; দারিদ্র ; Indigence.

Poor-rate, pōō-rāt, *n.* দরিদ্রগণের ভরণপোষণার্থ কর ; A tax for the support of the poor.

Poor-spirited, pōōr-spir'it-ed, *a.* নীচ ; ভীরু ; হীনসাহস ; তেজোহীন ; Mean ; cowardly. *n*=poor-spiritedness.

Pop, pop, *n.* কট্ কট্ শব্দ ; পটাৎ, দুম, পট্ প্রভৃতি শব্দ ; A sharp, quick sound or report :—*v. i.* কট্ কট্ শব্দ-কৃ ; পটাৎ বা দুম শব্দ-কৃ ; To make a sharp quick sound :—*v. i.* দ্রুতবেগে অকস্মাৎ ঠেলে-দে ; To push suddenly :—সহসা গোচরীভূত-কৃ ; To bring suddenly to notice :—অকস্মাৎ একস্থান হইতে অন্য স্থানে-যা ; To move suddenly :—*ad.* হঠাৎ ; সহসা ; অকস্মাৎ, Suddenly.

Pop at—গোলাবর্ষণ-কৃ, Fire at. [for a while.

Pop in—অল্পক্ষণ জন্য শীঘ্র প্রবেশ-কৃ ; Come in quickly

Pop off—হঠাৎ অদৃশ্য-হ ; সহসা অন্তর্হিত-হ ; Disappear suddenly. [while.

Pop out—অল্পকাল জন্য প্রস্থান-কৃ ; Depart for a

Pop the question—পুরুষ কর্ত্তৃক কোন নারীকে জিজ্ঞাসা করা যে সে তাহাকে বিবাহ করিতে রাজি কি না ; বিবাহ করিবার জন্য প্রার্থনা-কৃ : Ask in marriage.

Pop up—হঠাৎ উঠা ; Rise suddenly.

Pop upon—হঠাৎ সাক্ষাৎ-কৃ ; Meet by chance.

Pope, pōp, *n.* [L. *papa*, a father] রোমান ক্যাথলিক ধর্ম্মের প্রধান যাজক ; The Head of the Roman Catholic Church.

Popedom, *n.* পোপের পদ বা মর্য্যাদা বা অধিকার ; The office, dignity or jurisdiction of the Pope.

Popery, pōp'ėr-i, *n.* রোমান ক্যাথলিক ধর্ম্ম ; The religion of which the Pope is the head.

Pop-gun, *n.* বালকের বন্দুক ; A child's gun.

Popin-jay, pop'in-jā, *n.* শুকপক্ষী ; A parrot :—বিলাসপ্রিয় লোক ; বিলাসী ব্যক্তি ; ফুলবাবু ; A coxcomb ; a fop.

Popish, pōp'ish, *a.* পোপধর্ম্ম সম্বন্ধীয় ; পোপকর্ত্তৃক শিক্ষিত ; Pertaining or taught by the Pope.

Poplar, pop'lar, *n.* বৃক্ষ বিশেষ ; A tall tree.

Poplin, *n.* বস্ত্র বিশেষ ; A textile fabric made of silk and worsted.

Popper, *n.* (মকাই) ভাজিবার খোলা।

Poppy, pop'i, *n.* পোস্তগাছ ; A plant from which opium is got.

Populace, pop'ū-lās, *n.* [L. *populus*, people] সাধারণ লোক ; জনসাধারণ ; The common people ; the vulgar. *Syn* :—Mob, people, commonalty, vulgar, mobility.

Popular, pop'ū-lár, *n.* [L. *popularis*,—*populus*, people] সাধারণ লোকসম্বন্ধীয় ; সাধারণের ; জনসাধারণ সম্বন্ধীয় ; Pĕrtaining to or prevailing among the people :—জনপ্রিয় ; লোকপ্রিয় ; Pleasing to the people :—সহজবোধ্য ; বোধগম্য ; Easily comprehend :—সাধারণ ; অপকৃষ্ট ; নিকৃষ্ট ; Inferior ; vulgar. *ad*=popularly. *Syn* :—Common, current, general, prevailing, favourite ; easy, familiar, plain.

Popular discontent—প্রজাদিগের অসন্তোষ।

Popular favour—লোকপ্রীতি।

Popularise, pop'ū-lar-iz, *v. t.* লোকপ্রিয়-কৃ ; সাধারণের উপযোগী-কৃ ; To make popular or suitable to the people.

Popularity, pop-ū-lar'i-ti, *n.* লোকপ্রিয়তা ; সর্ব্বজনপ্রিয়তা ; Quality or state of being popular or pleasing to the people :—নীচতা ; Vulgarity.

Populate, pop'ū-lāt, *v. t.* লোকপূর্ণ-কৃ ; লোক দ্বারা পরিপূর্ণ-কৃ ; To people, to furnish with inhabitants.

Population, pop-ū-lā'shun, *n.* জনসংখ্যা ; প্রজাবর্গ ; অধিবাসী-সংখ্যা ; The inhabitants of any place. [people of a country increase.

Law of population, *n.* Law by which the

Populous, pop'ū-lus, *a.* জনাকীর্ণ ; জনপূর্ণ ; প্রজাবহুল ; Full of people. *n*=populousness, *ad*=populously. [Fine painted pottery.

Porcelain, porslān, *n.* চীনের বাসন ; চীনাবাসন ;

Porch, pōrch, *n.* বারেন্দা ; চাঁদনি, অলিন্দ ; তোরণ ; A portico ; a stately or ornamental entrance way ; a roof supported on pillars before a door.

Porcine, porsin, *a.* [L. *porcus*, a swine] বরাহ সম্বন্ধীয় ; Pertaining to swine.

Porcupine, por'kū-pin, *n.* [L. *porcus*, a pig, *spina*, a spine] সজারু ; A beast like hedgehog.

The quill of a porcupine—সজারুর কাঁটা।

Pore, pōr, *n.* [L. *porus*, G. *poros*, a passage, a pore] লোমকূপ ; ঘর্ম্মরন্ধ্র ; Small hare ; minute hole in the skin for the perspiration. *Syn* :—Spiracle ; interstice ; aperture.

Pore, *v. i.* মনোনিবেশপূর্বক পাঠ-কৃ ; মনোযোগপূর্বক দৃষ্টিপাত-কৃ ; To study closely ; to look with steady attention.

Pore over or **upon**—একাগ্রচিত্তে পড়া ; Read with close attention :—একাগ্রচিত্তে দেখা ; See with close attention.

Poriform, pŏr'i-form, *a.* ছিদ্রাকার ; ছিদ্রানুরূপ ; [In the form of a pore.

Pork, *n.* [L. *porcus*, a hog] শূকরের মাংস ; The flesh of swine :—শূকর-শাবক ; A pig.

Porosity, pō-ros'i-ti, *n.* লোমকূপময়ত্ব ; সছিদ্রতা ; সান্দ্রতা ; Quality of being porous.

Porous, pōr'us, *a.* ছিদ্রময় ; সছিদ্র , লোমকূপবিশিষ্ট ; Having pores. *ad*=porously.

Porphyrise, *v. t.* পরফিরি নামক উৎকৃষ্ট প্রস্তরের অনুরূপ-কৃ ; To cause to resemble porphyry.

Porphyritic, Porphyraceous, *a.* পরফিরি প্রস্তর সম্বন্ধীয় ; Pertaining to porphyry.

Porphyry, *n.* প্রস্তর বিশেষ ; A very hard rock.

Porpoise, por'pus, **Porpess,** por'pes, *n.* [L. *porcus*, a hog, *piscis*, a fish] শুশুক ; শিশুমার ; Sea-hog ; cetacean.

Porridge, *n.* খাদ্য বিশেষ ; সূপ বিশেষ ; জাউ ; Food made by boiling flour in water.

Porringer, por'inger, *n.* পাত্র বিশেষ ; কটোরা বা বাটি ; A small dish for porridge.

Port, pōrt, *n.* পোতাশ্রয় ; বন্দর ; Harbour ; haven : —দ্বার ; A gate of an entrance :—মদ্য বিশেষ , A dark purple wine :—আকৃতি ; চাল ; Bearing ; gesture :—জাহাজের বাম পার্শ্ব ; A larboard or left side of a ship :—রণপোতের কামান ছাড়িবার ছিদ্র ; A port-hole :—*v. t.* জাহাজের বামপার্শ্বে রাখা ; To put to the left side of a ship. *Syn* :—(*n*) Roadstead, anchorage ; portal , embrasure ; porthole ; larboard , air, mien, carriage, demeanour, behaviour, deportment.

Portable, pōrt'a-bl, *a.* [L. *portabilis*, from *portare*, to carry] বহনীয় ; সুবহ ; অনতিভার ; That may be carried ; capable of being carried. *n*= portableness. *Syn* :—Movable, light, handy.

Portage, pōrt'aj, *n.* বহন ; Act of carrying ; carriage :—বহনমূল্য ; The price of carriage.

Portal, pōrtal, *n.* দ্বার ; প্রবেশপথ ; Any entrance , any passage way.

Portcullis, pōrt-kul'is, *n.* যে দরজা তোলা বা নামান যাইতে পারে ; টানা দরজা ; দুর্গতোরণের ঝাঁপ কপাট বিশেষ ; Sliding door to close a door-way.

Porte, pōrt, *n.* তুরস্ক সাম্রাজ্য ; The Turkish government.

Portend, *v. t.* [L. *pro*, forth, and *tendo*, to stretch] অনিষ্ট সূচনা-কৃ ; ভাবী সূচনা-কৃ ; To betoken , to forebode ; to presage. *Syn* :—Foreshow, foretoken, augur, pronsoticate, threaten.

Portent, por'tĕnt, *n.* অলক্ষণ ; কুলক্ষণ ; পূর্ব লক্ষণ যাহা ভাবী অনিষ্ট সূচনা ; অশুভ-চিহ্ন ; An evil omen.

Portentous, por-tĕnt'us, *a.* ভাবী অমঙ্গল দর্শক , পূর্বজ্ঞাপক ; অশুভসূচক ; ভাবী অনিষ্টসূচক ; Foreshadowing ill ; ominous. *ad*=potentously.

Porter, pōrt'ĕr, *n.* দ্বারবান ; দ্বারপাল ; দ্বাররক্ষক ; দৌবারিক ; A door-keeper ; one who has charge of a gate :—ভারবাহক ; One who carries burdens for hire :—মদিরা বিশেষ ; A liquor. *fem*=porteress, portress.

Porterage, pōrt'ĕr-aj, *n.* ভারবাহকের পারিশ্রমিক ; Charge made by a porter.

Portfolio, pōrt-fō'lio, *n.* আলগা কাগজপত্র রাখিবার আধার ; A case to keep loose papers :—মন্ত্রিত্বের পদ ; মন্ত্রীর পদ ; The office of a minister of state.

Port-hole, pōrt-hōl, *n.* জাহাজের কামান ঘর ; আলোক ও বায়ুর গমনাগমন জন্য পোতপার্শ্ব ছিদ্র ; An opening in a ship's side for light and air or for pointing a gun through.

Portico, pōr'ti-kō, *n.* বারান্দা ; চাঁদনী ; An ornamental porch with columns before a gate-way ; a porch. *a*=porticoed. *pl*=porticoes, porticos.

Porticoed, *a.* চাঁদনীবিশিষ্ট ; Furnished with a portico.

Portion, pōr'shun, *n.* [L. *portio*, allied to *pars*, *partis*, a part] অংশবিশেষ ; বিভাগ ; Part ; an allotment ; a divident :—পৈতৃক ধন ; উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তির অংশ ; The part of an estate descending to an heir :—স্ত্রীধন ; যৌতুক ; A wife's fortune :—*v. t.* অংশ বিভাগ-কৃ ; ভাগ-কৃ ; To divide into portions ; to allot a share :—অংশ প্রদান-কৃ ; যৌতুক-দে ; To furnish with a portion. *Syn* :—(*n*) Piece, bit ; division, share, lot ; parcel, quantity ; divident. (*v*) Share, divide, parcel, allot, distribute ; endow.

Portioned, *a.* Having a portion or endowment.

Portioner, pōr'shun-ĕr, *n.* বণ্টনকারী ; অংশবণ্টক ; One who assigns share.

Portionist, *n.* বিদ্যালয় বিশেষের বৃত্তিধারী ; One who has an academical allowance or portion.

Portionless, pōr'shun-les, *a.* অংশশূন্য ; পৈতৃকধনশূন্য ; স্ত্রীধনরহিত ; যৌতুকহীন ; Having no portion, dowry or property.

Portly, pōrt'le, *a.* স্থূলকায় , মোটা , সুন্দর ; Bulky ; corpulent ; good-looking. *n*=portliness. *Syn* :—Stately, grand, dignified, majestic ; burly, stout, obese.

Portmanteau, pōrt-mantō, *n.* [F. *porter*, to carry, *manteau*, a mantle] পর্যটনার্থ বস্ত্রাদির পেটরা বিশেষ ; পোর্টম্যান্ট ; A bag for carrying apparel &c., on journey.

Portrait, pōr'trāt, *n.* মানবপ্রতিকৃতি ; আলেখ্য ; চিত্র ; The likeness of a person :—বর্ণনা ; Description in words.

Portrait-painter, *n.* চিত্রকর ; One whose occupation or profession is to paint portraits.

Portraiture, pōr'trāt-ūr, *n.*চিত্র-লিখন ; চিত্রাবলী ; চিত্রাঙ্কন ; বর্ণন ; The drawing or describing of portraits or describing in words.

Portray, pōr-trā, *v. t.* [L. *pro*, forth, and *traho*, to draw] চিত্র-কৃ ; চিত্রিত-কৃ ; অঙ্কা-কৃ ; To paint :—বর্ণনা-কৃ ; To describe in words. *n*= portrayer (চিত্রকর) ; *Syn* :—Draw, delineate, depict, figure, sketch ; represent.

Pose, pōz, *v. t.* ভ্যাবাচ্যাকা-কৃ ; কূটপ্রশ্নে হতবুদ্ধি-কৃ ; To puzzle ; to bring to a stand :—স্থাপিত-কৃ ; স্থগিত-কৃ , To put :—বিশেষ ভাবভঙ্গি ধারণ-কৃ ; To assume an attitude :—*n.* বিশেষ ভাব ; ভঙ্গী ; A position ; an attitude. *Syn* :—Perplex, embarrass, bewilder, confound, dumfounder, mystify.

Poser, pōz'ĕr, *n.* কঠিন প্রশ্ন ; কূটপ্রশ্ন ; Puzzle :—কূটপ্রশ্নকারী ; One who poses.

Position, pō-sishun, *n.* [L. *positio*, from *ponere*, *positum*, to put] অবস্থান ; সংস্থিতি ; Situation :—স্থান ; Place :—অবস্থা ; State ; condition :—স্থিতি ; Posture :—প্রতিজ্ঞা ; Proposition ; the ground taken in argument or a dispute :—সামাজিক পদ-মর্য্যাদা ; সামাজিক অবস্থা ; Place in society :—পদ ; চাকরী ; Post. *Syn* :—Place, attitude ; locality, post, station ; thesis, assertion.

A man of position—সম্রান্ত বা পদস্থ ব্যক্তি ।

To be in a false position—মুস্কিলে পড়া ; সঙ্কট অবস্থায় থাকা ।

Positive, pozit-iv, *a.* [L. *pono*, to place] স্পষ্ট ; Explicit ; clear ; clearly expressed :—প্রকৃত ; যথার্থ ; Real ; actual :—নিশ্চয় ; নিশ্চিত ; Certain :—কৃতনিশ্চয় ; Fully assured :—নিরপেক্ষ ; Absolute :—চূড়ান্ত ; Decisive :—মতগ্রাহী ; মতপোষক ; নিজ-মত সমর্থনকারী ; Dogmatic :—দৃঢ় নিশ্চয় ; Confident :—অনন্যসাপেক্ষ ; Opposed to relative :—সাক্ষাৎ ; Direct :—সামান্য ; Simple :—*n.* যাহা নিশ্চিত রূপে বলা যায় ; That which may be affirmed :—অবধারিত বিষয় ; That which is laid down :—যথার্থতা ; যাথার্থ্য ; Reality. *ad*=positively, (নিশ্চয়রূপে ; অবশ্য) ; *n*=positiveness (নিশ্চয়তা) । *Syn* :—(*a*) Substantial, veritable, true, absolute, express, explicit, definite, categorical ; sure, assured ; peremptory, stubborn. [চিহ্ন থাকে ।

A positive quantity—যে রাশির পূর্ব্বে + যোগ

In positive words—স্পষ্টাক্ষরে ।

Positive proof—প্রত্যক্ষমাণ প্রমাণ ।

The positive degree—বিশেষণাদির স্বরূপ ভাব ।

The positive philosophy—অগষ্ট কম্‌টে প্রবর্ত্তিত বৈজ্ঞানিক দর্শন ।

Positivism, pozit-iv-izm, *n.* প্রত্যক্ষবাদ ; বিখ্যাত দার্শনিক কম্‌টে উদ্ভাবিত নিসর্গবাদ . A system of philosophy, originated by Comte, a French philosopher, which ignoring all inquiry into causes, simply seeks to discover the laws of phenomena.

Positivist, pozit-iv-ist, *n.* প্রত্যক্ষবাদী ; নিসর্গ-বাদী . A believer in positivism.

Possess, poz-zes', *v. t.* অধিকার-কৃ ; দখল-কৃ ; হস্ত-গত-কৃ ; Have as owner ; hold as master ; hold :—অভিভূত-কৃ ; To enter into an influence :—জ্ঞাত-কৃ ; জ্ঞাপন-কৃ ; To inform :—ধারণ-কৃ ; To seize. *Syn* :—Have, own, hold, occupy.

Be possessed by—ভূতে পাওয়া ; Be under the influence of (evil spirits).

Be possessed with—কোন কিছু দ্বারা মন আচ্ছন্ন হওয়া ; কোন প্রবল চিন্তা বা সংস্কারে পরিপূর্ণ হওয়া ; Have one's mind filled with.

Possessed by a devil—ভূতাবিষ্ট ।

Possessed of—কোন কিছু সম্পন্ন বা বিশিষ্ট ; Possessing or having.

Possess with—শিক্ষা-দে ; Inculcate ; infuse.

Possession, poz-zeshun, *n.* অধিকৃত করণ ; অধিকার ; ভোগ ; The act of possessing :—সম্পত্তি ; Property :—ভূতগ্রস্ততা ; ভূতাবিষ্টতা ; ভূতাদির আক্রমণ ; The state of being possessed as by an evil spirit :—অধিকৃত বস্তু ; The thing possessed. *Syn* :—Ownership, proprietorship ; occupancy, occupation, seizin, tenure.

Possession is nine points of the law—বিবাদের স্থলে কোন সম্পত্তি কাহারও দখলে থাকিলে আইনে তাঁহারই স্বত্ব প্রায় করে ; Actual possession of a disputed property confers almost full legal right to it.

Take possession—দখল-কৃ ; Seize :—একাগ্রচিত্তে মনোনিবেশ-কৃ ; Occupy one's mind entirely, by one subject of one's thoughts.

Possessive, poz-zesiv, *a.* অধিকারবোধক ; অধিকার-সূচক ; Pertaining to or denoting possession. *ad*=possessively.

Possessive case—সম্বন্ধকারক ।

Possessive pronoun—সম্বন্ধবাচক সর্ব্বনাম ।

Possessor, poz-zes'or, *n.* স্বামী ; অধিকারী ; ভূস্বামী ; মালিক ; দখলিকার ; Owner ; proprietor ; occupant.

Possessory, poz-zes'or-i, *a.* অধিকার সম্বন্ধীয় ; অধিকার সংক্রান্ত . Relating to a possessor or possession :—অধিকারবিশিষ্ট ; অধিকারী ; Having possession. [or acid.

Posset, *n.* দধি বিশেষ ; Milk curdled with wine

Possibility, pos-i-bili-ti, *n.* সম্ভাবনা ; সম্ভবপর বিষয় ; সম্ভাবিত বিষয়, শক্যতা ; The state of being possible ; that which is possible ; a contigency.

Possible, pos'e-bl, *a.* [L. *possibilis*, from *posse*, to be able] সম্ভবনীয় , সম্ভবপর ; সাধ্য ; শক্য ; স্বভাবসঙ্গত ; That may be done ; not contrary to the nature of things ; practicable. *Syn* :—Potential, likely, feasible.

Every possible case—সর্ব্ব সম্ভবপর ; যতটা যত্ন করা যাইতে পারে তাহা ।

If possible—সম্ভব হইলে ।

Post, pōst, *n.* [L. *postis*, allied to *ponere*, *positum*, to place] স্তম্ভ ; থাম ; খুঁটি ; কাষ্ঠখণ্ড ; An upright timber in a building ; pillar :—নির্দ্দিষ্ট স্থান ; আড্ডা ; চটি ; A fixed place, as a military station :—পদ ; An office :—লিপিবাহক ; ডাক-হরকরা ; Quick messenger ; a letter-carrier :—ডাক ; Mail :—*v. t.* প্রকাশ্য স্থানে রাখা ; To fix on a post, *i. e.* in a public place :—প্রকাশতঃ সাধারণের নিন্দাভাজন-কৃ ; To hold up to public reproach :—ডাক ঘরে রাখা ; ডাকঘরে দেওয়া ; To put in the post office ; to deposit in the post-office :—ভীরু বলিয়া প্রচার-কৃ ; Proclaim as a coward :—আড্ডায় স্থাপন-কৃ ; To station :—খতিয়ান বহিতে তোলা ; To carry as an account from the journal to ledger ; to transfer to the ledger :—পত্র প্রেরণ কৃ ; To send letters :—*v. i.* ডাক ঘোড়ায় সহিত বা দ্রুতবেগে গমন-কৃ ; To travel with post horses or with speed :—*adv.* অতি দ্রুতবেগে ; দ্রুতগতিতে ; With great rapidity ; with speed. *Syn* :—(*n*) Pillar, column ; stake ; station, position, place ; situation, berth ; courier, letter-carrier.

At one's post—নিজের নির্দ্দিষ্ট স্থানে ; At one's appointed or proper place.

By post—ডাকে ।

From pillar to post—ইতস্ততঃ ; To and fro.

Knight of the post—মিথ্যা সাক্ষ্য দিয়া যে জীবিকা নির্ব্বাহ করে ; One who gains his living by false evidence ; a sharper in general. [books.

Post up—হিসাবের পুস্তকে তোলা ; Enter in account

Posted up—অভ্যস্ত ; Made familiar with.

Ride post—পত্রবহন করিতে নিযুক্ত-হ ; ঘোড়ায় চড়িয়া

দ্রুতবেগে যাওয়া ; Be employed to carry despatches.

Run your head against a post—অসাবধান ভাবে এবং নির্বোধের ন্যায় কার্য্য-কৃ ; Go to work heedlessly and stupidly or as if you had no eyes.

Travel post—দ্রুতবেগে ভ্রমণ-কৃ ; মধ্যে মধ্যে ঘোড়া রাখিয়া সত্বর ভ্রমণ-কৃ ; Travel with post-horses.

Postage, pōs'tāj, *n.* ডাক মাশুল ; Price for conveyance of letters.

Postal, pōs'tal, *a.* ডাকঘর সম্বন্ধীয় ; ডাকবিভাগ সম্বন্ধীয় ; Belonging to the post-office or mail-service

Post-boy, pōst'boy, *n.* অশ্বারোহী বা পত্রবাহক বালক ; A boy that rides with letters.

Postcard, *n.* পোষ্টকার্ড ; A stamped card on which a message may be sent by post.

Post-chase, pōst'shāz, *n.* ডাকগাড়ী ; A carriage with four wheels for conveying travellers from one place to another.

Post-date, *v. t.* pōst'dāt', *v. t.* পরতারিখ-দে ; প্রকৃত তারিখের পরবর্ত্তী তারিখ-দে , To date after real time.

Post-day, *n.* ডাকের দিন ; Day when the mail comes in or goes out.

Post-diluvial, Post-diluvian, *a.* খৃষ্টধর্ম্ম প্রোক্ত মহাপ্লাবনের উত্তরকালীন , প্রলয়ের উত্তরকালীন ; Being or happening after the deluge.

Post-diluvian, *n.* মহাপ্লাবনের পর জীবিত ব্যক্তি ; One who lived after the deluge.

Posterior, pos-tē're-or, *a.* পশ্চাৎকালীন ; পশ্চাৎ ; উত্তরকালীন ; পরবর্ত্তী ; পশ্চাদ্বর্ত্তী ; Later ; hind ; hinder. *n*=posteriority. *ad*=posteriorly. *Syn* :—(*a*) Succeeding, subsequent ; back, rear.

Posteriors, *n. pl.* জন্তুর পশ্চাদ্ভাগ ; জীবদেহের পশ্চাদ্ভাগস্থ অংশসমূহ ; The hinder part of an animal.

Posterity, pos-ter'e-te, *n.* ভাবীবংশ , উত্তরকালীয় লোক ; পরপুরুষগণ , জাতি ; বংশ , Succeeding generation ; a race. *Syn* :—Offspring, descendants, progeny.

Postern, pōs'tẽrn, *n.* খিড়কির দ্বার ; গুপ্তদ্বার ; ক্ষুদ্র দ্বার ; A private entrance ; a small door :—*a.* পশ্চাৎস্থিত , খিড়কি ; গুপ্ত ; Back ; private.

Postfix, pōst-fiks, *n.* শব্দের অন্তে সংযুক্তবর্ণ ; প্রত্যয় ; An affix :—*v. t.* শেষে যোগ-কৃ ; প্রত্যয় যোগ-কৃ ; To add to the end of another word.

Post free, *a.* ডাকমাশুলমুক্ত ।

Post-haste, pōst-hāst', *n.* ডাকের ন্যায় সত্বর ; দ্রুতগতি ; Haste in travelling like that of a post :—*ad.* দ্রুতবেগে ; With haste or speed.

Post-horse, pōst'hors, *n.* ডাকের ঘোড়া ; A horse for conveying travellers for hire.

Posthumous, post'ū-mus, *a.* [L. *posterus*, coming after] পিতার মৃত্যুর পর জাত ; গ্রন্থকারের মৃত্যুর পর প্রকাশিত ; Born after the death of either parent ; published after the death of the author. *ad*=posthumously (মৃত্যুর পরে) ।

Postil, pos'til, *n.* গ্রন্থের পার্শ্ববর্ত্তী টীকা ; A marginal note in Roman Catholic Church ; a homily read after the gospel :—*v. t.* পার্শ্বে টীকা লেখা ; To make marginal notes.

Postillion, pōs-til'yun, *n.* অশ্বচালক ; সূত ; সারথি ; One who guides post horse or horses in any carriage.

Postman, pōst'man, *n.* ডাকবাহক ; পত্রবাহক ; A letter-carrier.

Post-mark, pōst'mārk, *n.* ডাকঘরের মোহরের ছাপ ; The mark or stamp of a post-office on a letter.

Postmaster, pōst'mas-tēr, *n.* ডাকঘরের অধ্যক্ষ ; ডাকমুন্সী ; The manager of a post-office :—ডাক ঘোড়ার সরবরাহকারী ; One who supplies post horses.

Postmaster General—ডাকবিভাগের প্রধান কর্ম্মচারী ; The chief officer of the post-office department.

Post-meridian, *a.* অপরাহ্নিক ; Being in the afternoon.

Post-mortem, *a.* [L. *post*, after, and *mors*, death] মৃত্যুর পরকালীন ; মরণান্তর ; After death.

Post-natal, *a.* [L. *post*, after, *natus*, to be born] জন্মের পরকালীন ; জন্মান্তর ; After birth.

Post-nuptial, *a.* [L. *post*, after, *nuptum*, to marry] বিবাহের উত্তরকালীন ; Being or happening after marriage.

Post-office, pōst-of'is, *n.* ডাকঘর ; An office for receiving and transmitting letters by post.

Post-paid, pōst-pād, *a.* যাহার ডাক মাশুল দেওয়া হইয়াছে , Having the pastage paid, as a letter

Postpone, pōst-pōn, *v. t.* [L. *post*, after, and *ponere*, to place, put] স্থগিত-কৃ ; বিলম্ব-কৃ ; To defer ; to delay ; adjourn.

Postponment, pōst-pōnment, *n.* স্থগিত করণ · ক্ষণিক বিলম্ব , Temporary delay.

Post-prandial, *a.* [L. *post*, after, *prandium*, a repast] প্রধান ভোজনের পরকালীন ; After dinner.

Postscript, pōst'skript, *n.* [L. *post*, after, and *scribo*, to write] পত্রের পুনশ্চ লিখন ; ক্রোড়পত্র ; 'পুনশ্চ' শব্দের পর যাহা লিখিতে হয় (সংক্ষেপে P. S. লিখিতে হয়) ; A part added to a letter after the signature ; an addition to a book after it is finished.

Post-town, pōst-town, *n.* ডাকঘরবিশিষ্ট গ্রাম ; A town in which there is a post office.

Postulant, *n.* পদপ্রার্থী , A candidate.

Postulate, pos'tū-lāt, *v. t.* [L. *postulo*, to demand—*posco*, to ask urgently] প্রমাণ বিনা স্বীকার-কৃ , প্রমাণ ব্যতীত স্বীকার করিয়া লওয়া , (স্বতঃসিদ্ধ বলিয়া) ধরিয়া লওয়া ; To assume without proof :—*n.* স্বতঃসিদ্ধতা , স্বীকার্য্য বিষয় ; প্রমাণ ব্যতিরেকে স্বীকৃত পক্ষ ; জ্যামিতিক স্বীকৃত বিষয় , A position assumed as self-evident ; a self-evident ; problem. *Syn* :—(*n*) Supposition, hypothesis, assumption, theory.

Postulatory, *a.* বিনা প্রমাণে গ্রহণকারী বা গৃহীত ; Assuming or assumed without proof.

Posture, pos'tūr, *n.* [L. *positura*, from *ponere*, to place] স্থান ; Situation :—অবস্থা ; দশা ; State ; condition , attitude :—অঙ্গবিন্যাস ; ভাবভঙ্গী ; Gesture :—প্রকৃতি ; Disposition :—দেহবিন্যাস ; অঙ্গবিন্যাস , The position of the body :—*v. t.* বিশেষভাবে রাখা , বিশেষভাবে স্থাপন-কৃ ; To place in a particular manner. *Syn* :—(*n*) Position, pose ; condition.

Posture-master, *n.* One who teaches or practises artificial postures of the body.

Posy, pō'zi, *n.* শ্লোক , অঙ্গুরীয়ের খোদিত বাক্য ; A motto , an inscription on a ring ;—পুষ্পগুচ্ছ ; ফুলের তোড়া , A nosegay.

Pot, pot, *n.* ধাতুপাত্র ; A metallic vessel :—পান-পাত্র ; সুরাপাত্র ; A drinking vessel ; a vessel for liquors :—সুরাপাত্র ; গলাইবার পাত্র ; মুচি ; An earthen vessel for plants :—গাছের আধার ; The quantity in a plot :—*v. t.* পাত্রে রক্ষা করিয়া রাখা ; পাত্রে স্থাপিত-কৃ ; To preserve in pots.

A pot-companion—এক গেলাসের ইয়ার।

A pot-herb—খাদ্য শাক।

Go to pot—গোল্লায় যাওয়া ; ধ্বংসপ্রাপ্ত হইতে থাকা ; Go to ruin.

Keep the pot boiling—রান্নাবান্না বন্ধ না হয় অর্থাৎ খাওয়া দাওয়া চলিতে থাকে তাহারই উপযোগী অর্থোপার্জন-কৃ ; Earn just enough to maintain one's household :—রন্ধন-প্রণালী জানা ; Know how to cook food properly :—ভরণপোষণের আবশ্যক দ্রব্যাদি যোগান ; Keep in comfort.

The pot calls the kettle black—Said of a person who accuses another of facults committed by himself.

Potable, *a.* pō'tă-bl, *a.* [L. *poto*, to drink] পেয় ; পানীয় ; তরল ; Drinkable ; liquid :—*n.* পানীয় ; দ্রব্য ; পেয় দ্রব্য ; Something drinkable. *n*= potableness.

Potash, potash, *n.* ক্ষার বিশেষ ; কাষ্ঠভস্মের ক্ষার ; A powerful alkali obtained from the ashes of plants.

Nitrate of potash—যবক্ষার।

Potashed, *n.* ভগ্নপাত্রখণ্ড ; Fragment of a broken pot.

Potassium, *n.* পটাসের ধাতবিক মূল ; The metallic base of potash.

Potation, po-tāshun, *n.* [L. *poto*, to drink] পেয় পরিমাণ ; পানীয় ; A drinking :—পান ; A draught.

Potato, po-tāto, *n.* আলু ; An eatable root. *pl*= potatoes

Pot-boy, *n.* A boy who takes out pots from a public house.

Pot-bellied, *a.* লম্বোদর ; ভুঁড়েল ; Having a large belly.

Pot-companion, pot-kom-panyun, *n.* পান গোষ্ঠি সুহৃদ ; মদ্যপান সহচর ; Fellow-drinker.

Poteen, *n.* আয়র্লণ্ডদেশীয় মদিরা বিশেষ ; Irish whisky.

Potency, pō'ten-se, *n.* শক্তি ; ক্ষমতা, বল, বীর্য্য, The state of being potent ; power. *Syn* :—Strength, might, power, energy, sway, influence, authority, control.

Potent, pō'tent, *a.* [L. *potens*, *ppr.* of *posse*, to be able] বলবান ; বলিষ্ঠ ; ক্ষমতাপন্ন ; মহাপ্রভাবশালী ; Strong ; powerful. *n*=potency, potentness. *ad*= potently (প্রবলভাবে) । *Syn* :—Mighty, puissant, able, efficient, forcible, efficacious, cogent, influential.

Potentate, pō'ten-tāt, *n.* নরপতি ; রাজা ; সম্রাট্ ; A prince ; a sovereign.

Potential, po-tenshal, *a.* ফলদায়ক ; কার্য্যকর ; Efficacious :—সম্ভাবনাসূচক ; বাধ্যতাসূচক ; সম্ভাবনীয় ; Existing in possibility or obligation ; possible ; not in reality. *n*=potentiality (শক্যতা) । *ad*= potentially (সম্ভবতঃ) ।

Potentiate, *v. t.* কার্য্যক্ষম-কৃ ; To render active.

Pother, pother, *n.* ধূলিরাশি ; A cloud of dust :—কোলাহল ; গোলমাল, হাঙ্গামা ; Bustle ; stirs ; confusion :—*v. t.* বিরক্ত-কৃ ; ভক্ত-কৃ ; To puzzle ; to harass ; to perplex ; to tease :—*v. i.* গোলমাল-কৃ ; To make a pother.

Potherb, *n.* শাক ; An herb.

Pothook, *n.* অগ্নির উপর পাত্রাদি ঝুলাইবার কীলক ; A hook on which pots are hung over the fire :—হিজিবিজি লেখা ; A scrawled letter.

Pot-house, pothows, *n.* শুঁড়িখানা ; An ale-house ; a low drinking house.

Potion, pō'shun, *n.* [L. *poto*, to drink] ঔষধের মাত্রা ; A liquid medicine.

Pot-luck, potluk, *n.* দৈবাৎ লব্ধ ভোজন ; আগন্তুক ভোজন সামগ্রী ; ভোজনার্থে যাহা কিছু জুটিয়া উঠে ; A familiar term for taking chance for what may be for dinner, without a formal invitation.

Potmetal, *n.* এক প্রকার কাঁসা।

Pottage, potāj, *n.* ব্যঞ্জন বিশেষ ; সূপ বিশেষ ; A thick soup of meat and vegetables.

Potter, potėr, *n.* কুম্ভকার ; One whose occupation is to make pots :—*v. i.* সামান্য বিষয়ে ব্যস্ত হইয়া বেড়ান ; To be busily engaged about trifles. *n*= potterer.

Pottery, poteri, *n.* মৃৎপাত্রসমূহ ; মৃন্ময়পাত্র ; Earthenware pots or vessels :—কুম্ভকারশালা ; কুম্ভকারের কারখানা ; A place where pots are manufactured.

Pottle, potl, *n.* তরল দ্রব্যের পরিমাণ বিশেষ ; A measure of four points :—ঝুড়ি ; ফলের চুবড়ি ; A small basket for fruit.

Pot-valiant, *a.* মদ্যপান করিয়া সাহসী ; Courageous from drink.

Potwalloper, *n.* ইংলণ্ডের মতদাতা বিশেষ ; A voter in certain boroughs in England.

Pouch, powch, *n.* ছোট থলি ; A small bag :—জীবদেহস্থ থলি, জন্তুর থলি ; The bag or sack of an animal :—*v. t.* থলিতে রাখা ; থলির ভিতর রাখা ; To put into a pouch.

Poult, pōlt, *n.* কুক্কুট শাবক ; Chicken ; a little fowl.

Poulterer, *n.* কুক্কুটাদির প্রতিপালক ; পক্ষিব্যবসায়ী, One who deals in fowls.

Poultice, pōltis, *n.* পুল্টিস্, প্রলেপ ; Application for sores :—*v. t.* পুল্টিস্-দে ; পুল্টিস্ লাগান ; To dress with a poultice.

Poultry, pōltri, *n.* কুক্কুটাদি গৃহপালিত পক্ষী ; Domestic fowls.

Pounce, powns, *n.* শিকারী পক্ষীর থাবা ; কবলিকা ; The claw or talon of a bird of prey :—*v. i.* ছোঁ মারা ; ছোঁ মারিয়া ধরা ; সহসা বেগে ধাবিত-হ ; To fall and seize with the claws ; dart suddenly ; fall suddenly.

Pound, *n.* (পাউণ্ড) অর্দ্ধসের ; Weight of 12 oz troy or 16 oz avoirdupois :—২০ শিলিঙ্ মূল্যের মুদ্রা ; A sovereign or 20s :—খোঁয়াড় ; Pen for strayed cattle. an inclosure for strayed animals :—*v. t.* খোঁয়াড়ে বদ্ধ-কৃ ; To shut up or confine as strayed animals :—চূর্ণ-কৃ ; To pulverise ; to bruise :—আঘাত-কৃ ; To beat. *n*=pounder. *Syn* :—(*v*) Beat, bray ; bruise, triturate.

Pound of flesh—The exact terms of the agreement.

Poundage, powndāj, *n.* খোঁয়াড়ে রাখিবার ভাড়া ; খোঁয়াড়ের মাশুল ; A charge or fee for stray cattle :—প্রতি পাউণ্ডে দেয় অর্থ ; Rate per pound sterling ; a sum charged for each pound to throw with force.

Pounder, *n.* চূর্ণক যন্ত্র ; হামানদিস্তা ; নোড়া ; A pestle or beater.

Pound-foolish, *a.* বৃহৎ কৃপণ ; Neglecting the care of large sums in looking after small ones.

Pour, pōr, *v. t.* প্রবাহিত-কৃ ; ঢালা ; নিক্ষেপ-কৃ,

To cause to flow; to send forth :—*v. i.* ঝরা; নির্গত-হ; বহির্গত-হ; To flow; to issue forth :—বেগে ধাবিত-হ; To rush.

It never rains but it pours—প্রচুর পরিমাণে আইসা; অবিরাম বৃষ্টির ন্যায় আইসে; Whenever it rains, it rains in abundance; comes in profusion.

Pour oil on the troubled waters—বিবাদ ভঞ্জন-ক; To quiet a disturbed condition of affairs; to heal dissensions.

Pour out the vials of one's wrath—ক্রোধ প্রকাশ-ক; To express one's anger vehemently.

Pour water on a drowned mouse—মড়ার উপর খাঁড়ার ঘা, কাটা ঘায়ে নুনের ছিটে।

Pourtray—Same as Portray.

Pout, powt, *v. t.* ঠোঁট ফুলান; বিরক্তিভাব দেখান; To put or put out lips in contempt or displeasure; to look sulky; to protrude :—*n.* খিটখিটে ভাব, বিরক্তিভাব; রোষাবেশ; A fit of sullenness.

Pouter, *n.* যে ঠোঁট ফুলায়; One who pouts :—কপোত বিশেষ; A variety of pigeon.

Pouting, powting, *n.* ক্রোধ, ঠোঁট ফুলা; Childish sullenness.

Poutingly, *ad.* বিরক্তিভাবে; In a sullen manner.

Poverty, pov'er-te, *n* [L. *paupertas*, from *pauper*, poor] অভাব; দারিদ্র্য, দরিদ্রতা, Want, meanness; indigence :—দোষ; Defect. *Syn* :—Indigence, penury, beggary, necessity, pauperism, need, lack, scantiness, sparingness, meagreness, jejuneness.

Poverty-struck, Poverty-striken—অতি দরিদ্র; দৈন্যগ্রস্ত, ভাগ্যহীন, Very destitute in means.

Powder, pow'dėr, *n.* গুঁড়া; সূক্ষ্ম চূর্ণ, Any substance in fine particles :—বারুদ, Gun-powder, —চুলে মাখাইবার গুঁড়া, Hair-powder :—*v. i.* চূর্ণীকৃত-হ; চূর্ণ-হ; To crumble into powder, to become powder :—*v. t.* চূর্ণীকৃত-ক, গুঁড়া-ক, To reduce to powder :—লবণাক্ত-ক, To salt.

Powder and shot—Material for charging a gun for one shot —কোন কিছু প্রাপ্তির জন্য চেষ্টা পরিশ্রম ও অর্থ ব্যয়; The cost of obtaining any result.

Powdered, *a* চূর্ণীকৃত, Reduced to powder :—Sprinkled with powder :—লবণাক্ত, Salted

Powdery, pow'dėr-i, *a.* চূর্ণবৎ, গুড়াবৎ, Resembling or sprinkled with powder :—ধূলিময়, Dusty :—চূর্ণনীয়; Friable.

Power, pow'er, *n.* [*pouvoir*, from, L. *posse*, to be able] কার্য্য সম্পাদনের ক্ষমতা; শক্তি, Ability to act; ability to do something; capacity :—কর্তৃত্ব, Agency :—শাসন; Sway :—প্রভাব, Authority :—বল; শক্তি; Strength :—কার্য্যকরণ শক্তি, কল চালাইবার শক্তি; Moving force of an engine :—বেগ, Momentum :—রাজা, Sovereign :—রাজত্ব; Commonwealth or estate :—সৈন্যবল; Military force :—বীর্য্য; সামর্থ্য; Energy :—মানসিক শক্তি, Faculty of the mind :—সরল-করণ; Magnifying strength :—গণিতের শক্তি (ঘাত); The product of the continued multiplication of a quantity by itself any given number of times. *Syn* :—Might, force, strength, ability, competency, efficiancy, cogency, efficacy; faculty, gift, talent, endowment; rule, sway, control, authority, dominion, command, influence; ruler, governess, monarch, potentate; host, troop, army.

As far it lies in one's power—যথাসাধ্য।

Balance of power—বল সাম্য।

Horse power—An expression to denote the power of a steam engine—that is, how many horse's work it will accomplish

In power—পদস্থ; In office.

Power of attorney—মোক্তার নামা; Authority to act for another

Superhuman power—ঐশিক শক্তি।

The powers that be—শাসনকর্ত্তা; কর্তৃপক্ষ; যাহাদের হাতে আপাততঃ কর্তৃত্ব আছে; The rulers for the time being; superhuman agents—those who for the time being are in power or hold high offices in state.

To be under the power of another—পরের ক্ষমতার অধীন-হ।

To bring under one's power—করায়ত্ত-ক।

Powerful, pow'er-fool, *a.* বলশালী; ক্ষমতাপন্ন; শক্তিমান; ক্ষমতাবান, Full of power; mighty; strong :—অধিক; Intense :—ফলপ্রদ; কার্য্যকর; Forcible; efficacious. *ad*=powerfully. *n*=powerfulness. *Syn* :—Potent, puissant, active, energetic; able-bodied, robust, vigorous; cogent, efficacious, valid.

Powerful argument—প্রবল যুক্তি।

Powerless, pow'ėr-les. *a.* দুর্ব্বল, অক্ষম; শক্তিহীন; ক্ষমতাহীন, অসমর্থ, Weak; impotent. *ad*=powerlessly. *n*=powerlessness.

Powerloom, *n.* বাষ্প দ্বারা চালিত তাঁত; Loom worked by steam.

Power press, *n* বাষ্প দ্বারা চালিত ছাপার যন্ত্র, Printing press worked by steam.

Pox, poks, *n.* বসন্ত, ব্রণ; স্ফোটক, গুটি, Postules; an eruptive disease.

Chicken Pox—পানি বসন্ত।

Small Pox—ইচ্ছা বসন্ত।

Pow-wow, *n* জাদুকর; Wizard :—নৃত্য বিশেষ; An Indian dance :—জাদুগিরী, Sorcery

Practicability, *n.* সাধ্যত্ব; সাধ্যতা; সাধ্যাতিরিক্ততা; [illegible], The quality or state of being practicable

A man of bad principle—দুষ্টাচারী লোক।

A man of no principle—অব্যবস্থিতচিত্ত ব্যক্তি।

A man of principle—ধার্মিক লোক।

On principle—নিজের বা নিজের মতাবলম্বিদিগের বিশ্বাসানুযায়ী ; নিজের নিয়ম অনুসারে ; Fundamentally, according to the tenent, opinion, or belief one holds.

Principle of gravitation—মাধ্যাকর্ষণিক নিয়ম।
Prink, *v. t.* সজ্জিত করা ; সাজান ; To dress up.
Print, *n.* চিহ্ন ; অঙ্ক ; দাগ ; A mark :—মুদ্রাঙ্কন ; ছাপা ; The impression of types in general :—প্রতিরূপ ; A copy :—খোদাই ; A cut, in wood or metal ; an engraving :—সংবাদপত্র ; A newspaper :—অঙ্কিত বস্ত্র ; A printed cloth ; a fabric figured with impressed figures :—*v. t.* অঙ্কিত-কৃ ; চিহ্ন-কৃ ; To mark by pressure :—মুদ্রিত-কৃ ; ছাপা-কৃ ; মুদ্রাঙ্কিত-কৃ ; To impress with types :—প্রকাশ-কৃ ; প্রচার-কৃ ; To publish :—*v. i.* ছাপার ব্যবসা-কৃ ; ছাপা-কৃ ; To practise the art of printing :—পুস্তকাদি ছাপান ; To publish a book. *Syn* :—(*v*) Impress, imprint, engrave, stamp, mark, indent, trace.
Be out of print—ছাপা ফুরাইয়া যাওয়া ; (মুদ্রিত পুস্তক) নিঃশেষিত হইয়াছে ; অপ্রাপ্য হইয়াছে ; Applied to a book of which no more new copies are to be had for safe ; be no longer ready for sale by the publisher (the copies printed having been exhausted). [published.
In print—প্রকাশিত ; Issued from the press ;
Print off—ছাপা ; Work off on a press.
Printer, prinťér, *n.* মুদ্রাকারী ; মুদ্রাকর, One who prints, especially book, newspaper &c.
Printer's devil—ছাপাখানার শিক্ষা-নবীস ; The newest apprentice-lad in the press-room.
Printer's ink—ছাপার কালি ; Preparation of oil and lamp black.
Printing, prinťing, *n.* ছাপার কর্ম্ম বা বিদ্যা কিংবা ব্যবসায় ; মুদ্রাঙ্কন, ছাপা ; The act, art or practice of printing.
Printing house—ছাপাখানা। [used by printers.
Printing ink, *n.* ছাপার কালি ; মুদ্রামসী ; The ink
Printing-office, *n.* ছাপাখানা ; মুদ্রাশালা ; A place where the printing of books, newspapers or general printing is carried on.
Printing-paper—ছাপার কাগজ ; The kind of of paper generally used in printed books or newspapers and the like.
Printing press—মুদ্রাযন্ত্র।
Prior, pri'or, *a.* [L. *prior*, former] পূর্ব্ববর্ত্তী ; পূর্ব্বতন ; আগা ; Previous ; former, anterior, coming before in time :—*n.* মঠাধ্যক্ষ, মঠের প্রধান মোহন্ত ; The head of a monastery. *fem*=prioress. *Syn* :—(*a*) Antecedent, precedent, earlier, former, foregoing, anterior.
Priorate, pri'or-āt, **Priorship,** pri'or-ship, *n.* মঠাধ্যক্ষতা ; মোহন্তের শাসন বা কার্য্য ; The government or office of a prior.
Priority, pri-or'e-te, *n.* প্রাথমিকত্ব ; পূর্ব্ববর্ত্তিতা, অগ্রগণ্যতা ; Preference ; precedence ; the state of being first in time, place or rank. *Syn* :—Anteriority, antecedence ; precedence, pre-eminence, superiority.
Priory, pri'ō-re, *n.* মঠ ; আশ্রম, A religious house, under a prior or prioress, and next below an abbey. *Syn* :—Convent, monastery, abbey, cloister.
Prism, prizm, *n.* [Gr. *prizo*, to saw] পার্শ্বত্রয়-বিশিষ্ট স্বচ্ছ ঘন পদার্থ ; তিন-পলা কাচ ; কাচের কলম ; A solid, whose two ends are similar, equal, and parallel plane figures and whose sides are parallelograms ; solid glass with triangular ends.
Prismatic, priz-maťik, **Prismatical,** priz-maťi-kal, *a.* কাচবৎ বা সম্বন্ধীয় ; কাচ কলম গঠিত ; Resembling or pertaining to a prism ; formed by a prism. *ad*=prismatically.
Prismatic colours, *n.* কলম কাচের দ্বারা বিশ্লিষ্ট রঙ্ ; The colours into which a ray of light is decomposed in passing through a prism :—viz ; the three primary colours, red, yellow, blue and the secondary tints arising from their intermixture—orange, green, violet, indigo.
The prismatic compass—যে দিগ্দর্শন যন্ত্র দ্বারা সমতল-ক্ষেত্র কোণ পরিমিত হয়।
Prismoid, *n.* প্রেজমের আকারবিশিষ্ট পদার্থ বা ক্ষেত্র ; A body or figure in the form of a prisom.
Prison, prizn, *n.* [L. *prehensio*, a seizing] কারাগার ; জেল ; বন্দিশালা ; Goal :—*v. t.* কয়েদ-কৃ ; কারাবদ্ধ-কৃ ; To confine ; to captivate. *Syn* :—(*n*) Dungeon, bridewell.
Cast into prison—বন্দী-কৃ ; Imprison.
Prison-bird, *n.* বন্দী ; Prisoner.
Prisoner, prizn-ér, *n.* বন্দী, কয়েদী ; Captive ; one confined or arrested in prison.
Pristine, pristin, *a.* আদিম, প্রাথমিক ; Original ; former :—পুরাতন ; প্রাচীন ; পূর্ব্বকালীন, Old, ancient. *Syn* :—Original, first, primitive.
Prithee, *int.* অনুনয় করি ; বিনয় করি ; I pray thee.
Privacy, pri'vā-se, *n.* নির্জ্জনতা ; The state of being private :—নির্জ্জন স্থান ; নিভৃত স্থান ; A private place, retreat ; retirement :—গোপন ; Secrecy. *Syn* :—Solitude, seclusion, retreat ; secrecy, concealment.
Private, pri'vāt, *a.* [L. from *privus*, single] স্বকীয় ; নিজের ; নিজস্ব ; Peculiar to one's self :—নির্জ্জন, Secluded :—গুপ্ত ; গোপনীয় ; Secret :—সাধারণের অজ্ঞাত ; অপ্রকাশ্য ; Not public :—বে-সরকারী ; Not invested with public office :—*n.* সাধারণ সৈনিক ; A common soldier. *adv*=privately (গোপনে ; নির্জ্জনে)। *n*=privateness. *Syn* :—(*a*) Separate, retired, sequestered, solitary ; peculiar, personal ; privy, close, confidential. [publicly ; privately.
In private—অপ্রকাশ্যে ; গোপনে, Not openly or
Private act or statute—অসাধারণ বিধি ; In law, one which operates on a particular person or class of persons.
Private apartments—অন্তঃপুর।
Private parts—গুহ্যদেশ।
Private-way, *n.* অপরের জমির উপর হাঁটিবার অধিকার ; অন্য ব্যক্তির ভূমির উপর দিয়া চলাচল ও যাতায়াতের অধিকার ; Right of going over the land of another.
Woman's private property—স্ত্রীধন।
Privateer, pri-va-tēr, *n.* বিপক্ষের জাহাজ লুঠ করিবার জন্য রাজাদেশ প্রাপ্ত সশস্ত্র বে-সরকারী যুদ্ধজাহাজ ; An armed private vessel commissioned to seize and plunder an enemy's ships :—*v. i.* লুঠ করিবার জন্য উক্ত জাহাজে ভ্রমণ-কৃ ; To cruise in a privateer ; to fit out privateers.
Privation, pri-vāshun, *n.* কষ্ট ; ক্লেশ ; Desti-

tution ; hardship :—দীনতা ; অভাব ; Deprivation ; absence. *Syn* :—Loss, bereavement ; negation ; want, need, indigence.

Privative, priva-tiv, *a.* অভাবসূচক ; অভাবজনক ; অভাববিশিষ্ট ; Consisting in the absence of something :—*n.* যাহা অন্য কিছুর অসদ্ভাবের উপর নির্ভর করে ; That which depends on the absence of something else :—অভাবসূচক উপসর্গ ; হীনার্থক উপসর্গ ; নঞর্থক ; A prefix to a word which gives it a negative sense. *ad*=privately.

Privet, *n.* বৃক্ষ বিশেষ ; An ornamental shrub.

Privilege, prive-lej, *n.* বিশেষ সুবিধা ; বিশেষ অধিকার ; বিশেষ ক্ষমতা ; স্বত্ব ; A peculiar advantage ; a peculiar right ; prerogative :—*v. t.* বিশেষ অধিকার প্রদান-কৃ ; মুক্ত-কৃ ; অব্যাহতি-দে ; To grant a privilege ; to exempt. *Syn* :—(*n*) Prerogative, advantage, favour, franchise, immunity, liberty.

Personal privileges—শারীরিক অধিকার।

Privileged, *a.* বিশেষ অধিকারপ্রাপ্ত ; ক্ষমতাপ্রাপ্ত ; Endowed with privileges.

Privileged communication—যে সংবাদ গ্রাহক অপর কাহারও নিকট প্রকাশ করিতে পারে না।

Privily, privi-li, *ad.* গোপনে ; গুপ্তভাবে ; Secretly ; privately.

Privity, privi-ti, *n.* সম্মতিসূচক জ্ঞান, Joint knowledge ; knowledge implying concurrence : —*pl.* অপ্রকাশ্য অংশসমূহ ; Secret parts.

Privy, prive, *a.* গোপনীয় ; গুপ্ত ; গূঢ় ; Secret ; private :—গোপনে অভিজ্ঞ ; বিদিত ; জ্ঞাতসার ; Secretly cognisant :—*n.* শৌচস্থান ; পাইখানা ; A place of retirement ; a necessary house :—কার্য্যবিশেষে স্বার্থসংস্থ লোক ; A person having an interest in any action. *Syn* :—(*a*) Not open, clandestine ; private, personal, peculiar.

To be privy to—ভিতর ভিতর থাকা। [ber.

Privy-chamber—The king's private chamber.

Privy-council, privi-kown-sil, *n.* রাজসভা ; সচিব সভা ; খাস আদালত ; A private council of a sovereign to advise in the administration of government.

Privy-councillor, privi-kownsil-or, *n.* রাজসভাসচিব ; সচিব-সভার সভ্য ; A member of the privy-council.

Privy-purse, privi-purs, *n.* রাজার স্বকীয় ধন, রাজার খাস তহবিল ; The king's private purse.

Privy-seal or **signet,** privi-sel or sig'net, *n.* রাজমুদ্রা ; রাজার স্বকীয় মোহর, The seal used by or for the king in subordinate matters, or those which are not to pass the great seal.

Prize, priz, *n.* [F. *pris*, *pp.* of *prendre*, to take] পুরস্কার, পারিতোষিক ; A reward ; anything gained by competition :—লুটিখেলায় যে টাকা প্রাপ্ত হওয়া যায় ; লুঠিতে লব্ধদ্রব্য ; Money drawn by a lottery ticket :—বলপূর্ব্বক গৃহীত দ্রব্য ; Anything taken from an enemy in war :—যুদ্ধে গৃহীত জাহাজ ; যুদ্ধে লব্ধ জাহাজ ; A captured vessel :—*v t.* অত্যন্ত আদর-কৃ ; অত্যন্ত মূল্যবান জ্ঞান-কৃ ; To estimate highly ; to value highly :—মূল্য স্থির-কৃ ; দর কেনা ; To set a price on ; to rate. *Syn* :—(*n*) Trophy, laurels, guerdon, reward ; booty, spoil, plunder ; capture. (*v*) Rate, appraise ; appreciate, esteem, value, treasure.

A prize fight—বাজির দ্বন্দ্ব বা লড়াই।

Prize-agent—Agent appointed to receive for the captors the value of prizes condemned in the prize courts.

Prize-book, *n.* পারিতোষিকের পুস্তক ; A book given as a reward of merit to the pupil of a school.

Prize-court, priz'-kōrt, *n.* যুদ্ধে ধৃত জাহাজ সম্বন্ধীয় বিচারালয় ; A court having jurisdiction of all prizes made on the high seas ; a court for deciding on ships or slaves captured.

Prize-fighter, prizfit-ėr, *n.* মল্ল যোদ্ধা ; A blackguard who fights publicly for money ; a professed boxer who fights publicly for a prize. *n*=prize-fighting.

Prize-man—পারিতোষিক লাভকারী ; যে ব্যক্তি পারিতোষিক প্রাপ্ত হইয়াছে ; The winner of a prize.

Prize master *or* **office**—যে কর্মচারীর অধীনে শত্রু হইতে বলপূর্ব্বক গৃহীত জাহাজ রাখা হয় ; One put in command of a captured vessel.

Prize medal—পারিতোষিকের পদক।

Prize-money, priz'-muni, *n.* লুণ্ঠিত দ্রব্যের মূল্য যাহা জলযোদ্ধাদিগকে বণ্টন করিয়া দেওয়া হয় ; জয়লব্ধ ধন ; বিজয়লব্ধ ধনের অংশ ; A division of proceeds from a captured vessel &c, paid to the captors ; a dividend of the money or proceeds from any prizes taken from an enemy.

Prize-ring—আকড়া ; আখড়া ; যে বেষ্টিত স্থানে দ্বন্দ্বযুদ্ধ হয় ; The ring or enclosure for a prize fight usually spoken of, as the ring.

Pro, *pfx.* উপসর্গ বিশেষ :—*n.* পেশাদার ব্যক্তি ; A professional :—*ad.* অনুকূলে ; স্বপক্ষে ; For.

Pro and con—স্বপক্ষে ও বিপক্ষে।

Probability, prob-a-bile-te, *n.* সম্ভাবনা ; সম্ভব্য বিষয় ; Chance ; likelihood ; appearance of truth, something probable. *Syn* :—Verisimilitude, likeliness, credibleness, likelihood, presumption.

In all probability—নিঃসন্দেহে ; Most probably.

Probable, proba-bl, *a.* [L. *probabilis*, from *probare*, to try, prove] সম্ভবপর ; সম্ভব ; সম্ভবনীয় ; যাহা হইতে পারে ; Likely *ad*=probably. *Syn* :—Credible, reasonable, presumable.

Probably, *ad.* সম্ভবতঃ ; হয়ত ; Very likely.

Probate, prō'bāt, *n.* [L. *probatum*, proved] প্রমাণীকৃত ইচ্ছাপত্রের নকল ; আদালতে ইচ্ছাপত্রের প্রমাণ, The official copy of a will, with the certificate of its having been proved ; the official proof of a will.

Probation, pro-bāshun, *n.* পরীক্ষা ; Trial :—পরীক্ষাকাল ; শিক্ষানবিশির সময় ; Time of trial ; novitiate.

In probation—পরীক্ষাচ্ছলে, পরীক্ষার্থ।

Probational, pro-bāshun-al, **Probationary,** pro-bāshun-ar-i, *a.* পরীক্ষা সম্বন্ধীয় ; Relating to probation or trial :—পরীক্ষাস্থলীয় ; Serving for probation.

Probationer, pro-bāshun-ėr, *n.* শিক্ষানবিশ ; পরীক্ষাস্থলে নিযুক্ত ব্যক্তি ; One who is on probation or trial ; apprentice. *n*=probationship.

Probative, prŏ'ba-tiv, **Probatory**, prŏ'ba-tor-i, *a.* পরীক্ষাসাধক ; Serving for proof or trial :—প্রমাণ সম্বন্ধীয় ; Relating to proof.

Probe, prōb, *n.* [L. *probare*, to try] ক্ষতাদি পরীক্ষার্থ শলাকা ; সূচাগ্র ; An instrument for examining a wound :—*v. t.* শলাকা দিয়া পরীক্ষা-কৃ ; To examine with or as with a probe :—সম্পূর্ণভাবে পরীক্ষা-কৃ ; তন্ন তন্ন করিয়া দেখা ; To examine thoroughly. *Syn* :—(*n*) Search, explore, sound.

Probity, probe-te, *n.* [L. *probitas*, from *probus*, good] সততা ; সাধুতা ; সৌজন্য ; Honesty, uprightness. *Syn* :—Rectitude, goodness, righteousness, trustworthiness, sincerity, veracity, truthfulness, equity, fairness.

Problem, problem, *n.* [G. *problema*, from *proballein*, to throw or lay before] মীমাংসার্থ প্রশ্ন ; কঠিন বিষয় ; A matter difficult of solution or settlement, question ; subject :—সম্পাদ্য প্রতিজ্ঞা ; A geometrical proposition in which something is required to be done. *Syn* :—Enigma, puzzle ; moot point.

Problematic, pro-lem-atik, **Problematical**, prob-lem-atik-al, *a.* অনিশ্চিত ; অনির্ণয়াত্মক , সন্দেহযুক্ত , Questionable ; doubtful. *Syn* :—Uncertain, unsettled, disputable, dubious.

Proboscis, pro-bosis, *n.* [Gr. *pro*, in front, *bosko*, to feed] হস্তীর শুণ্ড ; শুঁড় ; A elephant's trunk ; snout.

Procedure, prō-sēd'ūr, *n.* কার্য্য-প্রণালী ; Process ; progress :—ব্যবহার ; আচরণ ; Conduct. *Syn* :—Practice, management, course ; act, transaction, action, deed, step, proceeding.

Proceed, prō-sēd, *v. i* [L. *pro*, forward, and *cedere*, to move] অগ্রসর-হ , To advance —উৎপন্ন-হ ; To arise , to be produced :—চলা ; ক্রমাগত করিতে থাকা , To go on :—নির্গত-হ ; To issue .—মোকদ্দমা চালান ; To prosecute. *Syn* :—Progress, issue, emanate.

To proceed against—বিরুদ্ধে অভিযোগ-কৃ ।

Proceeding, pro-sēding, *n.* কার্য্য ; উপায় , Action ; transaction ; operation ; step :—কার্য্য-প্রণালী ; Procedure ; progress. *Syn* :—Advance, movement ; measure, step, process , conduct.

Proceeds, prō'sēdz, *n. pl.* আয় ; Income ; money arising out of a comercial transaction ; rent :—উৎপত্তি ; ফল ; মূল্য ; Produce. *Syn* :—Produce, products, yield, receipts, returns.

Process, proses, *n.* ক্রমিকগতি , পরম্পরা ; ক্রমোন্নতি ; Advance ; gradual progress , course —কার্য্য-প্রক্রিয়া ; Operation :—মোকদ্দমার আনুপূর্ব্বিক কার্য্য-প্রণালী ; Proceedings in a lawsuit :—অস্থির উন্নতাংশ ; A projection of a bone. *Syn* :—Course, procedure, proceeding, action, performance , step, measure, transaction ; suit, trial, case.

In process—আরব্ধ ; In the condition of advance or accomplishment , begun but not completed.

In process of time—কালক্রমে ; 'গচ্ছতা কালেন' ।

Process-server, *n.* চৌকিদার ; Bailiff.

Summary process—সরাসরি বিচার ।

Procession, prō-seshun, *n.* যাত্রা ; গমন ; Proceeding ; issuing forth :—বহুজনের একত্রে গমন , লোকশ্রেণী ; সমারোহ ; A train of persons in a formal march. *a*=processional. *Syn* :—March, advance ; train, retinue, file, march, cavalcade.

Processional, *a.* যাত্রাঘটিত ; Consting in a procession :—*n.* ধর্ম্মের বিধিগ্রন্থ বিশেষ ; A book relating to processions of the Roman Catholic Church.

Proclaim, prō-klām, *v. t.* [L. *pro*, before, and *clamere*, to cry out] ঘোষণা-কৃ , রটনা-কৃ ; প্রচার-কৃ ; To announce officially ; to publish ; to call or cry out :—প্রদর্শন-কৃ ; জানান ; To show. *Syn* :—Announce, publish, promulgate, declare.

Proclaim on the house top—প্রচার-কৃ ; To proclaim or make known to every one.

Proclamation, prok-la-māshun, *n.* ঘোষণাপত্র ; প্রচার ; ঘটনা ; সরকারী বিজ্ঞাপন ; ইস্তেহার ; Official notice given to the public. *Syn* :—Announement, publication, promulgation ; declaration, edict, ordinance, decree, ban.

Proclivity, prō-klive-te, *n.* [L. *proclivitas*, from *proclivis*, sloping, inclined] প্রবৃত্তি ; প্রবণতা ; শীলতা , স্বাভাবিক ইচ্ছা ; তৎপরতা ; Tendency ; inclination ; aptitude ; readiness. *Syn* :—Propensity, proneness, disposition, bias, bent.

Proconsul, pro-konsul, *n.* প্রাদেশিক শাসনকর্ত্তা ; The governor of a province. *a*=proconsular.

Proconsular, *a.* শাসনকর্ত্তা সম্বন্ধীয় বা তাঁহার শাসনাধীন ; Pertaining to, or under the government of, a proconsul.

Proconsulate, pro-konsū-lāt, **Proconsulship**, *n.* pro-konsūl-ship, *n.* শাসনকর্ত্তার পদ ; শাসনকর্ত্তার কার্য্যকাল ; The office or term of office of a proconsul.

Procrastinate, prō-kraste-nāt, *v t.* [L. *pro*, forward, and *crastinus*, of to-morrow] বিলম্ব-কৃ ; কালক্ষেপ-কৃ ; দেরী-কৃ , To postpone ; to differ ; to put off :—*v. i.* বিলম্ব-হ ; To delay. *n*=procrastinator. *Syn* :—Adjourn, defer, delay.

Procrastination, pro-kras-ti-nāshun, *n.* বিলম্ব ; চিরকারিতা ; দীর্ঘসূত্রতা ; Dilatoriness.

Procreate, prō'krē-āt, *v t.* [L. *pro*, forth, and *creare*, to create] উৎপাদন-কৃ ; জন্ম-দে ; To generate ; to propagate. *Syn* :—Beget, engender, breed, produce.

Procreation, pro-kre-āshun, *n.* উৎপাদন ; জননক্রিয়া , Generation ; production.

Procreative, prō'kre-ā-tiv, *a.* উৎপাদনক্ষম ; উৎপাদনকারী ; উৎপাদনশীল , জননক্ষম ; Generative ; productive. *n*=procreativeness.

Procreative power—জনন-শক্তি ।

Procreator, prō'kre-ā-tor, *n.* পিতা ; জনক ; জন্মদাতা , A father,

Procrustean, pro-krustе-an, *a.* বলপূর্ব্বক আদর্শ বিশেষের অনুরূপকারী ; Reducing by violence to strict conformity to a measure or model.

Procrustes, pro-kurstez, *n.* প্রাচীন গ্রীসের দস্যু ; A highway man of ancient Greece, who laid his victims on his bed, stretching them if too short and cutting them shorter if too long.

Proctor, proktor, *n.* কার্য্যাধ্যক্ষ , A manager for another :—আধ্যাত্মিক বিষয়ের বিচারালয়ের মোক্তার ; An attorney in an admirality or spiritual

court :—বিদ্যালয়ের নীতিশিক্ষক বিশেষ ; An officer, who attends to the morals of the students and enforces obedience to the college regulations. *a*=proctorial, *n*=proctorship.

Proctorial, *a.* প্রভুত্বাত্মক ; Magisterial.

Procumbent, *a.* ধরাশায়িত ; ভূপাতিত ; ভূ-শয়ান ; Trailing.

Procurable, pro-kūr'-a-bl, *a.* প্রাপনীয় , সংগ্রহণীয় ; প্রাপ্য ; That may be procured.

Procuration, *n.* সংগ্রহ ; Procurement :—অন্যের বিষয়-কার্য্য পরিচালন ; The management of another's affairs.

Procurator, prokūr-ā-tor, *n.* রোমের শাসনকর্তা ; A governor of a province under the Roman emperors :—প্রতিনিধি ; কার্য্যাধ্যক্ষ ; Agent ; one who manages another's affairs.

Procure, prō-kūr', *v. t.* [L. *pro*, for, and *curare*, to take care] প্রাপ্ত-হ ; উপার্জ্জন-কৃ ; সংগ্রহ-কৃ ; ঘটান ; To obtain ; to gain ; to acquire. *n*=prōcuratorship. *Syn* :—Get, win, earn, achieve, provide, furnish ; contrive, compass.

Procurement, prō-kūr'ment, *n.* আনয়ন ; সংগ্রহ ; প্রাপ্তি ; কার্য্য পরিচালন ; The act of procuring ; bringing ; management.

Procurer, pro-kūr'ėr, *n.* কোটনা , প্রাপক ; সংঘটক ; রমণদূত ; A pimp , a pander *fem*=procuress.

Prodigal, prod'e-gal, *a.* [L. *prodigus*, from *prodigere*, to squander away] অপব্যয়ী , অমিতব্যয়ী ; অপচয়ী ; Wasteful ; lavish :—অপরিমিত ; Profuse :—*n.* অপচয়ী ব্যক্তি ; উড়নচণ্ডে , A spendthrift ; waster. *ad*=prodigally. *Syn* :—Profuse, lavish, reckless, immoderate ; excessive.

Prodigality, *n.* অপব্যয় ; অমিতব্যয়িতা ; Waste ; extravagance ; profusion.

Prodigious, prō-dije-us, *a.* [L. *prodigiosus*, from *prodigium*, a prodigy] আশ্চর্য্যজনক ; অত্যদ্ভুত ; বিস্ময়কর ; Astonishing ; marvelous :—প্রকাণ্ড ; অতি বৃহৎ ; Enormous ; monstrous. *n*=prodigiousness (বিশালতা) । *ad*=prodigiously (আশ্চর্য্যরূপে , অদ্ভুতরূপে) । *Syn* :—Portentous, amazing, wonderful, extraordinary, marvellous ; huge, enormous.

Prodigy, prod'e-je, *n.* [L. *prodigium*, from *prodicere*, to foretell] উৎপাত ; Portent :—অদ্ভুত ব্যাপার ; তাজ্জব ; অত্যাশ্চর্য্য ঘটনা ; Wonder ; miracle ; marvel :—দৈত্য ; দানব ; Monster.

A prodigy of learning—অসাধারণ পণ্ডিত ।

Prodigies of valour—অসাধারণ বীরত্ব ; Uncommon deeds of bravery.

Produce, prō-dūs', *v t.* [L. *pro*, forward, forth, and *ducere*, to lead] উপস্থিত-কৃ ; হাজির-কৃ ; To bring forward :—উৎপাদন-কৃ ; To bring forth ; bear :—প্রসব-কৃ ; দেওয়া ; To yield :—সংঘটন-কৃ ; উৎপাদন-কৃ ; To cause :—বৃদ্ধি-কৃ , To extend ; to draw out. *n*=producer (উৎপাদক) । *Syn* :—Exhibit, show, offer ; beget, procreate, engender, breed ; make, originate, effect, create , furnish, give, afford, impart, render ; extend, prolong ; protract, lengthen.

Produce, prod'ūs, *n.* ফল ; উৎপত্তি ; লাভ ; That which is produced ; product :—আয় ; Proceeds. *Syn* :—Fruit, returns, issue, production, result, effect, consequence.

Producible, pro-dūsi-bl, *a.* উৎপাদনীয় ; বর্দ্ধনীয় ; That may be generated, extended, or made. *n*=producibleness.

Product, prod'ukt, *n.* উৎপন্ন দ্রব্য ; Produce :—রচনা ; Composition :—কার্য্য ; কর্ম্ম ; Work ; effect :—(অঙ্কে) গুণফল ; In arithmetic, the result of numbers multiplied together. *Syn* :—Yield, proceeds, returns ; result, effect, production, fruit, performance.

Production, pro-duk'shun, *n.* উৎপাদন ; The act of producing :—প্রদর্শন ; Exhibition :—ফল ; উৎপন্ন দ্রব্য ; উৎপত্তি ; Produce ; product ; fruit :—কর্ম্ম ; কার্য্য ; Work.

Productive, prō-duktiv, *a.* উৎপাদনক্ষম ; প্রসূ ; উৎপাদক ; জননক্ষম ; উৎপাদনশীল , Generative :—উর্ব্বর ; Fertile :—ফলোৎপাদক ; ফলদায়ক ; Efficient. *ad*=productively. *n*=poductiveness. *Syn* :—Fruitful, generative, prolific.

Proem, prō'em, *n.* [L. *pro*, before, and *oimos*, a way] ভূমিকা ; মুখবন্ধ ; A preface ; a prelude. *a*=proemial.

Profanation, *n.* অপবিত্র করণ ; দূষণ ; Desecration ; pollution.

Profane, prō-fān, *a.* [L. *profanus*, without the temple] অপবিত্র ; অপূত , অধার্ম্মিক , ঈশ্বর-নিন্দুক ; Unholy ; impious ; impure ; blasphemous :—লৌকিক , Seculer :—*v. t.* অপবিত্র-কৃ ; অপব্যবহার-কৃ ; To abuse anything sacred ; to pollute ; to debase. *n*=profaner, profaneness (অপবিত্রতা) । *ad*=profanely (অপবিত্রভাবে) । *Syn* :—(*n*) Unsanctified, unconsecrated, temporal, unhallowed, impure, polluted ; sacrilegious, irreligious, wicked, godless, blasphemous ; common, unclean, polluted ; heathenish, idolatrous.

Profane history—The history of nations in general, called also civil history.

Profanity, prō-fane-te, *n.* ধর্ম্মে অশ্রদ্ধা , অপবিত্র ভাব ; Irreverence :—ঈশ্বর-নিন্দা , Profane language ; blasphemy. *Syn* :—Impiety, profaneness.

Profess, prō-fes, *v. t.* [L. *pro*, before, and *fateri*, to own] প্রকাশ্যে ব্যক্ত-কৃ , মুক্তকণ্ঠে স্বীকার-কৃ , To avow publicly ; to make open declaration of ; to own freely .—ভাণ-কৃ ; To pretend : —দক্ষতা প্রকাশ-কৃ , To proclaim one's skill in. *Syn* :—Acknowledge ; confess, own, affirm, allege, declare.

Profess a religion—কোন ধর্ম্মাবলম্বী বলিয়া পরিচয় দে ।

Profess friendship—আত্মীয়তা জানান ।

To profess medicine—চিকিৎসা ব্যবসায়-কৃ ।

Professed, pro-fest', *a.* মুক্তকণ্ঠে অঙ্গীকৃত ; প্রকাশিত ; প্রকাশ্য ; Openly declared ; avowed ; acknowledged. *ad*=professedly (প্রকাশ্যভাবে) ।

Profession, prō-feshun, *n.* স্বমত প্রকাশ ; প্রকাশ্যে প্রচার ; স্পষ্ট অভিব্যক্তি , Open declaration ; the act of professing :—ব্যবসায় ; কর্ম্ম ; পেশা ; Trade ; calling :—ব্যবসায়ী সম্প্রদায় ; ব্যবসায়ী লোক ; The collective body of persons engaged in profession :—বিশ্বাস ; Religious belief :—ধর্ম্মসমাজ বিশেষে প্রবেশ ; Entrance into a religious order. *a*=professional. *Syn* :—Acknowledgment ; employment, vocation, occupation, business.

By profession—ব্যবসায়ে ; By occupation, according to the occupation which one follows.

Learned Profession—Law, divinity, medicine, to which may be added that of a teacher or school master.

Professional, *a.* ব্যবসায়-সম্বন্ধীয়; ব্যবসায়ী, পেশাদার; Pertaining a profession :—স্পষ্ট স্বীকৃত, Avowed —*n.* জীবিকার্জনার্থ ব্যবসায় বিশেষাবলম্বী, One who, unlike an amateur, follows any profession as a regular occupation. *ad*=professionally.

Professor, pro-fesor, *n* অধ্যাপক; আচার্য্য, পণ্ডিত, Public teacher of a science or art; one who publicly teaches any branch of learning *a*=professorial, *n*=professorship.

Proffer, prof'er, *v. t* [L. *proferre*, to bring forth] প্রস্তাব-কৃ, দিতে চাওয়া, To propose, to offer for acceptance, to make an offer of —*n* দান-প্রসঙ্গ, প্রস্তাব, An offer made, a proposal. *n*=profferer. *Syn* —(*t*) Propound

Proficience, pro-fish-ens, **Proficiency,** prō-fishe-en-se, *n* উন্নতি, ব্যুৎপত্তি, সংস্কার, Improvement in anything.—পারদর্শিতা, Adeptness *Syn* —Advancement, progress, skill, dexterity mastery, accomplishment

Proficient, prō fishe ent, *a.* ব্যুৎপন্ন, বিচক্ষণ, সংস্কারাপন্ন, Well-qualified, competent —*n* বিচক্ষণ ব্যক্তি, পারদর্শী লোক, ওস্তাদ, One who has made advancement in any thing, an adept *Syn* —(*a*) Skilled, skilful, versed, conversant, qualified. expert, trained, accomplished

Profile, prō fil, *n.* [L. *pro*, and *filum* a thread, outline] একরোখা ছায়, এক পার্শ্বে প্রদর্শিত চিত্র, বাহ্যাকার, The outline of any object the side-face —*v. t* পার্শ্ব হইতে নক্সা-কৃ, To draw the outline of, to draw profile

Profit, prof'it, *n.* [L. *profectus*, advance] মুনাফা, লাভ, Gain —সুফল, উপকার, Benifit, improvement —*v t* লাভ-কৃ; ফলদায়ক-কৃ To improve, to be of advantage —*v i* লাভবান-হ, উন্নতি-কৃ, To gain advantage, to receive profit, to improve. *Syn* —Advantage interest, service, utility, produce returns, avails

Profit and loss—লাভ লোকসান।

Profit by—লাভ-কৃ, To make improvement by, to gain advantage by, derive advantage from —Avail oneself of —Grow wiser by

Profitable, prof'it-a-bl, *a* লাভজনক, ফলোপধায়ক, Gainful, lucrative —উপকারী, মঙ্গলকর, হিতকর; Useful, advantageous, beneficial *n* profitableness. *ad*=profitably. *Syn* —Remunerative, beneficial, productive, serviceable

Profiting, *n* লাভ বা উপকার, Gain or advantage —উন্নতি বা পারদর্শিতা; Progress or proficiency

Profitless, prof'it-les, *a* লাভশূন্য, লাভহীন, নিষ্ফল, Without profit, gain or advantage. *ad*=profitlessly, *n*=profitlessness

Profligacy, prof'li-gas-i, **Profligateness,** prof'li-gāt-ness, *n* লাম্পট্য, ভ্রষ্টতা, দুশ্চরিত্রতা, A profligate or vicious course of life.

Profligate, prof'le-gāt, *a.* [L. *profligatus*, *ppr.* of *profligare*, to strike to the ground] লম্পট; দুশ্চরিত্র, ভ্রষ্ট; Dissolute, prodigal —অসাধু, নির্লজ্জ, Extremely vicious :—*n.* লম্পট ব্যক্তি, দুশ্চরিত্র ব্যক্তি, One leading a profligate life. *ad*=profligately. *Syn* :—(*a*) Corrupt, depraved, vicious, wicked.

Profound, prō-found', *a.* [L. *pro*, before, forward, and *fundus*, the bottom] গভীর; অগাধ; Very deep :—অতি গভীর; প্রগাঢ়; Intellectually deep.—নিগূঢ়; গূঢ় রহস্য; Abstruse, mysterious; occult :—বিনীত, স্থবির; পরম, Lowly; intense :—*n.* সমুদ্র, মহাসাগর; The sea; ocean. *Syn* :—(*a*) Fathomless, lowly, humble; learned, penetrating, sagacious, strong, intense, vivid; obscure.

Profound sleep—গাঢ় নিদ্রা।

Profound sorrow—গাঢ় শোক।

Profoundly, *ad.* গভীররূপে; গভীরভাবে; Deeply; with deep concern.

Profoundness, pro-fownd'nes, **Profundity,** pro-fund'it-i, *n* গভীরতা, Depth of place :—প্রগাঢ়তা, গাঢ়তা, Intellectual depth :—নিগূঢ়তা, Abstruseness

Profuse, prō-fūs', *a.* মুক্তহস্ত; অমিতব্যয়ী; দানশীল; অকুণ্ঠ দাত, Prodigal; liberal to excess; very liberal —প্রচুর Copious abundant. *ad*=profusely (ভূরি, অকুণ্ঠদাতৃতাপূর্ব্বক)। *Syn* —Lavish, wasteful extravagant, diffuse, excessive, exuberant, overabounding, plentiful.

Profuseness, pro-fūsnes, **Profusion,** prō-fū'zhun, *n* প্রাচুর্য্য, Rich, great abundance —মুক্তহস্ততা, অমিতব্যয়িতা, অপচয়িতা, Extravagance, prodigality *Syn* —Profuseness, waste, excess, exuberance, copiousness.

Progenitor, pro-jen-it-or, *n* [L *pro*, before, and *genitor*, a parent] পূর্ব্ব পুরুষ, আদি পুরুষ; A forefather an ancestor.

Progeny, proj'en-i, *n.* [L *pro*, and *gignere*, to beget] সন্তান সন্ততি, সন্তান পরম্পরা, Descendants, children —বংশ, Race *Syn* :—Offspring, race, issue, breed, stock, lineage.

Prognosis, prog-nō'sis, *n.* [Gr *pro*, before, *gignosko*, to know] লক্ষণ দেখিয়া রোগের ভাবী অবস্থা নিরূপণ করিবার বিদ্যা, পূর্ব্বজ্ঞান; রোগের গতি বা পরিণাম সম্বন্ধে অনুমান, The act or art of foretelling the course of a disease from the particular symptoms.

Prognostic, prog-nos'tik, *a.* পূর্ব্বসূচক; ভাবি শুভাশুভ ফলসূচক, Foreshowing —*n* শকুন, Omen —ভাবি লক্ষণ; পূর্ব্ব সূচনা, An indication.

Prognosticate, prog-nos tik-āt, *v t* ভাবিশুভাশুভ সূচনা-কৃ, ভবিষ্যৎ বলা, ভাবী ঘটনার জ্ঞাপন-কৃ, To foretell, to forebode *Syn* —Foretoken, betoken, presage, predict.

Prognostication, prog-nos-ti-kā'shun, *n* পূর্ব্বলক্ষণ, পূর্ব্বনিদর্শন, A foretoken, previous sign.

Prognosticator, prog-nos'ti-kā-tor, *n.* শুভাশুভ লক্ষণবিৎ, লক্ষণ দ্বারা ভাবিবিষয়জ্ঞ ব্যক্তি, A weather prophet

Program, prō'gram, **Programme,** programme, *n.* [Gr *pro*, before, and *grapho*, to write] সাধারণ কোন কার্য্যের সংক্ষিপ্ত বিবরণ পত্র, কাজকর্ম্মের নির্দিষ্ট পত্র বা বিজ্ঞাপন; A written public notice, a brief outline of any forthcoming proceeding

Progress, prog'res, *n*, [L. *progressus*, from

progredi, to go forward] ক্রমশঃ উন্নতি ; উন্নতি ; Improvement :—যাত্রা ; March ; passage :—বৃদ্ধি ; Increase ; growth :—পুরোবর্ত্তন ; প্রয়াণ ; অগ্রগমন ; অগ্রগতি ; Advance :—পারদর্শিতা ; Proficiency :—ভ্রমণ ; Course :—পরিভ্রমণ ; A circuit :—*v. i.* অগ্রসর-হ ; চলিতে থাকা ; চলা ; অগ্রে গমন-কৃ ; To go forward ; to proceed :—উন্নতি-কৃ ; To advance ; to improve. *Syn* :—Advancement, proficiency ; journey, circuit.

Progression, pro-greshun, *n.* ক্রম বৃদ্ধি ; Regular and gradual advance :—অগ্রগতি ; গতি ; অগ্রে গমন ; The act of moving forward ; progress ; course :—সংখ্যাদির নিয়মিত বৃদ্ধি বা হ্রাস ; শ্রেঢ়ী-ব্যবহার ; Regular increase or decrease of numbers or magnitudes. *a*=progressional.

Arithmetical progression—সমান্তর শ্রেঢ়ী।

Geometrical progression—গুণোত্তর শ্রেঢ়ী।

Progressive, pro-gresiv, *a.* উন্নতিশীল ; অগ্রগামী ; ক্রমশ বর্দ্ধিষ্ণু ; Advancing gradually ; improving. *ad*=progressively, progressiveness.

Prohibit, prō-hibit, *v. t.* [L. *pro*, before, forth, and *habere*, to have] নিষেধ-কৃ , নিবারণ-কৃ ; প্রতিরোধ-কৃ , To forbid ; to hinder , to check ; to prevent. *Syn* :—Inhibit, disallow, interdict ; debar, preclude.

Prohibited, *a.* নিষিদ্ধ ; Forbidded.

Prohibition, prō-he-bishun, *n.* নিষেধ ; নিবারণ ; প্রতিষেধ ; The act of forbidding or interdicting ; an interdict. *Syn* :—Interdiction, inhibition, disallowance, prevention.

Prohibitionist, *n.* Advocate for exclusion [of goods.

Prohibitive, prō-hibit-iv, **Prohibitory**, pro-hibit-or-i, *a.* নিবারক ; নিষেধক ; নিষেধকারী ; প্রতিরোধক ; Forbidding.

Project, prō-jekt, *v. t.* [L. *pro*, forward, and *jacere*, to throw] নিক্ষেপ-কৃ ; বাড়ান , To throw out :—কল্পনা-কৃ ; উদ্ভাবন-কৃ , মতলব-কৃ ; To devise ; to plan :—অঙ্কন-কৃ , প্রদর্শন-কৃ ; To draw ; to exhibit :—*v. i.* বহির্গত-হ ; উন্নত-হ ; লম্বমান-হ ; To shoot forward , to jut ; to be prominent :—*n.* কল্পনা , মতলব ; অভিপ্রায় ; কৌশল ; A scheme ; a plan ; contrivance. *Syn* :—(*v*) Throw, hurl, dart , contrive, scheme, purpose , design, delineate , bulge, protrude. (*n*) Purpose, contrivance, device, design.

Projectile, pro-jektil, *a.* প্রক্ষিপ্ত ; Projecting or throwing forward , impelling forward , impelled forward :—*n.* প্রক্ষিপ্ত বস্তু , A body projected by force ; esp. through the air.

Projection, prō-jekshun, *n.* প্রক্ষেপণ ; Act of projecting :—কল্পনা ; মতলব , A plan, a design :—চিত্রাঙ্কন ; চিত্র ; A representation of any object or a plan :—উন্নত অংশ ; A part jutting out. *Syn* :—Propulsion, hurling ; prominence, protuberance, bulge, process ; planning, designing, contriving ; delineation, map.

Projector, pro-jektor, *n.* কল্পনাকারী ; Schemer.

Prolate, prō'lāt, *a.* [L. *pro*, forth, and *fero*, to bear] প্রসারিত ; বিস্তৃত ; Produced ; extended.

Prolegomenon, *n.* মুখবন্ধ ; উপক্রমণিকা ; An introduction to a treatise. *pl*=prolegomena.

Prolepsis, *n.* পূর্ব্ব বোধ ; Anticipation :—অলঙ্কার বিশেষ ; A rhetorical figure. *a*=proleptic, proleptical ; *ad*=proleptically.

Proletarian, pro-le-tāri-an, *a.* সামান্য ; নীচ ; ইতর ; অধম ; Plebian ; vulgar.

Proletariat, *a.* নিম্নতম শ্রেণীর লোক ; The lowest [class of people.

Prolific, prō-lif'ik, **Prolifical**, pro-lif'ik-al, *a.* [L., *proles*, offspring, and *facere*, to make] ফলবান ; ফলপ্রদ ; ফলপ্রসূ , ফলশালী ; উৎপাদক ; Fruitful ; productive. *n*=prolificness (উৎপাদকতা ; fruitfulness). *Syn* :—Fertile, generative, teeming.

Prolix, pro-liks, *a.* [L. *prolixus*, extended] দীর্ঘ ; বহুব্যাপক ; সুবিস্তর ; Tedious, lengthy ; long. *n*=prolixity, prolixness, *ad*=prolixly. *Syn* :—Diffuse, prolonged ; tiresome, wearisome.

Prolocutor, pro-lukū-tor, *n.* [L. *pro*, before, and *locutus*, to speak] সভাপতি ; The chairman of a convention.

Prologue, prō'log, *n.* [G. *prologein*, to say beforehand] প্রস্তাবনা ; পূর্ব্বাভাস ; গৌরচন্দ্রিকা ; A preface ; the introductory poem before a play. *Syn* :—Prelude, proem.

Prolong, prō-long, *v. t.* [L. *pro*, before, and *longus*, long] বিলম্ব-কৃ ; প্রবর্দ্ধিত-কৃ ; To continue ; to postpone. *Syn* :—Extend, protract.

Prolongate, pro-lon'gāt, *v. t.* বৃদ্ধি-কৃ ; দীর্ঘ-কৃ ; প্রবর্দ্ধিত-কৃ ; To lengthen. *n*=prolongation.

Promenade, prom-e-nād', *n.* [L. *pro*, forwards, and *mino*, to drive] বিহার-স্থান ; বেড়াইবার পথ ; বিহার-ভূমি ; ব্যায়ামার্থ ভ্রমণ ; A walk for amuzement, show or exercise ; a place for walking :—*v. i.* বিহার-কৃ ; ব্যায়ামার্থ ভ্রমণ-কৃ ; To work for amusement or exercise.

Promethean, pro-me-the-an, *a.* জীবনদাতা-প্রমীথেয়স্ দেব-সংক্রান্ত , জীবনদায়ী ; Pertaining to Prometheus, fabled in ancient mythology to have stolen fire from heaven.

Prometheus—Is said to have formed men of clay, to whom he gave life by means of fire stolen from heaven ; at which Jupiter being offended sent Mercurry to bind him on mount Cocsus, and placed a vulture to torment him by continually preing on his liver.

Prominence, prome-nens, *n.* উচ্চতা ; স্পষ্টতা ; উৎসেধ ; স্ফীততা ; State of standing out from. *Syn* :—Projection, bulge, jutting ; process ; conspicuousness, distinction, celebrity.

Prominent, prome-nent, *a.* [L. *prominens*, *ppr.* of *prominere*, to jut out] সমুন্নত ; উন্নত ; উত্থিত ; Projecting ; conspicuous :—বিখ্যাত ; প্রসিদ্ধ ; খ্যাত ; Eminent ; distinguished. *n*=prominence, prominency, *ad*=prominently (সবিশেষ রূপে ; সুপ্রকাশিতভাবে)। *Syn* :—Protuberant, jutting, remarkable, emiment, foremost, forward.

Promiscuous, prō-miskū-us, *a.* [L. *pro*, and *miscere*, to mix] মিশ্রিত ; বিশৃঙ্খল ; এলোমেলো ; Mingled ; confused ; indiscriminate. *n*=promiscuousness (বিমিশ্রতা ; ব্যবস্থা-রাহিত্য)। *ad*=promiscuously (অভেদপূর্ব্বক , ব্যক্তি-নির্বিশেষে)। *Syn* :—Mingled, huddled, disordered.

Promise, promis, *n.* [L. *pro*, forward, forth, and *mittere*, to send] অঙ্গীকার ; স্বীকার , প্রতিজ্ঞা ; An engagement to do or to refrain from doing

something ; a pledge :—আশা, আশাদবাক্য ; আশাদান ; Expectation ; that which affords expectation ; prospect :—*v. t.* অঙ্গীকার-কৃ ; স্বীকার-কৃ ; To make an engagement to do or not to do something :—আশা-দে ; দিতে প্রতিশ্রুত-হ ; To afford reason to expect ; to furnish hopes ; to assure ; to engage ; to bestow. *n*=promiser, promisor. *Syn* :—(*n*) Pledge, engagement, assurance, word. (*v*) Assure, engage, pledge, covenant.

A youth of promise—A promising youth ; a youth from whom much is expected.

Promise one's self—প্রতিজ্ঞা-কৃ ; স্থির-কৃ ; সম্পূর্ণ বিশ্বাস-কৃ ; To be assured ; to have strong confidence.

The plan promises to be successful—বোধ হইতেছে যে কল্পনাটী সফল হইবে।

The promised land—যে স্থানে ঈশ্বর এব্রাহিমের বংশোন্নতির আশা দিয়াছিলেন।

To fulfil a promise—অঙ্গীকার পূর্ণ-কৃ। [promise.

Promise-breach, *n.* অঙ্গীকার ভঙ্গ ; Violation of

Promise-crowned, *a.* Filled with promise.

Promising, *a.* আশাপ্রদ, Affording ground for hope or expectation.

Promissory, prom'is-or-i, *a.* অঙ্গীকারপূর্ণ ; অঙ্গীকার বা করার সম্বলিত ; প্রতিশ্রুতি বিশিষ্ট ; Containing a promise or something to be done.

Promissory note—কোনও নির্দিষ্ট সময়ে কোনও নির্দিষ্ট টাকা দিবার অঙ্গীকার পত্র ; খৎ বিশেষ, A written promise to pay a certain sum at a certain time specified in consideration of value received by the promissor.

Promontory, prom'on-tor-i, *n.* [L. *pro*, forward, and *mons, montis*, a mountain] অন্তরীপ ; *A head-land or high cape.*

Promote, prō-mōt, *v. t.* [L. *pro*, forward, and *movere*, to move] উন্নত কৃ, বর্দ্ধন-কৃ, উত্তেজিত-কৃ, উন্নীত-কৃ ; *To advance ; to further ; to excite ; to encourage ; to exalt in position ; to elevate.* *a*=promotive. *Syn* :—Forward, further, aid ; elevate, exalt, raise, prefer.

Promoter, *n.* উৎসাহী, সহায়তাকারক, উৎসাহদাতা ; উদ্যোগী, প্রবর্ত্তক ; One who promotes ; encourager.

Promotion, prō-mō'shun, *n.* উন্নয়ন ; উন্নতি, বর্দ্ধন, পদোন্নতি, অভ্যুদয় ; Advancement ; encouragement ; preferment. *Syn* :—Furtherance ; exaltation, elevation.

Prompt, promt, *a.* সত্বর ; প্রস্তুত, তৎপর ; উদ্যত ; ক্ষিপ্রকারী ; Ready :—আনন্দজনক, প্রফুল্ল, Acting *with alacrity, cheerful.* *n*=promptness (ক্ষিপ্রকারিতা) । *ad*=promptly (তৎক্ষণাৎ ; ত্বরিত) । *Syn* :—Expeditious, apt, agile, alert, brisk, hasty, early, timely, punctual.

Prompt, promt, *v. t.* [L. *promptus, pp.* of *promere*, to bring forth] বক্তাকে সাহায্য-কৃ, সহায়তা-কৃ ; (বিস্মৃত স্থলে) শব্দাদি বলিয়া বা ধরাইয়া দেওয়া ; ইঙ্গিতে স্মরণ করিয়া দেওয়া ; To assist a speaker when at a loss for word ; to suggest :—উত্তেজিত-কৃ ; প্রোৎসাহিত-কৃ ; To incite, to excite to action ; to move to action. *Syn* :—Incite, instigate ; remind, dictate.

Prompt-book, *n.* The book used by the person who assists or prompts the player.

Prompter, *n.* যে ব্যক্তি কথা স্মরণ করাইয়া দে ; উত্তরসাধক ; উদ্বোধক ; স্মারক ; One who prompts.

Prompting, *a.* ইঙ্গিত ; (বিস্মৃত কথা) বলিয়া দেওয়া ; The act of suggesting ; that which is prompted or suggested.

Promptitude, promt'e-tūd, *n.* ঔৎসুক্য ; ক্ষিপ্রকারিতা ; তৎপরতা ; ক্ষিপ্রতা ; সত্বরতা ; উদ্যোগ ; Readiness ; quickness of decision and action. *Syn* :—Promptness, alacrity, activity, briskness.

Promulgate, prō-mul'gāt, *v. t.* প্রচার-কৃ ; প্রকাশ-কৃ ; ঘোষণা-কৃ ; To publish ; to proclaim. *n*=promulgator (প্রকাশক ; প্রচারক) । *Syn* :—Announce, declare, proclaim, spread, disseminate.

Promulgation, prō-mul'gāshun, *n.* প্রচার ; ঘোষণা ; প্রত্যাখ্যান ; Publication ; open declaration

Prone, prōn, *a.* প্রবণ ; উৎসুক ; হেলিত ; প্রবৃত্ত ; Inclined ; disposed :—আনত ; নত ; Bending forward, bent ; not erect :—অধোমুখ ; Lying with the face downward. *n*=proneness (প্রবণতা, ঔৎসুক্য) । *ad*=pronely. *Syn* :—Tending, apt ; sloping, inclining ; prostrate, flat, recumbent.

Be prone to—(ভাল নহে এমনতর) কোন দিকে ঝোঁক থাকা ; Be disposed to (something not good or desirable).

Prong, prong, *n.* তীক্ষাগ্র অস্ত্র ; কাঁটা, A sharp pointed instrument ; the spike of a fork.

Pronominal, pro-nom'i-nal, *a.* সর্ব্বনাম সম্বন্ধীয় ; সর্ব্বনাম ঘটিত ; Belonging to or of the nature of a pronoun. [instead of a noun.

Pronoun, prō'nown, *n.* সর্ব্বনাম, A word used

Pronounce, pro-nouns', *v. t.* উচ্চারণ-কৃ ; To speak distinctly, to utter :—ব্যক্ত-কৃ ; বক্তৃতা-কৃ ; Deliver :—প্রচার-কৃ, বলা ; To declare. *n*=pronouncer. *a*=pronounced (স্পষ্ট ; অসন্দিগ্ধ) । *Syn* :—Articulate, speak, enunciate, express.

Pronounce sentence of death—প্রাণদণ্ডের আজ্ঞা-দে।

Pronounceable, pro-nowns'a-bl, *a.* উচ্চারণ যোগ্য, উচ্চারণ সাধ্য, Capable of being pronounced.

Pronouncing, pro-nowns'ing, *a.* উচ্চারণ-শিক্ষা দায়ক ; উচ্চারণ-প্রদর্শক ; Giving pronunciation.

Pronunciation, pro-nun-si-ā'shun, *n.* উচ্চারণ, উচ্চারণ প্রণালী ; পাঠ-প্রণালী ; Utterance ; act or mode of pronouncing.

Proof, prōōf, *n.* [F. *preuve*, from *epreuver*, to try] প্রমাণ ; Evidence :—পরীক্ষা ; Trial, test :—দৃঢ়তা ; Firmness :—সপ্রমাণ করণ, Experiment :—ছাপার ভুল সংশোধন করিবার জন্য মুদ্রিত পত্র ; পরীক্ষা পত্র ; Proof-sheet :—*a.* বাধা দিতে সক্ষম ; প্রতিরোধক ; Firm in resisting. *Syn* :—(*n*) Experiment, assay, ordeal ; demonstration, attestation, testimony, evidence.

Fire-proof—অদাহ্য।

He is proof against temptation—প্রলোভন তাঁহার চিত্তবিকার উৎপাদন করিতে পারে না।

In proof of—প্রমাণ স্বরূপ ; As an evidence of.

Proof against, Proof to—উৎপাত বিঘ্নবাধাদিতে বধির, Able to resist the power :—দুর্ভেদ্য ; Impervious to.

Put to the proof—পরীক্ষা করিয়া দেখা ; Test, try ; prove the truth or genuineness of something by trial.

The burden of proof—কোন বিষয় প্রমাণ করিবার ভার ; The obligation of proving a statement.

This chest is proof against fire—আগুনে এই সিন্দুকের কিছু করিতে পারে না, ইহা অগ্নি-সিদ্ধ।

Water-proof—জলাভেদ্য।

Proof-house, *n.* House for trying guns or gunpowder.

Proofless, *a.* অপ্রমাণিক ; Wanting sufficient evidence.

Proof-sheet—পরীক্ষা পত্র ; আদর্শ স্বরূপ যন্ত্র-মুদ্রিত কাগজ ; First impression for correction.

Proof-spirit, *n.* পরীক্ষিত সুরা ; Half alcohol and half water.

Proof-text, *n.* A passage of scripture for proving a doctrine.

Prop, prop, *v. t.* ঠেকানা-দে ; অবলম্বন দ্বারা খাড়া রাখা ; ধরিয়া রাখা ; To support ; to sustain :—রক্ষা-কৃ ; To save from ruin :—*n.* ঠেকা ; খুঁটি ; আশ্রয় ; অবলম্বন ; A support ; a stay ; pole. *Syn* :—(*v*) Stay, uphold, maintain, shore up. (*n*) Stay, buttress, shore, strut, staff, pillar.

Propaganda, *n.* রোম নগরের খ্রীষ্টীয় যাজক-সমাজ বিশেষ ; কোন বিশেষ মত প্রচারের ব্যবস্থা, Institution for spreading Roman Catholicism ; the revolutionary cabal.

Propagandism, prop-a-gand'izm, *n.* মত প্রচার ; কোন বিশেষ মতের প্রচার, The art or practice of propagating tenets or principle.

Propagandist, prop-a-gand'ist, *n.* মতপ্রচারক ; One who devotes himself to propagandism.

Propagate, prop'a-gāt, *v. t.* প্রসব-কৃ ; উৎপাদন-কৃ, উৎপন্ন-কৃ ; To produce :—বিস্তার-কৃ ; প্রসারিত-কৃ ; বিস্তারিত-কৃ ; To spread ; to extend ; to diffuse :—*v. i.* উৎপন্ন-হ ; To be produced or multiplied :—প্রসব-কৃ ; To have young. *n*=propagator (উৎপাদক ; বংশবর্দ্ধক)। *Syn* :—Breed, generate, multiply, continue, increase ; disseminate, promote.

Propagation, prop-a-gāshun, *n.* জনন ; উৎপত্তি ; উৎপাদন ; Reproduction :—প্রচার ; বিস্তার ; প্রসারণ ; Extension ; dissemination. *Syn* :—Production, generation, breeding, multiplication, increase, continuance ; enlargement, diffusion.

Propel, pro-pel', *v. t.* [L. *pro*, forward, and *pello*, to drive] অগ্রে ঠেলিয়া-দে ; চালিত-কৃ, প্রবাহিত-কৃ ; প্রক্ষিপ্ত-কৃ ; To urge forward.

Propeller, pro-pel-ėr, *n.* আগের ভরীর চাকা ; চালন-চক্র ; পরিচালক ; বাষ্পীয় জাহাজ যাহার আবর্ত্তনে চালিত হয় ; A screw for propelling a steam-boat.

Propense, *a.* প্রবণ ; প্রবৃত্ত ; Inclined ; disposed. *ad*=propensely.

Propensity, prō-pense-te, *n.* [L. *pro*, and *pendere*, to hang] বৃত্তি ; প্রবৃত্তি ; প্রবণতা ; স্বাভাবিক প্রবৃত্তি ; Inclination ; disposition ; natural tendency. *Syn* :—Bias, proclivity, proneness.

Lower propensities—নিকৃষ্ট প্রবৃত্তি সকল।

Proper, prop'er, *a.* উপযুক্ত ; উচিত ; ঠিক ; সঙ্গত ; Right ; becoming :—স্বকীয় ; নিজের ; আপনার, One's own :—বিশেষ ; Peculiar :—স্বাভাবিক ; Natural. *ad*=properly (সম্পূর্ণরূপে ; ঠিকরূপে ; fitly). *n*=properness. *Syn* :—Fit, befitting, suitable, meet, seemly, decent, appropriate, legitimate, just ; individual, particular, peculiar, special.

A proper noun—ব্যক্তির নাম।

Property, prop'er-te, *n.* বিষয় ; সম্পত্তি ; An estate :—বিশেষ ধর্ম ; A peculiar or essential quality :—গুণ ; Quality :—স্বত্ব ; স্বামিত্ব ; Ownership :—*pl.* অভিনেতাদিগের আবশ্যক দ্রব্যজাত ; Articles required by actors in a play. *Syn* :—Attribute ; goods, possessions, riches, wealth.

Personal property—অস্থাবর সম্পত্তি।

Real property—স্থাবর সম্পত্তি।

Property man, *n.* One who has charge of play-house trappings.

Property tax, *n.* সম্পত্তির উপর কর ; Tax on estates and goods.

Prophecy, prof'e-se, *n.* [G. *propheteia*, from *prophemi*, to foretell] ভবিষ্যদ্বাণী ; A prediction :—শিক্ষা ; Instruction. *Syn* :—A foretelling, prognostication, vaticination, divination.

Prophesy, prof'e-si, *v. t.* ভবিষ্যৎ বলা ; ভাবী বিষয় বলা ; To foretell ; to predict :—*v. i.* ভবিষ্যৎ বাক্য কহ ; To utter predictions :—ধর্ম্মোপদেশ-দে ; ধর্ম-প্রচার-কৃ ; To preach.

Prophet, prof'et, *n.* ভবিষ্যদ্বক্তা ; ভাবীবাদী ; One who prophesises ; a foreteller. *fem*=prophetess.

Prophetic, pro-fetik, **Prophetical,** pro-fetik-al, *a.* ভবিষ্যদ্বক্তা, Forseeing or foretelling events. *ad*=prophetically.

Prophylactic, *a.* নিবারক ; Preventive ; preservative.

Propinquity, prō-ping'kwe-te, *n.* [L. *propinquus*, near, neighbouring] নৈকট্য ; জ্ঞাতিত্ব ; Nearness ; proximity ; kindred. *Syn* :—Neighbourhood, proximity, vicinity ; kindred, affinity.

Propitiable, prō-pishi-a-bl, *a.* প্রসাদ্য ; That may be propitiated.

Propitiate, prō-pishe-āt, *v. t.* [L. *propitius*, favourable] প্রসন্ন-কৃ ; To appease ; to render favourable :—*v i.* প্রায়শ্চিত্ত-কৃ ; To atone ; to make propitiation. *n*=propitiator. *Syn* :—Conciliate, reconcile.

Propitiation, prō-pish-i-āshun, *n.* তুষ্ট করণ ; পুনর্মিলন ; Act of propitiating ; reconciliation :—প্রায়শ্চিত্ত ; Atonement.

Propitiatory, prō-pishi-a-tor-i, *a.* প্রসন্নকারী ; প্রায়শ্চিত্তকারী ; Having power to propitiate ; expiatory :—*n.* ইহুদীদিগের অনুগ্রহাসন ; The Jewish mercy-seat.

Propitious, prō-pishe-us, *a.* অনুকূল ; প্রসন্ন ; শুভদ ; Favourable, kind. *n*=propitiousness. *ad*=propitiously. *Syn* :—Benign, benevolent, friendly ; auspicious, lucky, fortunate.

Proponent, pro-pō'nent, *a.* [L. *pro*, forward, and *pono*, to place] প্রস্তাবকারী ; Proposing :—*n.* প্রস্তাবকর্ত্তা ; One who makes a proposal.

Proportion, pro-pōr'shun, *n.* [L. *pro*, in *comparison*, with, and *portio*, part, share] অঙ্গসৌষ্ঠব ; Symmetrical arrangement :—সমান বা ঠিক অংশ, Equal or just share :—সম্বন্ধ ; Relation, adaptation :—In *math.* the equality or similarity of ratios :—*v. t.* বিন্যাস-কৃ ; অংশ-কৃ ; To adjust, to form symmetrically.

In proportion to—কোন কিছুর সহিত সমান পরিমাণে ; যে পরিমাণে সেই পরিমাণে ; Equal in amount or degree to.

In proportion—যে পরিমাণে ; According as ; to the degree that.

Out of proportion to—অসঙ্গত পরিমাণে অধিক ; Immensely great considering.

Proportionable, pro-pōr'shun-a-bl, *a.* সমানুপাতক-সাধ্য ; That may be proportioned. *ad*=proportionably.

Proportional, pro-pōr'shun-al, *a.* সৌষ্ঠব সম্পন্ন ; সমানুপাতিক ; Relating to proportion :—আনুপাতিক রাশি ; In *math.* having the same or constant ratio. *ad*=proportionally. *n*=proportionality.

Proportionate, *a.* সামঞ্জস্য-সম্পন্ন ; সমানুপাতিক ; Proportional. *ad*=proportionately.

Proposal, prō-pōźal, *n.* প্রস্তাব ; Anything proposed ; offer. *Syn* :—Proposition, tender, overture.

Propose, prō-pōź, *v. t.* [L. *preponere, propositum*, to put forth] প্রস্তাব-কৃ ; To offer for consideration :—*v. i.* প্রস্তাব-কৃ ; To make a proposal : —বিবাহ করিতে প্রস্তাব-কৃ ; To offer one's self in marriage. *Syn* :—Propound, move, proffer, tender ; purpose, intend, design. [or purpose.

To propose to oneself—মতলব-কৃ ; To intend

Proposition, prop-ō-zishun, *n.* প্রস্তাব ; Proposal , offer :—প্রতিজ্ঞা ; Sentence in which something is affirmed :—প্রতিজ্ঞা ; In rhetoric, anything stated as a subject :—*a.* In *mathematics*, a statement in terms either of a truth to be demonstrated or of an operation to be performed. *a*=propositional. *Syn* :—Suggestion, overture, tender ; position, thesis, statement. declaration.

Propositional, *a.* প্রস্তাব বা প্রতিজ্ঞাসম্বন্ধীয় ; প্রতিজ্ঞাস্বরূপ ; Considered as a proposition.

Propound, pro-pownd', *v. t.* [L. *pro*, forth, and *pono*, to place] প্রস্তাব-কৃ ; প্রসঙ্গ-কৃ ; প্রদর্শন-কৃ ; To propose or offer for consideration ; to exhibit. *n*=propounder.

Proprietor, pro-pri'etor, *n.* স্বত্বাধিকারী ; অধিকারী , স্বামী ; An owner. *n*=proprietorship. (অধিকার স্বত্ব) । *feg*=proprietress.

Proprietory, pro-pri'e-tor-i, *a.* অধিকার সম্বন্ধীয় ; Belonging to an owner :—*n.* স্বামী ; অধিকার ; An owner.

Proprietory right—অধিকারস্বত্ব ; ভূম্যধিকার ।

Proprietress, *n.* অধিকারিণী ; স্বামিনী ; *Fem.* of proprietor.

Propriety, prō-pri'ete, *n.* উপযুক্ততা ; ঔচিত্য ; Fitness :—অধিকার ; সম্পত্তি ; Peculiar right or possession , property. *Syn* :—Correctness, accuracy, appropriateness, justness, reasonableness, decorum.

Propulsion, *n.* পরিচালন , The act of propelling.

Propulsive, *a.* পরিচালনক্ষম ; Tending or having power to propel.

Prorogation, *n.* ব্যাক্ষেপ ; Adjournment of parliament ; postponement :—ব্যাক্ষেপণ ; The act of proroguing.

Prorogue, pro-rōg', *v. t.* [L. *pro*, forward, and *rogo*, to ask] ব্যাক্ষেপ-কৃ ; বাকিবদ্ধ-কৃ ; স্থগিত রাখা ; To adjourn for some time , to prolong ; to postpone.

Pros and cons—অনুকূল এবং প্রতিকূল যুক্তি ; Arguments for or against :—ভালামন্দ ; Advantages and disadvantages.

Prosaic, pro-za'ik, **Prosaical,** pro-zāik-al, *a.* গদ্য সম্বন্ধীয় ; গদ্যবৎ ; Pertaining to prose ; like prose :—নীরস ; Dull. *ad*=prosaically.

Proscenium, *n.* অভিনয়মঞ্চের সম্মুখভাগ ; The front part of the stage.

Proscribe, prō-skrib, *v. t.* [L. *pro*, before, and *scribere*, to write] মৃত্যুদণ্ড-দে ; To condemn to death :—বহিষ্কৃত-কৃ ; নির্বাসিত-কৃ ; To banish : —নিষেধ-কৃ ; To reject ; interdict ; denounce :—দোষারোপ-কৃ ; To denounce. *n*=proscriber. *Syn* : —Denounce, outlaw ; exclude, prohibit ; condemn, denounce.

Proscription, prō-skrip'shun, *n.* প্রাণদণ্ড করণ ; নির্বাসন ; The act of dooming to death ; outlawry :—সম্পূর্ণ পরিত্যাগ ; Utter rejection. *Syn* : —Banishment ; condemnation ; denunciation ; interdiction, exclusion, prohibition.

Proscriptive, pro-skrip'tiv, *a.* নির্বাসন বা পরিত্যাগ ঘটিত অথবা তৎসম্বন্ধিত ; Pertaining to or consisting in, proscription ; prescribing.

Prosaist, *n.* গদ্য-লেখক ; A writer of prose.

Prose, prōz, *n.* [L. *pro*, forward, *verto, versum* ; to turn] গদ্য ; All words not in verse :—*a.* গদ্যময় ; সরল ; নীরস ; Not poetical ; plain ; dull :—*v. t.* গদ্য লেখা , গদ্য রচনা-কৃ ; To write prose :—এমন ভাবে কথা কহা বা লেখা যাহাতে লোক বিরক্ত হয় ; বিরক্তকররূপে লেখা বা বলা ; To speak or write tediously.

Prosecute, prośē-kūt, *v. t.* [L. *pro*, forward, and *sequi*, to follow] অনুসরণ-কৃ . To follow up ; continue :—অভিযোগ-কৃ , To pursue by law :—*v. i.* অভিযোগ-কৃ ; মোকদ্দমা চালান ; To carry on a legal prosecution. *Syn* .—Continue, pursue, persist in , arraign.

Prosecution, pros-e-kū'shun, *n.* অনুসরণ ; অনুষ্ঠান , Pursuit :—অভিযোগ , মোকদ্দমা ; A civil or criminal suit.

Prosecutor, prośe-kūt-or, *n.* অভিযোক্তা ; অনুসরণকারী ; One who carries on a criminal suit. *fem*=prosecutrix. [মতাবলম্বী ; Convert.

Proselyte, prośe-līt, *n.* স্বধর্মত্যাগী ; অন্য ধর্ম

Proselytise, pros-e-lit-īź, *v. t.* অন্য ধর্মাবলম্বী-কৃ ; To make proselytes ; to convert. *n*=proselytism.

Proselytism, prośe-lit-izm, *a.* ভিন্ন ধর্ম বা মতাবলম্বী করণ ; The act of making converts.

Prosodial, Prosodical, *a.* ছন্দশাস্ত্র সম্বন্ধীয় ; ছন্দশাস্ত্রানুযায়ী ; Pertaining to prosody. *ad*=prosodically.

Prosodian, pros-ō'dian, **Prosodist,** prośo-dist, *n.* ছন্দশাস্ত্রাভিজ্ঞ ; ছন্দশাস্ত্রজ্ঞ পণ্ডিত ; One skilled in prosody.

Prosody, prośo-di, *n.* [Gr. *pros*, to, and *ode*, a song] ছন্দপ্রকরণ ; ছন্দশাস্ত্র ; Laws of accent, quantity , rhythm &c. *as*=prosodial, prosodical.

Prosopopœia, pros-o-po-pē'ya, *n.* অচেতন পদার্থে চেতন ধর্মারোপ ; সমাসোক্তি অলঙ্কার , Personification.

Prospect, prośpekt, *n.* [L. *prospectus*, from

prospicere, to look forward] দৃশ্য ; A view ; a scene :—দৃষ্টিগোচর প্রদেশ ; A field of view :—আশা ; Anticipation ; expectation :—*v. t.* অন্বেষণ-কৃ ; To search for. *Syn* :—(*n*) Survey ; show, display, vision, perspective, landscape, scene ; presumption, promise, hope.

Prospecting, *n.* স্বর্ণাদি আকরের অন্বেষণে স্থান বিশেষে অন্বেষণ ; The act of searching a district for gold or silver mines.

Prospection, *n.* ভাবী অভাবের জন্য সংস্থান করণ ; The act of looking forward for future wants.

Reconcile (one) **to**—বিবাদের পর পুনর্মিলন করিয়া দেওয়া ; Restore one to friendship with another (after estrangement) :—অগত্যা কোন বিষয়ে সন্তুষ্ট থাকা ; Make one submit to, as being unavoidable.

Reconcile with—একটার সহিত আর একটার সামঞ্জস্য করা ; Take (one thing) consistant with (another).

Reconciliation, rek-on-sil-i-āshun, **Reconcilement,** rekon-sil-ment, *n.* বন্ধুত্বে পুনঃস্থাপন , পুনর্মিলন , Renewal of friendship .—একীকরণ ; সামঞ্জস্য-বিধান ; The bringing to agreement things at variance :—প্রায়শ্চিত্ত , Atonement.

Reconciliatory, *a.* পুনর্মিলন সাধক ; Serving or tending to reconcile.

Recondite, rekon-dīt, *a.* [L. *reconditus*, *pp.* of *recondere*, to conceal] গূঢ় ; দুর্ব্বোধ ; গভীর ; দুরবগাহ ; Secret ; profound. *Syn* :—Deep, abstruse, occult, obscure, unfathomable.

Reconnoissance, re-konā-sans, *n.* পূর্ব্বকার্য্য পরিদর্শন ; পর্য্যবেক্ষণ ; Survey ; examination.

Reconnoitre, rek-on-noi'ter, *v. t.* পর্য্যবেক্ষণ-কৃ , নিরীক্ষণ-কৃ ; নিরূপণ-কৃ ; To survey, to examine.

Reconsider, rē-kon-sider, *v. t.* পুনর্বিচার-কৃ , পুনঃ বিবেচনা-কৃ ; To review. *n* = reconsideration.

Reconstruct, rē-kon-strukt, *v. t.* পুনর্নির্ম্মাণ-কৃ ; পুনঃ গঠন-কৃ ; To rebuild. *n* = reconstruction.

Reconvey, *v. t.* পূর্ব্ব স্বামীকে প্রত্যর্পণ-কৃ ; To transfer back to a former owner. *n* = reconveyance (সম্পত্তি লেখাপড়া দ্বারা ফেরত দেওন · পূর্ব্ব স্বামীকে প্রত্যর্পণ) ।

Record, rē-kord, *v. t.* [L. *recordari*, to remember] লেখা , লিপিবদ্ধ কৃ ; লিখিয়া রাখা ; To regis-

ter ; cause to be remembered ; to enrol :—*n.* লিখন ; রাজকীয় কাগজ পত্রাদি ; দলিল ; দস্তাবেজ ; নথি ; A register ; state paper :—জীবনী ; Personal history. *Syn* :—(*v*) Chronicle, enrol, note, minute. (*n*) Register, chronicle, note, minute, memorandum ; memorial, trace, vestige. (*pl*) Annals, archives, muniments.

Beat or **break the record**—যাহা কখনও হয় নাই তাহাই হওয়া বা করিতে পারা ; Surpass others in any kind of performance ; do what no one yet known has been able to do.

On record—লিখিত থাকা ; Recorded in history, preserved in writing.

Put on record—স্মরণার্থ পুস্তকে লিপিবদ্ধ করা।

Record a deed—সরকারি পুস্তকে দলিলের নকল রাখা।

Recorder, re-korder, *n.* লেখক ; One who registers :—বিচারক বিশেষ ; হাকিম ; The chief judicial officer in some town. [recorder.

Recordship, *n.* রেকর্ডের পদ ; The office of a

Recount, rē-kount, *v. t.* [F. *reconter,* to relate] বর্ণন-কৃ ; বিবৃত-কৃ ; To tell over ; to relate ; to narrate ; to describe ; to detail :—পুনরায় গণনা-কৃ ; To count again. *Syn* :—Relate, recite, rehearse, enumerate. [good , indemnify.

Recoup, rē-koop, *v.* ক্ষতিপূরণ-কৃ ; To make

Recourse, re-kōrs, *n.* [L. *re,* back, and *curro,* to run] সাহায্যার্থ চেষ্টা , আশ্রয় ; গতি ; শরণ ; A going to with a request, resort, application, as for help.

Have recourse to—অবলম্বন-কৃ ; Resort to :—কাহার আশ্রয় গ্রহণ-কৃ , Seek the help of. [হওয়া।

Without recourse to—কোনও কিছুর শরণাগত না

Recover, rē-kuver, *v. t.* [L. *re,* back, and *capere,* to take] পুনরায় পাওয়া , পুনরায় লাভ-কৃ ; To regain :—আরোগ্য-কৃ ; To cure ; receive to get a gain , to win back :—পূরণ-কৃ ; To make up for :—*v. i.* আরোগ্য-হ ; সুস্থ-হ ; ভাল-হ , To regain health. *Syn* :—Repossess, recuperate, retrieve, restore, recruit, re-establish , rally.

Recoverable, re-kuver-a-bl, *a.* পুনর্লভ্য ; পুনঃপ্রাপ্তব্য ; আরোগ্য : That may be recovered or regained.

Recovery, re-kuver-i, *n.* পুনর্লাভ ; পুনঃপ্রাপ্তি ; The act of regaining anything lost :—আরোগ্য , স্বাস্থ্য লাভ ; Restortion to health.

Recreancy, rekre-an-si, *n.* স্বধর্মত্যাগ ; Apostacy :—ভীরুতা , কাপুরুষত্ব ; Cowardly spirit.

Recreant, rekrē-ant, *a.* [L. *re,* and *credo,* to believe] ভীরু ; পৌরুষহীন ; অবিশ্বাসী ; বিশ্বাসঘাতক ; Cowardly ; false :—*n.* স্বধর্মত্যাগী ; An apostate ; a renegade. *Syn* :—(*a*) Craven, dastardly, base ; apostate, unfaithful, backsliding.

Recreate, rekrē-āt, *v. t.* [L. *re,* again, and *creare,* to create] পুনরায় সৃষ্টি-কৃ ; পুনঃ সৃজন-কৃ ; To create again or anew :—বিশ্রাম করা ; কার্য্যক্ষম-কৃ ; To refresh after toil :—আমোদ-কৃ ; To amuse : —*v. i.* বিশ্রাম বা ক্রীড়া-কৃ ; To take recreation. *Syn* :—Refresh, reanimate, enliven, gratify, amuse, entertain, cheer.

Recreation, rek-rē-āshun, *n.* বিশ্রাম ; জিরেন ; শ্রমাদির পর বিরাম ; Refreshment after toil, sorrow &c. :—আমোদপ্রমোদ ; ক্রীড়া ; Diversion ; sport :—নবসৃষ্টি ; নূতন সৃষ্টি ; A creating again. *Syn* :—Amusement, entertainment, pastime.

Recreative, *a.* আমোদজনক ; আরামদায়ক ; প্রমোদপ্রদ ; Amusing ; giving relief in weariness.

Recriminate, re-krim-in-āt, *v. t.* প্রত্যপবাদ-দে ; উল্টে অভিযোগ-কৃ ; To accuse in return :—*v. i.* অভিযোক্তার নামে সদৃশ অভিযোগ উপস্থিত-কৃ ; To charge an accuser with the like crime.

Recrimination, re-krim-in-āshun, *n.* প্রত্যপবাদ ; প্রতি দোষারোপ ; A counter-charge ; a counter-accusation.

Recriminative, Recriminatory, *a.* প্রতিপরিবাদক ; প্রত্যভিযোগকারী ; Retorting accusation or charges.

Recrudescence, Recrudescency, *n.* পুনর্বর্ধন ; পুনঃ প্রকোপ ; Fresh outbreak.

Recruit, rē-kroot, *v. t.* [F. *recruter,* from *recroitre,* to grow again] আরোগ্য লাভ-কৃ ; সুস্থ-হ ; To recover in health ; to gain health :—নূতন সৈন্য সংগ্রহ করা ; To enlist new soldiers :—নূতন করিয়া দ্রব্যাদি প্রাপ্ত-হ ; To gain new supplies : —*v. t.* সংস্কার-কৃ ; সরবরাহ-কৃ ; অভাব পূরণ-কৃ ; To repair ; to supply ; to remedy lack or deficiency in :—নবসৈন্য সরবরাহ-কৃ ; To supply with recruits :—*n.* অভাব পূরণ ; Supply of want :—নবসংগৃহীত সৈন্য , A newly enlisted soldier. *n* = recruiter (সংগ্রাহক ; আড়কাটি), recruitment (সৈন্য সংগ্রহ কার্য্য)। [বেড়ান।

Beat up for recruits—সৈন্য অনুসন্ধান করিয়া

Raw recruits—অশিক্ষিত সৈন্য।

Rectangle, rekt-ang-gl, *n.* [L. *rectus,* right, and *angulus,* an angle] আয়তক্ষেত্র , সমকোণী চতুর্ভুজ ; A four-sided figure having only right angles. *a* = rectangular. [angles.

Rectangled, *a.* সমকোণী ; আয়ত ; Having right

Rectangular, *a.* সমকোণী ; Right-angled.

Rectifiable, *a.* সংশোধনীয় ; Capable of being rectified or set right.

Rectification, *n.* সংশোধন , সংস্কার ; The act of rectifying or setting right.

Rectifier, *n.* সংশোধক ; One who corrects.

Rectified spirit—শোধিত সুরা।

Rectify, rekte-fi, *v. t.* [L. *rectus,* right, and *facere,* to make] সংশোধন-কৃ ; ঠিক-কৃ ; শুদ্ধ-কৃ ; To correct ; to adjust ; to set right :—শোধন-কৃ ; বিশোধিত-কৃ , To refine by distillation. *n* = rectification. *Syn* :—Redress, amend, reform, improve , purify.

Rectilineal, rek-ti-line-al, **Rectillinear,** rek-ti-line-ar, *a.* সমরেখাবিশিষ্ট ; সরল রেখা ঘটিত ; Bounded by straight lines ; straight.

Rectitude, rekte-tūd, *n.* [L. *rectitudo—rectus,* right, straight] সাধুতা ; সরলতা ; Integrity. *Syn* : —Justice, equity, righteousness, uprightness, honesty, virtue, goodness.

Rector, rektor, *n.* [L. *rego, rectum,* to rule] বিদ্যালয়ের প্রধান শিক্ষক ; The headmaster of a public school :—মঠাধ্যক্ষ ; ধর্মশালার অধ্যক্ষ ; The head of a convent or religious house :—বৃত্তিভোগী যাজক ; Parson holding the great titles of a parish. *a* = rectoral.

Rectoral, Rectorial, *a.* রেক্টরের অধিকার বা

আবাস সংক্রান্ত; Pertaining to a rector or to a rectory. [office or rank of a rector.
Rectorate, Rectorship, *n.* রেক্টরের পদ; The
Rectory, rektor-i, *n.* ধর্ম্মযাজকের আলয়; রেক্টরের অধিকার; The province or mansion of a rector.
Rectum, *n.* অধোদেশ; গুহ্যস্থান; বলি; The terminal part of the large intestine.
Recumbent, re-kum-bent, *a.* [L. *re*, back, *cumbo*, to lie down] অর্দ্ধ শয়ান; শয়িত; Lying back; leaning :—অলস; Idle. *n*=recumbence, recumbency, *ad*=recumbently.
Recuperate, *v. t.* পুনর্লাভ-কৃ; পুনঃ সবল-হ।
Recuperation, *n.* পুনঃপ্রাপ্তি; পুনর্লাভ; আরোগ্য; Recovery.
Recuperative, re-kū'pér-a-tiv, **Recuperatory,** re-kū'pér-a-tor-i, *a.* আরোগ্যকারক; আরোগ্যজনক; Tending to recovery.
Recur, re-kur', *v. i.* [L. *re*, again, back, *currere*, to run] পুনরাগমন-কৃ; পুনরায় উপস্থিত-হ; To return, happen again :—পুনরায় মনে আসা; To come back to the mind. *Syn* :—Resort, revert.
Recur to—পুনরুত্থাপন-কৃ, Return to :—পুনরায় মনে পড়া; Come again to mind.
Recurrent, re-kur'ent, *a.* সময়ে সময়ে প্রত্যাগমনশীল, পুনরাবর্ত্তক; Returning at intervals. *n*= recurrence (প্রত্যাবর্ত্তন)।
Recurring, *a.* পৌনঃপুনিক।
Recurvate, re-kur'vāt, *v. t.* পশ্চাদ্দিকে বক্র বা নত-কৃ; To curve or bend back.
Recusancy, re-kūzan-si, *n.* মতবিভিন্নতা, (ধর্ম্মবিষয়ে) অবাধ্যতা; Non-conformity.
Recusant, re-kūzant, *a.* ধর্ম্মবিষয়ে রাজাজ্ঞা অস্বীকারকারী, Refusing to acknowledge the supremacy of the sovereign in religoius matter :—*n.* প্রচলিত ধর্ম্মমতের বিরোধী ব্যক্তি, A nonconformist.
Red, red, *a.* রক্তবর্ণ; লোহিত; লাল, Of a colour like blood :—*n.* লাল রঙ্; রক্তবর্ণ; The colour of blood. *n*=redness (রক্তিমা), *ad*=redly.
Red rag to a bull—যাহা দেখিলে কেহ চটিয়া আগুন হইয়া যায়; Something specially irritates or provokes (as a bull at sight of red).
Redact, *v.* সম্পাদন-কৃ, সজ্জিত-কৃ; To edit, to reduce to order. *n*=redaction (সজ্জিত করণ)।
Redan, *n.* দ্বিপার্শ্বিক গড় বিশেষ; গড়ের প্রাচীর বিশেষ; A field-work consisting of two faces; kind of rampart on advanced work.
Red ant, *n.* লাল ক্ষুদি পিঁপড়া।
Red-book, redbook, *n.* যে পুস্তকে সমস্ত সরকারী কর্ম্মচারীর নাম থাকে; কোম্পানির কর্ম্মচারিদের তালিকা, A list of government employers.
Red-breast, redbrest, *n.* ক্ষুদ্র গায়ক পক্ষিবিশেষ, A song-bird. [soldier.
Red coat, *n.* ইংরাজ সৈনিক পুরুষ; An English
Red cross, *n.* সেণ্ট জর্জের ক্রুশ বা চেরা; ইংরাজদিগের জাতীয় চিহ্ন; The cross of St. George, emblem of the English.
Red-deer, red-dēr, *n.* মৃগ; The common stag.
Redden, redn, *v. t.* রক্তবর্ণ-কৃ; লাল-কৃ; To make red :—*v. i.* লাল-হ, রক্তবর্ণ-হ; To grow red; to blush.
Reddish, redish, *a.* ঈষৎ লাল; ঈষৎ রক্তবর্ণ; Somewhat red; moderately red. *n*=reddishness.
Reddition, *n.* [L. *reddo*, to restore] প্রত্যর্পণ; ত্যাগ; Restoration, surrender :—ব্যাখ্যা; অনুবাদ; Explanation. [answer.
Redditive, *a.* উত্তর-নির্দেশক; Conveying an
Reddle, *n.* আলোহিত খনিজ বিশেষ; A soft clay iron ore of a reddish colour.
Redeem, rē-dēm, *v. t.* [L. *re*, again, back, and *emere*, to buy] দায়মুক্ত-কৃ; টাকা দিয়া বন্দিত্ব মুক্ত-কৃ; উদ্ধার-কৃ; To ransom; to liberate from captivity by a price :—পুনরুদ্ধার-কৃ; পূরণ-কৃ; To rescue :—প্রায়শ্চিত্ত-কৃ; To atone for :—সম্পাদন-কৃ; অঙ্গীকার পালন-কৃ, To perform, as a promise :—বন্ধক উদ্ধার-কৃ; খোলসা-কৃ, To recover, as a pledge :—পুনরায় ক্রয়-কৃ; To buy back. *Syn* :—Repurchase, retrieve; free, deliver, liberate, save; compensate, discharge, fulfil.
Redeem a pledge—বন্ধক উদ্ধার-কৃ। [ব্যবহার কৃ।
Redeem the time—সময়ের যতদূর সম্ভব সুবিধাজনক
Redeemable, re-dēma-bl, *a.* উদ্ধরণীয়; মোচনীয়; পরিশোধনীয়; That may be redeemed. *n*=redemableness.
Redeemer, re-dēmér, *n.* উদ্ধারকর্ত্তা; One who redeems or ransoms :—যিশুখ্রীষ্ট; Jesus Christ.
Redeliver, *n.* পুনরুদ্ধার-কৃ; দ্বিতীয়বার মুক্ত-কৃ; To deliver again; to liberate a second time. *n*= redeliverance. [second delivery or liberation.
Redelivery, *n.* প্রত্যর্পণ, পুনরুদ্ধার, মুক্তি, A
Redemption, re-demshun, *n.* উদ্ধার, মুক্তি; অব্যাহতি; খালাস; Release, ransom; rescue :—যিশুখ্রীষ্ট দ্বারা পাপীদিগের পরিত্রাণ; The deliverance of sinners from sin and misery by Christ :—পুনঃ ক্রয়, Repurchase. *Syn* :—Repurchase, liberation, delivery; recovery; performance.
Redemptive, *a.* মুক্তির জন্য, Pertaining to redeem.
Redemptory, *a.* মুক্তিসাধক; Serving to redeem
Redented, re-dented, *a.* দন্তবিশিষ্ট, খাঁজ কাটা, Formed like the teeth of a saw; indented.
Red flag, *n.* বিদ্রোহচিহ্ন, লাল নিশান, বিপদের চিহ্ন, The symbol of insurrection and terrorism.
Red hand, *n.* রক্তাক্ত হস্ত; A bloody hand.
Red hand, Red-handed, *a.* শোণিতাক্ত, রক্তমাখা; রক্ত-হস্ত, হাতেনাতে; In the very act, as it were with red or bloody hands.
Red heat, red-het, *n.* তাপজনিত রক্তবর্ণ; Heat amounting to redness.
Red hot, *a.* জ্বলন্ত, গন্‌গনে; Heated to red colour, heated to redness.
Redintegrate, re-dinte-grāt, *v. t.* [L. *re*, again, and *integrare*, to make whole] পুনরুদ্ধার-কৃ; নব নির্ম্মাণ-কৃ; To restore, make whole again; to renew. *Syn* :—Renovate, re-establish, reconstruct. [নির্ম্মাণ; Renovation.
Redintegration, *n.* পূর্ণীকরণ; পূনর্ণবতাপাদন; নব
Red-lead, *n.* চিত্রাদিতে ব্যবহৃত লাল রঙ্ বিশেষ; A color used in painting.
Redlaced jacket, *n.* বেত্রাঘাত; A flogging.
Red letter, *n.* লাল কালিতে লিখিত অক্ষর; Mark of a saint's day :—*a.* লোহিতাক্ষরে চিহ্নিত; শুভলক্ষণযুক্ত; Marked by red letters; auspicious or fortunate, as a day. [Holiday.
Red letter day, *n.* অবকাশ দিন; শুভদিন;

Red man or skin, Red Indian, *n.* আমেরিকার আদিম নিবাসী ; An American Indian.

Red ocher—রক্ত গৈরিক ।

Redolent, redō-lent, *a.* [L. *redolens*, *ppr.* of *redolere*, to emit a scent] সুগন্ধ ; সুরভিত ; Sweet scented. *n*=redolence, redolency (সৌরভ ; fragrance). *ad*=redolently. *Syn* :—Odorous, aromatic, fragrant.

Redouble, re-dubl, *v. t.* দ্বিগুণ-কৃ ; To double again :—দ্বিগুণ-কৃ ; অত্যন্ত বৃদ্ধি-কৃ ; To increase greatly ; to multiply :—*v. i.* অতি বর্দ্ধিত-হ ; To become greatly increased.

Redoubtable, re-dowta-bl, *a.* সাহসী ; ভয়ঙ্কর ; ভীম ; দুর্দ্ধর্ষ ; Terrible to foes ; formidable ; valiant.

Redound, rē-dound, *v. i.* [L. *re*, again, and *undare*, to surge] পুনঃ প্রেরিত-হ ; To be sent back :—ফলপ্রসূ-হ ; পরিণত-হ ; To result ; to conduce ; bring about :—ছাপাইয়া উঠা ; অতিরিক্ত-হ ; To be in excess. *Syn* :—Contribute, tend.

Redound to—ফল-হ ; Flow black as a consequence :—কাহারও পক্ষে কোনরূপ লাভজনক-হ ; Conduce to ; result in :—কাহারও পক্ষে কিছু লাভের হওয়া ; Accrue to one. [work ; outpost.

Redout, re-dowt, *n.* দুর্গ বিশেষ ; উপদুর্গ ; Out-

Redraft, *v. t.* নূতন পাণ্ডুলেখা-কৃ ; To draw anew :—*n.* দ্বিতীয় পাণ্ডুলিপি বা প্রতিলিপি ; A second draft or copy.

Redraw, *v. t.* দ্বিতীয় পাণ্ডুলেখ্য প্রস্তুত-কৃ ; To draw a second draft :—*v. i.* নূতন হুণ্ডী-কৃ ; To draw a new bill of exchange. [Extremely republican.

Red republican, *n.* উৎকট স্বাধীনতাপ্রিয় ব্যক্তি ;

Redress, rē-dres, *v. t.* প্রতিকার-কৃ ; To set right ; to remedy :—পূরণ-কৃ ; To make amends ; to compensate :—*n.* প্রতিকার ; উপায় ; রক্ষা ; ক্ষতিপূরণ ; Relief ; reparation ; amends. *Syn* :—Repair, rectify, amend, relieve.

Redressible, re-dresi-bl, *a.* প্রতিকারকরণীয় ; সংশোধ্য ; বিশোধ্য ; That may be redressed.

Redressive, re-dresiv, *a.* প্রতিকারক ; প্রতিকারসাধক ; Affording redress.

Red sand, Red lead, *n.* সিন্দূর ।

Red-shank, *n.* জলচর পক্ষিবিশেষ ; A bird of simple family. [of a reddish-black color.

Red-silver, *n.* অপরিষ্কৃত রৌপ্য বিশেষ ; A silver ore

Red start, *n.* পক্ষিবিশেষ ; A small singing bird.

Red-tape, red-tāp', *n.* কাগজ বান্ধিবার লাল ফিতা ; Tape for tying paper :—আফিসের কায়দাকানন বা দস্তুর ; সেরেস্তার কায়দা বা দীর্ঘসূত্রতা ; Official forms, official formality :—*a.* সরকারী কার্য্যালয়ের বাহ্যাড়ম্বর ঘটিত ; Pertaining to official formality.

Red-tapism, red-tap'izm, *n.* উৎকট আফিসের কায়দ ; সরকারী কার্য্যালয়ের বাহ্যানুষ্ঠানের প্রতি প্রগাঢ় অনুরাগী ; The system of routine in government and other public offices ; a strict adherance to official formalities.

Red tapist—সরকারী কার্য্যালয়ের বাহ্যানুষ্ঠানের প্রগাঢ় অনুরাগী ; A strict adherent to official formalities.

Reduce, rē-dūs, *v. t.* [L. *re*, again, back, and *ducere*, to lead] নিম্ন অবস্থায় আনয়ন-কৃ ; To bring into a lower state :—হ্রাস-কৃ ; ন্যূন-কৃ ; কমান ; To lessen ; to diminish :—দমন-কৃ ; পরাজয়-কৃ ; To subdue ; to conquer :—বিন্যাস-কৃ ; শ্রেণীভুক্ত-কৃ ; To arrange, to order :—এক মূল্যের সংখ্যা অপর মূল্যের সংখ্যায় পরিবর্ত্তিত-কৃ ; ভাঙ্গা ; To change numbers from one denomination into another. *Syn* :—Restore, render, make, shape, convert, model ; diminish, decrease, abate, shorten, curtail, impair, depress, lower, weaken ; subject, subjugate, conquer ; impoverish, ruin.

Reduce to ashes—ভস্মীভূত-কৃ ।

Reduce to—কমাইয়া বা নামাইয়া আনা ; Bring down to :—সংখ্যা হ্রাস-কৃ ; Diminish in number :—নিম্নতর পদে নামান ; ক্ষমতাহীন-কৃ ; দাম কমান ; Lower in rank, or power, or price :—কোনরূপ হীনাবস্থায় আনা ; Bring to an inferior state :—আঘাত দ্বারা বা গুঁড়া করিয়া আকারান্তরে আনা ; Bring to a certain state by blows or by grinding :—মূল্য ঠিক রাখিয়া নিম্নতর টাকায় আনা ; Change from one denomination into another of the same value.

Reduce to poverty—দরিদ্র-কৃ ।

Reduce to powder—গুঁড়া-কৃ ; To bring to the condition of fine particles.

Reduce to practice—কার্য্যে পরিণত-কৃ ।

Reduce to order—প্রণালীবদ্ধ-কৃ ।

Reduce to the ranks—অবনত-কৃ ; To degrade, as a sergeant or corporal for misconduct to the station of a private soldier.

Reduce to writing—লিপিবদ্ধ-কৃ ।

Reduced, *a.* ন্যূনকৃত ; কৃশীকৃত ; চূর্ণীকৃত ;

Reduced to a skeleton—অতি কৃশ ; কঙ্কালবিশিষ্ট ; Much emaciated ; very lean.

Reducible, re-dūsi-bl, *a.* পরিণমনীয় ; That may be reduced.

Reduction, re-dukshun, *n.* হ্রাস ; লঘুকরণ ; খর্ব্বীকরণ ; Diminution :—বিজয় ; জয় ; Subjugation :—পরিবর্ত্তন ; লঘুকরণ ; A rule for changing numbers or quantities from one denomination to another.

Redundance, re-dundans, **Redundancy,** re-dundan-si, *n.* আধিক্য ; অতিরিক্ততা ; Superfluity.

Redundant, rē-dundant, *a.* অতিরিক্ত ; অত্যধিক ; ছাপাছাপি ; Superfluous. *ad*=redundantly. *Syn* :—Excessive, overflowing, superabundant, exuberant ; diffuse.

Reduplicate, re-dū'plik-āt, *v. t.* দ্বিগুণিত-কৃ ; গুণ-কৃ ; To double ; to multiply ; to repeat. *n*=reduplication (দ্বিগুণীকরণ ; দ্বিরাবৃত্তি) ।

Re-echo, re-ekō, *v. t.* পুনঃ প্রতিধ্বনিত-কৃ ; প্রতিধ্বনি প্রতিধ্বনিত-কৃ ; To echo back :—*v. i.* পুনঃ প্রতিধ্বনিত-হ ; To resound :—*n.* প্রতিধ্বনির প্রতিশব্দ ; The echo of an echo.

Reed, rēd, *n.* শর ; নল ; খাগড়া ; A family of large grasses having jointed stems :—বেত্র ; A cane :—নল ; বেণু ; Small pipe.

Reeded, rēded, *a.* শরদ্বারা আচ্ছাদিত ; বাণ তৃণময় ; Covered with reeds. [Abounding with reeds.

Reedy, rēdi, *a.* শরযুক্ত ; নলময় ; নলাচ্ছন্ন ; বাণ তৃণময় ;

Reef, rēf, *n.* সমুদ্র নিকটস্থ বা তন্নিম্নস্থ শৈল-শ্রেণী ; Sand bank ; a range of rocks lying at or near the surface of the water :—পাইলের খণ্ড ; A portion of a sail :—*v. t.* (পাইল) অল্প উদ্ঘাটিত-কৃ ; To reduce the extent of, as a sail.

A coral reef—প্রবাল-শৈল ।

Reefy, *a.* শৈলশ্রেণীময় ; Full of rocks.

Reek, rēk, *n.* বাষ্প ; ধূম ; Vapour ; smoke :—

v. i. বাষ্প নির্গত-হ ; ধূম উদ্গম-কৃ ; To emit smoke or vapour ; to steam. [অপরিষ্কার , Foul.

Reeky, rēki, *a.* বাষ্পপূর্ণ ; ধূমময় ; Smoky :—মলিন,

Reel, rēl, *n.* চরকা ; নাটাই ; ঢেরা ; Turning frame for winding thread :—স্কটলণ্ডের নৃত্য বিশেষ ; A scottish dance :—*v. t.* নাটায়ে গুটান ; চরকায় জড়ান ; To wind up on a reel :—*v. i.* টলমল-কৃ , হেলাদুলা ; To stagger :—ইতস্ততঃ-কৃ , এদিক ওদিক করিয়া যাওয়া ; To vacilate.

Re-elect, *v. t.* পুনরায় নির্ব্বাচন-কৃ ; To elect again. *n*=re-election (পুনর্নির্ব্বাচন) ।

Re-eligible, *a.* পূর্ব্ব পদে পুনর্নির্ব্বাচ্য ; Capable of being re-elected to the same office. *n*=re-eligibility,

Re-embark, *v. t.* পোতে পুনরারোপিত-কৃ ; To put on board again. *n*=re-embarkation. [again.

Re-embrace, *v. t.* পুনরালিঙ্গন-কৃ ; To embrace

Re-enact, *v. t.* or *i* পুনর্ব্বিধিবদ্ধ-কৃ ; To exact again. *n*=re-enactment.

Reenforce, *v. t.* পুনর্ব্বলবৎ-কৃ ; নূতন সৈন্য দ্বারা সবল-কৃ ; নূতন দল বা সৈন্যের দ্বারা দৃঢ়-কৃ ; To strengthen with new force or support.

Re-enforcement, *n.* অতিরিক্ত সৈন্য ; নবাগত সৈন্যাদি, Additional force or assistance.

Re-enter, *v. t.* পুনঃ প্রবেশ-কৃ ; To enter anew. *n*=re-entrance. *a*=re-entering (অন্তঃপ্রবিষ্ট) ।

A re-entering angle—বহুভুজ ক্ষেত্রের আভ্যন্তরীণ কোণ বিশেষ ; অন্তর্মুখী কোণ ; An angle pointing towards.

Reentry, *n.* পুনঃ প্রবেশ ; পুনরাধিকার ; An entering again ; the resuming a possession.

Re-establish, *v. t.* পুনঃ প্রতিষ্ঠিত-কৃ ; To establish again. *n*=re-establishment.

Reeve, *n.* নায়েব বা তাদৃশ কর্ম্মচারী , A steward :—*v. t.* ছিদ্র দিয়া রজ্জু চালিত-কৃ , To pass the end of a rope through any hole.

Re-examine, *v, t.* পুনঃ পরীক্ষা-কৃ ; To examine again or anew. *n*=re-examination.

Re-export, *v. t.* আমদানী মাল পুনঃ রপ্তানী-কৃ , To export again which has been exported :—*n.* পুনরায় রপ্তানী করা মাল ; Any commodity re-exported. *n*=re-exportation.

Refection, re-fekshun, *n* [L. *re*, again, *facio*, to make] জলযোগ ; জলপান ; Refreshment , a meal or repast.

Refectory, re-fektor-i, *n.* ভোজনশালা ; ভোজনালয় , Eating room ; refreshment room.

Refer, rē-fer', *v t.* [L. *re*, again, and *ferre*, to bear] জিজ্ঞাসার জন্য পাঠান ; বিচারাদির জন্য প্রেরণ-কৃ ; সোপর্দ্দ-কৃ ; To direct for information :—আরোপ-কৃ ; To ascribe ; to assign :—পরিণত-কৃ ; To reduce :—*v. i.* আশ্রয়-কৃ ; সম্বন্ধ রাখা ; To have referance ; to relate :—লক্ষ্য-কৃ ; উল্লেখ-কৃ ; To allude. *Syn* :—Deliver, commit, transfer ; attribute, impute, assign ; relate, belong, pertain ; appeal, apply ; advert.

Refer to—মীমাংসার্থ কাহারও হস্তে অর্পণ-কৃ ; Make over to another person or tribunal for decision :—কোন বিষয় জানিবার জন্য অপরকে বরাত-দে ; Direct a person to apply for information to.

Referable, ref'ér-a-bl, **Referrible,** re fér'i-bl, *a.* আরোপ্য ; বিবেচ্য ; That may be referred.

Referee, ref-er-ē', *n.* মধ্যস্থ ; শালিস ; বিচারক ; Arbitrator, umpire ; arbiter ; judge.

Reference, ref'er-ens, *n.* উল্লেখ ; Allusion :—মধ্যস্থতা ; Arbitration :—বরাৎ ; Referring to another for character or credit :—সম্বন্ধ ; সম্পর্ক ; Relation :—নিষ্পত্তির জন্য অর্পণ ; সোপর্দ্দ ; A submitting for decision. *Syn* :—Intimation, hint ; regard, respect ; appeal.

A book of referance—শব্দকোষ ; অভিধান ।

With reference to, In reference to—সম্বন্ধে ; In regard to,

Refinary, re-finér-i, *n.* সংশোধন করিবার স্থান , বিশোধনালয় ; A place for refining.

Refine, rē-fin, *v. t.* বিশুদ্ধ-কৃ ; নির্ম্মাণ-কৃ ; পরিষ্কার-কৃ ; To purify ; clarify :—সংস্কার-কৃ ; সংস্কৃত-কৃ , মার্জ্জিত-কৃ ; To polish, make elegant :—*v. i.* নির্ম্মল-হ ; বিশুদ্ধ-হ , To become fine or pure :—উৎকর্ষ সম্পাদন-কৃ ; To improve in excellence in any kind. *n*=refiner. *Syn* :—Clarify, defecate , cultivate. [Polished :—সূক্ষ্ম ; Nice.

Refined, *p a.* বিশুদ্ধ ; পরিষ্কৃত , Purified :—সভ্য ,

A man of refined taste—বিশুদ্ধ রুচিসম্পন্ন ব্যক্তি ।

Refinement, re-finment, *n.* বিশোধন ; বিশুদ্ধতা ; The act of refining ; purity :—শিষ্টাচার ; Polished manners ; elegance :—চাতুর্য্য ; অতি সূক্ষ্মতা , Subtelty ; an excessive nicety.

Refit, *v. t.* পুনঃ প্রস্তুত-কৃ ; To prepare again :—মেরামত-কৃ ; জীর্ণ সংস্কার-কৃ ; To repair.

Reflect, rē-flekt', *v. t.* [L. *re*, again, back, and *flectere*, to bend or turn] পশ্চাৎ নিক্ষিপ্ত-কৃ , প্রতিবিম্বিত-কৃ , প্রতিফলিত-কৃ ; To throw back, or cause to return after striking upon any surface as light , to mirror :—*v i.* প্রত্যাবৃত্ত-হ ; আলোক প্রতিক্ষেপ-কৃ ; To be thrown back, as light, heat &c. :—চিন্তা-কৃ ; নির্দ্দিষ্ট ভাবে বিবেচনা কৃ ; ভাবা , To revolve in the mind ; to consider attentively , to ponder :—নিন্দাবাদ-কৃ ; নিন্দাভাজন-হ ; লজ্জা-দে , To cast reproach or censure. *Syn* —Return , mirror , consider, cogitate, meditate, contemplate, think, ruminate.

Reflect credit or honour on—কাহার পক্ষে শ্লাঘনীয়-হ , প্রশংসনীয় বা প্রশংসার বিষয়-হ ; Be creditable to

Reflect on—ভাবা ; Think on :—কাহারও বা কোন কিছুর উপর দোষ আইসা , দোষ দেওয়া ; গ্লানি-কৃ , Cast censure on , find fault with.

Reflected, *a* প্রতিফলিত ; প্রতিবিম্বিত ।

Reflecting, *a.* চিন্তাশীল , Toughtlul :—প্রতিফলক , Throwing back light &c.

Reflection, rē-flekshun, *n.* প্রতিফলন ; প্রতিবিম্ব নিক্ষেপ ; The act of reflecting :—প্রতিবিম্ব ; The image reflected :—ভাবনা , চিন্তা ; Consideration, deliberation :—নিন্দা , তিরস্কার ; Censure ; reproach. *Syn* :—Reflecting ; image ; meditation, rumination, contemplation, cogitation, musing, thinking ; reproach.

Reflective, re-flektiv, *a.* চিন্তাশীল ; বিচারক্ষম ; Reflecting ; reflexive. *ad*=reflectively. *n*=reflectiveness.

Reflective faculty—ধীশক্তি ।

Reflector, re-flektor, *n.* দর্পণ ; প্রতিফলক ; A mirror ; any polished reflecting surface ; that which reflects.

Reflex, re'fleks, *a.* প্রতিফলিত ; প্রতিবিম্বিত ; প্রত্যাবর্তিত ; পশ্চাৎ বক্র ; Reflected ; bent back ; directed back :—*n.* প্রতিবিম্ব ; প্রতিফলন ; Reflection.

Reflexible, re-fleksı-bl, **Reflectible,** re-flek-ti-bl, *a.* প্রতিক্ষেপ্য ; প্রতিফলনীয় ; That may be reflected or thrown back.

Reflexive, *a.* প্রত্যাবর্তিত ; প্রতিফলনক্ষম ; অতীত বর্তিত ; Reflective, turning back. *ad*=reflexively.

Reflexive pronoun—স্বরূপার্থক সর্বনাম। [হয়।

Reflexive verb—যে ক্রিয়ার কর্তৃপদ কর্মরূপে প্রত্যাবর্তিত

Refluent, ref'loo-ent, *a.* [L. *re,* back, and *fluo,* to flow] পশ্চাদ্দিকে প্রবহমান, ভাটা পড়িতেছে এমন, Ebbing. *n*=refluence, refluency.

Reflux, re'fluks, *n.* পশ্চাৎ প্রবাহ ; প্রতিস্রব, ভাটা ; Flowing back ; returning back ; ebb.

Refold, *v. t.* পুনরায় ভাঁজ-কৃ, To flold again.

Reform, re-form, *v. t.* [L. *re,* again, *formare,* to form] পুনঃ সংস্কার-কৃ, সংশোধন-কৃ ; সংস্কৃত-কৃ ; উন্নত-কৃ ; উন্নত সংস্কার-কৃ ; To form again ; to amend ; repair ; correct ; reclaim ; improve ; change from worse to better :—*n.* সংস্কার ; সংশোধন, উন্নতি ; Amendment ; improvement. *Syn* :—(*v*) Reconstruct, remodel ; regenerate, restore.

Political reform—রাজনৈতিক সংস্করণ। [suffrage.

Reform bill—Bill for altering the electoral

Reform or **reformatory school**—তরুণ বয়স্ক অপরাধিগণের সংশোধনার্থ বিদ্যালয় ; A school established by a state for the instruction and reformation of juvenile offenders.

Religions reform—ধর্ম সংস্করণ।

Social reform—সমাজ সংস্করণ।

Reformation, ref-or-mashun, *n.* সংস্করণ ; সংশোধন ; উন্নতি ; সংস্কার ; Amendment, improvement :—ষোড়শ শতাব্দিতে লুথারের অনুষ্ঠিত ইউরোপীয় ধর্মসমূহের পরিবর্তন ; The great religious change of the 16th century, when the Protestants separated from the Roman Catholic Church :—পুনর্গঠন ; The act of forming again. *Syn* :—Reform, correctness, rectification.

Reformative, re-forma-tiv, *a.* সংস্কারক ; সংস্কারজনক ; Tending to bring on reform.

Reformatory, reforma-tor-i, *a.* সংশোধক ; সংস্কারক ; Tending to produce reform :—*n.* অপ্রাপ্তবয়স্ক অপরাধীদিগের সংশোধনালয় ; সংস্কার-গৃহ ; An institution for the reformation of criminals, particularly young offenders.

Reformed, re-formd, *a.* সংস্কৃত, পরিবর্তিত ; সংশোধিত ; Amended ; improved ; changed :—Protestant. [reforms.

Reformer, re-former, *n.* সংস্কারক, One who

Religious reformer—ধর্মপ্রবর্তক।

Refract, re-frakt, *v. t.* [L. *re,* back, and *fango,* to break] স্বাভাবিক গতির বৈলক্ষণ্য-কৃ ; (গতি) ভঙ্গ-কৃ ; পরাবৃত্ত-কৃ ; বাঁকান ; To break the natural course or deviate from a direct line, as rays of light.

Refraction, *n.* পরাবৃত্তি ; বক্রীকরণ ; বক্রীভাব ; আলোক-রশ্মির দিক পরিবর্তন ; The change in the direction of a rays of light, heat, &c., when it enters a different medium.

Refractive, *a.* সরল গতির পরাবর্তন ঘটিত ; Pertaining to refraction. *n*=refractiveness.

Refractory, re-fraktor-e, *a.* অবাধ্য ; অবশ্য ; অদম্য ; একগুঁয়ে, Unruly ; obstinate ; stubborn ; perverse. *ad*=refractorily, *n*=refractoriness. *Syn* :—Contumacious, unruly, ungovernable.

Refrain, re-fran, *v. t.* [L. *re,* back, *fraenare,* to curb] দমন-কৃ ; নিবৃত্ত রাখা ; শাসন-কৃ ; To rest ; train, rein ; hold back :—*v. i.* ক্ষান্ত-হ ; ক্ষান্ত থাকা, দূরে থাকা ; নিবৃত্ত থাকা ; To forbear :—*n.* গানের ধুয়া ; The burden of a song. *n*=refrainment (নিবৃত্তি) । *Syn* :—Curb, govern ; withhold, abstrain.

Refrain from—(কোন বিষয় হইতে) বিরত-হ ; Hold back or keep oneself from.

Refrangible, *a.* সরল গতিপথ হইতে বিচ্যুতকরণসাধ্য । *n*=refrangibility.

Refresh, re-fresh, *v. t.* [L. *refrigerare,* to cool] পুনঃ সবল-কৃ ; উৎসাহিত-কৃ ; উত্তেজিত-কৃ ; সতেজ-কৃ ; আনন্দিত-কৃ ; তুষ্ট-কৃ ; শ্রমলাঘব-কৃ ; To make fresh again ; to enliven, to restore ; to revive ; to cool ; to renew ; to cheer ; comfort ; invigorate. *Syn* :—Renovate, rescruit ; reanimate.

To refresh the memory—স্মরণে আনয়ন-কৃ।

Refreshing, *a.* শীতল ; মধুর ; শ্রমাপহারক ; শ্রান্তিনিবারক ; Delightful ; cool, sweet ; fatigue-removing.

Refreshment, re-freshment, *n.* তৃপ্তি ; শ্রমাপহরণ, শ্রমলাঘব, বিশ্রাম, The act of refreshing :—আহার ; খাদ্য, জলযোগ, জলপানাদি ; Food.

Refrigerant, re-frijer-ant, *a.* স্নিগ্ধকারী ; প্রদাহনিবারক ; Cooling ; refreshing :—*n.* প্রদাহ বা তাপনাশক ঔষধ, That which cools.

Refrigerate, re-frijer-at, *v. t* [L. *re,* and *frigero,* to cool] শীতল-কৃ, ঠাণ্ডা-কৃ, To cool ; to refresh. *n*=refrigeration (তাপ-শান্তি) ।

Refrigerative, re-frijer-a-tiv, **Refrigeratory,** re-frijer-a-tor-i, *a.* স্নিগ্ধকারী, তাপহারক ; Cooling, refreshing.

Refrigerator, *n.* দ্রব্য শীতল রাখিবার যন্ত্র ; বরফসিন্দুক, An apparatus for keeping articles cool ; an ice-safe.

Refrigeratory, re-frijer-a-tor-i, *n.* যে পাত্রে কোন বস্তু শীতল হয়, A vessel or apparatus for cooling.

Reft, *pa. t.* and *pa. p* of *Reave.*

Refuge, ref'uj, *n.* [L *refugium*—*refugere,* to flee back] আশ্রয় ; Shelter ; protection :—আশ্রয় স্থান, রক্ষার স্থান, An asylum, retreat :—উপায় ; রক্ষার উপায়, Resource, expedient. *Syn* :—Protection, safety, security, convert, hiding-place, harbour, sanctuary.

A house of refuge—অনাথাশ্রম।

Cities of refuge, *n* Cities among the Jews appointed as a safe retreat to any who unintentionally committed homicide.

House of refuge—অনাথাশ্রম, Charitable institution for the homeless or destitute.

Take refuge in—কোন স্থানে (বিপদে) আশ্রয় গ্রহণ-কৃ ; শরণ-লং, Go to (some place) for the purpose of protecting oneself from danger :—অবলম্বন-কৃ ; আশ্রয় গ্রহণ-কৃ ; Have recourse to.

Refugee, ref-u-je', *n.* আশ্রিত ব্যক্তি ; শরণাগত ব্যক্তি ; Political exile ; one who flies for refuge to a foreign country.

Refulgence, re-fuljens, **Refulgency,** re-ful-jen-si, *n.* উজ্জ্বলতা ; দীপ্তি ; প্রভা ; তেজ ; Brightness ; brilliance ; a flood of light.

Refulgent, rē-fuljent, *a.* [L. *refulgere,* to flash back] উজ্জ্বল ; দীপ্তিমান্ ; প্রকাশশালী ; তেজোময় ; Emitting light ; shining ; brilliant. *ad*=refulgently. *Syn* :—Radiant, splendid.

Refund, rē-fund, *v. t.* [L. *re,* again, back, *fundere,* to pour] ফিরিয়া-দে ; প্রত্যার্পণ-কৃ . To repay ; to return what has been taken ; to restore. *Syn* :—Restore, re-imburse. [rejection.

Refusal, re-fūzal, *n.* অসম্মতি , অস্বীকার , Denial ;

Refuse, re-fūz, *v. t.* [L. *recusare,* to decline] অস্বীকার-কৃ ; অগ্রাহ্য-কৃ ; Reject , deny, as a request :—*v. i.* প্রত্যাখ্যান-কৃ ; গ্রহণ না-কৃ , Not to accept :—অস্বীকার-কৃ , অসম্মত-হ ; Not to comply :—*n.* পরিত্যক্ত দ্রব্য ; জঞ্জাল ; আবর্জ্জনা ; উচ্ছিষ্ট ; Rubbish ; dregs :—*a.* পরিত্যক্ত ; অকিঞ্চিৎকর , Rejected ; worthless. *Syn* :—(*v*) Decline, repudiate. (*n*) Sediment, scum, recrement, dross, trash, offal, sweepings, offscourings.

Refutable, re-fūta-bl, খণ্ডনীয় ; অপ্রমেয় ; That may be refuted or disproved. *n*=refutability, *ad*=refutably.

Refutation, *n.* খণ্ডন বা খণ্ডন প্রণালী ; The act or process of refuting or disproving.

Refutatory, re-fūta-tor-i, *a.* খণ্ডনযোগ্য , খণ্ডনকারী ; Tending to refute , refuting.

Refute, *v. t.* অপ্রমাণ-কৃ ; নিবারণ-কৃ ; খণ্ডন-কৃ : To repel ; to oppose , to disprove. *n*=refutation (খণ্ডন ; অপ্রমাণ) ।

Regain, rē-gān, *v. t.* পুনঃ প্রাপ্ত-হ ; ফিরাইয়া-পা , To recover ; to gain anew , re-obtain, retrieve

Regal, rē'gal, *a.* [L. *rex,* a king—*rego,* to rule] রাজকীয় ; রাজোচিত ; Kingly ; royal. *ad*=regally. [organ

Regal, Rigole, *n.* বাদ্য যন্ত্র বিশেষ ; A small

Regale, rē-gāl, *v. t.* তৃপ্ত-কৃ , পরিতুষ্ট-কৃ , চরিতার্থ-কৃ ; To refresh ; to gratify ; to entertain sumptuously :—*v. i.* ভোজন-কৃ ; To feast :—*n.* জাঁকাল ভোজ ; A regal or magnificent feast.

Regalement, *n.* আমোদ ; সেবা , তৃপ্তিসাধন ; Entertainment ; refreshment.

Regalia, re-gāli-a, *n.* (চামরাদি) রাজচিহ্ন ; The insignia of a king, the crown, seceptre &c :—রাজার অধিকার ; The rights and privileges of kings. [Royalty ; sovereignty.

Regality, re-gali-ti, *n.* রাজত্ব ; রাজকীয়তা ,

Regard, rē-gärd, *v. t* বিশেষ করিয়া দেখা ; দৃষ্টি-কৃ , কটাক্ষ-কৃ , To observe , to notice particularly :—সম্মান-কৃ ; To esteem :—মনোযোগ-কৃ ; To heed , to attend to :—রক্ষা-কৃ ; To keep ; to observe :—ব্যবহার-কৃ ; To treat :—বিবেচনা-কৃ , To consider : —*n.* মনোযোগ ; দৃষ্টি ; যত্ন , Attention with interest :—দর্শন , লক্ষ্য ; Observation :—শ্রদ্ধা ; Respect ; esteem :—*pl.* সম্মান . Compliments :—সম্মান ; ভালবাসা ; Affection. *n*=regarder. *Syn* : —(*v*) Mark, watch, remark, contemplate , mind ; esteem, value, respect, admire ; reckon, deem, think, hold.

Have regard or **respect for**—কাহারও প্রতি শ্রদ্ধা থাকা ; Feel respect or esteem for.

In regard, to, With regard to, As regards —সম্বন্ধে ; বিষয়ে ; সংক্রান্ত ; As to ; in the matter of ; concerning.

Regardful, rē-gärdfool, *a.* মনোযোগী ; অভিনিবিষ্ট , Heedful ; attentive ; mindful, observant, *ad*=regardfully.

Regardless, rē-gärdles, *a.* অমনোযোগী ; উদাসীন ; নিরপেক্ষ ; Negligent ; careless ; heedless. *ad*=regardlessly, *n*=regardlessness. *Syn* :—Indifferent, unconcerned, inattentive, unobservant, neglectful, unmindful. [boat-race.

Regatta, re-gata, *n.* নৌকার বাচ ; Sailing match

Regelation, *n.* [L. *re,* again, *gelatio,* freezing] পুনরায় জমাট বাঁধা বা তাহার প্রক্রিয়া ; The act or process of freezing anew.

Regency, rē'jen-si, *n.* রাজ-প্রতিনিধির পদ, অধিকার বা শাসন ; রাজ-প্রতিনিধিত্ব ; The office, jurisdiction or dominion of a regent :—রাজ-প্রতিনিধিবর্গ ; অপ্রাপ্তবয়স্ক বা অনুপস্থিত রাজার প্রতিনিধি হইয়া যাঁহারা রাজকার্য্য নির্ব্বাহ করেন ; A body of men intrusted with vicarious government.

Regeneracy, Regenerateness, *n.* দ্বিজত্ব , The state of being regenerate.

Regenerate, rē-jener-āt, *v. t.* [L. *re,* again, *generare,* to beget, create] পুনর্জন্ম-দে ; পুনঃ উৎপাদন-কৃ ; পুনর্জীবিত-কৃ ; To generate anew ; to produce anew :—পুনরুদ্ধার-কৃ ; ঈশ্বরপ্রেমিক-কৃ ; To renew the heart and turn it to the love of God : —*a.* পুনর্জাত , ধর্ম্মসংস্কারাপন্ন , Reproduced ; renewed. *Syn* :—Reproduce, revive, renovate ; restore ; convert, sanctify.

Regenerated, *a.* পুনর্জীবিত ; Renewed.

Regeneration, rē-jen-ėr-āshun, *n.* পুনরুদ্ধার ; অভ্যুত্থান ; পুনর্জন্ম , পুনঃ সংস্কার ; পুনরুৎপাদন ; The act of regenerating ; the state of being regenerated.

Regenerative, re-jenėr-āt-iv, *a.* পুনরুদ্ধার সম্বন্ধীয় ; নবোৎপত্তি-সংক্রান্ত ; Pertaining to regeneration. *ad*=regeneratively.

Regent, rē'jent, *a.* [L. *rego,* to rule] শাসক ; শাসনকারী ; Invested with vicarious authority ; governing :—*n* রাজপ্রতিনিধি ; রাজপ্রতিনিধি ক্ষমতাপন্ন লোক ; One invested with vicarious authority , one who rules for the sovereign.

Regentship, rē'jent-ship, *n.* রাজপ্রতিনিধির পদ ; রাজপ্রতিনিধিত্ব , The office of regent.

Regicide, reji-sid, *n.* [L *regis,* a king, *caedo,* to kill] রাজহত্যা বা রাজহন্তা ; রাজঘাতক ; The murder of a king. *a*=regicidal (Pertaining to a regicide).

Regime, rā-zhēm, *n.* [L. *rego,* to rule] রাজ্যশাসন প্রণালী ; শাসন পদ্ধতি ; Form of government ; administration ; system :—জীবন যাত্রা নির্ব্বাহ-প্রণালী , Mode of living.

Regimen, reji-men, *n.* নিয়মিত শাসন ; পথ্যাদির ব্যবস্থা ; পথ্যাপথ্যের নিয়ম ; Rule of diet :—শব্দানুশাসন ; কর্ত্তৃত্বাধীন পদ ; Government of one word by another , words governed.

Regiment, reji-ment, *n.* সৈন্যদল ; পল্টন ; A body of soldiers commanded by a colonel.

Regimental, rej-i-mental, *a.* সৈন্যদল সম্বন্ধীয় ; পল্টন-সংক্রান্ত ; Relating to a reginent.

Regimentals, *n. pl.* সেনাদলের বেশ, সামরিক পরিচ্ছদ প্রভৃতি ; The uniform of a regiment.

Region, rē'jun, *n.* প্রদেশ ; দেশ ; ভূভাগ ; অঞ্চল ; তল্লাট ; বিভাগ ; A portion of land ; country ; quarter ; province ; district.

Register, rej'is-ter, *n.* [L. *regerere, regestum,* to carry back] লিখিত বিবরণ ; সরকারী খাতাপত্র ; দপ্তর ; রেজিষ্টারী বই ; তালিকা ; Record ; chronicle ; catalogue ; list ; roll ; schedule :—Registrar :—স্বরগ্রাম ; A set of pipes on the organ :—জন্ম রেজিষ্টারী ; Birth-certificate :—চিমনীমুখের ঢাকন ; Regulator of a chimney piece :—*v t.* লিখিয়া রাখা ; খাতা বা বহিতে তোলা বা লেখা ; তালিকাভুক্ত-কৃ ; To record ; to enter in a register.

A registered letter—যে পত্রের শিরোনাম ডাকঘরের খাতায় বিশেষরূপে লিখিত হয়।

Register the edicts of—বিরুক্তি না করিয়া তথাস্তু বলা ; হুকুম স্বীকার বা অনুমোদন-কৃ ; Pass what a man in power dictates.

Register-ships—Ships permitted to trade in the ports of the Spanish West Indies.

Registrar, rej'is-trar, *n* যে খাতাপত্র রক্ষা করে, সেরেস্তাদার ; যে ব্যক্তি তালিকা রাখে ; One who keeps a record. *n* = registrarship.

Registrarship, *n.* রেজিষ্টারের পদ ; The office of a registrar. [Act of registering

Registration, rej-is-trā'shun, *n.* রেজিষ্টারীকরণ,

Registry, rej'is-tri, *n.* যে স্থানে রেজিষ্টার রাখা হয় : রেজিষ্টারী রাখিবার স্থান, Place where a register is kept :—লিপিবদ্ধ ঘটনাবলি ; রেজিষ্টারীর অন্তর্গত লিখিত বিষয় ; Facts recorded

Registry office, *n.* জন্মমৃত্যু রেজিষ্টারী আফিস ; Place for registering births, death &c.

Regius, *a.* রাজকীয় ; রাজার দ্বারা নিযুক্ত।

Regnancy, reg'nan-si, *n.* শাসন ; রাজত্ব ; Reign.

Regnant, reg'nant, *a.* [L. *rego,* to rule] শাসনকারী ; রাজত্বকারী ; রাজপদে অধিষ্ঠিত ; Reigning ; exercising regal authority.—সর্ব্বোপরি প্রবল ; Predominant.

Regress, rē'gress *n.* প্রত্যাবর্ত্তন, প্রত্যাগমন, Return ; a passage back —*v. i* প্রত্যাগমন-কৃ : ফিরিয়া-যা, পূর্ব্ব স্থান বা অবস্থায় প্রতিগত-হ ; To go back ; to return to a former state or place *n* = regression. *a* = regressive. [turning.

Regression, *n.* প্রত্যাবর্ত্তন ; The act of re-

Regressive, *a.* প্রত্যাবর্ত্তনশীল ; Returning.

Regret, rē-gret', *v. t* আক্ষেপ-কৃ ; খেদ-কৃ ; বিলাপ-কৃ, পরিতাপ-কৃ ; To grieve at ; to mourn for, to remember with sorrow :—*n.* খেদ, দুঃখ, মনোবেদনা ; মনস্তাপ ; অনুতাপ, Sorrow ; grief ; remorse *Syn* —Lamentation, repentance, penitence.

Regretable, *a.* অনুশোচনীয়।

Regretful, *a.* দুঃখপূর্ণ, দুঃখিত ; Full of regret. *ad*=regretfully.

Regular, reg'ū-lár, *a.* [L. *regularis—regula,* a rule] *a.* নিয়মিত ; নিয়মানুবর্ত্তী, ব্যবস্থানুযায়ী ; Agreeable to rule ; established custom :—সমান ; স্থায়িরূপে ব্যবস্থাপিত ; Uniform :—ঠিক ; Exact :—কালানুবর্ত্তী ; Punctual :—সম্পূর্ণ ; Thorough :—*n.* সন্ন্যাসী ; Monk :—স্থায়ী সৈন্য ; Soldier in the army. *ad*=regularly. *Syn* :—(*a*) Normal, orderly, methodical, systematic, just, ordinary, customary ; periodic, state, steady, established, constant. [যোগে নিষ্পন্ন হয়।

A regular verb—যে ক্রিয়ার অতীতকাল *d* বা *ed*

Regular troops—স্থায়িরূপে রক্ষিত সৈন্যদল ; The troops of a permanent army.

Regularity, reg-ū-lar'i-ti, *n.* নিয়মবর্ত্তিতা ; নিয়মানুবর্ত্তিতা ; নিয়মনিষ্ঠা ; Conformity to rule :—নিয়ম ; প্রণালী ; ব্যবস্থা, Method :—ধারাবাহিকতা ; সমানতা ; একরূপতা ; Uniformity in a course.

Regularly, *ad.* নিয়মিতরূপে ; বিধিপূর্ব্বক ; যথাবিধি ; ক্রমপূর্ব্বক ; Exactly ; punctually.

Regulate, reg'ū-lāt, *v. t* [L. *regulare—regula,* a rule] নিয়মানুসারে স্থির-কৃ ; নিয়মিত-কৃ ; To adjust by rule or method :—সুবন্দোবস্ত-কৃ ; সুব্যবস্থা-কৃ ; To put or keep in good order :—নিয়মাধীন-কৃ ; To subject to rules or restrictions. *Syn* :—Dispose, methodize, arrange ; direct, rule, govern. [মিত-কৃ।

To regulate a watch—ঠিক-কৃ ; ঘড়ির গতি নিয়-

Regulation, reg-ū-lā'shun, *n.* ব্যবস্থিতি ; সংবিধান ; Act of regulating :—নিয়মিতকরণ ; ব্যবস্থাপন ; State of being regulated :—ব্যবস্থা ; নিয়ম ; বিধি ; Rule ; precept ; law. *Syn* :—Adjustment, arrangement, disposition, ordering ; order. [Tending to regulate.

Regulative, reg'ū-la-tiv, *a.* নিয়মকারী ; নিয়ামক ;

Regulator, reg'ū-lā-tor, *n.* শাসক ; নিয়ামক ; ব্যবস্থাপক ; One who or that which regulates :—ঘড়ির গতি পরিচালক, ক্ষুদ্র স্প্রিং ; A lever which regulates the motion of a watch :—গতি-পরিচালক ; গতি পরিচালন সাধন ; Anything that regulates motion. [ধাতু জমে।

Regulus, *n.* ধাতু গলাইবার সময় মূচির তলায় যে বিশুদ্ধ

Rehabilitate, *v. t.* স্বস্থানে পুনর্নিবিষ্ট-কৃ ; পুনঃ প্রতিষ্ঠিত-কৃ, To reinstate.

Rehearsal, re-hér'sal, *n* পুনরাবৃত্তি, পুনরুল্লেখ ; পাঠ ; পূর্ব্বাভিনয় ; মহালা ; আকড়াই ; Recital, recital before public representation.

Rehearse, rē-hers', *v t.* আবৃত্তি-কৃ, পুনরাবৃত্তি-কৃ, মহালা-দে ; আকড়াই-দে ; To repeat, recite previously to public exhibition :—বর্ণন-কৃ ; To relate. *n*=rehearser. *Syn* :—Recapitulate ; detail, describe, tell, narrate, recount, relate.

Reign, rān, *n.* [L. *regnum,* from *rex, regis,* a king] রাজশক্তি, রাজত্ব ; শাসন, সাম্রাজ্য ; Royal authority, rule ; dominion :—রাজত্বকাল ; রাজ্য-শাসনকাল ; Time of a king's government :—প্রবল ক্ষমতা, Supreme power :—*v. t.* রাজ্যশাসন-কৃ, আধিপত্য-কৃ, To rule ; to exercise sovereignty *Syn* —Royalty, sovereignty, rule, empire, kingdom, power, influence.

Reimburse, re-im-burs', *n.* [F. *re,* back, *en,* in, and *bourse,* purse] ফেরত-দে ; পরিশোধ-কৃ, Refund —ক্ষতিপূরণ-কৃ ; Make up *n* = reimbursement. *Syn* :—Repay, restore, indemnify, compensate.

Reimbursement, *n* পুনঃ প্রদান ; Repayment.

Rein, rān, *n.* লাগাম ; বল্গা ; Strap of a horse :—থামান ; শাসন ; Restraint :—*v t.* লাগাম দ্বারা দমন-কৃ ; To govern by a bridle :—দমন কৃ ; শাসন-কৃ ; To govern, to restrain. *Syn* .—(*n*) Restrain, control, curb, check.

To give the reins to—আলুথা-দে ; যাহা ইচ্ছা করিতে দেওয়া ; Allow full liberty to ; indulge freely in :—সংযত না-কৃ ; প্রশ্রয়-দে ; To leave unchecked.

To take the reins—শাসনকার্য্য হস্তে লওয়া।

Reindeer, rāndēr, *n.* বল্গা হরিণ ; A ruminant *mamal of the deer kind.*

Reinforce, rē-in-fōrś, *v. t.* নববলে বলীয়ান-কৃ ; সাহায্য দ্বারা বলবান-কৃ ; পুনঃ প্রবল-কৃ ; আবার বলবৎ-কৃ ; To enforce again ; to strengthen with new force or support, *esp.,* to strengthen an army or fort with additional troops.

Reinforcement, rē-in-fōrśment, *n.* পুনঃ প্রবলীকরণ ; পুনঃ বল যোজনা ; Act of reinforcing :—অতিরিক্ত সৈন্যদল ; নূতন সৈন্যাদির সমাবেশ ; বলবৃদ্ধি ; Additional force , fresh force.

Reinless, rānles, *a.* অনস্থিত ; অসংযত ; Without restrain ; unchecked.

Reins, rānz, *n. pl.* মূত্রস্থলী ; মূত্রাশয় ; কটিদেশ ; Kidneys ; loins :—হৃদয় ; The heart.

Re-instate, rē-in-staut, *v. t.* পুনরধিকার-দে ; পুনঃ পদস্থ-কৃ ; দখল-দে , To place in a former state.

Re-instatement, *n.* পুনঃ স্থাপন , পুনঃ প্রতিষ্ঠা , Re-establishment.

Reinvest, re-in-vest *v. t.,*পুনরর্পণ-কৃ ; পুনরভিষেক-কৃ , To invest again.

Reinvestment, *n.* পুনরর্পণ ; পুনরভিষেক ; A second or repeated investment.

Reinvigorate, *v. t.* পুনঃ সতেজ বা বলবান-কৃ ; পুনঃ বীর্য্যবান-কৃ ; To reanimate. *n*=reinvigoration.

Reissue, re-ishōō, *v. t.* পুনরায় বাহির-কৃ , To issue agrin :—*n.* দ্বিতীয়বার বাহির করণ , A second issue.

Reiterate, re-itēr-āt, *v. t.* পুনঃ পুনঃ বলা ; পুনঃ পুনঃ-কৃ ; To repeat again and again. *a*= reiterated (পুনরুক্ত ; পুনঃ কথিত), reiterative. *n*= reitteration (পুনঃ কথন ; পুনরুক্তি ; repetition).

Reject, rē-jekt, *v. t* [L. *re*, back, and *jacere,* to throw] পরিত্যাগ-কৃ , প্রত্যাখ্যান-কৃ ; অগ্রাহ্য-কৃ , নাকচ-কৃ ; To refuse , to renounce. *n*=rejection (প্রত্যাখ্যান ; পরিত্যাগ)। *Syn* :—Repel, discard, exclude, eject ; decline, slight, despise.

Rejection, *n.* অগ্রাহ্যকরণ ; অস্বীকার , বর্জন ; Refusal to grant.

Rejoice, rē-jois, *v. i.* [Fr. *re*, again, *iouir*, to enjoy—*joil*, joy] আনন্দিত-হ , হৃষ্ট-হ ; উৎফুল্ল-হ ; To be glad ; to exult , to feel joy , triumph :—*v. t.* আনন্দিত-কৃ ; আহ্লাদিত-কৃ , To gladden. *Syn* :—Gladden, please, cheer, exhilarate, delight.

Rejoice in—কোন বিষয়ে আমোদ অনুভব-কৃ , Feel pleasure in.

Rejoicing, *n.* আনন্দ , আনন্দ প্রকাশ ; আনন্দোৎসব ; Gladdening ; expression of joy :—আনন্দের সময় , Time of joyfulness. [joy or exultation.

Rejoicingly, *ad.* আনন্দ বা উল্লাস সহকারে ; With

Rejoin, re-join, *v. t.* যুক্ত-কৃ ; পুনর্যোগ-কৃ ; পুনর্মিলিত-কৃ ; To join again ; to unite after separation :—প্রত্যুত্তরে কহা ; To answer :—*v. i* উত্তর-দে ; To answer to a reply.

Rejoinder, re-joindēr, *n.* পুনরুত্তর ; প্রত্যুত্তর ; An aswer to a reply :—প্রতিবাদ ; জবাব ; The defendant's answer to a plaintiff.

Rejuvenescent, *a.* পুনঃ যৌবনবে পরিবর্তনশীল ; Growing young again.

Rekindle, *v. t.* পুনঃ প্রজ্বলিত-কৃ ; পুনরুত্তেজিত-কৃ ; To set on fire ; to arouse anew.

Relapse, re-laps, *n.* [L. *re*, back, *labor* to slip] পুনঃপতন ; প্রত্যাবর্তন ; পালটান ; Falling back ; *falling back into a former bad state* :—*v. t.* পুনঃপতিত-হ ; প্রত্যাবৃত্ত-হ ; To backslide, to sink or fall back.

Relapse into—পুনরায় পূর্ব্বদশা প্রাপ্ত বা কোন দোষগ্রস্ত-হ ; Fall back into (a former bad state).

Relate, rē-lāt, *v. t.* বর্ণনা-কৃ ; To discribe ; to tell , to narrate :—সম্বন্ধ বদ্ধ-কৃ ; সম্বন্ধ-কৃ ; To ally by connexion or kindred :—*v. i.* সম্পর্কীয়-হ ; সম্বন্ধীয়-হ , সংযুক্ত-হ ; To refer ; to pertain.. *Syn* :—Rehearse, report, detail, recite, recount , *respect, regard, concern.*

Relate to—কোন বিষয় সংক্রান্ত-হ ; Refer to ; pertain to. [kindred or blood.

Related, *a.* সম্বন্ধবদ্ধ ; Allied or connected by

Related, *p. a.* কথিত ; সম্বন্ধ। *n*=relatedness.

Be related to—কাহারও সহিত সম্বন্ধ থাকা ; Be connected by blood or marriage with.

Relating, *a.* বিষয়ক।

Relation, rē-lāshun, *n.* বর্ণনা , Narration ; recital :—ইতিহাস ; Narrative .—উল্লেখ ; Referance :—সম্বন্ধ ; সম্পর্ক ; জ্ঞাতি ; কুটুম্ব ; Connexion by birth or marriage ; mutual connection :—সাদৃশ্য ; Resemblance. *a*=relational (সম্বন্ধবাচক); *n*=relationship (আত্মীয়তা ; কুটুম্বিতা)। *Syn* :—Recital ; tale, detail, account, description , connection, mutual dependence ; respect, regard, bearing ; relationship, kindred ; relative.

In relation to—সম্বন্ধে। [relation or kindred.

Relational, *a.* সম্বন্ধযুক্ত , জ্ঞাতি সম্বন্ধীয় ; Having

Relative, rela-tiv, *a.* সাপেক্ষ , আপেক্ষিক , Not absolute .—সম্বন্ধবাচক ; সম্বন্ধ প্রকাশক ; Expressing relation ; (Grammar) :—সম্বন্ধীয় , সম্বন্ধযুক্ত ; Respecting :—*n.* সম্বন্ধ ; সপিণ্ড ; That which has relation to something else , a relation. *ad*=relatively (আপেক্ষিকরূপে)।

A relative pronoun—*who* প্রভৃতি সর্ব্বনাম শব্দ।

Relative to—সম্বন্ধে , Regarding.

Relativity, *n.* আপেক্ষিকতা ; অপরিশুদ্ধতা।

Relax, rē-laks, *v. t.* [L. *re*, back, again, *laxare*, to loose] আলগা-কৃ ; শিথিল-কৃ ; To slacken ; to loose :—কঠোরতা লাঘব-কৃ ; কোমল-কৃ ; To make less severe or rigorous :—প্রফুল্লিত-কৃ ; আমোদিত-কৃ ; To divert :—কোষ্ঠ কাঠিন্য দূর-কৃ ; To loosen as the bowels :—অবসন্ন-কৃ ; To make lanquid :—সচ্ছন্দ-হ ; To ease :—*v. i.* শিথিল-হ ; ঢিলা-হ ; To become less severe. *Syn* :—Loosen ; weaken, enfeeble, debilitate ; lessen, diminish, reduce, abate ; unbend, ease, recreate.

Relaxation, re-laks-āshun, *n.* শিথিলতা ; শৈথিল্য ; The act of relaxing ; the state of being relaxed :—বিনোদন ; Division , amusement :—আসঙ্গশৈথিল্য ; Remission of application.

Relay, re-lā, *n.* ভ্রমণার্থ রাস্তা মধ্যে ঘোড়া স্থাপন ; বদলী ঘোড়া যোগান ; *A supply of horses to relieve others on a journey.*

Release, rē-lēs, *v. t.* খালাস-কৃ ; মুক্ত-কৃ ; To set

free; to discharge from; to relieve :—সত্ব পরিত্যাগ-কৃ; দাবী ছাড়িয়া-দে; To give up a right to; to let go, as a legal claim :—*n.* মুক্তি; মোচন; A setting free; discharge; acquittance :—স্বত্বত্যাগ; The giving up of a right or claim. *Syn* :—(*v*) Free, loose, disengage, quit, discharge, acquit, absolve, exempt. (*n*) Liberation, freedom, deliverance, discharge; exemption, exoneration, absolution, dispensation; acquittance, clearance.

Relegate, rele-gāt, *v. t.* [L. *re,* away, *lego,* to send] নির্বাসিত-কৃ; To banish; to exile :—দূরীভূত-কৃ; To consign. *n*=relegation.

Relent, re-lent', *v. i.* নরম-হ; মৃদু-হ; কোমল-হ; To become more mild :—আর্দ্রচিত্ত-হ, দয়ার্দ্র-হ; To feel compassion; to soften in temper.

Relentless, re-lentles, *a.* নির্দ্দয়; নিষ্ঠুর; কঠিন; Merciless. *ad*=relentlessly. *n*=relentlessness.

Relevance, rele-vans, **Relevancy,** rele-vansi, *n.* সময়োচিত; প্রাসঙ্গিকতা; সম্পর্কবিশিষ্টতা; Pertinence; applicability.

Relevant, relē-vant, *a.* [F. *relevant, ppr.* of *relever,* to raise again] প্রস্তাবানুরূপ, প্রাসঙ্গিক; Bearing upon or applying to the purpose; pertinent; related. *ad*=relevantly. *Syn* :—Pertinent, applicable, appropriate, apposite, apt, fit. [nent to; applicable to.

Relevant to—ঠিক খাটা; প্রসঙ্গোপযোগী; Perti-

Reliable, rē-lī'a-bl, *a.* বিশ্বাসযোগ্য; বিশ্বস্ত, বিশ্বসনীয়; That may be relied upon; worthy of credit *n*=reliability, reliableness (বিশ্বস্ততা)। *ad*=reliably. *Syn* :—Trustworthy, trusty, honest, true, creditable.

From a reliable source—বিশ্বস্তসূত্রে।

Reliance, rē-lī'ans, *n.* নির্ভরতা; নির্ভর; বিশ্বাস; প্রত্যয়; Trust; confidence. *a*=reliant (বিশ্বাসকারী)। *Syn* :—Dependence; hope.

Relic, relik *n.* [L. *relictum,* to leave behind] ধ্বংসাবশেষ; অবশিষ্টাংশ; That which remains after the decay of the rest :—কীর্ত্তিস্তম্ভ; স্মরণ চিহ্ন; Memorial :—*pl.* মৃতাবশেষ; মৃত ব্যক্তির কেশদন্তাদি; Body or remains of saints.

Relict, relikt, *n.* [L. *relinquo,* to leave behind] বিধবা স্ত্রী; A widow.

Relief, rē-lēf', *n.* অপসারণ; উপশম; The removal of any evil; alleviation :—সাহায্য; সহায়তা; Assistance; succour :—প্রতিকার; Remedy :—সমতল পৃষ্ঠ হইতে প্রস্তর বা ধাতু নির্ম্মিত মূর্ত্তির উন্নত অংশ; The projection of a figure from its ground. *Syn* :—Succour, help, aid, comfort; redress; prominence, relievo.

Bring into relief—স্পষ্ট করিয়া চিত্র করা বা লেখা; Bring into prominence.

Relieve, rē-lēv', *v. t.* [L. *relevare,* to lift up] উপশম-কৃ; হ্রাস-কৃ; লঘু-কৃ; To ease pain or sorrow; to alleviate; to mitigate :—সাহায্য-কৃ; To help :—প্রতিকার-কৃ; To redress :—উদ্ধার-কৃ; To deliver :—তুলনায় সন্নিবেশ-কৃ; To set off by contrast. *Syn* :—Succour, aid, assist, support, sustain; lighten, ease, diminish, remedy, free; put in relief.

Relieving officer, *n.* An officer under a poor-law board, to whom paupers apply for assistance.

Relievo, *n.* Same as *relief,* in fine arts.

Religion, rē-lij'un, *n.* [L. *religio,* from *religare,* to bind] ঈশ্বরভক্তি; ধর্ম্ম; The performance of our duties of love and obedience towards God :—ঈশ্বরনিষ্ঠা; পূজাপদ্ধতি; Piety :—ধর্ম্মমত; ধর্ম্মবিশ্বাস; Any system of faith and worship. *Syn* :—Sanctity, reverence, holiness, religiousness, godliness, grace.

Natural religion—প্রাকৃতিক প্রমাণগ্রাহ্য ধর্ম্ম।

Revealed religion—প্রত্যাদিষ্ট ধর্ম্ম।

The religion of humanity—নাস্তিক-ধর্ম্ম বিশেষ।

Religionist, re-lij'un-ist, *n.* ধর্ম্মমতাবলম্বী; গোঁড়া; ধর্ম্মানুরাগী লোক; One earnestly attached to a religion.

Religious, rē-lijus, *a.* ধার্ম্মিক; ধর্ম্মনিষ্ঠ; ধর্ম্মপরায়ণ; পবিত্র; Godly; strict; bound by monastic views; pious. *ad*=religiously (ধর্ম্মতঃ); *n*=religiousness (ধার্ম্মিকতা; ধর্ম্মনিষ্ঠতা)। *Syn* :—Holy, devout, devotional; conscientious, faithful, exact.

Religious founder—ধর্ম্ম-প্রবর্ত্তক।

Relinquish, rē-ling'kwish, *v. t.* [L. *relinquere,* to leave behind] পরিত্যাগ-কৃ; ছাড়িয়া-দে; ইস্তফা-কৃ, To abandon; to give up; to resign. *n*=relinquishment. *Syn* :—Leave, quit, forsake, desert; forbear, forego, surrender, yield, cede, abdicate, renounce, disclaim.

Relinquishment, *n.* পরিত্যাগ; পরিহার; Abandonment.

Reliquary, reli-kwar-i, *n.* সাধুদিগের মৃতদেহ রাখিবার বাক্স; A small chest or casket for holding relics :—হিসাব নিকাসে দেনদার।

Relique, re-lek', *n.* ধ্বংসাবশেষ; A relic.

Relish, relish, *v. t.* [F. *relecher,* to lick or taste anew] রসাস্বাদ ভোগ-কৃ; পরিতৃপ্ত-হ; তৃপ্ত-হ; To like the taste of; to be pleased with; to taste or eat with pleasure :—*v. i.* সুস্বাদু-হ; আমোদ-দে; সুখ-দে; To have an pleasing taste; to give pleasure :—*n.* স্বাদ; তার; Taste; flavour :—ইচ্ছা; Delight :—আগ্রহ; অনুরাগ; Zest :—ইচ্ছা; Liking; চাটনি; মসলা; A sauce :—ক্ষুধা; Appetite. *a*=relishable. *Syn* :—(*v*) Like, enjoy, appreciate; savour, smack. (*n*) Savour, gusto; appetite, fondness, partiality; quality, cast, touch, smack.

Reluctance, re-luktans, **Reluctancy,** reluktan-si, *n.* অনিচ্ছা; বিরাগ; বিতৃষ্ণা; Unwillingness. *Syn* :—Repugnance, backwardness, disinclination, dislike.

Reluctant, rē-luktant, [L. *re,* against, *luctor,* to struggle] অনিচ্ছুক; বিরক্ত; বিমুখ; বিতৃষ্ণ; Unwilling; disinclined. *ad*=reluctantly (অগত্যা; অনিচ্ছাপূর্ব্বক)। *Syn* :—Averse, loth, disinclined, indisposed, backward.

Rely, rē-lī', *v. i.* নির্ভর-কৃ; বিশ্বাস-কৃ; Put trust in; lean with confidence. *Syn* :—Trust, depend, confide, repose. [full confidence in.

Rely on or **upon**—বিশ্বাস-কৃ; Trust in; have

Remain, rē-mān, *v. i.* [L. *re,* again, back—*manere,* to stay] থাকা; অবশিষ্ট থাকা; বাকি থাকা; অবস্থান-কৃ, To stay; to be left behind; to con-

tinue bend ; to last. *Syn* :—(*n*) Continue, rest, abide, last, endure, survive.

Remainder, rē-mānder, *n.* বাকী ; অবশিষ্ট ভাগ ; বিয়োগ-শেষ ; That which remains ; remnant ; difference of two quantities ; remnant of an estate. *Syn* :—Balance, rest, residue.

Remaining, *a.* অবশিষ্ট।

Remains, *n. pl.* শব ; মৃতদেহ ; A corpse :—মৃত্যুকালে অমুদ্রিত গ্রন্থাদি ; The literary productions of one dead.

Remand, remand, *v. t.* [L. *re*, back, and *mando*, to order] পুনঃ প্রেরণ-কৃ ; To send back :—*n.* পুনঃ প্রেরণ।

Remark, rē-mārk, *v. t.* [F. *re*, again, *marquer*, to mark] দেখা ; দৃষ্টি-কৃ ; লক্ষ্য-কৃ ; To mark ; to notice :—মন্তব্য প্রকাশ-কৃ, বলা ; To express what one thinks or sees, to say :—*n.* মন্তব্য ; মত-প্রকাশ ; Note ; comment :—দর্শন ; Observation :—লক্ষ্য ; Notice. *Syn* :—(*v*) Notice, heed, regard ; speak, comment, animadvert, observe (*n*) Annotation ; notice, heed, regard, consideration ; statement, assertion, declaration

Remarkable, re-mārka-bl, *a.* বিখ্যাত ; প্রসিদ্ধ ; Distinguished, famous :—অদ্ভুত ; অসাধারণ ; আশ্চর্য্য, Strange ; wonderful ; extraordinary. *n*=remarkableness, *ad*=remarkably.

Remarkably, *ad.* সবিশেষ ; সাতিশয়।

Remarkably easy—অতি সহজ।

Remediable, re-mē'di-a-bl, *a.* প্রতিকার্য্য, আরোগ্য-সাধনযোগ্য ; Curable. *ad*=remediably *n*=remediableness.

Remedial, *a.* প্রতিকার-সাধক ; Tending to remove evil *ad*=remedially. [able, in effectual

Remediless, *a.* অপ্রতিবিধেয় ; নিষ্ফল, Irrepar-

Remedy, remē-de, *n* [L. *re*, again, *medeor*, to heal] রোগ নিবারক ঔষধ, An effective medicine ; cure :—উপায়, প্রতীকার ; Restorative ; reparation :—*v t.* আরোগ্য-কৃ ; আরাম-কৃ ; To cure ; to heal :—অনিষ্ট নিবারণ কৃ, প্রতিকার-কৃ ; To repair some evil :—ক্ষতিপূরণ-কৃ, To repair. *Syn* :—(*n*) Antidote, specific, restorative, medicine, counteraction ; relief, redress.

The remedy was worse than the disease—রোগ অপেক্ষা প্রতিকার অধিকতর অনিষ্টকর।

Remember, re-member, *v. t.* [L. *re*, again, and *memore*, to call to mind] স্মরণ-কৃ ; মনে-কৃ ; স্মরণ রাখা ; To keep in mind ; recollect ; bear in mind :—মনোনিবেশ-কৃ, To attend to.

Remember one to—কাহারও নাম মনে করিয়া দেওয়া ; Recall one to the mind of another

Remembrance, rē-membrans, *n.* স্মরণ ; Recollection :—স্মৃতি ; স্মরণশক্তি ; Memory :—স্মরণার্থ চিহ্ন ; স্মারক বস্তু ; Memorial. *Syn* :—Reminiscence ; mind ; token, momento, souvenir.

Remembrancer, re-membrans-ér, *n.* স্মারক বস্তু ; উদ্বোধক, স্মৃতিচিহ্ন ; That which reminds, a memorial.

Remind, re-mind, *v. t.* স্মরণ করাইয়া-দে ; স্মৃতি-গোচর-কৃ ; To cause to remember, to put in mind of ; to bring under the notice or consideration of. [Put one in mind of.

Remind (one) of—কোন বিষয় স্মরণ করাইয়া-দে ;

Reminder, *n.* স্মারক ; স্মরণার্থ লিখন।

Reminiscence, rem-e-nisens, *n.* [L. *reminiscor*, to recollect] স্মৃতি ; স্মরণ ; পূর্ব্বস্মৃতি ; স্মৃতি বিবর ; Recollection ; remembrance ; memory ; the recurrence to the mind of the past.

Remise, *v. t.* [L. *re*, back, *mitto*, to send] ত্যাগ-কৃ ; To surrender :—*n.* ত্যাগ ; Surrender.

Remiss, rē-mis, *a.* [L. *remissus*, *ppr.* of *remittere*, to relax] অমনোযোগী ; অসাবধান ; অনবহিত ; শিথিল ; আলস্য ; Negligent ; careless ; inattentive ; slothful ; slack. *ad*=remissly, *n*=remissness. *Syn* :—Dilatory, lax, negligent, careless, inattentive.

Remissible, re-misi-bl, *a.* ক্ষমাযোগ্য ; ক্ষমণীয় ; That may be pardoned. *n*=remissibility.

Remission, rē-mishun, *n.* ক্ষমা ; মার্জ্জনা ; রেহাই ; Pardon :—উপশম, কিঞ্চিৎ বিরাম ; হ্রাস ; Abatement ; relaxation :—টাকা প্রেরণ ; The sending of money to a distance :—মুক্তি ; Release :—স্বত্বত্যাগ ; Relinquishment. *Syn* :—Forgiveness, discharge, relaxation, diminution, removal ; intermission, suspension, stoppage [Forgiving.

Remissive, re-misiv, *a.* ক্ষমাশীল ; ক্ষমাপর ;

Remit, rē-mit. *v. t.* ত্যাগ-কৃ ; To give up ; to resign :—ক্ষমা-কৃ ; মার্জ্জনা-কৃ, To pardon, to forgive :—টাকা প্রেরণ-কৃ ; Send money, transmit, as money :—*v. i.* হ্রাস-হ, লঘু-হ, কমা, To abate in force or in violence ; to become moderated. *n*=remitter (প্রেরক)। *Syn* :—Return, restore, replace, relax, abate ; absolve, forgive ; surrender, resign ; transmit, forward, send, slacken, decrease. [mitting, surrender.

Remmittal, re mital, *n* প্রেরণ, ত্যাগ, A re-

Remittance, re-mitans, *n.* টাকা প্রেরণ ; প্রেরিত টাকা ; The sending of money &c. to a distance, the sum remitted.

Remittent, re-mitent, *a* অল্প বিরাম, অল্পকালের জন্য হ্রাসবিশিষ্ট ; Increasing and abating alternately, as a disease.

Remittent fever—স্বল্প বিরামজ্বর, (সামান্য হ্রাসবৃদ্ধিযুক্ত) একজ্বর, বাতশ্লেষ্মক বিকার।

Remnant, remnant, *n.* অবশেষ ; অংশ, অবশিষ্টাংশ ; বাকী, সামান্য খণ্ড ; টুকরা টুকরা ; ছিট-কাট ; Remainder ; a fragment ; a scrap. *Syn* :—Rest, remains, shred.

Remodel, rē-modl, *v. t.* পুনঃনির্ম্মাণ-কৃ, পুনর্গঠন-কৃ, To model or fashion anew.

Remonstrance, re-monstrans, *n.* আপত্তি, বাদানুবাদ, প্রতিবাদ, Expostulation, strong representation of reasons against an act.

Remonstrant, re-monstrant, *a* প্রতিবাদাত্মক, প্রতিবাদপরত, Inclined to remonstrate :—*n.* আপত্তিকারী ; আপত্তিকারক, প্রতিবাদক ; One who remonstrates.

Remonstrate, re-monstrāt, *v. t.* [L. *re*, again, and *monstro*, to point out] আপত্তি-কৃ প্রতিবাদ-কৃ, To expostulate ; show strong reasons against a measure.

Remonstrate with (one) against—কাহারও কার্য্য সম্বন্ধে ঘোর আপত্তি-কৃ ; Urge upon one strong reasons against (any act).

Remorse, rē-mors, *n.* [L. *remordere*, *remor-*

sum, to bite back] অনুতাপ ; মনস্তাপ ; মর্মপীড়া ; The gnawing pain or anguish of guilt ; regret. *Syn* :—Compunction, self-condemnation.

Remorseful, re-mors'fool, *a.* অনুতাপপূর্ণ ; অনুতপ্ত ; অনুতাপদগ্ধ ; Full of remorse. *ad*=remorsefully.

Remorseless, re-mors'less, *a.* নিষ্ঠুর ; নির্দয় ; Cruel. *n*=remorselessness, *ad*=remorselessly. *Syn* :—Unpitying, pitiless, relentless, unrelenting, implacable, merciless, ruthless, unmerciful, savage.

Remote, rē-mōt', *a.* [L. *remotus*, *pp.* of *removere*, to remove] দূরবর্ত্তী ; দূরস্থ ; Far ; far away ; distant :—আদি ; প্রাথমিক ; Primary, as a cause : —বিচ্ছিন্ন ; অসংলগ্ন ; Not agreeing ; not related : —সামান্য ; অস্পষ্ট ; Slight. *n*=remoteness (দূরবর্ত্তিতা) । *ad*=remotely (দূরতররূপে) । *Syn* :—Secluded, removed, foreign, alien ; separate, unconnected ; inconsiderable. [anew.

Remould, *v. t.* পুনর্গঠন-কৃ ; To mould or shape

Remount, *n.* সজ্জিত অপর ঘোটক :—পুনরারোহণার্থ আবশ্যক দ্রব্যজাত ; Things necessary for remounting :—*v. t.* or *v. i.* পুনরারোহণ-কৃ ; To mount again.

Removable, re-mōōv'a-bl, *a.* স্থানান্তর করণ যোগ্য ; অপসারণীয় ; That may be removed. *n*=removability.

Removal, rē-mōōv'al, *n* স্থানান্তর করণ, অপসারণ ; The act of taking away :—স্থান পরিবর্ত্তন ; পদচ্যুতি ; Displacing ; change of place ; dismissal. *Syn* : —Displacement, transference, relegation ; withdrawal, extraction, elimination, suppression, abatement ; dismission, ejection.

Remove, rē-mōōv', *v. t.* [L. *re*, again, back, and *movere*, to move] স্থানান্তর-কৃ ; অপসারিত-কৃ ; সরাণ ; দূরীভূত-কৃ ; অপহৃত-কৃ ; To put from its place ; to take away ; to put away ; to drive away, to displace ; to withdraw :—স্থান পরিবর্ত্তন-কৃ, পদচ্যুত-কৃ ; To change place ; to cause to change place :—*v. i* স্থানান্তরে যাওয়া ; সরা ; নড়া ; To go from one place to another :—*n.* অপসরণ ; অপসার ; Removal :—স্থান পরিবর্ত্তন ; Change of place ; departure :—দূরত্ব ; দূরবর্ত্তিতা ; Remoteness :—কর্ম্ম হইতে বিদায় ; Dismissal :—পদ ; শ্রেণী ; Step in gradation :—দূরতা ; Distance :—ভোজ্যাধার ; A dish to be changed while the rest remain. *Syn* :—(*v*) Displace, dislodge ; transfer, relegate ; withdraw, extract ; banish, destroy, suppress ; dismiss, eject, oust.

Removed, *p. a.* স্থানান্তরিত ; দূরবর্ত্তী ।

Remunerable, re-mū'nėr-a-bl, *a.* পুরস্কার যোগ্য, লাভজনক, Worthy of being rewarded, fit to be rewarded.

Remunerate, rē-mūnėr-āt, *v. t.* পুরস্কার-কৃ, বেতন-দে ; পারিতোষিক-দে, ক্ষতিপূরণ-কৃ ; To recompense ; to reward. *Syn* :—Reward, requite, repay, reimburse, indemnify.

Remuneration, rē-mūn-er-ā'shun, *n.* পুরস্কার ; পারিতোষিক ; পরিশ্রমের মূল্য স্বরূপ দান ; প্রতিদান ; বেতন ; ক্ষতিপূরণ ; Reward ; recompense. *Syn* : —Repayment, reimbursement, indemnification, compensation ; pay, salary, wages.

Remunerative, re-mū'nėr-a-tiv, *a.* লাভজনক ; Lucrative :—অনুরূপ ক্ষতিপূরণ প্রদায়ক ; Yielding proper return.

Renaissance, Renascence, *n.* বিলুপ্ত বস্তুর পুনরুজ্জীবন বা পুনরুদ্ধার ; পুনরভ্যুদয় ; A renewal.

Renal, rē'nal, *a.* কটি বা মূত্রযন্ত্রী সম্বন্ধীয় ; মূত্রাশয় সম্বন্ধীয় ; Pertaining to the loins or kidneys.

Renard, ren'ard, **Reynard**, *n.* খেঁকশেয়ালী ; A fox, so called in fables and in poetry.

Renascent, *a.* [L. *re*, again, and *nascor*, to be born] পুনরভ্যুদীয়মান ; Rising into being again.

Rencounter, ren-kownt'ėr, **Rencountre**, ren-kount'er, *n.* বিবাদ ; দ্বন্দ্বযুদ্ধ ; ঠোকাঠুকি ; সংঘর্ষ ; Conflict ; a sasual combat ; a collision ; clash :—*v. i.* পরস্পর দ্বন্দ্ব বা হাতাহাতি-কৃ । *Syn* :—(*n*) Clash, shock, combat, engagement, battle.

Rend, rend, *v. t.* বিদীর্ণ-কৃ ; ছেদ-কৃ, চিরিয়া ফেলা ; To tear asunder ; to split. *pt. pp. rent*. *Syn* :—Burst, break, rupture, tear, sever, rive, lacerate, fracture, crack.

Rend the air—গগনভেদী শব্দ-কৃ ; চীৎকারে ফাটিয়ে দেওয়া ; Make a mighty sound.

Render, ren'der, *v. t.* [L. *re*, away, and *do*, to give] প্রত্যর্পণ-কৃ, পুনঃ প্রদান-কৃ ; To pay back ; to return :—পরিত্যাগ-কৃ ; ত্যাগ-কৃ ; To give up ; surrender :—ক্ষতিপূরণ-কৃ ; To make up :—অর্পণ-কৃ ; To deliver :—অনুবাদ-কৃ ; To translate into another language :—সম্পাদন-কৃ ; সম্পন্ন-কৃ ; To perform ; to make :—হইতে-দে ; To cause to be. *Syn* :—Return, restore, pay, requite ; deliver, surrender, give, offer, assign ; furnish, contribute, supply ; make ; translate, construe.

Render into—ভাষান্তরে অনুবাদ-কৃ ; Translate into.

Render unto Caesar the things that are Caesar's—যাহার যাহা প্রাপ্য তাহাকে তাহা দেওয়া ; Give every one what is due to him.

Render up—সমর্পণ-কৃ ; দেওয়া ; Give on demand, surrender [Version ; translation.

Rendering, ren'dėr-ing, *n.* অনুবাদ ; তর্জমা ;

Rendezvous, (রেনডেভু) ren'-de-vōō, *n.* নির্দ্দিষ্ট সম্মিলন স্থান, নির্দ্দিষ্ট মিলন স্থান ; সংকেত স্থান ; সমাগম স্থান ; Appointed place of meeting.

Rendible, *a.* বিচ্ছেদ্য, Capable of being torn :—সমর্পণীয় ; ত্যাজ্য, Capable of being surrendered.

Rending, *a* বিদারক ।

Rendition, *n.* সমর্পণ, ত্যাগ ; Act of rendering ; surrender —অনুবাদ, ব্যাখ্যা ; Translation. *Syn* : —Return, restitution ; version.

Renegade, ren'ē-gād, **Renegado**, ren-e-gā'do, *n.* [L. *re*, and *nego*, *negatus*, to deny] স্বধর্ম্মত্যাগী ব্যক্তি, An apostate, a deserter :—পলাতক, A deserter. *Syn* :—Recreant ; traitor ; rebel ; vagabond.

Renew, rē-nū', *v. t.* নূতন-কৃ ; To make again ; renovate :—পুনরারম্ভ-কৃ ; (বাড়াদি) বদলান ; পালটান ; To begin :—পুনঃ সতেজ-কৃ ; To invigorate :—*v. i.* নূতন-হ ; নবীভূত-হ ; To be made new :—পুনরারম্ভ-কৃ ; পুনরায় আরম্ভ-কৃ ; To begin anew ; to commence again. *a*=renewable. *Syn* :—Renovate, re-establish, refit, repair, recreate, revive ; repeat, recommence ; regenerate, transform.

Renewable, *a.* স্থানান্তর করণযোগ্য , নবভূত করণীয় ; Such as may be renewed.

Renewal, re-nū'al, *n.* পুনর্নবীকরণ ; নূতন করণ ; পুনঃ প্রাপ্তি ; পুনরভ্যুত্থান ; Renovation ; regeneration ; restoration.

Renewed vigour—নবীভূত তেজ ।

Renitent, *a.* [L. *re*, against, and *niti*, to struggle] চাপরোধক ; Resisting pressure or its effect. *n*=renitence, renitency.

Rennet, renet, *n.* গোবৎসের অন্তর্ঝিল্লী , বাছুরের অন্ত্র ; The inner part of a calf's stomach for culdling milk :—মিষ্ট আপেল বিশেষ ; A sweet kind of apple.

Renounce, rē-nouns, *v. t.* [L. *re*, and *nunciare*, to announce] অস্বীকার-কৃ ; পরিত্যাগ-কৃ ; ত্যাগ-কৃ ; To disown ; to reject ; to forsake ; to cast off :—দাবী ত্যাগ-কৃ ; To disclaim. *Syn* :—Repudiate, disclaim, disown, deny, decline, abandon, forsake ; quit, forego, resign, relinquish, abdicate.

Renounce the world—সংসার ত্যাগ-কৃ ।

Renouncement, re-nownsment, *n.* পরিত্যাগ ; স্বত্বত্যাগ ; Disclaiming or rejecting.

Renovate, renō-vāt, *v. t.* [L. *re*, and *novare*, to make new] নবীভূত-কৃ ; নূতন-কৃ ; To renew , to restore tō the original state. *n*=renovation, renovator. *Syn* :—Recreate, revive, restore, reform, reconstitute, repair.

Renovation, *n.* নবীকরণ , নবভাব পুনঃ প্রাপ্তি ; Renewal ; the state of being renewed.

Renown, rē-nown, *n.* [L. *re*, again, and *nomen*, name] যশ ; খ্যাতি ; প্রতিষ্ঠা ; Celebrity ; fame. *Syn* :—Fame, distinction, reputation, eminence, honour, glory.

Renowned, rē-nownd, *a.* বিখ্যাত ; প্রসিদ্ধ ; লব্ধপ্রতিষ্ঠ ; যশস্বী ; Famous ; celebrated ; illustrious ; wonderful. *Syn* :—Famed, distinguished, noted, eminent.

Rent, rent, *n.* ভাড়া ; কর ; খাজনা ; Payment made to another for houses or lands :—ছিদ্র , ফাট ; ভঙ্গ ; ফাটা ; Fissure ; break :—*v. t.* ভাড়া-কৃ ; ইজারা-দে ; To hold or occupy by paying rent ; to lease or let for a rent :—*v. i.* ভাড়া-দে ; ইজারা-দ ; To be leased or let for rent. *Syn* :—(*n*) Breach, rupture, dilaceration, fracture, rift, cleft, split ; separation, disruption, schism.

Rent, *pa. t. pa. p.* of rend.

Forehand rent—অগ্রিম ভাড়া ।

Rentable, *a.* ভাড়ার উপযুক্ত ; ভাড়াটিয়া ; That may be rented.

Rental, rental, *n.* খাজানার তালিকা ; থোকা বই , A rent-roll :—খাজনা , কর ; Rent.

Rent-day, *n.* খাজনা আদায়ের দিন ।

Renter, rentér, *n.* ভাড়াটিয়া ; প্রজা ; One who holds by paying rent for.

Rent-roll, rent-rōl, *n.* খাজানার হিসাব ; ফর্দ ; A rental ; a schedule of rents , account of rents.

Renumerate, *v. t.* পুনর্গণনা-কৃ ; To recount.

Renunciation, re-nun-si-áshun, *n.* ত্যাগকরণ , পরিহার ; স্বত্বত্যাগ ; Disavowal ; disowning ; abandonment.

Re-open, *v. t.* পুনরায় খোলা ; পুনরুদ্ঘাটিত-কৃ ; নূতন করিয়া তোলা ।

Reorganise, *v. t.* পুনর্গঠিত-কৃ । *n*=reorganization (পুনর্গঠন) ।

Repaid, *pa. t.* and *pa. p.* of *Repay*.

Repair, rē-pār', *v. i.* [L. *re*, again, and *parare*, to prepare] যাওয়া ; গমন-কৃ ; আশ্রয়-কৃ ; To go ; to resort :—*v. t.* জীর্ণ সংস্কার-কৃ ; মেরামত-কৃ ; সংশোধন-কৃ ; To restore after injury ; to mend ; to fill up anew :—ক্ষতিপূরণ কৃ ; To make amends for :—*n.* বাসস্থান ; আবাস ; A retreat or abode :—জীর্ণ সংস্কার , মেরামত ; ক্ষতিপূরণ ; Restoration after injury or decay ; supply of loss. *Syn* :—(*v*) Mend, piece, patch, retouch ; recover, retrieve.

Thorough repair—খাড়া মেরামত ।

Repairable, rep'ar-a-ble, *a.* সংস্কারকরণ যোগ্য ; সংস্করণীয় ; প্রতিবিধেয় ; That may be repaired. *ad*=repairably. *Syn* :—Restorable, recoverable.

Repairer, re-pār'ér, *n.* সংস্কারকারী , জীর্ণ-সংস্কারক ; One who restores or amends.

Reparation, rep-ar-āshun, *n.* জীর্ণ সংস্কার ; নব সংস্কার ; Act of repairing :—ক্ষতিপূরণ ; Amends ; supply of loss. *Syn* :—Restoration, renewal, repair ; redress, indemnification, satisfaction, compensation, atonement.

Reparative, re-par'a-tiv, *a* সংস্কারক ; Tending to repair or amend :—ক্ষতিপূরক , Tending to make good.

Repartee, rep-ar-tē', *n.* [Fr. *re*, back, and *parter*, to set out] শ্লেষযুক্ত প্রত্যুত্তর ; উপস্থিত ও সরল প্রত্যুত্তর ; A smart, ready and witty reply.

Repass, *v. t.* or *v. i.* প্রত্যাগমন-কৃ ; প্রত্যাবর্তন-কৃ , To pass again.

Repast, re-past', *n.* [L. *re*, and *pastus*, food, feeding] আহার গ্রহণ ; ভোজ , ভোজন , Act of taking food , a meal :—খাদ্যদ্রব্য ; আহার-সামগ্রী , The food taken ; victuals.

Repay, rē-pā, *v. t.* পরিশোধ-দে ; পরিশোধ-কৃ , প্রতিদান-কৃ ; To pay back ; to make return for :—পুরস্কার-কৃ ; To recompense. *Syn* :—Refund, restore, return, compensate, remunerate, reimburse, reward, requite.

Repayable, re-pāa-bl, *a.* পরিশোধকরণ যোগ্য ; পরিশোধনীয় ; That is to be repaid.

Repayment, re-pāment, *n.* পরিশোধ ; Act of repaying :—যে অর্থ বা বস্তু পরিশোধ করণার্থ দেওয়া হয় ; পুনঃ প্রদত্ত বা প্রতিশোধিত টাকা বা বস্তু ; The money or thing repaid.

Repeal, rē-pēl, *v. t.* বাতিল-কৃ ; রদ-কৃ ; প্রত্যাহার-কৃ , খণ্ডন-কৃ , To abrogate , to annul :—*n.* বাতিল ; খণ্ডন , রদ ; প্রত্যাহার , Abrogation. *Syn* :—(*v*) Abolish, revoke, rescind, cancel.

Repealable, re-pēla-ble, *a.* খণ্ডনীয় ; প্রত্যাহরণীয় , রদযোগ্য ; That may be repealed.

Repealer, *n.* যে রদ করে , প্রত্যাহারান্বেষী ; One who repeals , one who seeks a repeal.

Repeat, rē-pēt, *v. t.* [L. *re*. again, and *petere*, to seek] পুনর্বার বলা ; অভ্যুক্তি-কৃ ; মুখস্থ বলা ; To utter again , to rehearse :—পুনর্বার-কৃ ; To do again. *n*=repitition. *Syn* :—Reiterate, iterate, reproduce, echo ; rehearse, recapitulate, retate.

Repeated, *p. a.* পুনঃকৃত ; পুনরুক্ত ।

Repeatedly, *ad.* বারংবার ; পুনঃপুনঃ ; Over and over again ; frequently.

Repeater, *n.* পুনঃকারক ; One who, or that which, repeats.

Repel, rē-pel, *v. t.* [L. *re*, back, and *pellere* ; to drive] নিবৃত্ত-কৃ ; প্রতিরোধ-কৃ ; নিবারণ-কৃ ; প্রত্যাবৃত্ত-কৃ ; To repulse ; to oppose ; to check the advance of ; to drive back .—*v. i.* প্রতিকূল বল প্রয়োগ-কৃ ; To act with opposing force. *Syn* :—Resist, oppose, withstand, confront, parry, rebuff ; reject, refuse, decline.

Repellent, re-pelent, *a.* নিবারণক্ষম ; নিরোধক ; নিবারক ; প্রতিতাড়ক ; Able or tending to repel.

Repent, rē-pent, *v. i.* [L. *re*, again, and *poenitere*, to make repent] অনুতপ্ত-হ ; দুঃখিত-হ ; To be penitent ; to regret ; to feel sorrow (of) :—*v. t.* অনুতাপ-কৃ ; দুঃখ বা খেদ-কৃ ; To remember with sorrow. [pain or regret for.

Repent of—কোন দুষ্কৃতির জন্য অনুতপ্ত-হ ; Feel

Repentance, rē-pentans, *n.* অনুতাপ ; পরিতাপ ; খেদ ; Contrition for sin. *Syn* :—Penitence, contriteness, compunction, remorse.

Repentant, re-pentant, *a.* অনুতপ্ত ; পরিতপ্ত ; দুঃখিত , পরিতাপকারী ; Sorry for past conduct.

Repercussion, rē-per-kushun, *n.* [L. *re*, again, back, *percutere*, to strike] প্রতিঘাত , প্রতিক্ষেপণ ; Reverberation ; act of driving back , rebound. [প্রতিধ্বনিউৎকারক ; Reverberating.

Repercussive, rē-per-kusiv, *a.* প্রতিঘাতকারী ;

Repertory, rep'ér-tor-i, *n.* [L. *re*, again, and *pario*, to bring forth] সূচিপত্র ; নির্ঘণ্ট , A place where things are kept in an orderly manner so that they can be easily found, as the index of a book :—ভাণ্ডার ; A treasury.

Repetend, *n* দশমিক ভগ্নাংশে যে সংখ্যার পুনঃপুনঃ আবৃত্তি হয় তাহা ; বৃত্ত ; That part of a circulating decimal which re-curs continually.

Repetition, *n.* পুনরুক্তি ; পুনরাবৃত্তি ; Re-iteration :—পাঠ ; স্মৃতি ; Recitla ; rehearse.

Repine, rē-pin, *v. i.* অসন্তুষ্ট-হ ; বিরক্ত-হ ; হিংসা-কৃ ; খেদ-কৃ ; To murmur ; grumble , fret ; envy. *n*=repiner. *ad*=repiningly. *Syn* :—Be discontented, complain, grumble, grieve.

Replace, rē-plās, *v. t.* পুনর্ব্বার রাখা ; পুনঃ স্থাপিত-কৃ ; To put again :—স্থান পূরণ-কৃ ; স্থানাধিকার-কৃ ; (একের) পরিবর্তে (অন্য) রাখা ; To supply the place of ; to take the place of ; substitute :—প্রত্যর্পণ-কৃ ; পরিশোধ-কৃ ; To pay back. *n*=replacement (পুনঃস্থাপন) । *Syn* :—Reinstate, re-establish ; refund, repay, restore.

Replenish, rē-plenish, *v. t.* [L. *re*, again, and *plenus*, full] পূরণ-কৃ ; ভরা ; পূর্ণ-কৃ ; Supply ; fill again ; to complete. *n*=replenishment (পুনঃস্থাপন) । *Syn* :—Restock, refill, supply, furnish.

Replete, re-plēt, *a.* [L. *re*, again, *pleo*, to fill] পূর্ণ , পরিপূরিত ; Full , completely filled.

Replete with—পরিপূর্ণ ; Full of.

Repletion, rē-plēshun, *n.* মধ্যাক্ ; পূর্ণতা ; Superabundant fullness. *Syn* :—Overfulness, satiety, glut, surfeit ; plethora.

Replevin, *n.* পুনর্প্রাপ্তির নালিশ ; A personal action of replevying :—*v. t.* জামিন দিয়া পুনর্গ্রহণ-কৃ ; To replevy.

Replevy, *v. t.* জামিন দিয়া খালাস-কৃ ।

Replica, *n.* স্বকৃত চিত্রের অনুলিপি ; একই চিত্রকরকৃত মূল চিত্রের অনুকৃতি ।

Replicant, *n.* উত্তর দাতা ; One who replies.

Replication, *n.* উত্তর ; A reply.

Reply, rē-plī *v. t.* [L. *replicare*, to make a reply] প্রত্যুত্তর-কৃ ; জবাব-দে ; To answer :—*v. t.* উত্তররূপে প্রয়োগ-কৃ ; To return for an answer :—*n.* প্রত্যুত্তর ; জবাব ; Return to an answer. *Syn* :—(*v*) Respond, rejoin. (*n*) Rejoinder, answer.

In reply to—প্রত্যুত্তরে ; In answer to.

Reply to—প্রত্যুত্তর-দে , Answer.

Report, rē-pōrt, *v. t.* [L. *reportare*, to bear back] সংবাদ-দে ; বর্ণনা-কৃ ; বৃত্তান্ত কহা ; To inform ; relate :—সংবাদ পত্রে খবর-দে ; To give information to a newspaper :—প্রচার-কৃ ; To ciculate publicly :—বিরুদ্ধে নিবেদন-কৃ ; To write down or take notes of :—*v. i.* বিবৃতি-কৃ ; To make a statement :—*n.* সংবাদ , Information ; relation ; description :—বিবরণী ; কার্য্যবৃত্তান্ত ; That which is reported ; statement of facts :—বার্ত্তা ; জনশ্রুতি ; Rumour :—ধ্বনি ; শব্দ ; আওয়াজ ; Sound, noise :—যশ ; খ্যাতি , Fame :—(*pl*). মোকদ্দমার বিবরণ ; An official statement. *n*=reporter. *Syn* :—(*v*) Announce, communicate, declare, promulgate, narrate, tell, mention ; describe, detail. (*n*) Announcement, communication, declaration, narration ; note, minute ; explosion. [সংবাদ-দে ।

Report one's self—হাজির আছি, এই বলিয়া

Reporter, *n.* সংবাদদাতা ; বক্তৃতা লেখক ; One who reports, especially for a newspaper.

Repose, rē-pōz', *v. t.* শান্ত-কৃ ; বিশ্রান্ত-কৃ ; To cause to be quiet ; to lay at rest ; compose :—ভারার্পণ-কৃ , স্থাপিত-কৃ ; To entrust :—*v. i.* বিশ্রাম-কৃ ; নিদ্রা-কৃ ; To rest ; to sleep :—থাকা ; শায়িত-হ ; To lie :—নির্ভর-কৃ ; To rest in confidence :—*n.* বিশ্রাম ; শয়ন , নিদ্রা , A laying at rest ; sleep :—আরাম ; মনের স্থিরতা ; শান্তি , Quiet ; rest of mind. *Syn* :—(*v*) Lean on, confide in ; recline, couch, slumber. (*n*) Slumber ; relaxation, respite, ease, quietness, peace.

Repose confidence in—কাহাতে বিশ্বাস স্থাপন-কৃ ।

Reposit, re-pozit, *v. i.* গচ্ছিত-কৃ , সমর্পণ-কৃ ; স্থাপিত-কৃ ; To lodge, as for safety. [repositing.

Reposition, *n.* নিরাপদে অবস্থাপন ; The act of

Repository, rē-poze-tor-e, *n.* ভাণ্ডার ; কোষ ; That in which any thing is laid up ; store-house. *Syn* :—Depository, repertory, magazine, depot, conservatory ; store-house, emporium.

Repossess, rē-poz-zes, *v. t.* পুনর্দখল-কৃ ; পুনরধিকার-কৃ , To posses again.

Reprehend, rep-rē-hend, *v. t.* দোষারোপ-কৃ ; নিন্দা-কৃ ; ভর্ৎসনা-কৃ ; তিরস্কার-কৃ ; To blame ; to reprove :—অনুযোগ-কৃ ; To chide sharply. *Syn* :—Chide, rebuke, censure, reprimand.

Reprehensible, rep-re-hensibl, *a.* নিন্দার্হ ; দূষণীয় , ভর্ৎসনীয় , Worthy of being blamed ; censurable. *ad*=reprehensibly.

Reprehension, rep-rē-henshun, *a.* নিন্দা ; তিরস্কার ; লাঞ্ছনা ; Reproof , censure *Syn* :—Blame, condemnation, rebuke, reprimand.

Reprehensive, rep-re-hensiv, *a.* ভর্ৎসনাপূর্ণ ; তিরস্কারপূর্ণ ; Containing reproof.

Represent, rep-rē-zent, *v. t.* বর্ণনা-কৃ ; To portray ; delineate :—বর্ণনা-কৃ ; To describe ; to set

forth :—জ্ঞাত-কৃ ; To inform :—প্রতিনিধি-কৃ ; (কাহারও) স্থানীয়-হ ; To stand in the place of : —মনের সম্মুখে উপস্থিত করা ; To bring before the mind :—অভিনয়-কৃ ; To personate ; to act the part of :—প্রতিরূপ প্রদর্শন-কৃ ; To exhibit the image of :—চিহ্নরূপে প্রকাশ-কৃ ; To serve as a sign of. *Syn* :—Exhibit, show, express ; depict ; personate ; stand for ; take the part of.

Representable, *a.* বর্ণনীয় ; Capable of being represented.

Representation, rep-rē-zent-áshun, *n.* বর্ণনা ; বিবরণ ; Delineation ; statement ; description : আবেদন ; নিবেদন ; Information :—প্রতিরূপ ; প্রতিমূর্ত্তি ; Image ; a picture ; likeness. *Syn* :—Exhibition, show, personation, simulation, account, relation ; portraiture, resemblance.

Theatrical representation—অভিনয় ; Dramatic performance.

Representative, rep-rē-zentá-tiv, *a.* প্রতিরূপ-প্রদর্শক ; সাদৃশ্য-প্রদর্শক ; Shewing a likeness :—কাহারও স্থানীয় ; প্রতিনিধিতে বর্ত্তমান ; প্রতিনিধিরূপী, Bearing the character or power of others.—কোন সম্প্রদায় স্থানীয় ; Presenting the full character of a class :—*n.* প্রতিনিধি ; One who stands for another ; a deputy.—উত্তরাধিকারী ; An heir. *Syn* :—(*n*) Agent, deputy, substitute, delegate, commissioner.

Repress, rē-pres', *v. t.* দমন-কৃ ; নিবারণ-কৃ. To check ; to restrain. *Syn* :—Subdue, suppress, overcome, overpower ; quell, curb, control.

Repression, *n.* দমন, শাসন ; Restraint.

Repressive, *a.* দমনকারী, নিবারণক্ষম, Able or tending to repress *ad*=repressively.

Reprieve, re-prēv', *v. t.* বিরাম-দে, ক্ষণকাল বিশ্রাম-দে ; To give respite to.—দণ্ডদান স্থগিত রাখা, To delay the punishment of.—*n.* বিশ্রাম, অবকাশ, দণ্ডব্যাক্ষেপ ; Delay in the execution of capital punishment, respite.

Reprimand, rep're-mand, *n.* তীব্র অনুযোগ ; ভৎসনা ; Severe reproof.—*v. i.* তিরস্কার-কৃ, ভর্ৎসনা-কৃ, অনুযোগ-কৃ, To chide ; to reprove severely *Syn* :—(*v*) Reprehend, rebuke, censure, blame.

Reprint, re-print, *v. t.* পুনর্মুদ্রিত-কৃ ; To print a new impression.—*n.* পুনর্মুদ্রিত গ্রন্থ ; পুনর্মুদ্রাঙ্কন ; Another impression, a new impression

Reprisal, *n.* প্রত্যপহার, প্রতিশোধ গ্রহণ. A seizing in retaliation, any thing seized in retaliation.

Reprise, *v. t.* ক্ষতিপূরণ-কৃ, To recompense

Reproach, re-prōch', *v. t.* নিন্দা-কৃ, ভর্ৎসনা-কৃ ; To censure ; to upbraid :—*n.* তিরস্কার, ভর্ৎসনা, Censure :—কলঙ্ক, নিন্দা ; A disgrace *Syn* —(*v*) Blame, rebuke, condemn ; revile, vilify, abuse. (*n*) Reproof, upbraiding, condemnation, reprehension, rebuke, remonstrance ; disrepute, discredit, dishonour, scandal, approbrium, shame, infamy.

Reproachable, re-prōch'a-bl, *a.* নিন্দার্হ, Deserving reproach ; approbrious. *ad*=reproachably.

Reproachful, rē-prōch'-fool, *a.* নিন্দাপূর্ণ, নিন্দিত ; Abusive ; scurillous :—নিন্দাজনক ; লজ্জাকর, লজ্জাজনক ; Shameful ; disgraceful. *ad*=reproachfully. *Syn* :—Condemnatory, upbraiding, vituperative, contumelious, offensive.

Reprobate, rep'rō-bāt, *a.* পাপিষ্ঠ ; পাপী ; ধর্ম্মভ্রষ্ট ; Depraved ; vile ; lost to virtue ; given over to sin :—*n.* পাপাত্মা ; An abandoned or profligate person :—*v. t.* নিন্দা-কৃ ; দোষ-দে ; To disapprove ; to condemn ; to censure. *Syn* :—(*a*) Rejected, disallowed, discarded, condemned, vitiated, corrupt, abandoned, hardened, profligate, castaway.

Reprobation, rep-ro-bā'shun, *n.* দণ্ড ; Condemnation, supposed abandonmeut of men to everlasting torment by the Almighty :—ত্যাগ, Rejection. [form anew. *n*=reproduction.

Reproduce, rē-pro-dūs', *v. t.* পুনর্গঠন-কৃ, To

Reproduction, *n.* পুনরুৎপাদন ; The act of producing anew.

Reproductive, rē-pro-duk'tiv. *a.* উৎপাদনকারী পুনরুৎপাদী, Tending to reproduce.

Reproof, rē-proof', *n.* নিন্দা ; তিরস্কার ; ভৎসনা Censure ; rebuke, reprehension *Syn* :—Admonition, chiding, reprimand, reproach.

Reprovable, rē-proova bl, *a* নিন্দানীয় ; নিন্দার্হ, Deserving reproof, blame, censure. *ad*=reprovably. *Syn* :—Blamable, blameworthy, censurable, reprehensible, culpable.

Reprove, rē-proov', *v. t* [L. *re*, off, *probo*, to try] নিন্দা-কৃ, ভর্ৎসনা-কৃ, To condemn ; rebuke, chide, censure. *n*=reprover *Syn* :—Reprehend, rebuke, blame, reprimand, admonish.

Reptation, *n.* বক্ষের উপর ভর দিয়া গমন, Crawling.

Reptatory. *a.* বক্ষের উপর দিয়া গমনশীল, Creeping.

Reptile, rep'til, *n.* [L. *repo*, to creep] উদরের উপর ভর দিয়া গমনশীল, Moving or crawling on the belly or by means of very short legs.—নীচাশয়, অতিনীচ, Low :—*n* সরীসৃপ, An animal that moves or crawls on its belly or legs.—নীচাশয় ব্যক্তি ; A grovelling low person.

Reptile house, *n.* A house for keeping snakes

Reptilian, *a* সরীসৃপ সম্বন্ধীয় ; Belonging to reptiles.

Republic, re-pub'lik, *n* প্রজাতন্ত্র শাসন ; সাধারণতন্ত্র রাজ্য, Commonwealth, free government.

Republic of letters—পণ্ডিতবর্গ ; বিদ্বানমণ্ডলী ; The collective body of literary or learned men.

Republican, re-pub'lik-an, *n.* সাধারণ তান্ত্রিক, প্রজাতন্ত্র শাসনের পক্ষপাতী ; A democrat :—*a.* প্রজাতন্ত্র সম্বন্ধীয়, সাধারণ-তন্ত্র, Agreeable to the principles of republic.

Republicanism, re-pub'lik-an-izm, *n.* সাধারণ তন্ত্রনীতি, প্রজাতন্ত্রানুরাগ ; Attachment to a republican form of government, the principles of republican government.

Republish, rē-pub'lish, *v. t.* পুনঃ প্রকাশ-কৃ, পুনঃ প্রসব-কৃ ; To publish again or anew. *n*=republication.

Repudiate, rē-pū'de-āt, *v. t* [L. *re*, again, *pudere*, to be ashamed] প্রত্যাখ্যান-কৃ ; অগ্রাহ্য-কৃ ; ত্যাগ-কৃ ; To reject ; to disclaim, to cast away, to disavow. *n*=repudiator. *Syn* :—Renounce discard ; divorce ; disown.

Repudiation, rē-pū-de-āshun, *n.* প্রত্যাখ্যান ; ত্যাগ ; Rejection ; divorce. *Syn* :—Disavowal, disclaiming ; disowning ; divorce.

Repudiator, *n.* অগ্রাহ্যকারী ; One who repudiates.

Repugnance, rē-pug'nans, **Repugnancy,** re-pug'-nan-si, *n.* অসন্তোষ ; বিরোধ ; অনিচ্ছা ; ঘৃণা ; Aversion ; resistance ; reluctance. *Syn* :—Contrariety, inconsistency, incongruity, incompatibility ; unwillingness, dislike, antipathy, hatred, hostility.

Repugnance to—কোন বিষয়ে অত্যন্ত অনিচ্ছা।

Repugnant, rē-pug'nant, *a.* [L. *re,* again, *pugnare,* to fight] বিদ্রোহী, বিরুদ্ধ ; বিপরীত ; অপ্রীতিকর, Adverse ; hostile ; contrary, distasteful. *ad*=repugnantly. *Syn* :—Opposite, opposed, irreconcilable, incompatible, antagonistic, inimical ; offensive.

Repulse, rē-puls, *v. t.* [L. *re,* back, and *pellere,* to drive] তাড়াইয়া-দে ; খেদান, To repel ; to beat off, to drive back :—*n.* প্রতিনিবৃত্তি ; প্রতিঘাত ; অপসারণ, The state of being repulsed or driven back ; refusal. *n*=repulsion (ঘৃণা) । *Syn* :—(*v*) Reject, refuse.

Repulsion, *n* প্রত্যাবর্তন, প্রতিনিবৃত্তি ; The state of being repelled.

Repulsive, rē-pulsiv, *a.* অপ্রীতিকর, অপ্রসন্ন ; ঘৃণাজনক, Repelling ; cold, forbidding ; disgusting. *ad*=repulsively, *n*=repulsiveness. *Syn* :—Repellent ; offensive, disagreeable, odious, loathsome, nauseating, revolting.

Repurchage, *v. t.* পুনঃ ক্রয়-কৃ, To buy again : —*n.* পুনঃ ক্রয় ; The act of buying again.

Reputable, rep'ūt-a-bl, *a.* সম্ভ্রান্ত ; প্রতিষ্ঠান্বিত ; Respectable ; honourable. *ad*=reputably. *n*=reputableness. *Syn* :—Creditable, estimable, worthy, good.

Reputation, rep-ūt-āshun, *n.* সম্ভ্রম ; শ্রদ্ধা ; মর্য্যাদা ; Estimation :—যশ ; খ্যাতি ; নাম, Fame ; credit. *Syn* :—Repute, name, character, esteem, honor, renown.

Repute, re-pūt', *n.* [L. *re,* again, *puto,* to reckon] সুখ্যাতি, খ্যাতি, যশঃ, Reputation ; estimate :—*v. t.* গণ্য-কৃ, মান্য কৃ, To account ; to estimate, to hold :—গণনা-কৃ, To reckon

Reputedly, re-pūt-ed-li, *ad.* সাধারণমতে ; সাধারণের ধারণায়, In common repute or estimation.

Request, rē-kwest', *v. t.* [L. *requirere, requisitum,* to ask for] অনুরোধ-কৃ ; প্রার্থনা-কৃ ; To entreat ; to ask for ; to desire :—*n.* প্রার্থনা ; নিবেদন ; অনুরোধ, Prayer, entreaty :—অভাব ; প্রয়োজন ; Want ; a demand. *Syn* :—(*v*) Ask, supplicate, petition, beg, solicit, beseech. (*n*) Solicitation, petition, supplication, suit ; demand, requisition.

At the request of—কাহারও অনুরোধে বা প্রার্থনায় ; At the earnest desire or solicitation of.

Be in request—কাটতি-হ ; বড় দরকার-হ ; Be in demand ; be wanted.

Requiem, *n.* মৃত ব্যক্তির আত্মার শান্ত্যর্থ স্তব ; মৃত ব্যক্তির সম্বন্ধে স্তবগীত বা মঙ্গল প্রার্থনা ; A hymn sung for the rest of the soul of the dead ; rest ; peace ; hymn for the dead.

Requirable, *a,* চাওয়ার উপযুক্ত, Fit to be demanded.

Require, rē-kwīr', *v. t.* [L. *re,* again, back, and *quaerere,* to seek] প্রার্থনা-কৃ ; চাওয়া-কৃ ; To ask ; to demand :—আবশ্যক-হ ; To need, call for. *Syn* :—(*v*) Claim, exact, insist on ; want.

Requirement, re-kwīr'ment *n.* দরকার ; দাবি, Claim ; demand.

Requisite, rek'we-zit, *a.* আবশ্যক ; প্রয়োজনীয়. Needful ; indispensable ; necessary, essential : —*n.* অভাব ; A need.

Requisition, rek-wi-zishun, *n.* প্রার্থনা ; পত্র আহ্বান, লিখিত প্রার্থনা ; Demand ; a written request or invitation :—*v.* চাওয়া-কৃ ; আহ্বান-কৃ।

Put in or into requisition—দরকার বলিয়া চাওয়া ; Call for.

Requisitionsist, *a.* প্রার্থনাকারী ; One who makes a requisition.

Requital, re-kwītal, *n.* প্রতিদান ; পরিশোধ ; পুরস্কার, Payment in return ; retribution, recompense ; reward. *Syn* :—Compensation, remuneration, reward ; retribution, retaliation

Requite, re-kwīt', *v. t.* পরিশোধ-কৃ ; পুরস্কার দে ; To repay ; to pay in return ; to recompense *Syn* :—Reward, pay, remunerate, satisfy, recompense ; retaliate, punish, avenge.

Reredos, *n.* অগ্নিস্থানের পশ্চাদ্ভাগ, দেওয়াল বা পরদা বিশেষ, A screen on wall behind the alter in a church.

Reremouse, *n.* বাদুড় ; A bat.

Resale, *n.* পুনর্বিক্রয় ; A second sale.

Resalute, *v. t.* পুনঃ অভ্যর্থনা-কৃ ; To salute anew.

Rescind, rē-sind, *v. i.* [L. *re,* again, *scindere,* to cut] রহিত-কৃ ; রদ-কৃ, বাতিল-কৃ ; To annul, to repeal ; render null ; reverse. *n*=rescission. *Syn* :—Revoke, recall, void, cancel, abrogate.

Rescission, *n.* খণ্ডন ; রদ ; The act of annulling or repealing. *a*=rescissory.

Rescribe, *v. t.* পুনর্ব্বার লেখা ; প্রত্যুত্তরে লেখা ; To write back. *n*=rescription.

Rescript, rē-skript, *n,* শাসন, রাজাজ্ঞা লিখিত উত্তর, An edict or decree.

Rescue, res'kū, *v. t.* মুক্ত-কৃ ; উদ্ধার-কৃ, ত্রাণ-কৃ ; রক্ষা-কৃ, To deliver ; to liberate :—*n.* উদ্ধার, মুক্তি ; মোচন ; Deliverance from violence or danger ; release *n*=rescuer (উদ্ধারকর্ত্তা) । *Syn* :—(*v*) Free, save, redeem, release, extricate

Research, re-sérch, *n.* গবেষণা ; অনুসন্ধান, তত্ত্বপরীক্ষা ; A careful research ; scrutiny :—*v. i.* পুনরন্বেষণ-কৃ, To seek diligently.

Resell, *v. t.* পুনরায় বিক্রয়-কৃ ; To sell again.

Resemblance, rē-zemblans, *n.* সাদৃশ্য ; অনুরূপতা ; Similarity ; similitude ; likeness *Syn* :—Analogy ; semblance, image, counterpart, portrait, fac-simile, representation.

Resemble, re-zemble, *v. t.* সদৃশ-কৃ ; অনুরূপ-হ ; To make like, to be like.

Resend, *v t.* পুনঃ প্রেরণ-কৃ।

Resent, re-zent, *v. t.* আক্রোশ-কৃ ; ক্রুদ্ধ-হ ; রুষ্ট-হ ; রাগ প্রকাশ-কৃ ; To be indignant ; to think ill.

Resentful, re-zent'fool, *a.* কোপন ; ক্রোধশীল ; ক্রোধন ; আক্রোশশীল ; Full of resentment ; wrathful. *ad*=resentfully.

Resentment, re-zent'ment, *n.* অসন্তোষ, ক্রোধ,

রোষ, প্রতিহিংসা, Displeasure; anger; indignation; wrath.

Reservation, rez-ėr-vāshun, *n.* গোপন, অপ্রকাশ; সংরক্ষণ, Keeping back, concealing.—বাধা, Exception, restriction

Mental reservation—মনে মনে চাপিয়া রাখন।

Reserve, rē-zerv', *v t.* [L. *re*, again, *servare*, to keep] ভবিষ্যতে ব্যবহারার্থ রাখা; তুলিয়া রাখা, হাতে রাখা, জমা রাখা; To keep for future or other use, to retain:—বর্জ্জন-কৃ, To except·—*n* যাহা তুলিয়া রাখা হয়, সঞ্চয়; সঞ্চিত দ্রব্য, That which is kept for future use.—ব্যবহার না করিয়া পশ্চাদ্ভাগে রক্ষিত সৈন্য, A part of an army or a fleet reserved to assist those engaged in action —বর্জ্জন, Exception —মনের ভাব গোপন, ভুক্তীভাব, Mental concealment —সাবধানতা, Caution —বাক্যে বা কার্য্যে সংযম, সংলাপপরাঙ্মুখতা, Absence of freedom in words or action. *Syn* —(*v*) Retain, hold, husband, withhold, keep back (*n*) Retention, reservation, constraint, restraint, backwardness, caution, shyness, bashfulness, coyness store, stock [ভাণ্ডার।

In reserve—ভবিষ্যতে ব্যবহারের জন্য রক্ষিত সঞ্চিত,

Without reserve—প্রকাশ্যে, মুক্তকণ্ঠে, Openly

Reserved, rē zervd, *a* লজ্জাশীল, লাজুক, Shy —সংযত, সংলাপ পরাঙ্মুখ, Cold, not free or frank —ভবিষ্যতে ব্যবহারার্থ রক্ষিত। *a*=reservedly *n*= reservedness *Syn*·—Cautious, backward incommunicative, coy, modest

Reservoir, rez-ėr-vwor', *n* জলাশয়; তড়াগ, চৌবাচ্চা হৌজ, Pond, cistern, tank.

Reset, rē-set', *v t* পুনঃ স্থাপিত-কৃ, পুনঃ বসান বা লাগান, To set again —(অপহৃত দ্রব্যাদি) গ্রহণ করতঃ লুকাইয়া রাখা, To receive and hide, as stolen goods

Reside, rē-zid, *v. i* বাস-কৃ, বসবাস-কৃ, To dwell, to live *Syn* —Sojourn, abide, domiciliate, domicile, settle

Residence, reże-dens, *n* স্থিতি, The act of residing or of dwelling in a place, stay —বাসভূমি, আবাস, The place where one resides, an abode, habitation *Syn* —Domiciliation, inhabitancy, sojourn, home, domicile, mansion, dwelling, abode habitation

Residency, *n* বাসস্থান, ইংরাজ রাজপ্রতিনিধির আবাস, Residence, the official dwelling of a government officer in India

Resident, reżi dent, *a.* বাসকারী, অধিবাসী, বাসী, Residing or dwelling in a place for sometime —*n* বাসকারী ব্যক্তি, অধিবাসী, One who resides —বিদেশীয় রাজপ্রতিনিধি, A public minister at a foreign court [Having actual residence

Residential, rez-i-denshal, *a.* বাসী, বাসসম্বন্ধীয়,

Residentiary, rez-i-denshar-i, *a.* বাসী, Residential —*n.* যাহার কোনরূপ বাসস্থান আছে, One who keeps a certain residence.

Residual, *a* অবশিষ্ট, Remaining as residue

Residuary, re-zidū-ar-i, *a.* শেষাংশ সম্বন্ধীয়, অবশিষ্টাংশ সম্বন্ধীয়; Pertaining to the residue

Residuary Legatee, *n.* One who takes all that remains of an estate after the payment of all other legacies.

Residue, reże-dū, *n.* [L. *residuus*, that is left behind] অবশেষ; বাকি, অবশিষ্ট অংশ, The remainder. *a*=residual. *Syn*.—Rest, remnant, balance, surplus, residuum.

Residuum, re-zidū-um, *n.* অবশেষ, অবশিষ্টাংশ, That which is left after any process of purification.

Resign, rē-zin, *v t.* [L *re*, again, *signare*, to sign] পদ পরিত্যাগ-কৃ, ইস্তফা-দে; To give up, surrender.—ত্যাগ-কৃ, Relinquish, abandon —বশবর্ত্তী-কৃ, বশ্যতা স্বীকার-কৃ, To yield *a*=resigned (বশীভূত)। *Syn* —Cede, leave, forego, renounce, submit to, abdicate

Resign oneself to, Be resigned to—অদৃষ্টে যাহা আছে বা ঈশ্বরের মনে যাহা আছে এই ভাবিয়া নিশ্চেষ্ট হইয়া থাকা, Calmly submit to.

Resignation, rez-ig-nāshun, *n* পরিত্যাগ, ইস্তফা, Relinquishment, abandonment —সমর্পণ, বশবর্ত্তীতা, Giving up, yielding —ঈশ্বরের উপর নির্ভরতা, Submission to the will of God:—সহিষ্ণুতা, Patience. *Syn* —Surrender, abandonment, renunciation, abdication; submission, acquiescence, endurance.

Resilience, Resiliency, *n.* প্রতিঘাতোত্থ উল্লম্ফন, The act of springing back.

Resilient, *a* [L *re*, back, *salio* to leap] লম্ফোদ্যত, উৎপতনশীল, Springing back or rebounding [substance which exudes from trees

Resin, reźin, *n* ধুনা, রজন, An inflammable

Resinous, reźin-us, *a* ধুনাসদৃশ, Resembling resin —ধুনাবিশিষ্ট, ধুনাময়, Having the quality of or resembling resin. *ad*=resinously, *n*= resinousness.

Resiny, reźin-i, *a* ধুনার মত, Like resin

Resist, rē-zist, *v t* [L *re* again, *sistere*, to stand] বাধা দে, প্রতিরোধ কৃ, To oppose —*v i* বাধা দে, প্রতিবন্ধক-হ, To make opposition *Syn* —Withstand, confront, strive against, counteract, hinder

Resistance, rē zistans, *n* প্রতিরোধ, বাধ Opposition —প্রতিঘাত, প্রতিঘাতের শক্তি বা বল Striking, as of force. *Syn* —Rebuff, hinderance, check

Resistible, re-zisti-bl *a* প্রতিরোধনীয়, প্রতিরোধ্য বাধাযোগ্য, That may be resisted *n*=resistibility

Resistless, re-zistles, *a* অপ্রতিরোধনীয়, অপ্রতিরোধ্য অনিবার্য্য, দুর্নিবার, Incapable of being resisted, irresistible. *n*=resistlessness, *ad*=resistlessly

Resolute, reźō-lūt, *a* স্থিরসঙ্কল্প, দৃঢ়সঙ্কল্প দৃঢ়প্রতিজ্ঞ, স্থিরনিশ্চয়, Determined, resolved অটল, স্থির, Firm, steady *n*=resoluteness *ad*=resolutely (অটলভাবে)। *Syn* —Fixed, steadfast, persevering, unshaken, determined, firm bold, inflexible, unflinching.

Resolution, rez-ō-lū'shun, *n* সঙ্কল্প, দৃঢ়প্রতিজ্ঞা Fixed determination.—সমাধান, ব্যাখ্যা, Solution, explanation —নির্ণয়, প্রস্তাব, সঙ্কল্পিত বিষয় Decision, formal proposal in a public assembly, resolution —বিশ্লেষণ, Analysis —স্থিরতা Steadiness *Syn* —Separation, decomposition, analysis, resoluteness, steadfastness

firmness, constancy, courage, boldness; resolve, purpose, intention; dispension, termination; motion, declaration.

To move a resolution—প্রস্তাব-কৃ।

Resolvable, re-zolv́a-bl, *a.* দ্রাবক; বিশ্লেষণীয়; Such as may be revolved or reduced to its elements. *ad*=resolvably.

Resolve, rē-zolv́, *v. t.* [L. *re*, again, *solvere*, to loosen] দ্রব-কৃ; বিযুক্ত-কৃ; To dissolve; to melt:—উপাদানে পরিণত-কৃ; বিশ্লেষণ-কৃ; To separate into component parts; to analyse; to separate into parts:—(অঙ্ক) কষা; ব্যাখ্যা-কৃ; To solve, to explain:—স্থির-কৃ, মীমাংসা-কৃ; To decide.—কমাইয়া-দে, ব্যবচ্ছেদ-কৃ; To disperse, as a tumour:—*v. i.* মনস্থ-কৃ; অভিপ্রায়-কৃ; To determine:—নির্দিষ্ট-হ; To pass a resolution:—*n.* প্রতিজ্ঞা; সঙ্কল্প; Resolution; fixed purpose. *Syn*:—Decompose; reduce, change; unravel; disentangle; decide, conclude, purpose.

Resolve into—কোন অঙ্কের ভাগ বাহির-কৃ; Separate or find out the component parts of a sum:—গলিয়া-যা; Melt into:—কিছুতে পরিণত-হ, Come ultimately to:—জোট দিয়া কমিটি-কৃ; Form into a committee by vote or resolution.

Resolve on—স্থির-কৃ, Decide on, determine.

Resolved, re-zolvd, *a.* কৃতসঙ্কল্প; স্থিরপ্রতিজ্ঞ, Fixed in purpose:—বিশ্লিষ্ট; Analysed. *n*=resolvedness (দৃঢ়-প্রতিজ্ঞা)। [প্রতিধ্বনি; Resounding.

Resonance, reźo-nans, *n.* প্রতিধ্বনি; প্রতিনাদ;

Resonant, rez'ō-nant, *a* [L. *resonans*, *ppr.* of *resonare*, to resound] প্রতিধ্বনিকারী; প্রতিধ্বনিত; প্রতি শব্দায়মান, Returning sound; echoing back; resounding. *Syn*.—Echoing, sonorous, ringing.

Resort, rē-zort, *v. i.* [F. *ressortir*, to go or come out again] যাওয়া; To go:—আশ্রয় লওয়া; অবলম্বন-কৃ; প্রয়োগ-কৃ; To betake one's self; to have recourse, to repair, to apply:—*n.* গমন; Act of resorting:—গম্যস্থান, গমনাগমনের স্থান; আশ্রয় স্থান, A place much frequented; a hunt—উপায়; Resource:—আশ্রয় গ্রহণ; The act of resorting. [means.

Dernier or last resort—শেষ উপায়; Ultimate

Resort to—অবলম্বন-কৃ, Have recourse to:—যাওয়া, Go to visit.

The last resort—শেষের উপায়; শেষ আদালত।

Resound, rē-zound, *v. t.* [L. *re*, again, back, and *sonare*, to sound] প্রতিধ্বনি-কৃ, To echo:—যশবিস্তার-কৃ, কীর্ত্তন-কৃ; To spread the fame of; to praise:—*v. i.* প্রতিধ্বনিত-হ, To be echoed or sent back:—উচ্চৈ শব্দ-কৃ; উচ্চধ্বনি-কৃ; To be much mentioned; to sound loudly. *Syn*:—Reverberate, re-echo, ring.

Resource, rē-sōrś, *n.* [F. *ressourdre*, to spring up again] উপায়; সম্ভাবনা; Resort, means, remedy:—*pl.* বিভব; সঙ্গতি; উপায়, সংস্থান, Fortune; funds; means of raising money:—যে কোন উপায়; Means of any kind. *a*=resourceful (সদুপায়বুদ্ধি)। *Syn*:—Expedient, resort, contrivance, device, appliance, instrumentality. (*pl*) Funds, wealth, riches.

Having no other resource—অনন্যগতি হইয়া।

Last resource—চরম গতি।

Respect, rē-spekt́, *v. t.* সম্মান-কৃ; আদর-কৃ; To honour; to esteem:—সম্ভ্রম রাখা; সম্বন্ধ রাখা; To relate to:—*n.* সম্মান; সমাদর; পূজা; Honour, regard:—সম্বন্ধ; সম্পর্ক; Reference; relation;—পক্ষপাতিতা; Partiality:—*pl.* অভিবাদন। *Syn*:—(*v*) Regard, revere, venerate, reverence, esteem; refer to, concern. (*n*) Relation; attention, consideration, estimation, esteem.

Command respect—লোকের সম্মানভাজন হ; Win esteem by one's personal qualities.

In all respects, In every respects—সর্ব্বপ্রকারে।

Pay respects to—সম্মানপ্রদর্শন-কৃ; Show one's respect or esteem for another:—সসম্মান সাক্ষাৎ-কৃ; Meet one with courtesy.

With (in) respect to, In respect of—সম্বন্ধে; বিষয়ে; As regards.

Respectability, *n.* মান্যতা; মাননীয়তা; সম্মানার্হতা; The state of being respectable.

Respectable, rē-spekt́a-bl, *a.* মাননীয়, মান্য, Honourable; worthy of respect:—সামান্য; Moderate, ordinary:—সদ্গুণবিশিষ্ট; Of good quality:—নীচ বা দুর্গার্হ নয়, Not mean or despicable. *n*=respectability, *ad*=respectably. *Syn*:—Reputable, estimable; decent, fair, ordinary, commonplace.

A respectable family—সদ্বংশ।

Respectful, rē-spekt́fool, *a.* বিনীত; সম্ভ্রমকারী; সম্মানসূচক; Full of respect, marked by civility. *ad*=respectfully (সবিনয়)। *Syn*:—Deferential, dutiful, reverential, submissive, ceremonious, civil, polite.

Respective, re-spekt́iv, *a.* স্ব স্ব; নিজ নিজ, আপন আপন; বিশেষ বিশেষ; সম্বন্ধীয়; Own; relative; particular.

Respectively, *ad.* ক্রমান্বয়ে, অনুক্রমে।

Respector, *n.* সম্মানকারী; One who respects.

Be no respector of persons—ব্যক্তি বিশেষের খাতির না-কৃ, Show no partiality for individuals; make no distinction in favour of individuals.

Respirability, *n.* নিশ্বাসপ্রশ্বাস-যোগ্যতা; The quality of being respirable.

Respirable, re-spīŕa-bl, *a.* নিশ্বাস প্রশ্বাসের উপযুক্ত, Fit for respiration. [act of breathing.

Respiration, res-pi-rā́shun, *n.* শ্বাসপ্রশ্বাস, The

Respirator, res-pi-rā́-tor, *n.* এক প্রকার সান্দ্ধ্য নিবারক সূক্ষ্ম তারের মুখাচ্ছাদনী যন্ত্র; শ্বাসজালি; A network of fine wire for respiring or breathing through without injury. *a*=respiratory.

Respiratory, *a.* শ্বাসপ্রশ্বাস সম্বন্ধীয়; Pertaining to respiration.

Respire, re-spīŕ, *v. i.* [L. *re*, and *spiro*, to breathe] শ্বাসপ্রশ্বাস-কৃ; To breathe:—বিশ্রাম-কৃ; To take rest—*v. t.* শ্বাস ত্যাগ-কৃ, To breathe out.

Respite, reśpit, *n.* বিরাম; বিলম্ব; অবকাশ; Temporary cessation; pause, interval of rest; reprieve; stop; interval:—প্রাণদণ্ড প্রদানে কিছু বিলম্ব, Reprieve:—*v. t.* বিলম্ব-কৃ; স্থগিত করা; প্রাণদণ্ড স্থগিত রাখা; To give a respite to; to reprieve. [দীপ্তি; জ্যোতিঃ; Brilliant lustre.

Resplendence, Resplendency, *n.* উজ্জ্বলতা,

Resplendent, rē-spleńdent, *a.* অত্যুজ্জ্বল;

সমুজ্জ্বল ; প্রভাময় , Very bright. *ad*=resplendently (সমুজ্জ্বলভাবে) ।

Respond, rē-spond, *v. i* [L. *re,* back, *spondere,* to promise] জবাব-দে , উত্তর দে , To answer , to reply —উপযুক্ত-হ , অনুরূপ-হ , To suit —মিল থাকা , To correspond to

Respond to—উত্তর-দে , Answer —অনুরূপ কাজ-কৃ , Act in sympathy or conformity with —অনুরূপ ভাব প্রকাশ-কৃ , Reciprocate

Respondent, re-spondent, *n* প্রতিবাদ-খণ্ডনকারী , প্রতিবাদী , One who refutes objections —*a.* আশানুরূপ , That answers to expectation

Response, rē-spons, *n* উত্তর , জবাব , A reply —দৈববাণী , An oracular answer , rejoinder

In response to—প্রত্যুত্তরে । [re ponsible for

Responsibility, *n* দায়িত্ব , দায় , What one is

On one's own responsibility—নিজের ঘাড়ে ঝোঁক লইয়া , Taking the responsibility or consequences of one's own acts on one s ownself

Responsible, rē sponse-bl, *a* দায়ী , দায়গ্রস্ত , Answerable , accountable , amenable. *n*=responsibility (দায়) । *ad*=responsibly.

Hold one responsible for—দায়ী করা , Regard one as answerable

Responsible to (one), **for** (something)—কোন বিষয়ের জন্য কাহারও নিকট দায়ী , Liable to be called to account *to* a person *for* a thing

Responsions, *n.* অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আদি পরীক্ষা ।

Responsive, re-sponsiv *a* উত্তরকারী , সংবাদী , অনুরূপ , Answering , correspondent.

Rest, rest, *n* বিশ্রাম , বিরাম Repose , cessation from motion —নিদ্রা , Sleep —স্থিরতা Quiet —মৃত্যু , Death —শান্তি , Peace —বিশ্রাম স্থান রক্ষা স্থান , A place of rest —অবলম্বন , Support , prop —অবশিষ্ট দ্রব্য , অবশিষ্টাংশ , Remainder —Support for the spear when couched for the attack —স্থায়ী বাসস্থান , A permanent habitation —*v i* বিশ্রাম-কৃ , জিরান , To repose , to take rest —অবলম্বন করিয়া থাকা , To lean —নিদ্রা যাওয়া , Sleep —হেলিয়া থাকা , Lie —বিশ্বাস কৃ Trust —দাঁড়াইয়া থাকা , To stand —*v t* প্রশান্ত কৃ , বিশ্রাম দে , To quiet —আধারের উপর স্থাপন কৃ To place on a support *Syn* —(*n*) Pause, intermission stop, stay slumber, quiet ease, quietness, stillness, tranquility, peacefulness residue, balance , others (*v*) Stop, pause, desist , repose, relax, unbend sleep, slumber recline trust to rely on confide, acquiesce be satisfied

At rest—স্থির বা নিশ্চিন্ত , স্থিরভাবাপন্ন , Having no velocity with reference to the object on which the body stands

Be at rest—নিরুদ্বিগ্ন-হ , Be at ease.

Enter into rest—Die

For the rest—অপরাপর সম্বন্ধে ।

Rest on—কোন কিছুর উপর ভর করিয়া থাকা , Be supported by :—বর্তা , Depend on, lie on

Rest with—কাহারও হাতে কোন ক্ষমতা থাকা , ক্ষমতাধীন থাকা , Be in the power of one

Set at rest—শেষ করা , চুকিয়ে দে , Dispose of , settle , terminate

To set at rest—স্থির-কৃ , থামান ।

Restate, *v t.* পুনর্নিবেদন-কৃ ।

Restaurant, res'to-rant, *n* আহার স্থান , ভোজনালয় . A house for refreshment , an eating house

Restitution, res-te-tū'shun, *n* [L. *re,* again, *statuo,* to make to stand] পুনঃ উদ্ধার . প্রতিদান , প্রত্যর্পণ , The act of restoring what was lost or taken away , release *Syn* —Restoration, return , indemnification, reparation, compensation, amends, requital.

Restive, restiv, *a* [L *restare,* to stay back] একগুঁয়ে , দুর্দম , Obstinate —অগ্রসর হইতে অনিচ্ছুক ; Unwilling to go forward *n*=restiveness, *ad*=restively *Syn* :—Stubborn, impatient, uneasy.

Restless, rest' less, *a* অস্থির , চঞ্চল , Uneasy , continually moving —অশান্ত , দুর্বিনীত , Turbulent. *n*=restlessness. *ad*=restlessly (অস্থির ভাবে) । *Syn* —Disturbed, disquieted, sleepless, tossing, unquiet, agitated, anxious, inconstant, roving wandering

Restoration, res-tō-rāshun, *n.* পুনঃ উদ্ধার , সমুত্থান , Recovery , revival —স্বস্থানে প্রত্যানয়ন Replacement *Syn* —Resuscitation , replacement reinstatement, renewal, reconstruction, renovation redintegration, return restitution.

The Restoration, *n* ১৬৬০ খৃষ্টাব্দে দ্বিতীয় চার্লসের প্রত্যাগমন ও সিংহাসনে অধিরোহণ , The re-establishment of the monarchy under Charles II

Restorative, re stōr'a-tiv, *a* বলকারক , বলবর্দ্ধক , Able or tending to restore especially to strength and vigour —*n* বলকারক ঔষধ , A medicine that restores *ad*=restoratively

Restore, rē stōr', *v t* প্রত্যর্পণ কৃ , To give back —নূতন ক পুনঃ সংস্কার কৃ ক্ষতিপূরণ কৃ , Repair —আরোগ্য-কৃ , To cure —পূর্ব্বাবস্থায় প্রত্যানয়ন কৃ , To bring back to a former state —পুনঃ স্থাপিত কৃ To replace *Syn* —Return, repay , replace, reinstate re-establish, renew , recover, revive, recruit heal

Restore to—প্রত্যর্পণ-কৃ , Give back to

Restrain, rē strān *v t* [L *re* again back, *stringere* to draw] দমন-কৃ , সংযত কৃ , বাধা দে , To hinder , to check , to hold back , to repress —সীমাবদ্ধ কৃ To limit *Syn* —Stop, curb, check suppress, subdue , prevent, debar , limit, confine restrict

Restraint, rē-strānt *v t* সংযম , দমন , বাধা , পরাধীনতা , Hinderance , want of liberty —সীমা , Limitation —প্রতিবন্ধ অবস্থা , অবরোধ , Confinement *Syn* —Check curb, repression, suppression , prohibition, hinderance, prevention , restriction , confinement, durance.

Restrict, rē-strikt', *v t* সীমাবদ্ধ-কৃ , নির্দিষ্ট করিয়া দে , নিরস্ত কৃ , To limit , to confine , to repress *Syn* —Bound , circumscribe

Restrict to—সীমা নির্দেশ করিয়া দেওয়া , Set a limit to —কিছুর ভিতর থাকা , Confine to

Restriction, rē strikshun, *n* নিরোধ , অবরোধ , বিরোধ , বাধা , Confinement , restraint —সীমা , সীমাবন্ধন , Limitation

Without restriction—যথেচ্ছাপূর্ব্বক , নির্বাধে ।

Restrictive, re-striktiv, *a.* ব্যাবর্ত্তক , বাধক ,

সংকোচক ; Having the power or tendency to restrict. *ad*=restrictively.

Result, rē-zult, *v. t.* [L. *resultare*, to spring] ফলোপাদায়ক-হ ; উৎপন্ন-হ ; পরিণত-হ ; To follow as consequence ; to issue ; to originate ; to ensue : —শেষ-হ ; To terminate :—*n.* পরিণাম ; শেষ ; ফল ; Consequence ; effect ; fruit :—সিদ্ধান্ত ; উপসংহার ; Conclusion. *Syn* :—(*v*) Rise, arise, end, eventuate. (*n*) Inference ; issue, event, decision, resolve. [from.

Result from—কোন কারণ হইতে উৎপন্ন-হ ; Arise

Result in—কোন কিছুতে শেষ বা পর্যাবসিত-হ ; End in.

Resultant, re-zultant, *a.* মিলনোৎপন্ন ; সমবায়-জনিত ; Resulting from combination :—*n.* সমবায়-জনিত বল , সংহতবল ; In physics, a force compounded of two or more forces.

Resumable, re-zūma-bl, *a.* পুনর্গ্রহণীয় ; That may be taken up again.

Resume, rē-zūm, *v. t.* [L. *re*, again, *sumere*, to take] পুনর্গ্রহণ-কৃ ; To take back :—পুনর্ব্বার-আরম্ভ-কৃ ; To begin again after interruption :—*n.* সংক্ষিপ্ত বিবরণ , An abridgment ; a summary ; a summing up. *Syn* :—Renew, recommence.

Resumption, re-zump'shun, *n.* প্রত্যাহার ; পুনর্গ্রহণ , The act of resuming or taking back again.

Resurgent, *a.* [L. *re*, again, *surgo*, to rise] পুনরুত্থানশীল , Rising again, as from the dead.

Resurrection, rez-ur-rekshun, *n.* সমাধি হইতে পুনরুত্থান , মৃতোত্থান ; The rising again from the dead ; the future life.

Resuscitate, rē-suśe-tāt, *v. t.* [L. *re*, again, *suscitare*, to raise, rouse] পুনর্জ্জীবিত-কৃ ; পুনর্ব্বার সজীব-কৃ , To revive ; to revivify ; to reproduce : —*v. i.* সজীব-হ ; বাঁচিয়া যাওয়া বা উঠা ; To revive ; to come to life again ; to awaken. *Syn* :—Reanimate, quicken.

Resuscitation, re-sus-i-tāshun, *n.* পুনঃ সজীবতা ; পুনরুজ্জীবন ; পুনরুত্থান ; The act of reviving from a state of apparent death.

Resuscitative, re-suśi-tat-iv, *a.* পুনর্জ্জীবিত করিতে সমর্থ ; Tending to resuscitate , reanimating ; reviving.

Retail, re-tāl, *v. t.* [F. *re*, again, *tailler*, to cut] খুচরা বিক্রয়-কৃ ; পুরাতন দরে বেচা ; To deal out in small portions , to sell at second-hand : —*n.* খুচরা বিক্রয় ; The sale of goods in small quantities.

Retailer, *n.* খুচরা বিক্রয়কারী ; পাইকের।

Retain, rē-tān, *v. t.* [L. *re*, again, *tenere*, to hold, keep] রাখা ; ধরিয়া রাখা ; To keep, to continue , to hold :—নিযুক্ত-কৃ ; বেতন দিয়া আটক-কৃ ; To engage, hire ; to employ by a fee paid ; to keep in pay. *Syn* :—Reserve, detain, withhold ; engage, hire. [be retained.

Retainable, re-tāna-bl, *a.* রক্ষণীয় ; That may

Retainer, re-tāner, *n.* অধীনস্থ ব্যক্তি ; রক্ষাকারী ; অনুচর ; পক্ষীয় ব্যক্তি ; A dependant ; a follower :—উকিল নিয়োগের টাকা ; রক্ষামূল্য ; Retaining fee.

Retainers of the law—Servants maintained by the court.

Retainment, *n.* রক্ষণ ; নিয়োগ। [again.

Retake, *v. t.* পুনর্গ্রহণ-কৃ ; উদ্ধার-কৃ ; To take

Retaliate, rē-tale-āt, *v. t.* [L. *re*, again, *talis*, like] প্রতিশোধ লওয়া ; প্রতিহিংসা কৃ ; দাদ তোলা , To repay :—*v. i.* উপযুক্ত প্রতিশোধ-দে ; To return like for like. *Syn* :—Requite, revenge.

Retaliation, rē-tal-e-āshun, *n.* প্রতিশোধ ; বৈরসাধন ; Requital ; retribution. *Syn* :—Requital, reprisal, retribution, revenge.

Retaliative, re-tali-a-tiv, **Retaliatory,** retali-a-tor-i, *a.* প্রতিশোধসূচক ; প্রতিদানসমর্থ ; Returning like for like.

Retard, rē-tārd, *v. t.* [L. *re*, again, back, *tardus*, slow] বাধা-দে ; রোধ-কৃ ; প্রতিবন্ধ-কৃ ; To keep back ; to hinder :—বিলম্ব-কৃ ; বিলম্বিত-কৃ ; To delay. *Syn* :—Impede, clog, obstruct, detain ; procrastinate, defer.

Retardation, re-tar-dāshun, *n.* প্রতিবন্ধক ; বাধা ; ব্যাঘাত ; Hindrance ; obstacle :—বিলম্ব , Delay.

Retarded, *p. a.* বিলম্বিত ; বাধিত ; বিরুদ্ধ।

Retch, rech, *v. i.* বমন করিবার চেষ্টা-কৃ , উকি তোলা ; হেঁচকি তোলা ; To try to vomit :—আকুঞ্চিত বা প্রসারিত-কৃ ; To strain.

Retching, *n.* উকি ; হেঁচকি।

Retention, re-tenshun, *n.* রক্ষণ ; রক্ষা করণ ; Act or power of retaining :—স্মৃতি ; ধারণাশক্তি ; Memory :—রোধ ; আটক ; Restraint :—জিম্মা , Custody.

Retentive, rē-tentiv, *a.* ধারণক্ষম ; Having power to retain. *n*=retentiveness, *ad*=retentively. *Syn* :—Tenacious, griping ; close, reticent.

Retentive memory—ধারণাবতী বুদ্ধি।

Retiary, *a.* [L. *rete*, a net] জালবৎ ; জালযুক্ত ; Net like ; provided with a net.

Reticence, reti-sens, **Reticency,** reti-sen-si, *n.* মৌনভাব , তুষ্ণীভাব ; Silence ; reserve in speech ; concealment by silence.

Reticent, rete-sent, *a.* [L. *re*, again, *tacere* to be silent] মৌনী ; তুষ্ণীস্তূত , Very silent ; reserved. *Syn* :—Taciturn, still.

Reticular, re-tikū-lar, *a.* জালবৎ ; জালাকার ; Having the form of net work.

Reticulate, re-tikū-lāt, **Reticulated,** retikū-lāted, *a.* জালবৎ ; জালাকার ; Netted ; having the form of a net. *n*=reticulation (জালকর্ম্ম)।

Reticull, reti-kūl, **Reticle,** reti-kl, *n.* স্ত্রীলোকের ছোট থলি ; ব্যাগ ; A little bag to be carried in the hand.

Retiform, reti-form, *a.* জালাকার ; Having the form or structure of a net.

Retina, reti-na. *n.* ছায়াপট ; অক্ষিগোলকের পশ্চাদ্বর্ত্তী ঝিল্লী ; The innermost coating of the eye, resembling a fine net-work of optic nerves. *a*=retinal.

Retinue, reti-nū, *n.* পরিজনবর্গ ; অনুচরবর্গ ; পারিষদগণ , A suite ; attendant.

Retire, rē-tīr, *v. i.* [F. *re*, again, *tirer*, to draw] পশ্চাদ্গমন-কৃ ; হটিয়া-যা ; কর্ম্মত্যাগ-কৃ ; To retreat ; to recede ; to draw back :—*v. t.* প্রত্যাহার-কৃ ; উঠাইয়া-ল ; অবসর-দে ; অপসৃত-কৃ ; To withdraw ; to cause to retire. *Syn* :—Leave, depart, remove, retrocede.

Retire from the world—সংসার পরিত্যাগ-কৃ।

Retired, *a.* কর্ম্ম হইতে অবসৃত ; আশ্রয়প্রাপ্ত ; কর্ম্ম;

নিরন্ত ; গাঢ় ; Private ; secret :—নিভৃত , নির্জন ; Secluded.

Retirement, rē-tīr'ment, *n.* অবসর গ্রহণ ; অপসরণ ; The act of retiring or withdrawing from society or public life :—নির্জনতা ; নির্জন স্থান ; গুপ্ততা ; Solitude ; privacy. *Syn* :—Withdrawal ; retreat, seclusion.

Retiring, *a.* লজ্জাশীল ; Reserved, not forward.

Retort, re-tort', *v. t.* [L. *re*, back, *torqueo*, to twist] প্রত্যাপবাদ-দে ; প্রত্যাবর্তিত-কৃ ; To throw back ; to return :—বক্র-কৃ ; বাঁকান ; To bend or curve back :—*v. i.* প্রত্যাপবাদ-দে ; প্রত্যুত্তর-কৃ ; To return ; to make a sharp reply :—*n.* প্রত্যাপবাদ ; প্রত্যুত্তর ; A censure or incivility returned ; a witty answer :—বক্রনালীবিশিষ্ট বক্রযন্ত্র, A vessel used in distillation, properly a spiral tube.

Retort upon—উল্‌টে চাপ দেওয়া ; কটু বা কর্কশ জবাব-দে ; Return an argument or a charge, make a severe reply.

Retouch, rē-tuch', *v. t.* পুনর্ব্বার তুলি দ্বারা সংশোধন-কৃ , তুলি দ্বারা পুনঃস্পর্শ বা সমুজ্জ্বল-কৃ ; To improve by new touches :—*n.* পুনঃস্পর্শ ; The re-application of the artist's hand to a work.

Retrace, rē-trās', *v. t.* পুনরন্বেষণ বা অনুসন্ধান-কৃ ; পশ্চাদ্দিকে টানা বা লওয়া ; প্রত্যানুসরণ-কৃ ; To conduct back by the same course ; to trace back.

Retract, rē-trakt', *v. t.* প্রত্যাখ্যান-কৃ ; গুটাইয়া-ল ; To recall , to recant , to disavow. *n*=retractation. *Syn* :—Revoke, disavow ; abjure.

Retractible, re-trakt'i-bl, **Retractile,** re-trakt'il, *a.* প্রত্যাখ্যান যোগ্য , সংহার্য্য ; সঙ্কোচনীয় ; That may be retracted or drawn back, as claws.

Retraction, re-trak'shun, *a.* প্রত্যাহার , প্রত্যাখ্যান ; সংহরণ ; Recantation.

Retractive, re-trakt'iv, *a.* প্রত্যাহরণে তৎপর ; প্রত্যাখ্যান করিতে উপযুক্ত , Able or ready to retract. *ad*=retractively. [retranslation.

Re-translate, *v. t.* মূল ভাষায় পুনরনুবাদ-কৃ । *n*=

Retreat, rē-trēt', *n.* [F. *retraite*, to withdraw] প্রত্যাবর্তন ; পশ্চাদ্গমন , Retreating ; withdrawal :—প্রস্থান , গমন , Departure ; retirement :—নিরাপদ স্থান ; আশ্রয়স্থান ; গুপ্তস্থান ; The place to which one retires ; a place of security .—শরণ ; আশ্রয় ; A shelter ; refuge .—*v. i.* পশ্চাদ্গমন-কৃ , সরিয়া যাওয়া ; পলায়ন-কৃ ; To draw back , to withdraw ; to retire :—আশ্রয় স্থানে গমন-কৃ , To retire to a place of shelter or security. *Syn* :—(*n*) Withdrawal ; retirement, privacy, seclusion ; solitude, asylum, haunt, resort, den.

Reatreating, *a.* অবনত ; Depressed, as reatreating forehead.

Retrench, rē-trensh', *v. t.* [F. *re*, again, *trancher*, to cut] কর্তন-কৃ ; ছাঁটা ; লঘু-কৃ , হ্রাস-কৃ ; To cut down ; to curtail ; to lesson .—*v. i.* মিতব্যয়ী-কৃ ; পরিমিত ব্যয়-কৃ ; To economise. *Syn* :—Cut off, pare away, diminish, decrease.

Retrenchment, rē-trensh'ment, *n.* কর্তন , ন্যূনীকরণ ; লঘুকরণ ; ব্যয় সংক্ষেপ , A cutting off ; the act of lessening. *Syn* :—Curtailment, diminution, reduction. [pay back.

Retribute, *v. t.* পুনঃ প্রদান-কৃ , প্রতিশোধ-কৃ ; To

Retribution, ret-ri-bū'shun, *n.* [L. *re*, back, *tribuo*, to give] পরিশোধ ; প্রদান ; প্রতিদান ; পুরস্কার বা শাস্তি ; Repayment ; requital ; reward or punishment. [paying ; rewarding.

Retributive, *a.* প্রতিশোধাত্মক ; প্রতিদানকারী ; Re-

Retrievable, re-trē-va-bl, *a.* উদ্ধারযোগ্য ; পুনরুদ্ধরণীয় ; That may be recovered. *ad*=retrievably.

Retrieve, rē-triv', *v. t.* [F. *retrouver*, to find again] উদ্ধার-কৃ ; ফিরাইয়া আনা ; পূরণ-কৃ ; To recover , restore ; recall ; make up for :—সংস্কার-কৃ ; Repair. *n*=retrieval. *Syn* :—Regain, repair.

Retriever, re-tre'ér, *n.* শীকারী কুকুর বিশেষ ; A kind of dog that pick up game.

Retrocede, *v. i.* [L. *retro*, back, *cedo*, to go] প্রতিগমন-কৃ ; To go back :—*v. t.* প্রত্যার্পণ-কৃ ; Grant or give back. [A giving back.

Retrocession, *n.* পরাবর্তন ; প্রত্যার্পণ ; পশ্চাদ্গতি ;

Retrograde, rē-trō-grād, *a.* [L. *retro*, backward, *gradior*, to go] পশ্চাদ্গামী ; বিপরীত ; উল্টা , Going backward ; contrary :—*v. i.* পশ্চাদ্গমন-কৃ ; To go backwards. *n*=-dation.

Retrogression, re-tro-gresh'un, *n.* পশ্চাদ্গমন ; A going backward :—গুণের হ্রাস ; A decline in excellence. *a*=retrogressive. *ad*=-gressively.

Retropulsive, *a.* [L. *retro*, back, *pello*, to drive] নিতাড়ক , প্রতিনিবর্তক , Repelling.

Retrospect, rē'trō-spekt, *n.* [L. *retro*, back, *specio*, to look] গতবিষয়ের পর্য্যালোচনা , গতানুদর্শন , A contemplation of the past. *Syn* :—Review, resurvey, re-examination.

Retrospection, *n.* অতীত বিষয়ে দৃষ্টি , The act of looking back on the past. *a*=retrospective, *ad*=retrospectively.

Retrospective, *a.* অতীতকাল সম্বন্ধীয় , অতীতদর্শী , অতীত বিষয় ঘটিত ; Looking back , refering to the past.

Return, rē-turn', *v. i.* [F. *re*, again, back, *tourner*, to turn] প্রত্যাগমন কৃ ; ফিরিয়া আসা , To come back :—উত্তর-দে ; প্রত্যুত্তর-কৃ , To answer , to retort —*v. t.* ফেরত-দে ; প্রত্যার্পণ-কৃ , প্রত্যুত্তর দে ; পরিশোধ-কৃ ; To give back , to repay — *n.* প্রত্যাগমন ; Coming back .—প্রত্যর্পণ ; পরিশোধ . Giving back ; restitution :—প্রত্যুত্তর ; A reply —লাভালাভ ; ফল ; Produce, profit ;—পুরস্কার , Requital :—Election :—সরকারী বিবরণ , হিসাবপত্র , Official report :—*pl.* এক রকম নরম তামাক , A light tobacco. *Syn* :—(*v*) Revert, recur , restore, remit ; refund , requite, recompense , report, render.

By return of post—ফেরৎ ডাকে ; By the first post that leaves after the receipt of the letter

Be returned to—সভ্য বলিয়া নির্ব্বাচিত-হ , Be elected a member of.

In return—ফেরত ; বদলে ; প্রতিশোধ স্বরূপ ; By way of repayment ; in requital , in retaliation

In return for—বিনিময়ে , প্রতিশোধ স্বরূপ ; কোন কিছু পূরণ স্বরূপ ; পরিবর্তে ; By way of compensation for , as a compensation for (a benefit or injury). [turn an equivalent for.

Make a return for—প্রতিশোধ-দে ; Repay ; re-

Return to oneself—চৈতন্যলাভ কৃ ; Recover one's senses.

Return to one's first love—To go back from other pursuits to that which first engrossed the attention.

Return the compliment—বিনিময়-কৃ; To make return for a favourable act; reciprocate.

Returnable, re-turńa-bl, *a.* প্রত্যর্পণীয়; প্রতিপ্রেরণীয়; That may be returned or restored.

Reunion, rē-ūnyun, *n.* পুনর্মিলন; পুনঃসমাগম; মিত্রসম্মিলন; A union after separation; an assembly of friends :—*v. i.* পুনর্মিলিত-হ; To be united again.

Reunite, re-ū-nīt, *v. t.* পুনর্মিলিত-কৃ; To unite after separation; to join after variance :—*v. i.* পুনর্মিলিত-হ; To join again.

Reveal, rē-vēl, *v. t.* প্রকাশ-কৃ; ব্যক্ত-কৃ; জ্ঞাত-কৃ, To make known; to disclose. *Syn* :—Divulge, unveil, uncover, open, discover, impart, communicate, publish, show.

Reveille, *n.* প্রাতঃকালে সৈন্যদিগের জাগরিত করিবার জন্য ভেরী বা তুরী বাদন; The sound of the drum or bugle at day-break to awaken soldiers.

Revel, rev́el, *v. i.* [D. *revele*, to rave] আমোদ প্রমোদ-কৃ; পানভোজনোৎসব-কৃ; To feast in a riotous manner :—*n.* বিলাস উৎসব; আমোদ প্রমোদ; Riotous feast, carousal. *n*=reveller. *Syn* :—(*v*) Carouse, tipple, riot; wanton, indulge in.

Revelation, *n* প্রকাশ, প্রচার, Revealing; disclosing :—ঈশ্বর প্রকটিত সত্য; প্রত্যাদেশ; The revealing of divine truth; that which is revealed by God to man :—বাইবেলের শেষ গ্রন্থ; The last book of the new Testament.

Revelry, revel-ri, *n.* কোলাহলপূর্ণ আমোদ; পানোৎসব; ধুমধাম; Riotous festivity; noisy festivity.

Revenge, rē-venj, *v. t.* প্রতিহিংসা-কৃ; বৈরসাধন-কৃ; দাদতোলা; To avenge; to retaliate, to punish in return; to return an injury; vindicate; requite :—*n.* প্রতিহিংসা, প্রতীকার, Retaliation. *n*=revenger.

Revengeful, rē-venjfōōl, *a.* প্রতিহিংসা-পরায়ণ; দ্বেষ্টা; Full of revenge; vindictive; malicious. *ad*=revengefully. *Syn* :—Vengeful, resentful.

Revengement, *n.* প্রতিহিংসা, Revenge.

Revenue, revē-nū, *n.* [F. *revenir*, to return] খাজনা, আয়, Income; the receipts or rents from any source :—রাজস্ব; কর; The income of a state. *Syn* :—Profits, proceeds, receipts.

Reverberate, rē-ver'ber-āt, *v. t.* [L. *re*, again, *verberare*, to lash] প্রতিক্ষেপ-কৃ; To send back as sound :—প্রতিধ্বনিত-কৃ; To echo :—*v. i.* প্রতিধ্বনিত-হ; To echo; to resound. *n*=reverberation. *a*=reverberatory.

Reverberation, *n.* প্রতিধ্বনন; প্রতিক্ষেপণ।

Reverberative, Reverberatory, *a.* প্রতিক্ষেপকারী; প্রতিধ্বনক; আন্দোলক; Ruturning or driving back.

Revere, rē-vēr', *v. t.* [L. *re*, again, *vereri*, to fear] সম্মান-কৃ, শ্রদ্ধা-কৃ; To venerate. *Syn* :—Adore, reverence.

Reverence, rever-ens, *n.* সম্মান; ভক্তি; শ্রদ্ধা; মর্যাদা; Respectful awe; veneration; honour :—নম্রতা; A bow; courtesy :—যাজকদলের উপাধি; A title of the clergy :—*v. t.* সম্মানপূর্ব্বক ব্যবহার-কৃ, ভক্তি-কৃ; শ্রদ্ধা-কৃ; To regard; to venerate. *Syn* :—(*n*) Adoration, homage; obeisance.

In reverence—ধনাধিকারী মরিলে উত্তরাধিকারী বলে যে সম্পত্তি তাহের আশা করা যায়; Which one expects as heir on the death of the present proprietor.

Reverend, revér-end, *a.* পূজ্য; মাননীয়; সম্মানীয়; পূজনীয়; ভক্তিভাজন; শ্রদ্ধাস্পদ; শ্রদ্ধেয়; Worthy of reverence :—*n.* যাজকদলের উপাধি; A title given to the clergy.

Reverent, rev-ér-ent, *a.* ভক্তিমান; বিনীত; বশীভূত; নম্র; সম্মানকারী; Expressing reverence; respectful; humble, submissive. *ad*=reverently.

Reverential, rev-ér-enshal, *a.* বিনীত; বিনম্র; ভক্তিসূচক, ভক্তিমূলক; মর্যাদাসূচক; বশীভূত; Proceeding from reverence; respectful; submissive. *ad*=reverentially.

Reverie, Revery, revér-i, *n.* কল্পনা; বিশৃঙ্খল ধ্যান; অসংলগ্ন চিন্তা; সাতপাঁচ ভাবা; Deep musing; wandering thought; a loose train of thought.

Reversal, re-vérśal, *n.* উল্টান; উলটপালট; The act of reversing; an overthowing :—পরিবর্ত্তন; Change :—খণ্ডন; রদ; Annulling.

Reverse, rē-vers, *v. t.* [L. *re*, again, *vertere*, to turn] উল্টা-কৃ; বিপর্য্যয়-কৃ; To place in the opposite direction; to turn back :—সম্পূর্ণরূপে পরিবর্ত্তিত-কৃ; To change wholly :—খণ্ডন-কৃ; রদ কৃ; To annul; to make void :—*n.* বিপরীত প্রান্ত; পৃষ্ঠ, The opposite; the back :—পরিবর্ত্তন; বিপদ দুর্ঘটনা; Change; misfortude :—*a.* বিপরীত; বিপর্যস্ত, Opposite; turned backward. *Syn* :—(*v*) Invert, overturn, overthrow, subvert, over set; repeal, revoke.

A reverse of fortune—দৈবদুর্ব্বিপাক।

Reversible, rē-verse-bl. *a.* উল্টা করণীয়; পরিবর্তন সাধ্য; Capable of being reversed. *Syn* :—Exchangeable, counterchangeable; alterable, revocable.

Reversion, re-vér'shun, *n.* প্রত্যাগমন; প্রত্যাবর্ত্তন Reverting :—ভাবী উত্তরাধিকারীতে আগমন; Returning to the former owner :—ভাবী উত্তরাধিকার, শেষাধিকার; The right to an estate or money after the death of the present owner.

Reversionary, re-vér'shun-ar-i, *a.* ক্রমে প্রাপ্নীয়; ভাবী স্বত্ববিশিষ্ট। Relating to a reversion; to be enjoyed in successien. *n*=reversioner (ভাবী উত্তরাধিকারী)।

Reversionary heir—ভাবী অধিকারী।

Revert, rē-vert, *v. i.* [L. *re*, back, *verto*, to turn] প্রত্যাবৃত্ত-কৃ; ফিরাইয়া-দে, To reverse; to turn back :—*v. i.* ফিরিয়া আসা; ফিরিয়া যাওয়া; পূর্ব্বস্বামী বা তাঁহার উত্তরাধিকারীদিগের হস্তে প্রত্যাগত-হ; To fall back; to return to the original heir. *Syn* :—Return, recur, refer to. [turn to.

Revert to—পুনরায় আসা; কোন দিকে যাওয়া; Re-

Reverted, *a.* প্রত্যাবৃত্ত; বিপর্য্যস্ত।

Revertible, re-vérti-bl, *a.* ফিরিবার উপযুক্ত; প্রত্যাবর্ত্তনীয়; Such as may revert or be reverted.

Revery—See reverie.

Revest, *v. t.* পুনঃ আচ্ছাদিত-কৃ; পুনঃ ক্ষমতাপন্ন-কৃ।

Review, rē-vū', *n.* পর্য্যবেক্ষণ; পরিদর্শন; পুনঃ

পরীক্ষা ; Inspection ; re-examination :—পুনর্বিচার ; Reconsideration :—সমালোচনা ; A careful or critical examination ; a critique :—সমালোচনাদি সম্বলিত সংবাদপত্র ; সমালোচন পত্রিকা ; গ্রন্থ সমালোচন ; A periodical with criticism of books :—*v. t.* পুনঃ বিবেচনা-কৃ ; পুনর্বিচার-কৃ ; To reconsider :—পরীক্ষা-কৃ ; To examine carefully :—পরিদর্শন-কৃ ; পর্য্যবেক্ষণ-কৃ ; To inspect, as a body of troops :—সমালোচনা-কৃ ; দোষগুণ বিচার-কৃ ; To criticise :—ছানি বিচার-কৃ। *Syn* :—(*n*) Re-examination, resurvey, retrospect ; revisal, revise, revision ; criticism.

Revieweal, *n.* সমালোচনা ; A critique.

Reviewer, re-vū'ėr, *n.* সমালোচক ; পর্য্যবেক্ষক ; পরিদর্শক ; One who reviews ; an inspector.

Revile, rē-vīl', *v. t.* তিরস্কার-কৃ ; নিন্দা-কৃ ; ভর্ৎসনা-কৃ ; গালাগালি-দে ; অপযশ-কৃ ; To reproach ; to calumniate. *n*=reviller. *Syn* :—Vilify, slander, defame, traduce, abuse.

Revindicate, *v. t.* পুনঃ সমর্থন-কৃ ; পুনঃ দাবি-কৃ , To vindicate again ; to reclaim.

Revisal, re-vī'zal, **Rivision,** re-vizhun, *n.* পরিদর্শন ; পুনঃ পরীক্ষা ; সংশোধন ; Re-examination ; correction ; review.

Revise, rē-vīz', *v. t.* [L. *re*, again, *videre*, *visum*, to see] পুনঃ পরীক্ষা-কৃ ; পুনঃ পাঠ-কৃ ; To re-examine and amend , to review , to re-peruse :—*n.* পুনঃ পরীক্ষা ; পুনঃ আলোচনা , Re-examination ; reconsider ; review :—দ্বিতীয়বার সংশোধনার্থ মুদ্রিত পত্র ; Second proof sheet. *n*=reviser.

The revised edition—সংশোধিত সংস্করণ।

The revised version—সংশোধিত রূপ বা আকার।

Revising barrister—One who revises the list of parliamentary voters.

Revisional, Revisionary, *a.* পুনঃ আলোচনা সংক্রান্ত , Revising.

Revisit, *n.* পুনঃ সাক্ষাৎ-কৃ ; To visit again.

Revival, rē-vī'val, *n.* সংজ্ঞা লাভ ; পুনরুজ্জীবন ; Recovery of consciousness ; recovery from languor :—ধর্ম্মোন্মত্ততা ; পুনঃ উদ্দীপন ; New excitement for religion ; fanatism :—পুনরভিনয় ; Renewed performance. *Syn* :—Reanimation, revivification, resuscitation, quickening, awakening.

Revival of letters—বিদ্যানুশীলনের পুনরারম্ভ।

Revivalist, re-vī'val-ist, *n.* ধর্ম্মের পুনরুত্থানকারী ; One who promotes religious revival. *n*= revivalism.

Revive, rē-vīv', *v. i.* [L. *re*, again, *vivere*, to live] জীবিত-হ ; বাঁচিয়া উঠা ; পুনর্জীবন লাভ-কৃ , To come to life :—সংজ্ঞা প্রাপ্ত-হ ; পুনরায় সতেজ-হ ; To recover consciousness :—*v. t.* পুনঃ জীবিত-কৃ ; To restore to life ; to bring to life again :—চেতনা লাভ-কৃ ; To bring to consciousness :—জাগরিত-কৃ ; উদ্বোধিত-কৃ ; To awaken ; arouse ; reanimate. *Syn* :—Revivify, resuscitate ; quicken, rouse, restore, invigorate, refresh, cheer, comfort.

Revivify, *v. t.* পুনঃ জীবিত-কৃ ; To reanimate ; to cause to revive. *n*=revivification.

Reviving, *a.* মৃত সঞ্জীবন।

Revocable, rev'o-ka-bl, *a.* বাতিল যোগ্য ; প্রত্যাহরণীয় ; খণ্ডন বা রদযোগ্য ; Capable of being revoked. *n*=revocableness, revocability. *ad*=revocably.

Revocation, revo-kā'shun, *n.* খণ্ডন ; রদকরণ ; বাতিল করণ ; Repeal ; reversal :—প্রতিসংহার ; A recalling.

Revoke, rē-vōk', *v. t.* বাতিল-কৃ ; রদ-কৃ ; উল্টান ; ফিরাইয়া-ল ; To repeal ; to reverse :—*v. i.* (তাস খেলায়) অন্যায় পাশ-দে ; To fail to follow suit at cards. *Syn* :—Rescind, countermand, annul, abrogate, cancel.

Revolt, rē-vōlt', *v. t.* [L. *re*, back, *volvere*, to turn] বিদ্রোহী-হ ; To renounce allegiance :—আঘাত কৃ ; ঘা-দে ; To shock :—*v. i.* বিরক্ত হইয়া প্রস্থান-কৃ ; To turn away ; to be grossly offended :—রাজবিদ্রোহী করান ; To cause to rise in revolt :—ঘৃণা-কৃ ; ঘৃণাজনক-হ ; অরুচি তোলা ; To shock ; to be offensive :—*n.* বিদ্রোহ ; Rebellion ; insurrection. *n*=revolter. *Syn* :—(*v*) Rebel, resist, mutiny, disgust, nauseate, offend. (*n*) Sedition, mutiny, rising, defection.

Revolting, re-vōlt'ing, *a.* বীভৎসজনক ; ঘৃণাজনক ; অরুচিজনক ; বিরক্তিকর , Shocking ; disgusting.

Revolute, re-vol-ūt, *a.* প্রান্তবক্র , Roll backward.

Revolution, rev-ol-ū'shun, *n.* পরিভ্রমণ ; আবর্ত্তন ; ঘূর্ণন ; The act of revolving ; rotation :—আত্যন্তিক পরিবর্ত্তন , রাষ্ট্রবিপ্লব ; রাজবিপ্লব ; Extensive political change —বিদ্রোহ ; A revolt.

Revolutionary, rev-ol-ū'shun-ar-i, *a.* রাজবিদ্রোহ সম্বন্ধীয় ; রাজবিপ্লবকর ; Pertaining or tending to a revolution in government.

Revolutionise, rev-ol-ū'shun-iz, *v. t.* পরিবর্ত্তিত-কৃ , বিপ্লাবিত-কৃ , To bring about a revolution.

Revolutionist, rev-ol-ū'shun-ist, *n.* রাজ্যপরিবর্ত্তনকারী , রাষ্ট্রবিপ্লবকারী ; One who favours or promotes a revolution.

Revolve, rē-volv', *v. i.* [L. *re*, back, *volvere*, to roll] কেন্দ্রের চতুর্দ্দিকে পরিভ্রমণ-কৃ ; আবর্ত্তন-কৃ ; ঘুরা ; To roll round on an axis ; to move round a centre ; to turn round :—চিন্তা-কৃ ; মনে তোলাপাড়া-কৃ ; To consider ; to reflect upon. *Syn* :—Whirl, rotate, wheel, gyrate, circulate ; ponder, meditate. [with several charges.

Revolver, re-volv'ėr, *n.* পিস্তল বিশেষ ; Pistol

Revolving, *a.* ঘূর্ণমান।

Revulsion, rē-vul'shun, *n.* [L. *revellere*, *revulsum*, to pull away] সম্পূর্ণ পরিবর্ত্তন ; বিতৃষ্ণা ; বিরাগ ; ঘৃণা ; Repugnance ; disgust. *Syn* :—Withdrawal , re-action, transition ; abhorrence.

Revulsive, *a* বিতৃষ্ণাজনক ; Tending to revulsion.

Reward, rē-wawrd', *n.* পুরস্কার , Recompense, prize :—প্রতিফল ; Retribution :—শ্রমফল ; The fruit of one's own labour :—*v. t.* পুরস্কার-কৃ ; প্রতিশোধ-কৃ ; To recompense :—শাস্তি-দে ; To punish :—ক্ষতিপূরণ-কৃ ; To requite. *Syn* :—(*n*) Compensation, remuneration, pay, guerdon, bounty, premium ; desert, requital, punishment ; (*v*) repay, recompense, compensate, remunerate.

Rewrite, *v. t.* পুনর্ব্বার লেখা।

Reynard, *n.* খেঁকশেয়ালী ; Fox.

Rhapsodic, Rhapsodical, *a.* আলঙ্কারিক , অসংলগ্ন , Pertaining to rhapsody ; unconnected. *ad*=rhapsodically.

Rhapsodise, rap'so-dīz, *v. t.* আবৃত্তি-কৃ ; To recite in the manner of a rhapsody :—*v. i.* অসংলগ্ন বাক্যাবলী প্রকাশ-কৃ , To utter rhapsodies.

Rhapsodist, rap-so-dist, *n.* অসংলগ্ন লেখক বা গায়ক ; কথক ; One who composes verses extempore ; one who speaks disconnectedly.

Rhapsody, rap'so-di, *n.* পুরাণ-পাঠ ; অসংলগ্ন লেখা বা কথোপকথন ; অসংলগ্ন রচনা বা বাবিন্যাস ; Loose collection of songs or verses ; disconnected composition. *a*=rhapsodic ; rhapsodical (আলঙ্কারিক) ।

Rhenish, renish, *a.* রাইন নদী সম্বন্ধীয় ; Pertaining to the river Rhine.

Rhetoric, *n.* অলঙ্কার শাস্ত্র ; বাগ্মিতা ; The art of speaking with propriety, elegance, force and effect.

Rhetorical, re-tor'ik-al, *a.* অলঙ্কার শাস্ত্রবিষয়ক ; Pertaining to rhetoric ; oratorical. *ad*=rhetorically.

Rhetorician, ret-o-rishan, *n.* আলঙ্কারিক পণ্ডিত ; অলঙ্কার শাস্ত্রের অধ্যাপক ; One who teaches the art of rhetoric :—বক্তা ; বাগ্মী ; Orator.

Rheum, room, *n.* শ্লেষ্মা ; পিচুটি ; সিক্নি ; কফ ; সর্দ্দি, কাশ ; Thin serous fluid from the mucous glands. *a*=rheumy.

Rheumatic, roo-matik, **Rheumatical,** roo-matik-al, *a.* বাতরোগাক্রান্ত , বাতিক ; Pertaining to or affected with *rheumatism.*

Rheumatism, rooma-tizm, *n.* বাতরোগ ; বাতজন্য প্রদাহ ; Painful disease of the joints, muscles.

Rheumy, *a.* শ্লেষ্মাপূর্ণ , Full of rheum.

Rhinocerous, ri-noser-os, *n.* গণ্ডার ; A large four-footed pachyderm.

Rhizome, *n.* মূলগ্রন্থি ; গেঁড়ো ।

Rhododendron, ro-do-dendron, *n.* পুষ্প, বৃক্ষ বা লতা বিশেষ ; A plant ; flowering shrub.

Rhomb, romb, **Rhombus,** rombus, *n.* সমবাহু বিষম চতুরস্র ; সমবাহু অসমকোণী চতুর্ভুজ ক্ষেত্র ; A figure having four equal sides but unequal angles.

Rhombic, rombik, *a.* অসমকোণী সমচতুর্ভুজ ক্ষেত্রাকার, Shaped like a rhomb.

Rhomboid, romboid, *n.* অসমকোণী চতুর্ভুজ ক্ষেত্রের কেবল বিপরীত বাহুদ্বয় সমান ; Four sided figure with the opposite but not adjacent sides equal. *a*=rhomboidal (রম্বয়েডের ন্যায় আকারবিশিষ্ট) ।

Rhubarb, roo'barb, *n.* রেউচিনি লতা বিশেষ, বিরেচক ঔষধ ; A plant , a catharic medicine.

Rhumb, *n.* প্রধান দ্রাঘিমা ; বৃত্ত , কম্পাসযন্ত্রের বিভাগ ।

Rhumbline, *n.* যে রেখা সমস্ত দ্রাঘিমাকে একই কোণে বিভাজিত করে ।

Rhyme, rim, *n.* মিত্রাক্ষর কবিতা , কবিতা ; The correspondence of sounds at the ends of verses , poetry ; poem :—*v. i.* কবিতা রচনা-কৃ ; শব্দে মিলা , To make rhymes or verse.

Neither rhyme nor reason—এও নহে উও নহে ; না মিল না অর্থ ; পদ্যের চরণের মিলও নাই, অর্থও নাই ; Neither agreeing in sound nor sufficient sense : —অকারণ ; যাহার তাৎপর্য্য সহজে বুঝা যায় না ; Inexplicably, from no cause to be easily understood.

Without rhyme or **reason**—অকারণ , Without sound or sense ; without any cause.

Rhymer, Rhymester, *n.* পদ্য-লেখক ; সামান্য কবি ; কুকবি ; One who makes rhymes.

Rhythm, rithm, *n.* ছন্দ ; তাল ও লয় , ধ্বনির নিয়মানুগ আবৃত্তি ; Metre ; regular succession of accents ; harmonious flow of vocal sounds. *a*=rhythmic ; rhythmical.

Rhythmic, Rhythmical, *a.* ছন্দ সম্বন্ধীয় ; Pertaining to metre. *ad*=rhythmically.

Rib, rib, *n.* পঞ্জর , পাঁজরা ; পঞ্জাস্থি ; পার্শ্বাস্থি ; Bone forming part of the thorax :—ছাদের কড়ি ; আড়কাট ; Timber of a roof :—পোলিন্দ ; Side timber or support of a ship : —পত্নী ; A wife :—*v. i.* পঞ্জরাবদ্ধ-কৃ ; To furnish or enclose with ribs :—উন্নত রেখাপাত দ্বারা নির্ম্মাণ-কৃ ; To form with rising lines. [আলি রাখা ।

To rib land—লাঙ্গল-পদ্ধতির মধ্যে মধ্যে আচোট মাটির

Ribald, ribald, *a.* নীচ ; ইতর ; অভদ্র , Low , base ; mean ; obscene :—অশ্লীল ; Filthy :—*n.* নীচ ব্যক্তি ; অশ্লীলভাষী ব্যক্তি ; লম্পট ব্যক্তি ; A leud fellow ; a loose, low character.

Ribaldry, ribald-ri, *n.* অশ্লীলতা ; নীচ ভাষা , অশ্লীল বাক্য ; Obscenity ; low and vulgar scurrility ; filthiness.

Riband, Ribband, riband, **Ribbon,** ribon, *n.* রেশমি ফিতা ; A fillet or strip of silk , a narrow thin strip :—*v. t.* রেশমি ফিতা দ্বারা অলঙ্কৃত-কৃ ; ফিতা দিয়া সাজান ; To adorn with ribbons.

The blue ribbon—সম্ভ্রান্ত ব্যক্তিদিগের শ্রেণী বিশেষ ।

To handle the ribbons—বাগ ধরা ; চালান ।

Ribbing, *n.* পঞ্জর বিন্যাস ; An arrangement of ribs.

Ribbonism, *n.* A secret association of Irish Celts for assassination. [plant.

Rice, ris, *n.* ধান্য , তণ্ডুল ; চাউল ; A grain of a

Cooked rice—ভাত ।

Rice given to the dead—পিণ্ড ।

Sunned rice—আতপ চাউল ।

Rice-paper, *n.* শ্বেতবর্ণের কাগজ বিশেষ ।

Rich, rich, *a.* ধনবান্ ; অর্থশালী , ধনী ; Wealthy , opulent .—বহুমূল্য , মূল্যবান, Costly ; valuable — প্রচুর , যথেষ্ট ; Abundant ; abounding :—উর্ব্বর , ফলপ্রদ , Fertile ; fruitful :—উজ্জ্বল , ঘোর ; Bright, as a colour :—সুমধুর ; অতিমিষ্ট ; সুললিত ; Full of harmonious or sweet sounds :—সুন্দর ; নয়নরঞ্জন ; সৌন্দর্য্যপূর্ণ , Full of beauty :—মসলাযুক্ত ; মসলা দিয়া প্রস্তুত ; Highly seasoned :—সারযুক্ত ; পুষ্টিকর ; Full of agreeable or nutritive qualities. *ad*=richly. *Syn* .—Opulent, affluent ; precious, superb, gorgeous, sumptuous , delicious, luscious, savory, generous ; plentiful, copious ; fruitful, productive, luxuriant.

Rich as Crœsus—অতিধনী ; Very rich (*Crœsus* was an ancient king of Lydia famed for immense wealth).

Rich as Jew—অত্যন্ত ধনবান ; Very rich.

Rich in or **with**—পরিপূর্ণ ; Full of (*rich in* implies the *container* ; *rich with*=adorned plentifully with, পরিপূর্ণ ও শোভিত) ।

Riches, riches, *n. pl.* ধন ; ঐশ্বর্য্য ; অর্থ , Wealth :—প্রাচুর্য্য ; প্রচুরতা ; Plenty ; richness , abundance : —উর্ব্বরতা , Fruitfulness :—মূল্য ; মহার্ঘতা ; Value ; costliness :—অলঙ্কারবাহুল্য ; Abundance of imagery :—আড়ম্বরশালী দৃশ্য , Sumptuous appearance. *Syn* :—Opulence, affluence, wealthiness.

Richly, *ad.* প্রচুর পরিমাণে ; অতিশয় ।

Richness, *n.* ঐশ্বর্য্য ; Wealth :—প্রচুরতা ; Abundance .—উর্ব্বরতা ; Fruitfulness :—মূল্য ; Value.

Richness of soil—সার।

Rick, *n.* খড় বা তৃণরাশি, স্তূপ ; গাদা ; A pile ; a heap, as of hay.

Rickets, rikets, *n. pl.* শিশুদিগের অস্থিবিকৃতি রোগ বিশেষ ; A disease of children characterised by great debility.

Rickety, riket-i, *a.* শিথিল সন্ধি ; বালরোগাক্রান্ত ; Affected with rickets :—ক্ষীণসন্ধি ; দুর্ব্বল ; Feeble in the joints ; shaky ; weak.

Rick-rack, *n.* বাঁকা ফিতার ঝালর বা পাইড়।

Rick-stand *n.* গাদার মাচা।

Ricochet, *n.* ভূমির উপর লম্ফন ; Rebound along the ground :—ছিনি-মিনি ; The skipping of a flat-stone on the surface of water.

Rid, rid, *v. t.* মুক্ত-কৃ ; পরিত্রাণ-কৃ ; খালাস-কৃ ; To free ; to deliver ; to clear ; to drive away.

To be rid of—মুক্ত-হ।

To get rid of—দূর করিয়া-দে ; মুক্ত-হ ; মুক্তিলাভ-কৃ ; To drive away ; to free from.

Riddance, ridans, *n.* মুক্তি ; উদ্ধার ; Act of ridding or freeing ; deliverance.

Riddle, ridl, *n.* হেঁয়ালি ; প্রহেলিকা ; An enigma :—চালুনি ; ঝাঁজরি ; চাঁকনি ; Coarse sieve :—কূটপ্রশ্ন, A puzzling question :—*v. t.* শস্য ঝাড়া ; পৃথক-কৃ ; To separate with a riddle, as grain from chaff :—অর্থ ভাঙ্গা ; প্রহেলিকার অর্থ-কৃ ; To solve or explain, as a riddle :—*v. i.* হেঁয়ালিচ্ছলে কথা বলা ; অস্পষ্ট ভাষা প্রয়োগ-কৃ ; To speak enigmatically.

Ride, rīd, *v. i.* অশ্বারোহণ-কৃ ; অশ্বাদিতে গমন-কৃ ; গাড়ীতে-যা ; To go on horse-back or in a carriage or railway :—ভাসিয়া চলা ; To float :—*v. t.* আরোহণ-কৃ ; চড়া ; To sit or rest on so as to be carried. :—*n.* অশ্বারোহণ ; Riding :—অশ্বারোহণে গমন ; গাড়ীতে গমন, An excursion on horseback or in a vehicle :—অশ্বারোহণ স্থান, অশ্বারোহণের পথ ; Place or road for riding. *pt*=rid, *pp*=ridden, rid.

Ride and tie—অন্যের সহিত পর্য্যায়ক্রমে পরিভ্রমণ ও বিশ্রাম করা।

Ride at anchor—নঙ্গর [illegible], To be anchored.

Ride down—ঘোড়ার চড়িয়া [illegible]।

Ride easy or hard—স্থিরভাবে বা দোলায়িত অবস্থায় ভাসমান হওয়া।

Ride hard—শীঘ্র অশ্বারোহণ করিয়া-যা ; Ride rapidly.

Ride one's hobby or hobby horse—কোনও প্রিয়কার্য্য সম্পাদনে বা তদালোচনায় নিযুক্ত থাকা, কোন বিষয়ে অযথা মনোযোগ-দে ; To be constantly setting off on one's favourite theme of discourse ; give undue attention to something.

Ride out—অশ্বারোহণ করিয়া যাওয়া, ঘোড়ায় চড়িয়া বন্দরে যাওয়া ; Go out for a ride.

Ride post—অতি শীঘ্র অশ্বারোহণ করিয়া-যা ; To ride rapidly with as little delay as possible.

Ride or sit bodkin—Sit closely wedged between two persons.

Ride rough shod—এমন কার্য্য করা যাহাতে অপরের ক্লেশকর হইতে পারে, কাহার উপর কর্তৃত্ব-কৃ ; To pursue a course regardless of the pain or distress it may cause others, be overbearing.

To take a ride—অশ্বারোহণ করিয়া-যা।

Rider, rider, *n.* অশ্বারোহী ; ঘোড়সওয়ার ; One who rides ; equestrian :—অশ্বচালক ; One who manages a horse :—অতিরিক্ত পত্র বা উপপত্র যাহা অন্য পত্রে যোগ করিয়া দেওয়া হয় ; জোড়পত্র ; Addition to a bill or document, when nearly complete.

Ridge, rij, *n.* পশ্চাৎ পৃষ্ঠ ; পৃষ্ঠের ঊর্দ্ধদেশ ; The back or top of the back :—অত্যুন্নত পাহাড় পর্ব্বত ; Rough or sharp top of any thing like a back-bone :—পর্ব্বত-শ্রেণী ; শৈল-শ্রেণী ; Line of hills ; a long range of hills :—জাঙ্গাল ; A long elevation of land :—মটকা ; ছাদ, Top of the roof rising to an angle :—লাঙ্গল-পদ্ধতি ; আলি ; Ground thrown up by the plough :—*v. t.* আলিতে পরিণত-কৃ ; উন্নত শিরাল-কৃ ; আকুঞ্চিত-কৃ ; To form into ridges ; to wrinkle.

Ridgy, riji, *a.* আলিসংযুক্ত ; আলির ন্যায় সমুন্নত ; Rising in ridges.

Ridicule, ride-kūl, *n.* ঠাট্টা, বিদ্রূপ ; পরিহাস ; উপহাস ; Derision ; mockery, sarcasm ; satire ; burlesque :—*v. t.* ঠাট্টা-কৃ, উপহাস-কৃ ; পরিহাস-কৃ ; বিদ্রূপ-কৃ ; To laugh at ; to sneer at ; to deride ; to satirise, to mock. *Syn* :—(*v*) Deride, banter, rally, chaff, burlesque, satirize.

Ridiculous, re-dikū-lus, *a.* উপহসনীয় ; উপহাস্য ; হাস্যজনক ; হাস্যাস্পদ, পরিহাসযোগ্য ; অগ্রাহ্য, Deserving or exciting ridicule ; contemptible and laughable, absurd. *n*=ridiculousness, *ad*=ridiculously (হাস্যজনকরূপে)। *Syn* :—Ludicrous, droll, grotesque, comical ; preposterous.

Riding, riding, *a.* অশ্বারোহণোপযুক্ত ; আরোহণীয়, চড়িবার ; Used to ride or travel ; suitable for riding on, as a horse :—*n* অশ্বারোহণ করিয়া যাইবার রাস্তা ; A road for riding on :—বাণিজ্যকর-নির্দ্ধারক কর্ম্মচারী কর্তৃক পরিদৃষ্ট প্রদেশ ; A district visited by an excise officer :—ইয়র্কপ্রদেশের বিভাগত্রয়ের অন্যতম ; One of the three divisions of the county of York.

Riding habit or skirt, *n.* অশ্বারোহণোচিত বেশ. [Woman's riding dress.

Riding-habit, Riding-skirt, *n.* অশ্বারোহণে ভ্রমণকালীন স্ত্রীগণ পরিহিত পরিচ্ছদ বিশেষ ; The long garment worn by females when riding.

Riding master, *n.* অশ্বারোহণ-কৌশল শিক্ষক, Teacher of riding.

Riding school—অশ্বারোহণ শিক্ষা দিবার বিদ্যালয়, School for teaching riding.

Rife, rif, *n.* প্রচুর ; প্রচলিত ; প্রবল ; Common abundant ; plentiful, abounding ; prevailing *n*=rifeness, *ad*=rifely.

Rifle, rīfl, *v. t.* হরণ-কৃ ; লুটিয়া-ল ; To rob ; to carry off by force ; to plunder ; to strip :—লইয়া পলায়ন-কৃ, লুট-কৃ ; To snatch away :—খাঁজ কাটা প্রণালী খনন-কৃ ; To groove :—*n.* বন্দুক বিশেষ ; A musket :—*pl.* উক্ত বন্দুকধারী সৈনিক দল। *n*=rifler *Syn* :—(*v*) Rob, pillage, plunder ; channel.

Rifle-man, *n.* বন্দুকধারী সৈনিক ; A man armed with a rifle ; a sharp shooter.

Rif-raff, rif-rāf, *n.* জঞ্জাল ; আবর্জ্জনা ; ওঁচলা, Rabble ; refuse ; sweepings :—*n.* ইতর লোক, ওঁচালোক ; The rabble, the mob.

Rift, rift, *n.* ছিদ্র ; ফাটা, ফাইট ; চিড ; Cleft ; a fissure, crack :—*v. t.* ভেদ-কৃ ; চেরা ; ফাড়া ; To rive, to cleave :—*v. i.* ভেদ-কৃ ; ফাটিয়া-যা, বিদীর্ণ-হ ; To split ; to burst open. *Syn* :—(*n*) Crevice, chink, cranny, fracture.

A rift in the lute—যে ছিদ্র পরে প্রবল হয়।

Rig, rig, *v. t.* পোশাক পরা ; পরিধান-কৃ ; To dress ;

to clothe ; to put on :—(রসারসি দিয়া) সজ্জিত করা ; খাটান ; (*Nau*) To fit with sails and tacking :—*n.* জাহাজের রজ্জু প্রভৃতি ; Sails and tacking.

Rig, *n.* কৌতুক ; তামাসা ; A sportive frolic ; trick :—পর্ব্বত-শ্রেণী ; A ridge.

Rig up—খাটান ।

To rig the market—দর চড়ান ; অংশীদারি ব্যবসায়ে অংশ কিনিয়া তাহার দর চড়ান ; Raise prices fictitiously —a term applied to a dishonest combination among a number of merchants to buy up so extensively any particular article or commodity as to be able to resell the same at greatly enchanced prices. [play a wanton trick.

To run a rig—কৌতুক-কৃ ; তামাসা-কৃ ; ফষ্টি-কৃ ; To

Rigadoon, *n.* নৃত্য ; A brisk dance for a couple.

Rigging, rig'ing, *n.* জাহাজের পাল প্রভৃতি ; দড়ি-দড়া ; রসারসি ; Tackle, cordage &c., of the masts and sails.

Right, rīt, *a.* দক্ষিণ ; ডাইন ; Not left :—সোজা ; সরল ; ঋজু ; ঠিক ; Straight ; upright :—প্রকৃত ; ন্যায্য ; উচিত ; সত্য ; Proper ; reasonable :—উপযুক্ত ; যোগ্য ; Fit :—আসল ; যথার্থ ; Real ; actual :—সত্য ; True ; correct :—ঠিক ; Just :—খাড়া ; Erect :—কৌশলী ; Most dexterous :—*n.* যাথার্থ্য ; ন্যায় ; সত্য ; Justice ; truth ; propriety :—ধর্ম্ম ; Virtue : —অধিকার ; সত্ব ; দাবি ; হক ; দাওয়া ; Just claim ; privilege :—দক্ষিণ দিক ; Right side :—*ad.* ঋজু-ভাবে ; সরলভাবে ; In a right or direct line :—অত্যন্ত , Very :—*v. t.* সোজা-কৃ ; সংশোধন-কৃ ; To do justice to ; to make right or straight. *Syn* :—(*a*) Direct ; perpendicular, rightful ; just, quitable, lawful ; accurate, sound ; suitable, seemly. (*n*) Rectitude, equity ; goodness, integrity, uprightness ; truth, correctness ; prerogative, immunity ; legal claim.

Assort one's right—নিজের সত্ব রক্ষা-কৃ ; Maintain or defend one's own right by words or measures.

At right angles—সমকোণ করিয়া (দণ্ডায়মান) ।

Be in the right—ভ্রান্ত নহে ; ভুল না-হ ; Be not mistaken ; be not wrong :—ঠিক-হ , Be correct.

Bill of rights—A declaration of Rights, especially as granted by William III. in 1688.

By right of, In right of—কোন সত্ব অনুসারে ; By virtue of a title derived from.

Come or **go right**—ঠিক ঠাক হইয়া আসা ; Turn out happily as, matters will come right.

Go right—যেমন হওয়া উচিত তেমনি-হ ; Go on as it should :—যেরূপ ইচ্ছা করা যায় সেইরূপ ; Turn out as desired. [missed ; be sent away.

Go to the right about—চলিয়া-যা , Be dis-

Of right—আইন অনুসারে ; Justly ; lawfully.

Right and left (*colloq*). চতুর্দ্দিকে ; এলোপাতাড়ি ; In all directions ; in both directions ; on all sides :—হুহাতি ; দোহেতো , All persons who come in the way.

Put to rights, Set to rights, set matters right—শোধরাইয়া-দে ; দোরস্ত-কৃ ; Put in good order ; adjust.

Right to—কিছুতে ন্যায্য অধিকার বা স্বত্ব ; That to which one has a just claim.

Serve one right—উচিত প্রতিফল-দে ; যেমন কর্ম্ম তেমনি ফল-হ ; Treat one as one deserves ; punish one as one deserves.

Set one right—সংশোধন-কৃ ; Correct one :—যে অপমান হইয়াছে তাহার প্রতিফল-হ ; Rehabilitate one, clear one's character. [বর্ত্তন ।

Right about, *n.* দক্ষিণ পার্শ্ব দিয়া সম্পূর্ণরূপ প্রত্যা-

Right a head—ঠিক সম্মুখে ; Directly before.

Right along—ক্রমাগত , না থামিয়া ।

Right angle—সমকোণ ।

Right angled, *a.* সমকোণী ।

Right away—তৎক্ষণাৎ ।

Righteous, rīt'yus, *a.* [A. S. *riht*, right, *wis*, way] যথার্থ ; ন্যায় ; উপযুক্ত ; Just ; upright ; merited :—ধার্ম্মিক ; পুণ্যবান্ ; সাধু ; Virtuous. *n*=righteousness, *ad*=righteously (সাধুভাবে) । *Syn* :—Godly, holy, incorrupt ; honest, equitable, rightful.

Righteousness, rīt'yus-nes, *n.* সাধুতা ; পবিত্রতা ; সদাচার ; The quality of being righteous. *Syn* :—Uprightness, holiness, godliness, virtue ; equity, rightfulness, integrity, honesty.

Rightful, rīt'fool, *a.* ন্যায্য ; ন্যায়সঙ্গত ; অধিকার-বিশিষ্ট ; Having right ; according to justice. *ad*=rightfully, *n*=rightfulness. *Syn* :—Legitimate, lawful, true ; honest, equitable, proper, reasonable, fair.

Right hand, *n.* দক্ষিণ হস্ত ।

Right-handed, *a.* Using the right hand habitually or more often than the left.

Right honorable—মহামান্য ।

Right line—সরল রেখা ।

Rightly, *ad.* ন্যায়তঃ ; যথার্থতঃ ।

Right-minded—সাধুমনা ; সরল ; অকপট ; প্রকৃতিস্থ , Well disposed ; sane ; honest.

Rightness, *n.* সরলতা । [round.

Right round—সম্পূর্ণরূপে গোলাকার ; Completely

Rigid, rijid, *a.* কঠোর ; শক্ত . দৃঢ় ; Stiff :—কঠিন ; কর্কশ ; দারুণ , Stern ; severe ; strict *n*=rigidness (কঠিনতা) , *ad*=rigidly (কঠিনরূপে) । *Syn* :—Unpliant, unyielding, inflexible, exact, austere.

Rigidity, *n.* কাঠিন্য , কঠোরতা ; দৃঢ়তা ; Stiffness of manner. [talk ; a long story.

Rigmarole, *n.* অনর্থক গল্প ; উপাখ্যান ; Foolish

Rigorous, rig'ur-us, *a.* কঠোর ; কঠিন ; অতিশয়িত ; দারুণ ; Harsh ; very sereve , accurate ; relentless. *ad*=rigorously (যথাবিধি ; ঠিক ; কঠোরভাবে) ; *n*=rigorousness.

Rigour, rig'or, *n.* [L. *rigere*, to be stiff] কঠিনতা ; কঠোরতা ; Stiffness ; hardness ; strictness ; sternness :—উগ্রতা ; Intensity ; severity : —শীতে কম্প ; সকম্পন শৈত্যানুভব , Convulsive ; shuddering with cold. *Syn* :—Rigidness, inflexibility ; austerity ; exactness, inclemency.

Rill, ril, *n.* ক্ষুদ্র নদী ; ক্ষুদ্র প্রবাহ ; স্রোতস্বতী ; A streamlet ; a small brook :—*v. i.* প্রবাহিত-হ ; To flow in small streams.

Rim, rim, *n.* উন্নত বেড় ; ধার ; কিনারা ; প্রান্ত ; A raised margin , a border , edge ; a brim :—*v. t.* কানা বা ধার লাগা ; বেড়-দে ; বেষ্টন-কৃ , To put a rim to.

Rime, rīm, *n.* ঘন নীহার ; হিমানী , তুহিনকণা ; Hoarfrost ; frozen dew :—মইয়ের কোয়া , A rung :—ফাটল , ছিদ্র । *a*=rimy (frosty).

Rind, rind, *n.* বল্কল ; ছাল ; ত্বক্ ; খোসা ; ছিল্কা ; Bark ; husk ; peel.

Rinderpest, *n.* গবাদির সংক্রামক রোগ বিশেষ ; A malignant and contagious disease.

Ring, ring, *n.* চক্র ; মণ্ডল ; বৃত্ত ; Circle :—অঙ্গুরীয়ক ; আংটী ; A circular ornament of gold for the finger :—রঙ্গভূমি ; A circular area for races :—বৃত্তাকারে সমবেত জনমণ্ডলী ; A circular group of persons :—শব্দ ; A sound, *esp.* of metals :—ঘণ্টার শব্দ ; A chime of many bells :—বহুস্বরোত্থিত শব্দ ; The sound of numerous voices : —*v. t.* বেষ্টন-কৃ ; বেষ্টিত-কৃ ; To encircle :—অঙ্গুরীয়ক দ্বারা সজ্জিত-কৃ ; গহ্বিজ লাগান ; To fit with a ring ; —নিনাদিত-কৃ ; বাজান ; বাদিত-কৃ ; To cause to sound, as a metal :—*v. i.* বাদ্য-হ ; শব্দ-হ ; বাজা ; To sound, as a bell when struck ; to tingle. *pt*=rang, rung. *pp*=rung.

A ring dropper—জুয়াচোর বিশেষ।

Gentlemen of the ring—মল্লযোদ্ধা ; Wrestlers.

It has the true ring—It has intrinsic merit. A metaphor taken from the custom of judging genuine money by its ring or sound.

Ring in one's ears—কাণে লেগে থাকা ; Continue to sound or vibrate in one's ears.

Ring in, or **into,** or **out**—ঘণ্টা বাজাইয়া আনয়ন করা বা বিদায় দেওয়া ; Celebrate arrival or departure by ringing.

Ring the changes on—অধিক বলা ; Talk much about.

Ring with—প্রতিধ্বনিত-হ ; চারিদিকে ব্যাপ্ত-হ ; Be filled with (report), resound with.

The prize ring—যে চক্রের মধ্যে মল্লেরা কুস্তি করে।

Ring-dove, ring'duv, *n.* কপোত বিশেষ ; A pigeon.

Ring-finger, ring'-fing'ér, *n.* অনামিকা ; অঙ্গুলী ; Third finger of the left hand.

Ring-leader, ring'lid-ér, *n.* দলপতি ; দলের সর্দার ; দুর্বৃত্তদলের নেতা ; The leader of a riotous body of persons ; the head of a riotous body.

Ringlet, ring'let, *n.* ক্ষুদ্র অঙ্গুরী, ছোট আংটী ; Little ring :—কোঁকড়া চুল ; চূর্ণ কুন্তল ; Curl of hair.

Ring-ousel, ring'-ōōzl, *n.* পক্ষিবিশেষ ; Thrush.

Ring-straked, Ring-streaked, *a.* গোলাকার রেখাবৃত দেহ, Having ring like lines on the body.

Ring-worm, ring'wurm, *n.* দদ্রু ; দাদ ; Herpes.

Rink, *n.* বরফাচ্ছন্ন ক্রীড়াভূমি ; The area where a race is run, or games are played.

Skating rink—বরফের বা কাঠের উপর দৌড়িবার ক্রীড়াক্ষেত্র ; A place artificially prepared for skating.

Rinse, rins, *v. t.* জল দিয়া পরিষ্কার-কৃ ; ধৌত-কৃ ; To cleanse with clean water.

Rinse one's mouth—কুলকুচো-কৃ।

Riot, ri'ot, *v. t.* চীৎকার-কৃ ; To raise an uproar : —মাতলামি-কৃ ; উচ্ছৃঙ্খল-হ ; অত্যাচার-কৃ ; To revel in :—*n.* কোলাহল ; গোলমাল ; হাঙ্গামা ; দাঙ্গা ; Uproar ; tumult :—শান্তিভঙ্গ ; A disturbance of the peace :—অতি ভোজন ; কোলাহল সহকৃত ভোজন ; পানোৎসব ; Excessive feasting ; revelry :—বিলাস ; বিলাসিতা ; Luxury :—উচ্ছৃঙ্খল ব্যবহার ; Wanton conduct. *Syn* :—(*n*) Row, commotion, fray.

Riot Act—Summons to disperse on pain of military force.

Run riot—অশাসিত ভাবে কার্য্য-কৃ ; To act or move without control or restraint.

To run riot—যা ইচ্ছা তাই-কৃ ; অতি প্রবল-হ।

Rioter, *n.* উচ্ছৃঙ্খল ব্যক্তি ; দাঙ্গাবাজ লোক।

Riotous, ri'ot-us, *a.* বিদ্রোহী ; রাজদ্রোহী ; Seditious :—কোলাহলকারী ; Tumultuous :—বিলাসী ; ভোগাসক্ত ; উচ্ছৃঙ্খল ; Luxurious ; wanton. *n*=riotousness. *ad*=riotously (উচ্ছৃঙ্খলভাবে)। *Syn* :—Unruly, rebellious ; licentious.

Rip, rip, *v. t.* কাটিয়া বিচ্ছিন্ন-কৃ ; ফাড়া ; চেরা : Divide by cutting or tearing ; to rend ; to cut open :—*n.* ফাটা ; চিড় ; A rent ; a tear :—মাছের ঝুড়ি ; A fish-basket.

Rip up an old sore—পুরাণ কথা খুঁচিয়ে তোলা ; Revive an old quarrel or grievance.

To rip out—কড় কড় করিয়া বলা বা আওড়ান।

To rip up old grievances or **sores**—পূর্ব্বের ক্লেশ স্মরণ-কৃ ; To recall them.

Riparian, rip-ári-an, *a.* নদীতীর সম্বন্ধীয় ; Pertaining to a river-bank.

Ripe, rip, *a.* [A. S. *rip*, harvest, *ripan*, to reap] পরিপক্ব ; পাকা ; Mature :—সম্পন্ন ; পরিণত, Finished :—ব্যবহারোপযোগী ; Fit for use :—পাকিয়া উঠা। *n*=ripeness (পক্বতা ; পরিণতাবস্থা)। *ad*=ripely. *Syn* :—(*a*) Ready, full, mellow ; complete.

Ripe for—প্রস্তুত ; পরিপক্ব হ, কোন কিছুর ঠিক সময় উপস্থিত, Ready for ; be advanced to a state of fitness.

Ripen, rip'en, *v. i.* পক্ব হ ; পাকা ; To grow ripe : —*v. t.* পক্ব-কৃ, পাকান ; To make ripe :—পূর্ণ-কৃ, সর্বাঙ্গ সুন্দর-কৃ ; To bring to perfection.

Ripple, rip'l, *n.* ক্ষুদ্র তরঙ্গ ; লহরী ; হিল্লোল ; A little wave :—*v. t.* তরঙ্গিত-কৃ, To cause a ripple in ; to cover with small waves :—*v. i.* তরঙ্গিত-হ, হিল্লোলিত-হ, To curl on the surface, as running water.

Ripple, *v. t.* আঁচড়াইয়া বাহির-কৃ ; আঁচড়ান ; To strip flax :—*n.* শণ আঁচড়াইবার চিরুণী ; A flax comb.

Rise, riz, *n.* আরোহণ ; উত্থান ; The act of rising ; ascent :—উচ্চভূমি ; The rising ground :—মূল ; আদি ; Origin :—বৃদ্ধি, স্ফীতি ; Increase :—উন্নতি, Advance :—স্বরের উন্নতি ; Elevation of the voice :—*v. i.* উঠা, উত্থান-কৃ ; চড়া ; আরোহণ-কৃ, To get up from the ground ; to ascend :—ফাঁপিয়া উঠা ; To swell :—জন্মান ; Grow :—উদিত-হ ; To appear :—দেখ-দে, Spring up :—দৃষ্টিগোচর-হ, দৃষ্ট হ ; Come into sight :—আসিয়া পড়া ; Come forth :—উত্তেজিত-হ ; বিদ্রোহী-হ ; Be excited :—বৃদ্ধি পা ; Increase. *pt*=rose, *pp*=risen. *Syn*:—(*n*) Steep, acclivity, elevation ; spring, source ; augmentation. (*v*) Arise, mount, get up, appear ; revive, grow, increase, swell, enlarge.

Give rise to—উৎপাদন-কৃ, Cause ; produce.

Take rise from—কোন কিছু হইতে উৎপত্তি-হ ; Issue from.

Rise above—অতিক্রম-কৃ ; Surmount :—কোন কিছুতে না দমা ; Not to succumb to or yield to the influence of.

Rise against—বিদ্রোহী-হ ; প্রতিকূলে অভ্যুত্থান-কৃ ; Take arms :—দণ্ডের প্রার্থনা-কৃ ; Demand vengeance on.

Rise from the ranks—সামান্য অবস্থা হইতে উন্নতি লাভ-কৃ, Rise to distinction from a low station.

Rise in the world—উন্নতি লাভ-কৃ, To prosper.

Rise to—এত উচ্চে উঠা ; Attain a certain height :—দাম চড়ে যাওয়া ; Increase in price :—যতটা আবশ্যক ততটা-হ ; Acquire the adequate measure of :—কোন উচ্চ বিষয় বুঝিতে পারা ; Be so elevated in mind as to make in.

Rise to one's feet—দাঁড়িয়ে উঠা ; Stand of.

Rise up—উত্থান-কৃ ; Arise. [being visible.

Risibility, *n.* হাস্যোদ্দীপকতা ; The quality of

Risible, rize-bl, *a.* [L. *ridere*, *risum*, to laugh] হাস্যজনক , হাস্যোদ্দীপক , কৌতুকাবহ ; আনন্দজনক ; Laughable ; amusing. *n*=risibility, *ad*=risibly. *Syn* :—Ludicrous, droll, comical, funny, ridiculous.

Rising, rizing, *a.* উত্থানশীল ; উদীয়মান ; বর্দ্ধিষ্ণু ; Getting up :—*n.* বিদ্রোহ ; উত্থান ; Insurrection :—স্ফোটক ; Tumour.

Rising generatiou—যুবা দল ; Young men.

Risk, risk, *n.* বিপদ ; ঝুঁকি ; দায় ; আপদ ; ক্ষতি ; Hazard, danger ; chance of loss or injury :—*v. t.* বিপদগ্রস্ত-কৃ , দায়যুক্ত-হ , বিপন্ন-কৃ ; To venture on ; to expose to hazard. *Syn* :—(*n*) Peril, venture, jeopardy (*v*) Peril, endanger, jeopard, chance.

At the risk of—কোন বিপদের আশঙ্কা থাকিলেও।

Run a risk—কোন বিপদ ঘাড়ে-কৃ , বিপদ সম্ভাবনা জানিয়াও কোন কার্য্যে প্রবৃত্ত হ ; Incur hazard ; expose oneself to some danger.

Risky, *a.* বিপজ্জনক ; বিপদের আশঙ্কাবিশিষ্ট , Hazardous ; dangerous. [laughter.

Risorial, *a.* হাস্যঘটিত ; হাস্যজনক ; Pertaining to

Rissole, risōl, *n.* ভর্জ্জিত মৎস্য বা মাংস বিশেষ ; A roll of fish or meat minced and fried with bread crumbs and eggs.

Rite, rit, *n.* ধর্ম্ম আচার , ধর্ম্মবিধি ; অনুষ্ঠান ; আচার , A religious ceremony or usage. *Syn* :—Form, solemnity, ceremonial, sacrament, ceremony, observance, ordinance.

Ritual, ritū al, *a.* শাস্ত্রসিদ্ধ ; অনুষ্ঠানিক ; Consisting of or prescribing, rites , ceremonial :—*n.* ক্রিয়া-পদ্ধতি , অনুষ্ঠান পদ্ধতি ; Manner of performing divine service :—তৎসম্বন্ধীয় পুস্তক ; A book of rites.

Ritualism, ritū-al-izm, *n.* ক্রিয়া-পদ্ধতি ; The system of ritual or prescribed forms of religion :—ক্রিয়ানুষ্ঠান ; The observance of them :—ধর্ম্মের বাহ্য অনুষ্ঠানে বিশ্বাস ; Confidence in mere rites or external ceremonics.

Ritualist, ritū-al-ist, *n.* দশকর্ম্মান্বিত ব্যক্তি , ক্রিয়াপদ্ধতিজ্ঞ ; One skilled in or devoted to a ritual ; *a*=ritualistic. [ing to the ritual.

Ritualistic, *a.* ধর্ম্মের বাহ্য অনুষ্ঠানঘটিত ; Pertain-

Rival, ri'val, *n.* প্রতিযোগী , প্রতিদ্বন্দ্বী , Competitor :—*a.* বৈরী ; প্রতিযোগিতাপরায়ণ , Being in competition :—*v. t.* প্রতিযোগিতা-কৃ , প্রতিপক্ষতা-কৃ , To compete together ; to emulate , to strive to equal or excel. *Syn* :—(*n*) Emulator, anagonist, opponent. (*v*) Oppose, compete ; match, equal.

Rivalry, **Rivalship**, *n.* প্রতিযোগিত্ব ; প্রতিদ্বন্দ্বিতা ; Competition , emulation.

Rive, riv, *v. t.* বিদীর্ণ-কৃ , চেড়া ; To rend asunder ; to split :—*v. i.* বিদীর্ণ-হ ; চিরিয়া যাওয়া ; To be split assunder. [stream of water.

River, rivėr, *n.* নদী ; প্রবাহিনী ; Large running

Rivers of blood—রক্তগঙ্গা ; শোণিত-স্রোত।

River-craft, *n.* ক্ষুদ্র নৌকা ; Small vessel.

River-dragon, *n.* কুম্ভীর ; নক্র ; Crocodile.

River-horse, *n.* সিন্ধুঘোটক ; Hippopotamus.

Rivet, rivet, *n.* পেরেক বিশেষ ; প্রেক ; কীলক ; A pin clinched at both ends :—*v. t.* প্রেক দ্বারা আঁটা বা আবদ্ধ-কৃ ; To fasten with a rivet ; to fasten firmly :—দৃঢ়-কৃ ; দৃঢ়বদ্ধ-কৃ ; To make firm or immoveable.

Rivulet, rivū-let, *n.* [L. *rivus*, a stream] ক্ষুদ্র নদী ; ক্ষুদ্র প্রবাহ ; A brook , streamlet ; small river.

Roach, rōch, *n.* মৎস্য বিশেষ ; A freshwater-fish of a silvery colour.

Road, rōd, *n.* [A. S. *rad*, a road, *ridan*, to ride] রাস্তা ; রাজপথ , মার্গ ; An open way for passengers and traffic , highway :—লুণ্ঠনোদ্দেশে অভিযান ; A plundering excursion. *Syn* :—Way, pathway, thoroughfare, route, course ; roadstead, anchorage.

Road, rōd, **Road-stead**, rōdsted, **Roads**, rōdz, *n.* জাহাজের নঙ্গর করিবার স্থান ; A place where ships ride at anchor.

By road—রাস্তা দিয়া।

On the high road to—কোন কিছু পাইবার জন্য উন্মুখ ; কোন স্থানে পৌঁছিবার সহজ পথে ; In a fair way to attain. [attaining.

Road to—কোন কিছু পাইবার উপায় ; Means of

Royal road to—সহজ উপায় ; Easy way to.

To take road—যাত্রা করা।

To take the road—দস্যু-কৃ ; রাহাজানি-কৃ ; To engage in robbery upon the high way.

Road agent, *n.* দস্যু ; ঠেঙ্গাড়িয়া ; A highway man.

Road metal—রাস্তায় দিবার খোয়া। [পার্শ্বস্থিত।

Road-side, *n.* রাস্তার পার্শ্ব ; পার্শ্বপথ :—*a.* রাস্তার

Roadster, rōdstėr, *n.* নঙ্গর করা জাহাজ ; Ship riding at anchor :—ভ্রমণোপযোগী ঘোটক ; A horse fitted for travelling. [way.

Roadway, rōdwā, *n.* রাস্তা ; গাড়ীর রাস্তা ; High

Roam, rōm, *v. i.* ইতস্ততঃ ; ভ্রমণ-কৃ ; ঘুরিয়া বেড়ান ; To rove about ; to ramble :—*v. t.* ভ্রমণ-কৃ ; ভ্রমণ করিয়া অতিক্রম-কৃ ; To wander about. *Syn* :—Wander, rove, range, stroll, stray.

Roamer, rōmėr, *n.* ভ্রমণকারী ; A wanderer.

Roan, *a.* রঞ্জিত ; বিচিত্র ; Of a mixed colour with a decided shade of red :—*n.* বিচিত্র বর্ণ ; A roan color :—চিত্র ঘোটক ; A roan horse.

Roantree, *n.* বৃক্ষ বিশেষ।

Roar, roar, *n.* গর্জ্জন , হুঙ্কার ; The cry of a beast :—চীৎকার ; উচ্চশব্দ ; A full, loud sound ; a shout ; a loud cry .—আহ্লাদসূচক চীৎকার ; আর্ত্তনাদ ; An outcry of mirth or of distress :—*v. i.* গর্জ্জন-কৃ ; গোঁ গোঁ শব্দ-কৃ ; To cry, as a beast :—চীৎকার-কৃ ; রব-কৃ , To cry with a full, loud sound.

Set the table in a roar—সমস্ত লোককে এত আমোদিত করা যে তাহারা হেঁসে গড়িয়ে পড়ে ; Cause loud laughter (among the guests at table).

To drive a roaring trade—খুব ব্যবসায় চালান ; To do a great business.

Roaring, rōr'ing, *n.* গর্জ্জন , Act or sound of roaring .—অশ্বের রোগ বিশেষ।

Roast, rōst, *v. t.* মাংস কাবাব-কৃ ; অগ্নি উত্তাপে ঝলসাইয়া পাক-কৃ ; To cook before the fire ; to cook

by exposure to heat :—ভাজা ; তপ্তিত-কৃ ; To parch :—অত্যন্ত উত্তপ্ত-কৃ ; To heat to excess :—*n.* কাবাব ; ঝলসান মাংস ; That which is roasted.

Rob, rob, *v. t.* বলপূর্ব্বক কাড়িয়া-ল ; লুণ্ঠন-কৃ ; হরণ-কৃ ; To plunder ; to steal :—বঞ্চিত-কৃ ; To deprive :—*n.* মধু মিশ্রিত সুপক্ব ফলের রস ; The juice of ripe fruit mixed with honey. *n*=robber. *Syn* :—(*v*) Despoil, strip, pillage, defraud.

Rob (one) of—হরণ-কৃ ; Steal something from one :—বঞ্চিত-কৃ ; Deprive one of.

Rob Peter to pay Paul—একের অনিষ্ট করিয়া অপরের উপকার-কৃ ; গরু মারিয়া জুতাদান-কৃ ; একজনকে বঞ্চিত করিয়া আর একজনকে-দে ; Withhold what is necessary in one direction to bestow it on another.

Robber, *n.* দস্যু ; ডাকাইত ; One who robs.

Robbery, rober-e, *n.* ডাকাইতি ; দস্যুবৃত্তি ; অপহরণ ; চুরি ; Theft ; plundering. *Syn* :—Depredation, spoliation, despoliation, plunder, pillage ; larceny.

Robe, rōb, *n.* পরিচ্ছদ ; পোষাক ; A rich dress :—রাজ পোষাক ; A gown of state :—*v. t.* বস্ত্র দ্বারা আচ্ছাদিত-কৃ , পোষাক পরান ; To dress ; to clothe :—সজ্জিত-কৃ ; To array.

Men of the long robe—যাজক ; পাদরি ; বিচারপতি বা ব্যারিষ্টার ; Priests, judges, barristers who wear robs.

Robin, Robin-redbreast, *n.* ক্ষুদ্র গায়ক পক্ষী বিশেষ ; A singing bird.

Robin Hood—বিখ্যাত দস্যু ; A famous outlaw.

Robust, rō-bust, *a.* [L. *robustus*, oaken, hard] বলবান ; Strong ; sturdy :—সতেজ , জোরাল ; Sound :—কর্কশ ; Rude. *n*=robustness, *ad*=robustly. *Syn* :—Muscular, lusty, sinewy ; hale, hearty, sound, vigorous ; rough, rude.

Robustness, rō-bus'nes, *n.* বলবত্তা ; শক্তিশীলতা ; The quality of being robust. *Syn* :—Strength, soundness, sturdiness, vigour.

Roc, *n.* পক্ষিবিশেষ ; A bird.

Rochet, *n.* পরিচ্ছদ বিশেষ ; A linen garment worn by bishops.

Rock, rok, *n.* পাহাড় , শৈল ; প্রস্তর ; A large mass of stone :—রক্ষাসাধন ; আশ্রয় ; Defence :—বল , Strength :—তর্কু ; টেকো ; A distaff :—*v. t.* দোলান ; দোল-দে ; To move backwards and forwards :—*v. i.* দোদুল্যমান-কৃ ; কম্পিত-হ ; To totter.

On the rocks—নিঃস্ব ; রিক্তহস্ত ।

Split on a rock—সমুদ্রগর্ভস্থ শৈল-শিখরে লাগিয়া চূর্ণ-হ ; Run upon a rock and be dashed to pieces :—যেন কোন বিষম ভ্রমে পড়া যাহাতে সমস্ত আশায় জলাঞ্জলি দিতে হয় ; সর্ব্বনাশের মূল-হ ; Commit a fatal error which frustrates all one's hopes and desires.

Rock ahead, *a.* কাহারও পথে কণ্টক ; An obstacle in one's ways ; dangerous impediment in one's way.

Rock-bound, *a.* প্রস্তর দ্বারা বেষ্টিত ; Hemmed in with rocks.

Rock-crowned, *a.* Crowned with rocks.

Rocker, rokér, *n.* যে দোলায় ; One who rocks the cradle :—দোলনার বক্র অবলম্বন ; The curving support on which a cradle or chair rocks.

Rocket, roket, *n.* হাউইবাজি ; An artificial firework which is projected through the air.

Rocking, *a.* দোলায়মান ।

Rock-oil, *n.* Petroleum.

Rock-pigeon, rok-pijun, *n.* কপোত বিশেষ ; A pigeon inhabiting rocks.

Rock-salt, roksawlt, *n.* সৈন্ধব লবণ ; শিলা লবণ ; Salt in rock like masses.

Rock-snake, *n.* বৃহদাকার পার্ব্বতীয় বোড়াসাপ ।

Rock-work, *n.* স্বাভাবিক শিলাস্তূপের অনুকরণে গাঁথনি ; A masonary in imitation of natural masses of rock.

Rocky, roki, *a.* শিলাময় ; শৈলময় ; Full of rocks :—পার্ব্বতীয় ; পর্ব্বতসম ; Resembling a rock :—কঠিন ; Hard ; unfeeling. *n*=rockiness.

Rococo, *n.* স্থাপত্য কার্য্যে প্রসাধন বিশেষ ।

Rod, *n.* যষ্টি ; দণ্ড ; A slender stick ; a wand :—বেত্র ; A bundle of birch twigs for flogging children ; a cane :—১৬॥• ফুট ; 16½ feet :—শাসন-দণ্ড ; ক্ষমতার চিহ্ন ; An emblem of power or authority : প্রভুত্ব ; Authority :—দণ্ড ; শাসন ; Punishment :—অত্যাচার ; উৎপীড়ন ; Oppression :—জাতি ; বংশ , Race ; family.

A fishing rod—ছিপ্ ।

Rod of state—রাজদণ্ড ; Sceptre.

Rule with a rod of iron—কঠিনরূপে শাসন-কৃ , Rule oppressively.

Rode—*past* of *Ride*.

Rodent, rō'dent, *n.* তীক্ষ্ণদন্ত জন্তু ; দন্তুর জন্তু , Gnawing animals :—*a.* চর্ব্বণকারী , Gnawing.

Rod-fishing, *n.* ছিপে মাছ ধরা ।

Rodomontade, rod-ō-mont'ad, *n.* বৃথা দম্ভ , বৃথা গর্ব্ব ; Vain boasting (A blustering hero in Orlando Furioso) :—*v. i.* বৃথা গর্ব্ব-কৃ ; To boast , to bluster.

Rodomontadist, *n.* বৃথা দাম্ভিক ; A blustering boaster

Roe, rō, *n.* মৎস্যের ডিম্ব ; The serm or spoon of fishes :—লাঙ্গুলহীন হরিণ ; মৃগীহরিণী ; The female deer. *mas*=hart.

Roe-buck, rō'buk, *n.* পাটলবর্ণের মৃগী ; A deer.

Rogation, ro-gáshun, *n.* [L. *rogo*, to ask] প্রার্থনা , অনুনয় ; Supplication.

Regation days—খ্রীষ্টে স্বর্গারোহকস্মারক উৎসবের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী তিন দিন ; The three days immediately before the festival of Ascension, being days of special supplication.

Rogue, rōg, *n.* প্রতারক ; দুরাত্মা ; পাজি ; দুর্জ্জন , শঠ ; Knave ; thief ; vagabond .—বদমাইস লোক কৌতুকপ্রিয় ব্যক্তি ; A mischievous or frolicsome person :—ভবঘুরে ; A vagrant (law). *Syn* :—Scamp, rascal, villain, caitiff, scoundrel, sharper, swindler.

Roguery, rōg'er-i, *n.* জুয়াচুরি ; প্রতারণা ; শঠতা , Knavish tricks, fraud :—বজ্জাতি ; বদমাইসি , Waggery ; mischievousness.

Roguish, rōg'ish, *a.* জুয়াচুরি সম্বন্ধীয় ; প্রতারক , Knavish :—শঠ ; ধূর্ত্ত ; দুষ্ট ; Waggish, mischievous. *ad*=roguishly. *n*=roguishness. *Syn* :—Vagrant, vagabond ; fraudulent, dishonest, frolicsome.

Roister, *v. i.* চীৎকার-কৃ ; To bully :—গুমর-কৃ ; To bluster.

Roisterer, *n.* A turbulent fellow.

Role, rōl, *n. n.* নাটকে অভিনেতৃগণের স্ব স্ব অংশ ; হস্তে গৃহীত কার্য্য ; মহৎ কার্য্য ; The part performed by an actor in a drama , any conspicuous action or duty performed by any one.

Roll, rōl, *n.* [L. *rota*, a wheel] আবর্ত্তন ; গুটান ; Act of rolling :—জড়ান বস্তু ; Anything rolled :—শ্রেণী ; Roller :—দলিল ; A document :—তালিকা ; Register :—রুটি ; রুটির তাল, Bread ; a small loaf of bread :—অবিরাম ঢাকের শব্দ ; The continuing beating of a drum :—পদ ; Character ; office :—*v. i.* ঘোরা ; চাকার ন্যায় ঘোরা ; To revolve ; to turn like a wheel :—To be formed into a round mass :—অক্ষের উপর আবর্ত্তিত-হ ; To revolve upon an axis :—আন্দোলিত-হ ; সঞ্চালিত-হ ; To move, as waves :—উলিতে থাকা ; To wallow :—ইতস্ততঃ চালিত-হ ; To be tossed about :—গড়াইয়া-যা ; দোলায়িত-হ, To rock :—গড়গড় শব্দ-হ ; ঢাকের শব্দ মত শব্দ-হ ; To sound, as a drum beaten rapidly :—*v. t.* ঘোরান ; To cause to roll :—গুটান ; জড়ান ; To wrap round on itself :—চক্রের উপর সঞ্চালিত-কৃ ; ঘোরান ; To move upon wheels :—চালিত-কৃ ; To drive forward :—চাপিয়া সমতল-কৃ ; গোলাকার বস্তু দ্বারা পেষণ-কৃ ; To press with a roller :—দ্রুতছন্দে বাজান ; To beat rapidly, as a drum :—বিজড়িত-কৃ, বেষ্টন-কৃ, To enrap, encircle :—গড় গড় করিয়া বলিযা-যা ; মনে মনে তোলাপাড়া-কৃ। *Syn* :—(*n*) Volume, scroll ; chronicle, record, annals, list, schedule, catalogue, inventory. (*v*) Wheel, trundle ; rotate, gyrate, run, flow ; rock, tumble ; wallow, welter in.

Roll-call, *n.* যখন তালিকা-লিখিত নাম ডাকা হয়, নাম ধরিয়া হাজিরা ডাকা, The calling over of a list of names, as in the army.

Roll in riches, Roll in wealth—অত্যন্ত ধনী-হ ; টাকার গাদায় বসিয়া থাকা, ধনকুবের-হ, To be luxuriously rich ; to be in affluent circumstances ; to be very wealthy.

To call the roll—নাম ডাকা ; তালিকা-লিখিত নাম ডাকা ; হাজিরা বহিতে নাম পাঠ-কৃ ; To recite a list or register of the names of persons, as of school, college, or of any organised body of persons, to ascertain their presence or absence.

To roll the eye—চক্ষু ঘুরান।

Roller, rōlér, *n.* ডলনা ; গোলাকার কাষ্ঠ বা প্রস্তর ; নোড়া ; পেষণ-দণ্ড ; A cylindrical wood or stone :—ক্ষতবন্ধনী (বস্ত্রাদির ফালি) ; A bandage :—পক্ষিবিশেষ ; Bird :—*pl.* উত্তাল তরঙ্গমালা ; Heavy waves.

Rollic, *v. i.* To move in a careless swaggering manner with a frolicsome air.

Rollicking, *n.* দিল-দরিয়া ; আমোদিয়া ; তামাসা-বাজ ; Jovial.

Rolling, rōl'ing, *a.* ঘূর্ণমাণ ; ভ্রাম্যমাণ ; Moving on wheels :—চলিষ্ণু চক্রোপরি স্থিত ; গুটাইবার জন্য ব্যবহৃত ; Used in rolling.

A rolling stone gathers no mass—আবর্ত্তমান শিলাখণ্ডে শৈবাল থাকে না ; অস্থির ব্যক্তির প্রতিষ্ঠা বা অর্থ সঞ্চয় হয় না।

Rolling-fire—শ্রেণীবদ্ধ সৈনিকদিগের অতি সত্বর ক্রমান্বয় বন্দুকে অগ্নি প্রদান ; A charge of muskets by soldiers in a line, in quick succession.

Rolling-look—বিলোলদৃষ্টি।

Rolling-pin, rōling-pin, *n.* বেলুন ; বেলন ; A cylindrical piece of wood for rolling paste.

Rolling-press, rōling-pres, *n.* কাপড় ইস্তিরি করিবার পেষণ-যন্ত্র ; A press of two cylinders for rolling or calendering cloth.

Rolling-stock, rō'ling-stok, *n.* লৌহবর্ত্মের গাড়ি-সমূহ ; রেলওয়ের কল-গাড়ী প্রভৃতির ভাণ্ডার ; The stock of engines, carriages &c., of a Railway.

Rolls, *n.* Court of the master of the rolls.

Master of the Rolls—The second Judge in chancery.

Romaic, *a.* যাবনিক ; গ্রীসদেশ সম্বন্ধীয় ; Relating to modern Greece, or its language :—*n.* আধুনিক গ্রীকভাষা ; The modern Greek language ; modern Greek, the language of the desendants of the eastern Romans.

Roman, rō'man, *a.* রুম নগর সম্বন্ধীয় ; রোমীয় ; রোমদেশীয় ; Pertaining to Rome or to the Romans :—রোমন কাথলিক ধর্ম্ম সম্বন্ধীয় ; Pertaining to the Roman Catholic religion, papal :—মহৎ ; Noble :—সাহসিক ; Brave :—(ছাপার অক্ষর সম্বন্ধে) সোজা ; Written in letters commonly used :—*n.* রুমবাসী ; রোমক ; A native of Rome.

Roman candle, *n.* বড়মশাল, A fire work in form of a candle, generally held in the hand.

Roman Catholic, *a.* খ্রীষ্টধর্ম্মবিভাগ বিশেষ সূচক ; Denoting the religion of that of Christian church of which the Pope, Bishop of Rome, is the acknowledged chief or head :—*n.* খ্রীষ্টীয় ধর্ম্মের সম্প্রদায় বিশেষ ; ইহারা পোপের কর্ত্তৃত্ব মান্য করেন, সভ্য বিশেষ, A member of the Roman Catholic Church.

Roman catholism, *n.* The doctrines and practices of the Roman Catholic Church.

Romance, rō-mańs, *n.* দক্ষিণ ইউরোপে প্রচলিত বিশেষ বিশেষ ভাষা ; Tongue of South France and those akin to it :—উপন্যাস ; উপকথা ; আশ্চর্য্য ঘটনা ; A wonderful tale ; tale or work of fiction ; novel ; story ; fable :—*a.* Belonging to the dialects, called Romance :—*v. i.* মিথ্যা বলা ; অতিরিক্ত রূপে গল্প-কৃ ; To talk extravagantly ; to tell romances. *n*=romancer ; romanist (উপন্যাস রচয়িতা, গল্পকারী)।

Roman cement, *n.* মালমসলা ; A mortar used in the surface-fronting of brick and other buildings to imitate stone, which art was brought from Italy.

Romanese, *n.* হঙ্গেরি দেশের ভাষা বিশেষ।

Romanesque, rō-man-esḱ, *n.* দক্ষিণ ফরাসী প্রদেশের ভাষা ; The dialect of Languedoc and other districts in the South of France :—*a.* অদ্ভুত ; Romantic.

Romanise, rō'man-īz, *v. t.* রোম্যান্ ক্যাথলিক ধর্ম্মে প্রবর্ত্তিত-কৃ ; To convert to the Roman Catholic religion :—*v. i.* রোম্যান্ ক্যাথলিক মত বা বিচারের সহিত একমত হওয়া ; To conform to Roman Catholic opinions or practices.

Romanism, rō'man-izm, *n.* রোম্যান ক্যাথলিক ধর্ম্ম-নীতি ; The tenets of the Roman Catholic Church.

Romanist, rō'man-ist, *n.* রোম্যান্ ক্যাথলিক ধর্ম্মাবলম্বী ; A Roman Catholic.

Roman law—আইন বিশেষ, The name given to the laws founded on the laws and statutes of Rome and incorporated more or less into the laws of every country of Europe.

Roman nose—কিছু বক্র নাসিকা ; A high curved nose similar to that of the Romans.

Roman order—In arch, the composite order.

Romany, *n.* যাযাবরদিগের ভাষা ; বেদিয়া ভাষা ।

Romans, *n* পত্রলিখিত পত্র , Epistle of St Paul

King of the Romans—Successor of the emperor of Germany.

Romantic, rō-mantik, *a* ঔপন্যাসিক , আশ্চর্য্য , বিচিত্র , অসম্ভব ; কাল্পনিক , অদ্ভুত কিম্ভুত কিমাকার ; Fictitious , extravagant , marvelous , fantastic , wild *ad*=romantically, *n*=romanticness *Syn* —Legendary, sentimental, chimerical, fanciful

Romanticism, *n.* প্রাচীন হইতে মধ্যকালীন ভাষা-রীতি ঘটিত পরিবর্ত্তন : The change from a classical to a medieval style of literature

Roman white—শ্বেতবর্ণ , Purest white

King of Rome—Eldest son of Napoleon.

Rome was not built in a day—বড় কাজ এক দিনে সম্পন্ন হয় না , বৃহৎ ব্যাপার একদিনে সম্পন্ন হয় না সবুরে মেওয়া ফলে , Great deeds are not accomplished without a considerable interval of time , great result cannot be obtained in a short period

Romish, rōmish, *a.* রোম বা রোমান ক্যাথলিক সম্প্রদায় সম্বন্ধীয় Belonging to Rome or to the Roman Catholic Church

Romp, romp *v i* গোলমাল করিয়া খেলা-কৃ ক্রীড়াতে লম্ফ ঝম্প-কৃ , To play noisily to frisk about in play , to skip about in play —*n* চঞ্চলা বালিকা , লম্ফঝম্পকারিণী নির্লজ্জা বালিকা A girl fond of rough or boisterous play —অসভ্য ক্রীড়া , Rude frolic

Romping, *n* ক্রীড়াকারী ।

Rompish, romp'ish, *a* লম্ফঝম্ফ ক্রীড়াসক্ত , ক্রীড়া প্রিয় , Fond of rude play *n*=rompishness, *ad*=rompishly

Rondeau, Rondo, rondō *n* ত্রয়োদশপদী কবিতা বিশেষ , A little poem of verses, eight in one rhyme and five in another.

Rood, rōōd, *n* জমির পরিমাণ বিশেষ , প্রায় পনের কাঠা , Quarter acre , the fourth part of an acre —ক্রুশ , যে কাষ্ঠদণ্ডে যীশুখ্রীষ্ট প্রাণ সংহার হয় তাহার প্রতিকৃতি , Crucifix , a cross

By the rood—By the cross, a form of wood formerly used in swearing

Rood loft, *n* Gallery on which the cross and rood was set to view

Roof, rōōf *n* ছাত , চাল , ছই ছদী The cover of a house or building , arch of a vault —গৃহ , A house or dwelling —তালু , টাকরা , Upper part of the mouth —*v t.* ছাদ কৃ , To cover with a roof —রক্ষা কৃ আশ্রয়দান কৃ To shelter

Roofing, rōōf'ing, *n* ছাদ প্রস্তুত করণ , ছাদ বা চালের কাঠাম , The act of covering with a roof ছাদের উপকরণ , মালমসলা , Materials for a roof — —ছাদ , The roof itself

Roofless, rōōf'les *a* ছাদবিহীন , Without a roof —আশ্রয়শূন্য , Unsheltered.

Rook, rook, *n* দাঁড়কাক , A kind of crow —ঠক ; প্রতারক , A cheat —পাদরী , Parson —সতরঞ্চ খেলার বল , নৌকা , A castle —*v t* প্রতারণা কৃ , To cheat

Rookery, rookér-i, *n* যেখানে দাঁড়কাকেরা বাসা করে , নীচাবাস , A place to which rooks resort to build their nest, as a wood &c.

Room, rōōm, *n* কুঠরী , কোট , কামরা , An apartment ; a chamber of a house :—অনধিকৃত ভূমি , অনধিকৃত স্থান বা যায়গা , Extent of place , space unoccupied —অবসর , অবকাশ , Freedom to act ; scope —আসন , A seat —পরিবর্ত্ত , Stead —*v t* বাস কৃ , To occupy a room ; to lodge

Make room—যায়গা খালি কৃ , স্থান বা পথ দেওয়া , বাধা সকল দূর-কৃ , Open a space, way, or passage , to remove obstruction —(কোন কিছুর) স্থান করিয়া লওয়া Find space —নিজের সম্পত্তি অন্যকে দে Give one's own to another.

Room and to spare—অনধিকৃত স্থান যথেষ্ট স্থান , More space than is needed , unoccupied room or space

Room for—কোন কিছুর স্থান বা আশা (থাকা), Possibility of entertaining —Possibility of making

Sick room—রোগীর ঘর ।

To give (or loave) room—অপসৃত হ , সরিয়া যাওয়া , To withdraw to allow others to pass.

Roomful, *a* একঘর (লোকাদি) ।

Room-troo, *n* মধ্যম কাষ্ঠ চাল ।

Roomy, rōōmi, *a.* বিস্তৃত , বিশাল , প্রশস্ত , লম্বা-চওড়া Having ample room wide , spacious —বড় Big *n*=roominess *ad*=roomly

Roost, rōōst, *n* রাত্রিকালে পক্ষিদিগের বিশ্রামার্থ দাঁড় পক্ষীর দাঁড় A pole or perch , a support on which a bird rest at night —পালিত পক্ষীর ঝাঁক , উপবিষ্ট পক্ষীর দল A number of fowls resting together —*v i* দাঁড়ে বসা বিশ্রাম কৃ নিদ্রা যা , ঘুমান To sit or sleep or rest on a roost

Root, root *n* মূল শিকড় জড় গোড়া The part of a plant in the earth , bulb —ভিত্তি , তল-দেশ Bottom —আদি প্রকৃতি , The origin —আরম্ভ Beginning —আদি কারণ , First cause —আদি পুরুষ First forefather —মূলশব্দ , ধাতু A word from which others are derived —*v i* দৃঢ়রূপে স্থাপিত হ , দৃঢ় হইয়া বসা , শিকড় চালান To be firmly established to take root —নাসিকা দ্বারা মাটি খনন কৃ To turn up the earth with the snout —*v t* দৃঢ়রূপে বদ্ধমূল কৃ , মনে দৃঢ়-রূপে আবদ্ধ কৃ , To plant in the earth , to implant firmly *Syn* —(*n*) Radix, radicle , origin, source, spring cause base, foundation

An esculent root—মূলা ওলকোপি প্রভৃতি ।

Bo or lie at the root of—কোন বিষয়ের মূল হ ; Be the source of

Bulbous root—কন্দ মূল ।

Cube root—ঘনমূল ।

Go to the root of—কোন বিষয়ের মূল বা কারণ নির্দ্দেশ বা বাহির করা , Trace the source or cause of anything [উন্মূলিত-কৃ , Destroy completely

Make root-and-branch-work with—সমূলে

Root and branch—সম্পূর্ণরূপে , আমূল , সমূলে ; আগাগোড়া , Completely , thoroughly.

Root out—উন্মূল-কৃ , উন্মূলিত-কৃ , জড় মারা , Extirpate , tear up by the root

Root up—উন্মূল-কৃ , মূল সমেত তুলিয়া ফেলা , Dig up.

Strike at the root of—মূলে কুঠারাঘাত-কৃ , Eradicate.

Strike (or take) root—শিকড় গাড়া , দৃঢ়ভাবে বসা ।

Square root—বর্গমূল ।

Take root—বদ্ধমূল-হ; Become planted or fixed :—স্থাপিত-হ; Be established :—বিস্তারিত-হ, বিস্তৃত-হ; To increase and spread.
Take up by the root—উন্মূল-কৃ; নির্মূল-কৃ, Eradicate; extirpate.
Rooted, *a.* বদ্ধমূল; Firmly fixed.
Root-house, *n.* মূল রাখিবার ঘর; মূল দ্বারা নির্ম্মিত গৃহ, A place for keeping roots; house made of roots.
Rootless, *a.* মূলশূন্য, Destitute of roots.
Root-let, rōōt'let, *n.* ক্ষুদ্র মূল; সরু শিকড়; উপমূল, A little root; a radicle.
Root-stock, *n.* কন্দ: গেঁড়ো।
Rope, rōp, *n.* রজ্জু, রসি, দড়ি; কাছি, A thick twisted cord or line :—*v. i.* কাছিতে পরিণত-হ; To draw out or extend into a thread.—*v. t.* দড়ি দিয়া বাঁধা, দড়ি বাঁধিয়া পৃথক-কৃ।
A rope of sand—বালির বাঁধ; বালির দড়ি; A feeble union, a bond or tie which is easily broken.
Give one rope—কাহাকেও অবাধে দেওয়া।
High ropes—আনন্দ; High sp[illegible]
Upon the high ropes—[illegible]
With rope or halter round the neck—[illegible] (হইয়া), Being in imminent danger of being hanged.
Rope-dancer, Rope-ganger, *n.* রজ্জুপরি নর্তক, রজ্জুর উপর নৃত্যকারী, [illegible], One who walks on a rope.
Rope-dancing, *n.* দড়াবাজি।
Rope-ladder, *n.* রজ্জুর সোপান; দড়ির মই; Ladder made of ropes.
Rope-maker, *n.* রজ্জুকার। [A maker of ropes
Roper, rōp'ėr, *n.* রজ্জু-প্রস্তুতকারী, রজ্জুনির্ম্মাতা;
Ropery, rōp'ėr-i, *n.* দড়ি প্রস্তুত করিবার স্থান; রজ্জু নির্ম্মাণ স্থান, A place where ropes are made.
Rope's end—শাসনার্থ রজ্জুখণ্ড।
Rope-walk rōp'wawk, **Ropery**, *n.* রজ্জু প্রস্তুত করিবার স্থান; Place for making ropes—রজ্জু নির্ম্মাণালয়; A long shed used for the manufacture of ropes. [ropes.
Rope-yarn, *n.* দড়ি পাকাইবার সূতা, Yarn for
Ropy, rōp'e, *a* চট্‌চটে; আটাল, Adhesive, glutinous. *n*=ropiness, *ad*=ropily. *Syn* :—Stringy, viscous, tenacious.
Rorqual, *n.* তিমি বিশেষ, A genus of whales.
Rosaceous, ro-zā'shus, *a.* পুষ্পসম্বন্ধীয়, গোলাপ জাতীয়, Pertaining to the rose family of plants.
Rosarian, *n.* Bed or garden of roses.
Rosary, rō-zar-i, *n* জপমালা, অক্ষসূত্র, String of beads.—যেখানে গোলাপ ফুটে; A bed of roses.
Rose, *pt.* Of *rise.*
Rose, rōz, *n.* গোলাপ পুষ্প বা বৃক্ষ; A plant and flower of many species; a rosette :—গোলাপের ন্যায় বর্ণ; Pink, the color of the rose.
A bed of roses—সুখের শয্যা; সুখের জীবন; A very comfortable situation; an easy life.
China rose, *n.* জবা পুষ্প।
Red Rose—Badge of the House of Lancaster.
Under the rose—গোপনে; অপ্রকাশ্য, প্রকাশ না পায় এমন ভাবে, In secrecy, in strict confidence; with secrecy.
Wars of the Roses—Wars between the houses of York and Lancaster.
White rose—Badge of the House of York.
Roseal, rōz'e-al, *a.* গোলাপ তুল্য; Like a rose.
Rose-apple, *n.* গোলাপ-জাম।
Roseate, rōz'e-āt, *a.* [L. *roseus*—*rosa*, a rose] গোলাপপূর্ণ; গোলাপবহুল, Rosy, full of roses :—গোলাপী; লোহিত, Blooming; red; of a rose colour. *Syn* :—Ruddy, blushing, mantling.
Rose-bed, *n.* সুখশয্যা; A bed of roses.
Rose-bud, *n* গোলাপের কুঁড়ি।
Rose-colour, *n.* গোলাপী রঙ্।
Rose-coloured—এমন সুন্দর যাহাতে লোক প্রতারিত হয়; Deceptively fine. [প্রকার যন্ত্র।
Rose-engine, *n.* কাষ্ঠাদিতে রেখা অঙ্কিত করিবার এক
Rosemary, rōz'mar-i, **Rosemarin**, roz'ma-rėn, [L. *ros*, dew, *mare*, the sea] গুল্ম বিশেষ; লতা বিশেষ, A small fragrant evergreen shrub, once used as an emblem of fidelity.
Rosotte, ro-zet', *n.* ফিতা দ্বারা নির্ম্মিত কৃত্রিম গোলাপ, An imitation of a rose by means of a ribbon.
Rose-water, rōz-waw'tėr, *n* গোলাপ জল, Scent distilled from roses :—*a.* কৃত্রিমভাবময়, Sentimental. [window like the leaves of a rose
Rose-window, *n.* গোলাপাকার গবাক্ষ, A circular
Rose-wood, rōz'wood, *n* ব্রেজিল দেশের গোলাপগন্ধ কাষ্ঠ বিশেষ; The wood of a Brazilian tree having a fragrance like that of rose.
Rose-work—Articles made of rose wood.
Rosicrucian, *a.* জর্ম্মন দেশের তান্ত্রিক গুপ্ত-সভা সম্বন্ধীয়, তান্ত্রিক।
Rosin, roz'in, *n.* ধুনা, রজন, Resin from turpentine.—*v. t.* রজন দিয়া আবৃত-কৃ; To cover with rosin. [containing rosin.
Rosiny, roz'in-i, *a.* রজনতুল্য, রজনগর্ভ, Like or
Roster, *n* পর্য্যায়ক্রমে কার্য্যকারীদিগের তালিকা, A list of persons liable of a military duty [beak
Rostral, ros'tral, *a* চঞ্চু সদৃশ, Like a rostrum or
Rostral crown—A naval crown given to one who won a naval victory, being made of gold decorated with beaks of ships.
Rostrate, ros'trāt, **Rostrated**, ros'trāt-ed, *a.* চঞ্চুবিশিষ্ট, Beaked. [the form of a beak.
Rostriform, *a* চঞ্চুর ন্যায় আকারবিশিষ্ট, Having
Rostrum, ros'trum, *n* [L *rodo*, *rosum*, to gnaw] পক্ষীর চঞ্চু; The break of a bird, bird's beak :—জাহাজের (চঞ্চু) অগ্রভাগ; Ship's beak, the head of a ship—বেদি, বক্তৃতামঞ্চ, Orator's pulpit.
Rosy, rōz'e, *a.* গোলাপী, গোলাপের ন্যায় সুন্দর; মনোহর, গোলাপ-শোভিত; Like a rose; blooming; blushing; charming; red, roseate *n*=rosiness
Rot, rot. *v. i.* গলিত-হ; নষ্ট-হ; পচিয়া-যা; To decay, to become decomposed; corrupt, putrefy :—*v. t* গলিত-কৃ; পচা; পচান; গলান, To bring to corruption, to cause to be decomposed; to make putrid :—*n.* পচন, গলন; Decay; putrefaction—আলুর রোগ বিশেষ, A disease of the potato :—মেষজাতির পীড়া বা রোগ; A fatal distemper incident in sheep.
All rot—বাজে কথা।
Rotary, rō-tar-i, *a.* [L. *rota*, a wheel] ঘূর্ণায়মান, আবর্ত্তমান, ঘূর্ণ্যমান, Rotatory.

Rotate, rō'tāt, *v. t.* ঘূর্ণীত-কৃ ; আবর্ত্তিত-কৃ ; To cause to revolve :—*v. i.* ঘূর্ণায়মান-হ ; ঘুরা ; ব্যাস পরিভ্রমণ-কৃ ; To turn round like a wheel, to turn round an axis.

Rotation, *n.* ঘূর্ণন ; চক্রবৎ গতি ; ব্যাস পরিভ্রমণ ; Revolution ; a turning round like a wheel.

By rotation—আবর্ত্তক্রমে ; পর্য্যায়ক্রমে।

Rotatory, rō'ta-tor-i, *a.* ঘূর্ণায়মান ; আবর্ত্তনকারী ; বৃত্তাকারে পরিভ্রাম্যমাণ ; Turning round like a wheel ; going in a circle.

Rote, rōt, *n.* মুখস্থ অভ্যাস ; পুনঃ পুনঃ আবৃত্তি বা পাঠ ; Mere mechanical repetition :—*v. t.* মুখস্থ অভ্যাস-কৃ ; Learn by rote.

By rote—কেবল মুখস্থ ; By mere repetition, without the exercise of the understanding.

To learn by rote—মুখস্থ করা ; অর্থ না বুঝিয়া পুনঃ পুনঃ আবৃত্তি দ্বারা মুখস্থ-কৃ।

Rotten, rot'n, *a.* পচা ; গলিত ; পূতিগন্ধ ; দুর্গন্ধ ; জীর্ণ ; Decayed ; corrupt ; putrefied ; unsound :—বিশ্বাসঘাতক, Treacherous. *n*=rotteness. *Syn* :—Carious, unsound, deceitful, treacherous.

Rottenness, *n.* জীর্ণতা ; গলিতাবস্থা।

Rotten-stone, *n.* পাত্রাদি মার্জ্জনার্থ প্রস্তরচূর্ণ বিশেষ ; A soft stone used in a state of powder for cleaning and polishing metals and glass.

Rotund, rō-tund, *a.* গোল ; গোলাকার ; সম্পূর্ণ ; Round ; spherical ; entire. *n*=rotundness, rotundity (বর্ত্তুলতা)।

Rotunda, ro-tunda, **Rotundo,** ro-tundo, *n.* গোল ইমারৎ ; গোল ঘর ; A round building.

Rotundity, Rotundness, *n.* গোলাকারত্ব ; সম্পূর্ণতা।

Rouble, Ruble, *n* রুশপ্রচলিত মুদ্রা, প্রায় ২৷৷০ টাকা ; A silver coin of Russia.

Roue, rōō'ā, *n.* লম্পট ; দুশ্চরিত্র লোক ; A profligate ; a rake.

Rouge, rōōzh, *a.* লাল ; Ruby ; red :—*n.* গালে দিবার এক প্রকার লাল রঙ ; A red paint used to colour the cheeks or lips :—*v. t.* লাল রঙ-কৃ ; To colour with rouge :—*v. i.* লাল রঙ-কৃ ; উক্ত রঙ দ্বারা রঞ্জিত-কৃ ; To paint with rouge.

Rouge-et-noir, *n.* এক প্রকার তাস খেলা ; A game of cards.

Rough, ruf, *a.* বন্ধুর ; অসমান ; Not smooth ; uneven ; not level ; rugged ; coarse :—অমসৃণ ; আবড়োখাবড়ো ; Harsh to the touch :—অস্পষ্ট ; মোটামুটি ; Vague :—কঠোর ; কঠিন, কটু ; Harsh, severe ; hard —অসভ্য, অভদ্র, রুক্ষ ; Rude ; uncivil ; unpolished ; sharp :—বাত্যাকুল ; প্রচণ্ড, উগ্র ; ঝটিকাসঙ্কুল, Stormy ; tempestuous ; boisterous ; wild :—লোমবিশিষ্ট, Hairy :—*n.* অসভ্য ব্যক্তি, বিবাদপ্রিয় লোক ; ঝগড়াটিয়া ব্যক্তি ; A rude swaggerer ; a coarse bully ; a riotous, turbulent, fighting fellow :—*v. t.* বন্ধুর-কৃ ; বিনীত-কৃ ; ঘোটক বশ-কৃ ; To render rough ; to break in a horse. *ad*= roughly. *n*=roughness. *Syn* :—(*a*) Craggy, jagged ; unhewn, unwrought, unfashioned, shapeless ; uncut ; shaggy, hirsute, bristly ; unpolite, ungracious ; blunt, bluff, brusque ; violent ; discordant, jarring.

A rough estimate—মোটামুটি হিসাব ; An estimate in general and not very extact.

A rough guess—মোটামুটি আন্দাজ ; A opinion or judgment given at random and in general terms without attempt at precision.

In the rough—যেমন আছে তেমনি ; অপরিষ্কার অবস্থায় ; অসংস্কৃত ; In the original material ; in an unwrought condition ; unpolished.

Over rough and smoth—পর্ব্বত ও উপত্যকার উপর দিয়া ; Over the ground rough and smoth ; over hill and valley.

Rough and ready—যাহা তখনি তখনি বা তড়িঘড়ি কর্ম্মে পরিণত করা যাইতে পারে ; Capable of being promptly executed :—সরাসরি ; Summary :—কট্‌কটে ; তৎপর ; Brusque.

Rough and tumble—অবিচারিত, বেপরোয়া।

Rough customer—ক্লেশদায়ক শত্রু, A troublesome antagonist.

Rough diamond—অসংস্কৃত হীরক ; প্রতিভা-সম্পন্ন লোক ; যে ব্যক্তির বাহ্য কার্কশ্যের অভ্যন্তরে সদ্‌গুণ থাকে ; A diamond uncut and unpolished ; hence, a person of fine natural ability without cultivation.

Rough it—কষ্টসহ-কৃ, কষ্টসঙ্কুল জীবনযাপন-কৃ, Submit to hardship, pursue a rough or rugged course of life.

Rough-cast, *v. t.* একমেটে-কৃ ; আদরা-কৃ ; To form in its first rudiments :—*n.* আদরা ; মোটামুটি নমুনা।

Rough-draught, *n.* পাণ্ডুলেখ্য, Rude sketch.

Rough-draw, *v. t.* মোটামুটি আঁকা, স্থূলভাবে অঙ্কিত-কৃ ; Sketch slightly ; draw coarsely.

Rough-dry, *v. t.* ইস্ত্রি না করিয়া শুষ্ক-কৃ।

Roughen, ruf'n, *v. t.* বন্ধুর-কৃ ; অমসৃণ-কৃ ; কর্কশ-কৃ, To make rough :—*v. i.* বন্ধুর-হ, অমসৃণ-হ ; To become rough.

Rough-grained, *a.* অবিনীত ; কর্কশ ব্যবহারবিশিষ্ট।

Rough-hew, *v. t.* অপরিষ্কারভাবে কাটা ; আদরা-কৃ, Cut out coarsely, give the first shape ; hew coarsely. *n*=rough hewer (যে মোটামুটি খোদিত করে)।

Rough-hewn—মোটামুটি খোদিত, বন্ধুর, অপরিষ্কার, অসম্পূর্ণ ; Rugged, unpolished.

Roughly, *ad.* অভদ্রভাবে ; কর্কশরূপে, মোটামুটি, Harshly ; rudely ; coarsely.

Roughly speaking—মোটামুটি বলিতে গেলে।

Roughness, *n.* অভদ্রতা ; অসভ্যতা, উগ্রতা ; কার্কশ্য, Harshness ; severity.

Rough-rider, ruf'-rider, *n.* অশ্বদমনকারী ; অশ্ববিজেতা, অশ্বশাসক ; One who breaks horses.

Roughscuff, *n.* অসভ্য ব্যক্তি ; নীচ লোক, A coarse follow.

Rough-shod, *a.* সনাল ; কণ্টকান্বিত জুতাবিশিষ্ট, Having the shoes armed with points :—*ad* অপরের ক্লেশ অগ্রাহ্যকারী ; Regardless of pain or distress of others.

Ride rough-shod over—কাহার উপর কর্তৃত্ব ফলান, Be overbearing to ; lord it over one স্বার্থপর হইয়া কর্ম্ম-কৃ ; Pursue a course selfishly, regardless of consequence.

Rough weather—Stormy weather.

Roulette, *n.* মেজের উপর কন্দুক-ক্রীড়া বিশেষ ; A game of chance played with a ball on a circle.

Round, round, *a* গোল ; গোলাকার ; Circular, spherical, globular :—সম্পূর্ণ ; পুরা ; পূর্ণ ; Complete ; full ; whole :—বড়, Large, great :—মসৃণ ; সমান ; Smooth :—সরল ; Open ; plain :—ক্ষিপ্র ; চঞ্চল ; Brisk :—স্থির ; নিশ্চয়, Positive, bold :—*ad.* চারিদিকে ; চতুর্দ্দিকে, Everywhere, on all sides :—গোলাকাররূপে, পাক দিয়া, Circularly.

—*n.* মণ্ডল ; চক্র ; আবৃত্তি ; Globe ; circle :—পরিভ্রমণ ; Tour ; circuit :—পর্য্যায় ; Cycle ; succession :—আবর্ত্তন ; Revolution :—বৃত্তাকারে নৃত্য ; A round dance :—আরোহণীয় সোপান ; মইয়ের কোরা ; Ladder ; step :—চৌদ পরিদর্শন ; শান্তিরক্ষকের ভ্রমণ ; গান ; Song :—Survey by a guard or officer :—বহু কামান নিক্ষেপ ; Volley :—*prep.* চতুর্দ্দিকে ; Around ; on every side of :—সর্ব্বত্র ; About :—*v. t.* বেষ্টিত-কৃ ; বেষ্টন-কৃ ; To surround :—সমাধান-কৃ ; To complete :—সম্পূর্ণ-কৃ ; To make full :—*v. i.* ঘুরাফেরা ; চতুর্দ্দিকে-যা ; রোঁদে-যা ; পরিভ্রমণ-কৃ ; To go round :—বর্ত্তুলাকার-হ ; গোলাকার-হ ; পূর্ণ-হ ; To grow or become round or full. *Syn* :—(*a*) Rotund, orbicular, cylindrical ; entire ; considerable ; plump ; chubby.

A good round sum—মোটা টাকা ; A large sum.

All round—চতুর্দ্দিকে ; চারিদিকে ; In every direction :—সকলের নিকটে ; To all parties :—সকলের সহিত ; With all parties :—সকল বিষয়ে ; In all cases. [each man.

A round of catridges—One cartridge to

A round robin—কোন লিখিত দরখাস্ত বা আর্জ্জিতে পরে পরে নীচে সহি করিলে প্রথম ব্যক্তির নাম ধরা পড়িবে, এইজন্য সকলে গোলাকারে সহি করে ; A written petition or memorial signed by names in a circular form, so that it may not be known who originated it.

At a round rate—সত্বর ; শীঘ্র ; Quickly.

Bring one round—ফিরাইয়া আনা ; সুস্থ-কৃ ।

Bring up with a round turn—হঠাৎ থামা ।

Go one's rounds—নিজের এলাকার মধ্যে নিজের কাজে যোবা ; রোঁদে যাওয়া ; Go about one's beat to perform one's duties.

Go round—চারিদিকে ফিরে ; Circulate among.

Go the round of—পুনঃ পুনঃ ঘুরে বেড়ান ; Go over repeatedly :—একইরূপ কাজে নিয়ত নিযুক্ত থাকা ; Go through the same series of duties over and over again. [Circulate all over the world.

Go the round of the world—পৃথিবীর সর্ব্বত্র ঘোরা ;

In round numbers—মোটামুটি ধরিলে ; মোটামুটি হিসাবে ; Approximately ; in approximate numbers :—শূন্য শেষে আছে এমন সংখ্যায় ধরিলে ; In a number that ends with a cypher.

Round and round—ঘুরে ফিরে ; Repeatedly round ; over and over again.

Round off—সমাধান-কৃ ; শেষ-কৃ ; Finish off.

Run the round of—এক এক করিয়া সর্ব্বত্র ফেরা ; এক এক করিয়া সব শেষ-কৃ ; Pass through in succession.

To come round—চৈতন্য প্রাপ্ত-হ ; To revive.

To get round—আরোগ্য লাভ-কৃ ; To recover :—প্রতারণা-কৃ ; ঠকান ; To wheedle.

Round-about, rownda-bowt, *a.* ঘোরাল ; বক্র ; অসরল ; Circuitous ; encircling ; indirect :—*n.* শিশুদের আরোহণার্থ ভূতলের সহিত সমান্তরালভাবে অবস্থিত বস্ত্র ; A horizontal wheel on which children ride.

In a round-about way—ঘুরাইয়া ফিরাইয়া ; In an indirect or circuitous way. [tive saying.

Round-affirmation—নিশ্চয় বাক্য ; Bold, posi-

Round-dealing—সৎকর্ম ; Plain, open dealing.

Roundel, *n.* বৃত্ত ; A circle :—বৃত্তাকারে গীত বা নৃত্য ; A roun-delay.

Round-delay, *n.* এক প্রকার গীত বা নৃত্য ; A song or dance in which parts are repeated.

Round-game—যে খেলায় অনেকে যোগ দেয় ; A game in which many join.

Round-hand—সোজা গোল হাতের ছাঁদ ।

Round-head, *n.* খ্রীষ্টান সম্প্রদায় বিশেষের লোক ; নৈতিক ব্যক্তি ; A Puritan.

Round-house, rowndhows, *n.* গোলাকার বাটী ; A house of a round shape :—চৌকীদারের বন্দি-শালা ; A constable's prison :—জাহাজের প্রকোষ্ঠ বিশেষ ; In ships, a cabin or apartment on the after part of the quarter deck. [round.

Rounding, *a.* গোল ; প্রায় গোল , Round, or nearly

Roundish, rowndish, *a.* কিঞ্চিৎ গোল ; প্রায় গোলাকার , Somewhat round ; nearly round.

Roundly, rowndli, *ad.* গোলাকারে ; In a round manner :—স্পষ্টতঃ ; Plainly ; openly :—সম্পূর্ণরূপে ; Fully ; completely :—সাহসপূর্ব্বক ; নির্ভয়ে ; Boldly : —ক্ষিপ্রভাবে ; Briskly.

Roundness, rowndness, *n.* বর্ত্তুলতা ; গোলাকারত্ব ; The quality of being round :—বর্ত্তুলাকৃতি ; Cylindrical form :—স্পষ্টতা ; Plainness :—পূর্ণতা ; সম্পূর্ণতা ; Fullness :—সাহসিকতা ; Boldness.

Round number—A number which ends in a cypher or that is divisible by ten ; an approximate number.

Roundrobin, *n.* বহুলোকের গোলাকার স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ; A petition with the name of petitioners signed in a circle. [sum.

Round sum—অধিক মুদ্রা বা টাকা ; Considerable

Round table—আর্থর নামক রাজা ও তাঁহার অনুচরবর্গ যে গোলাকার মেজের চারিদিকে বসিতেন ; The table around which king Arthur and his knights sat.

Roup, *n.* নিলামে বিক্রয় ; A sale by auction :—*v. t.* নিলামে বিক্রয়-কৃ ; To sell by auction.

Rouse, rouz, *v. t.* জাগরিত-কৃ ; জাগান ; To raise up ; to awaken ; to arouse ; উত্তেজিত-কৃ ; উদ্দীপিত কৃ ; To excite ; to agitate :—*v. i.* জাগিয়া উঠা ; জাগরিত-হ ; To awake :—উত্তেজিত-হ ; To excite to action :—*n.* মদ্যপানোৎসব ; A carousal. *Syn* :—Animate, kindle, agitate, surprise, startle ; rise.

Rout, rout, *n.* সাধারণ লোক ; লোকের ভিড় ; জনতা ; A large party ; mob ; crowd ; rabble :—গোলমাল ; কোলাহল ; Noise , uproar :—পরাজয় ; Defeat :—*v. t.* ছিন্নভিন্ন-কৃ ; পরাজয়-কৃ ; পরাভূত কৃ ; To defeat and disperse ; to conquer. *Syn* :—(*v*) Discomfit, overpower, overthrow, scatter.

To put to rout—পরাজয় দ্বারা লণ্ডভণ্ড-কৃ ।

Route, root, *n.* গমন-পথ ; রাস্তা ; পথ ; মার্গ ; Course or way to be travelled ; road ; way ; passage. *Syn* :—Road, track, course, march.

Routine, root-ên, *n.* কর্ম্মের ধারা ; নিত্য কর্ম্মের ব্যবস্থা ; Course of duties ; any regular course of action ; a round of business.

Routine of duties--নিত্য কর্ম্ম ।

Rove, rôv, *v. i.* ভ্রমণ-কৃ ; পর্য্যটন-কৃ ; To wander over :—*v. t.* ভ্রমণ করিয়া অতিক্রম-কৃ ; To wander over ; to ramble. *Syn* :—Roam, ramble, stroll, wander, range.

Rover, rôver, *n.* দস্যু , A robber ; a pirate :—ভ্রমণকারী ; পর্য্যটক ; A wanderer :—চঞ্চল ব্যক্তি ; An inconsistent person.

Rover of the deep—জাহাজ ; Ship.
Row, rō, *n.* শ্রেণী ; সারি ; A line ; a rank ; persons or things in a line :—কোলাহল ; গণ্ডগোল, ঝগড়া ; Disturbance ; a noisy squabble.
Row, *v. t.* দাঁড় টানিয়া নৌকা বাহা ; দাঁড় দিয়া ঠেলা ; To drive by oars ; to impell with an oar :—*v. i.* দাঁড় টানা ; দাঁড় বহিয়া-যা ; To be moved by the oars :—*n.* ক্ষেপণী চালিত-তরণী-বিহার, An excursion in a rowing boat. [or ado
Kick up a row—গোলমাল-কৃ ; To make a bustle
Rowan-tree, *n.* বৃক্ষ বিশেষ ; Mountain ash.
Rowdy, row'di, *n.* গুণ্ডা, বদমাইস লোক, পাজি লোক, Blackguard ; riotous, turbulent fellow :—*a.* গোঁজমি ; গুণ্ডামি ; বদমাইসি ; Rowdyism ; blackguardism. [rowing what on horse's bits.
Rowel, *n.* অশ্বখলীন সংলগ্ন ক্ষুদ্র যন্ত্র, A little oar in
Rowen, *n.* ঘাসের দ্বিতীয় বৃদ্ধি ; Second growth of grass in a year.
Rower, *n.* পোতবাহক, দাঁড়ী, One who rows.
Rowing, *n.* নৌকা-বাহন, দণ্ডাকর্ষণ। [Tit for tat
Rowland for an Oliver—যেমন কর্ম্ম তেমনি ফল,
Row-lock, *n.* নৌকার পার্শ্ববর্ত্তী দাঁড় আটকাইবার খাঁজ, A contrivance for supporting the oar in rowing
Royal, roy'al, *a.* রাজকীয় ; রাজোচিত ; রাজবৎ ; Regal ; kingly :—শোভাবিশিষ্ট, আড়ম্বরশালী, উজ্জ্বল, Magnificent, splendid :—সম্ভ্রান্ত, মহৎ, উদার, Noble, illustrious :—*n.* বড় আকার কাগজ বিশেষ ; A kind of large paper :—উপরকার ছোট পাইল বিশেষ, Highest sail of a ship :—প্রথম শ্রেণীর পদাতিক সৈন্য ; Soldier of the first foot. *Syn* :—(*n*) Monarchical, imperial, kinglike, princely, august, majestic, superb
Royal Academy—The public school of art where annual exhibitions of paintings by living artists are held. [by law for the king
Royal fifth—A fifth part of the spoil set apart
Royalism, roy'al-izm *n.* রাজভক্তি, রাজানুরাগ, Attachment to the cause of a king instead of the people, adherence to kings
Royalist, roy'al-ist, *n.* রাজভক্ত ব্যক্তি, রাজপক্ষের লোক ; রাজানুগত লোক ; রাজভক্তিক ; An adherent to the cause of a king.
Royal road—সহজ উপায় ; A privileged or easy method :—রাজবর্ত্ম, রাজপথ।
Royal society, *n.* ইংলণ্ডের প্রসিদ্ধ বৈজ্ঞানিক সভা বিশেষ, English academy of science
Royalty, roy'al-te, *n.* রাজধর্ম্ম, Kingship :—রাজা, The person of a king or sovereign :—রাজাধিকার, Prerogative or privilege :—রাজ্য, রাজপদ, Kingdom :—রাজপদ চিহ্ন, An emblem of royalty :—রাজ-সেলামি ; রাজস্ব বা কর, আবিষ্কারের প্রাপ্যাংশ, A tax or duty paid to the crown or other owner as on the produce of a mine *Syn* :—Kingcraft, sovereignty, domain.
Rub, rub, *v. t.* ঘর্ষণ-কৃ, To apply friction to ; to move one body along the surface of another with pressure :—পরিষ্কার-কৃ ; To clean :—মুছিয়া ফেলা, To erase ; to wipe :—খুব ঘর্ষণ-কৃ, ঘসড়ান, To touch hard ; to fret :—পালিস-কৃ, বর্দ্ধন-কৃ, To polish :—লেপন-কৃ ; মালিস-কৃ, To smear :—*v. i.* ঘর্ষিত-হ ; ঘসড়াইয়া চলা, To move against by friction :—ঘর্ষণে ক্ষয়প্রাপ্ত-হ ; বিরক্ত-হ, Fret, to chafe :—*n.* ঘর্ষণ, মর্দ্দন ; Rubbing ; friction :—বাধা ; সঙ্কট ; Difficulty ; obstruction :—বিদ্রূপ, A pinch. *Syn* :—(*v*) Scrape, grate, abrade, wipe, clean, scour.
Rub against—ধাক্কা লাগা ; Strike against.
Rub along—Get on in the best way possible.
Rub away—দূর-কৃ, মুছিয়া ফেলা, Remove by rubbing ; continue rubbing.
Rub down—আঁচড়ান, পরিষ্কার-কৃ ; Clean by rubbing, as a horse.
Rub off—মুছিয়া ফেলা, ঘর্ষণে বা স্পর্শনে অপনীত-কৃ, ঘসিয়া তোলা ; Erase, take off (by friction or contact).
Rub on or along—কোন রকমে মিলিয়া জুলিয়া চলা, কষ্টে সৃষ্টে চালান, Manage to get on somehow.
Rub out—মুছিয়া ফেলা, Erase ; wipe out ; obliterate.
Rub through—সম্পন্ন-কৃ ; Get through.
Rub up—পরিষ্কার-কৃ, মার্জ্জিত-কৃ, উজ্জ্বল-কৃ ; Polish, clean :—চানকে দ, To refresh, as knowledge ; revise :—কার্য্য করিবার জন্য উত্তেজিত-কৃ, জাগরিত কৃ, To rouse to action
There is the rub—এই খানেই যত গোলযোগ ; সেই ত মুস্কিল, That is the point which causes trouble.
Rubber, rub'er, *n.* ঘর্ষক, ঘর্ষণ দ্রব্য, One who or that which rubs :—মাজনী মোটা উখা, A coarse file :—তাস-ক্রীড়া বিশেষ, Game at cards :—শান, ঘর্ষণ প্রস্তর ; Whetstone.
Indian rubber—স্থিতিস্থাপক নির্য্যাস বিশেষ, রবার।
Rubbish, rub'ish, *n.* আবর্জ্জনা, ওঁচলা, জঞ্জাল, ময়লা, Waste matter :—নিরর্থক বাক্য, Nonsense. *Syn* :—Fragments, ruins, debris, litter, lumber, dregs, trash.
Rubble, *n.* গাঁথনিতে ব্যবহৃত অপরিষ্কৃত প্রস্তরখণ্ড।
Rubble, rōō bl, *n.* রুশীয় দেশীয় মুদ্রা বিশেষ, A Russian silver coin about 3s. 2d
Rubescent, *a.* লোহিতবর্ণ প্রাপ্তিপ্রবণ ; Tending to a red color
Rubicon, *n.* ইটালি দেশের ক্ষুদ্র নদী।
Cross the rubicon—এমন কোন কাজে প্রবৃত্ত হওয়া যাহা হইতে আর ফিরিবার যো নাই To adopt measure from which it is not possible to recede
Rubicund, rōō'be-kund, *a.* [L. *rubicundu* from *rubere*, to the red] লাল, গোলাপী, Ruddy, *n.*=rubicundity. *Syn* :—Flushed, reddish, rosy
Ruby, rōō'bi, *n.* [L *ruber* red] পদ্মরাগ মণি ; A precious stone of a red colour :—লাল বস্তু, Anything red :—ক্ষুদ্র মুদ্রাক্ষর বিশেষ :—রক্তিম, লাল ; Red :—*v. t.* লাল-কৃ, To make red
Rubric, rōō'brik, *n.* ব্যবস্থা, বিধি, নির্দ্দিষ্ট নিয়ম Direction for the performance of the liturgy injunction :—গ্রন্থের প্রথম পৃষ্ঠা, The title page of a book. [red :—*a.* লালবর্ণে চিহ্নিত।
Rubricate, *v. t.* লাল দাগ দে, To mark with
Rub-stone, *n.* শানপাথর, A whetstone.
Ruck, *v. t.* সঙ্কুচিত-কৃ, To wrinkle :—*n.* ভাঁজ, ভাঁজ। [of a ship
Rudder, rud'er, *n.* হাইল ; কর্ণ, Steering board
Ruddy, rud'e, *a.* লাল, টকটকে রং ; Reddish, of a red color ; red like. *n.*=ruddiness, *ad.*=ruddily *Syn* :—Florid, rubicund.
Rude, rood, *a.* অবিনীত, অশিষ্ট, অসভ্য ; Uncivil,

impolite; barbarous :—গ্রাম্য; Boorish; unpolished :—কর্কশ; স্থূল; মোটা; অপরিষ্কৃত; Harsh; rough; coarse; clumsy :—অজ্ঞাত; Ignorant :—উগ্র; তীক্ষ্ণ; Violent. n=rudeness. *Syn* :—Rugged, uneven, unwrought; ill-formed, crude, unfashioned, artless: uncouth, vulgar, raw, unskilful, illiterate, impolite; saucy, impudent, insolent, churlish; harsh, inclement, severe, violent, tempestuous.

Rudely, *ad.* কর্কশভাবে; তীব্রভাবে; Coarsely.

Rudeness, *n.* অশিষ্টতা; অসভ্যতা; Incivility.

Rudiment, roode-ment, *n.* [L. *rudimentum,* from *rudis,* unwrought] সূত্রপাত, আরম্ভ, উপক্রমণিকা; মূলসূত্র; মূলতত্ত্ব; A first principle or element; beginning of any branch of knowledge *Syn* :—Embryo, original. [বিদ্যাসাগর।

Rudiments of knowledge—জ্ঞানাঙ্কুর, বোধোদয়.

Rudimental, rood-e-mental, **Rudimentary,** rood-ment'ar-i, *a.* আদি; আদিম; প্রাথমিক, মৌলিক; First; initial.—*n.* ভৈষজ্য উদ্ভিদ বিশেষ; Medicinal plant. *Syn* :—(*a*) Rudimentary, embryonic; elementary, primary.

Rue, roo, *n.* দুঃখ; Sorrow; repentance :—*v. t.* দুঃখ-কৃ; বিলাপ-কৃ, অনুতাপ-কৃ; To lament; to grieve for. *Syn* :—(*v*) Regret, repent of, grieve for, deplore.

Rueful, roo'fool, *a.* শোকাকুল; খেদজনক; অনুতপ্ত; Sorrowful, sad, piteous. *ad*=ruefully. *Syn* :—Woful, mournful, dismal, melancholy, lugubrious.

Ruff, ruf, *n.* গলবস্ত্র, গলাবন্ধ বিশেষ; Anything fitted; plaited collar:—কলচর পক্ষিবিশেষ; A bird :—মৎস্য বিশেষ; A fish.—অহঙ্কার :—*v. t.* রঙে রঙ না দিয়া তুরুপ-কৃ. To trump at whist instead of following suit. *fig*=reeve.

Ruffian, ruf'i-an, *n.* দুর্দান্ত বা নিষ্ঠুর ব্যক্তি; দস্যু; ডাকাইত, হত্যাকারী; খুনিয়া; গুণ্ডা, A boisterous, brutal fellow; a robber; a murderer :—*a.* নির্দয়; নিষ্ঠুর, দুর্বৃত্ত, Brutal; boisterous.

Ruffianism, ruf'i-an-ism, *n.* দস্যুতা; ডাকাইতি; দুর্বৃত্ততা, Practice of a ruffian; conduct of a ruffian. [Violent; like a ruffian.

Ruffianly, ruf'i-an-li, *a.* ভয়ানক, দস্যুসদৃশ,

Ruffle, ruf'l, *v. t.* ভাঁজ-কৃ, কুঞ্চিত-কৃ; To fold; to wrinkle :—ব্যস্ত-কৃ; অস্থির-কৃ; এলোমেলো-কৃ; Agitate, discompose :—*v. i.* কুঞ্চিত-হ; এলোমেলো-হ; দোলায়মান-হ; To grow rough; to flutter :—আস্ফালন-কৃ; To swagger :—*n.* চুনট; কোঁচ; Fold; plait; frill :—গোলমাল; আলোড়ন; Agitation; commotion :—ঢাকের মৃদু শব্দ; A low beat of a drum. *Syn* :—(*v*) Pucker; disarrange, disorder; disturb, disquiet.

Ruffled, *a.* ব্যাকুলিত; ক্ষুব্ধ।

Ruffler, *n.* বৃথা দাম্ভিক; A bully.

Rufous, *a.* আলোহিত; Reddish.

Rug, rug, *n.* কম্বল; Coarse rough woolen cloth :—আকর্ষণ; টান;—*v. t.* টানা।

Rugged, rug'ed, *a.* অসমান; আবড়োখাবড়ো; Uneven; rough :—সতেজ; সবল; চঞ্চল :—কর্কশ, কটু; নীরস; রুক্ষ; Harsh; rude :—মোটা; লোমাবৃত; Shaggy. *n*=ruggedness. *ad*=ruggedly. *Syn* :—Jagged, craggy; crabbed, austere, wrinkled, coarse, hard, severe; tumultuous, inclement, boisterous; inharmorious, grating.

Rugose, roo'gos, **Rugous,** roo'gus, *a.* কোঁকড়ান; কুঞ্চিত; Wrinkled; full of wrinkles.

Ruin, roo'in, *n.* [L. *ruina*—*ruere,* to fall with violence] নাশ; ধ্বংস; উচ্ছেদ; Destruction; overthrow :—*pl.* ধ্বংসাবশেষ; ভগ্নাবশেষ, Remains of buildings or cities :—*v. t.* নাশ-কৃ; ধ্বংস-কৃ; উচ্ছেদ-কৃ; To demolish; to destroy; to defeat :—দরিদ্র-কৃ; সর্বস্বান্ত-কৃ, To impoverish. *Syn* :—(*n*) Downfall, subversion, defect, perdition; mischief, bane, pest. (*v*) Overthrow, subvert, overwhelm; spoil, mar

He is a ruined man—তিনি সর্বস্বান্ত হইয়াছেন।

Ruinate, *v. t.* বিনষ্ট-কৃ। *n*=ruination (ধ্বংস)।

Ruinous, roo'in-us, *a.* বিনাশক, বিনাশজনক; অনিষ্টকর; উচ্ছেদকারী; ক্ষয়কর, সাংঘাতিক; Decayed; pernicious; fallen. *Syn* :—Dilapidated; wasteful, injurious, destructive, baneful.

Rule, rool, *n.* [L. *regula*—*regere,* to keep straight] শাসন; প্রভুত্ব; Reign, government; sway :—বিধি; নিয়ম; ব্যবস্থা, ধারা; Regulation, principle, law; precept, method :—পরিমাণ; A standard :—শৃঙ্খলা; Order :—রেখা টানিবার যন্ত্র, রুল, An instument in drawing lines :—*v. t.* শাসন-কৃ, To reign; to govern :—দমন-কৃ; বশীভূত-কৃ, To regulate, check; control :—ব্যবস্থা দ্বারা স্থির-কৃ; নিয়মিত-কৃ, To establish by decision :—রুল-কৃ; সোজা করিয়া টানা, To mark with lines :—*v. i.* বিচার-কৃ; মীমাংসা-কৃ, To decide; to exercise authority :—ব্যবস্থা-কৃ, To lay down and settle :—দরে দাঁড়ান; To stand or range, as prices. *Syn* :—(*n*) Control, authority, dominion, empire; canon, injunction; ruling, prescription, regulation; formula, test, criterion; principle, maxim; ruler. (*v*) Conduct, led, direct; reign, command, domineer; determine.

A rule to show cause—কারণ দর্শাইয়া সমর্থনের জন্য আদালতের হুকুম।

As a rule—প্রায়ই এইরূপ হইয়া থাকে; সাধারণতঃ; সচরাচর; Generally speaking in the main; usually. [practice.

As the rule—সাধারণ বিধি, As the general

Make it a rule—কোন নিয়মে চলা; Follow it as a rule of conduct. [national air.

Rule Britannia—ইংরাজের জাতীয় গীত, English

Rule of three—(অঙ্কে) ত্রৈরাশিক; অজ্ঞাত-চতুর্থ; Proportion, where three numbers are given to find a fourth.

Rule of thumb—মোটামোটি প্রণালী; মোটামুটি নিয়ম; মোটামোটি ব্যবস্থা, Rough practical method; empiricism; rude process or operation.

Rule the roost—কর্তৃত্ব-কৃ; To domineer; to take the lead.

Rule with a rod of from—পীড়ন-কৃ; উপদ্রব-কৃ; কঠোর শাসন-কৃ; Govern tyrannically; tyrannise.

Ruler, rooler, *n* শাসনকর্তা, রাজা, A sovereign; a governor :—রুল; রেখাদণ্ড; An instument used in drawing lines.

Ruling, rooling, *a.* প্রবল; প্রভুত্বকারী; নিয়ামক; Predominant; prevailing, governing; chief :—*n.* আদালতাদির নির্দিষ্ট সময়।

Ruling passion—প্রবল মনের ভাব ; অতি প্রবণতা ; বাতিক রোগ ; The feeling or passion which governs one. [distilled from molasses.

Rum, rŭm, *n.* মদিরা বিশেষ, A kind of spirit

Rumble, rum̆bl, *v. i.* গুড় গুড় শব্দ-হ ; গড়গড় শব্দ-হ ; To make a low, heavy, continued sound : —*n.* নির্ঘোষ ; গুড় গুড় শব্দ ; গর্জ্জন ; A low, heavy, continued sound :—গাড়ীর পশ্চাতে বসিবার ভৃত্যদের আসন ; A seat for servants behind a carriage.

Rumbling, rum̆bling, *n.* নির্ঘোষ ; গড় গড় শব্দ ; গুড় গুড় শব্দ ; A low, heavy, continued sound.

Rum-bud, *n.* অতিরিক্ত মদ্যপানজনিত নাসিকাদির স্ফোটক।

Rumen, *n.* রোমন্থকদিগের উপরকার পাকস্থলী ; The upper stomach of ruminating animals.

Ruminant, rōō'mi-nant, *a.* রোমন্থক ; গিলিত চর্ব্বণকারী ; Chewing the cud :—*n.* রোমন্থক জন্তু. An animal that chews the cud, as the cow.

Ruminate, rōō'min-āt, *v. i.* রোমন্থন-কৃ ; জাবর কাটা ; To chew the cud :—চিন্তা-কৃ ; ভাবা ; To meditate ; to muse. *Syn* :—Ponder, think, reflect, cogitate. [again and again over

Ruminate on—কোন বিষয় নিয়ত চিন্তা-কৃ ; Think

Rumination, *n.* রোমন্থন ; চর্ব্বিত-চর্ব্বণ ; The act of chewing the cud :—অনুধ্যান ; চিন্তা ; Deliberate reflection.

Rummage, rum̆āj, *v. t.* সবিশেষ অনুসন্ধান-কৃ ; To search narrowly by turning things over :—*v. i.* তন্ন তন্ন করিয়া অনুসন্ধান-কৃ ; To search a place thoroughly :—*n.* অনুসন্ধান ; তল্লাস ; খোঁজ ; A careful search. [glass.

Rummer, *n.* বৃহৎ পানপাত্র বিশেষ ; A drinking-

Rumour, rōō'mur, *n.* [L. *rumor*, a noise] জনশ্রুতি ; উড়ো খপর ; জনরব, জনবাদ ; A current hearsay ; a flying report :—*v. t.* জনরব দ্বারা প্রকাশ-কৃ ; জনরব-কৃ ; রটনা-কৃ ; To report ; to circulate by report. *Syn* :—(*n*) Talk, bruit, fame, news.

Rumour is a afloat—এই কথা রাষ্ট্র।

Rump, rump, *n.* মেরুদণ্ডের অন্তভাগ, নিতম্ব ; পাছা ; The end of the back-bone of an animal with the parts adjacent, the buttocks :—বিলাতী মহাসভা বিশেষ ; The remnant of the long Parliament.

Rumple, rum̆pl, *v.* t. কোঁচান ; কুঞ্চিত কৃ, চুনট বা ভাঁজ-কৃ ; To wrinkle ; to make uneven :—*n.* ভাঁজ ; কুঞ্চন ; কোঁচ ; A fold ; a wrinkle. *Syn* :—(*v*) Crease, crumple, suffle, pucker, corrugate.

Run, run, *v. i.* দৌড়ান, দ্রুতবেগে যাওয়া ; Step quickly ; move swiftly :—পলায়ন-কৃ, সরিয়া পড়া ; Flee, fly :—বিস্তৃত-হ ; To extend :—প্রবাহিত-হ, Flow ; গলা ; Melt :—নির্গত-হ ; পূঁযাদি পড়া ; To discharge, as a sore :—*v. t.* চালিত-কৃ ; ধাবিত-কৃ ; To cause to move swifty :—বলে প্রকাশ-কৃ ; ধাক্কা-দে ; To force forward ; to push :—দ্রব-কৃ ; গলাইয়া ঢালা ; To fuse :—*n.* ধাবন ; দৌড়ন ; The act of running : —গতি ; Course :—ক্ষুদ্র প্রবাহ ; Flow, a brook :—ক্ষত হইতে নির্গমন বা নিঃসরণ ; Discharge from sore : —দৌড় ; Extent, reach :—প্রচলন ; প্রচার ; Prevalence :—জলপথে ভ্রমণ ; জলযাত্রা, Voyage :—জাহাজে অতিক্রান্ত দূরত্ব ; Distance sailed —লোকের চীৎকার ; কোলাহল ; Popular clamour :—টাকার জন্ত পীড়াপিড়ি ; Pressure as on a bank for payment : —ধারাবাহিক পরম্পরা ; Continued series. *Syn* :—(*v*) Race, speed, hurry, hasten, scamper, rush ; escape, retreat ; glide, proceed ; pass, elapse ; spread, extend ; continue, hold on ; tend, incline ; enter, pierce, penetrate ; incur, determine ; smuggle.

A run upon—কোন ব্যাঙ্কে টাকার জন্ত ভিড় বা হুড়োহুড়ি ; An uncommon pressure (on a bank or treasury for payment).

As things run—সচরাচর যেমন হয় ; মোটামুটি।

Get the run upon—ঠাট্টা-কৃ।

Let go by the run—সমস্ত একেবারে ধপাৎ করিয়া ফেলিয়া দেওয়া। [tion or sale.

Have a run—চলন বা বিক্রয়-হ ; Have a circula-

He that runs may read—চকিতের ন্যায় দেখিলেও বুঝিতে পারা যায় ; দৃষ্টিপাত মাত্র বুঝিতে পারা ; The most careless observer may see at once.

Home run—গৃহে বা পূর্ব্বস্থানে প্রত্যাবর্ত্তন।

Run about—ইতস্ততঃ যাওয়া, Go hither and thither. [Pursue

Run after—পশ্চাদ্ধাবন-কৃ ; অনুসরণ-কৃ ; অনুধাবন-কৃ,

Run against—ধাক্কালাগা, ঠোকাঠুকি-হ ; To strike against while in motion.

Run against time—Run as rapidly as possible in order to ascertain the greatest distance that can be passed over in a given time.

Run aground—জাহাজ চড়ায় লাগা ; চড়ায় আটকান, Strand a ship.

Run a mine—সুড়ঙ্গ খোঁড়ে ; Dig a mine :—(বারুদ দিয়া নষ্ট করিবার উদ্দেশে) সুড়ঙ্গ কাটা ; Dig a pit under the earth and fill it with powder with a view to blowing up something.

Run amuck—মরিয়া হইয়া যাহাকে সম্মুখে পায় মারিতে ধাবমান-হ ; Run madly about attacking all one meets ; rush frantically attacking all that comes in the way :—রাগান্ধ হইয়া আক্রমণ কৃ, Attack furiously.

Run a race—(ঘোড়) দৌড়বাজি খেলা ; এক দৌড় দৌড়ান, To run in a comparative trial of speed, contend in running (generally used of horse-race) :—প্রতিদ্বন্দ্বী-হ ; দুইয়ের মধ্যে আড়াআড়ি বা রেশা রেশি চলা ; Contend against :—(সৎ বা অসৎ ভাবে) জীবন যাপন-কৃ ; Go through any given course, lead a certain kind of life.

Run a rig—তামাসা-কৃ. Have a frolic.

Run a risk—বিপদে পতিত-হ ; To incur danger, to encounter hazard.

Run at—আক্রমণ কৃ ; Attack. [bat

Run a tilt—প্রতিযোগিতা-কৃ ; To attack ; to com-

Run away—পলায়ন-কৃ ; পলাইয়া যাওয়া ; Flee, escape ; bolt away.

Run away with—(হরণ করিয়া) লইয়া যাওয়া. Carry off :—শীঘ্র অবলম্বন-কৃ ; Adopt hastily —ফুরাইয়া-দে ; Drain —বিবেচনা না করিয়া কোন ভাব দ্বারা নীত-হ ; Be carried away by (a foolish notion) :—উৎসন্ন-যা ; Drag into ruin.

Run counter to—বিপরীত-হ ; To be contrary to, to be opposed to.

Run down—দৌড়াইয়া তাড়া দিয়া ক্লান্ত-কৃ ; ক্লান্ত-কৃ ; Hunt, chase to exhaustion :—পশ্চাদ্ধাবন দ্বারা অবসন্ন করতঃ ধৃত করা ; Chase to exhaustion and capture :—উপরে চাপিয়া ডুবাইয়া দেওয়া ; Cause to sink :—নিন্দা-কৃ ; অপবাদ-কৃ ; অপদস্থ-কৃ ; Decry ;

traduce ; censure :—কমান ; হ্রাস-কৃ ; ক্ষীণ-হ ; Lower ; reduce :—উপুটাইয়া-যা ; Upset :—ধ্বংস-কৃ ; Crush ; overthrow. [At last ; ultimatey.

In the long run—অবশেষে ; পরিশেষে ; আখেরে ;

Run down a coast—Sail along a coast.

Run down a ship—জাহাজ ডুবাইয়া দেওয়া ; Run against ship and sink her.

Run for an office—কোন পদের জন্ত প্রার্থী-হ ।

Run for one's life—জীবন রক্ষা করিবার জন্ত পলায়ন কৃ , Run in order to escape great danger.

Run foul of—ধাক্কা লাগা , Come into collision with.

Run hard—বিপদগ্রস্ত-কৃ ; Put in danger :—প্রতিদ্বন্দ্বিতায় পীড়িত-কৃ ; অতিশয় জেদ-কৃ ; বিদ্রূপ-কৃ ।

Run headlong—বেগে ধাবিত-হ ; To move rapidly and rashly :—বেগে প্রবৃত্ত হওয়া ; To engage in rashly or with undue haste.

Run high—অধিক-হ : চড়িয়া বা বাড়িয়া উঠা ; Be intense , rage furiously.

Run in a groove—একভাবে চলা ; To proceed after a fixed method, to be unvarying.

Run in one's head—কাহারও মনে বা মাথায় থাকা ।

Run in or into—প্রবেশ-কৃ ।

Run in the blood—উত্তরাধিকারক্রমে প্রাপ্ত-হ ; রক্তনিষ্ঠ বা বংশীয়-হ ; To be hereditary , to belong to one by reason of his family relationship.

Run into danger—বিপদে পতিত-হ । [or debts.

Run into debt—ঋণগ্রস্ত-হ , To contract a debt

Run into excess—(কোন বিষয়ে) বাড়াবাড়ি-কৃ , অতিরিক্ত যাওয়া ; Go beyond the proper limits in anything [বেড়ান ।

Run mad after—কোনও কিছুর জন্ত পাগল হইয়া

Run off—পলায়ন কৃ ; Flee :—তাড়াতাড়ি সাঙ্গ-কৃ ; Finish hastily.

Run on—চলা , চলিতে থাকা , Go on ; continue in :—অবিশ্রাম কথা কহা ; বলিতে থাকা ; Talk incessantly about. [মিলা ।

Run on all fours—হাত পায়ে ভর দিয়া চলা ; ঠিক

Run one through—খোঁচা মারিয়া এফোঁড় ওফোঁড় কৃ , Stab one with a spear or sword.

Run out—(সময়) শেষ-হ ; Expire ; be at an end :—ক্লান্ত হ , নষ্ট হইয়া যাওয়া বা লোপ পাওয়া ; Be wasted or exhausted , become wasted or extinct :—শেষ-হ ; Terminate.

Run over—(গাড়ি বা ঘোড়া যাড়) চাপিয়া পড়া ; Ride or drive over —শীঘ্র পাঠ-কৃ বা বিবেচনা-কৃ ; Consider or read quickly —চমুকিয়া পড়া , উপ্‌লে পড়া ; Overflow :—সংক্ষেপে আওড়ান , ভাসা ভাসা পরীক্ষা-কৃ ; Recount or examine cursorily.

Run rampart—অতিরিক্ত পরিমাণে বৃদ্ধি-হ , বাড়াবাড়ি-হ ; Overgrow the usual bounds ; become widespread.

Run riot—বহদূর বাড়িতে হয় বাড়িয়া উঠা ; অত্যন্ত বাড়িয়া উঠা ; Go to excess , act or move without contest.

Run the chances—ঝুঁকি ঘাড়ে-কৃ ।

Run the eye over—একবার চক্ষু বুলাইয়া চাওয়া ।

Run the rig upon—তামাসা-কৃ ; Play a sportive trick.

Run through—(অপব্যয় করিয়া) উড়াইয়া-দে ; নষ্ট-কৃ ; Waste ; squander :—শীঘ্র শীঘ্র সমস্ত বলা , সত্বর পাঠ-কৃ , Go through hastily ; read quickly :—ব্যাপিয়া থাকা ; ব্যাপ্ত-হ , Pervade :—বিদ্ধ-কৃ ; Pierce as with a sword :—ভিতর দিয়া-যা , Pass through.

Run to—আশ্রয়-ল ; Betake one's self to.

Run together—একত্রিত-হ , Unite.

Run to seed—অব্যবহার্য্য হওয়া ; বীচে হওয়া ; বীচিয়ে যাওয়া , Become seedy :—বিশ্রী-হ , নিস্তেজ বা দড়ি দড়ি হওয়া ; Become old or worn out ; become spiritless or miserable-looking.

Run up—বৃদ্ধি-কৃ , ব্যয় করিয়া ক্রমে ক্রমে হিসাব বাড়ান ; Enlarge by additions , increase ; swell or increase on account by additions :—এগিয়ে দেওয়া ; Enable one to earn (through all the succes ive steps) :—তাড়াতাড়ি তৈয়ার-কৃ , সত্বর খাড়া-কৃ ; Erect hastily :—দায়ী-হ ; Become liable for.

Run upon—ধাক্কা লাগা , ঠেকা ; Knock against ; strike upon :—Be in demand.

Run wild—অসংযত-হ ; To be unrestrained ; to be unreasonable ; unlimited :—বনে জঙ্গলে যেমন দৌড়িয়া বেড়ায় সেইরূপে বেড়ান ; Run about or roam as in a state of nature.

Run with—প্লাবিত-হ ।

The run of people, The common run, The ordinary run—সাধারণ লোক , অপর সাধারণ ; The generality of people ; the ordinary kind.

The story or the rumour runs—লোকে এই বলে , The tale or rumour going round is.

With a run—হঠাৎ ; সহসা ।

Run of luck—সৌভাগ্য ; A course of good fortune. [A vagabond.

Runagate, *n* ধর্ম্মত্যাগী ; A renegade :—পলাতক ;

Runaway, *n.* পলাতক , A fugitive :—*a.* পলাতক ; Fugitive :—পলায়নপর ; Fleeing from danger or restraint. [secretly from her home.

Runaway match—Where the bride runs away

Rund, *n.* বনাতের পাড় , দ্বড়ি । [stream.

Rundel, *n.* বৃত্ত , A circle :—স্রোতস্বতী ; A small

Rundle, *n.* মইয়ের কোমা , কেটো সিঁড়ির ধাপ ; Step of a ladder ; a round of a ladder. [*a*=runic.

Rune, rōōn, *n.* অক্ষর বিশেষ , Runic character.

Rung, *p. t.* and *pa. p.* of Ring.

Rung, *n.* সিঁড়ির ধাপ , Step of a ladder :—যষ্টি ; দণ্ড , A heavy staff.

Runic, *a.* টিউটনিক জাতি বা ভাষা সম্বন্ধীয় ; Pertaining to runes, or to their language.

Runlet, Runnel, *n.* ক্ষুদ্র নদী ; স্রোতস্বতী ; A brook , a small stream.

Runnel, *n.* অতি ক্ষুদ্র সরিৎ ; A small brook.

Runner, runér, *n.* ধাবক , পেয়াদা ; One who or what runs :—অশ্ব ; ক্ষিপ্রগমনকারী ; Racer :—দূত ; Messenger :—রজ্জু বিশেষ ; A rope.

Running, ruṅing, *a.* দৌড়ের জন্ত রক্ষিত ; Kept for the race :—বহমান ; বেগবান ; চলৎ ; Flowing : —সরল , সহজ ; Easy :—ক্রমিক , Successive :—*n.* দৌড় , That which runs .—ক্ষত হইতে নিঃসরণ ; The discharge of a sore.

Make good one's running—সমকক্ষ-হ । [কৃ ।

Make the running—দৌড়ের প্রারম্ভে গতির তেজ বৃদ্ধি-

Running comentary—পড়িবার কালে মন্তব্য লিখন ; Reflection and remarks made in the course of reading

Running fight—যে যুদ্ধে একজন পলায়ন করে, আর একজন পশ্চাতে অনুধাবন-কৃ , পলাইতে পলাইতে পশ্চাদ্ধাবিত শত্রুর সহিত যে যুদ্ধ করা হয় ; A battle in which the party fleeing keeps up the fight.

Running fire—ক্রমাগত গোলা বর্ষণ ; ক্রমাগত বন্দুকাদির অগ্নি বর্ষণ ; A constant firing of arms.
Running horse—One that starts for the race.
Running hunstman—A man in charge of the dogs while hunting the fox.
Runing knot—A kind of knot made to slip or draw easily, or a snare for catching rabbits.
Running title—পুস্তকের প্রতি পৃষ্ঠার শীর্ষদেশে লিখিত নাম ; The title of a book centinued from page to page on the upper margin.
Rupee, roo'pe', *n.* টাকা ; রৌপ্যমুদ্রা ; An Indian silver coin usual worth about 2*s.*
Ruption, *n.* ভঙ্গ ; বিদার ; A breaking ; a breach.
Rupture, rup'tūr, *n.* [L. *ruptura*, from *rumpere, ruptum*, to break] ছিদ্র ; ভেদ, Breach :—অন্ত্র-বৃদ্ধি ; Hernia :—মনোভঙ্গ, বিবাদ ; অমিল ; Dissension ; breach of peace :—ভঙ্গ ; বিদারণ ; The act of bursting :—*v. t.* ভেদ-কৃ ; ভাঙ্গা ; বিদীর্ণ-কৃ ; To break, to burst :—*v. i.* বিদীর্ণ-হ ; To suffer to breach. *Syn* :—(*n*) Fracture, breach, break, disruption, dissolution ; quarrel, altercation, contention, hostility.
The rupture of the spleen—প্লীহা-ফাটা।
Rural, rōōr'al, *a.* [L. *ruralis*, from *rus, ruris*, the country] গ্রাম্য ; পাড়াগেঁয়ে ; ভূমিকর্ষণ সম্বন্ধীয় ; Rustic, pastoral.
Ruralise, rōōr'al-iz, *v. t.* গ্রাম্য-কৃ ; পাড়াগেঁয়ে-কৃ ; To render rural :—*v. i.* গ্রাম্য-হ ; পল্লীগ্রামে যাইয়া বাস-কৃ ; To become rural.
Ruralism, roo'ral-izm, *n.* গ্রাম্যতা ; গ্রাম্যজীবন, The state of being rural, rural-life.
Ruralist, *n.* পল্লীগ্রামবাসী ; One who leads a rural-life.
Ruse, rōōz, *n.* [F. *reuser*, *rehuser*, to shuffle] কৌশল ; ছল ; প্রবঞ্চনা, Trick, fraud :—ব্যবদেশ ; A turning. *Syn* :—Artifice, stratagem, wile, deception, manoeuvre, dodge.
Rush, rush, *v. i.* [A. S. *hreosan*, to rush] বেগে ধাবিত-হ ; বেগে অগ্রসর-হ ; To move forward violently, to enter rashly and hastily :—*n.* মহাবেগ ; বেগে অগ্রগমন ; A driving forward impetuously. *Syn* :—(*v*) Speed, career, dash, press, push.
Rush, rush, *n.* তৃণ বিশেষ ; নল-খাগড়া ; ঘাস, A plant ; a grass :—অপদার্থ দ্রব্য, তুচ্ছ বিষয় ; Any thing worthless.
Rush-bottomed, *a.* Having a bottom made of rushes.
Rush-light, *n.* তৃণালোক ; তৃণ-মজ্জার প্রস্তুত বাতি, Taper with a rush wick.
Rushy, rushi, *a.* তৃণময়, তৃণনির্মিত ; Full of made of rushes.
Rusk, *n.* পিষ্টক বিশেষ ; A cake.
Russet, ruset, *n.* গ্রাম্য পরিচ্ছদ ; মোটা কাপড়, A country dress :—*a* মোটা ; গ্রাম্য, Coarse, home spun, rustic :—ধাপাটে ; পাটলবর্ণ ; Reddish brown.
Russetting, Russet, *n.* আপেল ফল ; An apple.
Russophobia, *n.* রুশভীতি ; রুশাতঙ্ক ; Undue fear of Russia.
Russophobist—One who holds undue fear of Russia.
Rust, rust, *n.* লোহার মরিচা ; মলিনতা ; কলঙ্ক ; Reddish crust of iron :—আলস্য ; Loss of power by inactivity :—উদ্ভিদ-রোগবিশেষ ; A parasitic fungus : —*v. i.* মরিচা পড়া ; মলিন-হ ; To become rusty :—কাল সহকারে বা আলস্য দ্বারা নষ্ট-হ ; To impair by time and inactivity :—*v. t.* মলাবৃত-কৃ ; মরিচাযুক্ত-কৃ ; To make rusty. *Syn* :—(*n*) Crust, dross ; mould, mildew, blight, must.
Better rub than rust—আলস্য অপেক্ষা অতিরিক্ত পরিশ্রম করা ভাল।
Rust in indolence—অলস-হ ; Lead an inactive life ; become dull by inaction.
Rustic, rustik, *a.* গ্রাম্য ; Rural :—অসভ্য ; অশিষ্ট, Rude :—আড়ম্বরশূন্য ; সামান্য ; সরল ; Simple ; artless :—অনলঙ্কৃত ; Unadorned :—কুৎসিত, স্থূল ; Awkword ; coarse. *ad*=rustically.
Rustic, *n.* গ্রাম্য ব্যক্তি, An inhabitant of the country. *Syn* :—Pleasant, husbandman, clown.
Rusticate, rusti-kat, *v.* t. কিছু দিনের জন্য (বিদ্যালয় হইতে) দূরীভূত-কৃ ; নগর হইতে বহিষ্কৃত-কৃ ; Banish for a time from a collage or town :—*v. i.* পল্লীগ্রামে বাস-কৃ, To live in the country. *n*=rustication (কলেজে ছাত্রের প্রতি প্রদত্ত শাস্তি বিশেষ)।
Rusticity, rus-tisi-ti, *n* গ্রাম্যতা ; The state of being rustic, rustic manners :—সরলতা ; আড়ম্বরশূন্যতা ; Simplicity :—অসভ্যতা, Rudeness.
Rustle, rusl, *v. i.* খড়মড়-কৃ, খস্ খস্ শব্দ-হ ; To make a noise, as of silk or straw :—*n.* মর্মর ধ্বনি ; খস্ খস্ শব্দ, খস্‌খসানি, A rustling.
Rustling, rusling, *n.* মর্মর ধ্বনি, শর শর শব্দ ; A quick succession of small sounds, as of dry leaves or straw.
Rusty, rusti, *a.* মরিচা ধরা ; মরিচা পড়া ; মলাবৃত, Covered with rust :—নিস্তেজ, ভোঁতা ; Dull. *ad*=rustly, *n*=rustness.
Rut, rut, *n.* চাকার দাগ ; চক্রাঙ্ক ; গর্ত ; Track left by a wheal :—শৃঙ্গার ; সঙ্গমেচ্ছা ; The copulation of animals, as of sheep :—*v. t* চাকের দাগ-কৃ ; To form ruts in :—সঙ্গম চেষ্টা-কৃ, সঙ্গম-কৃ ; To seek in copulation ; to cover in copulation —*v. i.* কামুক-হ ; " ম-হ ; সঙ্গমের জন্য ব্যস্ত-হ ; To lust, said of animals.
Ruth, *n* দয়া ; করুণা ; কৃপা, Mercy ; tenderness.
Ruthful, *a.* সদয়, অনুগ্রহশীল, Merciful.
Ruthless, rōōthles, *a.* নিষ্ঠুর ; নির্দয় ; নির্দ্দয় ; Cruel, without pity. *n*=ruthlessness. *ad*=ruthfully. *Syn* —Pitiless, merciless, unrelenting, inexorable, fell.
Ruttish, *a.* কামুক ; Wanton.
Rutty, *a.* গর্তপূর্ণ, Full of ruts.
Rye, ri, *n.* গমের মত শস্য বিশেষ, A genus of coarse corn.
Rye-grass, ri'gras, *n.* তৃণ ; ঘাস ; Coarse grass.
Ryot, ri'ut, *n.* প্রজা ; রাইয়ত ; কৃষক ; A Hindu cultivator ; peasant.

S

S—ইংরাজি বর্ণমালার ঊনবিংশতি বর্ণ বা অক্ষর ; The 19th letter of the English alphabet.

Sabaism—See Sabianism.

Sabbatarian, sab-a-tári-an, *n.* যে বিশ্রাম দিবসের নিয়ম পালন করে ; রবিবার-প্রতিপালক ; A very strict observer of the sabbath :—*a.* বিশ্রাম দিন বা বিশ্রামদিন পালক সম্বন্ধীয় ; Pertaining to the Sabbath or to Sabbatarians. *n*=sabbatarianism.

Sabaoth, sa-báoth, *n.* সৈন্যদলসমূহ ; Armies.

Sabbath, sabath, *n.* বিশ্রাম দিবস ; রবিবার ; (য়িহুদীমতে শনিবার) ; The day of rest.

Sabbath-breaker, *n.* যে ব্যক্তি রবিবার বিশ্রাম দিন বলিয়া প্রতিপালন করে না ; One who profanes the sabbath.

Sabbath day's journey—A distance of nearly a mile, which the Jews were allowed to travel on the Sabbath.

Sabbatic, sab-atík, **Sabbatical,** sab-atíkal, *a.* বিশ্রাম দিন সম্বন্ধীয় ; পুনাহ-সম্বন্ধীয় ; Pertaining to or resembling the Sabbath.

Sabbatical year—প্রতি সপ্তমবর্ষ ; Every seventh year, in which the Israelities did not till their fields or vine yards.

Sabianism, sábi-an-izm, **Sabaism,** sába-izm, *n.* আরব প্রভৃতি দেশের ধর্মবিশেষ ; চন্দ্রসূর্য্যাদির পূজা, The worship of the heavenly bodies, angels &c, as well as of the deity.

Sable, sábl, *n.* নকুল জাতীয় জন্তু বিশেষ ; Weasel like animal :—ইহার লোম বা পশম, Its fur :—কৃষ্ণবর্ণ ; Black colour :—শোকসূচক পরিচ্ছদ ; A funeral robe :—*pl.* দুঃখ ; শোক ; Mourning ; sadness :—*a.* নকুলজাতীয় জন্তুর লোমজাত, Made of the fur of the sable :—কৃষ্ণবর্ণ, Black, dark.

Sabre, Saber, *n.* খড়্গ বিশেষ ; অসি ; A crooked sword :—*v. t.* তরবারি দ্বারা আহত বা বধ-কৃ ; To wound or kill with a sabre.

Sabre-tache, *n.* চর্মকোষ ; A leather case.

Sac, sak, *n.* থলে, জিভি ; কোষ ; A bag ; pouch.

Saccharine, *a.* শাৰ্করিক, চিনিবিশিষ্ট, Pertaining to sugar :—সুমিষ্ট ; Sweet.

Saccharometer, *n.* জলীয় দ্রব্যে শর্করা নিরূপক যন্ত্র ; An instrument for measuring.

Sacerdotal, sas-ér-dótal, *a.* পুরোহিত সম্বন্ধীয় ; যাজকীয় ; পুরোহিত সংক্রান্ত ; Priestly ; belonging to priests. *n*=sacerdotalism.

Sacerdotal caste—পুরোহিত জাতি।

Sacerdotalism, sas-ér-dótal-izm, *n.* পুরোহিতের ভাব, যাজকের আধ্যা, পৌরহিত্য ; The spirit or style of the priesthood.

Sachel, *n.* ছোট থলি ; A little sack.

Sachem, *n.* অধিনায়ক বিশেষ ; American Indian chief.

Sack, sak, *n.* [F. *saccager*, rob] থলে ; বোরা ; বস্তা ; Bag :—বাহিরের পোষাক ; বাহ্য বস্ত্র ; Loose upper robe :—মদ্য বিশেষ ; Spanish wine :—লুঠ ; লুণ্ঠন ; Plunder ; pillage :—*v. t.* থলেতে রাখা ; থলেজাত-কৃ ; বস্তাবন্দি-কৃ ; To put into a sack ; to bag :—লুঠ-কৃ ; লুণ্ঠন-কৃ ; অপহরণ-কৃ ; উৎসন্ন-কৃ ; To plunder ; to ravage. *a*=sackful (থলে ভরা)। *Syn* :—(*v*) Pillage, rifle, waste, spoil, devastate.

To get the sack—তাড়িত বা প্রত্যাখ্যাত-হ।

To give the sack—কাহা হইতে বিদায়-দে, To dismiss from employment.

Sackarine, *a.* চিনিসম্বন্ধীয় ; Belonging to sugar.

Sack-but, *n.* পিতলের সানাই, A kind of lyre.

Sack-cloth, sakkloth, *n.* চটের কাপড় ; গুণচট ; A cloth of which sacks are made :—পুরাকালীন শোকসূচক পরিচ্ছদ ; A kind of coarse cloth formerly worn in mourning or penance.

In sack-cloth and ashes—অনুতাপের বেশে ; বিভূতি ও কম্বল ধারণ করিয়া ; With the customary tokens of grief and penitence :—অনুতপ্ত হৃদয়ে ; In grief and repentance :—বড়ই অপমানের বিষয় মনে করিয়া, With a feeling of deep humiliation.

Sacking, saking, *n.* থলে প্রস্তুত করিবার কাপড় ; চট ; Cloth of which sacks are made.

Sacrament, sakra-ment, *n.* খৃষ্টীয় ধর্মের অনুষ্ঠান বিশেষ ; প্রভুর ভোজ ; Chief christian rite ; eucharist ; Lord's supper.

Sacramental, *a.* খৃষ্টীয় ধর্ম ব্যবস্থা সম্বন্ধীয় ; Pertaining to sacrament. *ad*=sacramentally.

Sacred, sákred, *a.* পবিত্র ; পূত ; Holy ; consecrated, religious :—অলঙ্ঘনীয় ; Inviolable. *n*=sacredness, *ad*=sacredly. *Syn* :—Divine, hallowed, devoted, consecrated ; pious, inviolable, venerable, sainted.

Sacred to—পবিত্র স্থান বলিয়া সম্মানের উপযুক্ত ; Inviolable (as being sacred), entitled to the highest reverence.

To hold sacred—পবিত্র বিবেচনা করিয়া।

Sacred Band—The Theban regiment of 300 young hoplites belonging to the best families of Thebes who were united with each other by ties of intimate friendship.

Sacred fire—আহুতাগ্নি।

Sacredly, *ad.* পবিত্রভাবে ; Holily.

Sacredness, *n.* পবিত্রতা, অলঙ্ঘনীয়তা, Holiness.

Sacrifice, sakre-fiz, *n.* [L. *sacer*, sacred, *facio*, to make] যাগ ; হোম, বলিদান ; Offering to a deity ; the act of sacrificing :—উৎসর্গ, ত্যাগ, Abandonment ; giving up :—নাশ ; Destruction : —*v. t.* বলি-দে ; যজ্ঞার্থে বধ কৃ ; উৎসর্গ-কৃ. To offer to the gods :—হত্যা-কৃ ; নাশ-কৃ ; ত্যাগ-কৃ ; To destroy ; to give up :—*v. i.* দেবোদ্দেশে সামগ্রী নিবেদন-কৃ, ঈশ্বরোদ্দেশে উৎসর্গ-কৃ ; To make offerings to God. *n*=sacrificer (পূজক ; যাজক)। *Syn* :—(*v*) Offer up, immolate ; surrender, forego. (*n*) Immolation, offering, oblation ; surrender.

At a sacrifice—ক্ষতি স্বীকার করিয়া।

Horse sacrifice—অশ্বমেধ।

Imperial sacrifice—রাজসূয় যজ্ঞ।

Sacrifice at the altar of—কোন কিছুর খাতিরে বিষয় বর্জ্জন-কৃ, Forego or give up anything for the sake of.

Sacrifice of one's own self—আত্মোৎসর্গ।

Sacrifice to—কোন কিছুর জন্য নিজের প্রিয় বস্তু ত্যাগ-কৃ Give up (something that is dear to one) for the sake of

Sacrificial, sak-ri fishal, *a* যজ্ঞীয়, যজ্ঞ সম্বন্ধীয়, হবনীয় হোমযোগ্য, উৎসর্গসাধক, Relating to or consisting in sacrifice, performing sacrifice, employed in sacrifice.

Sacrificial vessel—যজ্ঞপাত্র।

Sacrilege, sakri-lej, *n* পবিত্র বস্তুর অপব্যবহার; Profanation of a sacred place or thing —দেবস্বাপহরণ, The breaking into the place of worship and stealing there form

Sacrilegious, sak-re-li'je-us, *a.* অবধাকরণে অপবিত্রীকৃত, দেবস্ব হরণ দোষে কলুষিত, অধর্ম্ম, অপবিত্র, Profane, violating sacred things, impious *n*=sacrilegiousness, *ad*=sacrilegiously. *Syn* —Irreverent, desecrating

Sacrist, sakrist *n* ধর্ম্মালয়ের পরিচারক বিশেষ, A sexton, a sacristan [sexton

Sacristan, *n* ধর্ম্মমন্দিরের তোষাখানার অধ্যক্ষ A

Sacristy, sakristi, *n* ধর্ম্মমন্দিরের দ্রব্যাদি রাখিবার তোষাখানা, Vestry

Sacrum, *n* মেরুদণ্ডের নিম্নস্থ অস্থি বিশেষ, পৃষ্ঠ বংশের নিম্নভাগে স্থিত অস্থি।

Sad, sad, *a* [A. S *sad*, weary] শোকাকুল, শোকার্ত্ত, বিষণ্ণ, মলিন, ম্লান Mournful, sorrowful, gloomy —পাপিষ্ঠ দুষ্ট Wicked naughty —শোচনীয়, Causing sorrow *ad*=sadly *n*= sadness *Syn* —Sorrowful despondent, depressed, cheerless, dejected downcast, gloomy, dismal, lugubrious, grievous, afflictive, calamitous, deplorable, dark, dull heavy

Sadden, sadn, *v t* দুঃখিত কর, To make sad — *v i* দুঃখিত হ, To grow sad

Saddle, sadl, *n* জিন, Seat put on a horse — *v t* জিন বাঁধান জিন বাঁধা, বোঝা চাপান, To put a saddle on load, burden, encumber

A saddle roof দোচালা। [back

In the saddle—ঘোড়ার উপর (চড়া) On horse-

Saddle horse—চড়িবার ঘোড়া।

Saddle with—বোঝা চাপা কৃ, Burden with

To put the saddle on the right horse—দোষীকে নিন্দা কৃ প্রকৃত দোষীর প্রতি দোষারোপ কৃ, To impute blame where it is really deserved

Well or firm in the saddle—দৃঢ়ভাবে স্থিত, Firmly seated or settled

Saddle-bow, *a* জিনের সম্মুখভাগ। [of saddles

Saddler, sadler *n* জিননির্ম্মাতা, জিনকার Maker

Saddlery, sadler i, *n* জিন প্রস্তুত করিবার উপাদান, The material for saddles [joker.

Sad dog—আমোদপ্রিয় লোক A merry fellow a

Sadducean, *a* যিহুদী সম্প্রদায় বা ধর্ম্মমত সম্বন্ধীয়, Belonging to the sadducees or to their doctrines

Sadducee, *n* পরকালের অস্তিত্ব সম্বন্ধে অবিশ্বাসী যিহুদী সম্প্রদায় বিশেষ, One of a Jewish school or party who denied the resurrection of the body, the existence of spirits, and a future state

Sadduceeism, *n.* যিহুদীদিগের পরকাল অস্বীকার, The tenets or opinions of the Sadducees, denial of the resurrection [fully, heavily

Sadly, *ad* দুঃখিতভাবে, ক্ষুণ্ণমনে; অত্যন্ত, Sorrow-

Sadness, *n* বিষণ্ণতা, শোক, দুঃখ, Serious gravity, grief, woful expression *Syn* —Sorrow, heaviness dejection, melancholy, dejectedness, gloominess, mournfulness

Safe, saf, *a* নির্ব্বিঘ্ন, নিরাপদ, Free from danger secure, trusty —অক্ষুণ্ণ, অক্ষত দেহ, Uninjured, unharmed —*n* নিরাপদ স্থান, Place of safety —লোহার সিন্দুক, Iron-chest —খাদ্যাদি রাখিবার আলমারি, A chest for meats *Syn* —(*a*) Unendangered, unharmed, unscathed, unhurt, sound protected guarded, sure trust-worthy, reliable

Safe and sound—ঠিকঠাক, Perfectly safe and in good condition

Safe-bind, Safe find—যত্ন করিয়া দ্রব্যাদি রাখিলে সময়ে পাওয়া যায় Things carefully kept will be found safe when wanted

Safe conduct, *n* শিবিরে গমনার্থ অভয়দান বা লিপি পরোয়ানা অভয়পত্র ছাড়চিঠি Free pass through an enemy's forces, warrant of security.

Safe-guard, saf gard *n* রক্ষা Protection —পরোয়ানা, অভয় পত্র ছাড় চিঠি, রক্ষক A guard warrant or pass-port to protect a traveller —*v* রক্ষা কৃ, Guard *Syn* —(*n*) Defence, convoy escort, passport

Safely, *ad* নির্ব্বিঘ্নে, নিরাপদে।

Safety, Safeness, *n* নিরাপদ, নির্ব্বিঘ্নতা, রক্ষা Freedom from danger or loss, protection দৃঢ় বন্ধন Close custody [tal

Safety-fuse, *n* বাতি বিশেষ, A water-proof wov

Saftey-lamp, [illegible] lamp *n* [illegible], A lamp surrounded by wire-gauze used for safety in mine

Safety match, *n* বিলাতী দিয়াশলাই।

Safety-valve, saftu valv, *n* বাষ্প সরণি, বাষ্প নির্গমের একটা পথ A valve to facilitate the escape of steam and prevent explosion —নির্গমন Vent —বাধা রক্ষা করে, Safe-guard

Safflower, *n* কুসুম ফুল An annual flower

Saffron, safrun, *n.* জাফরান কুঙ্কুম, Crocus a colouring substance prepared from its flower —*a* গাঢ় পীতবর্ণ, Deep yellow

Sag, *v t* বসিয়া যা দাবিয়া যা To settle

Saga, saga *n* উক্তি, বাক্য A tale, a saw, saying —স্ক্যাণ্ডিনেভিয়া দেশীয় কিম্বদন্তী, A Scandanavian legend

Sagacious, sa-ga'she-us, *a* [L *sagax*, from *sagire* to perceive quickly] তীক্ষ্ণবুদ্ধি, সূক্ষ্মদর্শী বিচক্ষণ, বুদ্ধিমান, জ্ঞানী চতুর, সতর্ক, Acute wise, shrewd, discerning —তীক্ষ্ণ ঘ্রাণশক্তিবিশিষ্ট Keen scented *n*=sagaciousness (চতুরতা, বিচক্ষণতা)। *ad*=sagaciously (চাতুর্য্যসহকারে)। *Syn* —Shrewd, sage judicious, intelligent, sharp-witted, longheaded

Sagacity, sa gase-te, *n.* বিচক্ষণতা; তীক্ষ্ণবুদ্ধি সূক্ষ্মদর্শন, চতুরতা Acuteness of penetration, shrewdness *Syn* —Acuteness, sharpness, astuteness, discernment wisdom, judiciousness

Sage, saj *a* [L *sagus*, wise man] প্রাজ্ঞ, জ্ঞানী সুবিজ্ঞ, বিবেচক, Wise, discriminating, prudent

—সুবিজ্ঞ ব্যক্তি ; জ্ঞানী লোক ; A wiseman :—উদ্ভিদ বিশেষ ; A garden herb :—প্রগাঢ় দার্শনিক পণ্ডিত ; A grave philosopher. *n*=sageness (পাণ্ডিত্য ; প্রাজ্ঞতা) । *ad*=sagely (বিজ্ঞতা সহকারে) । *Syn* :—Judicious, prudent ; sagacious, sapient, intelligent, knowing, shrewd, acute.

Holy sage—ঋষি ; মুনি ; তপস্বী ।

Sagittal, saj́it-al, *a.* [L. *sagitta*, an arrow] শরসম্বন্ধীয় ; তীর-সদৃশ ; Pertaining to, or like an arrow.

Sagittarius, saj-i-tǽri-us, *n.* ধনুরাশি ; নবমরাশি ; The Archer, one of the 12 signs of the zodiac.

Sago, sǽgo, *n* সাগু ; সাগুদানা ; A dry starch produced from the pith of several palms in the East India Islands &c., used for food.

Said, *p. t.* and *p. p.* Of say :—*p. a.* কথিত ; উক্ত ।

Sail, sāl, *n.* পাল, A sheet of canvas, &c. hoisted on the mast :—জাহাজ ; A ship :—জলপথে ভ্রমণ ; A trip or excursion in a vessel :—*v. i.* পালভরে-যা ; জলপথে-যাওয়া ; জলযাত্রা আরম্ভ-কৃ ; To be moved by sails ; to set sails ; to go by water :—*v. t.* আকাশমার্গে উড্ডীন-হ বা উড়া ;—জলপথে গমনাগমন-কৃ , (পোতাদি) চালান ; To navigate.

Full sail—সকল পাল খুলিয়া ।

Loose sails—পাল ছাড়িয়া-দে । [of sail.

Make sail—Extend an additional quantity

Sail close to the wind—ন্যায় বা ঔচিত্যের নিকট নিকট-যা । [sail.

Set a sail—পাল বিস্তার-কৃ ; Expand or spread the

Set sail—জলপথে ভ্রমণ-কৃ ; Make a voyage.

Sails under false colours—ছলনা করিবার চেষ্টা-কৃ , Pretend to be what one is not ; to try to deceive. [tent of sail.

Shorten sail—পাল কমাইয়া-দে , Reduce the ex-

Strike sail—হঠাৎ পাল নামান , হারমানা ; Lower the sail suddenly

Take the wind out of one's sails—কোন সুবিধায় বঞ্চিত-কৃ । [spread.

Under sail—পালভরে চালিত ; Having the sails

Sailable, *a.* জাহাজাদির গম্য ; Navigable.

Sail-cloth, sāĺkloth, *n.* পাল প্রস্তুত করিবার কাপড় , কোম্বস্ ; A strong cloth for sails.

Sailer, *n.* জলযাত্রী ; জলযান , He who, or that which, sails. [sailing.

Sailing, *n.* পোতবাহন ; সমুদ্র-যান , The act of

A sailing boat—যে নৌকা পালভরে চলে ।

Sailing orders—Orders for sailing.

Sailor, sāĺer, *n.* নাবিক , মাল্লা ; খালাসী ; Mariner, seaman, sea-farer, tar, navigator.

Sail-yard, *n.* পালিদণ্ড । [der-plant.

Sain-foin, *n.* উদ্ভিদ্ বিশেষ , A leguminous fod-

Saint, sānt, *n.* [L. *sancio*, to render sacred] ধার্ম্মিক ব্যক্তি , ঋষি , সাধু ; সিদ্ধ পুরুষ ; A holy person , one eminent for piety and virtue :—রোমান ক্যাথলিক ধর্ম্মের মধ্যে গণনীয় ব্যক্তি ; One cannonised by the Roman Catholic Church.

A patron saint—অভিভাবক স্বর্গদূত ।

Saint Andrew, *n.* Patron of Scotland.

Saint Andrew's cross, *n.* Flag of Scotland.

Saint Andrew's day—30th November.

Saint Bratholomew's day, *n.* August 24th ; slaughter of the Huguenots at Paris.

Saint Brice's day, *n.* Slaughter of the Danes in England.

Saint Cecilia—Patroness of Music.

Saint Denis, *n.* Patron of France and Portugal.

Sainted, sānt́ed, *a.* পবিত্র ; সিদ্ধ ; Made holy ; sacred :—স্বর্গীয় , স্বর্গত ; Gone to heaven.

Saint George, *n.* Patron of England.

Saintly, *a.* সিদ্ধবৎ , সাধু , ঋষিতুল্য ; বিমল ; পবিত্র ।

Saintly, sānt́le, **Saintlike**, sānt́lik, *a.* পুণ্যাত্মা জনোচিত , Like a saint. *Syn* :—Devout, religious, holy, godly, pious.

Saint Nicholas—Patron of children.

Saint Nichola's clerks—চোর ; Thieves.

Saint Patric—Apostle and patron of the Irish.

Saint Peter's church—The grand church at Rome.

Saint Simonian, *n.* A follower of Saint Simon, who recommended a community of interests as a cure for all social evils.

Saint Stephen—Patron of Hungury.

Saint Valentine, *n.* Patron of Lovers.

Saint Valentine's day, *n.* 14th Febuary.

Saint Vitus' dance, *n.* Chorea.

Sake, sāk, *n.* [A. S. *sacu*, *sac*, strife] উদ্দেশ্য ; কারণ ; হেতু ; জন্য ; খাতির ; Final cause ; purpose ; end , account ; regard. *Syn* :—Reason ; regard, respect, consideration.

For conscience' sake—ধর্ম্মবুদ্ধির অনুরোধে ; ধর্ম্মমত বা ধর্ম্মজ্ঞান বজায় রাখিবার নিমিত্ত ; With a view to *maintain* what one's conscience tells, to avoid acting against one's conscience.

For its own sake—কোন বিষয়ে আন্তরিক অনুরাগ বশতঃ ; From a natural loving towords it, from a love of it [to God.

For God's sake—দোহাই ঈশ্বরের ; Out of love

For one's sake—কাহারও জন্য ; On one's account :—কাহারো খাতিরে ; Out of regard to.

For the sake of—জন্যে ; খাতির , On account of :—লাভ বা রক্ষা করিবার নিমিত্ত ; For the purpose of obtaining or securing. [Salutation ; homage.

Salaam, **Salam**, *n.* সেলাম ; সেলাম ; নমস্কার ;

Salacious, sal-āśhe-us, *a.* [L. *salax*, to leap] লম্পট , কামুক ; Lustful. *Syn* :—Lewd, lecherous, lascivious, wanton, prurient ; exciting, stimulating, voluptuous

Salad, saĺad, *n.* কাঁচা শাকের চাটনি বা খণ্ড ; কাঁচা শাকের ব্যঞ্জন ; Raw herbs dressed with oil, vinegar. [of soda and salt.

Saleratus, *n* সোডা ও লবণের মিশ্রণ , A mixture

Salamander, saĺa-man-der, *n.* সরীসৃপ ; কৃকলাশ ; A reptile once supposed to be able to live in fire.

Salamandrine, sal-a-mańdrin, *a.* অগ্নিসহ ; Enduring fire.

Sal-ammoniac, *n.* লবণ বিশেষ , A salt.

Salaried, saĺa-rid, *a.* বেতনভুক্ ; বেতনগ্রাহী , বৈতনিক ; Receiving a salary.

Salary, saĺa-re, *n.* বেতন ; মাহিনা ; মজুরী ; Wages, pay :—*v. t.* বেতন-দে , To pay salary. *Syn* :—Stipend, hire, allowance, remuneration.

Sale, sāl, *n.* বিক্রয় ; Selling ; the act of selling :—বাজার ; Market :—নিলাম ; Auction :—কাট্‌তি ; খাপ , আবশ্যকতা Demand.

On sale, For sale—বিক্রয়ার্থ স্থাপিত।
Saleable, sāla-bl, *a.* বিক্রেয় ; বিক্রয়যোগ্য ; That may be sold ; being in good demand. *n*=saleableness. *ad*=saleably. [who sells goods.
Salesman, sālzman, *n.* বিক্রেতা ; বিক্রয়কারী ; One
Salic, salik, *a.* ফ্রান্সের আইন-বিশেষ সংক্রান্ত ; Denoting a law as in France, by which males alone can inherit to the throne.
Salicine, *n.* জ্বরঘ্ন ঔষধ বিশেষ।
Salient, sāle-ent, *a.* [L. *saliens*, *ppr.* of *salire*, to leap] প্রধান ; স্পষ্ট প্রকাশমান ; মুখ্য , Prominent ; chief ; conspicious :—লম্ফকারী ; Bounding :—বহির্গামী ; Projecting outwardly. *ad*=saliently (স্পষ্টরূপে)। *n*=salience. *Syn* :—Projecting, jutting, in relief ; striking, remarkable.
Saliferous, *a.* [L. *sal*, salt, *fero*, to bear] লবণোৎপাদক ; Producing salt.
Salify, sali-fi, *v. t.* লবণ-কৃ ; To combine with an acid in order to make a salt.
Saline, sālin, *a.* লবণাক্ত ; লাবণিক ; Consisting of or containing salt :—*n.* লবণোৎস ; ভৈষজ্য-লবণ ; A salt spring. *n*=salineness.
Salinometer, *n.* যন্ত্রবিশেষ।
Saliva, sa-li'va, *n.* লালা ; Spittle. *a*=salival, salivary (লালা-নিঃসারক ; লালস্রাবী)।
Salivary glands—লালা-নিঃসারক গ্রন্থী।
Salivate, sali-vāt, *v. t.* অতিরিক্ত লালা উৎপাদন-কৃ ; লালাস্রাব করান ; To produce an unusual amount of saliva.
Salivation, sal-i-vāshun, *n.* অতিরিক্ত লালা নির্গমন ; লালা নিঃসরণ ; An unnatural flow of saliva.
Sallet, *n.* শিরস্ত্রাণ বিশেষ ; A helmet [রসরঙ্গ।
Sallies of youth—যৌবনকালের আমোদপ্রমোদ বা
Sallow, salō, *a.* পিঙ্গলবর্ণ বিশিষ্ট ; ঈষৎ পীতবর্ণ ; ম্লান ; মলিন ; Of a pale, yellowish colour :—*n.* বৃক্ষ বিশেষ ; A tree. *n*=sallowness.
Sally, salē, *n.* হঠাৎ বহির্গমন ; বহির্ধাবন ; নির্গম ; Bursting forth ; excursion :—কল্পনা-রসিকতা প্রভৃতির উচ্ছ্বাস ; A flight of fancy, wit &c. :—লঘুতা ; চাপল্য ; Levity :—*v. t.* হঠাৎ বহির্গত-হ ; To rush out suddenly. *Syn* :—(*n*) Sortle ; digression ; frolic, escapade ; jest, joke, quip, witticism.
Sally-port, sali-pōrt, *n.* সৈন্য নির্গম-পথ ; নির্গমদ্বার ; A port, a gate or passage by which a garrison may make a sally.
Salmagundi, sal-ma-gundi, *n.* খণ্ডিত মৎস্য-মাংসাদির আচার বিশেষ ; A mixture of chopped meat and seasoning ; a medley.
Salmon, samun, *n.* মৎস্য বিশেষ ; A fish.
Salmon-trout, *n.* মৎস্য বিশেষ ; A trout resembling the salmon, but smaller and thicker in proportion.
Saloon, sa-lōōn, *n.* সুসজ্জিত প্রশস্ত কক্ষ ; নাচ-ঘর ; পান-প্রকোষ্ঠ ; Spacious room ; place of entertainment ; hall of reception , place of refreshment : —প্রধান কামরা ; A main cabin.
Saloop, sa-lōōp', *n.* পানীয় বিশেষ ; A beverage.
Salsify, *n.* উদ্ভিদ্ বিশেষ ; A plant.
Salt, sawlt, *n.* লবণ ; ক্ষার ; Muriate of soda :—মসলা ; Seasoning :—আস্বাদন ; স্বাদ ; Taste :—বুদ্ধি ; Wit :—রসিকতা ; আমোদ ; Merriment ; piquancy : —বৃদ্ধ নাবিক ; Old sailor :—*a.* লবণাক্ত ; লবণপূর্ণ , Containing salt :—কটু ; তিক্ত ; উগ্র ; তীব্র ; Pungent :—লবণাস্বাদী ; Tasting of salt :—*v. t.* লবণাক্ত-কৃ ; নুনে জরান ; To sprinkle or season with salt. *ad* =saltly. *n*=saltness. [খাওয়া ; Be maintained by.
Eat the salt of, Eat one's salt—কাহারও নিমক
Old salt—বৃদ্ধ নাবিক। [good men.
The salt of the earth—সার লোক ; Essentially
True to one's salt—নিমকের চাকরের ন্যায় বিশ্বাসী ; বিশ্বাসঘাতক নহে ; নিমকহালাল ; প্রভুর অনুরক্ত ; Faithful to one's employer, not acting treacherously.
Worth one's salt—বেতনের উপযুক্ত।
Saltant, saltant, *a.* [L. *salio*, to leap] লম্ফকারী ; নৃত্যকারী ; লম্ফমান ; Leaping ; dancing.
Saltation, sal-tāshun, *n.* লম্ফ ; A leaping or jumping :—স্পন্দন ; Beating. [of leaping.
Saltatorial, *a.* উল্লম্ফনক্ষম ; Having the power
Saltatory, sal-tā-tor-i, *a.* লম্ফকারী ; নর্তনশীল ; Leaping ; dancing. [holding salt.
Salt-cellar, *n.* লবণাধার ; A small vessel for
Salter, sowlter, *n.* লবণ-বিক্রেতা ; লবণ-প্রস্তুতকারক ; One who sells salt ; maker of salt.
Salt-fish, *n.* লোনা মাছ।
Salt-gauge, *n.* লবণাক্ত জলের শক্তিমান যন্ত্র ; An instrument for testing the strength of saltwater.
Saltire, Saltier, *n.* কুলচিহ্ন বিশেষ ; An escutcheon in the form of an X.
Saltish, Salty, *a.* অল্প লোনা ; কিঞ্চিৎ লবণাক্ত ; Somewhat salt. [of salt ; insipid.
Saltless, *a.* আলুনী ; লবণহীন ; বিস্বাদ , Destitute
Saltmarsh, *n.* তৃণভূমি বিশেষ ; Grass-land.
Saltpan, sawltpan, *n.* লবণ কটাহ বা পাত্র ; A pan for boiling salt.
Salt-petre, sawlt-pē'tér, *n.* যবক্ষার , সোরা , A salt consisting of nitric acid and potassa , nitre.
Salt-pit, *n.* লবণ খনি ; A pit where salt is obtained.
Salt-spring—ক্ষারী উৎস।
Salt-water—লোনা জল ; অশ্রু। [salt is made.
Salt-work, *n.* লবণের কারখানা ; A place where
Salubrious, sal-ū'bre-us, *a.* [L. *salubris*, from *salus*, health] *a.* স্বাস্থ্যজনক , স্বাস্থ্যকর ; Wholesome ; healthful ; healthy ; salutary. *ad*=salubriousy. *n*=salubriousness. [ness.
Salubrity, *n.* স্বাস্থ্যজনকত্ব ; স্বাস্থ্যকরতা ; Healthful-
Salutary, salū-târ-e, *a.* স্বাস্থ্যকর ; Healthy ; wholesome :—হিতজনক ; উপকারী ; উপকারক , Beneficial. *n*=salutariness. *Syn* :—Salubrious, healthful ; useful, advantageous, profitable.
Salutation, sal-ū-tāshun, *n.* অভিবাদন ; নমস্কার ; প্রণাম ; Welcome ; greeting :—চুম্বন ; Kiss. *Syn* : —Salute, address , obeisance, reverence, bow, courtesy ; congratulation.
Salute, sal-ūt, *v. t.* [L. *salutare*, *salus*, health, safety] অভিবাদন-কৃ ; অভ্যর্থনা-কৃ ; Welcome :—চুম্বন-কৃ ; To kiss :—*n.* অভিবাদন ; অভ্যর্থনা , Greeting :—সম্মানার্থ তোপ ; A discharge of cannon in honour of any one :—চুম্বন ; Kiss. *Syn* :—(*v*) Greet, hail, bow to, accost ; kiss , honour.
In satute—নমস্কার বা অভিবাদন করিতে।
Salvable, *a.* [L. *salvo*, to save] উদ্ধারণীয় ; Capable of being saved. *ad*=salvably, *n*=salvability, salvableness.

Salvage, salvāj, *n.* জাহাজ রক্ষা করণার্থ পুরস্কার ; উদ্ধৃত ডুবো মাল ; Compensation for saving a ship &c., from wreck ; the cargo and materials saved.

Salvation, sal-vāshun, *n.* রক্ষা করণ ; পরিত্রাণ ; Preservation ; rescue :—মুক্তি ; মোক্ষ, উদ্ধার ; নিস্তার ; The saving of man from eternal misery. *Syn* :—Deliverance, saving, rescue ; safety, security.

Salvation Army—মুক্তি ফৌজ।

Salve, säv, *n.* মলম ; প্রলেপ ; Ointment :—সাহায্য ; প্রতিকার ; A help ; remedy :—*v. t.* মলম-দে ; প্রলেপ-দে ; Apply ointment to sores :—প্রতীকার-কৃ ; To remedy :—অগ্নিজলাদি হইতে রক্ষা-কৃ।

There is a salve for every sore—প্রত্যেক রোগের ঔষধ আছে ; There is a remedy for every evil.

Salver, salvér, *n.* রেকাব, থাল ; A tray ; a plate.

Salvo, salvō, *n.* আনন্দ প্রকাশার্থ তোপ ; চীৎকার ধ্বনি ; Salute of artillery ; salute with guns :—ওজর ; বাধা ; ব্যত্যয়, Exception ; excuse. *pl*=salvos.

Salvolatile, *n.* Volatile salt.

To stand Sam—To be made to pay the reckoning.

Uncle Sam—The United States Government.

Samaritan, sa-mar'i-tan, *a.* Pertaining to Samaria, a city in Palestine :—*n.* সামেরীয়া দেশের অধিবাসী ; An inhabitant of Samaria :—দয়ালু ব্যক্তি ; Kind person :—সামেরীয়া ভাষা ; The language of Samaria.

A good samaritan—খাঁটি ভদ্রলোক ; A really kind hearted man who helps men in need or trouble.

Samboo, zambo, *n.* কৃষ্ণকায় জাতি বিশেষ ; কাফ্রি।

Same, sām, *a.* সেই, সমান, সম ; তুল্য ; একই, সদৃশ ; Identical, similar :—পূর্ব্বোক্ত, Mentioned below. *n*=sameness.

All the same—একই কথা ; তা হলেও ; তথাপি ; All one.

Sameness, sāmnes, *n.* একত্ব ; সাম্য ; অভিন্নত্ব ; সাদৃশ্য, State of being the same ; identity, near resemblance. *Syn* :—Oneness, uniformity, identicalness, correspondence, similarity.

Samite, *n.* পট্টবস্ত্র, Silk stuff.

Samphire, sam-fir, *n.* পার্ব্বত্য ঔষধি ; লতা বিশেষ ; An herb found chiefly on rocky cliffs near the sea, used in pickles and salads.

Sample, sampl, *n.* [L. *exemplum*, example] আদর্শ ; নমুনা, A specimen :—উদাহরণ ; An example :—*v. t.* নমুনা-ল, To take samples of. *Syn* :—(*n*) Example, illustration, exemplification, instance, pattern, sampler.

Sampler, samplér, *n.* ছাঁচ, নমুনা ; A pattern of work.

Sampon, *n.* চীনদেশীয় নৌকা, Chinese boat.

Sampson, *n.* অতি বলবান লোক ; A man very strong.

Sanable, sana-bl, *a.* [L. *sano*, to heal] সুস্থ ; আরোগ্যযোগ্য, প্রতিকার্য্য ; Sound ; curable. *n*=sanability.

Sanatary, Sanatory, sana-tor-e, *a.* [L. *sanare*, to heal] স্বাস্থ্যকর, স্বাস্থ্য-বিধায়ক ; আরোগ্য-জনক, আরোগ্য ; Conducive to heath. *Syn* :—Sanative, sanitary, curative, remedial, therapeutic, hygienic. [Healing. *n*=sanativeness.

Sanative, sana-tiv, *a.* আরোগ্যকারক, আরোগ্যকর,

Sanatorium, Sanatarium, san-i-tāri-um, *n.* স্বাস্থ্যকর স্থান, আরোগ্যপ্রদ স্থান ; আরোগ্য গৃহ ; A healthy station.

Sanctification, sangk-te-fe-kāshun, *n.* পবিত্র-করণ ; শুদ্ধকরণ ; উৎসর্গ ; Holiness, purification, consecration.

Sanctify, sangkte-fi, *v. t.* [L. *sanctus*, holy, *facere*, to make] পবিত্র-কৃ ; শুদ্ধ-কৃ ; To make sacred ; consecrate :—পাপমুক্ত-কৃ ; To free from sin. *n*=sanctification. *Syn* :—Hallow ; purify.

Sanctiloquent, *a.* পবিত্র বিষয়ের কথক ; Speaking of holy things.

Sanctimonious, sangkti-mō'ni-us, *a.* পবিত্র ; পূত ; Holy, devout :—ধর্ম্মধ্বজী ; পবিত্রতার ভাণযুক্ত ; Affecting holiness. *n*=sanctimoniousness, *ad*=sanctimoniously.

Sanctimony, *n.* পবিত্রতা ; শুদ্ধতা ; Holiness :—পবিত্রতার ভাণ ; Pretended sanctity.

Sanction, sangkshun, *n.* [L. *sanctio*,—*sancire*, to fix unalterably] দৃঢ়ীকরণ ; মঞ্জুর ; অনুমোদন ; সমর্থন, Confirmation ; ratification, support :—*v. t.* মঞ্জুর-কৃ, অনুমোদন-কৃ ; সমর্থন-কৃ ; To authorise ; to ratify ; to countenance. *Syn* :—(*n*) Authorization, authority, countenance, support. (*v*) Ratify, confirm, warrant, allow, support.

Sanctity, sangk'te-te, *n.* [L. *sanctitas*,—*sanctus*, holy] পবিত্রতা ; সাধুতা ; শুদ্ধতা ; Purity ; godliness ; holiness. *Syn* :—Piety, devotion, goodness, religiousness ; sacredness, solemnity.

Appearance of sanctity—বাহ্য বা কৃত্রিম নিষ্ঠা।

Sanctuary, sangk'tū-ar-e, *n.* ধর্ম্মমন্দির ; দেবালয় ; পবিত্র স্থান, A sacred place ; a temple :—আশ্রয়-স্থান, রক্ষা স্থান, Secret place of shelter for criminals ; refuge. *Syn* :—Church, shrine ; asylum, refuge, shelter.

Sanctum, *n.* পবিত্র স্থান, নিভৃত কক্ষ ; Sacred place, private room.

Sand, sand, *n.* বালি, বালুকা ; Fine particles of stone :—*pl.* সৈকত, বালুকাময় তট ; A sandy beach :—*v. t.* বালি মণ্ডিত-কৃ, To sprinkle with sand.

To number the sands—অনন্ত কার্য্যে নিযুক্ত-হ ; To undertake an endless or impossible task.

Sandal, sandal, *n.* জুতা বিশেষ, চর্ম্ম-পাদুকা ; Shoe tied with strings around the ankle ; a loose slipper.

Sandalled, sandald *a.* স্যাণ্ডাল-পাদুকাধারী ; Wearing sandals.

Sandal-wood, *n.* চন্দন কাষ্ঠ, A well-known tree, an incense.

Sand-bag, *n* বালির থলে বা বস্তা ; Bag of sand.

Sand-bank, *n.* বালুকাময় তট, চড়া, Bank of sand.

Sand-bath, *n.* উত্তপ্ত বালুকাপূর্ণ পাত্র ; A vessel filled with heated sand.

Sand-blind, *a.* অস্পষ্ট-দৃষ্টি ; কাণা-নজর ; Blind with gazing on the sands ; purblind. *n*=sand-blindness.

Sand-drift, *n.* বায়ু দ্বারা সঞ্চালিত বালি ; মরুভূমি ; Drifting sand.

Sanded, *a.* বালুকাবৃত। [found under sand.

Sandeel, sandēl, *n.* মৎস্য বিশেষ, A small eel

Sanderling, *n.* পক্ষিবিশেষ, A small bird.

Sanders, *n.* রক্তচন্দন। [in a desert.

Sand-flow, *n.* বালুকার প্রবাহ ; Flowing of sand

Sand-glass, sandglas, *n.* বালির ঘড়ি ; Hour glass.

Sand-heat, sandhet, *n.* উত্তপ্ত বালুকার তাপ ; The heat of warm sand.

Sand-hill, *n.* বালুকা-শৈল ; বালুস্তূপ।

Sandiver, *n.* কাচের গাদ ; The saline scum.

Sand-martin, sand-mar'tin, *n.* গাঙশালিক ; তালচঞ্চু পক্ষী ; Swallow.

Sand-paper, sand'-pāpėr, *n.* বালিমিশ্রিত কাগজ ; শিরীস কাগজ ; A paper covered on one side with a kind of sand for smoothing and polishing.

Sand-piper, sand'pī'per, *n.* জলচর পক্ষী ; A wading bird.

Sand-pillar, *n.* বালুকা-স্তম্ভ।

Sand-pit, *n.* বালি খনন করিবার স্থান ; Place for digging sand.

Sand-rock, *n.* বালুকা-শিলা ; A rock made of cemented sand.

Sand-stone, *n.* বালুকাময় প্রস্তর, বেলে পাথর, A soft porous kind of stone, stone made of consolidated sand.

Sand-storm, *n.* বালুকা-মেঘ ; A cloud of drifting sand.

Sandy, sad'i, *a.* বালুকাময় ; বালিপূর্ণ ; Consisting of sand.

Sandwich, *n.* দুই টুকরার রুটি মধ্যস্থিত মাংসখণ্ড, মধ্যে মাংসবিশিষ্ট দুইখণ্ড রুটি ; Slice of meat between two slices of beat.

Sandwich-man, *n.* যে সম্মুখে ও পশ্চাতে প্রচারপত্র লইয়া পথে পথে ঘোরে।

Sane, sān, *a.* সুস্থ ; প্রকৃতিস্থ ; নির্ম্মল বুদ্ধি ; Healthy, sound in mind or body. *ad*=sanely (বিবেকীর মত)। *n*=saneness (মানসিক সুস্থতা)। *Syn* :—Lucid, sober, underanged, sensible.

Sang, *pa. t.* Of sing.

Sangfroid, *n.* সুস্থিরতা ; Calmness :—উদাসীন্য।

Sangreal, *n.* The vessel from which Jusus drank at the Last Supper.

Sanguinary, sang'gwin-ar-e, *a.* [L. *sanguis*, blood] রক্তস্রাবী ; খুনে, রক্তাক্ত ; রক্তময় ; রক্তপিপাসু, Bloody ; attended with much bloodshed ; bloodthirsty :—নিষ্ঠুর ; Cruel. *ad*=sanguinarily, *n*=sanguinariness. *Syn* :—Murderous ; savage, cruely truculent.

Sanguine, sang'gwin, *a.* আশাপূর্ণ ; আশাপ্রদ ; সুপ্রত্যাশী ; Hopeful ; full of hope :—গাঢ় ; লাল, Deep ; red :—ব্যগ্র ; Ardent :—আশ্বস্ত, Confident. *ad*=sanguinely (ব্যগ্রভাবে)। *n*=sanguineness (ব্যগ্রতা ; বিশ্বাস)। *Syn* :—Animated, lively, warm, confident, buoyant ; crimson.

Sanguineous, sang-gwin̍e-us, *a.* রক্তময় ; শোণিত-সম্বন্ধীয় ; রক্তপূর্ণ ; Resembling or constituting blood ; blood-red.

Sanguinivorous, *a.* রুধিরপায়ী ; Subsisting upon blood

Sanhedrim, san̍he-drim, *n.* ইহুদীদিগের প্রধান সভা ; The highest council of the Jews.

Sanies, *n.* পুঁজনির্গমন ; ঘা হইতে নিঃসৃত রস ; Purulent discharge.

Sanitary, san̍i-tar-i, *a.* স্বাস্থ্যকর ; স্বাস্থ্যসম্বন্ধীয় ; Hygienic ; pertaining to promote health. *n*=sanitarium (স্বাস্থ্যপ্রদ স্থান)।

Sanitation, *n.* স্বাস্থ্য বিজ্ঞান, স্বাস্থ্য রক্ষা ; Hygiene.

Sanity, san̍i-ti, *n.* মনের বা দেহের সুস্থতা ; ধৃতি ; Soundness of mind or body ; saneness.

Sans, *pre.* বিনা ; Without.

Sansculotle, *n.* পাজিলোক ; Ragamuffin ; pretended, republican :—চীরধারী লোক ; A ragged fellow.

Sanskrit, sans'krit, *n.* সংস্কৃত ভাষা ; The ancient language of the Hindoos.

Santonine, *n.* কৃমিনাশক ঔষধ বিশেষ ; A vegetable medicine.

Santooism, *n.* জাপানের প্রধান ধর্ম্ম ; The chief religion of Japan.

Sap, sap, *n.* বৃক্ষের রস বা সার ; The vital juice of plants :—*v. t.* অধঃখনন-কৃ ; Undermine.

Sap the foundation—ক্রমশঃ ধ্বংস-কৃ ; Destroy gradually.

Sapid, sap'id, *a.* [L. *sapio*, to taste] সুস্বাদ ; স্বাদু ; সুরস ; রুচিকর ; Well tasted ; savoury.

Sapidity, Sapidness, *n.* সুস্বাদুতা ; Savouriness.

Sapience, *n.* বিচক্ষণতা ; বিজ্ঞতা ; জ্ঞান, Wisdom, knowledge.

Sapient, sāpe-ent, *a.* [L. *sapiens*, *ppr.* of *sapere*, to have sense] বিচক্ষণ ; বিজ্ঞ ; Discerning ; wise ; sagacious. *Syn* :—Wise, sage, shrewd, knowing.

Sapless, *a.* নীরস ; শুষ্ক ; Dry.

Sapling, sap'ling, *n.* চারা গাছ ; A young tree.

Sapodilla, *n.* ফল বিশেষ, A fruit.

Saponaceous, sap-o-nā'shus, **Saponary,** sap'o-na-ri, *a.* সাবানের মত ; সাবান তুল্য ; Soap-like ; soapy.

Saponify, *v. t.* সাবানে পরিণত-কৃ ; Convert into soap.

Sapor, *n.* আস্বাদন ; রুচি ; Relish ; savour.

Sapper, *n.* সুড়ঙ্গকারী, One who saps :—দুর্গ-সংস্কারক সৈন্য।

Sapphic, saf'ik, *n.* স্ত্রী-কবি স্যাফো সম্বন্ধীয়, তাঁহার আবিষ্কৃত ছন্দ প্রণালী সূচক ; Pertaining to Sappho, a Grecian poetess ; denoting a kind of verse said to have been inverted by Sappho.

Sapphire, saf'ėr, *n.* নীলকান্ত মণি ; A gem ; a precious stone. *a*=sapphirine (স্যাফাযার মণি নির্ম্মিত বা তৎসদৃশ)।

Sappy, sap'i, *a.* রসযুক্ত, সরস, রসাল ; Juicy :—তরুণ ; অল্পবল ; Young, weak. *n*=sappiness.

Sap-tube, sap'tūb, *n.* রসবাহিকা ; A tube conveys sap.

Saracen, *n.* মুসলমানের সাধারণ নাম ; A Mahammedan.

Saracenic, Saracenical, *a.* Pertaining to the Saracens.

Sarcasm, sar'kazm, *n.* ব্যঙ্গ ; ব্যঙ্গোক্তি ; বিদ্রূপ ; Biting speech ; a bitter sneer ; taunt.

Sarcastic, sär-kas'tik, **Sarcastical,** sär-kas'-tik-al, *a.* ঠাট্টা ; ব্যঙ্গসূচক, বিদ্রূপাত্মক ; Bitterly satirical. *ad*=sarcastically.

Sarcophagous, sär-kof'a-gus, *a.* মাংসভুক্ ; মাংসভোজী ; Feeding on flesh.

Sarcophagus, sär-kof'a-gus, *n.* প্রস্তর নির্ম্মিত শবাধার, Stone-coffin.

Sarcenet, *n.* সরাপ দিবার পট্ট বস্ত্র বিশেষ ; A fine thin silk.

A sardanapalus—ইন্দ্রিয়পরতন্ত্র লোক ; A luxurious, extravagant, self-willed tyrant ; Sardanapalus was the king of Ninevah and Assyria noted for luxury and voluptuousness.

Sardin, sär'din, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A fish of the herring family :—প্রস্তর বিশেষ ; A cornelian stone.

Sardonic, sär-don̍ik, *a.* অপ্রকৃত ; অবজ্ঞাসূচক ; কাষ্ঠ ; রসহীন ; দেঁতো ; Having a forced heartless laugh.

Sardonic laugh—A convulsive passionate grin, the forced result of a certain disease.

Sardonic smile—কৃত্রিম হাস্য ; কাষ্ঠ হাস্য ।

Sardonyx, *n.* শিলাস্ফটিক বিশেষ ; A silicious stone.

Sarsa, sär'sa, **Sarsaparilla,** sär-sa-pa-ril'a, *n.* উদ্ভিদ বিশেষ ; সালসা ; A plant, its root ; a drug.

Sash, sash, *n.* সার্সি ; জানালার কাচের ফ্রেম ; A case or frame for panes of glass :—কটিবন্ধ ; Belt :—*v. t.* সার্সি-দে ; To furnish with sashes.

Sassafras, sas̀a-fras, *n.* ক্ষুদ্র বৃক্ষ বিশেষ ; A tree of [laurel.

Sat, *p. t.* of Sit.

Satan, sātan, *n.* শয়তান ; The devil :—মানবের পরম [শত্রু ; Great enemy of man.

Satanic, Satanical, *a.* শয়তান সদৃশ ; পৈশাচিক ; Devilish.

Satanophany, *n.* শয়তান অবতার ; An incarna- [tion of Satan

Satchel, sachel, *n.* ক্ষুদ্র থলি ; পুস্তকাদি রাখিবার থলে ; A little bag ; a bag for books, papers, &c.

Sate, sāt, *v. t.* অতিপূরিত-কৃ ; পরিতুষ্ট-কৃ ; To glut, to satiate.

Satellite, sat'el-līt, *n.* মোসাহেব ; অনুচর ; A subservient follower ; an obsequious follower :—উপগ্রহ ; A small planet revolving round another ; one of the bodies, which revolve round some of the planets. *Syn* :—Moon, attendant, follower, dependant.

Satiable, sāshi-a-bl, *a.* পরিতৃপ্তির যোগ্য ; পরিতর্প- [ণীয় ; That may be satiated

Satiate, sāshe-āt, *v. t.* পরিতৃপ্ত-কৃ ; পরিতুষ্ট-কৃ ; To gratify fully ; to satisfy ; to glut. *n*=satiation. *Syn* :—Sate, gorge, overfill, surfeit, glut.

Satiety, sa-tī'e-ti, *n.* পরিতোষ, পরিতৃপ্তি ; বিতৃষ্ণা ; অতিভোজন ; পরিপূর্ণতা, Surfeit.

Satin, sat'in, *n.* রেশমী বস্ত্র ; সাটিন ; A thickly woven glossy silk. *a*=satiny.

Satinet, sat'i-net, *n.* পাতলা রকমের সাটিন ; A thin species of satin.

Satinjean, *n.* পুরু কার্পাস বস্ত্র ।

Satin-wood, *n.* শক্ত সুন্দর কাষ্ঠ বিশেষ ; A hard ornamental wood.

Satiny, sat'in-i, *a.* সাটিন সদৃশ বা নির্ম্মিত ; Like or [composed of satin

Satire, sat'īr, *n.* বিদ্রূপ ; উপহাস ; ব্যঙ্গবাক্য, Ridicule ; lampoon ; taunt ; irony ; severity of remark. *Syn* :—Sarcasm, invective, philippic, diatribe.

Satiric, sa-tir'ik, **Satirical,** sa-tir'ik-al, *a.* উপহাসজনক ; বিদ্রূপাত্মক ; গ্লানিকর ; নিন্দাকর ; Sarcastic ; abusive. *ad*=satirically. *Syn* :—Cutting, poignant, censorious, bitter, reproachful.

Satirise, sat'ir-īz, *v. t.* উপহাস-কৃ ; অতি নিন্দা-কৃ ; To expose by satire ; to lampoon ; to censure severly.

Satirist, sat'ir-ist, *n.* বিদ্রূপকারী ; ব্যঙ্গ কবিতা-লেখক ; One who satirises ; one who writes satires.

Satisfaction, sat-is-fak'shun, *n.* সন্তোষ ; ইচ্ছার নিবৃত্তি ; পরিতোষ ; তুষ্টি ; তুষ্টিসাধন ; Gratification ; comfort ; that which satisfies :—ক্ষতিপূরণ ; পূরণ ; Amends :—প্রায়শ্চিত্ত ; Atonement :—সংশয়চ্ছেদ ; প্রত্যয় ; বিশ্বাস ; Conviction ; release from a state of doubt :—পরিশোধ ; Payment. *Syn* :—Content, pleasure, contentment, enjoyment, ease, comfort ; compensation ; remuneration, indemnification ; discharge.

In satisfaction—পরিশোধ স্বরূপ ; In discharge [or liquidation of a debt.

Satisfactory, sat-is-fak'tor-i, *a.* সন্তোষজনক ; সন্তোষদায়ক ; Satisfying ; giving content :—যথোচিত ; ক্ষতিপূরণকারী ; ক্ষতিপূরক ; Making amends or payment :—প্রায়শ্চিত্তকর ; প্রায়শ্চিত্তকারী ; Atoning :—সংশয়চ্ছেদক ; প্রত্যয়জনক ; Convincing. *n*=satisfactoriness, *ad*=satisfactorily.

Be satisfied with—সন্তুষ্ট-হ ; Be pleased with ; be content with.

To be satisfied—তুষ্ট বা প্রীত-হ ।

Satisfy, sat'is-fī, *v. t.* [L. *sat*, *satis*, enough, and *facere*, to make] পরিতৃপ্ত-কৃ ; সন্তুষ্ট-কৃ ; To please fully :—প্রত্যয় জন্মান ; নিঃসন্দেহ-কৃ ; সন্দেহভঞ্জন-কৃ, To convince, to free from doubt ; to discharge :—*v. i.* সন্তোষ-দে ; To give content :—শোধ-কৃ ; To make payment. *Syn* :—Satiate, content, please, gratify, sate ; recompense, compensate, remunerate, indemnity, atone ; convince ; fulfil, answer.

Satisfy (one) of—কোন বিষয়ে সম্বন্ধে সন্দেহভঞ্জন-কৃ ; Free one from doubt or suspense in regard to :—প্রতীতি জন্মাইয়া দেওয়া ; Convince one of.

Satrap, sātrap, *n.* পারসিক শাসনকর্ত্তা ; Persian viceroy. *feg*=satrapess.

Satrapy, sātrap-i, *n.* রাজত্বের অধিকার বা রাজ্য ; The government of a Satrap.

Saturable, sat'ū-ra-bl, *a.* পরিপূরণ-যোগ্য ; পরিপূরণীয় ; Such as may be saturated.

Saturate, sat'ū-rāt, *v. t.* পরিপূর্ণ-কৃ, শোষিত করান ; পরিপূরিত-কৃ ; To fill fully ; to unite till no more can be received. *n*=saturation (অনুবেধন ; প্রচুরতা) ।

Be saturated with—পরিপূর্ণ-হ ; Be soaked ; [be filled with.

The saturated spirit of camphor—কর্পূরের আরোক ।

Saturday, sat'ur-dā, *n.* শনিবার ; The last day [of the week.

Saturn, sat'urn, *n.* রোমানদিগের দেবতা ; The ancient Roman god :—শনিগ্রহ ; শনৈশ্চর, The tenth of the planets of the solar system.

Saturnalia, sat-ur-nālia, *n. pl.* শনির মহোৎসব, বীভৎস উৎসব, সাধারণ আমোদপ্রমোদ, The annual festival of Saturn ; general frolic.

Saturnalian, sat-ur-nāli-an, *a.* প্রমোদপ্রিয় ; ক্রীড়াতৎপর ; ব্যভিচারাসক্ত ; Riotously merry ; dissolute.

Saturnian, sa-tur'ni-an, *a.* শনিগ্রহসম্বন্ধীয় ; শনৈশ্চরের রাজ্যকালীন ; Pertaining to Saturn :—সুখী ; সুখময় ; Happy :—সরল ; Simple :—বিশুদ্ধ ; Pure :—Denoting the verse in which the oldest Latin poems were written.

Saturnian days—Days of dulness, when every [thing is venal.

Saturnine, sat'ur-nin, *a.* শনিগ্রস্ত ; অপ্রসন্ন ; অলস, বিষণ্ণ ; বিষাদগ্রস্ত ; Born under the influence of the planet Saturn ; gloomy ; dull ; morose ; grave ; phlegmatic.

Satyr, sat'er, *n.* অর্দ্ধ মনুষ্য ও অর্দ্ধ ছাগ এরূপ কল্পিত বনদেবতা, A silvan deity, represented as part man and part goat and extremely wanton. *a*=satyric.

Satyriasis, *n.* অতিরিক্ত সম্ভোগ প্রবৃত্তি ; Immo- [derate venereal appetite.

Satyric, *a.* বনদেবতা-সম্বন্ধীয় ; Pertaining to satyrs.

Sauce, saws, *n.* আচার ; চাটনি ; আস্বাদন ; রুচিকর উপকরণ ; Condiment for food, a relish :—ধৃষ্টতা ; তীব্র বচন ; Impertinence :—*v. t.* চাটনিযুক্ত-কৃ ; আচার-দে ; To put sauce into :—রুচিকর-কৃ ; সুস্বাদু-

কৃ; স্বাদবিশিষ্ট-কৃ; To give a higher relish :—তীব্র বা রূঢ় ভাষা প্রয়োগ-কৃ; প্রগল্ভ-হ; To treat with bitter or pert language; to be impudent.

Poor man's sauce—ক্ষুধা।

To serve one with the same sauce—প্রতিশোধ লওয়া; সমান শাস্তি দিয়া প্রতিহিংসা-কৃ; To retaliate one injury with another.

What is sauce for the goose is sauce for the garden—একজনের পক্ষে যাহা খাটে অন্যের পক্ষেও তাহা খাটা উচিত; Both must be treated exactly alike.

Sauce-boat, *n.* চাটনি ঢালিবার পাত্র; A vessel with a lip for pouring out sauce.

Sauce-box, *n.* ধৃষ্ট লোক; A saucy impudent fellow.

Saucer, saw'sėr, *n.* সানকি বিশেষ; রেকাবী; The shallow plate for tea or coffee cup.

Saucepan, saws'pan, *n.* কড়া; চাটু; A pan in which sauce or small things are boiled.

Sauciness, *n.* অশিষ্টতা, অবিনয়; Qulity of being saucy. *Syn* :—Impudence, impertinence, insolence, pertness, rudeness.

Saucy, saus'e, *a.* [L. *salsus*, salt; sharp] তীব্র; তীক্ষ্ণ; কটু; Sharp; pungent :—ধৃষ্ট; প্রগল্ভ; গর্ব্বিত; ঠেঁটা, Pert; insolent, impudent. *n*=sauciness (অসভ্যতা; বে-আদবি)। *ad*=saucily (ধৃষ্টবাক্যে; তীব্র ভাষায়)। *Syn* :—Impertinent, presumptuous, rude, forward, disrespectful.

Saul among the prophets—Applies to one who unexpectedly shines in a department not his own.

Saunter, sánter, *v. i.* ইতস্ততঃ ভ্রমণ-কৃ; টো টো করিয়া ঘুরা; গড়িমসি-কৃ; To wander about idly; to loiter :—*n.* ভ্রমণ; A sauntering :—বেড়াইবার স্থান; A place for sauntering. *Syn* :—Linger, stroll, roam, ramble.

Saurian, saw'ri-an, *n.* টিকটিকি বিশেষ; Lizard :—*a.* গোধা জাতীয়; টিকটিকি সম্বন্ধীয়; Pertaining to, or of the nature of, a saurian; lizard-like.

Sausage, *n.* মাংসের কাবাব বিশেষ; An article of food.

Sauterne, *n.* ফরাসি মদিরা বিশেষ; A kind of French wine.

Savage, savāj, *n.* [L. *silvaticus*, belonging to a wood] বর্ব্বর; অসভ্য; বন্য; Wild; uncivilised :—ভীষণ; ভয়ানক; Fierce :—ক্রূর; নিষ্ঠুর; পশুবৎ; Cruel; brutal :—*n.* অসভ্য লোক, বর্ব্বর লোক; A barbarian :—ক্রূরস্বভাব মনুষ্য; নিষ্ঠুর লোক; A brutal person. *Syn* :—Uncultivated, sylvan, rough; rude, brutish, ferocious, barbarous, pitiless, merciless, murderous.

Savagely, *ad.* অসভ্য বা নিষ্ঠুর ভাবে।

Savageness, Savagery, *n.* অসভ্যতা; Wildness :—বর্ব্বরতা; Barbarism :—ক্রূরতা; Cruelty.

Savannah, Savanna, sa-vańa, *n.* আমেরিকার প্রকাণ্ড তৃণপূর্ণ ভূমি; One of the extensive meadows in the west of North America.

Savant, *n.* পণ্ডিত; বিদ্বান্ ব্যক্তি; A man of learning.

Save, sāv, *v. t.* [L. *salvus*, saved, safe] রক্ষা-কৃ; বাঁচান; উদ্ধার-কৃ; মুক্ত-কৃ; ত্রাণ-কৃ; To rescue; to protect; to preserve :—সঞ্চয়ার্থ রাখা; সঞ্চয়-কৃ; To lay by; to economise; to reserve :—*v. i.* মিতব্যয়ী হ. To be economical :—*pre.* ব্যতীত; ব্যতিরেকে: Except :—*conj.* যদি না; Except; unless.

Save one's bacon—অনিষ্ট হইতে আপনাকে রক্ষা-কৃ: To preserve one's self from harm.

To save appearance—বাহিরের ঠাট বজায় রাখা; বাহিরের সম্ভ্রম রক্ষা-কৃ; To preserve a decent outside; to avoid exposure of anything disgraceful or embarassing.

Save-all, *n.* সব-বাঁচাউ ব্যক্তি; অপচয় নিবারণোপায়; A contrivance to save anything from being wasted.

Saveloy, *n.* কাবাবের মশলাদার চাটনি বিশেষ; A kind of dried sausage.

Saving, sāving, *a.* রক্ষাকারী; অনিষ্টনিবারক; Preserving from wrong :—মিতব্যয়ী: Economising: economical :—মুক্তিসাধক; মুক্তিদায়ক; Securing salvation :—*n.* পরিহার: Exception :—সঞ্চিত বস্তু; That which is saved :—*pl.* উপার্জ্জন; Earnings :—*pre. conj.* ব্যতিরেকে; ত্যাগ করিয়া। *ad*=savingly, *n*=savingness.

A saving clause—প্রতি-প্রসব।

Saving one's presence—অসম্মান না করিয়া; Without disrespect to.

Savings-bank, *n.* সঞ্চিত ধন গচ্ছিত-করণের স্থান বা গদি; A bank in which savings are deposited at interest.

Saviour, sāvyer, *n.* রক্ষাকারী; ত্রাণকর্ত্তা; পরিত্রাতা; One who saves from evil. *Syn* :—Deliverer, rescuer, preserver, protector, defender, guardian.

The Saviour—যীশুখৃষ্ট; Jesus Christ.

Savory, *n.* শাক বিশেষ; An aromatic kitchen herb.

Savour, sávur, *n.* [L. *sapor—sapere*, to taste] আস্বাদন; স্বাদ-গন্ধ; ঘ্রাণ; Taste; odour, scent :—প্রতিপত্তি; Reputation :—*v. t.* বিশেষ আস্বাদন থাকা; কোনও স্বাদ বা গন্ধবিশিষ্ট-হ; To have a particular taste or smell :—সমান-হ; তুল্য-হ; To be like. *ad*=savourly. *n*=savouriness. *Syn* :—(*n*) Flavour, relish, gout, smack; smell.

Seamless, sēmles, *a.* আগাগোড়া বোনা ; Woven throughout.
Seamstress, sēmtress, *n.* স্ত্রীলোকের সূচীকর্ম্ম উপজীবিকা ; সূচীকর্ম্মকারিণী নারী ; মেয়ে দর্জ্জী ; A woman who sews.
Seamy, sēmi, *n.* সীবনশিরাবিশিষ্ট ; Having a seam.
Sean, sēn, *n.* বৃহৎ জাল ; A drag-net ; seine.
Seance, *n.* মজলিস্ ; বৈঠক ; প্রেতশক্তি-বাদীদিগের বৈঠক ; A sitting ; a session, as of some public body.

Sea-nymph, *n.* সিন্ধুপরী।

Sea-piece, sē'pēs, *n.* সমুদ্রের চিত্র ; সাগর দৃশ্যের চিত্র ; Painting or picture representing a scene at sea.

Sea-port, sē'pōrt, *n.* বন্দর ; Port or harbour for sea-going ships :—সমুদ্রতীরস্থ নগর ; Port or town near such a harbour.

Sea-quake, *n.* জলকম্প।

Sear, sēr, *v. t.* দগ্ধ-কৃ ; ঝলসান ; শুষ্ক-কৃ ; বিবর্ণ-কৃ ; To burn ; to scorch ; to wither ; to cauterise ; to dry up ; to make callous :—কঠিন-কৃ ; To render callous or insensible :—*a.* শীর্ণ ; শুষ্ক ; বিবর্ণ ; Dry ; withered.

Sear and yellow leaf—বার্দ্ধক্যের প্রারম্ভ ; That period of life when the body begins to decay.

Sear up—To close by cauterising.

Search, serch, *v. t.* [L. *circare*, to go about, seek] অনুসন্ধান-কৃ ; অন্বেষণ-কৃ ; খোঁজ-কৃ ; To seek ; to look round to find :—পরীক্ষা-কৃ ; To examine :—পরিদর্শন-কৃ ; To inspect :—আবিষ্কার-কৃ ; Explore :—পরীক্ষা-কৃ ; পরখ কৃ ; To put to the test :—অনুসন্ধান-কৃ ; সন্ধান-কৃ ; তত্ত্ব জিজ্ঞাসা-কৃ ; To seek ; to make inquiry :—*n.* অনুসন্ধান ; অন্বেষণ ; খোঁজ ; Inquiry ; investigation :—পরীক্ষা ; Examination :—অনুধাবন ; অনুসরণ ; Pursuit. *Syn* :—(*v*) Scrutinize, investigate, pry, inquire. (*n*) Scrutiny, exploration, research, quest.

In search of—অনুসন্ধানার্থ ; In quest of.

Right of search—Right claimed by a nation to authorise her naval commanders to examine the merchant-vessels of other nations in time of war.

Search into—পরীক্ষা-কৃ , Examine into.

Search out—অনুসন্ধান দ্বারা পাওয়া , খুঁজিয়া বাহির-কৃ ; Find by seeking ; seek till found.

Searcher, sėrchėr, *n.* অন্বেষক ; অনুসন্ধানকারী ; পরীক্ষক ; A seeker , an inquirer , an examiner :—Custom-house officer :—A woman, who searches dead bodies.

Searching, sėrching, *a.* অনুসন্ধানকারী ; তন্নতন্নকারী ; সূক্ষ্মদর্শী ; Looking over closely :—বিচক্ষণ ; তীক্ষ্ণ ; Penetrating ; trying :—কঠোর ; কঠিন , Severe :—সূক্ষ্ম ; Minute :—*n.* অন্বেষণ। *ad*=searchingly (সবিশেষরূপে)।

Search-warrant, sėrch-wor'ant, *n.* যে হুকুমনামার বলে লোকের বাটী থানা-তল্লাসি হয় , A legal warrant to search a house for stolen goods.

Sear-cloth, sēr'-kloth, *n.* ক্ষত আবৃত করিবার কাপড় বিশেষ ; A cloth to cover a sore ; a plaster :—*v. t.* ঐ কাপড় দিয়া আবৃত করা বা বাঁধা ; To cover or bind with sear-cloth.

Seared, *a.* দগ্ধকৃত , Burned :—কঠিন ; Hardened.

Sea-room, sē'rōōm, *n.* জাহাজ চড়ায় লাগিবার ভয়শূন্য হইয়া সমুদ্রবক্ষে বিচরণ করিবার প্রচুর স্থান ; Ample room or space at for a ship to drive about without danger of running ashore ; open sea ; room for sailing. [Pirate.

Sea-robber, sē'robėr, *n.* জলদস্যু ; বোম্বেটিয়া ;

Sea-rover, *n.* জলদস্যু ; Pirate. [sea.

Sea-roving, *n.* জলপথে ভ্রমণ ; Wandering on the

Half seas over—আধ মাতাল ; Half drunk.

Sea-salt, sē'salt, *n.* সৈন্ধব লবণ ; Salt made from sea-water by evaporation.

Sea-serpent, sē'-pėr'pent, *n.* কাল্পনিক সমুদ্রের প্রাণী ; প্রকাণ্ড সর্প ; A fabulous sea-animal. [Navy.

Sea-service, *n.* Service at sea :—রণপোতসমূহ ;

Sea-shore, sē'shōr, *n.* সমুদ্রতট ; বেলাভূমি ; A shore or coast of the sea ; the land adjacent to the sea.

Sea-sick, sē'sik, *a.* জাহাজের আন্দোলনে বমনোদ্বেগবিশিষ্ট ; Affected with nausea through the rolling of a vessel at sea.

Sea-sickness, *n.* জাহাজের আন্দোলনবশতঃ বমনোদ্বেগ ; Nausea seizing people on going to sea.

Sea-side, sē'sīd, *n.* সমুদ্রতট ; সমুদ্রের কিনারা ; The shore of the sea ; the land bordering on the sea.

Season, sē'zn, *n.* [L. *satio*, a sowing, from *severe*, *satum*, to sow, plant] ঋতু ; One of the four principal divisions of the year :—সময় ; কাল ; Any period of time :—কোন বিশেষ সময় ; Any particular time :—উপযুক্ত সময় ; সুযোগ ; Fit time ; opportunity :—*v. t.* সুস্বাদু-কৃ ; সুস্বাদ-কৃ ; মসলা-দে ; To render palatable ; to fit for the taste :—ব্যবহারোপযোগী-কৃ ; ব্যবহারের জন্য উপযোগী-কৃ ; প্রস্তুত-কৃ ; To prepare for use :—(কোন কিছুতে) অভ্যস্ত-কৃ ; To accustom :—প্রশমিত-কৃ , To moderate :—পরিপক্ক কৃ ; To make mature ; to mature :—মিশ্রিত-কৃ ; To mingle :—আপ্লুত-কৃ ; কোমলতর-কৃ ; To moderate :—*v. i.* পক্ব-হ ; পরিপক্ক-হ ; To become mature :—অভ্যস্ত-হ ; জলবায়ু সহিষ্ণু-হ ; To be inured , to become adapted to a climate :—উপযোগী-হ ; To grow fit for use :—শুষ্ক ও শক্ত-হ , To become dry and hard as timber. *Syn* :—(*n*) Period, time, conjuncture, occasion, opportunity, term, spell, interval. (*v*) Habituate, inure, harden ; mature, prepare, temper, qualify.

In due season—উপযোগী ; যথাকালে ; যথাসময়ে ; At suitable times.

In season—সময়োচিত ; তৎকালে ; Timely.

In season and out of season—কালাকাল বিবেচনা না করিয়া ; সর্ব্বদা ; প্রতিনিয়ত।

Out of season—অসময়ে ; ঠিক সময়ে নহে ; সময় অতীত করিয়া ; Inopportune , too late ; not in the proper time.

Season, (or temper) with—যতটা হইলে ভাল হয় কিছুর সহিত ততটা মিশ্রিত-কৃ ; Mingle in due proposition with :—কোন গুণের দ্বারা কাহারও সন্তোষকর-কৃ ; Render agreeable by.

Seasonable, sē'zn-a-bl, *a.* সময়োচিত ; যথাসময়ে আগত , Timely ; opportune. *ad*=seasonably, *n*=seasonableness. *Syn* :—Fit, convenient, appropriate, suitable, apropo.

Seasoned, *p. a.* গরম মসলা দ্বারা স্বাদুকৃত ; পক্ব ; পরিশুষ্ক ; পচান। [food.

Seasoned food—মসলাযুক্ত খাদ্যসামগ্রী ; Spiced

Seasoned timber—শুষ্ক কাষ্ঠ ; Dried timber.

Seasoning, *n.* লবণ মসলাদি যাহাতে খাদ্য সুস্বাদু করে ; That which is added to food to give it a higher relish. [cession of seasons.

Seasonless, *a.* ঋতুপরিবর্ত্তনশূন্য ; Without suc-

Season ticket, *n.* A ticket or pass for travelling on a Railway at pleasure to a certain station named for an extended period.

Seat, sēt, *n.* [A. S. *siot*, set] আসন ; বেঞ্চ , চৌকি ; পিড়ে, জিন প্রভৃতি , Chair , bench :—স্থান ,

বাসস্থা ; Station ; site :—বাসস্থান, আবাস ; Dwelling ; abode ; country house :—অবস্থান স্থল ; আড্ডা ; Post of authority, as member of a legislative or administrative body :—*v. t.* উপবেশিত-কৃ ; আসনে উপবিষ্ট-কৃ ; To place on a seat :—উপবেশন করান ; To cause to sit down :—স্থাপিত-কৃ ; To establish :—স্থাপিত-কৃ ; আসন নির্দ্দিষ্ট করিয়া-দে ; To place in any situation. *Syn* :—(*n*) Settle, stool ; place, situation ; abode, residence, mansion ; bottom, fundament, foundation, base.

Seat of authority—The place of government.

Seated, *a.* আসীন ; উপবিষ্ট।

Sea-term, *n.* নাবিক-ভাষা।

Sea-unicorn, sē'-u'ni-korn, *n.* সামুদ্রিক জন্তু বিশেষ ; The narwhal.

Sea-urchin, sē'-ur'chin, সামুদ্রিক জন্তু ; The sea-hedge hog.

Sea-voyage, *n.* সমুদ্রে ভ্রমণ ; Journey by sea.

Sea-ward, sē'ward, *ad.* সাগরাভিমুখে ; সমুদ্রাভিমুখে ; Towards or in the direction of the sea :—*a.* সমুদ্রাভিমুখীন, Toward the sea.

Sea-weed, sē'wēd, *n,* সমুদ্রজ উদ্ভিদ ; A sea-plant.

Sea-worthy, sē'wurthi, *a.* সমুদ্র গমনোপযুক্ত ; সমুদ্রযাত্রোপযোগী ; Fit to go to see ; fit for the voyage by sea. *n*=sea-worthiness.

Sebesten, *n.* বৃক্ষ বিশেষ ও তৎফল।

Secant, sē'kant, *a.* ছেদক ; দ্বিখণ্ডে বিভাজক ; Cutting ; dividing into two parts ,—*n.* যে সরল রেখা কোনও বক্র রেখাকে দুই বা ততোধিক বিন্দুতে ছেদন করে ; ছেদিনী , অবচ্ছেদক রেখা ; A straight line drawn from the centre of a circle to one end of an arc, and produced till it meets the tangent to the other hand.

Secede, se-sēd, *v. i.* [L. *se*, aside, *cedere*, to go, move] পৃথক-হ ; সমাজ ছাড়িয়া দূরবর্ত্তী-হ ; ভিন্নমত গ্রহণ-কৃ ; অপসরণ-কৃ ; Separate one's self ; to withdraw from fellowship ; retire ; draw off.

Seceder, se-sēdėr, *n.* যে ব্যক্তি অপসৃত হয় ; ভিন্ন মত গ্রহণকারী ; One who secedes :—স্কটলণ্ডের প্রচলিত ধর্ম্মমত হইতে বিচ্ছিন্নকারী ; Dissenter from the Scotch church.

Secession, se-seshun, *n.* মতান্তর অবলম্বন ; অপসরণ ; সমাজ ত্যাগপূর্ব্বক বহির্গমন ; Withdrawal ; departure.

Seclude, se-klōōd, *v. i.* [L. *se*, apart, *claudo*, to shut] স্বতন্ত্র-কৃ ; স্বতন্ত্র করিয়া আবদ্ধ-কৃ ; নির্জ্জনে রাখা ; সমাজাদি হইতে দূরবর্ত্তী-কৃ, To keep apart , to shut privately ; shut out to withdraw into solitude.

Seclusion, sē-klū'zhun, *n.* নির্জ্জন বাস ; নিভৃত বা বিরল বাস ; Retirement ; solitude ; priyacy. *Syn* :—Separation, withdrawment ; secrecy.

Second, sek'und, *a.* দ্বিতীয়, The ordinal of two :—অপেক্ষাকৃত ছোট, নিম্নপদস্থ ; Next in dignity ; inferior :—*v. i.* সমর্থন-কৃ ; অনুমোদন-কৃ ; সাহায্য-কৃ ; To help ; to assist ; to support ; to follow ; to encourage :—*n.* সাহায্যকারী ; পৃষ্ঠপোষক ; Promoter, supporter :—দ্বন্দ্বযুদ্ধে সহকারী ; One who attends another in a duel :—এক মিনিটের ষাটিভাগের এক ভাগ ; 60th part of a minute. *Syn* :—(*n*) Bucker, assistant ; moment, instant, trice, jiffy.

Play second fiddle—অন্যের তাঁবেদারি-কৃ ; Act in a subordinate capacity ; play a subordinate part.

Second to none—কাহার অপেক্ষা ছোট নহে ; কাহারও অপেক্ষা কম বা হীন নহে ; Inferior to none.

The second hand—ঘড়ীর যে কাঁটায় সেকেণ্ড সূচিত হয় ; দৌড়কাটা।

To come off second best—হারিয়া আসা।

Without a second—অতুল ; অদ্বিতীয়।

Secondarily, *ad.* দ্বিতীয়তঃ ; Secondly.

Secondary, sekund-ar-e, *a.* অপ্রধান ; দ্বিতীয়স্থানস্থ ; গৌণ , অধীন ; Inferior : subordinate ; not primary ; deputed :—*n.* অপ্রধান লোক ; অধস্তন ব্যক্তি ; A subordinate ; adeputy :—প্রতিনিধি ; A delegate or deputy. *Syn* :—(*a*) Second, second-rate, minor, unimportant.

Secondary-age—ভূ-জলচর যুগ।

Sedonder, sekund-ėr, *n.* সাহায্যকারী ; পৃষ্ঠ-পোষক ; One who supports.

Second-estate, *n.* House of Lords.

Second-hand, *a.* পুরাতন ; ভূতপূর্ব্ব ; Not new or original ; what has been used before ;—*n.* পূর্ব্বাধিকারী হইতে প্রাপ্ত বস্তু ; Possession obtained from a previous owner. [second place.

Secondly, sekund-li, *adv.* দ্বিতীয়তঃ ; In the

Socond-rate, *a.* মাঝামাঝি ; মধ্যম ; Of the second size, rank, or value.

Second-sight, sekund-sīt, *n.* ভবিষ্যৎ দৃষ্টি ; দিব্যচক্ষু ; দূরদর্শন ব্যক্তি ; Clairvoyance ; prophetic vision ; the power of seeing things future or distant.

Second-sighted, *a.* দিব্যচক্ষুবিশিষ্ট।

Second thought—পুনর্বিবেচনা।

On second thoughts—পুনরায় ভেবে দেখিয়া ; After thinking over the matter again.

Secrecy, sē'kre-se, **Secretness,** *n.* সংগুপ্তি ; গোপন ; Concealment ; privacy :—নির্জ্জন বাস ; নির্জ্জনতা ; Retirement ; seclusion.

Secret, sē'kret, *a.* [L. *secretus*, *pp.* of *secernere*, to put apart] গোপনীয় ; লুক্কায়িত ; Hidden :—অদৃষ্ট , Unseen :—নির্জ্জন ; নিভৃত ; Secluded ; retired :—গোপনীয় ; গুপ্ত ; গূঢ় ; Private :—চাপা ; Reserved :—*n.* গুহ্য বিষয় ; রহস্য ; Something concealed ; anything unrevealed or unknown ; a mystery. *Syn* :—(*a*) Concealed, unknown, obscure, recondite, latent, convert, unseen ; occult ; sly, clandestine, underhand.

An open secret—উদ্ভিন্ন রহস্য।

In secret—গোপনে ; অপ্রকাশ্যে ; Secretly,

Make no secret of—গোপন না-কৃ ; Not to conceal ; not to keep back.

Secretarial, *a.* অমাত্য বা কার্য্যসম্পাদক, বা তদীয় কর্ত্তব্য সম্বন্ধীয়। [ঘর বা আফিস।

Secretariat, Secretariate, *n.* কার্য্যাধ্যক্ষের সেরেস্তা

Secrotary, sekre-tar-i, *n.* লেখক ; Writer :—কার্য্যাধ্যক্ষ ; কর্ম্মনির্ব্বাহক সভার সম্পাদক ; Executive officer of a state, society, or office. *a*=secretarial (কর্ত্তব্য সম্বন্ধীয়)। [প্রধান কর্ম্মচারী।

A secretary of state—রাজ্যশাসন বিভাগ বিশেষের

Secretary-bird, *n.* সর্পনাশক পক্ষিবিশেষ।

Secretary-ship, *n.* কার্য্যাধ্যক্ষতা।

Secrete, se-krēt, *v. t.* গোপন-কৃ ; লুকাইয়া রাখা ; To hide ; conceal :—স্বতন্ত্র-কৃ ; To seperate.

Secrotion, se-krē'shun, *n.* নির্গমন ; নিঃসরণ ; নিঃসৃত রস ; Separation of juices ; that, which is secreted ; the matter secreted.

Secretive, se-krē'tiv, *a.* নিঃসারক ; রসস্রাবী ; Tending to or causing secretion :—গোপনকারী ; লুকাইতে তৎপর ; Given to secrecy or to keeping secrets. *n*=secretiveness. *ad*=secretively.

Secretly, *ad,* গোপনে ; অজ্ঞাতসারে ; অভ্যন্তরে ; Privately ; inwardly. [being secret.

Secretness, *n.* গোপনীয়তা ; গূঢ়ত্ব ; The state of

Secretory, se-krē'tor-i, *a.* রসস্রাবী ; ক্ষরণকারক ; Performing the office of secretion.

Sect, sekt, *n.* ধর্মসম্প্রদায় ; দল ; Body of persons holding the same opinions in philosophy or religion.

Sectarian, sek-tā'ri-an, *a.* সাম্প্রদায়িক ; Pertaining to or peculiar to a sect :—সম্প্রদায়ভুক্ত ; সম্প্রদায়ের অন্যতম ; One of a sect.

Sectarianism, sek-tā'ri-an-izm, *n.* সাম্প্রদায়িকতা ; গোঁড়ামি ; Devotion to a sect.

Sectary, sek'tar-i, *n.* ভিন্নমতাবলম্বী ; বিশেষ মতাবলম্বী ; Dissenter. [cut.

Sectile, *a.* ছেদনীয় ; কর্তনীয় ; Capable of being

Section, sek'shun, *n.* [L. *sectio,* from *secare, sectum,* to cut off] ছেদন ; খণ্ড ; অংশ ; বিভাগ . ভাগ ; Division :—পরিচ্ছেদ ; প্রকরণ , Portion :—কোন বস্তুকে কাটিলে যেরূপ দেখায় তদাকার চিত্র ; Representation of a building supposed to be cut through so as to show its interior :—একটী ঘনক্ষেত্র ও তলের পরস্পর ছেদোৎপন্ন তল ; The surface formed when a solid is cut by a plane. *a*=sectional (অংশ সম্বন্ধীয় ; আংশিক , সাম্প্রদায়িক) । *ad*=sectionally. *Syn* :—Fraction, piece ; subdivision.

Conic section, *n.* ত্রিভুজাবর্তিত ঘনক্ষেত্র ছেদোৎপন্ন বক্র রেখা ।

Section of an Act—আইনের ধারা ।

This section—ছেদিত পাতলা পাত ।

Sectionalism, *n.* সম্প্রদায়িকতা ।

Sector, sek'tur, *n.* ব্যাসার্দ্ধদ্বয়-মধ্যবর্ত্তী বৃত্তাংশ ; A part of a circle bounded by two radii and the intercepted arc :—গণিত যন্ত্র বিশেষ ; বৃত্তখণ্ড ; বৃত্তচ্ছেদক ; Mathematical instrument :—Astronomical instrument.

Secular, sek'ū-lar, *a.* পার্থিব , সাংসারিক ; ঐহিক ; লৌকিক ; বৈষয়িক ; Worldly ; not ecclesiastical or monkish :—*n.* যাজকেতর লোক ; বিষয়ী লোক ; A layman ; an ecclesiastic not bound by monastic rule. *ad*=secularly. *Syn* :—Temporal, civil, profane.

Secular games, *n.* In ancient Rome games celebrated once every 100 years.

Secularise, sek'ū-lar-iz, *v. t.* সাংসারিক কার্য্যে নিযুক্ত-কৃ ; সাংসারিক-কৃ ; To make worldy ; to convert from spiritual to common use.

Secularism, Secularity, sek-ū-lar'i-ti, *n.* সাংসারিকতা ; লৌকিকতা ; ঐহিকতা ; সাংসারিক বুদ্ধি ; Worldliness.

Secularist, *n.* সাংসারিক বা বৈষয়িকতা ।

Secundine, *n.* গর্ভকোষ ; প্রাণাবরণ । [secured.

Securable, se-kūr'a-bl, *a.* রক্ষণীয় , That may be

Secure, sē-kūr', *a.* [L. *securus,* from *se,* for *sine,* without, and *cura,* care] নিরাপদ ; নিরুদ্বেগ ; নিঃশঙ্ক ; Safe ; easy in mind :—অসাবধান ; Incautious :—খাতির জমা ; Confident :—নিশ্চিত ; Certain :—*v. t.* নিশ্চয় কৃ ; হস্তগত-কৃ ; আয়ত্ত-কৃ ; Make safe ; to render certain :—বদ্ধ-কৃ ; আটক-কৃ ; To fasten :—রক্ষা-কৃ ; To protect. *n*=secureness. *ad*=securely. *Syn* :—(*a*) Sure, assured, confident ; snug, sheltered, protected ; fixed, stable, immovable. (*v*) Guard, protect ; confine ; assure, insure ; get, acquire.

Securely, *ad.* নির্ভয়ে ; নির্বিঘ্নে ; Safely.

Security, sē-kūr'e-te, *n.* নিরপদ্রবতা ; অভয় ; নির্বিঘ্নতা ; Safety :—রক্ষা ; রক্ষণ ; Defence ; protection :—প্রতিভূ ; জামিন ; Surety :—বন্ধক ; Pledge :—নিশ্চয়তা ; Certainty :—অনবধানতা ; Carelessness :—*pl.* নিদর্শন পত্র ; Bonds or certificates in evidence of debt or property. *Syn* :—Guard, shelter, protection, safeguard ; safe-keeping, pawn, deposit ; warrant, guarantee.

Sedan, se-dan', *n.* শিবিকা ; পাল্কী বিশেষ ; Portable coach , covered chair.

Sedate, sē-dāt', *a.* [L. *sedatus, pp.* of *sedare,* to allay, calm] শান্ত , প্রশান্ত ; স্থির ; ধীর ; গম্ভীর ; Quiet , calm ; serene ; serious. *n*=sedateness (স্থৈর্য্য ; ধীরতা) । *ad*=sedately (প্রশান্তভাবে) । *Syn* :—Settled, composed, quiet, tranquil, still, staid, contemplative, sober, serious.

Sedative, sed'a-tiv, *a.* উপশমকারী ; শান্তিকর ; Moderating :—*n.* শান্তিকর ঔষধ ; A remedy that allays in irritation or pain. *Syn* :—Soothing, tranquillizing, emollient, lenitive, balmy.

Sedentary, sed'en-tar-i, *a.* উপবেশনশীল ; অলস ; কার্য্যবিমুখ , অচলিষ্ণু ; নিশ্চল , Occupied in sitting ; in active ; sluggish. *n*=sedentariness. *ad*=sedentarily. [a court.

Sederunt, *n.* অধিবেশন ; বৈঠক ; A sitting, as of

Sedge, sej, *n.* লতা বা ঘাস বিশেষ ; Reed.

Sedged, *a.* সেজতৃণ নির্ম্মিত ; Composed of sedge.

Sedgy, *a.* সেজতৃণময় ; Owngrown with sedge.

Sediment, sed'e-ment, *n.* [L. *sedimentum,* from *sedere,* to settle] পলি ; কাইট ; শিটা ; তলানি ; গাদ ; Dregs ; refuse ; lees. *a*=sedimentary (গাদ-প্রসূত , শিটসম্বন্ধীয়) । *Syn* :—Settlings, residuum, precipitate, grounds.

Sedition, sē-dish'un, *n.* [L. *seditio,* from *se,* aside, and *itio,* a going] রাজবিদ্রোহ ; Insurrection ; conspiring against government ; tumult :—রাজার প্রতি অসন্তোষ-উত্তেজনা ; The stiring up discontent against government. *Syn* :—Riot, rebellion, revolt, mutiny. [sedition.

Seditionary, *n.* রাজবিদ্রোহকারী ; Promoter of

Seditious, sē-dish'e-us, *a.* রাজবিদ্রোহসম্বন্ধীয় ; বিদ্রোহজনক ; শাসন-বিরোধী , Pertaining to a sedition ; tending to excite sedition :—হাঙ্গামে লিপ্ত ; হাঙ্গামী ; বিপ্লবকারী ; Turbulent. *ad*=seditiously. *n*=seditiousness. *Syn* :—Riotous, mutinous, rebellious, factious, insurgent, incendiary.

Seduce, sē-dūs', *v. t.* [L. *se,* aside, and *ducere,* to lead] কুপথগামী করা ; কুপথে লইয়া-যা ; অসৎ পথে লইয়া যাওয়া ; ধর্ম্মভ্রষ্ট-কৃ ; To entice ; to lead astray ; to corrupt. *n*=seduceness. *Syn* :—Allure, tempt, attract, mislead, decoy, inveigle, corrupt, deprave.

Seducer, *n.* স্ত্রীলোকের ধর্ম্মনাশক । [ment.

Seducement, se-dūs'ment, *n.* প্রলোভন ; Allure-

Seducible, *a.* দূষণীয় ; Corruptible.

Seduction, se-dukshun, *n.* স্ত্রীহরণ ; স্ত্রীলোকের ধর্ম্মনাশ ; The crime of fraudulently depriving a woman of her chastity :—দুষ্কর্ম্মে প্রবৃত্তি দান ; প্রলোভন ; Enticement ; allurement.

Seductive, sē-duktiv, *a.* প্রলোভনকারী ; প্রলোভক ; Tending to seduce or lead astray. *ad*=seductively. *Syn* :—Alluring, enticing, tempting, showy, specious.

Sedulous, sedū-lus, *a.* [L. *sedulus*, from *sedere*, to sit] পরিশ্রমী ; শ্রমশীল ; Diligent ; constant. *n*=sedulousness (শ্রমশীলতা) । *ad*=sedulously (শ্রমসহকারে) । *Syn* :—Assiduous, laborious, industrious, persevering, unremitting.

See, sē, *n.* পোপের অধিকার ; ধর্ম্মাধ্যক্ষের আসন ; Seat of the Pope or Bishop :—ধর্ম্মাধ্যক্ষের অধিকার ; A diocese ; the jurisdiction of a bishop.

See, sē, *v. t.* দর্শন-কৃ ; দেখা ; Perceive by the eye ; behold ; look :—দৃষ্টি-কৃ ; সাক্ষাৎ-কৃ ; Visit ; call on :—বুঝা ; স্থির-কৃ ; To understand :—দর্শন-কৃ ; Observe ; discern :—অবলোকন ; To witness :—*v. i.* দর্শন-শক্তিবিশিষ্ট-হ ; দর্শনকার্য্য সম্পাদন-কৃ ; To have the power of sight :—মনোযোগী-হ ; সাবধান-হ ; To be attentive :—*int.* দেখ ! *Syn* :—Behold, descry, view, spy ; note, mark ; discover ; comprehend, understand.

Let me see—রোসো দেখি (ভেবে দেখি) ; বুঝিয়া দেখি ; Wait a moment ; let me think about it.

See about, (after, for)—উপায় অবলম্বন-কৃ , তদারক-কৃ , Take measures for ; supervise.

See about a thing—বিবেচনা-কৃ ; মনোনিবেশ-কৃ ।

See at a glance—সত্বর দেখা ; Discover by mere look.

See fair play—সুব্যবহার যাহাতে হয় তদ্বিষয়ে দেখা ; To secure just and equitable treatment.

See good—ভাল বিবেচনা-কৃ ; Think good.

See how the land lies—অনুসন্ধান-কৃ , অন্বেষণ-কৃ ; Make examination or inquiry ; to reconnoitre.

See into—অনুসন্ধান-কৃ ; Enquire into ; ascertain what is going on within.

See life—দুনিয়াদারি কিরূপ জিনিস তাহা নিজে দেখা ; সংসার যে কি জিনিস তাহা দেখা ; Have actual experience of the hardships of life.

See off—প্রস্থানকালে সঙ্গে যাইয়া বিদায় দেওয়া ।

See one of—কোন স্থান হইতে কাহাকে যাইতে দেখা ; Accompany one to a place of starting and wait with him till he departs.

See one to a place—কোন স্থানে কাহাকে পৌঁছান , To attend one to a place and see that he reaches it.

See one's way clear—নিজের পথ পরিষ্কার দেখা , To perceive or discern that a course of action is right or best.

See out—আগাগোড়া দেখা ।

See service—শত্রুর সহিত বিবাদ-কৃ ; To come into actual conflict with the enemy.

See stars—চক্ষে সরিষা ফুল দেখা ।

See the light—প্রকাশিত-হ ; To be published.

See the point—অর্থ বুঝিতে পারা , To discern the meaning ; to comprehend the importance, force or application.

See through—ভিতর পর্য্যন্ত দেখিতে পাওয়া ; বেশ বুঝিতে পারা ; সাহায্য-কৃ ; Penetrate into ; understand , comprehend.

See through and through—তন্ন তন্ন করিয়া দেখা ; দেখিয়া বুঝিতে পারা ; Penetrate into or understand thoroughly.

See to—তত্ত্বাবধান-কৃ ; মনোযোগ-কৃ ; দেখা শুনা ; Look after ; give heed ; take care of ; attend to.

See to it—সাবধান-হ , মনোযোগ-কৃ ।

See with half an eye—সত্বর বুঝিতে পারা ; Discern or understand easily.

Seed, sēd, *n.* বীজ ; বীচি ; মূল ; Sperm ; embryo ; germ :—সন্তান সন্ততি ; Offspring :—আদিকারণ ; First principle ; original :—বংশ ; Descendants :—*v. i.* বীজ উৎপাদন-কৃ , বীজ প্রসব-কৃ ; বীজ গজগজ-হ ; To produce seed :—*v. t.* বীজ বপন-কৃ ; To sow.

Run to seed—বীজ প্রসবান্তে নিস্তেজ-হ ।

Sow the seed of discord—বিবাদের বীজ-বপন-কৃ ।

Seed-bud, sēdbud, *n.* ফলের গুটি ; বীজের গুটি ; The bud or germ of the seed.

Seedcake, *n.* পিষ্টক বিশেষ ; A sweet cake.

Seeder, *n.* যে বীজ বপন বা রোপণ করে ; One who sows or plants seeds.

Seed-field, Seed-garden, *n.* বীজের ক্ষেত্র বা বাগান ; A field or garden for raising seed.

Seed-grain—বীজার্থ রক্ষিত শস্য ।

Seedling, sēd'ling, *n.* বীচির চারা ; বীজোৎপন্ন বৃক্ষ ; A plant reared from the seed.

Seedlobe, sed'lōb, *n.* বৃক্ষের পত্র ; বীজ পত্র ; The lobe or leaf of a plant which nourishes the growing plant or seed.

Seed-oil, *n.* বীজের তৈল ।

Seed-pearl, *n.* ক্ষুদ্র মুক্তা ।

Seed-plot, *n.* বীজতলা ।

Seedsman, sēdsman, *n.* বীজ-ব্যবসায়ী ; বীজ-বপনকারী , A man who deals in seeds ; a sower.

Seed-time, sēd'tīm, *n.* বপণ বা রোপণ করিবার কাল ; বীজ বপনের কাল ; The season fit for sowing.

Seed-vessel, *n.* বীজ-পুটক ।

Seedy, sēd'i, *a.* বীজপূর্ণ ; বীজময় ; Abounding with seed :—অব্যবহার্য্য ; জীর্ণ ; শীর্ণ ; Worn out , shabby. *ad*=seedily, *n*=seediness.

Seedy toe—ঘোড়ার খুরের রোগ বিশেষ ।

Seeing, sē'ing, *n.* দর্শন ; দৃষ্টি ; Sight ; vision :—*conj.* যেহেতু ; যখন ; Since.

Seek, sēk, *v. t.* অন্বেষণ-কৃ ; খোঁজা ; অনুসন্ধান-কৃ ; To look for ; to search for ; to try to find :—প্রার্থনা-কৃ ; যাচ্ঞা-কৃ ; Solicit :—চেষ্টা পাওয়া ; To try for :—*v. i.* অনুসন্ধান-কৃ ; To make search or inquiry :—চেষ্টা-কৃ , To try ; to attempt :—প্রার্থনা-কৃ ; অনুনয়-কৃ ; To use solicitation. *n*=seeker (অন্বেষণকারক : যাচক) । *Syn* :—Inquire ; ask ; try, endeavour, attempt, strive.

Seek a clue—কঠিন বিষয়ের সন্ধান পাওয়া , To seek explanation or guidance in a difficult or perplexing matter.

Seek after—অনুসরণ-কৃ ।

Seek for—পাইতে চেষ্টা-কৃ ।

Seel, *v. t.* অন্ধ-কৃ ; To render blind.

Seem, sēm, *v. i.* বোধ-হ ; প্রতীয়মান-হ ; To appear like ; to have a show or sumblance ; appear ; look.

It seems—বোধ হইতেছে ; লোকে বলে ।

Seeming, sēming, *a.* আপাততঃ প্রতীয়মান ; বাহ্য ; Apparent ; specious , ostensible :—*n.* আকৃতি ;

আকার ; সাদৃশ্য ; Appearance ; semblance. *ad*= seemingly (আপাততঃ ; বাহ্যতঃ) ।

Seemly, sēmle, *a.* উপযুক্ত , উপযোগী ; সুন্দর ; Suitable ; becoming ; decent. *n*=seemliness (উচিত্য ; সৌন্দর্য্য) । *Syn* :—Fit, proper, appropriate, congruous, meet, docorous ; comely, fair.

Seen, (দৃষ্ট) *p. p.* of *see.*

Have seen service—নিজে (হাতে কলমে) যুদ্ধ-কৃ ; Have come into actual contact with the enemy.

Have seen the world—সংসারে মানুষ কিরূপে চলে তাহা বেশ করিয়া দেখা ও জানা ; সাংসারিক জ্ঞানে পরিপক্ব হওয়া ; Have had experience of how men conduct themselves in the ordinary affairs of life.

To be seen—দৃষ্ট বা প্রতীত-হ ।

Seer, sēr, *n.* ভবিষ্যদ্বক্তা ; ভাবীদর্শী ; A prophet :—দর্শক । *Syn* :—Predictor, foreteller, vaticinator.

See-saw, sē'saw, *n.* নাগর দোলা ; দোলনা ; বালকগণের ক্রীড়ার্থে ঢেঁকিকল ; A play among children, in which two seated at opposite ends of a board supported in the middle move alternately up and down :—*v. i.* দোলা ; To move backwards and forwards :—*a.* নিম্নোন্নত , দোলায়মান ; Moving up and down , moving to and fro.

Seethe, sēth, *v. t.* সিদ্ধ-কৃ , পাক-কৃ ; To boil :—*v. i.* সিদ্ধ-হ ; To be boiling. *pt*=seathed, *pp*= seethed, sodden.

Segment, seg'ment, *n.* [L. *segmentum,* from *secare,* to cut] অংশ ; খণ্ড , Section, portion, part : —A part cut off from a figure by a line or plane :—বৃত্তাংশ , The part of a circle cut off by a chord.

Segment of a circle—রেখাচ্ছিন্ন বৃত্তাংশ ।

Segmental, *a.* ধনুকাকার ।

Segregate, seg'rē-gāt, *v. t.* [L. *se,* aside, *gregare,* to collect] পৃথক-কৃ ; স্বতন্ত্র-কৃ ; To separate ; to set apart ; dissociate ; isolate. *n*=segregation (পৃথক করণ ; বিচ্ছেদ) ।

Seignior, sēnyur, *n.* মহাত্মন ; প্রভু ; মহাত্মা ; সম্মানসূচক পদবী , Lord ; lord of a manor. *a*=seignorial

The grand seignior—তুরস্কের সুলতান , The Sultan Turkey.

Seigniorage, *n.* রাজার প্রাপ্য অংশ ; রাজমাশুল ।

Seigniory, sēnyur-i, *n.* প্রভুত্ব ; Lordship.

Seine, Sein, *n.* মৎস্য ধরিবার জাল বিশেষ , A large net for catching fish.

Seismic, Seismal, *a.* ভূমিকম্প সম্বন্ধীয় ; Pertaining to an earthquake. [earth-quakes.

Seismology, *n.* ভূমিকম্প বিজ্ঞান ; The science of

Seizable, *a.* ক্রোক করণীয় , That may be seized.

Seize, sēz, *v. t.* ধৃত-কৃ , ধরা ; To catch :—বল পূর্ব্বক অধিকার-কৃ , দখল-কৃ , To take possession .—আক্রমণ-কৃ , To invade, attack ; take hold of :—ধৃত-কৃ ; পাকড়ান ; গ্রেপ্তার-কৃ ; To apprehend ; to arrest :—মনে ধারণা-কৃ ; To grasp. *n*=seizer, *a*=seizable. *Syn* —Grasp, clutch, snatch , take, capture ; bind, fasten.

Seize up—শাস্তি প্রদানার্থ বন্ধন-কৃ ।

Seize upon (on)—ধরা ; Hold on :—জবরদস্তি দখল-কৃ ; Take possession of (by force).

Seizin, sē'zin, *n.* ধৃত করণ ; Seizing :—দখল ; অধিকার ; Possession :—অধিকার বস্তু ; The thing possessed.

Seizure, sē'zhōōr', *n.* ধৃত করণ ; ক্রোক করণ ; গ্রেপ্তার ; দখল ; Act of seizing ; capture :—অধিকৃত বস্তু ; ; Thing possessed ; the thing seized :—দখল ; Possession. [প্রতিমূর্ত্তি বেষ্টিত থাকিত ।

Sekon, *n.* পৌত্তলিক মন্দিরের যে অংশে দেবদেবীগণের

Seldom, seldum, *ad.* কদাচ ; কদাচিৎ ; দৈবাৎ ; Rarely ; not often ; infrequently.

Select, sē-lekt', *v. t.* [L. *se,* aside, apart, and *legere,* to gather] নির্ব্বাচন-কৃ ; পছন্দ-কৃ ; মনোনীত-কৃ , বাছিয়া লওয়া ; Pick ; choose :—*a.* মনোনীত ; নির্ব্বাচিত ; Nicely chosen ; picked out :—*n. pl.* মনোনীত লোক , The chosen. *n*=selectness. *Syn* : —(*v*) Cull ; elect, preper.

Select committee—নির্ব্বাচিত উপসমিতি ।

Selective, *a* নির্ব্বাচক ।

Selection, se-lekshun, *n.* পছন্দ ; নির্ব্বাচন ; The act of selecting ; choice :—মনোনীত বিষয় ; নির্ব্বাচিত বস্তু ; Things selected :—নির্ব্বাচিত প্রবন্ধের পুস্তক ; A book containing select pieces.

Salenic, *a.* চান্দ্র , চন্দ্রঘটিত ; Lunar.

Selenium, *n.* উপগন্ধক ; An elementary substance allied to sulphur. [tion of the moon.

Selenography, *n.* চন্দ্রমণ্ডল-বৃত্তান্ত ; A descrip-

Self, self, *n.* স্বয়ং ; আপনি , নিজে ; One's own person :—আপনার স্বার্থ ; One's own interest :—(*pl*= Selves) :—*a.* বিশেষ ; নিজ ; সেই ; নিজের ; Very particular ; one's own.

To forget self—পরোপকারার্থ আত্ম-বিস্মৃত-হ ।

Self-abasement, *n.* Humiliation from a sense of guilt, inferiority or shame. {tion ; onanism.

Self-abuse, self-a-būs, *n.* হস্তমৈথুন ; Masturba-

Self-acquired, *a.* স্বোপার্জ্জিত ।

Self-aggrandisement, *n.* আত্মোন্নতি ; Exaltation of one's own self.

Self-applause, *n.* নিজ প্রশংসা ; Applause of one's own self. { one's self.

Self-born, self'born, *a.* স্বয়ম্ভু ; Produced by

Self-command, self-kom-and, **Self-control,** *n.* ধৈর্য্য ; দম-গুণ, আত্মসংযম ; Equanimity of mind ; control of one's self.

Self-conceit, *n.* অহঙ্কার ; আত্মশ্লাঘা ; High opinion of one's own self. *a*=self-conceited (অহঙ্কারী ; Vain). { own conscience.

Self-condemned, *a.* Condemned by one's

Self-confidence, *n.* আত্মপ্রত্যয় ; আপনার ক্ষমতার উপর বিশ্বাস ; Confidence in one's own judgment, abilities or strength.

Self-confident, *a.* আত্মপ্রত্যয়ী ; Confident of one's own judgment or strength.

Self-conscious, *a.* আত্মজ্ঞানবিশিষ্ট । *n*=self consciousness (আত্মপ্রতীতি) ।

Self-contradiction, *n.* যোক্তি-বিরোধ ; The act of contradicting itself or themselves ; a proposition of two terms, one of which contradicts the other [self.

Self-control, *n.* আত্ম-সংযম ; Control of one's

Self-convicted, *a.* আপনার কথায় আপনি দোষী-হ ; Convicted by one's confession or consciousness.

Self-culture, *n.* আত্মোৎকর্ষ ।

Self-deceit, Self-deception, *n.* আত্মবঞ্চনা ; Deception respecting one's self.

Self-defence, self-de-fens, *n.* আত্মরক্ষা ; স্বার্থরক্ষা ;

The act of defending one'sself ; the defence of one's own person.

Self-denial, self-de-nī'al, *n.* ত্যাগ স্বীকার ; আত্মত্যাগ ; The forbearing to gratify one's own appetites or desires.

Self-denying, *a.* আত্মত্যাগী ।

Self-dependence, *n.* স্বাবলম্বন ।

Self-devoted, *a.* স্বেচ্ছাপ্রবৃত্ত ; স্বয়ং প্রবৃত্ত ; Devoted in person, or voluntarily.

Self-devotion, *n.* আত্মোৎসর্গ ; Voluntary devotion of one's self to some thing hazardous.

Self-esteem, *n.* আত্মাদর ; The esteem or good opinion of one's self.

Self-evident, self-ev'i-dent, *a.* স্বতঃসিদ্ধ ; স্বয়ং প্রত্যক্ষ ; স্বপ্রকাশ ; Evident without proof ; commanding assent.

Self-examination—আত্ম-পরীক্ষা ।

Self-existent, self-egx-ist'ent, *a.* স্বয়ম্ভু ; স্বতঃসৎ ; Existing by himself, independent of any other being. *n*=self-existence.

Self-government, *n.* আত্ম-শাসন ; স্বায়ত্ত শাসন ; The government of one's self ; self-control.

Self-help, *n.* আত্মসাহায্য ; Assistance of or by one's self. [one's self.

Self-knowledge, *n.* আত্মজ্ঞান , Knowledge of

Self-importance, self-im-por'tans, *n.* আত্মগৌরব ; আত্মশ্লাঘা ; স্বার্থপরতা ; Exaggerated estimate of one's own merit or interest ; selfishness.

Self-interest, self-in'tér-est, *n.* স্বার্থ ; আত্মহিত ; Private interest. *a*=self-interested.

Selfish, self'ish, *a.* স্বার্থপর ; আত্মম্ভরি ; Void of regard to others. *n*=selfishness (স্বার্থপরতা) । *ad*=selfishly. *Syn* :—Egotistical, self-seeking, self-indulgent, mercenary, greedy.

Self-love, *n.* আত্মপ্রীতি ; আত্মাদর ; স্বানুরাগ ; আত্মপ্রেম ; সুখাভিলাষ ; The love of one's self ; desire of happiness.

Self-made, *a.* স্বয়ংসিদ্ধ ।

Selfmade man—যে ব্যক্তি নিজের চেষ্টায় ধনী হইয়াছে ; A man who has risen from poverty or obscurity to wealth, fame or power by his own exertions.

Self-possession, self-poz-zesh'un, *n.* ধৈর্য্য ; ধীরতা ; মনের প্রশান্ত ভাব ; আত্মাধিকার ; Calmness.

Self-reliance, self-re-lī'ans, *n.* আত্মনির্ভর ; Relance on one's own power ; *a*=self-reliant.

Self-reproach, *n.* আত্মনিন্দা ; আত্ম-নির্বেদ ; The act of reproaching or condemning one's self.

Self-respect, *n.* আত্মমর্যাদা ।

Self-restraint, *n.* আত্মসংযম ।

Self-righteous, self-rit'yus, *a.* ধর্মাভিমানী ; নিজের বিবেচনায় ধার্মিক ; Righteous in one's own estimation. *n*=self-righteousness.

Self-same, self'sām, *a.* অভিন্ন ; স্বরূপ ; ঠিক সেই ; তাই ; একই ; The very same.

Self-satisfaction, *n.* নিজের সন্তোষ ।

Self-sacrifice, *n.* স্বার্থত্যাগ ; আত্মনিগ্রহ ; আত্মোৎসর্গ ; The act of yielding up one's own interests, &c. [Selfish.

Self-seeking, *a.* স্বার্থপর ; স্বার্থসেবী ; স্বার্থদর্শী ;

Self-slaughter, *n.* আত্মহত্যা ; Suicide.

Self-sufficient, self-suf-fish'ent, *a.* অভিমানী ; আত্মাভিমান ; স্বয়ং পর্য্যাপ্ত ; আত্মাভিমানী ; দর্পী ; Self-conceited ; haughty. *n*=selfsufficiency (আত্মশ্লাঘা) ।

Self-willed, self'-wild, *a.* একগুঁয়ে ; স্বেচ্ছাচারী ; Governed by one's own will ; obstinate.

Sell, sel, *v. t.* বিক্রয়-কৃ ; বেচা ; To dispose of in return for something paid as equivalent :—*v. i.* বিক্রী-হ ; To be sold. *pt.* and *pp.*=sold. *Syn* :—Vend, dispose of.

Sell off—সমস্ত বিক্রয়-কৃ ; Dispose of all.

Sell one's life dearly—অনেক প্রাণ লইয়া নিজ প্রাণ-দে ; অনেক লোক মারিয়া নিজে মরা ; To cause great loss to those who take one's life.

Sell out—বিক্রয়-কৃ ; Put an end to one's interest by sale. [sells.

Seller, *n.* বিক্রেতা ; বিক্রয়কারক ; বিক্রয়ী ; One who

Seltzer, *a.* খনিজজল-সূচক ; Denoting a mineral water. [of cloth :—কুলুপে আলি-নক্স ।

Selvage, Selvedge, *n.* কাপড়ের পাড় ; A border

Selves, selvz, *pl.* of *self.*

Semaphore, *n.* সঙ্কেত দ্বারা দূরে সংবাদ জ্ঞাপনের উপায় । *a*=semaphoric, semaphorical.

Semblance, sem'blans, *n.* [F. *sembler*, to resemble] সাদৃশ্য ; অনুরূপ ; তুল্যতা ; আকার ; Likeness ; appearance. *Syn* :—Seeming, resemblance, similitude ; show, figure, form.

Semen, sē'men, *n.* শুক্র ; বীজ ; Sperm ; seed.

Semi, *a.* অর্দ্ধ ; Half.

Semiannual, *a.* ষাণ্মাসিক ; Half yearly.

Semibarbarian, *a.* অর্দ্ধ বর্ব্বর ; Half barbarous :—*n.* অর্দ্ধাসভ্য ব্যক্তি । [পরিমাণে সভ্য ।

Semibarbarous, Semibarbaric, *a.* কিয়ৎ

Semibreve, *n.* অর্দ্ধমাত্রাসম্পন্ন আলাপ বা সুর ।

Semicastrate, *v. t.* মুষ্কের একাণ্ড ছেদন-কৃ ; To deprive of one testicle. *n*=semicastration.

Semicircle, *n.* বৃত্তার্দ্ধ ; অর্দ্ধমণ্ডল ; Half of a circle.

Semicircumference, *n.* অর্দ্ধ পরিধি ; Half of the circumference of a circle.

Semicolon, *n.* চিহ্ন বিশেষ ; Point thus (;).

Semi-diameter, *a.* অর্দ্ধ ব্যাস , ব্যাসার্দ্ধ ; Half of a diameter ; a radius. [a day.

Semidiurnal, *a.* আর্দ্ধাহ্নিক ; Pertaining to half

Semifluid, *a.* অর্দ্ধ-তরল ; Imperfectly fluid.

Semilunar, *a.* অর্দ্ধচন্দ্রাকার ।

Seminal, sem'in-al, *a.* [L. *seminalis*, from *semen*, *seminis*, seed] বীজসম্বন্ধীয় ; বৈজিক ; আদি ; মৌলিক ; Radical ; rudimental :—Being or like sperm. *Syn* :—Germinal, original.

Seminal discharge—রেতঃস্রাব ।

Seminary, sem'in-ar-e, *n.* [L. *seminarius*, belonging to seed] বিদ্যালয় ; স্কুল ; A place of education. *Syn* :—School, academy, gymnasium, college ; nursery.

Semination, *n.* বপন ; The act of sowing.

Seminiferous, *a.* বীজধর ; Producing seed.

Semipellucid, Semi-transparent, *a.* অর্দ্ধস্বচ্ছ ; Half transparent.

Semitik, *a.* য়িহুদী, আরব প্রভৃতি জাতি সম্বন্ধীয় ; Descended from Shem, including Hebrew, Arabic, Syriac.

Semitone, *n.* অর্দ্ধস্বর , ন্যূনমাত্রা ।

Semi-transparent, *a.* অর্দ্ধস্বচ্ছ ; Half transparent.

Semi-vocal, *a.* অর্দ্ধ স্বরবর্ণ সম্বন্ধীয় ; Pertaining to a semivowel.

Semivowel, *n.* অর্দ্ধ স্বর ও অর্দ্ধ হল (w ও y).

Semnopitheous, *n.* আসিয়ার বানরজাতি ।

Sempiternal, *a.* [L. *semper*, always, *eternus*, eternal] চিরস্থায়ী , অনন্ত ; Everlasting ; of never-ending duration. *Syn* :—Everlasting, endless, interminable, eternal, perpetual.

Sempster, Sempstress, *n.* সীবন-ব্যবসায়িণী ; A woman who sews.

Senary, seńar-i, *a.* ষড়াত্মক ; ষট্সংখ্য ; Containing six.

Senate, seńāt, *n.* ব্যবস্থা সভা ; বিশ্ববিদ্যালয়ের সভা ; Legislative or deliberative body.

Senate-house, *n.* বিশ্ব-বিদ্যালয়াদির সভাগৃহ ।

Senator, seńa-tur, *n.* সচিব ; সিনেটের সভ্য বা সদস্য ; Member of a senate ; counsellor. *n*=senatorship.

Senatorial, sen-a-tō'ri-al, *a.* সচিব বা সভ্য সম্বন্ধীয় ; Pertaining to or becoming, a senate or senator.

Send, send, *v. t.* প্রেরণ-কৃ ; পাঠান ; To transmit by another ; to cause to go ; to despatch :—প্রক্ষেপ-কৃ ; ছোঁড়া ; To cast :—*v. i.* কোন সংবাদ বা সংবাদবাহক প্রেরণ-কৃ ; To despatch a message or messenger. *pt.* and *pp*=sent, *Syn* .—Throw, hurl, fling, project, emit ; forward ; delegate, depute , bestow, grant, confer.

God send you well—ঈশ্বর তোমার ভাল করুন ।

Send about one's business—নিজের চরকায় তেল দিতে পাঠান অর্থাৎ দূরীভূত-কৃ ; To dismiss unceremoniously.

Send away—প্রেরণ-কৃ ; Despatch.

Send for—আহ্বান-কৃ ; Call ; summon :—ডাকিয়া পাঠান ; আসিতে অনুরোধ-কৃ ; Request one by passage to come :—চাহিয়া পাঠান , Send some one to ask :—Require one by message to send.

Send forth or **out**—নির্গত-কৃ , Emit ; spread :—উৎপাদন-কৃ ; উদ্গত-কৃ ; To produce.

Send off—প্রেরণ-কৃ ; Dismiss ; despatch.

Send packing—দূর-কৃ , Drive away ; dismiss unceremoniously. [চালান ।

Send something flying—কোনও কিছু বোঁ করিয়া

Sent to coventry—দলচ্যুত-কৃ ।

Sen word—খবর-দে ; Inform by message.

Sendal, *n.* রেশমী ; A thin silk.

Sender, *n.* প্রেরক ।

Seneschal, seńeshal, *n.* অধ্যক্ষ ; কর্ম্মচারী ; ভৃত্য ; A steward. *n*=seneschalship.

Senile, sē'nil, *a.* [L. *senilis,—senex, senis*, an old man] বার্দ্ধক্যসম্বন্ধীয় ; জরাগ্রস্ত ; Pertaining to old age ; aged. *n*=senility (বার্দ্ধক্য ; old age.) *Syn* :—Imbecile, doting.

Senior, sēńyur, *a.* অগ্রজ ; Older in office ; prior in age :—প্রধান ; বড ; Suporior :—*n.* বয়োজ্যেষ্ঠ লোক ; বয়োজ্যেষ্ঠতা ; গুরুজন ; One older than another ; one prior in office , an aged person.

Seniority, sē-ne-or'e-te, *n.* প্রাচীনত্ব ; জ্যেষ্ঠত্ব ; Quality or condition of being older. *Syn* :—Eldership , priority, superiority.

Senna, seńa, *n.* সোনামুখী পাতা ; A tree and its leaves ; cathartic.

Sennight, *n.* সপ্তাহ ; সপ্তরাত্র ; A week.

Sensate, *v. t.* অনুভব-কৃ ; To perceive by the senses :—*a.* অনুভূত ; Perceived.

Sensation, sen-sā'shun, *n.* [L. *sensus*, sense] ইন্দ্রিয়-বোধ ; ইন্দ্রিয়বৃত্তি ; ইন্দ্রিয়লব্ধ জ্ঞান ; প্রত্যক্ষ জ্ঞান ; Perception by the senses :—অনুভব ; উপলব্ধি ; অনুভূতি ; Perception ; knowledge :—চৈতন্য ; সংজ্ঞা ; Consciousness :—সাড় ; উত্তেজনা ভাব ; A state of excited feeling ; a great impression. *Syn* :—Feeling, sense ; impression ; excitement, commotion.

Sensational, *a.* ইন্দ্রিয়-বোধ সম্বন্ধীয় ; Pertaining to sensation :—ঔৎসুক্যবর্দ্ধক ; Fitted to excite great interest.

Sensationalism, sen-sā'shun-al-izm, *n.* প্রত্যক্ষই জ্ঞানের একমাত্র মূল—এই দার্শনিক মত ; The doctrine that our ideas originate solely in *sensation* and that there are no innate ideas.

Sensationalist, *n.* উক্ত মতবাদী ; A believer in sensationalism.

Sense, sens, *n.* ইন্দ্রিয় ; জ্ঞানেন্দ্রিয় ; A faculty by which objects are perceived ; organ of preception :—উপলব্ধি ; জ্ঞান ; বোধ ; Perception ; feeling :—অর্থ ; ভাব ; Meaning :—বুদ্ধি ; Discernment ; understanding :—বিচারশক্তি ; সঙ্গত কথা ; Reason :—মত ; অভিপ্রায় ; Opinion :—বিশ্বাস ; ধারণা , Conviction :—অর্থ ; Import. *Syn* :—Sensibility, sensation ; mind, intellect, judgment, sagacity, wisdom, wit ; notion, apprehension, conception ; signification, import , persuasion, consciousness.

Bring one to one's senses—ভ্রম বুঝাইয়া দেওয়া: চৈতন্য উদয় করিয়া দেওয়া ; Make one understand one's error or fault. [লৌকিক জ্ঞান ।

Common sense—সহজবুদ্ধি ; সামান্য বুদ্ধি ; কাণ্ডজ্ঞান ,

Frighten one out of one's senses (or wits)—ভয় দেখাইয়া হতবুদ্ধি-কৃ ; Frighten one so as to confound him.

In one sense—এক রকম করিয়া ধরিলে ; একভাবে দেখিলে , এই অর্থে , Considering the matter from one point of view.

In one's senses—জ্ঞান হারা না হইলে ; বুদ্ধিশুদ্ধি থাকিতে ; জ্ঞানহারা না হইলে ; বোধশোধ থাকিলে ; Possessed of reason and judgment , not having lost one's senses.

Moral sense—ধর্ম্মবুদ্ধি ; নীতিবুদ্ধি , হিতাহিত জ্ঞান ।

Out of one's senses—বুদ্ধিভ্রষ্ট , Destitute of the usual powers of reasoning and judging ; insane.

The inner sense—অন্তঃকরণ ।

Senseless, seńsles, *a.* অজ্ঞান , অচেতন ; Wanting sense ; incapable of feeling, preception or judgment :—নির্বোধ ; মূঢ়; Foolish. *n*=senselesness. *Syn* :—Inert, insensible , unfeeling, apathetic ; unreasonable, silly, stupid, absurd, unwise.

Sensibility, sens-i-bil'i-te, *n.* ইন্দ্রিয়গ্রাহ্যতা ; The quality of being sensible :—অনুভূতি , অনুভবশক্তি , সংজ্ঞা ; চেতনাশক্তি ; Feeling ; capacity of feeling ; actual feeling :—ধারণক্ষমতা ; Susceptibility :—কোমলত্ব ; Delicacy.

ceptibility ; delicacy.

Sensible, seńse-bl, *a.* ইন্দ্রিয়-গ্রাহ্য ; ঐন্দ্রিয়িক ; ইন্দ্রিয়-গোচর ; Perceptible :—অনুভব করণে সক্ষম ; অনুভূতিসম্পন্ন ; Capable of being perceived :—জ্ঞানী ; বুদ্ধিমান ; বিজ্ঞ ; Intelligent ; shrewd :—

উপযুক্ত ; সঙ্গত ; যুক্তিযুক্ত ; Proper ; suitable :—অবগত ; Aware :—Liable to quick emotion :—Convinced. *n*=sensibleness. *ad*=sensibly. *Syn* :—Cognizable, visible, tangible ; cognizant, observant, aware, conscious ; judicious, reasonable, rational, sober, sound.

Sensible of—কোন বিষয় অবগত ; Aware of, conscious of. [feel.

To be sensible of—অনুভব-কৃ ; To perceive, to

Sensitive, sensit-iv, *a.* অনুভবশক্তিবিশিষ্ট ; অত্যন্ত ধারণক্ষম ; Having sense or feeling ; highly susceptible :—সহজে অভিভূত ; অভিমানী ; Easily affected :—সহজে পরিবর্তনীয় বা বিকার্য্য ; অনুভূতিজাত ; Pertaining to or depending on sensation. *n*=sensitiveness (অভিমান) । *Syn* :—Sentient, perceptive ; impressible, susceptible, tender, delicate, sprinking.

Sensitive to—সহজে অনুভব করা বা লাগা ; Capable of receiving impressions, or of being affected by.

Sensitive plant—লজ্জাবতী লতা ; A plant, the leaves of which close when touched slightly.

Sensorial, *a.* জ্ঞানেন্দ্রিয়-সম্বন্ধীয় ; Pertaining to the sensorium.

Sensorium, sen-sō'ri-um, **Sensory**, sen'sor-i, *n.* জ্ঞানেন্দ্রিয় ; সংবিৎ ; মস্তিষ্ক ; Seat or organ of sensation ; brain.

Sensory, *a.* অনুভব-সম্বন্ধীয় ।

Sensory nerves—অন্তর্মুখী স্নায়ুমণ্ডলী ।

Sensual, sen'ū-al, *a.* [L. *sensus*, sense] ইন্দ্রিয়পরতন্ত্র ; ভোগবিলাসী ; কামুক , Voluptuous ; lewd :—ইন্দ্রিয়-সেবাসংক্রান্ত , Carnal. *ad*=sensually. *n*=sensualness. *Syn* :—Fleshly, bodily, luxurious ; licentious, dissolute.

Sensualise, sen'shōō-al-iz, *v. t.* ইন্দ্রিয় সুখভোগ দ্বারা কলুষিত-কৃ ; To debase by carnal gratification.

Sensualism, sen'shōō-al-izm, *n.* ইন্দ্রিয়াসক্তি ; ইন্দ্রিয়-সেবিত্ব ; Sensual indulgence :—প্রত্যক্ষবাদ , The doctrine that all our knowledge originates from the senses.

Sensualist, sen'shōō-al-ist, *n.* লম্পট ; ইন্দ্রিয়সুখাসক্ত ব্যক্তি ; A debauchee.

Sensuality, *n.* ইন্দ্রিয়-পরায়ণতা ; ভোগাসক্তি ; কামুকতা ; Lewdness. [senses.

Sensuous, *a.* ইন্দ্রিয়-ভোগ্য ; Pertaining to the

Sensuous objects—রূপাদি ইন্দ্রিয়ভোগ্য বিষয় ।

Sentence, sen'tens, *n.* মত , বিচার ; Opinion :—দণ্ডাজ্ঞা ; A judgment pronounced on a criminal by a court of judge :—বচন ; বাক্য , নীতিবাক্য ; A maxim :—পদ ; In *gram.* a number of words containing a complete thought .—*v. t.* দণ্ডাজ্ঞা-দে ; শাস্তির হুকুম-দে ; To condemn ; to doom. *Syn* :—(*n*) Decision ; condemnation, doom ; proposition, axiom.

A dark sentence—কূটবাক্য ।

Sentenced to—কোনরূপ দণ্ডে দণ্ডিত-হ ; Sentenced to undergo (some punishment).

Sentential, *a.* বাক্যঘটিত ; Pertaining to a sentence. *ad*=sententially.

Sententious, sen-ten'she-us, *a.* সারগর্ভ ; অর্থপূর্ণ ; শব্দাড়ম্বরপূর্ণ ; Short and pithy in expression ; bombastic. *n*=sententiousness. *ad*=sententiously. *Syn* :—Short, energetic, terse, laconic, compact, pointed, axiomatic.

Sentient, sen'she-ent, *a.* সচেতন ; চৈতন্যবিশিষ্ট ; বোধক্ষম ; Having the faculty of perception and sensation. *Syn* :—Perceiving, feeling ; thinking, reflecting ; sensitive.

Sentiment, sen'te-ment, *n.* [L. *sentire*, to perceive, feel] মত ; সিদ্ধান্ত ; Opinion ; judgment :—ভাবমিশ্রিত চিন্তা ; সমবেদনা , কোমলভাব ; Sensibility ; feeling ; tenderness :—বাক্যনীতি ; Maxim. *Syn* :—Emotion ; notion, idea ; saying ; toast.

Sentiment of love—শৃঙ্গার রস ।

Sentimental, sen-te-men'tal, *a.* ভাবপূর্ণ ; মনের আবেগবিশিষ্ট ; রসিক ; কোমলতাপূর্ণ ; Possessing sentiment ; prone to sentiment ; affectedly tender. *ad*=sentimentally. *Syn* :—Romantic, fanciful ; impressible, tender.

Sentimentalism, sen-ti-men'tal-izm, **Sentimentality**, *n.* ভাবঘটিত চিন্তাশীলতা ; কৃত্রিম ভাবুকতা ; Affectation of fine feeling.

Sentimentalist, sen-ti-men'tal-ist, *n.* ভাবুক ; রসিক ; ভাবপ্রধান ব্যক্তি ; On who affects sentiment or fine feeling. [sentry ; watchman ; guard.

Sentinel, sen'te-nel, *n.* প্রহরী ; শান্ত্রী ; চৌকিদার ; A

Sentry, sen'tri, *n.* প্রহরী ; শান্ত্রী ; সৈনিক-প্রহরী ; Soldier on guard ; watchman ; sentinel.

Sentry-box, *n.* প্রহরীর আশ্রয়ভূত আচ্ছাদন ; A box to shelter a sentry.

Sepal, *n.* পুষ্পভাণ্ডের বেষ্টনপত্র ।

Separable, sep'ar-a-bl, *a.* বিভাজ্য ; বিচ্ছেদ্য ; বিশ্লেষণীয় , That may be separated or disjoined ; divisible. *ad*=separably, *n*=separableness.

Separate, sep'ar-āt, *v. t.* পৃথক-কৃ ; স্বতন্ত্র-কৃ ; বিচ্ছিন্ন-কৃ ; To divide ; to part ; to sever :—*v. i.* পৃথক-হ ; বিযুক্ত-হ ; বিচ্ছিন্ন-হ ; To part ; to become disunited. *Syn* :—Disconnect, disjoin.

Separated, *a.* ভিন্ন ; বিভিন্ন ; পৃথককৃত ; বিচ্ছিন্ন ; বিযুক্ত ; Divided ; distinct. *ad*=separately (স্বতন্ত্রভাবে) । *Syn* :—Disconnect, disjoin, disunite, sever, sunder ; withdraw, remove, eliminate.

Separation, sep-ar-ā'shun, *n.* পার্থক্য ; বিপ্রয়োগ ; প্রভেদ ; Disjoining ; disunion :—বিচ্ছেদ ; Divorce. *Syn* :—Disconnection, disjunction, severance, dissociation ; divorce ; isolation. [বিচ্ছেদ ।

Judicial separation—আদালতনির্দিষ্ট দম্পতী-

Separatism, sep'ar-a-tizm, *n.* ভিন্ন মতাবলম্বন ; ধর্মসম্প্রদায় হইতে স্বাতন্ত্র ; The act of separating or withdrawing, especially from an established church. [ত্যাগী ; A dissenter ; Scotch deist.

Separatist, sep'ar-a-tist, *n.* ভিন্ন মতাবলম্বী ; স্বধর্ম-

Sepoy, sē'poy, *n.* সিপাহী ; দেশীয় সৈন্য ; A native soldier in Hindustan.

Sept, sept, *n.* জাতি ; বংশ ; A clan.

September, sep-tem'bėr, *n.* বৎসরের নবম মাস ; The ninth month of the year.

Septenary, sep'ten-ar-i, *a.* [L. *septem*, seven] সপ্ত সংখ্যক ; Consisting of seven :—সপ্তবর্ষব্যাপী ; Lasting seven years.

Septennial, sep-ten'yal, *a.* [L. *septum*, seven, *annus*, a year] সপ্তবর্ষব্যাপী ; সাপ্তবার্ষিক ; Lasting seven years ; happening every seven years. *ad*=septennially

Septic, sep'tik, *a.* [Gr. *sepo*, to make putrid] গলন-সহায় ; পচনক্ষম ; পচাইবার শক্তিসম্পন্ন ; Having power to promote putrefaction :—সপ্তম ক্রমবিশিষ্ট।

Septuagenarian, *n.* সপ্ততিবর্ষবয়স্ক ব্যক্তি ; A person seventy years old.

Septuagenary, sep-tūajen-ar-i, *a.* সপ্ততিঘটিত ; Consisting of seventy :—সপ্ততিবর্ষীয় ; Seventy years old :—*n.* সত্তর বর্ষ বয়স্ক লোক ; One 70 years old.

Septuagesima, *n.* তৃতীয় রবিবার বিশেষ, The third Sunday before Lent. [by seventies

Septuagesimal, *a.* সপ্ততিক্রমে গণিত ; Counted

Septuagint, sep'tū-a-jint, *n* গ্রীক বাইবেল ; The Greek version of the Old Testament.

Sepulcher, chre, sep'ul-kėr, *n.* সমাধি. গোর, কবর ; Tomb :—*v t.* সমাধি-কৃ। *a*=sepulchral.

Sepulchral, *a.* সমাধিস্তম্ভ সম্বন্ধীয় ; সমাধি সম্বন্ধীয় ; Monumental. *Syn* :—Funeral, mournful, gloomy, dismal ; deep, grave, hollow.

Sepulture, sep'ul-tūr, *n.* [L. *sepultura*, from *sepelire*, *sepultum*, to bury] সমাধি-ক্রিয়া ; Interment ; burial :—গোর-দেওন ; Inhumation :—কবর ; A grave. [ness.

Sequacious, নমনীয়, সুসঙ্গত। *n*=sequacious-

Sequacious, *a.* অনুগামী, অনুচর, Attendant.

Sequel, sē'kwel, *n.* [L. *sequi*, to follow] উত্তর ভাগ ; শেষভাগ ; পরিশিষ্ট, Succeeding part :—পরিণাম ; ফল ; Result ; consequence. *Syn* :—Continuation ; conclusion, termination, end, denouement ; issue, upshot.

In the sequel—শেষে, উত্তরভাগে।

Sequence, sē'kwėns, *n.* অনুক্রম ; পর্য্যায়ক্রম ; Order of succession :—পরিণাম ; ফলাফল, Consequence. [পর অন্বয়।

The sequence of tenses—ক্রিয়াপদ সকলের পর-

Sequent, *a.* আনুক্রমিক, পরবর্ত্তী, Succeeding.

Sequester, sē-kwes'tėr, *v t.* স্বতন্ত্র-কৃ, পৃথক-কৃ, (সমাজ) অপসৃত-কৃ ; To separate, to set apart ; to withdraw from society :—*v. i.* মৃতপতির সম্পত্তিতে সম্বন্ধ ত্যাগ-কৃ, To renounce any concern with the estate of a dead husband. [cluded

Sequestered, *a.* নির্জ্জন ; নিভৃত ; Retired ; se-

Sequestrate, se-kwes'trāt, *v. t.* স্বতন্ত্র-কৃ ; দখল বা ক্রোক-কৃ, To sequester.

Sequestration, sek-wes-trā'shun, *n.* পৃথক করণ, সমাজ হইতে অপসৃতি ; Act of sequestering ; taking away from the use of the owner for a time ; seclusion from society.

Sequestrator, sek-wes-trā'tor, *n.* যে অন্যের সম্পত্তি স্বীয় অধিকারে রাখে ; One who sequesters another's property.

Sequin, sē'kwin, *n.* বিনিসের স্বর্ণমুদ্রা বিশেষ ; A gold Venetian coin of the 13th century ; *9s. 4d.*

Seraglio, se-ral'yō, *n.* অন্তঃপুর ; অন্দরমহল, অবরোধ ; A harem.

Serai, *n.* সরাই ; A caravansary. [vessel.

Serang, *n.* জাহাজের সারেঙ ; The boatswain of a

Seraph, ser'af, *n.* স্বর্গীয় প্রধান দূত ; First class angel. *pl*=seraphs, seraphim.

Seraphic sē-raf'ik, **Seraphical**, sē-raf'ikal, *a.* স্বর্গীয় ; পবিত্র ; নির্ম্মল ; Angelic ; pure ; refined. *Syn* :—Heavenly ; holy ; blissful, rapturous,

Seraphine, *n.* বাদ্যযন্ত্র বিশেষ।

Sere, *v.* শুষ্ক-কৃ ; To dry up.

Serenade, ser-e-nād, *n.* প্রণয়িনী সন্তোষার্থে রজনীতে অনাবৃত স্থানে গীতবাদ্য ; Nocturnal music in the open air ; musical performance in the open air in the evening in honor of a lady :—*v. t.* গীত বাদ্য দ্বারা সম্ভাষণ বা তুষ্ট-কৃ ; To entertain with a serenade :—*v. i.* নিশাকালে সঙ্গীত-কৃ ; To perform a serenade.

Serene, sē-rēn', *a.* শান্ত ; স্থির ; Calm :—নির্ম্মল ; পরিষ্কার ; মেঘাদি বর্জ্জিত ; Clear ; unclouded. *ad*=serenely (স্থিরভাবে)। *Syn* :—Fair, bright ; unruffled, undisturbed, quiet, placid, composed.

Serenity, sē-ren'e-te, *n.* শান্ত ; সুস্থিরতা ; Calmness ; peace :—নির্ম্মলতা ; Clearness. *Syn* :—Clearness, fairness, brightness ; quietness, tranquillity, sedateness, composure.

Serf, serf, *n.* দাস ; ক্রীতদাস ; Slave attached to an estate ; a feudal slave. *Syn* :—Bondman, vassal, villain, dependent, drudge.

Serfdom, Serfage, *n.* দাসত্ব, দাস্য ; The condition of a serf.

Serge, sėrj, *n.* পশমী বস্ত্র বিশেষ ; Coarse woolen.

Sergeancy, Sergeantship, *n.* সার্জ্জেন্টের পদ ; The office of a sergeant.

Sergeant, Serjeant, sar'jent, *n.* সেনানী বিশেষ ; A non-commissioned officer next above a corporal :—হাওলদার, পুলিশের কর্ম্মচারী ; Officer of police, Bailiff :—উচ্চ শ্রেণীর উকীল, A lawyer of the highest rank. *n*=sergeancy.

A sergeant-at-arms—দণ্ডনেতা ; শান্তিরক্ষক কর্ম্মচারী ; An officer who attends on the king, the lordhigh steward, &c. an officer of a legislative body for keeping order, &c.

Sergeant at law—শ্রেষ্ঠ উকীল, Lawyer next in rank to a judge. [ing a mayor or a sheriff.

Sergeant at mace—Bailiff or beadle attend-

Sergeant major, sär'jent-mā-jur, *n.* সেপ্টেনান্টের নিম্নপদস্থ সেনানী, The highest non-commissioned officer who assists the adjutant ; chief sergeant of a troop.

Serial, sē'ri-al, *a.* ক্রমিক ; আনুক্রমিক ; Pertaining to or consisting of a series :—ক্রমশঃ প্রকাশিত ; Appearing in successive parts :—*n.* ক্রমশঃ প্রকাশিত পুস্তকাদি, A work appearing in parts periodically. *ad*=serially (পর পর, ক্রমপূর্ব্বক)।

Serial numbers—শ্রেণী সংখ্যা। [order.

Serially, *ad.* ক্রমানুসারে, যথাক্রমে ; In a regular

Seriate, sē'ri-āt, *a.* ক্রমান্বয়ে সন্নিবেশিত ; শ্রেণীবদ্ধ ; Arranged in series. [order.

Seriatim, *ad.* পর পর ; ধারাবাহিকরূপে ; In regular

Series, sē're-ēz, *n.* [L. *series*—*serere*, *sertum*, to join together] অনুক্রম ; ক্রম, শ্রেণী ; ধারা ; পারম্পর্য্য ; Connected succession ; sequence ; order.

Arithmetical series—সমান্তর শ্রেঢ়ী।

Summation of a series—শ্রেঢ়ী ব্যবহার।

Seriocomic, Seriocomical, *a.* শান্ত ও হাস্য রস মিশ্রিত ; Partaking both of seriousness and comicality.

Serious, sē're-us, *a.* গম্ভীর ; চিন্তাশীল ; ধীর ; Solemn, grave, sober :—গুরু ; গুরুতর ; ভয়ানক ; Important :—বিপদসঙ্কুল ; বিপজ্জনক ; Attended with danger. *ad*=seriously (গুরুতররূপে ; গম্ভীরভাবে)।

Syn :—Thoughtful, earnest, devout, pious; momentous, weighty.

A serious matter—সঙ্গীন ব্যাপার।

Seriousness, sē're-us-nes, *n.* গাম্ভীর্য ; Gravity ; solemnity :—গুরুতা ; Importance :—Earnestness :—বিপদ ; Danger.

Sermon, ser'mon, *n.* ধর্মোপদেশ ; ধর্ম্ম বক্তৃতা ; An ecclesiastical discourse ; a discourse on a text of scripture.

Sermonise, *v. i.* ধর্মোপদেশ-দে ; ধর্ম্ম সম্বন্ধে বক্তৃতা-কৃ ; শিক্ষা-দে ; Deliver sermon ; tutor.

Sermonist, *n.* ধর্মোপদেশ লেখক ; Writer of sermons.

Serous, sē'rus, *a.* পাতলা ; জলীয় ; জলবৎ ; Thin ; watery :—রৈছিক।

Serous membrance—রৈছিক ঝিল্লী।

Serpent, sėr'pent, *n.* [L. *serpo*, to creep] সর্প ; ভুজঙ্গ ; Snake :—ক্রুর লোক , Malicious person.

Serpentine, ser'pent-in, *a.* সর্পবৎ ; বক্র ; আঁকা বাঁকা ; Resembling a serpent ; winding ; crooked ; spiral :—খনিজ বিশেষ। *Syn* :—Meandering, tortuous, crooked, anfractuous.

Serrate, ser'rāt, **Serrated,** ser'rāt-ed, করাতের ন্যায় কাটা কাটা ; Notched like a saw. *n*=serration (বক্রাকারে গঠন)।

Serrature, *n.* করাতের দাঁতের মত খাঁজ ; Notching like the teeth of a saw.

Serried, ser'rid, *a.* বহুজনাকীর্ণ ; একত্রিত ; নিবিড় ; ঘন ; Crowded ; pressed together ; close.

Serum, sē'rum, *n.* রক্তের জলীয় ভাগ ; রসানি ; The thin fluid which separates from the blood when it coagulates :—দুধের জলীয় অংশ ; তক্র ; ছানার জল ; The watery part of curdled milk ; whey.

Servant, servant, *n.* ভৃত্য ; চাকর ; ক্রীতদাস ; A domestic ; menial ; slave. *Syn* .—Serf, drudge, slave, help, helper, dependent.

Servant of servant—দাসানুদাস ; One debased to the lowest condition of servitude.

Your humble servant—আপনার বিনীত ভৃত্য ; এ দাস , এ অধীন ; Myself (a rather polite way of referring to one's own self).

Serve, serv, *v. t.* [L. *servire*, from *servus*, a servant or slave] সেবা-কৃ ; কর্ম্ম-কৃ ; To work for :—যথেষ্ট-হ ; To suffice for :—সেবা-কৃ ; আনুগত্য-কৃ ; পরিচর্য্যা-কৃ ; To wait upon at table :—(অন্যের পরিবর্ত্তে) কাজ-কৃ ; To do duty for :—পরিবেশন-কৃ ; যোগান ; To supply with food :—সন্তুষ্ট-কৃ ; To satisfy :—ব্যবহার-কৃ ; জারি-কৃ ; To treat ; —আদেশ পালন-কৃ ; To obey :—বন্দোবস্ত-কৃ ; To arrange :—উপকার-কৃ ; To do good to ; benefit : —মান্য-কৃ ; পূজা-কৃ :—*v. i.* কার্য্য-কৃ , কার্য্যে নিযুক্ত থাকা ; To be employed ; to discharge the duties of an office ; to be a servant or slave :—অপেক্ষা-কৃ ; To attend ; to wait :—যথেষ্ট-হ ; To be sufficient ; —উপযুক্ত-হ ; To suit. *Syn* :—Minister to, help, assist, succour ; promote, advance, forward, benefit, subserve ; suffice.

First come first served—যে আগে আইসে তাহাকে আগে দেওয়া।

Serve an attachment or **writ of attachment**—ক্রোক-কৃ ; To levy it on the person or goods by seizure ; to seize.

Serve an office—সামাজিক কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ-কৃ।

Serve a purpose—উদ্দেশ্য সাধন-কৃ।

Serve a subpœna—সপিনা জারি-কৃ ; Present a writ to one summoning him to justice.

Serve a warrant—গ্রেপ্তারের হুকুম তামিল-কৃ।

Serve a writ—সমন ধরান ; আদালতের পরওয়ানা জারি-কৃ ; To read it to the defendant or leave an atteststed copy in his usual place of abode.

Serve one's apprenticeship—To acquire the knowledge of a trade under the instruction of one skilled.

Serve one out—প্রতিশোধ লওয়া বা দেওয়া ; Retaliate ; requiet.

Serve one's time—কোন ব্যবসায় শিক্ষার জন্য নির্দ্দিষ্ট সময় কাটান ; শিক্ষানবীশির কাল কাটিয়া অতীত-কৃ ; To pass the usual and necessary time for learning a trade under a superior or master.

Serve one right—যে যেমন তেমনি তাহার উপর ব্যবহার-কৃ ; উচিতমত ব্যবহার-কৃ ; Treat one as he deserves (usually in an ill sense).

Serve one same sauce—প্রতিশোধ-ল ; To retaliate one injury with another.

Serve one's turn—যথেষ্ট-হ ; স্বীয় অভীষ্ট হাসিল-কৃ ; নিজের মতলব সিদ্ধ-কৃ ; প্রয়োজনমত কাজ-কৃ ; To be sufficient for ; to meet one's convenience or purpose ; serve one's purpose.

Serve out—বণ্টন করিয়া-দে ; বাঁটিয়া-দে ; Distribute ; deal :—নির্দ্দিষ্ট সময় ব্যাপিয়া কার্য্য-কৃ ; মিয়াদভর খাটা ; To serve the full period of time agreed upon.

Serve up—পরিবেশন-কৃ ; খাদ্যাদি দ্বারা সেবা-কৃ ; টেবিলের উপর ধরিয়া-দে ; Prepare and present in a dish ; place on the table.

Server, *n.* সেবক ; One who serves :—ছোট রেকাবি বা বারকোষ ; A salver.

Service, servis, *n.* কার্য্য ; কর্ম্ম ; চাকরি ; Duty of a servant ; work ; office :—সেবা ; পরিচর্য্যা ; A woking for another :—উপকার ; Benefit :—ব্যবহার ; Use :—সৈনিকের নিমিত্ত কর্ম্ম ; Public, naval or military duty :—পূজা ; Exclesiastic office of devotion :—সজ্জিত ভোজন বাসনাদি ; Order of dishes at a table :—সাহায্য ; Help :—ধর্ম্মবিষয়ক সঙ্গীত ; উপাসনাকালে ব্যবহারার্থ রচিত সঙ্গীত ; A musical composition for devotional purposes :—সম্মানসূচক উক্তি ; Profession of respect. *Syn* :—Labour, work ; office, duty, employment ; advantage, utility, avail ; homage, marked repect.

At one's service—কাহারও অধীনে ; কাহারও আজ্ঞানুবর্ত্তী , At one's command :—ব্যবহারার্থ নিয়োজিত ; At one's disposal for one's use.

Do yeoman's service—অসময়ে বিশেষ কাজে লাগা ; Do good and faithful service :—বিশ্বস্ত ভৃত্যের ন্যায় কাজ-কৃ ; নিমকের চাকরের মত কাজ-কৃ ; Be of great service.

Serviceable, servis-a-bl, *a.* কার্য্যকর ; হিতজনক ; উপকারী ; Useful ; advantageous ; beneficial :—কর্ম্মণ্য ; কার্য্যক্ষম ; Fit for duty :—পরিশ্রমী ; Active ; diligent. *n*=serviceableness. *ad*=serviceably. *Syn* :—Helpful, profitable, advantageous, convenient, available ; operative, diligent.

Service-book, *n.* ধর্ম্মবিষয়ক পুস্তক ; প্রার্থনা পুস্তক ; Book of devotion ; prayer-book.

Serviette, *n.* তোয়ালে ; A napkin for the table.

Servile, servil, *a.* [L. *servilis*, from *servire*, to serve] দাসোচিত ; হেয় ; নীচ ; হীন ; অধীন ; Slavish ; cringing , meanly submissive, *ad*=

servilely (নীচভাবে)। *n*=servileness (হীনতা; দাসবৎ ব্যবহার)। *Syn* :—Dependent, menial; mean, fawning, obsequious.

Servility, serv-ile-te, *n.* দাসত্ব; নীচতা; তোষামোদ; Slavery; obsequiossness; mean submission :—অধীনতা; A state of salvish dependance. *Syn* :—Bondage, slavishness, meanness, sycophancy.

Servitor, sérvi-tor, *n.* দাস; অনুচর; সেবক; A servant; a follower or adherent. *n*=servitorship.

Servitude, servé-tūd, *n.* [L. *servitudo*, from *servire*, to serve] দাসত্ব, গোলামী; Slavery. *Syn* :—Service, bondage, serfdom, vassalage.

Sesame, *n.* তিল শস্য; A plant and its seeds.

Open sesame—আলিবাবার গল্পে দ্বারোদ্ঘাটন মন্ত্র বিশেষ।

Sesquipedalian, *n.* দেড় ফুট দীর্ঘ; Containing a foot and a half.

Sessible, *a.* অবৃন্তক; বোঁটা না লইয়া যাহা উদ্গত হয়।

Session, seshun, *n.* অধিবেশন; উপবেশন; Sitting: —আদালত বা সভার অধিবেশনের কাল; বৈঠক; বিদ্যালয়ের অধ্যাপন সম্বন্ধীয় বর্ষ; Time during which an assembly continues its sittings; term lof a college or court. *a*=sessional.

Court of session—স্কটলণ্ডের দেওয়ানী আদালত; The Supereme Civil court in Scotland.

Kirk or **church sessions**—The first and lowest court for government and discipline in Pesbyterian churches consisting of the minister and a body of elders.

Petty sessions—Meeting of two or three justices of the peace for the trail of petty offendders and enquiry into grave charges previous to sending the accused to the central or circular court.

Quarter sessions—Quarterly meeting of the justices with fuller powers to try all felonies and trespasses except capital offences.

Special sessions—Meeting of the justices to grant licenses, visit the prisoners.

Sesspool—See cesspool.

Sesterce, *n.* রোমের প্রাচীন মুদ্রা; Roman 2d.

Set, set, *v. t.* স্থাপন-কৃ; বসান; সন্নিবেশ-কৃ, To put, to place; to post :—আবদ্ধ-কৃ; আরোপ-কৃ; To fix :—লগ্ন-কৃ; সংলগ্ন-কৃ; আটকান; To attach :—রোপণ-কৃ; To plant :—নির্দ্দেশ-কৃ; নির্দ্দিষ্ট-কৃ; To direct :—জমান; To curdle :—বাধা-দে; To obstruct :—অবস্থাবিশেষে রাখা; To put in a condition :—বিস্তার-কৃ; To spread as sails :—সুশোভিত-কৃ; To adorn with something fixed :—দেখাইয়া-দে; To point, as a dog :—To fit to music :—*v. i.* অস্ত-যা; পাটে বসা; অস্তমিত-হ; To below the horizon; to go down :—হ্রাস-হ; Decline :—রোপিত-হ; To plant :—সংলগ্ন-হ; দৃঢ়-হ; শিকড় চালান, To become fixed :—শীকার দেখাইয়া দেওয়া; To point out game :—প্রবৃত্ত-হ; To apply one's self. *Syn* :—Seat, place, locate, pitch; settle, fix, establish, ground; determine, appoint, assign; stake, wager; regulate, adjust; stud, variegate; sharpen; replace; decline, sink; congeal; concrete; tend, flow.

Set, set, *a.* স্থির; নিশ্চয়; Fixed; determined :—দৃঢ়, Firm :—নিয়মিত, রীতিমত; Regular established formal :—*n.* সেট; একরূপ দ্রব্যের সমূহ; A number of things similar to or suited to each other; a collection of things of the same kind: —দল; A number of person associated; clique: —গতি; Direction :—অস্তগমন; A decent below the horizon.

Dead set, *n.* A fixed state or condition precluding further progress.

In set terms—বাঁধা গতে; In distinct and forcible language; in formulated expressions.

Make a dead set at—জোরে আক্রমণ-কৃ; নির্ব্বন্ধ সহকারে আক্রমণ-কৃ; লাগিয়া লাগা; Make a determined attack upon; make a determined onset upon.

Of set purpose—আগে মতলব আঁটিয়া; পূর্ব্বকৃত সঙ্কল্প প্রযুক্ত; পূর্ব্বসঙ্কল্প প্রযুক্ত; With a fixed determination.

Set about—আরম্ভ-কৃ; সুরু-কৃ; Begin; commence :—নিযুক্ত-হ; প্রবৃত্ত-হ; Apply oneself to.

Set a dog on one—কুকুর লেলাইয়া-দে।

Set against—বাধা-দে; Oppose.

Set a-going—চালান, চালিয়ে দেওয়া; Cause to beigin to move; put into working order.

Set an (or in) order—ব্যবস্থাপূর্ব্বক রাখা; বন্দোবস্ত করিয়া রাখা; Adjust or arrange; to reduce to method.

Set an example—উদাহরণস্বরূপ-হ; To be model for imitation.

Set apart—স্বতন্ত্র করিয়া রাখা; Reserve; separate for a particular purpose.

Set a price on one's head—যে কাহার মস্তক ছেদন করিতে পারিবে, তাহাকে তিনি এত টাকা দিবেন; Offer a reward for killing a man.

Set aside—সঞ্চিত রাখা; Put in reserve :—খণ্ডন-কৃ; রদ-কৃ; অন্যথা-কৃ; Annul :—বর্জ্জন-কৃ; ত্যাগ-কৃ; Omit; reject :—গণনার মধ্যে না ধরা; হিসাবে না ধরা, Leave out of account.

Set aside a claim—দাবি অগ্রাহ্য-কৃ।

Set a task—দণ্ডস্বরূপ ছাত্রকে অতিরিক্ত পাঠ-দে; Impose a supernumerary exercise on a student as a punishment.

Set at defiance—স্পর্দ্ধাপূর্ব্বক অমান্য-কৃ; তুচ্ছ-কৃ; To defy.

Set at ease—শান্ত-কৃ; সুস্থির-কৃ; নিশ্চিন্ত-কৃ; Quiet.

Set at naught—অগ্রাহ্য-কৃ; অবজ্ঞা-কৃ; তুচ্ছ-কৃ; Despise; undervalue.

Set a trap or **snare**—ফাঁদ পাতা; কল পাতা; To place it in a situation to catch prey.

Set at rest—শান্ত-কৃ; Compose.

Set at (or to) work—কর্ম্মে নিযুক্ত করা বা লাগান।

Set before—সম্মুখে উপস্থিত-কৃ; ধরিয়া দেওয়া বা দেখান; To exhibit; bring to view before :—To offer for choice.

Set by—পৃথক রাখা; ত্যাগ কৃ; Set apart; reject: —মান্য-কৃ, শ্রদ্ধা-কৃ; আদর-কৃ; Esteem; value.

Set down—ভূমিতে স্থাপন-কৃ; Place on the ground: —গাড়ি হইতে নামান; Let out of a carriage :—লিপিবদ্ধ-কৃ, নিবদ্ধ-কৃ, লিখিয়া রাখা; Enter in writting :—নির্দ্ধারণ কৃ; To ordain :—তিরস্কার-কৃ; To rebuke :—নিন্দা-কৃ; To censure, to humiliate.

Set down to—আরোপ-কৃ; Attribute or impute something to.

Set eyes on—দর্শন-কৃ; দৃষ্টিপাত-কৃ; নজর-কৃ; To see; to behold.

Set fire to—প্রজ্বলিত-কৃ; Kindle.

Set foot in a place—কোন স্থানে পা বাড়ান।

Set foot on—পদনিক্ষেপ-কৃ ; Step on.

Set forth—প্রকাশ-কৃ ; প্রদর্শন-কৃ ; বিবৃত-কৃ ; বর্ণন-কৃ ; বুঝাইয়া-দে ; Manifest ; exibit ; describe ; explain :—যাত্রা-কৃ ; Set out.

Set forward—সাহায্য-কৃ ; অগ্রসর-হ ; উন্নত-কৃ ; To begin to move on ; to promote.

Set free—মুক্ত-কৃ ; স্বাধীনতা প্রদান-কৃ ; ছাড়িয়া-দে ; Liberate.

Set in—আরম্ভ-কৃ ; Begin :—মধ্যে স্থাপন-কৃ ; To put.

Set in motion—চালিয়ে দেওয়া ; চালিত-কৃ ; Be made to move :—প্রবর্তিত-কৃ ; Start ; originate :—জারি-কৃ ; Enforce :—নিয়োজিত-কৃ ; Employ.

Set off—অলঙ্কৃত-কৃ ; সজ্জিত-কৃ ; Adorn ; decorate : —তুল্যমূল্যরূপে স্থাপন-কৃ ; তুল্য-কৃ ; Place against as an equivalent :—প্রস্থান-কৃ ; যাত্রা-কৃ ; Depart ; start :—স্বতন্ত্র করিয়া রাখা ; To assign a portion to a particular use :—অধিক শোভা সম্পাদন-কৃ ; Show to advantage :—ভাল করিয়া সাধারণের পরিচিত করিয়া দেওয়া ; Recommend :—বিচ্ছিন্ন-কৃ ; To separate from a whole.

Set little by—তুচ্ছ-কৃ ; বন্দোবস্ত করিয়া রাখা ।

Set light by—অবজ্ঞা-কৃ : তুচ্ছ-কৃ ; To treat as of no importance ; to slight ; to despise.

Set off against—তুল্যমূল্য হওয়া ; Place against as an equivalent.

Set on—উত্তেজিত-কৃ ; কুকর্মে প্রবৃত্ত-কৃ ; উস্কিয়া-দে ; লাগাইয়া-দে ; লেলাইয়া-দে ; Instigate ; incite :—নিয়োজিত-কৃ ; নিযুক্ত-কৃ ; To employ :—আক্রমণ-কৃ ; Attack.

Set one down as, Set one down for—কাহাকে কিছু বলিয়া ভাবা বা গ্রহণ-কৃ ; Consider one as ; take one to be.

Set one's cap (or for)—মনোযোগ বা প্রেম আকর্ষণ করিবার চেষ্টা-কৃ ; কাহারও নজর বা অনুগ্রহ হয় এমন চেষ্টা-কৃ ; Endeavour to catch the attention or affection.

Set oneself against—কাহারও বিপক্ষে দণ্ডায়মান-হ ; প্রতিকূল-কৃ ; To place one's self determinedly in opposition to ; resist ; oppose.

Set one's hand and seal to—To sign and seal as legal document ; to certify ; to attest.

Set one's heart on—অত্যন্ত প্রিয়-হ ; Long for earnestly , to be very fond of.

Set on fire, Set fire to—জ্বালান ; অগ্নি প্রদান-কৃ , জ্বালাইয়া-দে ; To put fire for the purpose of burning :—রিপু উত্তেজিত-কৃ ; To inflame the passions.

Set on foot—আরম্ভ-কৃ , সূচনা-কৃ ; প্রবর্তিত-কৃ ; To put in motion ; to start.

Set one's teeth—দাঁতে দাঁত লাগান ।

Set one's wits to work—কোন বিষয়ে চিন্তা-কৃ ; Consider carefully ; to think upon a matter.

Set out—প্রস্থান-কৃ , যাত্রা-কৃ ; Depart ; begin a journey :—আরম্ভ-কৃ , Begin :—প্রচার-কৃ ; Publish : —শোভিত-কৃ ; অলঙ্কৃত-কৃ , Adorn :—দর্শান ; প্রকাশ-কৃ ; Show :—বিস্তারিতরূপে বর্ণনা-কৃ , To state at large.

Set over—নিয়োগ-কৃ , নিযুক্ত-কৃ ; To appoint over.

Set right—সংশোধন-কৃ ; শুধরান ; Correct.

Set sail—নৌকা বা জাহাজ খুলিয়া-দে ; পাইল তুলিয়া যাত্রা-কৃ ; Sail ; commence sailing ; start on a voyage.

Set speech—প্রকাশ্যে বলিবার জন্য যে বক্তৃতা ঘরে প্রস্তুত করা হয় ; ঘরে প্রস্তুত করিয়া পরে যে বক্তৃতা করা যায় ; A speech carefully prepared before it is delivered in public :—বাঁধা ধরণের বক্তৃতা ; A formal or methodical speech.

Set store to—মূল্যবান্ বিবেচনা-কৃ ।

Set the hand to—কোন কার্য্যে নিযুক্ত-হ ; Engage in ; to undertake.

Set the heart at rest—হৃদয়কে শান্ত-কৃ ; To quiet or tranquillise the heart.

Set the Thames on fire—সর্বদা ব্যস্ত থাকা ; লোকের তাক্ লাগিয়ে দেওয়া ; খ্যাতি লাভ-কৃ ; Distinguish onseelf by something extraordinary.

Set the river on fire—বিখ্যাত-হ ; To be highly successful or renowned in life ; to do some great thing.

Set the table in a roar—নিমন্ত্রিত ব্যক্তিগণকে অত্যন্ত হাসান ; Cause loud laughing among the company at table.

Set the saddle on the right horse—Let those bear the blame that deserve it.

Set the teeth on edge—দাঁত টোকে-যা ; To affect the teeth with a disgreeable sensation.

Set to—আরম্ভ-কৃ ; প্রবৃত্ত-হ ; Begin :—সংযুক্ত-কৃ ; সংলগ্ন-কৃ ; পোতা ; লাগা ; To attach to ; affix.

Set together by the ears—বিবাদ বাধাইয়া দেওয়া ; To cause to quarrel.

Set to music—সুরে বসান ; গাইবার যোগ্য-কৃ ; Prepare for singing ; adapt words tò notes.

Set to work—আরম্ভ-কৃ ; Begin.

Set up—উত্তোলন-কৃ ; উন্নত-কৃ ; খাড়া-কৃ ; Raise ; put in power ; erect :—স্থাপন-কৃ ; প্রতিষ্ঠিত-কৃ ; Establish :—চীৎকার করা ; Utter loudly :—কার্য্য আরম্ভ-কৃ ; কোন ব্যবসা শুরু-কৃ ; Begin business :—সুস্থ-কৃ ; To restore to health :—Put forward :—সমৃদ্ধিশালী-কৃ ; To make prosperous :—স্পষ্টবাক্য-কৃ ; To profess openly :—দৃষ্টিপথে স্থাপন-কৃ ; To place in view.

Set up for—আপনাকে স্থাপন-কৃ ; কোনও কিছু বা কেহ হইয়া দাঁড়ান ; To put one self forward as, to establish one self as :—কোনভাবে গণ্য-হ ; Pose as ; pass for.

Set upon—আক্রমণ-কৃ ; Attack ; assault :—তাড়া-কৃ ; Pursue ; chase.

Set with—বসান ; খচিত ; Studded with.

To be at a dead set—বাধাপ্রযুক্ত বদ্ধ থাকা ।

Well-set—সুবিন্যস্ত ।

To be set on or upon—কৃতসঙ্কল্প-কৃ ; To be fixed upon ; to be determined upon.

To be set down—To be established in popular or general estimation.

Set-down—ভর্ৎসনা, হীনতাকারক নিন্দা , A rebuke that quiets or silences ; a rebuff.

Set-off, *n.* অলঙ্কার ; ভূষণ ; Decoration :—তুল্য দাবি ; A counter-claim ; an equivalant ; off set : —পাল্টি দেনা পাওনা ; A counter balance.

A set-off against—একদিকে যে ভাল কি মন্দ থাকে, সেই ভাল কি মন্দ ভাগ যাহা দ্বারা কেটে যায় ; Something that counterbalances or neutralizes.

Seton, *n.* ঘোড়ার বালাকি বা রেশমীর সূতার পলিতা ; Twist of silk &c. drawn through the skin.

Set-out, *n.* যাত্রার বন্দোবস্ত ; বাসন বা বস্ত্রাদি প্রদর্শন : —গোলমাল ।

Set-tee, *n.* চৌকী বা আসন বিশেষ ; A long seat.

Setter, setér, *n.* শিকারী কুকুর বিশেষ ; A dog which crouches when it sees the game :—স্থাপক ; One who adapts words to music.

Setting, seting, *a.* অস্তগামী ; Falling below the

horizon :—*n.* বোজনা ; স্থাপন ; কোনও কিছু বসান ; The act of placing or fixing :—অস্তগমন ; The act of sinking or appearing to sink below the horizon :—The direction of a current, or of a sea or wind :—ভিত্তি প্রলেপকে কঠিন করণ ; The hardening of plaster.

Setting day—Day on which accounts are balanced and settled, as on the stock exchange.

Setting dog, *n.* কুকুর বিশেষ ; A dog trained to crouch at the sight or scent of game.

Settle, setl, *v. t.* স্থির-কৃ ; To decide :—স্থাপন-কৃ ; To fix, to establish :—বোকরর-কৃ ; To confirm : —নিষ্পত্তি-কৃ ; মীমাংসা-কৃ ; ঠিক বিন্যাস-কৃ ; To adjust, arrange :—শান্ত-কৃ ; To quiet ; to compose :—স্থিত-কৃ বা তলায় বসান ; জমান ; To cause to sink : —অবধারিত-কৃ ; To make sure :—খতম-কৃ ; ঠিক-কৃ ; To finish :—ঋণ পরিশোধ-কৃ ; শোধ-কৃ ; Liquidate ; to pay :—উপনিবেশ স্থাপন-কৃ ; উপনিবেশিত-কৃ ; To colonise :—*v. i.* থিতিয়া পড়া ; নীচে পতিত-হ ; To fall to the bottom :—স্থির-হ ; স্থায়ী-হ ; To become come fixed ; to become stationary :—বাস-কৃ ; To fix one's residence :—বসা ; জমা ; To cease from agitation :—শান্ত-হ ; To grow calm or clear :—সন্ধি-কৃ ; গোলাগাণ্ডা চুকান ; হিসাব ঠিক-কৃ ; To adjust differences or accounts :—*n.* বেঞ্চ ; মঞ্চ ; A bench ; a platform :—মীমাংসা। *Syn* :—Ordain, appoint, confirm ; determine ; reconcile, regulate ; pay ; plant, found ; calm, tranquillize ; subside, sink, fall ; rest, repose ; dwell, reside, inhabit ; account, reckon.

Settle a pension on one—বৃত্তিস্বরূপ-দে ; Confer on one. [কৃ ; To adjust differences.

Settle differences or dispute—বিবাদ ভঞ্জন-

Settle down—শান্ত-হ ; Subside ; to become quiet :—Establish oneself ; adopt a methodical life. [Adopt the life of.

Settle down into—শান্ত প্রজার ন্যায় বসবাস-কৃ ;

Settle the question—কোন বিষয় স্থির-কৃ ; To decide that which was before doubtful or uncertain.

Settle to, (on or upon)—চিরকালের মত বৃত্তিস্বরূপ কিছু দান-কৃ ; বৃত্তিরূপে প্রদান-কৃ ; Make an investment or apportionment for the benefit of some one.

Settled, *a.* স্থিরীকৃত ; অবধারিত ; অটল ; Fixed.

Settled conviction—স্থায়ী বিশ্বাস ; Belief which cannot be easily shaken.

Settled income—নিয়মিত আয়।

Settled weather—Clear and calm weather.

Settlement, setl-ment, *n.* স্থাপন ; স্থিরীকরণ ; Establishment ; the act of sitting :—বন্দোবস্ত ; ব্যবস্থা ; বিলি ; Arrangement :—উপনিবেশ ; A colony newly settled :—যৌতুক ; A dowry, jointure :—নিষ্পত্তি ; Adjustment :—মীমাংসা ; Liquidation. *Syn* :—Ordination ; installation ; payment ; pacification, reconciliation ; colonization.

Act of settlement—The Act of 12 and 13 William III. by which the crown was limited to Her present Majest's house or to the House of Orange. [A colonist.

Settler, setlér, *n.* উপনিবেশকারী ; উপনিবেশিক ;

Setto, *n.* ঘুষাঘুষি ; মারামারি ; A fight at fisticuff.

Seven, sevn, *a.* and *n.* সপ্ত ; সাত ; Six and one.

Seven wonders of the world—The Pyramids, the Colossus at Rhodes, the temple of Diana at Ephesus, the hanging gardens of Babylon, the Mausoleum erected by Artemesia, the statue of Jupiter Olympius and the Pharos or watch tower at Alexandria.

Seven-fold, sevn-fōld, *a.* সপ্তগুণ ; সাত-হারা ; সাত ভাঁজ ; সাত-ফের ; Multiplied seven times ; increased to seven times :—*ad.* সাতগুণে ; সাতবার।

Seven-night, *n.* সাতরাত্রিকাল ; সপ্তাহ। [twenty.

Sevenscore, *a.* and *n.* সাতকুড়ি ; Seven times

Seven-shooter, *n.* A pistol with seven barrels.

Seventeen, sevn-ten, *a.* and *n.* সপ্তদশ ; সতর ; Seven and ten, 17.

Seventeenth, sevn-tēnth, *a.* and *n.* সপ্তদশ ; সতরই ; The seventh after the tenth.

Seventh, sevnth, *a.* সপ্তম ; সাতই ; সপ্তম ভাগ ; Last of seven, next after the sixth :—*n.* সপ্তম ভাগ ; One of seven equal parts. *ad*=seventhly.

Seventieth, sevn-ti-eth, *a.* সপ্ততিতম ; The next after the sixty-ninth :—*n.* সপ্ততিতম ভাগ ; One of seventy equal parts. [times ten.

Seventy, sevn-ti, *a.* and *n.* সপ্ততি ; সত্তর ; Seven

Sever, sever, *v. t.* [L. *separare,* to separate] পৃথক-কৃ ; ছিন্ন-কৃ ; কাটিয়া ফেলা ; To divide ; to cut apart ; to keep distinct ; to separate by cutting : —*v. i.* পৃথক-হ ; ছিন্ন-হ ; ভিন্ন-হ ; To be rent asunder. *Syn* :—Disjoin, disconnect, disunite, part, sunder, detach.

Several, sever-al, *a.* ভিন্ন, পৃথক ; স্বতন্ত্র, Distinct; separate ; different :—অনেক, কতকগুলি ; নানা ; Many ; various :—প্রত্যেক ; Respective. *ad*=severally (পৃথকরূপে)। *Syn* :—Single, particular ; different, sundry, divers

Severally and jointly—প্রত্যেক ও সকলে।

Severalty, *n.* স্বাতন্ত্র্য ; A state of separation from the rest. [করণ, Separation ; partition.

Severance, severans, *n.* পার্থক্য ; বিভাগ ; পৃথক

Severe, sē-vēr', *a.* শক্ত ; কঠিন ; কঠোর ; পরুষ ; Serious ; grave ; austere ; very strict ; not mild ; —তীক্ষ্ণ ; Sharp :—ক্লেশকর ; Distressing :—প্রচণ্ড ; Inclement :—দুঃসহ, Difficult to be endured. *ad* =severely (কঠোররূপে ; গুরুতররূপে) ; *n*=severeness (আতিশয্য ; কঠিনত্ব)। *Syn* :—Stern, rigorous, cruel, morose, rigid, hard, rough ; exact ; simple, unadorned, chaste ; caustic ; satirical, keen, cutting ; acute, extreme, intense, violent.

Severity, sē-ver'e-te, *n.* কঠোরতা ; পারুষ্য ; দারুণত্ব ; Gravity ; rigour ; harshness :—প্রচণ্ডতা ; আতিশয্য ; আত্যন্তিকতা ; Inclemency. *Syn* :—Sternness, rigour, austerity ; strictness, exactness ; simplicity, plainness ; sharpness, keenness ; violence, intensity, coldness.

Sew, sō, *v. t.* সেলাই-কৃ ; To unite or fasten together with a needle and thread :—*v. i.* সেলাই-কৃ ; To practise sewing. *pt.*=sewed. *pp.*=sewn. *n*=sewer. [Refuse carried off by sewers.

Sewage, sū'āj, *n.* নর্দামার ময়লা ; নর্দামার পচা জল ;

Sewer, sū'ér, *n.* (মৃত্তিকা মধ্যস্থিত) জলপ্রণালী ; (ভূমির নিম্নস্থ) নর্দামা ; An underground passage for draining off water and filth.

Sewerage, sū'ėr-āj, *n.* শাখাপ্রশাখাবিশিষ্ট নর্দামা ; ভূগর্ভস্থ নালী ; The system of sewers of a city ; drainage by sewers.

Sewing, sō'ing, *n.* সেলাইয়ের কাজ ; সীবন কর্ম্ম ; The act of sewing ; that which is sewed.

Sewing machine—সীবন যন্ত্র।

Sex, seks, *n.* লিঙ্গ ; স্ত্রী-পুরুষ চিহ্ন ; The distinction of male and female.

The sex—স্ত্রীজাতি ; Woman in general.

Sexagenarian, seks-a-jen-ā'ri-an, *n.* ষষ্টিবর্ষীয় লোক ; ৬০ ও ৭০ বৎসরের মধ্যবর্ত্তী বয়সের লোক ; A person who is 60 years old.

Sexagenary, *n.* seks-aj'en-ar-i, *a.* ষষ্টিসংখ্যাসূচক ; Designating the number 60 :—*n.* ষষ্টিবর্ষবয়স্ক লোক ; Sexagenarian.

Sexagesima, seks-a-jes'i-ma, *n.* লেণ্টের দ্বিতীয় রবিবার ; The second Sunday before Lent.

Sexagesimal, seks-a-jes'imal, *a.* ষষ্টিসংখ্যা সম্বন্ধীয় ; Sixtieth.

Sexennial, seks-en'yal, *a.* ষড়বার্ষিক ; ষড়বর্ষস্থায়ী ; ছয় বৎসর ব্যাপক বা ঘটিত ; Lasting six years or happaning once in six years. *ad*=sexennially.

Sextant, seks'tant, *n.* যন্ত্র বিশেষ ; বৃত্তের ষষ্ঠাংশ ; Astronomical instrument.

Sexto, *n.* পুস্তকের ছয় পেজী আকার।

Sexton, seks'tun, *n.* ধর্ম্মালয়ের পরিচারক ; সমাধি-খননকারী বা ঘণ্টা-বাদক ; One who has charge of a church or graveyard.

Sextonship, seks'tun-ship, *n.* সেক্সটনের পদ ; The office of a sexton.

Sextuple, *a.* ষড়গুণ ; ছয়গুণবিশিষ্ট ; Sixfold ; having six parts.

Sexual, seks'ū-al, *a.* স্ত্রীপুরুষ সম্বন্ধীয় ; উপস্থ ঘটিত ; Belonging to sex ; pertaining to sex. *n*=sexuality (পুংস্ত্রী ভিন্নতা)।

Sexual desire—কাম।

Sexual intercourse—স্ত্রীসংসর্গ।

The sexual selection—দাম্পত্তিক নির্ব্বাচন।

Shabby, shab'e, *a.* মলিন ; ময়লা, কুৎসিত ; অধম ; অপকৃষ্ট ; Mean in dress or conduct ; low ; poor-looking :—ছিন্ন ; জীর্ণ ; Ragged ; worn to rags. *n*=shabbiness (জীর্ণতা ; হীনতা) ; *ad*=shabbily (হীনভাবে ; কদর্য্যভাবে)। *Syn* :—Ragged, worn, threadbare, faded ; mean, paltry, despicable, beggarly, dirty, scurvy, unhandsome.

Shackle, shak'l, *v. t.* শৃঙ্খলিত-কৃ ; শৃঙ্খলাবদ্ধ-কৃ ; বেড়ি-দে ; আবদ্ধ-কৃ ; To fetter, to chain ; to confine. *Syn* :—(*v*) Manacle ; hamper, impede, embarrass.

Shackles, *n. pl.* হাতকড়ি ; শৃঙ্খল ; Fetters.

Shad, *n.* মৎস্য বিশেষ ; A fish.

Shaddock, *n.* বাতাবী নেবু ; A tree and its fruit.

Shade, shād, *n.* ছায়া ; Shadow :—অন্ধকার ; তমঃ ; তিমির ; Darkness ; obscurity :—স্নিগ্ধতা ; Coolness —পরদা ; Screen :—ছায়াময় স্থান ; A shady place : —আশ্রয় ; Shelter :—ভূত ; প্রেতাত্মা ; A ghost :— পরিমাণ ; Degree :—সামান্য পরিবর্ত্তন ; A very minute change :—*v. t.* উত্তাপ নিবারণ-কৃ ; To screen from light or heat :—আচ্ছাদিত-কৃ ; To cover with a screen :—অন্ধকার-কৃ ; ঢাকা-দে ; To darken ; to cover :—*v. i.* To act as a shade. *Syn* :—(*n*) Veil, curtain ; obscurity, duskiness ; ghost, spirit, apparition, phantom ; colour, hue, tint, stain ; variety ; difference. (*v*) Obscure, cloud, dim ; screen, protect.

A shade, *ad.* এক ছোপ ; এক পোঁচ।

Cast or throw into the shade—মলিন-কৃ ; মলিনপ্রভ-কৃ ; Eclipse :—কাণা করে-দে ; Render dim.

In the shade—ছায়াতে ; In a spot not exposed to the sun :—সর্ব্বসাধারণের : In obscurity.

Shade or degree of difference—অতি সামান্য প্রভেদ ; A very slight difference or variation.

Shades, *n. pl.* প্রেতগণের আলয় ; প্রেতলোক ; Abode of ghosts.

Shadow, shad'ō, *n.* ছায়া ; বস্তু বা ব্যক্তির ছায়া ; Shade within defined limits :—অন্ধকার ; Darkness :—ভূত ; Ghost :—সামান্য সাদৃশ্য ; গূঢ়ার্থ প্রতিরূপ ; Faint representation ; mystical representation : —আশ্রয় ; রক্ষিত স্থান ; Shelter ; shade :—অবাস্তব পদার্থ ; Something only in appearance :—অনুগ্রহ ; Favour :—সহচর ; অনুচর ; সঙ্গী, An inseparable companion :—*v. t.* অন্ধকার-কৃ ; মেঘাবৃত-কৃ, ছায়া-কৃ ; To darken ; to shade :—কিয়ৎ পরিমাণে সাদৃশ্য প্রদর্শন-কৃ :—To represent faintly. *n*=shadowness. *Syn* :—(*n*) Shade ; obscurity, gloom ; cover, protection ; phantom ; image, adumbration, representation, type.

Shadow forth—Represent dimly or mystically.

Shadow of a doubt—কিঞ্চিন্মাত্র সন্দেহ ; সন্দেহের লেশমাত্র।

Shadow of death—মৃত্যুর ছায়া ; The near and felt approach of death by a sick person ; a dreadful darkness or trouble.

The shadow of a shade—ছায়ার ছায়ামাত্র ; কিছুই নয়, Absolutely nothing, worthless.

Shadowing, *n.* আলোকহীন করণ ; Shading ; gradation of light and colour.

Shadowy, *a.* ছায়াপূরিত ; অন্ধকারময় ; অসার, Dark, obscure, unsubstantial.

Shady, shād'i, *a.* ছায়া-প্রধান ; ছায়াল ; কুৎসিত ; দূষিত ; Having shade ; being in shade ; sheltered from light or heat. *ad*=shadily. *n*=shadiness.

On the shady side of—আরও অধিক ; On the wrong side, *i. e.* more thin.

Shaft, shaft, *n.* তীর ; শর ; শর-কাণ্ড ; শরযষ্টি ; An arrow ; a long part of an arrow :—স্তম্ভদণ্ড ; Part of a column between the base and the capital ; the body of a column or pillar :—গাড়ির বম ; Pole of a carriage :—সুড়ঙ্গপথ ; খনির প্রবেশ গর্ত্ত ; Pit of a mine ; the entrance to a mine :—The stem of a feather :—পাড়ির চাকার আল ; হাতল ; Large axle.

Shafted, shaft'ed, *a.* দণ্ডবিশিষ্ট ; কাণ্ডবিশিষ্ট ; Having a shaft or handle.

Shag, shag, *n.* কোঁকড়া চুল ; Rough wolly hair ; coarse hair or nap ; woolly hair :—বস্ত্র ; A cloth :—পক্ষিবিশেষ ; A bird :—তামাক বিশেষ ; A kind of tobacco.

Shaggy, shag'i, *a.* লোমশঃ ; লোমযুক্ত ; With long hair ; covered with rough hair or wool :— খসখসে ; অসমান ; উচ্চাবচ ; বন্ধুর, Rough ; rugged. *n*=shagginess.

Shagreen, sha-grēn, *n.* অশ্বগর্দ্দভাদির চর্ম্ম বিশেষ ; A kind of leather prepared from horse's, ass's, or camel's skin.

Shagreened, Shagreen, *a.* শাগ্রীন্ নির্মিত বা আবৃত ; Made of or covered with shagreen.

Shah, shä, *n.* [Pers. *shah*, a king] পারস্যের রাজা ; The monarch of Persia.

Shake, shāk, *v. t.* নাড়া-দে ; কম্পিত-কৃ ; To make to tremble :—আন্দোলিত-কৃ ; To agitate :—বিচলিত-কৃ ; অস্থির-কৃ ; To cause to waver :—ভীত-কৃ ; To make afraid :—*v. i.* কম্পিত-হ ; কাঁপা ; To tremble :—দোলায়মান-হ , বিচলিত-হ ; To vibrate :—*n.* কম্পন ; নাড়া ; Shaking :—হস্তস্পর্শ , Salute with the hand :—আঘাত ; A concussion :—ছেদ , ছিদ্র , A rent in timber :—ধুনন ; দুই স্বরের দ্রুত পর্য্যায় ; A rapid alternation of two musical notes :—টুপি বিশেষ ; A kind of military cap. *pt*=shank. *pp*=shaken. *Syn* .—(*n*) Convulse , shiver, quiver, quake, totter ; trill.

Shake hands, Shake hands with—হস্ত মর্দ্দন-কৃ , হস্তস্পর্শ দ্বারা আনন্দ প্রকাশ-কৃ ; হস্তপীড়ন-কৃ , To express pleasure or satisfaction at meeting or parting with a friend by shaking hands :—পুনর্ম্মিলিত-হ , To become reconciled, as friends.

Shake off—ঝাড়িয়া-ফেলা , কোন বন্ধন হইতে আপনাকে মুক্ত-কৃ ; Cast off ; get rid of ; throw of .—পরিত্যাগ-কৃ , পরিহার-কৃ ; Discard , divest oneself of :—হাত এড়ান ; Rid oneself of ; avoid.

Shake off the yoke—অধীনতা হইতে নিজেকে মুক্ত-কৃ , To free oneself from the control of another.

Shake one's faith or **belief**—বিশ্বাস অপনয়ন-কৃ ; To impair one's confidence.

Shake one's fist at—ঘুসি ওঁচান ; Threaten to strike one with the fist.

Shake one's sides—অন্তরের সহিত হাস্য-কৃ ; প্রাণের সহিত হাঁসা , To laugh heartily.

Shake or **tremble like an as pen leaf**—থর-থর করিয়া কাঁপা , Tremble all over.

Shake the dust off one's feet—আর ফিরিয়া না বলিয়া কোন স্থান বিরক্তভাবে ত্যাগ-কৃ ।

Shake the elbow—পাশা খেলা ।

Shake the head, Shake one's head—অসম্মতি প্রকাশ-কৃ , ঘাড় নাড়িয়া 'না' বলা কিংবা 'অভিমত নহে' এই ভাব ব্যক্ত-কৃ , To express dissent, doubt or refusal ; shake one's head meaning thereby to say—No ; indicate disapproval.

Shaker, *n.* কম্পন সাধন , আন্দোলক ; One who, or that which, shakes or agitates.

Shakers—ধর্ম্মসম্প্রদায় বিশেষ ; A fanatical religious sect of North America, whose professors introduce into their devotional exercises jumping and singing.

Shakespeareanian, *a* সেক্সপিয়র বা তদীয় গ্রন্থাবলী সম্বন্ধীয় ; Pertaining to or in the style of Shakespeare.

Shako, shakó, *n.* শিরস্ত্রাণ বিশেষ ; A kind of military cap.

Shaky, shaki, *a.* দুর্ব্বল ; ভগ্ন , Feeble ; unsteady :—চিড়বিশিষ্ট ; চিড়পূর্ণ ; Full of cracks or clefts :—কম্পমান , Shaking. *n* =shakeness.

Shale, *n.* স্লেটের মত প্রস্তর বা পাহাড় , Crumbling kind of slate :—খোসা, শুঁটি , A husk, a pod. *a*= shaly.

Shall, *v. i. auxillary.* ভবিষ্যৎসূচক সহকারী ক্রিয়া ; বো, বে, বা , Implying a duty or necessity. *pt*= should.

Shalli, *n.* বস্ত্র বিশেষ ; A twilled cloth.

Shallon, *n.* পশমী কাপড় ; A light woolen stuff.

Shallop, shalop, *n.* দুই মাস্তুলের ডিঙ্গি ; নৌকাবিশেষ ; A sort of large-schooner ; rigged boat with two masts.

Shallot, shalot, *n.* পলাণ্ডু ; পেঁয়াজ ; An onion.

Shallow, shalō, *a.* অগভীর ; চটান ; Having little depth ; not deep :—ক্ষুদ্রদর্শী ; অল্পবুদ্ধি ; অজ্ঞ , Not profound ; silly :—*n.* চড়া ; পুলিন ; A sand bank ; shoal. *Syn* :—(*a*) Shoal ; slight, simple, superfical, unprofound, empty, trifling, flimsy, trivial. (*n*) Flat, shelf.

Shallow-brained, shalō-brānd, *a.* অল্পবুদ্ধি ; নির্ব্বোধ , Silly ; foolish.

Shallowness, *n.* অগভীরতা ; তলস্পৃষ্টতা , মূঢ়তা ।

Shalt, *2nd per, sing,* of *shall.*

Shaly, *a.* শেল-শিলাধর্ম্মী ; Partaking of the qualities of shale.

Sham, sham, *n.* প্রতারণা ; ছল ; ফাঁকি ; চালাকি , Pretence ; imposture ; fraud ; trick :—*a.* কপট ; মিথ্যা , কল্পিত , কৃত্রিম ; Pretended ; feigned ; false ; mock :—*v. t.* ভাণ-কৃ ; অনুকরণ-কৃ ; ফাঁকি-দে ; To pretend , to feign , to cheat, to ape :—*v. i.* ভাণ-কৃ , ছল-কৃ ; To make false pretence. *Syn* :—(*n*) Delusion, feint, humbug, counterfeit.

Sham Abraham—পীড়ার ভাণ-কৃ ; To pretend to be sick.

Shamble, *v. i.* কাঁপিয়া বা দোলাইয়া চলা ; Walk awkwardly and unsteadily. *a*=shambling.

Shambles, shamblz, *n. pl.* কসাই খানা , মাংস বিক্রয় স্থান , Slaughter house , a flesh-market.

Shame, shām, *n.* সরম , লজ্জা , A painful sensation excited by a consciousness of guilt , conscious of fault :—অপমান ; Disgrace ; dishonour :—নম্রতা , Modesty .—*v t.* লজ্জিত-কৃ ; লজ্জা-দে ; To make ashamed ; to cause to blush .—অপমানিত-কৃ ; অপদস্থ-কৃ , To disgrace , to cover with reproach. *Syn* .—(*n*) Abashment, humiliation, mortification ; reproach, ignominy, dishonour, degradation.

Cry shame on—ধিক্কার-দে ; Reproach one with shameful conduct.

For shame—তোমার লজ্জিত হওয়া উচিত ; ধিক তোমাকে ; You should be ashamed.

Put to shame—লজ্জিত-কৃ , অপ্রস্তুত-কৃ ; To cause to feel shame ; to inflict shame on.

Shame-faced, shame-fast, *a.* লজ্জাশীল ; মুখচোরা ; লাজুক ; Very bashful ; modest. *ad*=shamefacedly, *n*=shame-facedness. (লজ্জাশীলতা ; Modesty).

Sham-fight—মিথ্যা যুদ্ধ ; Mock fight.

Shameful, shāmfool, *a.* লজ্জাকর ; লজ্জাজনক ; Full of shame ; bringing shame or disgrace :—অশ্লীল ; Indecent. *ad*=shamefully. *n*=shamefulness. *Syn* :—Disgraceful, infamous, dishonourable, degrading, scandalous, ignominious.

Shameless, shāmles, *a.* নির্লজ্জ ; লজ্জাহীন ; বেহায়া ; Immodest ; unblushing :—ধৃষ্ট ; Audacious. *n*=shamelessness, *ad*=shamelessly. *Syn* :—Impudent, brazen-faced, unblushing, depraved, graceless, abandoned, profligate.

Shammy, shami, **Shamoy,** shamoy, *n.* মৃগ বিশেষ ; Chamois :—হরিণ চর্ম্ম ; Skin of chamois.

Shampoo, sham-pōō, *v.* সর্ব্বাঙ্গ মর্দ্দন-কৃ ; স্নানাত্তে গাত্র ঘর্ষণ-কৃ , Rub the limbs &c. in a warm bath :

—সাবানে ধৌত-কৃ ; To wash thoroughly with soap and water. *n*=shampooer.

Shamrock, shamrok, *n.* ত্রিপত্র লতা বিশেষ ; Clover : —আয়রল্যান্ডের মুকুটীর চিহ্ন ; Emblem of the Irish.

Shank, shangk, *n.* জঙ্ঘা, ঠ্যাং ; The leg :—জঙ্ঘাস্থি ; The lower joint of the leg :—নঙ্গরের মধ্য-খণ্ড ; যন্ত্রের দীর্ঘাংশ ; The long part of an instrument as of an anchor between the ring and arms.

Ride shank's mare—হাঁটিয়া যাওয়া।

Shanty, *n.* কুটীর : কুঁড়ে ঘর ; A mean hut or house :—*v. t.* কুটীরে বাস-কৃ ; To inhabit a shanty.

Shapable, *a.* গঠনযোগ্য ; That may be shaped.

Shape, shāp, *v. t.* গঠন-কৃ ; আকৃতি বা ডৌলবিশিষ্ট-কৃ , To fashion ; to form ; to mould or make into a particular form :—সৃষ্টি-কৃ ; To create :—নিরূপিত-কৃ ; নিয়মিত-কৃ ; To regulate ; to direct ; to adjust : —কল্পনা-কৃ ; To conceive :—*v. i.* গঠিত-হ ; To take a shape :—উপযোগী-হ ; To suit :—*n.* গঠন ; আকৃতি ; ডৌল ; মূর্ত্তি ; Form ; figure :—ছাঁচ, আদর্শ ; Model ; mould :—প্রকার ; Manner. *Syn* :—(*v*) Form, frame, figure, model. (*n*) Configuration, fashion, outline, cut, build, cast, tournure ; pattern ; guise. [prove another's appearance.

Shape-smith, *n.* One who undertakes to im-

To shape one's course—To plan and act ; to adjust one's method of procedure.

To take shape—আকৃতিবিশিষ্ট-কৃ ; কোনও বিশেষ আকার ধারণ-কৃ ; To become embodied ; to begin to take a definite form.

Shapeless, *a.* কদাকার ; বিরূপ ; বে-ডৌল ; Destitute of shape ; wanting symmetry.

Shapely, shāp'li, *n.* সুন্দর ; সুগঠন ; Symmetrical ; beautiful. *n*=shapeliness.

Shard, Sherd, *n.* খোলাকুচি ; খাপরাভাঙ্গা।

Share, shār, *n.* অংশ ; ভাগ ; বখরা ; হিস্সা ; A part ; a portion ; dividend ; division ; part of the capital of a joint stock company :—(লাঙ্গলের) ফাল বা ফলক ; Cutting blade of a plough :—*v. t.* অংশ-কৃ ; ভাগ-কৃ ; To divide ; to partake with other :—*v. i.* বিভক্ত-হ ; To have part ; to receive a dividend. *Syn* :—(*n*) Lot, allowance, apportionment ; dividend, contingent, quota. (*v*) Divide, distribute, allot, apportion ; partake, participate.

Share in—কোন কিছুর অংশ গ্রহণ-কৃ ; Bear (with another) a part of. [concerned.

To go shares—অংশী-হ ; অংশ-ল ; To be equally

Share-beam, *n.* লাঙ্গলের মুড়া ; The part of a plough to which the share is attached. [dealer.

Share-broker, *n.* অংশ ক্রয়বিক্রয়ের দালাল ; A

Share-holder, shār'hōld-ėr, *n.* অংশীদার ; অংশী ; One who holds or owns a share in a joint stock.

Sharer, *n.* অংশীদার ; সরিক ; ভাগী ; One who shares.

Shark, shärk, *n.* হাঙ্গর ; A large voracious sea-fish :—উকীল ; Lawyer :—প্রবঞ্চক ; ধূর্ত্ত ব্যক্তি ; Sharper :—প্রতারণা ; Fraud :—*v. i.* সামান্য চৌর্য্য-বৃত্তি-কৃ ; প্রতারণা-কৃ ; Play the lawyer or petty thief ; live by shifts.

Sharp, shärp, *a.* ধারাল ; সুক্ষ্মাগ্র ; Having a very thin edge :—তীক্ষ্ণ ; প্রখর ; Keen, of quick perception :—তীব্র ; উগ্র ; কর্কশ ; Shrill ; severe ; harsh : —ব্যগ্র ; Eager :—ধূর্ত্ত ; সতর্ক ; Watchful :—Thin : —*n.* উচ্চস্বর ; Acute note. *ad*=sharply (ব্যগ্রভাবে ; ঠিক)। *n*=sharpness. *Syn* :—(*a*) Keen, acute ; penetrating, sagacious, shrewd, astute, clever, witty ; biting, pungent, tart ; caustic, sarcastic ; intense, painful, severe, distressing ; nipping, pinching ; strong, violent.

Look sharp—সাবধান হও। [ঘড়িবাজি।

Sharp practice—চালাকি করিয়া নিজের সুবিধা-লাভ ;

Sharp-edged—ধারাল ; তীক্ষ্ণ।

Sharpen, shärp'n, *v. t.* তীক্ষ্ণ-কৃ ; To make sharp : —ধারাল-কৃ , ধার-দে ; চোকান ; To give a fine point to :—তীব্র-কৃ ; To make pungent or painful :—কঠোর-কৃ ; To render severe :—ব্যগ্র, চঞ্চল বা তীব্র-কৃ ; To make eager, active, or acute :—*v. i.* তীক্ষ্ণ-হ ; To grow sharp.

Sharpen the wits—বুদ্ধি উত্তেজিত-কৃ ; Arouse the mind to activity ; to quicken the intellect.

Sharper, shärp'-er, *n.* শঠ ; ধূর্ত্ত ; প্রবঞ্চক ; জুয়া-চোর ; A swindler ; a trickster ; a cheat.

Sharply, *ad.* তীক্ষ্ণরূপে ; Keenly.

Sharpness, *n.* তীক্ষ্ণতা ; প্রাখর্য্য ; Keenness.

Sharp-pointed—তীক্ষ্ণাগ্র।

Sharp-set, shärp'-set, *a.* উৎসুক ; ব্যগ্র ; প্রখর ; লোলুপ ; Eager in appetite ; keen ; ravenous :—ক্ষুধিত ; Hungry.

Sharp-sighted, shärp'-sited, *a.* বিচক্ষণ ; সূক্ষ্ম-দর্শী ; তীক্ষ্ণদৃষ্টি ; তীক্ষ্ণদর্শ ; Shrewd ; discerning.

Sharp-shooter, *n.* গুলিবাজ ; তিরন্দাজ ; A skilled marksman.

Sharp-smelling—তীব্রগন্ধ ; উগ্রগন্ধ।

Sharp-witted, sharp'-wited, *a.* বিচক্ষণ ; তীক্ষ্ণ-বুদ্ধি ; Sagacious.

Shatter, shater, *v. i.* খণ্ড খণ্ড-কৃ ; চূর্ণ-কৃ ; To break at once into many pieces ; to break up :—গোল বা গোলমাল-কৃ ; To disorder :—ভ্রংশ-কৃ , নষ্ট-কৃ ; To impair :—*v. i.* ভাঙ্গিয়া-যা ; খণ্ড খণ্ড হওয়া ; To be broken into pieces :—*n.* ভগ্ন খণ্ড ; A fragment. *Syn* :—(*v*) Shiver ; disorder, derange.

Shatter-brain, *n.* চঞ্চল লোক ; A careless and giddy person.

Shattery, *a.* ভঙ্গপ্রবণ ; Brittle.

Shave, shāv, *v. t.* মুণ্ডন-কৃ ; ক্ষৌরি-কৃ ; কামান ; To pare closely , to cut off with a razor :—*v. i.* উন্মোচন-কৃ ; To strip. [friar (in contempt).

Shaveling, shāvling, *n.* সন্ন্যাসী ; A monk or

Shaver, shāve'r, *n.* নাপিত ; ক্ষৌরকার ; A barber : —ধূর্ত্ত ; চতুর-ব্যবসায়ী ; A sharp dealer :—লুণ্ঠনকারী ; লুণ্ঠক ; A plunderer :—চালাক ; রসিক।

Shaving, shāving, *n.* মুণ্ডন ; ক্ষৌরকার্য্য ; The act of shaving. [*pl.* কলা।

Shaw, *n.* উপবন ; A small wood ; a thicket :—

Shawl, shawl, *n.* শাল, স্ত্রীলোকের বাহ্য বস্ত্র ; A cloth of wool or hair used by women as a wrapper :—*v.* শাল দ্বারা আবৃত-কৃ ; To wrap in a shawl.

She, *pro.* তিনি ; সেই ; সে (স্ত্রীলোক) ; Used for women or females :—*n.* স্ত্রীলোক , Woman. *mas.* =he, *pl*=they.

Sheaf, shēf, *n.* শস্যাদির আঁটি ; গুচ্ছ ; A bundle tied together as of corn ; any bundle or collection :—*v. t.* আঁটি বাঁধা ; To bind in sheaves :—*v. i.* আঁটি-কৃ ; To make sheaves. (*pl*=sheaves).

Sheafy, shēf'i, *a.* আঁটিপূর্ণ ; আঁটিবদ্ধ ; Consisting of sheaves.
Sheal, Sheeling, *n.* শৈলকুটীর ।
Sheal, *v. t.* খোসা ছাড়ান ।
Shear, shēr, *v. t.* কাঁচি দ্বারা ছাঁটা ; কাটা ; To clip ; to cut :—*v. i.* পৃথক-কৃ ; To separate. *n*=shearer (কর্ত্তক ; ছেদক) । *pt*=sheared, shore. *pp*=sheared, shorn.
Shearing, *n.* ছেদন ; কর্ত্তন ; ছেদিত লোম । [sheep.
Shearing time—Time for clipping wool off
Shearling, shēr'ling, *n.* যে মেষের লোম একবারমাত্র ছাঁটা হইয়াছে ; A sheep only once sheared.
Shears, shērz, *n. pl.* বড় কাঁচি ; Large scissors.
Sheath, shēth, *n.* খাপ ; কোষ ; আবরণ ; Case for any instrument ; scabbard :—পতঙ্গের পক্ষাবরণ ; Wing-case of an insect.
Sheathe, shēth, *v. t.* খাপে ভরা ; খাপে রাখা ; To enclose in a case : to put into a scabbard.
Sheathe the sword—শান্তি স্থাপন-কৃ ; যুদ্ধ শেষ-কৃ ; Make peace.
Sheathing, *n.* আবরক-পাত্র ; জাহাজের তলদেশ আচ্ছাদন ; That which sheathes, especially the covering of ship's bottom.
Sheaves, *n.* কপিকলের চাকা ; The wheel of the pully.
Shebeen, *n.* যেখানে মদ্যাদি গোপনে বিক্রীত হয় ।
Shed, shed, *v. t.* ত্যাগ-কৃ ; স্বতন্ত্র-কৃ, To part, to separate :—ছড়ান ; বিকীর্ণ-কৃ ; Scatter ; throw out :—ঢালা ; বর্ষণ-কৃ ; Pour out ; spill ; cast .—পতিত হইতে-দে ; Let fall :—*n.* চালা ; কুঁড়েঘর ; শালা ; A building with roof but open sides an outhouse; a hut. *Syn* :—(*a*) Effuse, diffuse, stread, cast.
Cow-shed—গোশালা । [to destroy life.
Shed blood—রক্তপাত-কৃ ; Cause blood to flow ;
Shed tears—অশ্রু বিসর্জ্জন-কৃ ।
Shedder, *n.* পাতকারী ।
Shedding, *n.* পাতন ।
Sheen, shēn, *n.* উজ্জ্বলতা ; প্রভা ; Brightness ; splendour :—*a.* উজ্জ্বল, চকচকে ; Bright. *a*=sheeny (সুন্দর)।
Sheep, shēp, *n.* মেষ ; ভেড়া, The well-known, wool-bearing animal :—বোকা, নির্ব্বোধ লোক ; A silly fellow (by way of contempt) :—Clergyman's congregation.
Black-sheep—দুশ্চরিত্র ব্যক্তি ; কুলাঙ্গার ; One who has a bad reputation in a company of people.
Sheep-bell, *n.* মেষের গলায় ঘন্টা ; Bell tied to a sheep.
Sheep-cot, shēp'kot, *n.* ভেড়ার খোঁয়াড় ; Sheep-fold ; inclosure for sheep. [care of sheep.
Sheep-dog, *n.* মেষরক্ষক কুকুর ; Dog that takes
Sheep-fold, Sheep-pen, *n.* মেষের খোঁয়াড় ; A fold or pen for sheep :—মেষদল ; A flock of sheep.
Sheepish, *a.* মেষবৎ ; Like sheep :—লাজুক, লজ্জাশীল ; ভীরু ; মুখচোরা ; Bashful ; foolishly diffident. *n*=sheepishness. *ad*=sheepishly.
Sheep-master, shēp'mas-tėr, *n.* মেষের প্রভু ; মেষস্বামী ; মেষপালক ; Master or owner of sheep ; a feeder of sheep.
Sheep-shearer, shēp'shēr-ėr, *n.* মেষের লোম কর্ত্তনকারী ; মেষ-লোমচ্ছেদক ; One who shears sheep.
Sheep-shearing, shēp'shēr-ing, *n.* মেষের লোম কর্ত্তন মেষ লোমচ্ছেদন ; The shearing of sheep :—মেষ লোমচ্ছেদন কাল ; মেষের লোম কর্ত্তন সময় ; The time of shearing the sheep.
Sheep's eye, *n.* লজ্জাসহকৃত সতৃষ্ণ দৃষ্টি বা নজর ; কটাক্ষপাত ; প্রণয়দৃষ্টি ; Wishful glance ; diffident loving look.
Sheep's head, *n.* বোকা লোক ; A silly fellow.
Sheep-skin, *n.* মেষ-চর্ম্ম ।
Sheep-walk, shēp'wawk, *n.* যে ভূমিতে মেষ চরে ; মেষ-চারণ ; Sheep-pasture.
Sheepy, shēp'i, *a.* মেষসম্বন্ধীয় ; মেষবৎ ; Pertaining to, or resembling sheep.
Sheer, shēr, *a.* অমিশ্র ; অমিশ্রিত ; স্বচ্ছ ; ডাহা ; কেবল ; Pure, unmingled ; dear ; simple :—*ad.* পরিষ্কাররূপে, সম্পূর্ণরূপে ; কেবলমাত্র ; একেবারে ; Clear ; quite ; at once. *Syn*:—Mere, bare, naked ; perpendicular.
Sheer, shēr, *n.* জাহাজের বক্রতা ; Bend or curve of a ship's deck :—*v. i.* বিপথে যাওয়া ; বক্রভাবে ফেরা ; Deviate from the line of the proper course ; turn aside. [away.
Sheer off—বিপথে গিয়া দূরে পড়া ; সরিয়া পড়া, Move
Sheer up—To turn and approach to a ship or a place in nearly a parallel direction.
Sheers, *n.* মাস্তুল তুলিবার যন্ত্র বিশেষ, See *shears.*
Sheet, *n.* চাদর ; বিছানার চাদর ; আস্তরণ ; Large piece of cloth over a bed ; cloth for a bed :—কাগজের-তা ; Broad piece of paper :—পাল ; পাইল ; A sail :—জাহাজের রজ্জু ; দড়ি ; The rope fastened to sail to extend it to the wind :—*v. t.* চাদর দ্বারা আচ্ছাদন-কৃ ; আবৃত-কৃ, To cover with or as with a sheet.
In sheets—Folded, but not bound, said of the printed pages of a book. [the ground.
Sheeted snow—Snow lying like a sheet on
Sheet of metal—ধাতুপাত্র । [water.
Sheet of water—জলরাশি, A broad expanse of
To be three sheets in the wind—নেশায় কতকটা বুঁদ-হ ।
Winding sheet—শবাচ্ছাদন বস্ত্র ।
Sheet-anchor, shēt-ang'kor, *n.* জাহাজের বড় নঙ্গর ; The largest anchor of a ship thrown out in extreme danger :—শেষ উপায় ; নিশ্চিত উপায় বা অবলম্বন ; Last refuge ; chief support.
Sheeting, shēt'ing, *n.* বিছানার চাদর ; চাদরের কাপড়, Cloth for sheets.
Sheet-lightning, shēt-lit'ning, *n.* বহু বিস্তৃত বিদ্যুন্মালা ; Lightning diffused over the sky, lightning appearance in sheets or having a broad appearance. [eminence ; a lord.
Sheik, shēk, *n.* খ্যাতনামা ব্যক্তি ; প্রভু ; A man of
Shekel, shekl, *n.* য়িহুদীদিগের ওজন ও মুদ্রা বিশেষ ; A Jewish weight and coin.
Sheldrake, *n.* হংস বিশেষ ; A species of duck.
Shelf, shelf, *n.* তাক ; মাচা ; শেল্ফ ; Board for laying things on ; a board fixed on a wall :—সমুদ্রগর্ভস্থ শৈল ; জলনিমজ্জিত পাহাড় ; Rock under water :—সমুদ্রের চড়া ; A sand-bank :—পুলিন ; A ledge. *a*=shelfy (চড়া বা শৈল বিশিষ্ট) । *pl*=shelves.
Lay on the shelf—অপ্রয়োজনীয় বোধে একদিকে ফেলিয়া রাখা ।
Shell, shel, *n.* ছাল ; খোসা ; শামুকের খোলা ; ঝিনুক · শঙ্খ. Husk ; a hard covering :—কাঁপা গোলা, A bomb :—শবাধার. A coarse kind of coffin :—

বাদ্যযন্ত্র ; An instrument of music :—*v. t.* খোলা ছাড়ান ; খোলা ভাঙ্গা ; ছাল তোলা ; To remove the shell from ; to break off shell :—গোলা বর্ষণ-কৃ ; গোলা নিক্ষেপ-কৃ ; To bombard :—*v. i.* খোলার মত খসিয়া পড়া ; খোলা ত্যাগ-কৃ ; To fall off like a shell ; to cast the shelf or husk.

Counch shell—শঙ্খ ।

Oyster shell—শুক্তি । [money freely ; to pay out.

Shell out—অকাতরে টাকা ব্যয়-কৃ ; To expend

To shell peas—মটরশুটি ছাড়ান । [in plates.

Shellac, Shellack, *n.* গালা ; Melted lack

Shell-fish, shelfish, *n.* শঙ্খ ; ঝিনুক ; শম্বুক ; An aquatic animal with an external shell ; mollusk with a hard covering ; counch. [ing the shells.

Shell-lime, *n.* ঝিনুকের চূর্ণ ; Lime made by burn-

Seell-proof, shel'pōōf', *a.* গোলার আঘাত প্রতিরোধক বা সহ্য করণক্ষম ; Able to resist bombs.

Shell-work, shelwurk, *n.* খোলার কাজ ; Work composed of or adorned with shells.

Shelly, sheli, *a.* শঙ্খময় ; খোলাময় ; খোলা দ্বারা নির্মিত ; Full or made of shells.

Shelter, shelter, *n.* [Nors, *skyla,* to protect] শরণ ; আশ্রয় ; Refuge :—ত্রাণ ; রক্ষা ; Defence ; protection :—রক্ষাস্থান ; আশ্রয়স্থান ; Retreat :—রক্ষক ; আশ্রয়দাতা ; অভিভাবক ; A guardian ; that which protects :—*v. t.* আশ্রয়-দে ; To cover :—রক্ষা-কৃ ; To defend ; to protect ; to shield :—গোপন-কৃ ; লুকান ; To conceal :—*v. i.* আশ্রয়-ল ; আশ্রয় গ্রহণ-কৃ ; To take shelter. *Syn* :—(*n*) Security ; asylum, covert, haven.

Shelve, shelv, *v. t.* তাকের উপর রাখা ; To place on a shelf :—একদিকে রাখা ; ফেলিয়া রাখা ; ত্যাগ-কৃ , To put aside :—*v. i.* ঢালু-হ ; গড়ানিয়া-হ ; To be sloping. *n*=shelving.

Shelving, *a.* ক্রমশঃ ঢালু ; গড়ানিয়া :—*n.* তাকের উপর স্থাপন ; The act of placing on a shelf.

Shelvy, shelvi, *a.* ঢালু ; গড়ানিয়া ; গড়েন ; চড়াবিশিষ্ট ; অগভীর ; Full of shoals or shelvis , shallow.

Shemitic—See semitic.

Sheol, *n.* প্রেতলোক ; The place of department.

Shephered, shep'ėrd, *n.* মেষপালক ; রাখাল ; One who herds sheep :—কৃষক , A swain :—যাজক , আচার্য্য ; ধর্ম্মোপদেশক ; A pastor. *fem*=shepherdess.

Sherbet, sher'bet, *n.* [Arab, *sherbet,* a drink] মিষ্টপানীয় ; সরবৎ ; A drink.

Sherd, Shird, *n.* ভগ্নখণ্ড ; A fragment.

Sheriff, sher'if, *n.* আইন জারি করিবার কর্ম্মচারীবিশেষ ; সরিফ্ ; The chief officer who excruts the law.

Sheriffalty, Sheriffdom, Sheriffship, Sheriffry, *n.* সরিফের পদ ; সরিফের অধিকার ; The officer or jurisdiction of a sheriff. [strong wine.

Sherry, sher'i, *n.* স্পেনের মদ্য বিশেষ ; A Spanish

Shew, shō, Same as *show.*

Shewbread, shō'bred, Same as *showbread.*

Shibboleth, shibo-leth, *n.* সাম্প্রদায়িক শব্দ ; দলের বিশেষ লক্ষণ ; The criterion or watch-word of a party.

Shield, shēld, *n.* ঢাল ; চর্ম্ম ; Buckler :—কুল চিহ্ন ; কুলাদর্শ ভূমি ; An escutcheon :—আশ্রয় ; রক্ষা ; Defence ; protection :—রক্ষাকর্ত্তা ; Protector ; guard :—*v. i.* রক্ষা-কৃ ; আচ্ছাদন-কৃ ; To protect ; to defend ; to keep off.

Throw a shield over—রক্ষা-কৃ ; আশ্রয় দান-কৃ ; নিজের আশ্রয় গ্রহণ-কৃ ; Protect ; take under one's protection ; secure fron assault or injury.

Shield-bearer, *n.* চর্ম্মধারী ; ঢাল-বরদার ।

Shieldless, shēldles, *a.* ঢাল-বিহীন ; Without a shield ; destitute of a shield :—আশ্রয়-বিহীন ; রক্ষণ-বিহীন ; Defenceless.

Shift, shift, *v. t.* পরিবর্ত্তন-কৃ ; বদলান ; To change :—সরাইয়া-দে ; To put out of the way ; নববসনে সজ্জিত-কৃ ; To dress in fresh clothes :—*v. i.* বদলাইয়া বেড়ান ; ইতস্ততঃ গমন-কৃ ; চলা বা চলান ; To change about ; move :—কোন উদ্দেশ্য সাধনার্থ উপায় অবলম্বন-কৃ ; To resort to experiments for some purpose :—*n.* পরিবর্ত্তন ; বদল ; A change :—ফিকির ; চালাকি ; কৌশল ; ছল ; A contrivance ; artifice :—উপায় ; শেষ উপায় ; Expedient ; means ; last resource :—স্ত্রীলোকের পোষাক বিশেষ ; A chemise. *n*=shifter. *Syn* :—(*v*) Alter, transfer, displace, remove ; veer, chop ; manage, contrive.

Be put to shifts—ফিকিরফিকির করিতে বাধ্য-হ ; Be obliged to resort to decentful expedients.

Make shift—চালাইয়া-ল ; কসিতে পারা ; উপায়-কৃ ; Manage ; do or contrive with some difficulty.

Shift about—দোলায়মান-হ ; To vacillate :—চারিদিকে ঘোরা ; To turn quite round.

Shift for oneself—জীবিকা নির্ব্বাহের উপায় অন্বেষণ-কৃ ; নিজের পথ দেখা , স্বীয় জীবিকা অর্জ্জন-কৃ ; Seek out one's own means of livelihood ; see out means of safely in the best way one can.

Shift off—কোন উপায় দ্বারা বিলম্ব-কৃ ; দেরী-কৃ ; ফেলিয়া রাখা ; To defer by some expedient.

Shift the scene—দৃশ্য পরিবর্ত্তন-কৃ ।

Shifting scenes of life—জীবনের নানাবিধ ঘটনা ; Vicissitudes of life.

Shiftless, shiftles, *n.* নিরুপায় ; উপায়-বিহীন ; Destitute of expedients :—উপায়াভাব হেতু অকৃতকার্য্য ; অলস ; Unsuccessful for want of proper means. [Fertile in expedients.

Shifty, *a.* উপায় বা কৌশল উদ্ভাবনক্ষম ; চালাক, চতুর ;

Shilalah, Shillalay, *n,* ওক গাছের চারা ; An oak sapling ; a cudgel.

Shilling, shiling, *n.* ইংলণ্ডীয় রৌপ্য মুদ্রা বিশেষ ; 12*d* , an English silver coin.

Shiloh, *n.* খ্রিষ্ট ; The Messiah.

Shilly-shally, *n.* মনের অস্থিরতা ; সন্দেহ ; গড়িমসি ; Hesitation ; foolish trifling ; irresolution :—*a.* In an irresolute or undecided manner :—*v. i.* গড়িমসি-কৃ ।

To stand shilly shallying—স্থিরচিত্ত না-হ ; Hang off and on ; be irresolute or undecided.

Shimmer, *v. t.* ঝিকিমিকি করিয়া জ্বলা ; সামান্য আলো-দে ; To gleam ; to glisten :—*n.* ঝিকিমিকি আলো , সামান্য আলো ; A gleaming ; glimmering.

Shin, shin, *n.* পায়ের নলি ; জঙ্ঘা ; হাঁটুর নিম্ন পায়ের সম্মুখভাগ ; Fore part of the leg ; the large bone of the leg.

Shindy, shindi, *n.* গোলমাল ; কোলাহল ; An uproar ; a row :—*v.* বল খেলা ; A game at ball.

Shine, shin, *v. i.* আলো দেওয়া ; উজ্জ্বল-হ ; দীপ্তি প্রদান-কৃ ; দীপ্তিমান-হ ; To give light ; glitter ; glisten :—বুদ্ধির প্রাখর্য্য প্রদর্শন-কৃ ; শ্রেষ্ঠ-হ ; To be eminent :—*n.* ঔজ্জ্বল্য ; উজ্জ্বলতা ; চাকচিক্য ; Bright-

ness ; splendour :—ঝড়বৃষ্টি শূন্যতা ; Fair weather. *pt.* *pp.*—shone. *Syn* :—(*v*) Radiate, beam, gleam, glare, sparkle.

Make the face shine upon—অনুগ্রহ দৃষ্টি-কৃ ; সুপ্রসন্ন হওয়া।

Take the shine out of—কাহাকে ছাড়িয়া-দে ; Outshine one :—অধিকতর উজ্জ্বলতা দ্বারা নিষ্প্রভ-কৃ ;

Shingle, shing'el, *n.* ছাদের জন্য পাতলা তক্তা. Thin piece of timber used for covering the roof of houses :—*v. t.* তক্তা দিয়া আচ্ছাদন-কৃ ; To cover with shingles.

Single, *n.* নুড়ি ; Beach ; gravel. *a*=shingly.

Shingle roof—তক্তা দ্বারা আচ্ছাদিত ছাদ ; Roof covered with thin boards.

Shingles, shing'glz, *n. pl.* চর্ম্ম রোগ বিশেষ ; চক্রাকার দদ্রু ; An eruptive disease which spreads around the body like a belt or girdle, Herpes Zona.

Shingly, *a.* নুড়িময় ; A bounding with gravel.

Shining, shining, *a.* উজ্জ্বল ; জমকাল ; তেজাল ; দীপ্তিশালী ; Bright ; radiant :—বিখ্যাত ; Distinguished· —*n.* ঔজ্জ্বল্য ; Brightness. *Syn* ·—Glistening, resplendent, effulgent, lustrous, brilliant, glittering, sparkling, splendid, illustrious.

Shining light—বিখ্যাত ব্যক্তি ; Men distinguished for piety and so an example to others.

Shintoism, *n.* জাপানের ধর্ম্ম।

Shiny, shini, *a.* উজ্জ্বল, দীপ্তিমান্ ; দীপ্তিশালী ; Bright ; splendid ·—অনাবৃত ; Unclouded.

Ship, ship, *n.* জাহাজ ; পোত ; Any large see-going vessel :—*v. t.* জাহাজে তোলা ; জাহাজে ; বোঝাই-কৃ. To put on board a ship ; to receive on board a ship :—যথাস্থানে স্থাপন-কৃ ; To fix in its place — *v. i.* জাহাজের কার্য্যে নিযুক্ত-কৃ, জাহাজের উপর যাওয়া. To engage for service on a board-ship ; to go aboard ship. *n*=shipper (জাহাজের অধিকারী, Ship-master ; exporter of goods.)

Ship of the desert—উষ্ট্র, Camel.

Ship one off—জাহাজে করিয়া দেশান্তর করা, জলপথে প্রেরণ-কৃ, Send away by water.

Take ship—জাহাজে চড়িয়া যাত্রা-কৃ।

The ship of the line—যুদ্ধ-জাহাজ ; মানোয়ার ; A large war-ship of 74 guns or more belonging to the royal navy.

Ship-board, ship'bōrd, *n.* জাহাজের মেজে ; জাহাজের পাটাতন, The board or deck of a ship .— *ad* জাহাজের উপরে বা মধ্যে, Upon or within a ship.

On ship-board—জাহাজের উপর।

Ship-boy, *n.* জাহাজের বালক ভৃত্য ; A boy who serves on board a ship.

Ship-broker, ship'-brōkér, *n.* জাহাজের দালাল ; A broker who effects sales, &c, of ships.

Ship-building, *n.* জাহাজ-নির্ম্মাণ।

Ship-chandler, ship'-chandlér, *n.* জাহাজের রজ্জু পাইল প্রভৃতি বিক্রেতা ; A dealer in cordage, canvas, sails &c.

Ship-fever, *n.* জাহাজের জ্বর ; Fever in a crowded ship.

Shipful, *a.* জাহাজে যত ধরে ; এক জাহাজ ; As much as a ship will hold.

Ship-load, *n.* জাহাজের বোঝাই. The cargo of a ship ; 424 tons of coal.

Ship-man, ship'man, *n.* নাবিক, A seaman ; a sailor. *pl*=shipmen.

Ship-master, ship'mas-tér, *n.* নাবিক ; পোতাধ্যক্ষ ; A captain of a ship.

Shipmate, ship'māt, *n.* এক জাহাজের সঙ্গী ; যে নাবিক অন্যের সহিত এক জাহাজে কার্য্য করে ; A companion in the same ship ; a fellow-sailor.

Shipment, ship'ment, *n.* জাহাজ বোঝাই করণ ; জাহাজে প্রেরণ বা চালান্, The act of putting on board a ship.

Ship-money, ship'muni, *n.* জাহাজ সরবরাহের পরিবর্ত্তে রাজসরকারে প্রদত্তকর বিশেষ ; পূর্ব্বকালে ইংলণ্ডের রাজার রণপোত সংগ্রহার্থ সময়ে সময়ে নির্দ্ধারিত কর ; Money raised at intervals in England for providing ships for the service of the king in time of war.

Shipper, *n.* যে ব্যক্তি জাহাজ করিয়া মাল চালান দেয়।

Shipping, shiping, *n.* জাহাজসমূহ ; পোতসমূহ ; Ships collectively .—জাহাজের ভাড়া ; জাহাজের শুল্ক ; Tonnage :—*a.* জাহাজসংক্রান্ত ; Relating to ships.

Shipping articles—Articles of agreement between the captain and his seamen.

Take shipping—জাহাজে আরোহণ-কৃ ; To embank.

Ship-shape, *ad.* নাবিকোচিত ভাবে ; In a seamanlike manner ·—যথারীতি ; উপযুক্তরূপে, According to usage, properly.

Ship's-husband, ship's-huzband, *n.* জাহাজের স্বামী ; জাহাজের তত্ত্বাবধানার্থ পোতাধিকারীর প্রতিনিধি ; The owner of a ship who manages its concerns in person ; the owner's agent in the management of a ship

Ship-wreck, ship'rek, *n.* পোতভঙ্গ ; পোতের ভগ্নাবশেষ, পোতধ্বংস, The wreck or destruction of a ship :—বিনাশ, নাশ, Ruin, destruction — *v t.* সমুদ্রে বিনষ্ট-কৃ ; পোতভঙ্গ-কৃ ; পোতধ্বংস দ্বারা পীড়িত-কৃ ; To destroy on the sea, to cause to suffer wreck.

Make shipwreck of—নষ্ট-কৃ ; ধ্বংস-কৃ।

Ship-wright, ship'rit, *n* জাহাজ-মিস্ত্রী, জাহাজের সূত্রধর ; পোতনির্ম্মাতা, Ship-carpenter.

Ship-yard, ship'yard, *n.* জাহাজ নির্ম্মাণ স্থান, যেখানে জাহাজ প্রস্তুত বা মেরামত হয়, Place for building ships.

Shire, *n.* বিলাতের জেলা বা চাকলা ; প্রদেশ, Division of country ; a country.

Shire-mote, *n.* প্রদেশীয় সভা ; A meeting of the citizens of a shire.

Shirk, shérk, *v. t.* ত্যাগ-কৃ ; পরিত্যাগ-কৃ ; এড়ান ; To avoid ; to get off or shrink away from .—নীচভাবে লাভ-কৃ, To obtain meanly.

Shirt, shért, *n.* কামিজ, Man's undergarment ; a loose garment :—*v. t.* কামিজ পরা ; To cover, as a loose garment with a shirt.

Shirting, shérting, *n.* কামিজের কাপড় ; মার্টিখানার কাপড় Cloth fit for shirts.

Shittah, shit'a, **Shittim,** shitim, *n.* মূল্যবান কাষ্ঠ বিশেষ ; A precious wood.

Shiver, shivér, *v. t.* খণ্ড খণ্ড-কৃ ; ভাঙ্গিয়া ফেলা ; To shatter :—*v. t.* কম্পিত-কৃ ; বায়ুতে কাঁপান ; To cause to shake in the wind, as sails :—*v. i.* খণ্ড খণ্ড-হ ; ভাঙ্গিয়া-যা ; To break into pieces :—*v. i.* কম্পমান-হ ; কম্পিত-হ, To shunder : to shake ; to quiver —*n* খণ্ড, টুকরা, চটা. A fragment, a splinter. *Syn* .—(*v*) Shatter, dismember, quake, tremble.

Shivery, shiv́ėr-i, *a.* ভঙ্গপ্রবণ ; Easily falling into fragments :—কম্পমান ; Trembling :—শিথিলরূপে সংলগ্ন ; Loosely cohering.

Shoal, shōl, *n.* ভিড় ; জনতা ; A throng ; crowd :—মাছের ঝাঁক ; মৎস্যের ঝাঁক ; A great multitude of fishes swimming together :—নদী বা সমুদ্রের যে খানে অল্প জল ; অগভীর স্থান ; A place where the water of a river, sea or lake is not deep :—চড়া ; A sand-bank :—*v. i.* দলবদ্ধ-হ ; ঝাঁক বান্ধা-হ ; To crowd :—অগভীর-হ ; To grow shallow :—চড়ার উপরে আসিয়া পড়া ; To come upon shallows.

Shoaly, shōli, *a.* অগভীর ; চড়াময় ; Full of shallows ; not deep ; shallow. *n*=shoaliness.

Shoar, *n.* অবলম্বন ; A prop.

Shook, shok, *n.* ধাক্কা ; A collision ; a sudden dasking one thing against another :—আঘাত ; A blow :—প্রচণ্ড আক্রমণ ; ভয়ানক আক্রমণ ; Violent onset :—হঠাৎ মনের আবেগ :—বিরক্তি ; An offence :—শস্যের রাশি ; খড়ের আঁটি ; A pile of sheaves of corn :—কুকুর বিশেষ ; A dog with hair :—কম্পন :—*v. t.* আঘাত-কৃ ; ধাক্কা-দে বা মারা ; To strike :—ভয় ও ঘৃণা দ্বারা অভিভূত-কৃ ; শঙ্কান্বিত-কৃ ; ভীত-কৃ ; বিরক্ত-কৃ ; বিতৃষ্ণ-কৃ ; To offend ; to horrify ; to disgust. *Syn* ;—Clash, impact, percussion ; conflict, brunt ; blow, buffet ; stook, hattock. (*v*) Encounter ; stun, astound, stagger ; disgust, offend ; appal, terrify, affright.

Be shocked at—কোন কিছু দেখিয়া বা শুনিয়া আড়ষ্ট-হ , Be struck with surprise or horror by hearing or seeing.

Shock-headed, *a.* নিবিড়কেশ-মস্তক ; Having a thick and bushy head of hair.

Shocking, shok̇ing, *a.* ঘৃণাজনক ; বীভৎস ; ভয়ানক ; ভীষণ ; Disgusting , highly offensive ; repulsive. *ad*=shockingly. *Syn* :—Appalling terrifying ; frightful, terrible ; repulsive, revolting.

Shod, *pt.* and *p. p.* of shoe.

Shoddy, *n.* পুরাতন পশমী কাপড়ের সূতা এলাইয়া লব্ধ পশম , The wool of old woven fabrics.

Shoe, shōō, *n.* জুতা ; উপানৎ ; A covering for the foot :—নাল ; Iron under a horse's foot :—পাদুকাদির আকারবিশিষ্ট বা তত্তুল্য কার্য্যকারী বস্তু ; Any thing in form or use like a shoe :—*v. t.* নালবান্ধা ; নাল বাঁধা ; জুতা পরান ; পাদুকান্বিত-কৃ ; To fit with a shoe ; furnish with shoes ; put shoes on :—তলদেশ আবৃত-কৃ ; To cover at the bottom. *pt. pp* =shod. *pl*=shoes.

Horse shoe, *n.* ঘোড়ার নাল ।

Shoe the wildmare—A play in which one represents the wild mare and runs about the rooms, while the players try to catch hold of him and put in shoes to his feet.

Stand in another man's shoes—অন্যের স্থান অধিকার-কৃ ; Occupy the place or lay claim to the honours of another.

Shoe-black, shōō'blak, *n.* জুতা-পরিষ্কারক ; জুতায় কালী দেওয়া মুচি ; One who blacks and cleans boots or shoes.

Shoe-horn, shōō'horn, *n.* জুতা পরাইবার শৃঙ্গ ; A curved piece of horn or metal used in facilitating the putting on of a shoe.

Shoemaker, shōō'-māk̇ėr, *n.* জুতা-প্রস্তুতকারী ; মুচি ; চর্ম্মকার ; One who makes shoes and boots.

Shoer, *n.* যে জুতা পরাইয়া-দে ; যে নাল বান্ধাইয়া দেয় ; One who fits shoes to the feet.

Shoe-string, *n.* জুতার ফিতা ; পাদুকাবন্ধনী ।

Shone, *pt. t.* of *Shine.*

Shook, *pt. t.* of *Shake.*

Shoot, shōōt, *v. t.* বলপূর্ব্বক নিক্ষেপ-কৃ ; সবলে নিক্ষেপ-কৃ ; To let fly with force ; to dart :—শর বা বন্দুক হইতে ছোড়া ; নিক্ষেপ-কৃ ; গুলি-কৃ ; To discharge from a bow or gun :—বিদ্ধ-কৃ ; আঘাত-কৃ ; To strike with anything shot ; hit :—উদ্গত-কৃ ; অঙ্কুর নির্গত-কৃ ; বাহির-কৃ ; To send forth new parts, as a plant ; to thurst forward :—*v. i.* শরাদি ত্যাগ-কৃ ; শর ও আগ্নেয় অস্ত্র নিক্ষেপ-কৃ , To perform the act of shooting :—অঙ্কুরিত-হ ; উদ্গত-হ ; বাহির-হ ; To germinate :—শূল-বেদনা অনুভব-কৃ ; To feel a quick lancinating pain :—তেজে ছোটা ; বেগে যাওয়া ; To pass with quickness ; to jut out :—*n.* নিক্ষেপ ; ক্ষেপণ ; Act of shooting :—নবপল্লব ; শাখা পল্লব ; প্রশাখা ; A young branch. *pt. pp*=shot, *n*=shooter. *Syn* :—(*v*) Dart, hurl, propel ; discharge, fire ; emit, project ; kill ; bud, sprout.

Shoot ahead of—অতিক্রম করিয়া যাওয়া ; দ্রুতবেগে অগ্রসর-হ ; এগিয়ে যাওয়া ; Outstrip ; surpass.

Shoot along—দ্রুত যাওয়া ; Move swiftly.

Shoot at—গুলি মারা ; Fire at.

Shoot by—নিকট দিয়া গমন-কৃ ; Pass by.

Shoot forth—অঙ্কুর বহির্গত-হ ; Bud, sprout.

Shoot made of the mark—ভ্রমে পতিত-হ ; To be in error.

Shoot over—সত্বর যাওয়া ; Pass over quickly.

To be shot of—নির্ম্মুক্ত বা বিযুক্ত-হ ।

Shooter, *n.* নিক্ষেপক ; গুলিকারক ; তীরন্দাজ ।

Shooting, shōōting, *n.* শরত্যাগ ; বন্দুক ছোড়া ; তীর বা গুলি নিক্ষেপ ; বেধন ; The act of discharging fire arms or an arrow :—তীব্র বেদনা অনুভব ; আকস্মিক ক্লেশানুভব ; Sensation of a quick pain :—শিকার ; মৃগয়া ; শিকার অভ্যাস ; Act or practice of killing game :—*a.* দ্রুতগামী ; আশু ।

Shooting box, *n.* শিকারকালে ব্যবহার্য্য পল্লীগ্রামস্থ ক্ষুদ্র বাটী ; A small house in the country for use in the shooting season.

Shooting coat—A coat worn by a man when he goes to shoot.

Shooting pain—তীব্র বেদনা ; তীক্ষ্ণ ব্যথা ; Quick, sharp pain.

Shooting-star, shooting-stär, *n.* উল্কা ; দিব্যাগ্নি ; A meteor.

Shop, shop, *n.* বিপণি ; দোকান ; কারিকরের কার্য্য স্থান ; A place where any thing is sold ; work-place :—*v. i.* ক্রয়করণার্থ দোকানে-যা ; হাট বাজার-কৃ ; To visit shops for the purpose of buying.

To smell of the shop—কাহারও ব্যবসায় অতি স্পষ্টভাবে প্রকাশ-কৃ ।

To talk shop—ব্যবসায়ের কথা কহা ; To use phrases and manner of speech pecular to one's employment or profession.

Shop-keeper, *n.* দোকানদার ; মুদী ; Tradesman ; retailer.

Shoplifter, *n.* চোর ; One who under pretence of buying steals goods.

Shoplifting, *n.* দোকান হইতে অপহরণ ; দোকান হইতে মাল চুরি ; Stealing anything from a shop.

Shoppish, *a.* Having pettyhabits and thoughts.

Shop-walker, shop'wawk̇ėr, *n.* দোকানের মধ্যে বিচরণ করিতে করিতে যে ক্রেতাদিগের তত্ত্বাবধান করে ;

One who walks in a shop and sees the customers attended to. [serving in a shop.
Shop-woman, *n.* দোকানের দাসী ; A woman
Shore, shōr, *n.* উপকূল ; সমুদ্রের তট, নদীর তীর ; The coast or land bordering on a sea, lake, or river :—অবলম্বন ; ঠেস্ ; ঠেকো ; A prop ; a support :—*v. t.* ঠেকনা-দে ; ঠেকো দেওয়া ; To prop ; to support. *n*=shorer.
On shore, Ashore—তটে ; তীরে ।
Shoreless, shōr'les, *a.* তীরবিহীন ; অকূল ; অসীম ; Having no coast or shore.
Shorn, *p. p.* of *shear.* [কৃ ; Be deprived of.
Shorn (or stripped) of—কোন কিছু হইতে বঞ্চিত-
Short, shōrt, *a.* সংক্ষিপ্ত ; Brief :—ছোট ; খর্ব, হ্রস্ব, অনতিদীর্ঘ ; Not long :—অল্প ; অপ্রচুর, কম ; Scanty :—অপ্রশস্ত ; সঙ্কীর্ণ ; Narrow :—ন্যূন ; অপর্য্যাপ্ত, অল্প, —Insufficient :—ভঙ্গুর ; Brittle :—সংরহিত ; Near at hand :—*ad.* সহসা, হঠাৎ, তৎক্ষণাৎ, অল্প সময়ে ; Not long. *n*=shortness. *Syn* :—Near, direct, straight ; concise, compendious, summary, succinct, laconic, pithy, sententious ; abrupt, blunt ; limited, inadequate ; lacking, wanting, destitute ; brittle, friable, crisp.
At short notice—স্বল্প সময়ে ; অল্পকালের মধ্যে ; শীঘ্র, সত্বর ; In a brief time ; promptly.
Be short of—কমিয়া আসা ; খাঁক্তি-হ ; কোন দ্রব্য যথেষ্ট না থাকা ; Be scantily provided with :—নীচে থাকা ; Be below ; be under .—পর্য্যন্ত না উঠা ; Not coming up to.
Be short of cash—কাহার অর্থের অনাটন হওয়া ।
Come short, *v.* কমিয়া আসা ; Fail.
Cut short—সংক্ষেপ-কৃ ; ছাঁটিয়া ছোট-কৃ ; সহসা শেষ বা বন্ধ-কৃ ; Abridge. [ন্যূন-হ ; Fail.
Fall short—অপ্রতকার্য্য-হ ; প্রয়োজন বা প্রত্যাশায
In short—অল্প কথায় ; সংক্ষেপতঃ, সংক্ষেপে বলিতে গেলে, In fine ; to sum up in a few words.
Make short work of—নষ্ট-কৃ ; হাঙ্গাম চুকাইয়া ফেলা, Destroy. [তাহাই, Nothing less than.
Nothing short of—তার চেয়ে একটুও কম নহে,
Run short—কমিয়া আসা ; কম পড়া, টানাটানি পড়া, Fall short ; became scanty, be exhausted.
Short of—খাঁক্তি-হ ; Scantily provided with :—কম, Less than :—ভাবে তাহার ন্যায় না হইয়া, Not equal to in sense :—এইটী ছাড়া ; Excepting, not going so far as. [once
Stop short—একবারে থামা ; সহসা থামা ; Stop at
The long and short—সমুদায়, তাৎপর্য্য কথা ; মোট কথা, The whole.
To be taken short—হঠাৎ বাহের পীড়া বোধ কৃ ।
Short-allowance—অবরোধাদির সময় অল্প রসদ ।
Short-clothes, *n* বালকাদির আজানুলম্বিত ছোট ইজের ।
Shortcomming, short-kuming, *n.* ত্রুটী, ন্যূনতা, অবহেলা ; Defective performance ; deficiency as to duty ; failure in duty.
Short commons—অল্প আহার ; Small allowance of food ; scanty fare.
Short cut, *n.* সরল পথ ; সোজা পথ ;—*a.* নিকটতর ।
Short-dated, shōrt'dāted, *a.* আর অল্পদিনমাত্র প্রবল থাকিবে ; Having little time to run.
Shorten, short'n, *v. t.* ছোট-কৃ, কমান ; অল্প-কৃ ; খর্ব্ব-কৃ ; হ্রাস-কৃ ; To make short ; to lessen ; to deprive :—*v. i.* সঙ্কুচিত-হ ; সঙ্কোচ-হ ; হ্রস্ব বা কম-হ, ছোট-হ ; To become short or shorter ; to contract. *Syn* :—Abridge, curtail, abbreviate, retrench, lessen, diminish, reduce, deck.
Shorten sail—কিছু পাইল (পাল) গুটাইয়া ফেলা ; Contract the sail in order to lessen the speed of the vessel.
Short-hand, short'hand, *n.* সংক্ষিপ্ত লিপি ; সংক্ষেপে লিখন ; Stenography ; Phonography.
Short-horn, *n.* ক্ষুদ্র শৃঙ্গ স্থূলদেহ গো ।
Short-lived, short'livd, *a.* অচিরস্থায়ী ; অল্পকাল স্থায়ী ; অল্পজীবী ; স্বল্পায়ু ; Living or lasting only for a short time ; transient.
Shortly, *ad.* অবিলম্বে ; শীঘ্র ; Soon ; quickly :—সংক্ষেপে ; Briefly.
Shortness, *n.* অদীর্ঘতা ; অল্পতা ; সংক্ষেপ ।
Shorts, *n. pl.* আটা ; Coarse part of meal.
Short-shrift—তড়িঘড়ি দণ্ডবিধান ; Little time to repent, cut a small interval being allowed before the infliction of punishment.
Short-sight, *n.* অদূরদর্শন ; Myopia. *a*=short-sighted.
Short-sighted, *a.* অদূরদর্শী, ক্ষীণদৃষ্টি ; অবিচক্ষণ · অবিবেকী, Unable to see for ; imprudent, heedless.
Short-tempered, *a.* অসহিষ্ণু ; অধীর ; রাগী ।
Short-winded, short-winded, *a.* ক্ষীণশ্বাস ; দ্রুত শ্বাস, Short breathed ; asthmatic ; having a quech respiration.
Short-witted, *a.* অল্পবুদ্ধি ; মূঢ় ।
Shot, *pt.* and *pp.* of *shoot.*
Shot, *n.* গুলিকরণ, The act of shooting :—গুলি ; তীর, ক্ষেপণীয় অস্ত্র ; A missile :—গোলাবর্ষণ ; গুলি নিক্ষেপ, Flight of a missile or the distance passed by it :—তীরন্দাজ ; লক্ষ্যভেদক ; শিকারী ; লক্ষ্যভেদকারী ; A marksman :—গণনা ; Reckoning :—ছর্‌রা ; গোলা, Small globular masses of lead :—*v. t.* গুলি দাগিয়া বোঝাই-কৃ, গুলি দাগা ; To load with shot. *pl.*=shot (গোলাগুলি), shots (যতবার ক্ষেপণ করা হয়) ।
Random shot—লক্ষ্যশূন্য গুলি-নিক্ষেপ ; Shot discharged without any fixed aim.
Shot free or proof, *a.* গুলি দ্বারা অনাহত বা অক্ষত, Not hurt by canon.
Grape shot, *n.* A number of shot so arranged as to resemble a bunch of grapes, formerly used to load guns.
Shot-gun, *n.* ছুচোঁয়া ছিটাগুলির বন্দুক ।
Should, shood, *p. t.* of *shall.*
Shoulder, shōl'dėr, *n.* স্কন্ধ ; কাঁধ, পৃষ্ঠ ; The joint connecting the arm or the foreleg to the body ; the upper part of the back :—*v. t.* স্কন্ধে স্থাপন-কৃ ; স্কন্ধে-কৃ ; To take upon the shoulder :—স্কন্ধ দ্বারা ধাক্কা-দে ; ঘাড় দিয়া ঠেলা মারা ; To push with the shoulder or violently.
Shrug the shoulder—(ঘৃণাদি প্রকাশ জন্য) দুই স্কন্ধ তোলা ; Draw up the shoulders (by way of expressing dislike).
Cold shoulder—অবজ্ঞা ; অনাদর ; উপেক্ষা ; Contempt.
Give the cold shoulder to, Turn the cold shoulder on—কাহারও প্রতি অবজ্ঞা প্রকাশ-কৃ ; Treat one coolly ; show indifference to one.

Put one's shoulder to the wheel—কাঁধ-দে ; To assist in bearing a burden or overcoming a difficulty :—নিশ্চেষ্ট না থাকিয়া কাজে লাগা ; কর্ত্তব্য কার্য্যে লাগা ; Commence working in earnest :—বাক্যব্যয় না করিয়া কর্ম্মে লাগা ; Take up a work (instead of merely criticising those who are doing it).

Rub shoulders with—ঘেঁশাঘেঁশি বা সংস্রব থাকা ; Come in close contact with. [একতাসহকারে ।

Shoulder to shoulder—একত্রে ; পাশাপাশি হইয়া ;

Shoulder-arms—(শাস্ত্রীদের ন্যায়) বন্দুক ঘাড়ে-কৃ ; Bring a musket upright ; place a musket on the shoulder in a particular manner.

Shoulder-belt, *n.* স্কন্ধদেশের পাটী ; Belt passing over the shoulder.

Shoulder-blade, shōl'dėr-blād, *n.* স্কন্ধাস্থি ; কাঁধের হাড় ; The broad, flat, blade-like bone of the shoulder.

Shoulder-knot, shōl'dėr-not, *n.* স্কন্ধ-গ্রন্থি ; স্কন্ধা-ভরণ ; A knot worn as an ornament on the shoulder.

Shout, showt, *n.* উচ্চধ্বনি ; জয়ধ্বনি ; চীৎকার ; A loud and sudden outcry of joy, triumph or courage :—*v. i.* জয়ধ্বনি-কৃ ; চীৎকার-কৃ ; To utter a shout :—*v. t.* চীৎকার করিয়া উচ্চারণ-কৃ ; To utter with a shout. *n*=shouter.

Shout at—আনন্দধ্বনি করা ; হুররে-দে ; টিটকারী-দে ।

Shove, shuv, *v. t.* ধাক্কা মারা ; ঠেলিয়া-দে ; To drive along ; to push before one ; to propel with the hand :—*n.* ধাক্কা ; ঠেলা ; A push. *Syn* :—Push, drive, impel, press, thrust.

Shove by—পরিহার-কৃ ; নিবারণ-কৃ ; Push away ; to delay or reject.

Shovel, shuv'l, *n.* লম্বা হাতলওয়ালা কোদাল ; কুদ্দাল ; খন্তা ; Scoop with a broad handle ; a kind of spade :—*v. t.* কুদ্দাল দ্বারা উত্তোলন-কৃ ; কোদাল দ্বারা উৎক্ষিপ্ত-কৃ ; To lift up and throw with a shovel :—রাশিকৃত-কৃ ; স্তূপাকারে সংগ্রহ-কৃ ; To gather in great quantities. [vel will hold.

Shovelful, *a.* যত কুদ্দালে ধরে ; As much as a sho-

Show, shō, *v. t.* [A. S. *scawian,* to look] প্রকাশ-কৃ ; প্রদর্শন-কৃ ; To exhibit ; to present to view ; to display :—পথ দেখাইয়া লইয়া যাওয়া ; To guide :—জ্ঞাত-কৃ ; To make known :—প্রমাণ-কৃ ; সাব্যস্ত-কৃ ; Prove :—শিক্ষা-দে ; Teach :—*v. i.* দৃষ্টি-গোচর-হ ; To become visible :—দেখান ; প্রতীয়মান-হ ; To appear ; to look :—*n.* প্রদর্শন ; Exhibition :—আড়ম্বর ; প্রদর্শনী ; Ostentation ; parade :—দৃশ্য ; A sight ; aspect :—ছল ; Pretence :—যৌক্তিকতা ; Plausibility. *pt*=showed, *pp*=shown. *Syn* ;—(*v*) Indicate ; disclose, divulge, publish, explain ; manifest, evince, demonstrate ; conduct, usher. (*n*) Spectacle, representation, pomp, pageantry, display ; semblance, likeness, appearance ; pretext, colour.

Dumb show—সঙ্ ; Pantomine.

Make a show of—লোক দেখান কিছু-কৃ ; Parade ; present an appearance of ; make a pretence of.

Show a bold front—সাহসপূর্ব্বক বাধা-দে ; Adopt an attitude of determined resistance. [flee.

Show a light pair of heels—পলায়ন-কৃ ; To

Show cause—কারণ নির্দ্দেশ-কৃ ।

Show fight—যুদ্ধ করিবার ইচ্ছা প্রকাশ-কৃ ; Manifest a disposition to fight :—ঝগড়া-কৃ ; Show a disposition to quarrel or resist. [প্রচার-কৃ ; Proclaim.

Show forth—প্রকাশ-কৃ ; প্রদর্শন-কৃ ; Manifest :—

Show off—প্রদর্শন-কৃ ; (গুণপনা বা ঐশ্বর্য্য) দেখান ; Exhibit ostentatiously ; display :—গুণপনা প্রকাশ-কৃ ; Cut a figure :—(জাঁক করিবার জন্য) কোন কিছু লোককে দেখান ; Make a vain display of something.

Show of hands—(সভার মত প্রকাশার্থ) হস্ত উত্তোলন ; The raising of hands as a vote in a public meeting. [plausibility.

Show of reason—Appearance of arguments ;

Show one for money—Get money by making people see one.

Show one in or into—কাহাকে ঘরে লইয়া যাওয়া ; কোন আগন্তুক ঘরের ভিতর লইয়া যাওয়া ; Conduct one into (a room or house).

Show one's colour—নিজের মত দেখান ; To make manifest one's principles or party.

Show one's face—উপস্থিত-হ ; Appear ; be present ; be seen.

Show one's teeth—ভয় দেখান ; To threaten.

Show one the door—কোনও ব্যক্তিকে দ্বারদেশ দেখাইয়া দিয়া দূরীভূত-কৃ ।

Show over—প্রত্যেক অংশ দেখান ; চারিদিকে লইয়া দেখান , Show every part of (a place).

Show the white feather—ভয় প্রকাশ-কৃ ; To show cowardice ; to exhibit fear.

Show to advantage—ভাল ভাবে দেখান ; Show in a favourable light ; set off.

Show up—কিছু লইয়া কাহাকে অপ্রতিভ বা অপদস্থ-কৃ ; হাস্যাস্পদ করিবার জন্য সম্মুখে ধরা ; সঙ্গে লইয়া উপরে-যা ; প্রকাশ-কৃ ; Expose ; disclose.

Show-bill, *n.* বৃহদকারে লিখিত বিজ্ঞাপন পত্র ; A large placard ; a bill for advertising the price, merits, &c., of goods.

Show-bread, *n.* ধর্ম্মমন্দিরে রক্ষিত দ্বাদশ রুটী ; The twelve loaves of bread placed weekly in the sanctuary.

Show-case, *n.* বিক্রয়ের দ্রব্য প্রদর্শনার্থ কাচের বাক্স ; A case with a glass cover, in which articles of value are exhibited for sale.

Show-end, *n.* বস্ত্রাদির মুখপাত ।

Shower, show'ėr, *n.* বৃষ্টি ; বৃষ্টিপাত ; পশলা ; A fall of rain :—*v. t.* বৃষ্টি দ্বারা সিক্ত-কৃ ; বর্ষণ-কৃ ; ঢালিয়া-দে ; To wet with rain ; to pour down :—*v. i.* বৃষ্টি পড়া ; To rain in showers.

Shower bath, *n.* স্নানার্থ কৃত্রিম বর্ষণ যন্ত্র ; An apparatus for pouring upon the body a shower of water.

Showerless, *a.* বর্ষণহীন ।

Showery, show'ėr-i, *a.* বৃষ্টিপূর্ণ ; বহুধার ; বর্ষাদ্র ; পশলাপাতী , বৃষ্টিবহুল ; Abounding with showers.

Show-man, *n.* প্রদর্শক ; One who exhibits a show.

Show-room, *n.* যে গৃহে দ্রব্যাদি প্রদর্শিত হয় ; A room where a tradesman or manufacturer displays his goods. [in the fleet.

Show-ship, *n.* সর্ব্বোৎকৃষ্ট জাহাজ ; The finest ship

Showy, shō'i, *a.* জাঁকাল ; শোভন ; জমকাল ; Ostentatious ; stately ; gay. *n*=showiness, *ad*=showily.

Shrapnel, *n.* সীসকগুলিপূর্ণ লৌহগুটিক ; বোম-গোলা ; A shell filled with a quantity of musket-balls.

Shred, shred, *n.* ফালি ; খণ্ড ; টুকরা ; A small piece cut off ; a narrow piece torn off ; strip :—*v. t.* খণ্ড খণ্ড-কৃ ; ফালি ফালি করিয়া ছেঁড়া ; To cut or tear into shreds. *Syn* :—(*n*) Fragment, bit, rag, tatter, scrap.

A thing of shreds and patches—Applied to a thing that is patched, unconnected or not original.

Shrew, shrōō, *n.* কলহপ্রিয় স্ত্রীলোক ; কোন্দলিয়া স্ত্রী ; A brawling, troublesome woman , a termagant.

Shrewd, shrōōd, *a.* বুদ্ধিমান্ ; চতুর ; চালাক ; বিচক্ষণ ; সেয়ানা ; Keen ; of acute intellect ; cunning ; wily ; artful. *n*=shrewdness. *ad*=shrewdly. *Syn* :—Cunning, subtle, crafty, astude, arch ; sharp, discerning, intelligent, sagacious, knowing.

Shrewdness, shrōōdnes, *n.* চতুরতা ; চাতুর্য্য ; চালাকি ; Quality or state of being shrewd. *Syn* :—Cunning, archness, artfulness, subtlety, address, craft ; sagacity, penetration, intelligence, sharpness, ingenuity, discernment, acumen.

Shrewish, shrōō'ish, *a.* কোন্দলিয়া ; কলহপ্রিয় ; গণ্ডগোলপ্রিয় ; Troublesome and peevish ; clamorous. *n*=shrewishness, *ad*=shrewishly.

Shrew-mouse, shrōō'mows, *n.* ছুঁচা ; জন্তু বিশেষ ; A harmless little animal resembling the mouse, which burrows in the ground.

Shriek, shrēk, *n.* চীৎকার ; উচ্চৈঃস্বর ; Piercing cry :—*v. i.* চীৎকার-কৃ ; উচ্চ শব্দ-কৃ ; To scream ; utter a sharp shrill cry.

Shrievalty, *n.* সরিফের পদ বা অধিকার ; See sheriffalty.

Shrift, shrift, *n.* রোমান ক্যাথলিক খ্রীষ্টান কর্ত্তৃক পুরোহিতের নিকট পাপ স্বীকার করণ ; পুরোহিতের নিকট পাপ স্বীকার ; Confession made to a priest.

Shrike, shrik, *n.* শিকারী পক্ষী বিশেষ ; Rapacious bird.

Shrill, shrill, *a.* তীক্ষ্ণ ; তীব্র ; উগ্র ; কর্কশ ; Piercing, loud and clear ; sharp ; uttering an acute sound. *n*=shrillness, *ad*=shrilly. *Syn* :—Sharp, high-pitched.

Shrill-voiced, *a.* তীব্রস্বর।

Shrimp, shrimp, *n.* চিঙ্গড়ি মাছ ; Small crustacean :—(অবজ্ঞার্থে) খর্ব্ব ব্যক্তি ; বামন ; A dwarf in contempt.

Shrine, shrīn, *n.* পবিত্র স্থান ; মন্দির ; বেদী ; A sacred place, temple ; an altar :—*v. t.* মন্দিরে রাখা ; To enshrine.

Shrink, shringk, *v. i.* কুঞ্চিত-হ ; To contract spontaneously :—কোচকান ; গুটান ; সঙ্কুচিত-হ ; Shrivel :—(ভয়ে) জড়সড়-হ ; To recoil, as from fear, disgust &c. :—*v. t.* আকুঞ্চিত-কৃ ; সঙ্কুচিত-কৃ ; To cause to shrink or contract. *pt*=shrank, shrunk. *pp*=shrunk, shrunken. *Syn* :—Dwindle, wither ; flinch, blench, withdraw.

Shrink from—পরাঙ্মুখ-হ ; ভয়ে কিছু হইতে পিছাইয়া পড়া ; Draw back from.

Shrink into insignificance—ছটাকে খাট হইয়া যাওয়া ; প্রায় তিরোহিত-হ ; Be reduced to almost nothing ; almost disappear.

Shrink on—কোঁচকাইয়া ঠিক হওয়া বা লাগা।

Shrinkage, *n.* সঙ্কোচন ; কুঞ্চন ; মূল্য হ্রাস।

Shrinking, *n.* সঙ্কোচ।

Shrive, shrīv, *v. t.* (পাপ স্বীকার) শ্রবণ-কৃ ; পাপ হইতে মুক্ত-কৃ ; To hear at confession ; to give absolution :—*v. i.* পাপ স্বীকার গ্রহণ-কৃ ; To receive confession (said of a priest). *pt*=shrove, shrived ; *pp*=shriven, shrived.

Shrivel, shrivel, *v. t.* or *v. i.* [Icel. *skrifi*, a thing torn] কুঞ্চিত-হ বা-কৃ ; কুঁকড়াইয়া-যা বা-দে ; কোঁকড়ান ; To contract into wrinkles ; to cause to contract. *Syn* :—Parch, dry ; shrink, wither, dwindle.

Shroff, *n.* বেনিয়া ; মহাজন।

Shroud, shrowd, *n.* শব আচ্ছাদন বস্ত্র ; শবাচ্ছাদনী ; The dress of the dead ; a winding sheet :—*pl.* পালের দড়ি বা কাছি ; মাস্তল বাঁধিবার রশারশি ; Large side ropes upholding a mast :—*v. t.* শবাচ্ছাদন বস্ত্র দ্বারা আবৃত-কৃ ; To enclose in a shroud :—আচ্ছাদন-কৃ ; ঢাকা দেওয়া ; To cover :—গোপন-কৃ ; লুক্কায়িত-কৃ ; To hide :—আশ্রয় দান-কৃ ; To shelter.

Shrove-twesday, *n.* অ্যাসওয়েড্‌নেস্‌ডে নামক পর্ব্বদিনের পূর্ব্বদিন ; The day before Ash-Wednesday.

Shrove-tide, shrōv'-tīd, *n.* পাপ স্বীকার করিবার সময় ; পাপ স্বীকার পর্ব্ব ; Time of confession.

Shrub, shrub, *n.* গুল্ম ; গাছড়া ; A low dwarf tree :—সরাপ ; সুরা ; Wine :—চিনি ও লেবুর রস মিশাইয়া এক প্রকার পানীয় , Lemon-juice.

Shrubbery, shrub'ĕr-e, *n.* গুল্মোদ্যান ; লতাসমূহ ; গুল্মসমূহ ; Collection of shrubs :—গুল্ম-বাটিকা ; A place where shrubs are planted.

Shrubby, shrub'i, *a* গুল্মময় ; লতাময় ; লতার ন্যায় ; Full of or resembling shrubs.

Shrug, shrwg, *v. t.* স্কন্ধ উত্তোলন-কৃ ; কুঞ্চিত-কৃ ; শিহরিয়া উঠা ; To draw up ; to contract (as the shoulders) :—*v. i.* কাঁধ তোলা ; স্কন্ধ উত্তোলন-কৃ ; To draw up the shoulders :—*n.* স্কন্ধ উত্তোলন ; স্কন্ধের উৎক্ষেপণ ; A drawing up of the shoulder.

Shrug the shoulders—কাঁধ তোলা ; স্কন্ধ উত্তোলন-কৃ ; Draw up the shoulders.

Shrunk, *pt.* and *pp* of Shrink.

Shudder, shuder, *v. i.* ভয়াদিবশতঃ কম্পিত-হ ; থর থর করিয়া কাঁপা ; To feel a thrill from aversion or dread ; To shake with fears :—*n.* ভয়াদি হেতু কম্পন ; A trembling from fear or horror. *Syn* :—Tremble, quake, quiver, shiver.

Shudder from—ভয়ে কাঁপা ; Shake with fear at.

Shuffle, shuf'l, *v. t.* গোলমাল-কৃ ; এলোমেলো-কৃ ; বেতাল-কৃ ; To change the position of ; to confuse ; to remove or introduce by purposed or artificial confusion :—*v. i.* তাস ভাসান ; ভেজান ; ভাসা ; To change the order of cards in a pack :—এড়ান ; ছল-কৃ ; চালাকি-কৃ ; চাতুরী-কৃ ; To evade fair questions ; to prevaricate, quibble, play tricks :—এদিক ওদিক-কৃ ; To move the foot loosely on the ground :—*n.* গোলমাল ; চাতুরী ; চালাকি ; কৌশল ; Trick, evasion, artifice. *Syn* :—(*v*) Shift, intermix, disorder ; equivocate, cavil, evade, sophisticate.

Shuffle off—দূর-কৃ ; ঠেলিয়া ফেলা ; Get rid of.

Shuffle off this mortal coil—মরা ; Die.

Shuffle through—তাড়াতাড়ি কাজ-কৃ ; Go through perfunctorily.

Shuffle up—তাড়াতাড়ি একত্রে নিক্ষেপ-কৃ ; Throw together in haste ; to form in haste.

To shuffle and cut—তাস ভাসিয়া কাটান।

Shuffler, *n.* প্রবঞ্চক ; One who prevaricates.

Shuffling, *n.* গোলমাল : Confusion :—এলোমেলো চলন ; Irregular gait :—চাতুরি ; ছল ; Evasion ; trick :—*a.* ছলপ্রিয় ; Evasive.

Shun, shun, *v. t.* বর্জ্জন-কৃ ; পরিহার-কৃ ; ত্যাগ-কৃ ; To avoid ; to escape ; to negleet. *Syn* :—Elude, evade, eschew.

Shunt, shunt, *v. i.* প্রধান রেল হইতে সরান ; পার্শ্ববর্ত্মে চালিত-কৃ ; সরাইয়া-দে ; To turn off upon a side-rail :—*n.* পার্শ্বে প্রেরণ ; পার্শ্ব-বর্ত্ম ; Sliding from the main line of rails.

Shut, shut, *v. t.* [A. S. *scyttan, scittan,* to shut or lock up] বদ্ধ-কৃ ; নিমীলিত-কৃ ; বন্ধ-কৃ ; To close ; to bar :—সঙ্কুচিত-কৃ , গুটান ; To contract, to close, as the fingers :—*v. i.* রুদ্ধ-কৃ ; রুদ্ধ-হ ; To close itself ; to be closed. *pt. pp.*=shut. *Syn* :—Fasten, secure, inclose, confine, imprison ; exclude, preclude.

Shut in—ভিতরে আবদ্ধ-কৃ ; রুদ্ধ-কৃ ; Confine.

Shut off—বহির্নিষ্কাস্ত-কৃ ।

Shut one out of or **from**—কাহাকে কোন কিছু হইতে বঞ্চিত-কৃ ; কাহাকে কিছু করিতে বা জানিতে না দেওয়া , Exclude or debar one from.

Shut one's ears to—শ্রবণ না-কৃ ; না শুনা ; কাণ না দেওয়া ; Not to listen to.

Shut oneself up in—বাটীতে বা ঘরে বদ্ধ হইয়া থাকা ; নির্জ্জনে বাস-কৃ ; Keep oneself within doors, not to stir out of one's home or room ; live in a retired secluded manner.

Shut one's eyes to—না দেখা ; কোন বিষয়ে চক্ষু বুজিয়া থাকা ; খোঁজ খবর না লওয়া , Not to see ; take no notice of :—মনোযোগ না-কৃ ; Not to attend to.

Shut out—প্রবেশ করিতে না-দে ; নিবারণ-কৃ ; বাহির করিয়া-দে , Exclude ; prevent.

Shut the door against—দ্বার রুদ্ধ-কৃ ; পথ বন্ধ-কৃ ; Close the doors so as to prevent one from coming in ; preclude.

Shut the door upon—প্রবেশ করিতে না দেওয়া ।

Shut the gates of mercy—দয়াপ্রকাশ না-কৃ ।

Shut up—রুদ্ধ-কৃ , চুপ-কৃ ; Close up ; bar :—কারারুদ্ধ-কৃ ; বদ্ধ-কৃ ; আটক-কৃ ; বদ্ধ করিয়া রাখা ; Imprison ; confine :—বাধা-দে ; Obstruct.

Shut up shop—কাজ বন্ধ-কৃ ; পাততাড়ি গুটান ; দোকানপাট্ বন্ধ-কৃ ; Close business.

Shutter, shut'ér, *n.* খড়খড়ি ; ঝিলমিলি ; পাকি ; A close cover for a window or aperture.

Shuttle, shut'l, *n.* তন্তুবায়ের মাকু ; তুরী ; An instrument used by weavers for shooting the cross threads.

Shuttle-cock, shut'l-kok, *n.* ক্রীড়া-কন্দুক; ক্রীড়নক ; A cock stuck with feathers and shot backwards and forwards with a battle-door.

Shy, shī, *a.* ভীরু ; Timid ; fearful :—লাজুক ; লজ্জাশীল ; মুখচোরা ; Bashful ; coy :—সাবধান ; সশঙ্ক ; Cautious ; suspicious :—*v. t.* ভয়ে চমকিয়া উঠা ; To start aside, as a horse from fear. *comp*=shyer. *sup*=shyest. *ad*=shyly, shily (শঙ্কিত ভাবে ; ভয়ে ভয়ে) ; *n*=shyness (লজ্জাশীলতা ; ভীরুতা) । *Syn* :—(*a*) Reserved, modest, backward, shrinking ; cautious, wary, suspicious.

Fight shy of—পরিত্যাগ-কৃ ; পরিহার-কৃ ; তফাতে থাকিয়া লড়াই-কৃ ; Avoid ; have nothing to do.

Sibilant, sib'i-lant, *a.* [L. *sibilo,* to hiss] সকার-ধ্বনিসম্পন্ন ; হিস্ হিস্ শব্দকারী ; Making a hissing sound :—*n.* উষ্মবর্ণ ; A sibilant letter, as S.

Sibilation, sib-i-lā'shun, *n.* হিস্ হিস্ শব্দ ; উষ্মধ্বনি ; A hissing sound.

Sibyl, sib'il, *n.* ডাইনী ; ভবিষ্যভাষিণী ; অদৃষ্টবাদিনী ; A witch ; a pagan ; prophetess. *a*=sibylline.

Sibylline, *a.* ভবিষ্যদ্বাণীসম্বন্ধিত ; Prophetical ; prophetic.

Sibylline books—Certain prophetical books purched from a sibyl by Tarquin the Proud.

Sicilan, *a.* Of or relating to Sicily.

Sicilian vesper—The great massacre of the French in Sicily, A. D. 1282, on the eve of Easter Tuesday.

Sick, sik, *a.* পীড়িত ; অসুস্থ ; রোগী ; রুগ্ন ; Ill ; affected with desease :—বিরক্ত ; বিতৃষ্ণ ; Disgusted :—বমনোদ্বেগযুক্ত ; বমনেচ্ছু ; Inclined to vomit :—পীড়িতদিগে দ্বারা ব্যবহৃত ; Used by the sick. *n*=sickness. *Syn* :—Disordered, distempered, indisposed, weak, ailing, feeble, morbid ; disgusted.

Sea-sickness, *n.* জাহাজ আন্দোলনবশতঃ বমনোদ্বেগ ।

Be affected with (some disease)—বিরক্ত-হ ; জ্বালাতন-হ ; Be exceedingly disgusted with.

Be sick of—ক্লান্ত-হ ; কোন পীড়ায় পীড়িত হয় ; Be tired of ; be weary of.

Sick at heart—অতিশয় উদ্বেগগ্রস্ত ; Exceedingly anxious :—অতিশয় বিরক্ত ; জ্বালাতন ; Sore mortified at heart :—হতাশ , Sad ; depressed.

Sick-bed—রোগশয্যা , রোগীর শয্যা ।

Sicken, sik'n, *v. i.* পীড়িত-হ ; To become sick :—বিরক্ত-হ ; To be disgusted :—দুর্ব্বল-হ ; To become weak :—*v. t.* বিরক্ত-কৃ ; To disgust :—পীড়িত-কৃ , To make sick.

Sick headache, *n.* বমনোদ্বেগবিশিষ্ট শিরঃশূল ; Headache attended with disorder of the stomach and nausea.

Sickish, sik'ish, *a.* সামান্য পীড়িত ; Somewhat sick :—বমনকারক ; Nauscating. *n*=sickishness, *ad*=sickishly.

Sickle, sik'l, *n.* কাস্তিয়া , কাস্তে ; Reaping hook.

Sickleman, *n.* শস্যকর্ত্তনকারী ; Reaper.

Sick-list, *n.* পীড়িতদিগের নামের তালিকা ; Names of persons ailing.

Sickly, sik'le, *a.* রুগ্ন ; Unwell :—পীড়া-প্রবণ ; রোগোৎপাদক ; Producing disease :—দুর্ব্বল ; ক্ষীণ ; Weak ; feeble :—অস্বাস্থ্যকর ; Unhealthy. *n*=sickliness. *Syn* :—Diseased, ailing, infirm, weakly, morbid, indisposed ; feeble, pining, drooping, delicate, whining, piping.

Sickness, *n.* পীড়া : রোগ ; ব্যাধি ; State of being sick or deseased. *Syn* :—Illness, disease, malady, disorder, distemper, ailment, indisposition, unhealthiness.

Sick-room, *n.* পীড়িত ব্যক্তির ঘর ; The apartment where one lies ill.

Side, sid, *n.* ধার ; প্রান্ত ; পার্শ্ব ; Margin ; verge ; edge ; border of anything :—পার্শ্ব ; A part of a thing which is long and broad :—বস্তুর দৃষ্টিগোচর অংশ ; A part of a thing as seen by the eye :—দেশ ; প্রদেশ ; Region :—অংশ ; ভাগ ; Part :—পক্ষ ; দল ; Faction ; party :—উরুসন্ধি ও কক্ষদেশের মধ্যবর্ত্তী স্থান ; পার্শ্ব ; The part of an animal bet-

ween the hip and shoulder :—কুল ; বংশপর্য্যায় ; Branch of a family ; line of decent :—*a.* পরোক্ষ ; বক্র ; পার্শ্বস্থ ; Lateral indirect :—*v. i.* পক্ষাবলম্বন-কৃ ; পক্ষে যাওয়া ; To embrace the opinion or cause of one party against another. *Syn* :—(*n*) Border ; quarter ; sect, interest.

Be on the safe side—গোলমাল না ঘটে এমন অবস্থায় থাকা ; Place oneself in a position where one is from trouble or difficulty.

Bright or **dark side**—সু বা কু ; ভাল বা মন্দ দিক ; A hopeful or despondent view of circumstances ; a favourable aspect as contrasted with an unfavourable one.

By the father's or **mother's side**—পিতৃপক্ষে বা মাতৃপক্ষে ; পিতৃকুল বা মাতৃকুল ধরিলে ; In a line of decent traced through one parent (mother or father).

By the side of—নিকটে ; পাশে ; Close at hand ; near to ; beside :—এক শ্রেণীতে ; In the same class with ; on the level with :—কোন কিছুর সহিত তুলনা করিলে ; As compared or contrasted with.

Change sides—এক পক্ষ ছাড়িয়া অন্য পক্ষে প্রবেশ-কৃ।

Look only at one side of the shield—কোন বিষয়ের সব দিক না দেখা।

On the side of, On one's side—কাহারও দিকে বা পক্ষে ; In support of ; in favour of ; on the part of , as regards one's cause.

On the wrong side of—অতীত ; More than, above ; past ; beyond :—কোন উচ্চ স্থানের অপর দিকে ; On the further or other side of a declivity.

On the wrong side of thirty—Passed thirty.

Pass from one side to another—এক পক্ষ ত্যাগ করিয়া অন্য পক্ষ অবলম্বন-কৃ।

Side by side—পাশাপাশি , Close together and abreast :—একত্রে ; In company with ; in operation with ; together.

Side with—পক্ষাবলম্বন-কৃ ; Join a faction ; cooperate :—একযোগ-হ ; Embrace the opinions of one party in opposition to another ; be on the same side with. [পক্ষাশ্রয়-কৃ।

Take up a side, Take sides—পক্ষাবলম্বন কৃ ;

Weak side—দুর্ব্বলতা ; Weakness.

Side-arms, sīdärmz, *n. pl.* পার্শ্বস্থ অস্ত্র ; কটিসন্নিবদ্ধ অস্ত্রশস্ত্র ; Weapons worn on the side.

Side-board, sīdbōrd, *n.* বাসন রাখিবার তাক বা মেজ ; A table in a dining room.

Side-box, sīdboks, *n.* রঙ্গালয়ের পার্শ্বস্থ আসন ; নাট্যশালায় পার্শ্ববর্ত্তী আসন ; A box or seat at the side of a theatre.

Side cut, *n.* পার্শ্বে আঘাত ; Indirect blow.

Sided, sīdĕd, *a.* পার্শ্বসমন্বিত ; Having a side.

Side-glance—বক্রদৃষ্টি , অপাঙ্গ দৃষ্টি।

Side-hint, *n.* Indirect hint.

Side-ling, sīdling, *a.* ঢালু ; ক্রমনিম্ন ; Sloping.

Sidelong, sīdlong, *ad.* তির্য্যগ্‌ভাবে ; বক্রভাবে ; পার্শ্বে ; Obliquety ; laterally :—*a.* বক্র ; তির্য্যক ; Oblique , not straight.

Side look, Side long look, *n.* বক্রদৃষ্টি ; অপাঙ্গদৃষ্টি ; আড়চক্ষের দেখা , Oblique glance.

Sidereal, sī-dē're-al, *a.* [L. *sidus*, *sideris*, a star] নাক্ষত্রিক , নক্ষত্রগর্ভ ; Starry , pertaining to a star ; measured by the apparent motion of the stars. [জিন ; Woman's saddle.

Side-saddle, sīd-sadl, *n.* অশ্বপৃষ্ঠে স্ত্রীলোকের বসিবার

Side view—পার্শ্ব দৃষ্টি ; View on or from a side.

Side walk, *n.* The raised foot path of a street.

Side-ways, sīdwāz, **Side-wise**, sīd-wīz, *ad.* পার্শ্বের দিকে ; পার্শ্বে ; Laterally :—এক পার্শ্বে ; এক দিকে ; On one side :—আনতভাবে ; Inclining.

Side wind, *n.* একদিকের বাতাস ; পার্শ্ববায়ু ; A wind blowing against the side :—পরোক্ষে আক্রমণ ; Indirect means.

Siding, sīding, *n.* প্রধান লৌহবর্ত্মের পার্শ্বস্থ যে অনতিদীর্ঘ বর্ত্মের উপর শকট সকল সরাইয়া রাখা হয় ; A short line of rails the side of the main line for the purpose of traffic or shunting. [foremost.

Sidle, *v. i.* আড়ভাবে গমন-কৃ ; To move side-

Siege, sēj, *n.* আক্রমণ , সৈন্যকর্ত্তৃক অবরোধ ; বেষ্টন ; ঘেরাও ; The investment of a place by an army ; a sitting down with an army round or before a fortified place for the purpose of taking it by force.

Lay siege to—(নগরাদি) অবরোধ-কৃ ; Besiege.

Raise siege—অবরোধ পরিত্যাগ কৃ ; To abandon the attempt to take a fortified place by force, from necessity or by compulsion.

Siege gun—A heavy gun for siege operation.

Sienna, *n.* কাপীত লোহিত রক্ত ; An orange-red pigment. [mountains.

Sierra, *n.* করাতাকৃতি শৈলশ্রেণী ; A saw-like ridge of

Siesta, si-esta, *n.* আহারের পর নিদ্রা ; মাধ্যাহ্নিক বা বৈকালিক নিদ্রা ; Sleep after dinner , a midday nap.

Sieve, siv, *n.* চালুনি ; ঝাঁঝরি ; What sifts.

Sift, sift, *v. t.* [A. S. *siftaen*, from *sife*, sieve] চালুনি দ্বারা ঝাড়া , চালা ; পৃথক-কৃ , To separate by means of a sieve :—সূক্ষ্মরূপে অনুসন্ধান-কৃ ; তন্ন তন্ন করিয়া পরীক্ষা-কৃ ; To examine closely ; to scrutinize *n*—sifter. *Syn* :—Bolt , scrutinize ; investigate ; search, canvass, discuss.

To sift out—খুঁজিয়া বাহির-কৃ।

Sifter, *n.* চালুনী ; ছাঁকনী।

Sifting enquiry—তন্নানুসন্ধান।

Sigh, sī, *v. i.* দীর্ঘনিশ্বাস ত্যাগ-কৃ , শোক বা কষ্টের নিশ্বাস ফেলা ; To inhale and respire with a deep, and audible breathing as in grief :—শোক-কৃ ; দুঃখ-কৃ ; To grieve :—*v. t.* খেদ-কৃ ; দীর্ঘ নিশ্বাস দ্বারা প্রকাশ-কৃ ; To express by sighs ; to mourn over : —*n.* দীর্ঘ নিশ্বাস ; দীর্ঘশ্বাস ; A deep, audible respiration.

Heave a sigh, Fetch a sigh—দীর্ঘনিশ্বাস ত্যাগ-কৃ ; দীর্ঘ নিশ্বাস টানা ; Make a deep single respiration from grief, fatigue, &c. [Lament.

Sigh for—দুঃখ-কৃ ; আগ্রহপূর্ব্বক ইচ্ছা প্রকাশ-কৃ ;

Sight, sīt, *n.* দৃষ্টি ; দর্শন , View ; perceiving by the eye :—দর্শনশক্তি , চক্ষু ; The faculty of seeing ; faculty of vision :—বিবেচনা ; Judgment :—দর্শন ; Spectacle :—দৃষ্টিপথ , Space within vision :—দৃষ্টি ; Eye :—পরীক্ষা ; Examination :—বহু সংখ্যা বা পরিমাণ :—*v. t.* দর্শন-কৃ ; দৃষ্টি-কৃ ; দেখিতে-পা ; To catch sight of ; to get sight of. *Syn* :—(*n*) Vision, seeing, perception, ken, cognizance ; show, exhibition, pageant ; inspection.

A sight of—কোনও কিছুর রাশি বা কাঁড়ি।

At first sight—প্রথম দৃষ্টিতে ; প্রথম দেখিলেই ; প্রথম শুনিলেই ; On the first seeing ; on first looking at a matter ; on a superficial view ; on the first consideration.
At sight or after sight—দেখিবামাত্র ; দৃষ্টিমাত্রেই ; On or after presentment for payment, said of commercial bills.
At the sight of—দেখিয়া।
Be in sight—দৃষ্টিপথে থাকা ; দৃষ্টিপথবর্ত্তী-হ ; দেখা যাইতেছে ; Be within view. [of, as land
Come in sight—দৃষ্টিপথবর্ত্তী-হ ; Obtain a view
Know by sight—চক্ষে দেখা ; To have set eyes on :—চাক্ষুষ মাত্র থাকা ; দেখিয়া জ্ঞাত থাকা ; Know the look of a person. [—ভুলিয়া যাওয়া ; Forget.
Lose sight of—না দেখা ; দৃষ্টিহারা-হ ; Not to see :
Payable at sight—দাখিল করিলেই দেয় ; Payable on presentation.
Out of sight—দৃষ্টির বাহিরে ; তুলনার বাহিরে।
See a sight (or sights)—আশ্চর্য্য পদার্থ দেখা ; See curiosities :—নূতনতর ও আশ্চর্য্যকর কোন বস্তু দেখা ; See something that is new and remarkable.
Sight for—কোন কিছুর জন্য দুঃখ-কৃ ; Long earnestly for something with a heart full of grief for not having it. [প্রদর্শন-কৃ।
Take a sight—অঙ্গুষ্ঠ দ্বারা নাসিকা স্পর্শ করিয়া অবজ্ঞা
Take sight—লক্ষ্য-কৃ ; তাক-কৃ। [sight.
Sighted, sīted, *a.* চক্ষুষ্মান ; দৃষ্টিবিশিষ্ট ; Having
Long-sighted, *a.* দূরদৃষ্টি।
Sightless, sītles, *a.* অন্ধ ; দৃষ্টিহীন ; Blind. *n*=sightlessness, *ad*=sightlessly.
Sightly, sītli, *a.* সুন্দর ; সুদর্শন ; Comely ; pleasing to the sight. *n*=sightliness. [seeing sights.
Sight-seer, *n.* আশ্চর্য্য বস্তু দর্শনকারী ; One given to
Sight-seeing, sīt-sē'ing, *n.* নূতন দৃশ্য দর্শনের উৎসুকতা ; Visiting places and looking at things of interest :—*a.* নব নব দৃশ্য দর্শনোৎসুক ; Eager for novelties or curiosities.
Sigil, *n.* দস্তখত ; মোহর ; Signature ; seal.
Sign, sīn, *n.* চিহ্ন ; Token ; mark :—সঙ্কেত ; ইঙ্গিত ; ইসারা ; সংজ্ঞা ; Signal :—নিদর্শন ; প্রমাণ ; Proof : —শুভাশুভ লক্ষণ ; নিমিত্ত ; পূর্ব্বলক্ষণ ; An omen :—অদ্ভুত ঘটনা ; A miracle :—রোগের লক্ষণ ; A symptom :—রাশি চিহ্ন ; মেষবৃষাদি রাশি ; One of the twelve signs of the zodiac :—প্রকাশ্য বিজ্ঞাপন ; A publicly displayed notice :—স্বাক্ষর ; Signature :—*v. t.* সহি-কৃ ; স্বাক্ষর-কৃ ; To attach or affix a signature to :—চিহ্ন দ্বারা জ্ঞাত-কৃ ; চিহ্নিত-কৃ ; To represent or make known by a sign :—ইসারা-কৃ ; :—*v. i.* নাম স্বাক্ষর-কৃ।
Make a sign—ইসারা-কৃ ; ইঙ্গিত-কৃ।
Make no sign—সাড়া শব্দ না থাকা ; নড়ন চড়নের কোন লক্ষণ না দেখান ; অন্য কোন লক্ষণ দেখা যায় না ; Give no reply ; not to appear to be possessed of life ; not to move ; show no sign of stirring ; nothing more is observable about one, that is all that can be perceived.
Sign away—স্বাক্ষর করিয়া পরিত্যাগ-কৃ ; লেখা পড়া করিয়া-দে ; Give up by signing.
Signs of the zodiac—রাশিচক্র।
Signal, sig'nal, *n.* চিহ্ন ; সঙ্কেত ; ইসারা ; Sign : —নিদর্শন ; লক্ষণ ; চিহ্ন ; Sign that gives notice ; token :—*v. t.* and *v. i.* সঙ্কেত কৃ , চিহ্ন দ্বারা জ্ঞাপন-কৃ ; To communicate by signs :—*a.* প্রসিদ্ধ ; বিখ্যাত ; অসাধারণ ; গুরুতর ; বিলক্ষণ ; Eminent ; remarkable ; notable. *ad*=signally, *n*=signalling. *Syn* :—Memorable, extraordinary, conspicuous.
Signal fire—A fire intended for a signal.
Signal gun—বিপদ-জ্ঞাপনকারী কামান ; সঙ্কেত-কামান ; Gun announcing danger.
Signal post (or staff)—A long pole upon which a flag or such like may be displayed for conveying signals.
Signalise, Signalize, sig'nal-īz, *v. t.* খ্যাতিপন্ন-কৃ ; খ্যাতি-কৃ ; প্রসিদ্ধ-কৃ ; To make eminent :—সঙ্কেত দ্বারা জ্ঞাত-কৃ ; To signal. *n*=signalist.
Signally, *ad.* বিশেষরূপে ; সম্পূর্ণরূপে।
Signal-man, *n.* (লৌহবর্ত্মের) সঙ্কেত-কারক।
Signatory, Singnatory, *a.* (সন্ধিপত্রে) স্বাক্ষরকারী।
Signature, sig'na-tūr, *n.* স্বাক্ষর ; সহি ; The name of a person written with his own hand : —ফর্মা নির্দেশক সংখ্যা।
Sign-board, *n.* নাম পীঠিকা ; বিজ্ঞাপন কাষ্ঠফলক ; যাহাতে দোকানাদির নাম বড় বড় অক্ষরে লিখিত থাকে ; A board with a sign telling a man's occupation or articles for sale. [privy seal.
Signet, sig'net, *n.* মোহর ; রাজ মোহর ; Seal ;
Signet ring, *n.* নাম মুদ্রাযুক্ত অঙ্গুরীয়ক ; যে অঙ্গুরীতে নামের মুদ্রা বা মোহর থাকে ; Ring with a seal.
Significance, sig-nifé-kans, *n.* অর্থ ; ভাব ; মানে ; অভিপ্রায় ; Meaning :—আবশ্যকতা ; গুরুত্ব ; Importance ; moment. *ad*=significantly. *Syn* :—Force, weight, consideration ; signification, import, purport, sense.
Significant, sig-nif'e-kant, *a.* অর্থবোধক ; অর্থান্বিত ; হেতুগর্ভ , গূঢ়ার্থ প্রকাশক ; অভিপ্রায়-সূচক ; Expressive of meaning ; expressing something :—গুরু ; গুরুতর ; Import ; momentus. *ad*=significantly. *Syn* :—Denoting, expressing, indicative, expressive, pregnant ; momentous, weighty.
Signification, sig-ni-fi-kā'shun, *n.* অর্থ ; Meaning. [ing ; expressive.
Significative, *a* অর্থবিশিষ্ট ; সার্থক ; Having mean-
Signify, sig'ne-fi, *v. t.* [*L. signum*, a sign, and *facere*, to make] চিহ্ন দ্বারা জ্ঞাত-কৃ ; চিহ্ন দ্বারা দেখান ; প্রকাশ-কৃ ; To make known by a sign :—অর্থ প্রকাশ-কৃ ; বুঝান ; Mean :—বলা ; ব্যক্ত-কৃ ; To declare :—প্রদর্শন-কৃ , Indicate. *Syn* :—Denote, betoken, imply, intimate, purport, indicate ; express, utter ; import.
It does not signify—ইহাতে আসে যায় না।
What does it signify—ইহার মানে কি।
Sign-manual, sīn-manū-al, *n.* রাজ-স্বাক্ষর ; রাজ দস্তখত ; Signature with one's own hand ; the royal signature.
Signior, signor, sēnyur, *n.* মহাশয় ; বাবু ; শ্রীযুত ; An Italian tittle of address equivalent to Sir, Mr. *fem*=signora.
Sign-post, sīnpōst, *n.* সংজ্ঞা দণ্ড ; [illegible] ; চিহ্নদণ্ড ; A post on which a sign hangs.
Silence, sīlens, *n.* নিস্তব্ধতা ; চুপচাপ ; শান্তি ; স্থিরতা ; Calmness ; stillness ; quiet :—মৌন ; তুষ্ণীভাব ; Muteness :—বিস্মৃতি , বিস্মরণ ; Oblivion : —গোপন ; Secrecy :—*v. t.* স্থির-কৃ ; শান্ত-কৃ ; চুপ-করান , থামান ; To still , to quiet :—নিরুত্তর-কৃ ;

To stop; to cause to be silent :—*int.* স্থির-হ! চুপ! চুপ রহ! Be silent. *Syn* :—(*n*) Stillness, noiselessness, quiet, calm; muteness, taciturnity, dumbness, speechlessness. (*v*) Hush, gag, stifle, muzzle; quiet, calm, refute.

In silence—চুপ করিয়া; তূষ্ণীম্।

Silence gives consent—মৌনং সম্মতি লক্ষণং; Since one says nothing it is to inferred that one agrees to what is proposed.

Vow of silence—মৌনব্রত।

Silent, si'lent, *a.* নিস্তব্ধ; নীরব; নিরুত্তর; স্থির; Free from noise; speechless; still :—মৌনী; বাক্‌যত; Taciturn. [করিয়াও লাভের অংশ পায়।

A silent partner—যে অংশীদার কোনও কার্য্য না

Silently, *ad.* নিঃশব্দে; চুপে চুপে; উল্লেখ না করিয়া।

Silex, si'leks, **Silica,** *n.* [L. *silex,* flint] চকমকীর পাথর; অগ্নি-প্রস্তর; Flint and its metallic base.

Silhouette, sil-oo-et', *n.* কোনও বস্তুর কালী দিয়া লেপিত আদরা বা আদর্শ; A representation of a thing filled in with a black color.

Siliceous, Silicious, *a.* বালুকাত্মক; Pertaining to, containing, or resembling flint.

Silk, silk, *n.* রেশম; তসর; রেশমী কাপড়; পট্টবস্ত্র; Fine thread of a caterpillar; cloth woven from it.

Take the silk—রাজউকিলের পদপ্রাপ্ত-হ।

Silk cotton, *n.* শিমূল গাছ; A tree.

Silken, silkn, *a.* রেশমি; Made of silk; dressed in silk :—রেশমের মত; Resembling silk :—কোমল; Soft; delicate :—চিক্কণ; Glossy.

The silken tie—প্রীতিসূত্র।

Silk gown, Silk gowns man—রাজ-উকিলের পরিচ্ছদ; King's counsel; barrister.

Silkmercer, silk-mér'sér, *n.* রেশম-ব্যবসায়ী; A dealer in silks. [turing silk.

Silk-mill, *n.* রেশমের কল; A mill for manufac-

Silk-weaver, silk-wever, *n.* রেশমি কাপড় বোনা তাঁতি; A weaver of silk cloths.

Silk-worm, silkwurm, *n.* গুটিপোকা; The caterpillar which produces silk.

Silky, silki, *a.* রেশমতুল্য; Resembling silk :—কোমল; Soft; smooth :—চিক্কণ; মসৃণ; Glossy. *n*=silkness.

Sill, sil, *n.* গোবরাট; পত্তন-প্রস্তর, The lower horizontal frame of a window; the stone at the foot of a door. [made of wine or cider.

Sillabub, *n.* সুরামিশ্রিত সর বা দধি; A beverage

Silly, sile, *a.* নির্দ্দোষী; নির্দ্দোষ; Harmless :—সরল; Simple :—মূর্খ; নির্ব্বোধ; বোকা; Foolish; stupid :—নির্লজ্জ; অবিজ্ঞ; Impudent :—অসঙ্গত; অসম্ভব; Absurd. *n*=silliness (মূঢ়তা; বোকামি; Foolishness). *ad*=sillily (নির্ব্বোধের মত)।

Silo, *n.* ভূগর্ভস্থ শস্যাগার; Underground store for keeping grain.

Silt, silt, *n.* পলি দোয়াট মাটি; Sediment :—*v. t.* কর্দ্দম দ্বারা রুদ্ধ-কৃ; To obstruct with mud :—পলি দ্বারা পূর্ণ-কৃ; To fill with silt :—*v. i.* কর্দ্দম দ্বারা রুদ্ধ-হ; To become shoked or obstructed with mud.

Silurian, *a.* ভূতত্ত্বে বর্ণিত স্তর বিশেষ সম্বন্ধীয়।

Silva, Sylva, silva, *n.* আরণ্য বৃক্ষাবলীর ইতিবৃত্ত; Natural history of forest :—কবিতাসংগ্রহ; A collection of poems.

Silvan, silvan, *a.* [L. *silva,* a wood] আরণ্য; বন্য; বনবাসী; Relating to the woods; woody.

Silvan deity—বনদেবতা।

Silver, silvér, *n.* রজত; রৌপ্য; রূপা; চাঁদি; A soft white precious metal :—রৌপ্য মুদ্রা; Coin made of siver :—শুভ্রবর্ণ বস্তু; Anything having the appearance of silver :—*a.* রৌপ্যনির্ম্মিত; রজতনির্ম্মিত; Made of silver :—রৌপ্যময়; রৌপ্য সদৃশ; রজতবৎ; Resembling silver :—শুভ্র; White :—উজ্জ্বল; Bright :—বহুমূল্য; Precious :—কোমল; মধুর; Gentle :—*v. t.* রৌপ্যাবৃত-কৃ; রৌপ্য মণ্ডিত-কৃ; To cover with silver :—রূপার মত শুভ্রবর্ণ-কৃ; To make like silver :—সাদা চকচকে-কৃ; উজ্জ্বল-কৃ; To make smooth and bright :—শুভ্র-কৃ; পলিত-কৃ; To make hoary.

To be born with a silver spoon in one's mouth—ধনী হইয়া জন্মান; ভাগ্যবানের ঘরে জন্মগ্রহণ-কৃ; To be born to a good fortune.

Silver-beater, *n.* রজতপত্র প্রস্তুতকারী; One who makes silver-leaf.

Silver-key—উৎকোচ। [ing with silver.

Silvering, *n.* রৌপ্য-মণ্ডন; The operation of cov-

Silver-leaf—রজতপত্র, Silver in thin leaf.

Silverling, *n.* রৌপ্যমুদ্রা; A silver coin.

Silver lining—সুসময়ের আশা; The prospect of better days.

Every cloud has a silver lining—সুখদুঃখ মিশ্রিত এই পৃথিবীতে কোন বিষয়ই নিরবচ্ছিন্ন কু হয় না; Every evil in life has some redeeming good about it, nothing is wholly bad.

Silver-smith, silvér-smith, *n.* রৌপ্যকার; সেকরা; One who works in silver.

Siver-tongued, *a.* মধুর বা মৃদুভাষী, বাকপটু।

Silver-ware, *n.* রূপার ভার, রূপার জিনিসপত্র; Article of silver. [বার্ষিক দিন।

Silver-wedding, *n.* বিবাহোত্তর পঞ্চ-বিংশতিতম

Silvery, Silvern, *a.* রজতবৎ; রৌপ্যসদৃশ, Resembling silver :—রৌপ্যমণ্ডিত; Covered with silver :—শুভ্র; White :—পরিষ্কার; পরিষ্কৃত; Clear :—কোমল, মৃদু; নরম, Soft. [silver.

Silverise, *v. t.* রৌপ্যমণ্ডিত-কৃ; To cover with

Simia, *n.* বানর বিশেষ; Monkey.

Simian, Simous, *a.* বানরবৎ; Monkey-like.

Similar, sime-lár, *a.* সমান; সদৃশ, তুল্য; সম; স্বরূপ; Like, resembling; uniform. *ad*=similarly, *n*=similarity (সাদৃশ্য; তুল্যতা; Likeness). *Syn* :—Resembling, alike, corresponding.

Simile, simi-le, *n.* সাদৃশ্য; Similitude; resemblance; comparison :—উপমা, দৃষ্টান্ত; অলঙ্কার; A comparison to illustrate anything.

Similitude, si-mile-tūd, *n.* সাদৃশ্য; সাম্য; Resemblance :—তুলনা; উপমা; Comparison; simile :—রূপকাকার নীতিকথা; A parable. *Syn* :—Likeness, similarity, image, metaphor.

Simmer, simér, *v. i.* অল্পে অল্পে সিদ্ধ-হ; অল্প অল্প ফুটা; সোঁ সোঁ-কৃ; Boil gently; boil with gentle hissing.

Simoniac, *n.* খ্রীষ্ট যাজকীয় উচ্চতর পদ ক্রয়বিক্রয়রূপ অপরাধে অপরাধী; One who practises simony. *a*=simonical (তদপরাধী)। [genuine.

Simon pure—আসল; ঠিক, Unadulterated or

The real simon pure—আসল ব্যক্তি; আসল

মানুষ ; The real person ; the real man (not one who falsely personates another).

Simony, *n.* ধর্মালয়ের উচ্চপদ ক্রয়বিক্রয় করণাপরাধ ; The crime of buying or selling ecclesiastical preferment.

Simoon, Simoom, *n.* উষ্ণ বায়ু ; উত্তপ্ত বাতাস ; লু ; A dry hot wind.

Simper, simpėr, *v. i.* মুচকে হাসা ; ফিক্ ফিক্ করিয়া হাসা ; To smile in a silly affected manner : —*n.* ঈষৎ হাস্য ; মুখটিপে হাসি ; চাপা হাসি ; A silly or affect smile.

Simple, simpl, *a.* কেবল ; শুধু ; Single ; mere :—সহজ ; অনলঙ্কৃত ; নিরলঙ্কার ; সাদাসিদে ; Plain :—অমায়িক ; অকপট ; সরল ; Artless ; undesigning ; frank : —নির্বোধ ; Silly :—অমিশ্র ; অবিমিশ্রিত ; Uncompounded ; not mixed :—মৌলিক ; Elementary :—অকৃত্রিম ; Unaffected :—সোজা ; পরিষ্কার ; Clear :—*n.* অবিমিশ্র বস্তু ; ভেষজ ; ঔষধি ; Single ingredient ; drug ; medicinal herb. *n*=simpleness. *Syn* :—(*a*) Unmixed, unblended, uncombined ; pure, bare ; unadorned ; single-minded, open, unsophisticated ; credulous, foolish, unwise

Pure and simple—খাঁটি ; খাবা ।

Simple equation—সরল সমীকরণ ।

Simple-hearted, *a.* সরলান্তঃকরণ ।

Simple-minded, *a.* সরলমনাঃ ।

Simpleness, *n.* সরলতা ; অকুটিলতা ; নির্বুদ্ধিতা : Simplicity, artlessness ; folly.

Simpleton, simpl-tun, *n.* নির্বোধ ব্যক্তি ; মূর্খ লোক ; বোকারাম ; A foolish fellow.

Simplicity, sim-plisi-ti, *n.* সরলতা ; Sincerity ; frankness :—অমায়িকত্ব ; Artlessness :—স্পষ্টতা ; Clearness :—অলঙ্কারশূন্যতা ; সহজত্ব ; Plainness :—মূর্খতা ; নির্বুদ্ধিতা : Silliness ; folly.

Simplify, simpli-fi, *v. t.* [L. *simplex,* simple, *facio,* to make] সহজ-কৃ ; সরল-কৃ ; বিশদ-কৃ ; To make plain. *n*=simplification (সরলীকরণ) ।

Simply, simpli, *ad.* কেবলমাত্র ; কেবল ; Merely ; alone ; only :—সহজে ; সরলভাবে ; Plainly.

Simular, *n.* ছদ্মবেশী ; One who pretends to be what he is not.

Simulate, simū-lāt, *v. t.* [L. *simulare,* from *similis,* like] কপটতা-কৃ ; ভাণ-কৃ , Counterfeit ; pretend ; feign :—অনুসরণ-কৃ ; To imitate :—*a.* কপট ; কৃত্রিম ; Pretended. *Syn* :—(*v*) Pretend, act, affect.

Simulation, sim-ū-lāshun, *n.* কপটতা ; ভাণ ; কৃত্রিমতা ; মিথ্যাচরণ ; Pretence ; hypocrisy.

Simultaneity, *n.* যৌগপদ্য , সমকালতা ।

Simultaneous, sim-ul-tāne-us, *a.* এককালীন ; সমকালীন , Happening at the same time. *ad*= simultaneously (এককালে , যুগপৎ ; at the same time) *n*=simultaneousness.

Simultaneous equation—যে সমীকরণ যুগ্মে একাধিক অজ্ঞাত রাশি থাকে ।

Sin, sin, *n.* ঈশ্বরের নিয়ম লঙ্ঘন ; পাপ ; দুষ্কৃত ; কলুষ ; অপরাধ ; Transgression of the divine law ; wickedness :—*v. t.* পাপ-কৃ ; পাপাচরণ-কৃ ; অধর্ম-কৃ ; To commit sin ; to do wrong ; to offend. *Syn* : —(*n*) Crime, wrong, trespass, iniquity, unrighteunsness, ungodliness, evil.

Besetting sin—প্রধান দোষ ; Prevailing or predominant vice ; a vice which one is most prone to commit.

Original sin—প্রথম পাপ ; পৈত্রিক পাপ ; যৌনিক পাপ ; The native depravity of the human heart.

Seven deadly sins—কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য এই সপ্ত মহাদোষ ।

Sinapism, *n.* সর্ষপ-চূর্ণের প্রলেপ বা পুলটিস্ ; A mustard plaster.

Since, sins, *ad.* অনন্তর ; তৎপরে ; পূর্ব্বে ; অগ্রে ; From the time that ; past ; ago :—*prep.* সেই পর্য্যন্ত হইতে ; From the time of ; after :—*conj.* যেহেতু ; কারণ ; Because, considering,

Long since—অনেক দিন যাবৎ ।

Since then—তদঃ প্রভৃতি ।

Sincere, sin-sēr', *a.* [L. *sincerus,* said, to be composed of *sine,* without, and *cere,* wax, as pure honey] সাধু ; অকপট , সরল ; True ; frank ; honest :—আসল ; অমিশ্র ; খাঁটি ; প্রকৃত ; Pure ; gunuine ; real. *Syn* :—Unmixed, unadulterated ; true, ganuine, unvarnished, unaffected ; upright, undissembling, honest.

Sincerely, *ad.* যথার্থ ; প্রকৃতপক্ষে ; অকপটভাবে ; Honestly.

Sincerity, sin-ser'e-ti, *n.* অকপটতা ; সরলতা ; অকাপট্য ; সাধুতা ; Honesty of mind ; frankness. *Syn* : —Uprightness, integrity, veracity, truthfulness.

Sincipital, *n.* মস্তকাগ্রদেশ সম্বন্ধীয় ; Pertaining to the sinciput.

Sinciput, sinsi-put, *n.* [L. *semi,* half, *caput* ; the head] মস্তকের সম্মুখভাগ ; মস্তকাগ্রদেশ ; Fore part of the head.

Sine, *n.* লম্ব ও কর্ণের অনুপাত ; শিঞ্জিনী ।

Sinecure, si'ne-kūr, *n.* [L. *sine,* without, *cura,* care] বিনা পরিশ্রমে বেতন প্রাপ্তি ; বিনা খাটুনে লব্ধবৃত্তি : An office with salary but without work.

Sinecurist, sine-kūr-ist, *n.* কার্য্যশূন্য বৈতনিক পদধারী লোক ; One who holds a sinecure.

Sinow, sinū, *n.* মাংসপেশী ; স্নায়ু ; Muscle ; nerve ; ligament by which a joint is moved :—শক্তি ; বল ; সামর্থ্য ; Strength :—*v. t.* মাংসপেশীর দ্বারা বন্ধন-কৃ ; To unite as by sinews :—দৃঢ়-কৃ ; সবল-কৃ ; বলাধান-কৃ ; To strengthen.

The sinews of war—টাকা ; অর্থ ; ধন ; রুধির ; Everything which aids to carry on war ; money ; that which supplies strength.

Sinewy, sinū-e, **Sinewed,** *a.* মাংসপেশীবিশিষ্ট ; মাংসল ; Having sinews :—বলবান্ ; জোয়ান ; তেজস্বী ; Strong ; vigorous. *Syn* :—(*a*) Muscular, browny, nervous, vigorous.

Sinful, sinfool, *a.* পাপে রত ; পাপী ; পাতকী ; Full of sin ; depraved ; wicked :—*ad.* অপবিত্র । *n*= sinfulness. *ad*=sinfully. *Syn* :—Iniquitous, criminal, unholy, unrighteous, ungodly, evil.

Sing, sing, *v. t.* গান-কৃ ; To utter sounds with musical modulation :—পদ্যে গান-কৃ ; কীর্ত্তন-কৃ ; To celebrate ; chant :—*v. i.* গান গাওয়া ; To utter sounds with musical inflections. *pt*=sang, sing. *pp*=sang.

Sing a song—গীত গাওয়া ।

Sing out—চীৎকারপূর্ব্বক ডাকা ; Call loudly.

Singing, *a.* গানকারী ।

Singer, sing'ėr, *n.* গায়ক ; গানকারী ; One who sings.

Singing, *n.* গীত ; The act or art of singing.

Singing class—গান শিক্ষা দিবার শ্রেণী বা বিভাগ ; Class in which singing is taught.

Singing-master, sing'ing-mast́ėr, *n.* গীতাচার্য্য ; গান-শিক্ষক ; A master who teaches singing.

Singe, sinj, *v. t.* উপরিভাগ দগ্ধ-কৃ ; ঝলসান ; To burn the surface of ; to scorch :—*n.* বাহ্য দাহ ; ঝলসান ; A burning of the surface ; a slight burn. *p*=singing.

Single, sing'gl, *a.* একটী ; একমাত্র ; One only ; individual :—স্বতন্ত্র ; পৃথক ; Separate :—একাকী ; Alone :—অবিবাহিত ; অনূঢ় ; Unmarried :—অমিশ্রিত ; Unmixed :—সরল ; সাধু ; Straightforward ; sincere :—*v. t.* পৃথক-কৃ ; To separate :—বাছিয়া লওয়া ; বাছিয়া বাহির-কৃ ; বাছা , To select from a number. *n*=singleness (একাকিত্ব ; সরলতা) ; *ad*=singly (একাকী ; এক এক করিয়া ; Individually). *Syn* :—(*a*) Sole ; particular, solitary ; uncompounded, pure ; upright.

A single combat—দ্বন্দ্বযুদ্ধ ; একে একে লড়াই ।

Single out—বাছিয়া বাহির-কৃ ; Choose out from among other ; separate from others.

Single blessedness—অবিবাহিতাবস্থা ; Unmarried state.

Single-handed, sińgl-handed, *a.* একাকী ; একেলা ; সহায়শূন্য ; Having only one hand ; unassisted ; unhelped.

Single-hearted, sing'gl-hȧrted, *a.* সরল ; সরলান্তঃকরণ ; অকপট ; Sincere ; without duplicity.

Single man, *n.* অবিবাহিত ব্যক্তি ; Bachelor.

Single-minded, sing'gl-minded, *a.* সৎ ; একাগ্রচিত্ত , একমনাঃ ; Upright :—নিষ্পাপ ; Guileless.

Singleness, *n.* অকপটতা ; সরলতা , Freedom from duplicity ; sincerity.

Single stick, *n.* যুদ্ধার্থ যষ্টি ; Cudgel used in fighting.

Single tree, Swingle tree, *n.* বরশিঙ্গা ; বারকা , The cross-piece of a carriage to which the traces of a harnessed horse are fixed.

Singly, *ad.* একাকী ; এক এক করিয়া ; Individually ; alone :—সরলভাবে ; Honestly.

Sing-song, *n.* টানাস্বর , কুৎসিত স্বর ; একঘেয়ে সুর ; Bad singing ; adrowing tone.

Singular, sing'gū-lár, *a.* [L. *singularis*, from *singulus*, single] একক ; এক , স্বতন্ত্র ; Alone :—অদ্বিতীয় ; Single :—অপরূপ ; Remarkable :—অদ্ভুত , আশ্চর্য্য ; Strange ; odd :—অপূর্ব্ব , Rare :—অসাধারণ ; কেমনতর ; Extraordinary. *Syn* :—Individual ; particular, special ; peculiar, exceptional, uncommon ; queer.

Singular number—এক বচন ।

Singular term—ব্যক্তি বাচক পদ ।

Singularity, sing-gū-lar'i-ti, *n.* অসাধারণত্ব ; একাকিত্ব ; অপূর্ব্বতা ; অসামান্যতা ; Uncommonness , oddness :—বিশেষত্ব ; অদ্ভুতত্ব ; Peculiarity.

Singularly, *ad.* অসাধারণরূপে , সবিশেষ, বিশেষরূপে , In a singular manner ; peculiarly.

Sinister, sińis-ter, *a* বাম , Left :—দুর্ভাগ্যজনক , Unluck :—অমঙ্গল ; অশুভ ; Inauspicious :—অসৎ ; কুটিল ; Dishonest :—মন্দ , দুষ্ট , দূষিত ; Bad , evil. *Syn* :—Unlucky, unfortunate, disastrous, injurious ; evil, bad, perverse, corrupt.

Sinister motive—কু-অভিসন্ধি ; দুরভিসন্ধি ।

Sinistral, sińis-tral, *a.* অবৈধ ; Reversed ; perverse. *ad*=sinistrally.

Sinistrous, sińis-trus, *a.* বামদিগস্থ ; বামপার্শ্বস্থ ; Being on the left side :—অনুচিত ; অন্যায় ; অসঙ্গত ; বিপথগামী ; Wrong ; absurd ; perverse.

Sink, singk, *v. i.* পতিত-হ ; অধঃপতিত-হ ; To fall down ; to fall to the bottom :—মগ্ন-হ ; ডুব-যা ; To fall below the surface :—অভিভূত-হ ; To be overwhelmed :—হ্রাস-হ ; ছোট-হ ; To become less :—দমা ; অবসন্ন-হ ; To be depressed :—অঙ্কিত-হ ; To be impressed :—*v. t.* মগ্ন-কৃ ; ডুবাইয়া-দে ; To cause to sink :—খনন-কৃ ; To dig :—নষ্ট-কৃ ; লোপ-কৃ ; To degrade ; to ruin :—ন্যূন-কৃ ; কমান ; To lessen :—মূল্য হ্রস্ব-কৃ ; শোধ-কৃ ; To suppress ; to lower in value :—*n.* নর্দ্দামা ; নালি ; গর্ত্ত ; A drain to carry off dirty. *pt*=sank, sunk, *pp*=sunk, *pa*=sunken. *Syn* :—(*v*) Fall, subside, descend ; penetrate, enter ; decline, droop, decay, decrease ; drop, lower, merge, submerge, ingulf, plunge ; excavate ; depress ; destroy ; suppress, conceal.

Be sink in—কোনরূপ অবস্থাপন্ন থাকা ; Implies state :—কোন কিছুতে ডুবিয়া থাকা ; Be swallowed up or overwhelmend.

One's heart sinks with one—কাহার মন দমিয়া যাওয়া , One is depressed.

Sink a well—কূপ খনন-কৃ ; কুয়ো খোঁড়া ; Make a well by digging.

Sink in deep mire—মহাপঙ্কে নিমগ্ন হ ।

Sink into—এক অবস্থা হইতে অবস্থান্তরে পড়া ; Implies motion from one state to another ;—অভিভূত-হ , কোনরূপে হীনাবস্থায় পড়া , Fall into :—কমিয়া আসা ; Dwindle into.

Sink money—বিনা লাভে টাকা ব্যয়-কৃ ; Expend money without profit.

Sink or penetrate the mind—মনোমধ্যে প্রবেশ-করা ; To make a strong and lasting impression.

Sink or swim—জয়লাভ করা বা পরাজিত-হ ; উঠা কি পড়া , Fall or win the victory ; fail or succeed :—যাহাই ঘটুক না কেন , যে কোন দশা হউক না কেন ; Whatever happens ; under any circumstances.

Sink under—কোন কিছুর দরুণ অত্যন্ত অবসন্ন হইয়া পড়া , Fall or decline in strength by reason of.

Sinking, *v n.* মজ্জন ।

A sinking, *n.* A feeling of weakness from which dyspeptic people often suffer.

Sinking fund—ঋণ পরিশোধের জন্য বার্ষিক অর্থ-সঞ্চয় ; A sum of money set apart usually at fixed intervals to the redemption of the debts of the government or of a corporation ; appropriation for gradually paying off a debt.

Sinking-hole, *n.* নর্দ্দামা ; A sink.

Sinless, sińles, *a.* নিষ্পাপ ; পবিত্র ; Free from sin , pure ; herfect ; innocent. *ad*=sinlessly, *n*=sinlessness. *Syn* :—Immaculate, faultless, unblemished.

Sinner, *n.* পাপী ; অপরাধী ; পাতকী ব্যক্তি ; দোষী ; An offender or criminal.

More sinned against than sinning—অপরের অপকার না করা ; নিজেই ক্ষতিগ্রস্ত-হ ; More the party wronged than the party wronging.

Sin-offering, *n.* পাপের প্রায়শ্চিত্ত জন্য উৎসর্গ ; প্রায়শ্চিত্ত ; Expiation for sin ; sacrifice for sin.

Sinuate, sińu-āt, *v. i.* [L. *sinuo*, to bend] বক্র-হ ; To bend in and out :—*a.* তরঙ্গিতপ্রান্ত ; With a waved margin :—বক্র ; Curved, *n*=sinuation.

Sinuous, sin'ū-us, *a.* [L. *sinuosus*, from *sinus*, a curve] বক্র ; বক্রাকার ; Bending in and out ; undulating ; winding. *n.*=sinuousity, *ad*=sinuously. *Syn* :—Winding, curved, crooked, flexuous, serpentine. [bends and turns.
Sinuous, *n.* তরঙ্গিতত্ব ; বক্রতার শ্রেণী ; A series of
Sinus, si'nus, *n.* [L. *sinus*, a curve] ভাঁজ ; A fold :—ছিদ্র ; গর্ত ; (ক্ষতাদির) শোষ ; নালীব্রণ ; ক্ষত-নালী ; An opening ; a cavity containing pus.
Sip, sip, *v. t.* চুমুক-দে ; চুকচুক গেলা ; অল্পে অল্পে পান-কৃ ; To take small draughts ; to draw into the mouth :—*v. i.* অল্পমাত্রায় পান-কৃ ; To drink in small quantities :—*n.* চুমুক ; ঢোক ; অল্প অল্প পান ; A small draught taken with the lips.
Siphon, si'fun, *n.* বক্রনল ; বক্রনালী যন্ত্র বিশেষ ; Bent tube for drawing off liquids.
Sippet, *n.* দুগ্ধসিক্ত ক্ষুদ্রখণ্ড ; A small sop.
Sir, sėr, *n.* মহাশয় ; প্রভু ; Word of respect used to a man :—সম্রান্ত লোকের পদবী বিশেষ ; The title of a knight or baronet.
Sire, sir, *n.* দেব ; মহারাজ ; Lord ; word of respect in addressing a king or emperor :—স্রষ্টা ; An originator :—জনক ; পিতা ; তাত ; Father :—*pl.* পূর্বপুরুষগণ ; Ancestors :—*v. t.* প্রসব-কৃ ; To beget, used of beasts.
Siren, si'ren, *n.* কবি-কল্পিত কোকিলকণ্ঠী কুহকিনী সমুদ্র-নারী ; মুগ্ধকারিণী স্ত্রীলোক ; Mermaid ; enticing woman ; three birds, with the face of virgins, on the southern coast of Stary, where with the sweet voices, they enticed those that sailed by, and then killed them ; alluring women :—*a.* মুগ্ধকারিণী ; মনোমুগ্ধকর ; Fascinating.
Sirius, *n.* অত্যুজ্জ্বল নক্ষত্র বিশেষ ; The Dogstar.
Sirloin, sėr'loin, *n.* গরুর দাবনার মাংস ; উৎকৃষ্ট গরুর শিরদাঁড়া ; Loin of beef. [of *surname*.
Sirname, sėr'nām, *n.* গোত্র নাম ; A corruption
Sirocco, si-rok'o, *n.* উত্তপ্ত বায়ু বিশেষ ; উষ্ণ বায়ু ; লু-বিশেষ ; A hot oppressive wind.
Sirrah, sėr'a, *n.* ওরে ; হাঁরে ; রে ; Sir, used in reproach or contempt.
Sirup, sir'up, *n.* সরবৎ ; পাক করা চিনির রস ; A solution of sugar in water, simple flavoured, or medicated ; sugary liquid ; sweet juice.
Siskin, sis'kin, *n.* গায়ক পক্ষী বিশেষ, A migratory singing bird, resembling the green canary.
Sister, sis'tėr, *n.* ভগিনী ; বোন, ভগ্নী ; A female born of the same parents :—শ্রেষ্ঠ দাই, Head nurse in hospital.
Half sister—বৈমাত্রের বা বৈপিত্র ভগ্নী ।
Sisters of charity—সম্প্রদায়, Communities of nuns of various orders engaged in works of mercy.
Sister-hood, *n.* ভগিনীত্ব ; The state of being a sister :—ভগ্নীসম্প্রদায় ; ভগিনীগণ ; A society of females.
Sister-in-law, sis'tėr-in-law—শ্যালিকা বা শ্যালী ; ননদিনী বা ননদ, ভ্রাতৃবধূ বা বা ; A husband's or wife's sister ; a brother's wife.
Sisterlike, sis'tėr-lik, **Sisterly,** sis'tėr-li, *a.* ভগ্নীবৎ ; Like sister :—দয়ালু, স্নেহশীল ; Kind ; affectionate. [Sisyphus ; incessantly recurring.
Sisyphean, *a.* অবিশ্রান্ত ; ক্রমাগত ; Relating to

Sisyphus, *n.* The son of Æolus, King of Corinth, famous for his cunning, and robberies.
Sit, sit, *v. i.* উপবেশন-কৃ ; বসিয়া থাকা ; বসা ; To rest up on the haunches :—বিশ্রাম-কৃ ; To rest :—থাকা ; রহা ; To remain :—দাঁড়ে বসা ; To perch :—ডিমে তা-দে ; ডিমে বসা ; To brood :—সরকারী কার্যে ব্যাপৃত-হ ; To occupy a seat, especially officially :—প্রবাহিত-হ ; বহা ; To blow from a certain direction, as the wind :—*v. t.* চাপা ; গায়ে হওয়া বা লাগা ; বসান ; To seat. *p. t.* and *p. p.*=*sat*. *p*=sitting.
Sit at one's feet—গুরুর কাছে মান্ত-কৃ ; Worship one as a master :—কাহাকে গুরু বলিয়া স্বীকার-কৃ ; উপদেশ পাইবার জন্য ছাত্র-হ ; শিষ্য হওয়া ; Learn or receive instruction from ; be a disciple of.
Sit at table—আহারার্থ মেজের পার্শ্বে বসা ।
Sit before a town—কোন নগর আক্রমণ-কৃ ; To besiege it.
Sit bodkin—দুইজনের মধ্যে পেষিত হইয়া বসা ।
Sit down—বসিয়া পড়া ; উপবেশন-কৃ ; Sit on a chair &c. ; take one's sit ; rest :—অবরোধ-কৃ ; আরম্ভ-কৃ :—Begin a siege :—নিরস্ত-কৃ :—স্থির হইয়া বসা ; Settle.
Sit down with—(কিছু) লইয়া সন্তুষ্ট থাকিতে বাধ্য-হ ।
Sit easily on—ভাল লাগা ; Be satisfactory to.
Sit easy on—ভাল সাজে বা মানায় ; Suit so as to appear natural to.
Sit eggs—অতিথি হইয়া অধিককাল অবস্থান-কৃ ।
Sit for—কোন কোন স্থানের প্রতিনিধি হইয়া সভায় বসা ; প্রদেশের প্রতিনিধি-হ ; পার্লিয়ামেণ্ট সভায় কোন প্রদেশের প্রতিনিধি স্বরূপ সভ্য-হ ; Represent a place ; represent in parliament :—Attend an artist.
Sit for a portrait—এরূপ স্থির ভাবে বসিয়া থাকা ; যে চিত্রকর তাহার চিত্র আঁকিতে পারে ; To assume for a limited time a proper position to allow one's portrait to be painted by an artist.
Sit ill or well on one—বেমানান বা মানান-হ ; না সাজা বা সাজা ; Not to suit or suit one ; not to become or become one.
Sit in judgment on—বিচার করিতে বসা ; বিচার-কৃ ; বিচারে বসা ; Sit as a judge to pass judgment on ; to assume judicial authority ; to judge censoriously.
Sit lightly on—পুরো জোর না থাকা ; কম প্রবল থাকা ; Have slight hold on. [character.
Sit loosely on—বন্ধন দৃঢ় না হওয়া ; Be of a weak
Sit on (or upon)—ডিমে তা-দে ; Brood. [cision.
Sit on the fence—To be in a position of inde-
Sit on thorns—কষ্ট বা যন্ত্রণায় অবস্থায় থাকা ; অসুখী-হ ; To be uneasy.
Sit out—কোন কার্য্য না থাকা ; Be without engagement :—সমস্ত শেষ হওয়া পর্য্যন্ত বসিয়া থাকা ; শেষ পর্য্যন্ত বসিয়া থাকা, Keep seated until the end :—(কিছুকাল) বসিয়া কাটান ; Sit during.
Sit to—চিত্রকর চেহারা আঁকিবে বলিয়া তাহার সম্মুখে বসা ; Sit before an artist to have one's portrait painted.
Sit under a preacher—উপদেশকের কথা শুনিতে উপবেশন-কৃ ; To attend on the ministry of a particular preacher. [go to bed ; keep awake.
Sit up—নিদ্রা না যাওয়া, জাগিয়া বসিয়া থাকা ; Not
Site, sit, *n.* সংস্থিতি ; অবস্থিতি ; Situation :—স্থান ; ভূমি, যায়গা ; Local position.

The site of a house—বাস্তুভূমি।

Sith, *ad.* পূর্ব্বে ; যেহেতু ; Ago ; since.

Sitophobia, *n.* আহারে অরুচি ; অন্ন-দ্বেষ।

Sitter *n.* উপবেশক ; ছবি তোলাইবার নিমিত্ত যে ব্যক্তি উপবেশন করে।

Sitting, siting, *n.* উপবেশন ; The posture of being in a seat , state of resting on a seat :—আসন ; A seat :—বৈঠক ; সভার অধিবেশন ; Meeting :—উপবেশনকাল ; Time for which one sits :—ডিম্ব ফুটাইবার জন্ম তদুপরি উপবেশন ; A resting on eggs for hatching.

Sitting room, *n.* বৈঠকখানা ; বসিবার ঘর বা স্থান।

Situate, sitū-āt, **Situated,** sitū-āt-ed, *a.* স্থাপিত , অবস্থিত ; অধিষ্ঠিত ; উপবিষ্ট , Placed ; seated :—Circumstanced :—বর্ত্তমান ; Residing.

Situation, sit-u-āshun, *n.* অবস্থা ; গতিক ; Condition :—নিবেশ ; স্থান ; Location ; position :—পদ ; চাকরি ; কার্য্য ; Post ; place ; office ; employment : —আসন ; Seat :—ক্ষণিক দশা ; Temporary state. *Syn* :—Locality, station, site, ground, spot ; state, case, plight, predicament , berth

Six, siks, *a.* or *n.* ছয় ; ষট্ , Five and one.

At sixes and seven—বিশৃঙ্খল ; নয়ছয় হওয়া ; In disorder ; in confusion ; disarranged.

By sixes—ছয়জন করিয়া ; Six at a time.

Six-fold, siksfōld, *a.* ছয়গুণ ; Multiplied six times ; repeated six times [silver coin.

Six-pence, sikspens, *n.* সিকির মত রৌপ্য মুদ্রা , A

Six-penny, *a.* সিকি বা প্রায় ছয় আনা মূল্যের।

Six-score, *a.* or *n.* ছকুড়ি ; ষাটি।

Sixteen, *a.* or *n.* ষোড়শ ; ষোল ; Six and ten.

Sixteenth, siks'tenth, *a.* ষোড়শ , ষোড়শাংশ ; ষোলুই ; Sixth after the tenth.

Sixth, siksth, *a.* ষষ্ঠ ; ছয়ই , The ordinal of six : —*n.* এক ষষ্ঠাংশ , The sixth part. [place.

Sixthly, siksthli, *ad.* ষষ্ঠতঃ , ষষ্ঠবারে ; In the sixth

Sixtieth, siksti-eth, *a.* or *n.* ষষ্ঠতম ; ষষ্টতমাংশ , The ordinal of sixty. [times ten.

Sixty, siksti, *a.* or *n.* ষষ্ঠ ; ষাইট ; ষাটি . Six

Sizar, sizar, *n.* অবৈতনিক (বা অল্প বেতনের) ছাত্র বিশেষ ; Student of the lowest rank.

Sizable, sizeable, *a.* বড় ; বৃহদাকার ; Large.

Size, siz, *n.* আয়তন : আকার ; পরিমাণ ; Extent of volume or superficies ; bulk ; magnitude :—বার্ণিস্ ; মাড় : আটা ; A varnish ; weak glue :—*v. t.* আকারানুসারে সাজান ; আয়তন অনুসারে সাজান ; To arrange according to size :—আটা মাখান ; মাড় দে ; To besmear with glue ; to cover with size. *Syn* :—(*n*) Bigness ; largeness, greatness, extent, volume, dimensious ; sizing.

Sized, *a.* আকার বা আয়তন বিশিষ্ট।

Sizy, *a.* সাইজতুল্য ; Size-like :—আটাল ; Glutinous. *n*=siziness.

Skald, *n.* কবি বিশেষ ; Scandinavian poet.

Skate, skāt, *n.* বরফের উপর ক্রতবেগে বাবনার্থ বা বেড়াইবার পাদুকা বিশেষ ; A kind of sandal or frame of wood with a steel ridge under it for moving on ice ; a sliding shoe :—মৎস্য বিশেষ ; A large flat fish :—*v. i.* তাদৃশ পাদুকা পরিয়া দৌড়ান , To slide on skates. *n*=skater, skating.

Skean, Skeen, *n.* ছোরা ; তরবারি বিশেষ , A dagger, a short sword.

Skein, skān, *n.* গাঁইট ; সূতার ফেটি বা গোছ ; A knot or number of knots of thread or yarn :—বন্য রাজহংসদল।

Skeleton, skele-tun, *n.* [Gr. *skeletos*, dried, *skello*, to dry] অস্থিপঞ্জর ; অস্থি মাত্রাকার ; কঙ্কাল ; The bony structure or frame of the body :—নক্সা ; আদরা ; General outline :—অতি কৃশ লোক ; অস্থিচর্ম্মাবশিষ্ট ব্যক্তি ; Thin man :—*a.* আদরামাত্র ; এক মেটে।

A skeleton key—খাঁজহীন চাবি ; পরচাবি বিশেষ।

Reduced (or worn) to a skeleton—কঙ্কালবিশিষ্ট ; অস্থিচর্ম্মসার।

There is skeleton in every house—প্রত্যেক লোকের কিছু না কিছু কষ্ট আছে ; There is something to annoy and to be kept out of sight.

Skeleton-key, skele-tun-kē, *n.* কুঞ্চিকা বিশেষ ; Thin light key.

Skeptic, *n.* সাংসারিক ; অবিশ্বাসী ব্যক্তি ; পাষণ্ড , One who is sceptical :—*a.* সন্দিগ্ধমনা।

Skeptical, *a.* সন্দিগ্ধচিত্ত ; Doubting. *n*=skepticism (অবিশ্বাস ; সর্ব্বসন্দেহ)।

Skerry, *n.* শৈলময় ; ক্ষুদ্র দ্বীপ ; A rocky isle.

Sketch, sketch, *n.* পাণ্ডুলেখা ; নক্সা ; আদরা , সংক্ষিপ্ত বিবরণ ; Outline , first draft ; rough plan .—*v. t.* নক্সা-কৃ ; আদরা-কৃ ; বাহ্য রেখা টানা . To make a rough draft of , to draw the outline of :—প্রধান বিষয়গুলি প্রদর্শন-কৃ , To give the principal points of :—*v. i.* খসড়া নক্সা-কৃ ; To practise sketching. *Syn* :—(*n*) Drawing, delineation, design, plot, skeleton.

Sketch-book, *n.* নক্সা পুস্তক ; যে পুস্তকে নানাস্থান ও সমাজের চিত্রাবলী সঙ্কলিত হয় ; A book formed of drawing paper used for sketching in ; a book for sketches or outlines.

Sketchy, skechi, *a.* কেবল বাহ্যরেখা দ্বারা অঙ্কিত ; স্থূলভাবে চিত্রিত ; অসম্পূর্ণ ; Like a sketch or outline , incomplete. *ad*=sketchily, *n*=sketchiness.

Skew, *a.* বক্রভাব , Oblique :—*ad.* বক্রভাবে , Obliquely ; awry.

Skewer, skū'ėr, *n.* (মাংস কাবাব করিবার) লোহার শিক ; টেকুয়া ; A large pin of meat :—*v. t.* উক্ত শিক দ্বারা সম্বদ্ধ-কৃ ; To fasten with skewers.

Skid, skid, *n.* জাহাজ রক্ষার্থ তৎপার্শ্বস্থিত কাষ্ঠখণ্ড ; A piece of timber hung against a ship's side to preserve it from injury :—চক্রের কিলক ; চাকা টানিবার শিকল ; Chain to drag a wheel :—কীলক বা পেনা দিয়া আটক-কৃ ; To check with a skid.

Skiff, skif, *n.* ডিঙ্গি , ক্ষুদ্র নৌকা ; A small light boat.

Skilful, skilfōōl, *a.* নিপুণ ; পটু ; দক্ষ ; কুশল ; Expert ; dexterous. *n*=skilfulness, *ad*=skilfully. *Syn* :—Skilled, practised, proficient, adept, masterly, adroit, clever.

Skill, skil, *n.* [A. S. *scilian, scylan*, to distinguish] নৈপুণ্য ; দক্ষতা ; পটুতা ; কৌশল ; Dexterity ; ability ; knowledge ; experience :—*v. i.* বুঝিতে পারা ; To understand. *Syn* :—(*n*) Skilfulness, adroitness, expertness, aptitude, cleverness, quickness, facility, knack, address, ingenuity. [skilful.

Skilled, skild, *a.* সুদক্ষ ; চতুর ; সুনিপুণ ; Expert ;

Skilled in—কোন বিষয়ে দক্ষতা থাকা এবং তাহার সহিত কার্য্যে তৎপর ও পটু ; Having familiar know-

ledge of (anything) so as to be able to conduct it with readiness and dexterity.

Skillet, *n.* পাত্র বিশেষ ; A small metal vessel.

Skillfully, *ad.* নৈপুণ্যসহকারে ; Cleverly.

Skim, skim, *v. t.* দুধের সর তোলা ; সর তুলিয়া সাফ-কৃ ; গাদ কাটান ; To take off by skimming ; to clear off scum :—ভাসা ভাসা বা মোটামাটি পাঠ-কৃ ; To brush the surface of lightly :—*v. i.* আরে আস্তে উপর দিয়া-যা ; উপর দিয়া বেগে চলিয়া-যা ; To pass lightly ; to glide along near the surface.

Skimmer, skim-ėr, *n.* মন্থন করিবার যন্ত্র, ঝাঁঝা ; Utensil for skimming milk :—পৃষ্ট-পাঠক।

Skimmilk, skimmilk, *n.* ননিতোলা দুধ, ঘোল ; যে দুধের সর তুলিয়া লওয়া হইয়াছে ; Milk from which the cream has been skimmed.

Skimmings, *n. pl.* গাদ ; What is skimmed.

Skin, skin, *n.* ত্বক্ ; চামড়া ; Covering of the flesh :—চামড়া ; চর্ম ; Hide :—খোসা ; ছাল, চর্ম-থানী ; মসক ; ছাল খোলা ; খোসা ছাড়ান ; The bark or rind of plants :—*v. t.* চর্মহীন-কৃ ; ছাল তোলা ; To strip the skin from ; to strip off, to peel :—*v. i.* চর্মাবৃত-কৃ ; চর্ম দ্বারা আবৃত-হ ; To be covered with a skin :—চর্ম গজান।

Sell the skin before you have caught the hear—To count your chickens before they are hatched.

Thin skinned, *a.* অতি শীঘ্র চেতন, Unduly sensitive.

To be all skin and bone—অস্থিচর্মসার-হ।

To same one's skin—ক্ষত বা আহত না হইয়া পলায়ন-কৃ।

To skin a flint—কৃপণতা-কৃ ; পিঁপড়ে টিপে রস বাহির-কৃ।

With a hole skin—স্বস্থ শরীরে।

Skin-deep, skindēp, *a.* চর্মগত ; ত্বক্ভেদী ; ভাসা ; অগভীর ; Slight ; superficial.

Skin-flint, skinflint, *n.* কৃপণ ; খচুস ; A miser.

Skinless, *a.* নিস্ত্বক্, পাতলা ছালবিশিষ্ট।

Skinny, skini, *a.* চর্মে আবৃত, চর্মময় ; অতি কৃশ, Consisting of skin.

Skip, skip, *v. i.* লম্ফ-দে, লাফান ; ছাড়িয়া যাওয়া, To leap ; to pass over :—ত্যাগ-কৃ ; To omit :—*v. t.* লম্ফ-দে ; To leap over :—*n.* লম্ফ ; লাফ ; উল্লম্ফন ; A leap ; a bound.

Skip over—ছাড়িয়া-যা ; Omit, pass over without notice.

Skipper, *n.* নাবিক ; বাণিজ্য পোতাধিকারী ; A sailor ; the master of a merchant-vessel.

Skip jack, *n.* হঠাৎ বাবু ; Upstart.

Skipping rope, skip'ing-rōp, *n.* লম্ফ দিবার দড়ি ; উল্লম্ফন রজ্জু ; A small rope used in skipping ; short cord for skipping over.

Skirmish, sker'mish, *n.* লঘু যুদ্ধ ; সামান্য যুদ্ধ ; A slight fight :—মারামারি ; A contest :—*v. i.* সামান্য যুদ্ধ-কৃ ; মারামারি-কৃ ; To fight slightly or irregularly. *n*=skirmisher. *Syn* :—Combat, conflict, encounter, brush, affair.

Skirmisher, sker'mish-er, *n.* লঘু যুদ্ধার্থ নিযুক্ত সৈনিক ; Soldier sent in loose order in advance of the army.

Skirt, skert, *n.* [A. S. *scyrtan*, to shorten] প্রান্ত ; সীমা ; ধার ; কিনারা ; পরিচ্ছদের যে কোন ভাগের ধার ; Border ; margin ; extreme part ; loose part of a garment below the waist :—*v. i.* ধারে থাকা ; To be on the border :—*v. t.* সীমাবদ্ধ-কৃ, প্রান্ত দিয়া-যা ; প্রান্তযুক্ত-কৃ ; To border. *Syn* :—(*n*) Flap ; petticoat ; rim, border, edge, margin.

Sit upon one's skirts—কাহারও প্রতি হিংসা করণের মতলব আঁটা।

Skit, *n.* শ্লেষ ; তামাসা ; ঠাট্টা ; Jeer ; whim :—*v. t.* ঠাট্টা-কৃ ; Jeer.

Skittish, skitish, *a.* চঞ্চল ; অস্থির ; খেয়ালকারী ; উচ্ছৃঙ্খল ; Fickle ; wanton :—সহজে ভীত ; ভীরু ; Easily frightened :—চতুর, Sly.

Skittle, *n.* Nine pin.

Skittles, skitlz, *n. pl.* ক্রীড়া বিশেষ ; একপ্রকার গুলি-ডাণ্ডা খেলা, A game of nine pin.

Skulk, skulk, *v. i.* লুক্কায়িত থাকা ; লুকাইয়া থাকা ; গুপ্ত করিয়া থাকা ; চুপে পলায়ন-কৃ ; To sneak out of the way ; to lurk. *n*=skulker.

Skull, skul, *n.* মাথার খুলি ; করোটি ; খর্পর ; The bony case of the brain :—মস্তক ; মস্তিষ্ক ; Head :—টুপি ; A close fitting cap.

Skullcap, skulkap, *n.* যে টুপি মাথায় ঠিক লাগে ; A close-fitting cap.

Skunk, skungk, *n.* জন্তু বিশেষ ; Weasel like beast.

Skurry, *n.* Confused haste.

Hurry skurry, *n.* Impetuous haste.

Sky, skī, *n.* আকাশ ; গগন ; অন্তরীক্ষ ; নভোমণ্ডল ; The heavens ; the apparent arch hanging over our heads :—বায়ু ; Atmosphere :—শীত গ্রীষ্মাদি-ভেদে আর্তব ভাব ; জলবায়ু ; Weather ; climate :—ছায়া ; Shadow :—মেঘ ; Cloud.

Laud or extol or praise to the skies—অত্যন্ত প্রশংসা-কৃ ; অতি প্রশংসা দ্বারা আকাশে তুলিয়া-দে ; Praise hightly.

Open sky—অনাবৃত স্থানে ; With no covering or shelter from the sky.

Skyblue, skī'bloo, *a.* নীল ; গভীর নীলবর্ণ, Blue like the sky ; azure.

Skyey, skī'i, *a.* আকাশের মত নীল ; নাভসিক ; আকাশীয় ; Like the sky ; ethereal.

Sky-high—অত্যুচ্চ ; Very high.

Sky-lark, skī'lärk, *n.* চাতক পক্ষী ; ভারুই পক্ষী ; ভরদ্বাজ পক্ষী ; A lark.

Sky-larking, skī'lärk-ing, *n.* ক্রীড়া ; উল্লম্ফন ; Frolicking ; playing tricks.

Sky-light, skī'līt, *n.* ছাদস্থিত আলোকমার্গ ; ছাদের গবাক্ষ ; আলোক বিবর, Window placed in a roof.

Sky-rocket, skī'-rocket, *n.* হাউই-বাজী ; Firework.

Skysail, skī'sāl, *n.* পাইল বিশেষ ; The sail above the royal.

Sky-scraper, skī-skrāp'ėr, *n.* ত্রিকোণাকার পাল বিশেষ ; A sky-sail of triangular shape.

Sky-ward, skī'ward, *ad.* আকাশের দিকে ; নভো-দেশাভিমুখে, Toward the sky.

Slab, slab, *n.* প্রস্তর খণ্ড ; A thin piece of marble :—মর্মর প্রস্তরের পাতলা খণ্ড ; কাঠের ছালট ; চকবের ছালট ; Outer plank of a log ; a piece sawed from a log.

Slabber, slabėr, *v. i.* লাল পড়ে ; লালে ভিজান ; থুথু লাগান ; ঢালিয়া ফেলা ; To let the saliva fall from mouth ; to drivel :—*n.* নিষ্ঠীবন ; লালা ; থুথু ; Saliva. *n*=slabberer.

Slack, slak, *a.* আলুগা ; ঢিলা ; শিথিল ; Loose ; lax ; not holding fast :—অলস ; গাফিল ; ধীর ; ঢিমা ; Remiss ; slow :—*v. i.* or *v. t.* শিথিল-হ বা-কৃ। *n*=slackness (শিথিলতা)। *ad*=slackly. *Syn* :—Relaxed, easy ; backward, inactive, tardy.

Slacken, slakn, *v. i.* ঢিলা-হ ; অকৃতকার্য্য-হ ; শিথিল-হ ; To become less light ; to be remiss ; to fail or flag :—*v. t.* ঢিলা-কৃ ; Render slack ;

make **slack** :—শিথিল-কৃ ; শ্লথ-কৃ ; To relax —স্থগিত রাখা ; To put off *Syn* —Slack, abate, moderate, retard, loosen, relax, lessen, diminish

Slacken one's pace—অতি আস্তে আস্তে যাওয়া, To proceed more slowly.

Slackly, *ad.* শ্লথভাবে।

Slack water—জোয়ার বা ভাঁটার মধ্যে থমথমা।

Slag, slag, *n.* ধাতুমল ; ধাতুর খাদ, The dross of a metal ; vitrified cinders. *a*=slaggy (ধাতুমল-বিশিষ্ট)।

Slain, *p. p.* of *slay.*

Slake, *v. t.* নিবৃত্ত-কৃ ; শান্ত-কৃ ; দূর-কৃ, To quench ; —নির্বাণ-কৃ, To extinguish :—জলসহ মিশ্রিত-কৃ, To mix with water —*v. i.* নির্বাণ-হ, নির্বাপিত-হ, নিবৃত্ত-হ ; To become extinct, to go out.

Slaked lime—গুঁড়া চূর্ণ, Lime reduced to powder by water thrown upon out.

Slam, slam, *v. t.* সবলে আঘাত-কৃ, ধপাৎ করিয়া বন্ধ-কৃ, দড়াম করিয়া ফেলা ; To bank ; to shut with violence —*v. i.* জোরে বন্ধ-কৃ।—*n.* ধপাৎ করিয়া বন্ধ ; A violent shutting.

To slam to—শব্দ করিয়া বন্ধ-কৃ।

Slander, slander, *n.* অপবাদ, অখ্যাতি, নিন্দা, কুৎসা, Calumny, defamation by words —*v. t.* অপবাদ-কৃ ; নিন্দা-কৃ, গ্লানি-কৃ, To defame, to calumniate *n*=slanderer (কুৎসাকারক)। *Syn* —(*n*) Asperse, vilify, malign, traduce, lampoon

Slanderous, slandér-us, *a* অপবাদপূর্ণ, গ্লানিকর, কুৎসাজনক ; Defamatory, calumnious. *ad*=slanderously (গ্লানি করিয়া)। *n*=slanderousness.

Slang, slang, *n.* অপভাষা, ইতর ভাষা, Low language

Slant, slant, *a.* ইতর, Low —বক্র, ঢালু : গড়েন, Oblique —*n* ঢালু ; গড়েন. ক্রমনিম্ন ভূমি, A slope —*v t.* হেলা, ঝুঁকান, To turn in a sloping direction —*v i* ঝুঁকিয়া থাকা, গড়েন-হ, ক্রমনিম্ন-হ, To slope. [(বক্রভাবে, হেলাইয়া)।

Slanting, *n.* ঢালু, হেলানিয়া, বক্র। *ad*=slantingly

Slantly, Slantwise, *ad.* তির্য্যকভাবে, Obliquely

Slap, slap, *n.* চাপড়, চড, চপেটাঘাত A blow with the open hand —*v t.* চাপড় মারা, চড মারা, To give a slap to —*ad.* হঠাৎ, প্রচণ্ডরূপে, বেগে, সজোরে, ভড়মুড় করিয়া, ধপাৎ করিয়া, Suddenly, violently

Slap-dash, slap'dash, *ad* একেবারে, হঠাৎ, ধপ করিয়া, All at once, in a careless way, precipitately —*v. t.* তাড়াতাড়ি করিয়া ধরাণ।

Slash, slash, *v. t.* কাটা, To cut —এলোমেলো কাটা, হাঁসান, To cut by striking violently and at randum, to make long cuts —*v. i* সহসা প্রচণ্ডরূপে আঘাত-কৃ, To strike violently and at random with an edged instrument —*n.* এলোমেলো কাটা ; লম্বা চির বা ক্ষত, (কাটার) দাগ, A cut made at random. [Sarcastic

Slashing, *a.* Cutting at random.—ব্যঙ্গকারী,

Slate, slat, *n.* প্রস্তর বিশেষ ; A stone of a slaty structure —পাথরের পাটা, Plate of stone —লিখিবার স্লেট ; চালের খোলা বিশেষ, A piece of slate for roofining or for writing upon —*v t.* স্লেটের দ্বারা আচ্ছাদন-কৃ, খোলা দিয়া ছাওয়া, To cover with slate *n*=slater.

To have a slate or tile loose—একটু পাগলা হ, To be a little cracked.

Slate pencil, slat-pensil, *n.* স্লেট পেন্সিল ; স্লেট পাথরের লেখনী, A pencil of soft slate

Slater, *n.* One who lays slates on buildings.

Slating, *n.* প্রস্তর ফলকের ছাদ, ছাদের উপাদান ; A covering of slates, materials for slating.

Slattern, slatérn, *n.* অপরিষ্কৃতা নারী, অপরিচ্ছন্না স্ত্রীলোক, নোংরা স্ত্রী ; A slovenly woman ; an untidy woman.

Slatternly, slatérn-li, *a.* অপরিষ্কার, অপরিচ্ছন্ন ; নোংরা, Dirty, slovenly.—*ad* অযত্নে, অপরিচ্ছন্নভাবে, Negligently ; untidely.

Slaty, slati, *a.* স্লেটতুল্য ; স্লেটসম্বন্ধীয়, Resembling slate.—স্লেট গুণযুক্ত ; স্লেট ধর্ম্মী ; Having the nature or properties of slate

Slaughter, slaw'ter, *n.* [Icel. *slattr*, a blow, Go. *slauhts*, butchery] বধ, খুন ; জবাই, হত্যা ; Killing ; massacre ; carnage, butchery —*v. t.* হত্যা কৃ, বধ-কৃ, জবাই-কৃ, To slay, to massacre. *n*=slaughterer (ঘাতক, হত্যাকারক)। *Syn* —(*n*) Bloodshed, assassination, manslaughter.

Slaughter-house, slaw'ter-hows, *n* কসাই খানা, হত্যা-গৃহ, জবাইখানা, House or place for kil'ing cattle.

Slaughter-man, slaw'ter-man *n.* সহকারী কসাই, Butcher's assistant :—কসাই, One employed in killing animals.

Slaughterous, slaw'ter us, *a* হত্যাপরাধী ; হত্যাপরায়ণ, জিঘাংসু, Murderous, destructive

Slave, slav, *n.* পূর্ব্ব ইউরোপবাসী বিভিন্ন জাতীয় লোক, Slavonian *a*=slavic.

Slave, slav, *n* ক্রীতদাস, পরাধীন ব্যক্তি ; One held in bondage by another, any one in bondage দাস, গোলাম ; Drudge —দাসের ন্যায় পরিশ্রমী, One who labours like a slave —অপরের সম্পূর্ণ ইচ্ছাধীন লোক, পরবশ লোক, One wholly under the will of another —*v i.* দাসের মত কার্য্য-কৃ, ক্রীতদাসের ন্যায় খাটা, To labour like a slave, to drudge. *Syn* —Bond-servant, bondman, vassal, dependent, serf, drudge

A slave to the senses—ইন্দ্রিয়গণের দাস, কামাদি রিপুর বশীভূত ব্যক্তি, A slave to one's passions.

Slave-born, *a.* দাসগর্ভজাত, Born in slavery or of a slave. [breeds slaves for sale

Slave-breeder, *n.* বিক্রয়ার্থ দাস, One who

Slave-catcher, *n* ক্রীতদাস অনুসরণকারী, One whose occupation is to pursue and capture run away slaves

Slave-coast, *n* Part of Africa.

Slave dealer, *n.* দাস-ব্যবসায়ী, Dealer in slaves, slave merchant.

Slave driver, *n.* যে দাসদিগকে তত্ত্বাবধান করে, কঠিন কার্য্য প্রদানকারী, One who superintends slaves when at work ; a hard task master. [owner

Slave-holders, *n.* দাসের মনিব বা প্রভু ; Slave-

Slave-merchant, *n.* দাস-ব্যবসায়ী, Slave-trader, merchant in the slave-trade

Slaver, slaver, *n* দাস-ব্যবসায়ী, A slave-trader ; slave merchant —দাস ব্যবসায়ে নিযুক্ত জাহাজ, দাস বহনকারী পোত, দাস আমদানিকারক জাহাজ, A slave ship —লালা নিঃসরণ, লালা, Saliva, saliva running from the mouth —*v. i* লালা নিঃসৃত-হ লালা নির্গত হইতে দে, থুথু ফেলা, To let the saliva run

out of the mouth :—*v. t.* লালা নিঃসৃত-কৃ ; থুথু মাখান ; To smear with saliva.

Slave-ship, *n.* দাস-বহনকারী জাহাজ বা পোত ; A ship employed in carry-slaves.

Slave-state, *n.* দাস-রাজ্য ; One of the United States in which there are slaves.

Slave-trade, slāv-trād, *n.* দাস-ব্যবসায়ী ; Dealing in slaves ; the business of buying and selling slaves ; buying slaves in Africa for America.

Slave-trader, slāvtrāder, *n.* দাস-ব্যবসায়ী ; Trader in slaves ; slave-merchant.

Slavery, slāver-i, *n.* দাসত্ব ; দাসবৃত্তি ; অধীনতা ; গোলামী ; The state of slave ; bondage ; drudgery. [জীবিকা উপার্জন করে।

Slavey, *n.* দাসী ; সেবিকা ; যে বালিকা দাসবৃত্তি করিয়া

Slavish, slāvish, *a.* দাসোচিত ; দাসবৎ ; Servile :—নীচ , হীন ; Mean ; base :—পরিশ্রমী ; Labourious. *n*=slavishness. *ad*=slavishly. *Syn* :—Menial, drudging ; obsequious, cringing ; fawning.

Slavonic, Sclavonic, Slavonian, Sclavonian, *a.* স্ল্যাবজাতি বা তাহাদের ভাষা ঘটিত ; Of or belonging to the *Slaves* or their language.

Slay, slā, *v. t.* হত্যা-কৃ ; বধ-কৃ ; বিনষ্ট-কৃ ; To put to death , *to kill* ; *to destroy.* *n*=slayer (হত্যাকারী ; ঘাতক ; হত্যাকারক)। *pt*=slew. *pp*=slain. *Syn* :—Murder, assassinate, slaughter, butcher.

Sled, sled, **Sledge,** slej, *n.* বরফের উপর গমন করিবার ক্ষুদ্র চক্রবিশিষ্ট বা চক্রহীন গাড়ী , যান ; A carriage for sliding upon snow ; a sleigh. [mar.

Sledge, *n.* বড় ভারি হাতুড়ি ; A large heavy ham-

Sleek, *a.* মসৃণ , চিক্কণ ; Smooth ; glossy :—কোমল ; Soft :—*v. t.* চিক্কণ-কৃ। *ad*=sleekly. *n*=sleekness (কোমলতা ; চিক্কণতা)।

Sleep, slēp, *v. i.* ঘুমান ; নিদ্রা যাওয়া ; To slumber : —অসাবধান-হ ; অসতর্ক-থাকা ; To become unconscious :—বিশ্রাম-কৃ ; শান্ত-হ ; স্থির-হ ; To take rest ; to rest :—অলস-হ ; Be motionless or inactive :—মৃত-হ ; মহানিদ্রা-যা ; To be dead :—*n.* নিদ্রা ; ঘুম ; বিশ্রাম , Slumber , rest.

Dead sleep—ঘোর নিদ্রা , কালনিদ্রা ; মহানিদ্রা।

Go to sleep—নিস্তেজ হয়ে থাকা ; কোন কিছুর সাড়া শব্দ না থাকা ; Lie dormant or inactive :—নিদ্রা-যা ; Take to bed in order to sleep.

Last sleep—মৃত্যু ; Death.

Not to sleep one wink—কিছুমাত্র ঘুম না হওয়া ; একবার চক্ষুর পাতা না যোড়া ; Have no sleep at all.

Rock to sleep—শান্ত-কৃ ; ঘুমপাড়ান ; Soothe.

Sleep a sleep—এক ঘুম ঘুমান।

Sleep at one's post—কর্ম্মে অবহেলা-কৃ ; To be negligent in the discharge of one's duties.

Sleep away—ঘুমাইয়া কাটান। [soundly.

Sleep like a dog—গাঢ় নিদ্রা যাওয়া , Sleep

Sleep off—নিদ্রা যাইয়া দূর-কৃ ; ঘুমিয়ে কোন কষ্ট কাটাইয়া-দে ; Dispel during sleep ; remove the effects of anything by sleep.

Sleep one's last sleep—মরে যাওয়া ; Die.

Sleep over—কার্য্যের সময় ঘুমান ; Go to sleep while engaged.

Sleep upon—বিশ্রাম-কৃ ; ভাবিয়া স্থির-কৃ ; Take time to think over ; to rest upon.

Sleeper, slēp'er, *n.* নিদ্রা যায়-যে ; নিদ্রালু অলস ব্যক্তি ; One who sleeps ; a lazy person :—যে কাষ্ঠ খণ্ড বা লৌহ খণ্ডের উপর রেল পতিত হয় তাহা ; A piece of timber or stone supporting a weight, rails &c.

The seven sleepers—কুম্ভকর্ণ বিশেষ (কুম্ভকর্ণের নিদ্রা) ; Seven youths who slept in a cave and did not awake till more than 200 years after ; lethergic and indolent men.

Sleepiness, *n.* তন্দ্রা ; Drowsiness.

Sleeping, *a.* নিদ্রিত ; নিদ্রাজনক।

A sleeping partner, *n.* যে অংশীদার মূলধন দেয় কিন্তু নিজে কার্য্য করে না, যে অংশীদার খাটেখোটে না, কিন্তু যাহাকে লাভ-লোকসানের ভাগ লইতে হয় ; A partner in a company who has invested money in the business but takes no active part in the management though participating in the profits and losses ; one who supplies funds, but takes no active interest. [Medicine to cause sleep.

Sleeping draught, *n.* নিদ্রাজনক পানীয় ঔষধ ;

Sleeping room—শয়ন-গৃহ ; Bed-room.

Sleepless, slēp'les, *a.* জাগ্রত ; নিদ্রাহীন ; Unable to sleep ; without sleep. *ad*=sleeplessly. *n*=sleeplessness.

Sleep-waking, *n.* নিদ্রাবস্থায় বিচরণ ; স্বপ্নাটন।

Sleep-walker, slēp'wawkėr, *n.* নিদ্রাবস্থায় যে ব্যক্তি ইতস্ততঃ গমন করে ; নিদ্রাবস্থায় ভ্রমণকারী ; A somnambulist.

Sleepy, slēp'e, *a.* নিদ্রালু ; নিদ্রাজনক ; Drowsy :—নিস্তেজ ; শিথিল ; Dull :—নিদ্রাপ্রদ ; Causing sleep : —অলস ; Lazy. *n*=sleepinees. *ad*=sleepily. *Syn* : —Somnolent, heavy ; sluggish.

Sleepy stories—যে গল্প শুনিতে শুনিতে ঘুম আইসে ; Stories which cause sleep on account of their uninteresting.

Sleet, slīt, *n.* শিলা-বৃষ্টি ; বরফের খণ্ড বা করকা যাহা বৃষ্টির সহিত পতিত হয় ; Snow or hail mingled with rain :—*v. i.* শিলাবৃষ্টি-হ ; To hail with rain mingled. *a*=sleety. [sleet. *n*=sleetiness.

Sleety, slēti, *a.* শিলাবৃষ্টি ঘটিত ; Consisting of

Sleeve, slēv, *n.* জামার আস্তিন ; হাতা ; Part of a garment that covers the arms :—*v. i.* আস্তিন-বিশিষ্ট-কৃ ; To furnish with sleeves.

A sleeve button—হাতের বোতাম।

Hang on or pin to the sleeves—অন্যের অধীন-হ ; To be or to make dependent on others : —গাম্ভীর্য্য রক্ষা করিয়া লুকাইয়া হাস্য-কৃ ; Laugh privately or unperceived.

Laugh in the one's sleeve—মুচকে হাসা।

Wear one's heart upon one' sleeve—সরল-হ ; অকপট-হ ; To be artless, frank, warm-hearted, confiding.

Sleevless, *a.* আস্তিন-হীন ; Without sleeves.

Sleeveless errand—নিরর্থক আদেশ , Fruitless errand. [sledge.

Sleigh, *n.* বরফের উপর চালাইবার গাড়ী বিশেষ ; See

Sleight, slīt, *n.* কৌশল ; চাতুর্য্য ; দক্ষতা ; চাতুরী ; Dexterity ; an artful trick ; cunning.

Sleight of hand—ভেল্কি ; হস্ত-কৌশল , হস্তের খেল বা কসরৎ , Legerdemain ; jugglery.

Slender, slender, *a.* সরু ও লম্বা ; পাতলা ; Thin and long ; thin ; narrow :—ক্ষীণ ; কৃশ ; দুর্ব্বল ; কাহিল ; Weak ; feeble :—অল্প ; সামান্য ; Small. *ad*=slenderly (ক্ষীণভাবে , অল্পপরিমাণে ; Slightly.

n=slenderness (ক্ষীণতা ; কৃশতা) । *Syn* :—Slim ; slight ; little, inconsiderable ; meagre, spare, scanty.

Sleuth-hound, slōōth-hownd, *n.* যে কুকুর গন্ধানুসরণপূর্ব্বক শিকার অন্বেষণ করে ; Blood-hound.

Slept, *p. t.* and *pp.* of *Sleep.*

Slew, *p. t.* of *slay.*

Slice, slis, *v. t.* চোকলা কাটা ; খণ্ড করিয়া কাটা ; পাতলা ফালি-কৃ ; To cut into thin pieces :—*n.* ফালি ; টুকরা ; চোকলা ; পাতের মত খণ্ড ; A thin broad piece :—পাতলা ফলাযার ছুরি ; A broad, thin knife.

Slicer, sliser, *n.* ছুরি বিশেষ ; A broad thin knife :—যে বা যাহা সূক্ষ্ম সূক্ষ্ম খণ্ডে ছেদন করে ; One who, or that which, slices.

Slid, *p. t.* and *p. p.* of *slide.*

Slidden, *p. p.* of *slide.*

Slide, slid, *v. i.* স্খলিত-হ ; হড়কাইয়া-যা ; পিছলিয়া-যা ; To glide ; to slip ; to pass along smoothy :—পতিত-হ ; To fall :—*v. t.* হড়কাইয়া ফেলা ; গড়াইয়া-দে , প্রবেশ করান ; To slip ; to thrust along :—*n.* সুগম পথ ; A smooth passage :—হড়কানি , A slide : —ঢালু পার্শ ; গড়ানিয়া স্থান ; A smooth declivity. *p. t. p. p*=slid.

Slide-box, *n.* টানা বাক্স ।

Slider, slider, *n.* যে বা যাহা গড়ায় ; যন্ত্রের যে অংশ পিছলাইয়া যায় ; One who or that which slides ; the part of an instrument or machine that slides.

Slide-rail, *n.* গড়ানিয়া লোহার পথ । [স্খলন ।

Sliding, *a.* হড়কানিয়া ; ইতস্ততঃ গমনকারী :—*n.*

A sliding scale—হ্রাসবৃদ্ধিশীল হারের ব্যবস্থা বা ক্রম ; A variable tax upon grain according to its value or market price, now abolished. [side.

Sliding door—Door that slides from side to

Sliding rule—অঙ্কের যন্ত্র ; Mathematical instument or scale.

Slight, slit, *a.* যৎসামান্য ; তুচ্ছ ; ঈষৎ ; Trifling ; of little value :—লঘু ; অল্প ; Small ; slender :—দুর্ব্বল ; Weak :—অমনোযোগী ; অসাবধানী ; Careless ; negligent :—মীমাংসিত ; Not decided :—*v. t.* তুচ্ছ-কৃ ; অগ্রাহ্য-কৃ ; অবজ্ঞা-কৃ ; তাচ্ছল্য-কৃ ; To neglect ; to disregard :—*n.* অবহেলা ; উপেক্ষা ; অযত্ন ; অশ্রদ্ধা ; Neglect. *ad*=slightly, slightingly. *n*=slightness. *Syn* :—(*n*) Little, unimportant, trivial, insignificant ; frail, fragile ; slim, thin ; faint, transient ; cursory, superficial. (*v*) Overlook ; disdain, scorn, scout.

To slight over—দ্রুতবেগে দেখিয়া যাওয়া ; উপর উপর সম্পাদন-কৃ । [(সামান্যরূপে) ।

Slighting, *a.* অবহেলাকারী । *ad*=slightingly

Slightness, *n.* অল্পতা ; দুর্ব্বলতা ; কোমলতা । [fully.

Slily, *ad.* চাতুর্য্য সহকারে ; কৌশলে ; গোপনে ; Art-

Sliness, Slyness, *n.* চাতুর্য্য ।

Slim, slim, *a.* সরু ; সামান্য ; Thin ; slender ; slight :—দুর্ব্বল ; কৃশ ; ক্ষীণ ; Weak. *Syn* :—Narrow, lank ; weak, unsubstantial.

Slime, slim, *n.* এঁটেল মাটি ; আটাল কাদা ; Gluey mire :—ক্লেদ ; Viscous mud :—*v. t.* কর্দ্দমাক্ত-কৃ ।

Slimy, slime, *a.* এঁটেল মাটি মত বা পূর্ণ ; কাদাটিয়া ; Like slime :—চট্‌চটে ; আটাল ; Glutinous. *n*=sliminess. *Syn* :—Muddy, miry ; ropy, clammy.

Sling, slıng, *n.* ফিঙা ; প্রস্তর নিক্ষেপ করিবার যন্ত্র ; An instrument for throwing stones :—নিক্ষেপ ; Throw :—দড়ি ; Rope :—ভগ্ন হস্ত ঝুলাইবার জন্য বস্ত্র বন্ধনী ; হস্ত বন্ধনী ; Bandage for a wounded arm :—*v. t.* ফিঙা দ্বারা নিক্ষেপ-কৃ ; ছোড়া ; To throw with a sling ; to cast :—দোলান ; লটকান ; To hang loosely :—রজ্জু দ্বারা লম্বমান-কৃ ; Swing by means of a rope. *Syn* :—(*v*) Hurl, fling ; hang, suspend ; hoist. [throws stones.

Slinger, *n.* প্রস্তর-নিক্ষেপকারী ; ফিঙাধার ; One who

Slink, slingk, *v. i.* চুপি চুপি-যা ; লুকাইয়া পলায়ন-কৃ ; To sneak ; steal away ; creep away :—*v. t.* (জন্তুর) অসময়ে গর্ভ মোচন-কৃ :—*n.* অসময়ে প্রসূত বৎস । *p. t.* and *p. p*=slunk.

Slip, slip, *v. i.* পিছলিয়া-যা ; হড়কিয়া-যা ; To slide ; to glide :—পলায়ন-কৃ ; সরিয়া-যা ; To escape ; to slink :—ভুল-কৃ ; To err :—*v. t.* খণ্ড-কৃ ; কর্ত্তন-কৃ ; To cause to slide :—গোপনে চালান ; To convey secretly :—পলাইতে-দে ; ছাড়িয়া-দে ; To let loose ; to let go :—শাখা হইতে পৃথক-কৃ ; To part from the branch or stem :—বা-দে ; To omit :—*n.* পিছল ; স্খলন ; Act of slipping :—ভ্রম ; ভুল ; চুক ; An error ; false step :—পলায়ন ; An escape :—বৃক্ষের শাখা ; কেঁকড়ি ; কলম , A twig :—খণ্ড ; টুকরা ; চিলতা ; A long narrow piece :—জাহাজ নির্ম্মাণার্থ ক্রমনিম্ন তট ; A sloping bank for ship-building *Syn* :—(*v*) Slink ; trip, fall, err ; loosen.

A slip of the pen—লিখিতে ভুল ; The error of writing something different from what was intended :—যে ভুলটা হঠাৎ কলম হইতে বেরিয়ে যায় ; A mistake unconsciously made by a writer.

Give one the slip—চম্পট-দে ; পলায়ন-কৃ ; Run away :—পলাইয়া-যা ; Escape secretly.

Let slip—ছাড়িয়া দেওয়া ।

Let slip an opportunity—সুযোগ ছাড়িয়া-দে ।

One's foot slips—পা পিছলে যাওয়া ; One loses one's footing by careless walking. [দে ।

Slip a cable—(জাহাজের) কাছি বা শিকল ছাড়িয়া-

Slip away, *v.* পলাইয়া-যা ; পলায়ন-কৃ ; Escape.

Slip in—গোপনে প্রবেশ-কৃ ; আস্তে আস্তে প্রবেশ করান ; ঢুকাইয়া-দে ; Sneak in.

Slip off—সত্বর ছাড়িয়া-দে ; খুলিয়া ফেলা ।

Slip off the hooks—মরা ; প্রাণত্যাগ-কৃ ।

Slip of the tongue—বলিতে ভুল ; The error of saying one thing while intending to say another :—যে কথাটা হঠাৎ মুখ থেকে বেরিয়ে পড়ে ; An unintentional error or fault by a speaker.

Slip on—সত্বর পরিধান-কৃ ; Put on hastily.

Slip out—গোপনে পলায়ন-কৃ ; Sneak out.

Slip out of—পিছলে পালিয়ে যাওয়া ; Pass out of the memory or mind :—মনে পড়া ; Move away from. [disengage oneself from.

Slip the collar (halter)—নিজেকে মুক্ত-কৃ , To

Slip the lash—বন্ধনমুক্ত-কৃ ; অধীনতা-পাশ ছিন্ন-কৃ ।

Slip though one's fingers, Ship from one's grasp—হাত ফস্কিয়া পলায়ন-কৃ ; হাত থেকে পিছলে পলাইয়া যাওয়া ; টপে যাওয়া ; Escape from a person's grasp through carelessness. [easily.

Slip through—অনায়াসে সম্পন্ন-কৃ ; Get through

Slip through the fingers—খোয়ান ; নষ্ট করা , To be lost ; to escape insensibly.

There is many a slip between the cup and the lip—না আঁচাইলে বিশ্বাস নাই , Every

thing is uncertain until you possess it; one cannot be sure of a thing before it is actually in one's possession.

Slip-knot, slip'-not, *n.* আল্গা গিরা ; পলাগী গাঁইট ; যে গ্রন্থি সহজে খুলিতে পারা যায় ; A knot easily untied.

Slipper, slip'ėr, *n.* চটি জুতা ; A loose shoe easily slipped on :—ঢিলা জামা ; A pinafore.

Slippered, slip'ėrd, *a.* চটিজুতা-পরিহিত ; Wearing slippers.

Slippery, slip'ėr-e, *a.* পিচ্ছিল ; তেলা ; পিছল ; হড়কানিয়া ; মসৃণ ; Smooth :—অনিশ্চিত ; Uncertain ; unstable. *n*=slipperiness. *Syn* :—Glib, glassy ; perilous, unsteady, mutable, treacherous, shuffling. [যোগ্য ; Not to be trusted.

Slippery as an eel—বিশ্বাসযোগ্য নহে ; অবিশ্বাস-

Slipshod, slip'shod, *a.* গোড়ালি না তুলিয়া চটিজুতার ন্যায় জুতা পরিধানকারী ; চটি-পরা ; Shod with slippers ; wearing shoes loose at the heels :—(ব্যবহার সম্বন্ধে) অসাবধান ; (রচনা সম্বন্ধে) এলোমেলো ; আলাদা ; Careless (in manner or style.)

Slit, slit, *v. t.* ফালি-ক ; লম্বা লম্বা কাটা ; চেরা ; ফাড়া ; To cut lengthwise ; to split ; to rend ; make a long cut in :—*n.* চিরা ; গর্ত ; ফাইট ; A long cut ; a narrow opening. *p. t.* and *p. p*=slit.

Slive, *v. i.* গুড়ি গুড়ি করিয়া পড়া ; আলস্যে সময় কাটান ; To sneak

Sliver, *v.t.* চেরা ; ফাড়া ; ফালি-ক :—*n.* ফালি ; চির ।

Slobber, *v. t.* ধরান ; টলটল করিয়া ফেলা :—*v. i.* লালাস্রাব-হ । [কাজ-ক ।

Slobber over work—অসাবধানে আনাড়ির মত

Sloe, স্লো, *n.* এক জাতীয় গুল্ম, এক জাতীয় বন্য কুল ; Blackthorn ; a small sour wild plum.

Slogan, *n.* স্কট্‌ল্যাণ্ডের প্রাচীন পার্ব্বত্য প্রদেশবাসীদিগের সিংহনাদ : A war-cry among the ancient Highlanders of Scotland.

Sloop, slōōp, *n.* ক্ষুদ্র পোত বিশেষ ; Cutter-rigged vessel with one mast ; vessel of war less than a frigate.

Slop, slop, *n.* চলকানি ; জল যাহা মেজের উপর উপচিয়া পড়ে, অসাবধানবশতঃ চতুর্দ্দিকে বিক্ষিপ্ত জল ; Water carelessly spilled :—*pl.* সামান্য মদ্য ; নিস্তেজ পানীয় দ্রব্য ; Mean liquor or liquid food :—ময়লা জল ; ময়লা জল ; Dirty water :—*v. t.* জলাদি ফেলিয়া ময়লা-ক, To soil by letting a liquid fall upon :—নষ্ট-ক ; To spill.

Slop the standard—অস্ত্রার্থ পতাকা হেলান ।

Slope, slōp, *n.* ঢালু যায়গা ; গড়ানিয়া স্থান ; ক্রমনিম্ন-ভূমি, Declivity :—*v. t* ঢালু-ক ; গড়ানে-ক ; To slant; to form with a slope or obliquely :—*v. i.* ঢালু-হ ; To incline :—*adv.* ক্রমনিম্ন ভাবে ; In a sloping manner.

Sloping, slop'ing, *a.* ক্রমনিম্ন ; ঢালু ; গড়ানিয়া ; Inclining or inclined from a horizontal or other right line. *Syn* :—Oblique, declivous, slanting.

Sloppy, slop'i, *a.* ভিজা ; আর্দ্র ; কাদাটিয়া ; ময়লাযুক্ত ; Wet ; muddy ; plashly.

Slops, slops, *n. pl.* ঢিলা ইজের ; পাজামা ; তৈয়ারী কাপড় ; Loose trousers ; ready-made clothing.

Slot, slot, *n.* অর্গল ; Bolt ; a broad, flat, wooden, bar :—হরিণের পদচিহ্ন ; The track of a deer.

Sloth, slōth, *n.* [A. S. *slæwdh*, from *slaw*, slow] অলসতা ; আলস্য ; জড়তা ; কুড়েমি ; ঢিলামি ; Idleness ; laziness ; sluggishness ; slowness :—আমেরিকার জন্তু বিশেষ ; A quadruped that lives on trees, so named from the exceeding slowness of its motion, when on the ground. *Syn* :—Inactivity, inaction ; indolence.

Slothful, slōthfōōl, *a.* কুড়ে ; অলস ; আলস্যপূর্ণ ; Inactive ; lazy. *ad*=slothfully. *n*=slothfulness. *Syn* :—Sluggish, lazy, indolent, idle.

Slouch, slowch, *n.* মস্তকাবনমন ; শরীরের অন্য কোন ভাগ অবনতি ; A hanging down loosel of the head or other part :—চাষা ; অবড়জং লোক ; A clown :—*v. t.* ঝুলিয়া পড়া ; ঝুলা ; To hang down ; to have a clownish look or gait :—*v. t.* অবনামিত-ক ; নমিত-ক ; হেঁট-ক ; দোলন ; ঝুঁকান ; বিষণ্ণ-ক ; To cause to hang down ; to depress.

A slouch hat—নরম টোলাপড়া টুপী ।

Slough, slow, *n.* পঙ্কিল স্থান ; মহাপঙ্ক ; কর্দ্দমপূর্ণ গর্ত ; A soft bog or marsh ; deep miry place or hole :—কঞ্চুক ; সর্পের খোলস ; The cast-off skin of a serpent :—ক্ষতাদির পচা মাংস ; পচা মাংস ; The part separate from a foul sore :—*v. i.* খসিয়া পড়া ; পচিতে থাকা ; To come away as a slough ; to separate from the living part of the flesh in a sore ; to fall off. *a*=sloughy.

Slough of despond—হতাশ পঙ্ক ; নৈরাশ্য পঙ্কল ; A state of utter despondency.

To slough off—পচিয়া বাহির-হ ।

Sloughy, slow'i, *a.* কর্দ্দমপূর্ণ ; কর্দ্দমময় ; Full of sloughs ; miry :—পচা মাংস সদৃশ ; Resembling slough.

Sloven, sluvn, *n.* অপরিচ্ছন্ন পরিচ্ছদধারী লোক ; নোংরা লোক, A man carelessly or dirtily dressed. *fem*=slut.

Slovenly, sluvn-le, *a.* বেশবিন্যাসে উপেক্ষাকারী ; পরিচ্ছন্নতার প্রতি অনবহিত ; Negligent of dress or neatness ; careless of dress :—অপরিচ্ছন্ন ; নোংরা ; Untidy :—আলু থালু ; কদর্য্যভাবে সম্পাদিত ; বিশৃঙ্খল ; Done in an untidy manner :—*ad.* অপরিচ্ছন্ন ভাবে । *n*=slovenness (অপরিচ্ছন্নতা) । *Syn* :—(*a*) Untidy, dowdy ; loose, disorderly ; perfunctory, careless.

Slow, slō, *a.* মন্থর ; মন্দগতি ; দীর্ঘসূত্রী ; Not quick in motion ; not swift ; not haste ; tardy :—বোকা ; অলস ; অল্পবুদ্ধি ; Dull :—বিলম্বী, Late :—অপ্রস্তুত ; Not ready. *ad*=slowly. *n*=slowness. *Syn* :—Moderate, deliberate, delatory, procrastinating, inactive, stupid, tedious.

By slow degree—আস্তে আস্তে ; ক্রমে ক্রমে ।

Slow-coach, *n.* কর্ম্মকুণ্ঠ অলস ব্যক্তি ; A coach or person that moves slow.

Slow digestion—মন্দাগ্নি ।

Slowly, *ad.* আস্তে আস্তে ; মন্থর ভাবে ; শনৈঃ শনৈঃ ।

Slow motion, *n.* ধীরগতি ; মন্দগতি ; Moving slowly.

Slowness, *n.* মন্থরতা ; আলস্য ; ঢিলামি ; গড়িমসি ।

Slow-worm, slō'wurm, *n.* মন্দগামী কিঞ্চুলক ; কেঁচো ; The blind worm.

Slubber, *v. i.* অলসভাবে কর্ম্ম সমাধা-ক ; To do a thing carelessly and superficially.

Sludge, *n.* কর্দ্দম ; কাদা ; Mud ; soft mire.

Slug, slug, *n.* অলস ব্যক্তি ; A lazy fellow ; a drone ; sluggard :—উদ্ভিদনষ্টকারী শম্বুক বিশেষ ; A kind of

snail very destructive to vegetable :—শামুক বিশেষ ; A cylindrical or oval piece of metal used for the charge of a gun.

Sluggard, slug'ard, *n.* অলস ব্যক্তি ; কুড়ে লোক ; Idler ; a drone ; one fond of lying in bed.

Sluggish, slug'ish, *a.* অলস ; জড় ; Slow ; lazy ; slothful :—ঢিলা ; Dull :—মন্থরগতি । *n*=sluggishness (আলস্য ; মন্থরতা) । *ad*=sluggishly (মন্থরভাবে) । *Syn* :—Indolent, inert, inactive, stupid.

Sluice, slōōs, *n.* জল প্রবেশ-নির্গমের পথ ; স্রোতোদ্বার ; জলপ্রণালীর কপাটিয়া কল ; Flood-gate ; water-gate :—বন্যা ; Flood :—ভাণ্ডার ; A source of supply :—*v. t.* প্রচুররূপে জল-সিক্ত-কৃ ; প্লাবিত-কৃ ; To wet copiously. [low street or neighbourhood.

Slum, *n.* নগরের প্রান্তস্থিত কদর্য্য রাস্তা বা পাড়া , A

Slumber, slumber, *v. i.* [A. S. *slumerian,* from *sluma,* slumber] *v. t.* অল্প নিদ্রা-যা ; ঘুমান ; অলস ভাবে থাকা ; গাফিলি-হ ; To sleep lightly ; to be in a state of negligence or inactivity :—*n.* নিদ্রা ; তন্দ্রা ; বিশ্রাম ; Light sleep ; repose. *n*=slumberer. *Syn* :—Doze, snooze, nap ; repose.

Slumberous, slumber-us, *a.* নিদ্রালু ; তন্দ্রাকর্ষী ; Sleepy.

Slump, *v. i.* সহসা জল বা কর্দ্দমে পতিত বা মগ্ন-হ ; To fall or sink suddenly into water or mud :—*v. t.* রাশি-কৃ ; জড়-কৃ ; To throw into a mass or lump.

Slung, *p. t.* and *p. p.* of *sling.*

Slunk, *p. t.* and *p. p.* of slink.

Slur, slur, *v. t.* কলঙ্কিত-কৃ ; মলিন-কৃ ; দাগ-কৃ ; দাগা-দে , দূষিত-কৃ ; To soil , to disgrace ; to continuate ; to sully :—উপহাস-কৃ ; উপেক্ষা-কৃ :—গান-কৃ বা বাদ্যযন্ত্রে বাদিত-কৃ ; To sing or play in a smooth, gliding manner :—আস্তে আস্তে-যা ; To pass over lightly :—গোপন-কৃ ; To conceal :—*n.* কলঙ্ক ; গ্লানি ; নিন্দা ; A stain ; blot , slight reproach ; disgrace. *Syn* :—(*n*) Stigma, reproach, slight mark.

Cast or throw a slur on—কাহারও উপর দোষ আরোপ-কৃ ; Cast a reproach on ; cast a slight imputation on one.

Slur over—দোষ বড একটা না ধরা ; To treat lightly , pass over lightly .—হতশ্রদ্ধা হইয়া কোন কর্ম্ম-কৃ ; এক রকম যেমন তেমন করিয়া কাজ-কৃ ; Do in a perfunctory or negligent way ; do anything in a careless way. [যাওয়া ।

Slur over a difficulty—কঠিন বিষয় চাপা দিয়া

Slush, *n.* তরল কর্দ্দম ; Soft mud :—গলিত বরফ ; Melting snow. *a*=slushy.

Slut, slut, *n.* অপরিচ্ছন্না স্ত্রীলোক ; প্রেতনী ; Dirty untidy woman :—কুকুরী ; A female dog. *mas*=sloven.

Sluttish, slut'ish, *a.* আলু থালু ; মলিন ; অপরিচ্ছন্ন ; Disorderly ; dirty. *ad*=slutishly, *n*=slutishness.

Spondee, *n.* ছন্দ ; দ্বি-গুরুপদ ; যে পদের উভয় অংশই দীর্ঘ ; Foot of two long syllables. *a*=spondaic.

Sponge, spunj, *n.* স্পঞ্জ ; জলশোষক সামুদ্রিক পদার্থ বিশেষ ; Soft substance supposed to be made by polyps ; the porous frame-work of an animal :—পরগাছা ; A parasite :—গোত্র :—*v. i.* স্পঞ্জ দ্বারা মুছিয়া ফেলা ; স্পঞ্জ দ্বারা মুছান , To wipe out with a sponge :—স্পঞ্জ দ্বারা সম্পূর্ণরূপে মুছিয়া ফেলা , To wipe out completely :—নষ্ট-কৃ ; To destroy all trace of :—*v. i.* শোষণ-কৃ ; চুষিয়া-ল , To suck in as a sponge :—ঘৃণিত কৌশল দ্বারা লাভ-কৃ , নীচ চাটুক্ত দ্বারা লাভ-কৃ , To gain by mean arts.

Sponge off—পরিষ্কার-কৃ ; সাফ-কৃ ; Clean off.

Sponge on (or upon)—Hang on or squeeze out of others by mean arts.

Sponge out—মুছিয়া ফেলা ; Wipe out.

Throw up the sponge—বিবাদ পরিত্যাগ-কৃ , Give up the struggle.

Sponge-cake, spunj́kāk, *n.* এক প্রকার কোমল পিষ্টক ; কেক ; A kind of sweet cake, which is very light and spongy.

Sponger, spunjér, *n.* যে স্পঞ্জ ব্যবহার করে ; One who uses a sponge :—অন্নদাস ; পরগ্রহ ; A hanger-on.

Sponging-house, *n.* ঋণীদিগের অবরোধ গৃহ ; Bumbailiffs lock-up for debtors.

Spongy, spunji, *a.* ছিদ্রবৎ , সছিদ্র ; আর্দ্র ও নরম ; Resembling a sponge ; porous ; wet and soft. *n*= sponginess.

Sponsal, sponsal, *a.* বিবাহসম্বন্ধীয় ; Relating to marriage or betrothal ; nuptial.

Sponsor, sponsur, *n.* [L. *spondeo*, *sponsus*, to promise solemnly] ধর্ম্মপিতা বা ধর্ম্মমাতা ; শিশুর অভিষেককালে ধর্ম্মশিক্ষার ভারগ্রহণকারী ; God-father or God-mother :—প্রতিভূ ; জামিন ; A surety. *n*= sponsor-ship (প্রতিভূত্ব)।

Sponsorial, spon-sō'ri-al, *a.* ধর্ম্ম মাতাপিতা সম্বন্ধীয় ; প্রতিভূ সম্বন্ধীয় , Pertaining to a sponsor or sponsorship.

Spontaneity, spon-ta-nē'i-ti, *n.* স্বতঃপ্রবৃত্ততা ; স্বতঃসমুৎপন্নতা ; স্বাভাবিকত্ব ; অভিলাষুকতা ; The state or quality of being spontoneus.

Spontaneous, spon-tānē-us, *a.* [L. *spontaneus*, from *sponte*, of free will] স্বেচ্ছাপ্রবৃত্ত ; স্বাভাবিক , স্বতঃপ্রবৃত্ত ; স্বেচ্ছামূলক , অযত্ন-সম্ভূত ; স্বয়ংসিদ্ধ ; Involuntary ; acting or growing of itself ; of one's will ; natural. *ad*=spontaneously (আপনাআপনি ; স্বয়)। *n*=spontaneousness (স্বয়ংসিদ্ধতা ; স্বতঃপ্রবৃত্তি)। *Syn* —Uncompelled, unconstrained, free, willing, gratuitous.

Spontaneous combustion—Fire arising from internal chemical action.

Spontaneous generation—The production of the lowest forms of life without visible means.

Spool, spōōl, *n.* সূতার কাটিম ; গ্রন্থিদ্বয়মধ্যবর্ত্তী বেত্র-পর্ব্ব ; A cane or reed for winding yarn upon ; a hollow cylinder for winding yarn :—*v. t.* নলিতে জড়ান , কাটিমে জড়ান ; To wind on spools.

Spoon, spōōn, *n.* চামচ ; চামচে ; পলা ; An small domestic uttensil for supplying liquids.

To be born with a silver spoon in one's mouth—ধনী হইয়া জন্মান ; ধনীর ঘরে জন্মান ; To be born to wealth or good fortune.

Spoon-bill, spōō'nbil, *n.* পক্ষিবিশেষ ; A wading bird.

Spooney, *a.* নির্ব্বোধ ; বোকা ; Weak-minded ; silly.

Spoonful, spōōnfool, *n.* অল্প পরিমাণ ; এক চামচ ; এক পলা ; As much as a spoon will hold ; a small quantity of a liquid.

Spoor, *n.* মৃগয়াকালীন পলায়িত প্রাণীর পদ-চিহ্ন ; The track of an animal, especially of one pursued as game.

Sporadic, spo-radik, *a.* বিক্ষিপ্ত ; বিকীর্ণ ; Scattered :—(রোগ সম্বন্ধে) এখানে সেখানে উৎপন্ন ; Attacking a few at a time :—একমাত্র ; Single ; (opposed to Epidemic).

Spore, *n.* রেণু ; সূক্ষ্ম বীজ ; One of the minute grains which serves as a seed.

Sporran, *n.* থলি বিশেষ ; A leather pouch.

Sport, spōrt, *v. i.* [*D. boert*, jest] খেলা-কৃ ; ক্রীড়া-কৃ ; To play :—আমোদ-কৃ ; কৌতুক-কৃ ; To frolic :—তামাসা-কৃ ; To trifle :—মৃগয়া-কৃ ; To practise the diversions of the field :—*v. t.* আমোদিত-কৃ ; প্রফুল্লিত-কৃ ; To amuse ; to divert ; to make merry :—*n.* ক্রীড়া ; Play :—প্রমোদ ; আমোদ ; Mirth :—কৌতুক ; তামাসা ; Jest :—ক্রীড়নক ; খেলানা ; A toy :—মৃগয়া ; Field sport :—ক্রীড়াসামগ্রী ; Anything for playing with. *Syn* :—(*n*) Diversion, game, frolic ; mock, mockery, jeer. (*v*) Romp, wanton, gambol, frisk.

In sport—তামাসাচ্ছলে ; কৌতুক করিয়া ; বাজির খেলা ।

Make sport of—কাহাকে ক্রীড়ার পুতুল-কৃ ; কাহাকে লইয়া যাহা ইচ্ছা তাহাই করিতে পারা ; Turn one into a plaything ; do with another as one please.

Sportful, spōrt'fool, *a.* আমোদপূর্ণ ; আমোদপ্রিয় ; আমোদিয়া ; Merry ; ludicrous ; full of jesting. *n*=sportfulness, *ad*=shortfully.

Sporting, spōrting, *n.* মৃগয়া ; Pursuits of a sportsman :—*a.* কৌতুকাসক্ত ; আমোদকারী ; Relating to sport. *ad*=sportingly.

Sportive, *a.* আমোদকারী ; আমোদজনক ; প্রফুল্ল ; ক্রীড়াসক্ত, Merry ; jocund ; playful. *ad*=sportively (তামাসা করিয়া ; রঙ্গ করিয়া) । *n*=sportiveness.

Sportsman, spōrtśman, *n.* শিকারী ; ব্যাধ . মৃগয়াকারী ; One who practises, or one who skilled in field sports.

Sportmanship, *n.* মৃগয়া-কৌশল ; The skill of sportsman.

Spot, spot, *n.* [L. *spat*, a spot] দাগ ; চিহ্ন ; A blot ; round mark :—স্বাভাবিক বর্ণপরিচ্যুত স্থান : A place discoloured :—দোষ ; কলঙ্ক ; A stain on character or reputation :—অল্প স্থান ; যায়গা ; অপরিসর স্থান ; A small place ; locality ; a small extent of place :—*v. t.* বিবর্ণ-কৃ ; To discolour :—জল ছিটাইয়া চিহ্নিত-কৃ ; দাগ-কৃ ; To mark with drops of water :—কলঙ্কিত-কৃ ; দাগী-কৃ ; To stain ; to taint ; to tarnish. *Syn* :—(*n*) Stain, speck, blemish, taint, flaw, fault , site. (*v*) Mark, blot, taint, blemish ; vaviegate, dapple.

Live upon the spot—অনুপস্থিত না-হ ; To reside ; not to be an absentee.

Upon the spot—তৎক্ষণাৎ ; Immediately.

Spotless, spot'less, *a.* নিষ্কলঙ্ক ; অকলঙ্কিত ; পবিত্র ; নির্মল ; Without a spot ; untainted ; pure. *ad*=spotlessly, *n*=spotlessness. *Syn* :—Unspotted, perfect, blameless, unblemished, immaculate, irreproachable.

Spotted, spot'ed, **Spotty,** spot'i, *a.* চিহ্নযুক্ত ; চিত্রিত ; চিত্রবিচিত্র ; দাগযুক্ত ; Marked with spots.

Spotted fever—Typhus fever accompanied by a rush or eruption of red spots.

Spousal, spouźal, *a.* বিবাহসম্বন্ধীয় ; বৈবাহিক ; Matrimonial ; nuptial :—*pl.* বিবাহ ; Nuptials ; marriage. *Syn* :—Conjugal, converbial ; bridal.

Spouse, spowz, *n.* [L. *spoudeo*, to promise] স্বামী ও স্ত্রী ; কৃতোদ্বাহ লোক ; Wife or husband ; a married person.

Spout, spowt, *v. t.* নলাদি দ্বারা নির্গত-কৃ , To throw out as from a pipe :—নিক্ষেপ-কৃ ; To throw out, as liquids :—অনর্গল বলা ; গর্বিত ভাবে কথা কহা ; To throw out words with affected gravity ; to mouth :—*v. i.* বেগে বাহির-হ ; বেগে নির্গত-হ ; ছুটা ; To issue with violence, as from a pipe :—*n.* চুঙ্গি ; নালী ; নল ; স্তম্ভ ; A tube ; a pipe ; a pipe conducting from a liquid.

Sprain, *v. t.* অস্থি মচ্কান ; মোচড়ান ; To overstrain the ligaments or muscles of a joint :—*n.* মোচড় ; মচ্কানি ; An excessive strain of the muscles or ligaments of a joint.

Sprang, *p. t.* of *spring*.

Sprat, sprat, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A sea-fish.

To bait with a sprat to catch a mackerel—বেশীর লাভে সামান্য-দে ; To give a small thing under the hope of getting something much more valuable.

Sprawl, sprawl, *v. t.* হাত পা ছড়াইয়া শয়ন-কৃ ; আলুথালুভাবে শয়ন-কৃ ; To lie with the limbs stretched at random or wide :—এলোমেলো বিস্তৃত-হ ; To spead ungracefully. *n*=sprawler.

Spray, sprā, *n.* জলকণা ; বায়ু দ্বারা উৎক্ষিপ্ত জলবিন্দু ; Sprinking foam of the sea or falling water :—বৃক্ষের শাখা ; পল্লব ; Twig of a tree ; a small shout of a tree.

Spread, spred, *n.* বিস্তৃতি ; ব্যাপ্তি ; বিস্তার ; Extent ; compass ; expansion of parts :—*v. t.* বিস্তার-কৃ ; বিছান ; মেলান ; প্রসারিত-কৃ ; To scatter abroad ; to extend ; to stretch :—প্রকাশ-কৃ ; প্রচার-কৃ ; To publish ; to propagate :—আচ্ছাদন-কৃ ; Cover over :—*v. i.* বিস্তৃত-হ ; ব্যাপ্ত-হ ; বাড়া ; To be extended or stretched :—ঘোষিত-হ ; প্রকাশ-হ : To be circulated or propagated. *pt. pp*=spread. *Syn* :—(*v*) Expand, dilate ; unfold, unfurl, open ; distribute, disperse, diffuse ; disseminate, circulate ; cover, overspead.

Spread like wild fire—সাতিশয়রূপে বিস্তারিত-হ ; To spread like fire uncontrolled ; to spread very rapidly.

To scatter abroad—ছড়ান ; খাদ্যাদি দিয়া সজ্জিত-কৃ ।

Spree, *n.* সানন্দ বিহার : A merry frolic :—মাতালের রঙ্গ ; A drunken frolic.

Sprig, sprig, *n.* ক্ষুদ্র শাখা ; কেঁকড়ি ; A small shoot of twig ; spray :—ছোকরা :—মাথাহীন প্রেক :—*v. t.* পল্লব দিয়া সাজান ; To adorn with representations of twigs.

Spright, *n.* ভূত ; ছায়া ; A ghost ; a shade.

Sprightly, sprit'le, *a.* সজীব ; হৃষ্ট ; প্রফুল্ল ; ক্ষিপ্র ; Lively ; brisk ; airy ; spirit-like, spright-like. *n*=sprightliness. *Syn* :—Animated, vivacious, active, alert, airy, gay, merry, frolicsome.

Spring, spring, *v. i.* লম্ফ-দে ; To leap ; to bound :—বেগে নির্গত-হ ; ছুটা ; To proceed ; to move hastily :—উৎপন্ন-হ ; উদ্গত বা উত্থিত-হ ; অঙ্কুরিত-হ ; বাহির-হ ; To rise ; to shoot forth :—*v. t.* তাড়া দিয়া বাহির-কৃ ; To cause to spring up :—অগ্নি দ্বারা উড়াইয়া-দে ; ফাটান ; To explode :—উত্তোলন-কৃ ; To raise :—উৎপাদন-কৃ ; উৎপন্ন-কৃ ; To produce :—*n.* লম্ফন ; A leap :—বসন্ত ঋতু ; The vernal season :—উৎস ; Fountain :—কারণ ; মূল ; আকর ; Source :—স্থিতিস্থাপক বস্তু ; An elastic body :—যৌবন ; Youth .—প্রত্যূষ ; The dawn.

pt. pp—sprung. *Syn* :—(*v*) Jump, vault, caper ; arise, issue ; originate, flow, emanate.
Mineral spring—শীতাকুণ্ড ; উৎস ; Hot spring.
Spring a fence—বেড়া ডিঙ্গান ; Leap a fence.
Spring a leak—ভিতর দিয়া জল প্রবেশ করিতে আরম্ভ-কৃ ; Let in water of a sudden ; commence leaking.
Spring a mine—বারুদ দিয়া উড়াইয়া-দে ; Fire it of a sudden :—ভিতরে বারুদ দিয়া উড়াইয়া দিবার নিমিত্ত সুড়ঙ্গ খনন-কৃ ; Dig a mine with a view to cause explosion :—তলে তলে নষ্ট-কৃ ; কেহ জানিতে না পারে এমন ভাবে কাহাকে ধ্বংস করিবার উপায় অবলম্বন-কৃ, Take steps in secret with a view to surprise one or overwhelm one in ruin.
Spring at—লাফ দিয়া ঘাড়ে পড়িতে চেষ্টা-কৃ ; Leap towards. [out.
Spring forth—বেগে নির্গত-হ ; বেগে বাহির-হ ; Rush
Spring from—কোন বংশ হইতে উদ্ভূত-হ, Be descended from ; be born of :—(কোন কিছু হইতে) উৎপন্ন-হ ; Arise out of, arise from.
Spring in—বেগে প্রবেশ-কৃ ; Rush in. [Assault.
Spring on—আক্রমণ-কৃ ; লাফ দিয়া ঘাড়ে পড়া ;
Spring out—বেগে বাহির-কৃ ; Rush out.
Spring out—সম্মুখে লম্ফ-দে ; Leap forward. [হ।
Spring to one's feet—হঠাৎ দাঁড়াইয়া উঠা বা খাড়া-
Spring up—উদয়-হ ; Arise !—হওয়া ; Come into existence —লাফিয়া উঠা ; Jump up from a seat.
Spring up like a mushroom—হঠাৎ উদয় বা উৎপন্ন-হ ; To appear suddenly and grow rapidly.
Springal—যুবা ; A youth ; a stripling.
Spring-balance, *n.* Elastic spring counter-balancing a value or level. [telope.
Spring-book, spring'buk, *n* হরিণ বিশেষ ; An-
Springe, sprinj, *n.* ফাঁদ ; পাশ ; A gin ; a snare with a spring-noose :—*v. t.* ফাঁদ পাতিয়া-ধৃ ; To catch in a springe.
Springer, *n.* লম্ফনকারী ; One who springs :—কুকুর বিশেষ ; A kind of dog :—নবোদ্ভিদ্ ; A young plant. [being trodden on.
Spring-gun, *n.* A gun going off on a spring
Spring-head, spring'-hed, *n.* উৎস ; A fountain or source ; a river-head.
Springlet, *n.* ক্ষুদ্র উৎস ; ক্ষুদ্র সরিৎ ; A little spring ; a small stream.
Spring-mattress—দমের গদি।
Spring-tide, spring'-tid, *n.* জোয়ার ; ভরা কোটাল ; Highest tide ; a tide which rises higher than common tides, after new and full moon.
Spring-time—বসন্তকাল, Spring.
Springy, spring'i, *a.* স্থিতিস্থাপক ; লটকানিয়া, Elastic :—উৎসবহুল ; উৎসপূর্ণ, Abounding with springs or fountains :—চতুর ; ক্ষিপ্র ; লঘু ; Nimble
Sprinkle, spring'kl, *v t.* ছিটা-দে ; ছিটান ; বিন্দুপাত-কৃ ; ছড়ান ; To scatter in small drops :—অভিষেক-কৃ ; To baptise with a few drops of water :—*v. i.* অল্পবর্ষিত-হ ; তড়তড়া-দে ; ছিটাইয়া পড়া ; To scatter in drops :—*n.* ছড়া ; ছিটা, তড়তড়া ; A small quantity sprinkled. *Syn* :—(*v*) Scatter, strew ; bedew.
Sprinkling, *n.* প্রোক্ষণ ; ইতস্ততঃ প্রোক্ষিত অল্প পরিমাণ ; A small quantity sprinkled.
Sprit, *n.* জাহাজের পাইল প্রসারণের আড়কাট বিশেষ ; Small spar or pole.

Sprite, sprit, *n.* ভূত ; প্রেত ; ছায়া ; প্রেতাত্মা ; A shade ; a spirit ; a ghost. *Syn* :—Soul, apparition, elf, fairy, demon, hobgoblin.
Sprout, sprout, *v. i.* অঙ্কুরিত-হ ; গজান ; To shoot ; to bud :—*n.* অঙ্কুর ; পল্লব ; মঞ্জরী ; A germ or young shoot :—*pl.* কপির তরুণ অঙ্কুর ; Young shoots from old cabbages. *Syn* :—(*v*) Germinate, vegetate, pullulate.
Spruce, sproos, *a.* পরিচ্ছন্ন ; পরিপাটী ; ফিটফাট ; ঝরঝরে ; Smart ; neat. *n*=spruceness. *ad*=sprucely.
Sprung, *pt.* and *pt. p.* of *spring.*
Spud, *n.* কোদাল বা খন্তা বিশেষ ; A narrow spade.
Spume, spūm, *n.* [L. *spuo*, to spew] ফেণা ; গাঁজলা ; ফেণ ; Foam ; froth ; scum :—*v. i.* ফেণা নির্গত-হ ; গাঁজলা ভাঙ্গা ; ফেণা উঠা ; To throw up scum ; to froth ; to foam.
Spumous, spūmus, **Spumy,** spumi, *a.* ফেণাযুক্ত, ফেনিল ; ফেণাময় ; গাঁজলাবিশিষ্ট ; Frothy ; foamy.
Spun, *pt.* and *pt. p.* of *spin.*
Spunk, spungk, *n.* শুষ্ক দাহ্য কাষ্ঠ ; যে কাষ্ঠে শীঘ্র অগ্নি ধরে ; A piece of wood readily set on fire ; touchwood :—উৎসাহ ; তেজ ; Mettle ; spirit.
Spunky, *a.* উৎসাহী ; তেজস্বী ; Spirited ; brisk ; fiery.
Spur, spur, *n.* [A. S. *spura*, a spur] অশ্বারোহীর জুতার কাঁটা ; An instrument with sharp points on horseman's heels for goading the horse :—পর্বতের শাখা ; শৈল বাহু ; Branch of a mountain :—উৎগতি ; Something projecting :—উত্তেজনা ; Incitement ; stimulus :—*v. t.* কাঁটা মারা ; To urge on with spurs ; to prick with spurs :—উৎসাহিত-কৃ ; উত্তেজিত-কৃ ; To urge onward ; to instigate, to incite :—*v. i.* বেগে ধাবিত-হ ; দ্রুত গমন-কৃ ; To press forward ; to travel in great haste. *Syn* :—(*v*) Prick, goad, incite, instigate, impel, drive, press, urge.
On or at the spur of the moment—তখনি ; তৎক্ষণাৎ ; উপস্থিত ক্ষেত্রে ; Immediately :—হঠাৎ মনের বেগে উত্তেজিত হইয়া ; তদানীন্তন কালের মনের বেগে ; Under the influence of a sudden impulse (without reflection).
Set spurs to—ঘোড়া বেগে চালাইবার নিমিত্ত জুতার গোড়ালি দিয়া আঘাত-কৃ ; জুতার কাঁটা দিয়া তাড়না-কৃ ; Prick the sids of (a horse) to drive it forward or hasten its pace.
Win one's spur—নিজের ক্ষমতায় মর্য্যাদা লাভ-কৃ ; নিজ চেষ্টা দ্বারা খ্যাতি লাভ-কৃ ; To obtain position or fame by one's exertions to gain the rank of kinghthood :—উচ্চপদ বা মর্য্যাদা লাভ-কৃ ; Rose in rank or dignity :—নিজের বলবিক্রম দেখাইয়া খ্যাতি লাভ-কৃ ; Signalize oneself by deeds of valour.
Spurge, spurj, *n.* উদ্ভিদ্ বিশেষ, Euphorbia.
Spurious, spū're-us, *a.* কৃত্রিম ; নকল ; অপ্রকৃত ; Not genuine ; false ; adulterate :—জারজ ; Not legitimate ; illegitimate. *n*=spuriousness (কৃত্রিমতা)। *ad*=spuriously (অপ্রকৃতরূপে)। *Syn* :—Bastard ; false, supposititious, fictitious, counterfeit, sham.
Spurn, spurn, *v. t.* পদাঘাত-কৃ ; পায়ে ঠেলা ; তুচ্ছ-কৃ ; ঘৃণা-কৃ ; To kick ; to drive back, as with the foot ; to reject with disdain :—*v. i.* পা ছোঁড়া ; অবজ্ঞা প্রকাশ-কৃ ; তুচ্ছ-কৃ ; To kick up the heels ;

to show disdain :—*n.* ঘৃণা ; অবজ্ঞা ; উপেক্ষা ; Disdain ; rejection. *Syn* :—(*v*) Repel, reject ; scorn, despise, disdain.

Spurt, spurt, *v. i.* সজোরে হঠাৎ নির্গত হয় ; ফিন্‌কি দিয়া বাহির-হ ; হুড়হুড় করিয়া পড়া ; To gush out suddenly in a small stream :—*v. t.* ফিন্‌কি দিয়া বাহির-কৃ ; সজোরে উদ্‌গীর্ণ-কৃ ; To sprout or send out in a sudden stream, as water :—*n.* ফিন্‌কি ; সতেজধারা ; A jet :—উদ্যম ; হঠাৎ চেষ্টা ; A sudden effort.

Sputter, sputer, *v. i.* থুথু ফেলা ; লালা-বিন্দু বর্ষণ-কৃ ; *To spit in small drops, as in rapid speaking* :—অস্পষ্টরূপে বলা ; দ্রুত অস্পষ্টরূপে কথা কহা, *To speak* hastily and indistinctly :—*v. t.* বেগে নির্গত-কৃ ; To throw out with haste and noise :—দ্রুত উচ্চারণ-কৃ ; অস্পষ্টরূপে বলা ; To utter hastily and indistinctly :—*n.* বর্ষিত বিন্দু ; Moist matter thrown out in small particles.

Spy, spī, *n.* গুপ্তচর ; গুপ্তচর ; গোয়েন্দা ; সন্ধানী লোক, Secret watcher or emissary, scout. —*v. t.* দেখা ; দূরে দেখিতে পাওয়া ; গোপনে সন্ধান-কৃ ; খুঁজিয়া সন্ধান-কৃ ; To see ; to watch narrowly or secretly ; to espy :—*v. i.* সূক্ষ্মরূপে পরীক্ষা-কৃ , To scrutinise.

Spy out—গোপনে পরীক্ষা-কৃ ; To explore ; to view and examine secretly.

Spy-craft, *n.* চরবৃত্তি ।

Spy-glass, spi'glas, *n.* ক্ষুদ্র দূরবীণ ; A small telescope.

Spy-system, *n.* Employing government spies.

Squab, *a.* মোটা ; স্থূল ; Fat :—অজাতপক্ষ ; Unfledged :—*n.* স্থূল ব্যক্তি ।

Squabble, skwobl, *v. i.* বিবাদ-কৃ ; দ্বন্দ্ব-কৃ ; বিরোধ-কৃ ; কলহ-কৃ ; To wrangle ; to dispute ; scuffle :—*n.* সামান্য বিরোধ ; সামান্য কলহ ; A noisy petty quarrel ; a brawl. *n*=squabbler. *Syn* :—(*v*) Struggle ; dispute, quarrel, brawl, bicker.

Squad, skwod, *n.* সৈন্যের দল ; কসরৎ শিক্ষার্থ সমবেত ক্ষুদ্র সৈন্যদল ; ক্ষুদ্র দল ; A small party or set of soldiers.

Squadron, skwodrun, *n.* অশ্বারোহী সৈন্যদল ; Two or more troops of cavalry ; a body of cavalry :—যুদ্ধ জাহাজের দল ; রণতরীর বহর ; Part of a fleet.

Squalid, skwolid, *a.* মলিন ; নোংরা ; সমল, Filthy ; dirty ; foul ; unclean. *n*=squalidness (মলিনতা)। *ad*=squalidly.

Squall, skwawl, *v. i.* চীৎকার-কৃ ; চীৎকার করিয়া ক্রন্দন-কৃ ; To cry out violently :—*n.* চীৎকার ; চীৎকারশব্দ ; A loud cry ; a loud scream :—দমকা বাতাস ; প্রবল ঝাপ্টা ; A gust of wind. *a*=squally (বায়ুপ্রবাহময় ; gusty).

Black squall—যে দমকা বাতাসের সময় আকাশে কাল মেঘ থাকে।

Thick squall—করকা-পাত সহিত ঝড়বৃষ্টি।

Squalor, *n.* মলিনতা, মল, Filthiness ; dirtiness, foulness.

Squander, skwonder, *v. t.* [Ger. *schwindan*, to vanish] অপব্যয়-কৃ ; অতি ব্যয়-কৃ ; To spend lavishly or profusely ; to waste ; to dissipate. *n*=squanderer (অপব্যয়ী)। *Syn* :—Expend, scatter, dissipate, lavish.

Square, skwār, *a.* সমচতুরস্র ; চতুষ্কোণবিশিষ্ট ; চারিকোণা, Having four equal sides and angles :—সমকোণকারী ; Forming a right angle :—ন্যায্য ; ঠিক ; Exact :—সৎ ; Honest ; fair :—*n.* সমচতুর্ভুজ ; চৌকা জিনিষ ; A square figure :—যে সৈন্যদলের চারিপার্শ্ব সমান ; A square body of troops :—বর্গরাশি ; The product of a quantity multiplied by itself :—রাজপথ ; An open place formed by the intersection of two or more streets :—সমকোণ পরিমাপক যন্ত্র ; An instrument for measuring right angles :—চতুষ্ক ; প্রাঙ্গণ ; যে চৌকা স্থানের চারিধারে বাটী থাকে ; An area of four sides with houses on each side :—*v. t.* চৌকা-কৃ ; চারিকোণা-কৃ ; To form like a square ; to form with four equal sides and four right angles :—শোধ-কৃ ; (হিসাব) মিলান ; ঠিক-কৃ ; To measure ; adjust :—To *multiply a number by itself* :—*v. i.* মিল, মত, উপযুক্ত বা যোগ্য-হ। *ad*=squarely, *n*=squareness. *Syn* :—(*v*) Regulate, fit, accommodate, adapt ; settle, balance.

All square—ঠিক ঠাক ; All settled ; all right.

Hollow square, *n.* A body of infantry drawn up in the form of a square with a space in the centre for the officer, &c.

On the square—ন্যায়ানুসারে ; ন্যায়পূর্বক ; In an open fair manner ; honestly.

Square by—নিয়মানুমত স্থির-কৃ ; Regulate ; adjust.

Square the circle—অসম্ভব চেষ্টা-কৃ ; Attempt an impossibility.

Square with—সমান-হ ; তুল্যরূপ-হ ; To conform to ; to agree or accord exactly with.

Upon the square with—শোধবোধ অবস্থায়, সমান অবস্থায়।

Square-built, *a.* বলিষ্ঠ ; Well-fitted up ; of a short stout make :—চারচৌকা ; খাটমুগুর।

Square measure—বর্গ পরিমাণ।

Square number—বর্গ ; Product of a number multiplied by itself.

Square root—(অঙ্কে) বর্গমূল।

Squash, *n.* কোমল পদার্থ ; অপক্ব নরম দ্রব্য ; Anything soft or unripe :—*v. t.* থেতলান, ছেঁচা ; To beat or press into pulp. *a*=squashy (মণ্ডের মত ; কাদাকাদা)।

Squat, skwot, *v. i.* থাবড়িয়া বা আসনপিঁড়ি হইয়া বসা ; খাটুমালা হইয়া বসা ; চাপিয়া বসা ; আসীন-হ ; To sit down upon the hams or heels ; cower ; sit close to the ground :—*a.* খাটুমালা ভাবে আসীন ; স্থূল। *n*=squatter.

Squaw, *n.* উত্তরামেরিকার আদিম অধিবাসীর স্ত্রীলোক ; In America, an Indian woman, especially a wife.

Squeak, skwēk, *v. t.* চিঁচি শব্দ-কৃ ; কিচমিচ-কৃ ; কোঁ কাঁ-কৃ ; তীব্র চীৎকার-কৃ ; To utter a shrill, and usually short cry :—*n.* তীক্ষ্ণ কর্কশ শব্দ ; চিঁচি শব্দ ; কিচমিচ শব্দ ; কোঁ কাঁ শব্দ ; A sudden, shrill cry. *n*=squeaker.

Squeal, skwēl, *v. i.* গলা সরু করিয়া চীৎকার-কৃ ; চেঁচাইতে থাকা ; To utter a shrill and prolonged cry :—গোয়েন্দা-হ :—*n.* অবিরত চিঁচি শব্দ ; অনবরত চীৎকার ; A shrill, sharp prolonged cry.

Squeamish, skwēmish, *a.* বমনশীল ; অল্পেই যার গা বমি-বমি করে, Sickish at stomach ; having the stomach easily turned :—সহজে সন্তুষ্ট হইবার নহে ; খুঁতখুঁতে ; দুস্তোষণীয় ; Overnice. *n*=squeamishness (দুস্তোষণীয়তা ; অসন্তোষ)। *ad*=squeamishly (অসন্তুষ্টভাবে)। *Syn* :—Fastidious, dainty, scrupulous, difficult, punctilious.

Squeeze, *v. t.* বস্তুদ্বয়ের মধ্যে নিষ্পেষণ-কৃ ; চাপা ; নিষ্কর্ষণ-কৃ ; মর্দন-কৃ ; নিঙড়ান, নিষ্পীড়ন-কৃ ; পীড়ন-কৃ ;

To press between two bodies ; to force through a small hole ; to embrace closely :—চাপান ; To cause to pass :—*v. i.* ঠেলিয়া-যা ; ভিড়-কৃ ; To press by pressing ; to crowd :—*n.* নিষ্পেষণ ; চাপন ; নিকষণ ; নিপীড়ন ; Compression between bodies. *Syn* :—(*v*) Compress, pinch, gripe, nip ; embrace, hug. [pressure.

Squeeze out—চাপিয়া বাহির-কৃ ; Force out by

Squeeze through—Pass though by pressing.

Squib, skwib, *n.* পটকা ; চোঁটা ; Whizzing and cracking fire-work :—ব্যঙ্গপূর্ণ প্রবন্ধ ; বিদ্রূপ ; Petty lampoon :—*v. t.* পটকা ছোড়া :—*v. i.* ঠাট্টা-কৃ ; বিদ্রূপ-কৃ ।

Squill, skwill, *n.* উদ্ভিদ্ বিশেষ ; A plant.

Squint, skwint, *a.* টেরা ; Having the vision distorted :—*v. i.* আড়ে দেখা ; আড়ে নজর-কৃ ; টেরা-হ, To look obliquely :—*v. t.* বক্র-কৃ ; আড়ে চাহান ; To cause to squint :—*n.* বক্র-দৃষ্টি ; কুটিল-দৃষ্টি ; An oblique look.

Squint-eyed, *a.* টেরা ; বক্র-দৃষ্টি ; Having eyes that squint :—অশুভ ; Malignant.

Squinting, *n.* টেরা-চাউনি ।

Squire, *n.* পদবী বিশেষ ; নিম্নশ্রেণীর সম্ভ্রান্ত ব্যক্তি ; সম্ভ্রান্ত ব্যক্তির অনুচর ; বাবু । See *esquire.*

Squirrel, skwirl, *n.* কাষ্ঠ-মার্জ্জার ; কাঠবিড়াল . Rodent animal.

Squirt, skwẽrt, *v. t.* সরু নল দিয়া নির্গত-কৃ ; পিচকারী দিয়া বাহির-কৃ ; সরু-ধারে নিক্ষেপ-কৃ , To eject in a stream from a narrow opening :—*n.* ক্ষুদ্র দ্রুতগামী প্রবাহ ; A small, quick stream :—সরু-ধারা পিচকারি বিশেষ ; A syringe.

Stab, stab, *v. t.* [Ger. *stab*, a staff, stick] সূক্ষ্মাগ্র অস্ত্র দ্বারা বিদ্ধ-কৃ ; খুঁচিয়া মারা ; আঘাত-কৃ ; To pierce with a sharp pointed weapon , to kill by the thrust of a pointed instrument ; to wound :—গোপনে ক্ষতি-কৃ ; To injure secretly or by falsehood or slander :—*v. i.* বিদ্ধ-কৃ ; খোঁচা মারা ; ঘাইল-কৃ ; To give a stab or a mortal wound :—*n.* তীক্ষ্ণাগ্র অস্ত্র দ্বারা আঘাত ; A wound with a pointed weapon : —গোপনে কৃত ক্ষতি ; An injury given secretly. *n*=stabber (গুপ্ত ঘাতুক) । *Syn* :—(*v*) Pierce, transfix, gore, spear, wound, kill ; thrust, feint.

Stability, sta-bile-te, *n.* দৃঢ়তা ; স্থায়িত্ব ; স্থিরতা ; নিশ্চয়তা ; Steadiness ; firmness ; immovability. *Syn* :—Stableness, fixedness, durability, permanence ; constancy.

Stable, stábl, *a.* স্থায়ী , Firm ; lasting ; durable :—দৃঢ়বদ্ধ ; Fixed :—স্থির , অটল ; অচঞ্চল ; Constant :—*n.* অশ্বশালা ; পশুশালা ; আস্তাবল ; A building for horses and cattle :—*v. t.* আস্তাবলে রাখা ; আস্তাবলে বদ্ধ-কৃ , To put or keep in a stable :—*v. i.* অশ্বশালায় থাকা ; আস্তাবলে থাকা ; To dwell in a stable. *ad*=stably, *n*=stableness. *Syn* :—(*a*) Fixed, established, enduring, immovable, lasting, permanent, abiding, strong ; steady, steadfast, staunch.

Stabling, *n.* আস্তাবলে স্থাপন ; The act of keeping into a stable.

Stack, *n.* রাশীকৃত ঘাস বা খড় ; ঘাসাদির বৃহৎ স্তূপ ; খড় গাদা ; শস্যের পালুই ; A large pile of hay, &c. :—ধূমনির্গমন নলসমষ্টি ; A number of chinneys standing together :—*v. t.* রাশীকৃত-কৃ ; স্তূপাকার-কৃ ; গাদা-দে ; পালুই বাঁধা ; To pile into a stack or stacks.

Stack of arms—সঙ্গীন-চড়ান বন্দুকধারী ।

Stack-stand, *n.* গাদার মাচা ; পালুই-মাচা ।

Stack-yard, stakyärd, *n.* ঘাস রাখিবার গোলাবাড়ি ; খামার ; A yard for stacks.

Staddle, *n.* মাচা ; ক্ষুদ্র বৃক্ষ ; চাতাল ।

Stadium, *n.* পরিমাণ বিশেষ ; A Greek measure of length. *pl*=stadia.

Staff, staf, *n.* যষ্টি ; লাঠি ; Stick :—অবলম্ব ; Prop ; support :—চরণ ; শ্লোক ; কবিতা ; Stanza :—(*pl*=staves.) কেতুদণ্ড ; হাতল ; আসাসোঁটা ; A flag staff : —ক্ষমতাসূচক দণ্ড ; Stick or ensign of authority :—(*pl.*=staffs.) সৈনিক-কর্মচারিগণ ; সেরেস্তা ; An establishment of officers acting together in an army ; an establishment of officers in any undertaking.

Keep the staff in one's hand—অধিকার রাখা ; দখল রাখা ; To keep possession ; to retain the right. [up office or possession.

Part with the staff—অধিকারে ত্যাগ-কৃ ; Give

Put down one's staff in one place—বাস-কৃ ; বসতি-কৃ , To take up one's residence.

Staff of life—জীবন রক্ষার উপায় ; যাহাতে জীবন রক্ষা করে ; অন্ন , রুটী , That which supports and preserves life.

Staff of teachers—শিক্ষকবর্গ ।

Take up one's staff—বেড়াইতে বাহির-হ ; Set out on one's travels.

Stag, stag, *n.* হরিণ ; এঁড়ে ; দামড়া ; The male deer :—রক্ত-মৃগ ; The red-deer. *fem*=hind.

Stag-hound, stag'hownd, *n.* কুকুর বিশেষ ; A hound employed in hunting deer.

Stage, stāj, *n.* মঞ্চ ; রঙ্গমঞ্চ ; রঙ্গস্থল ; A platform in a theatre ; raised floor of a play-house :—যেখানে কোনও কিছু সাধারণে প্রদর্শিত হয় ; রঙ্গভূমি ; Any place of exhibition or performance :—আড্ডা ; ভ্রমণপথের বিশ্রাম-স্থান ; A place of rest on a journey or road :—দুই স্থানের মধ্যে ব্যবধান ; The distance between places :—অবস্থা , উন্নতির পরিমাণ ; Condition ; state ; the degree of process :—ডাকগাড়ি , Stage-coach.

Come upon the stage—প্রকাশ্যভাবে উপস্থিত-হ ; প্রকাশ্যে আবির্ভাব-হ ; To appear upon the scene of action , to figure in public life.

First stage of a disease—পীড়ার প্রথমাবস্থা ।

Last stage—চরমাবস্থা ।

Stage-coach, stājkōch, *n.* ডাকগাড়ি ; ডাকের গাড়ি ; A coach that runs regularly with passengers from stage to stage.

Stage-player, stājplā'ér, *n.* নট ; রঙ্গমঞ্চে অভিনেতা ; A player or actor on the stage. [be heard.

Stage-whisper, *n.* A whisper loud enough to

Stagger, stag'er, *v. i.* হেলা ; দুলা ; টলা ; টলমল-কৃ ; দোলায়িত-হ ; To reel, totter, begin to doubt, hesitate :—*v. t.* টলান ; দোলায়িত-কৃ ; To cause to reel :—ভয়াদি দ্বারা অভিভূত-কৃ ; স্তব্ধ-কৃ ; কম্পিত-কৃ ; To shock :—*n.* টলটলানি । [horse.

Staggers, *pl.* ঘোটকাদির ঘূর্ণী রোগ ; A desease of

Staghount, *n.* কুকুর বিশেষ ; A dog.

Staging, *n.* গাঁথুনী কাজের নিমিত্ত ভারা ; A structure for workmen in building.

Stagnant, stag'nant, *a.* স্থির ; বদ্ধ ; স্রোতোহীন ;

অপ্রবাহিত ; চলাচল-রহিত ; নিশ্চল ; Not flowing ; motionless :—নিস্তেজ ; নিষ্ক্রিয় ; নিশ্চেষ্ট ; জড় ; Not dull ; not brisk. *n*=stagnancy, *ad*=stagnantly. *Syn* :—Still, standing, inert, sluggish.

Stagnate, stag'nāt, *v. i.* বদ্ধ-হ ; বদ্ধ-হ ; চলাচল-শূন্য-হ ; To cease to flow ; to cease to be brisk ; to be motionless.

Stagnation, stag-nā́shun, *n.* বদ্ধতা ; অপ্রবাহ ; স্থিরতা ; নিশ্চলতা ; The state of being stagnant ; dullness.

Staid, stād, *a.* অপ্রমত্ত ; গম্ভীর ; Sober ; grave :—শান্ত ; স্থির ; Steady. *ad*=stadily, *n*=stadiness (গাম্ভীর্য ; স্থিরতা) । *Syn* :—Regular, composed, sedate, serious.

Stain, stān, *v. t.* [W. *ystaen*, spread out, L. *tingere*, to dye] রঞ্জিত-কৃ ; রঙ-দে ; To tinge ; to colour ; to dye :—কলঙ্কিত-কৃ ; দূষিত-কৃ ; দাগী-কৃ ; To sully ; to spot ; to tarnish :—*n.* দাগ ; চিহ্ন ; Discolouration ; spot :—কলঙ্ক ; নিন্দা ; Taint of guilt :—লজ্জা ; Shame. *Syn* :—(*v*) Paint, tinge ; blot, soil, pollute, taint ; disgrace ; dishonour. (*n*) Blot, spot, blemish, tarnish ; disgrace, dishonour ; contamination, taint.

Stained-glass, *n.* রঞ্জিত কাচ ; Glass variously [coloured.

Stainless, stā́nles, *a.* বেদাগ ; নির্দোষ ; অকলঙ্ক ; নিষ্কলঙ্ক ; Free from stain ; spotless.

Stair, stār', *n.* সিঁড়ি ; সোপান ; A single step :—*pl.* সোপান-শ্রেণী ; A flight of steps.

Below stairs—নীচের তলায় ; নিম্নতলে ; In the lower part of house.

Flight of stairs—সোপান-পরম্পরা । [rooms.

Up stairs—উপর তলায় ; উপরে ; In the higher

Stair-case, stār'kās, *n.* সোপান-শ্রেণী ; সিঁড়ির ঘর ; A flight of stairs or steps.

Stake, stāk, *n.* সূক্ষ্ম কাষ্ঠদণ্ড ; গোঁজ ; খোঁটা ; খুঁটি ; Stick pointed at one end ; post fixed to the ground with its end sharpened :—শূল ; শূলদণ্ড ; A post for holding a victim :—বাজি ; পণ ; Any thing laid down as a wager :—ধর্মবিশ্বাসার্থ জীবন বিসর্জন ; ধর্মের জন্য মৃত্যু ; Martyrdom :—*v. t.* গোঁজ দ্বারা বিদ্ধ-কৃ ; খুঁটি দিয়া রক্ষা-কৃ ; To fasten or pierce with a stake :—পণ-কৃ ; বাজি রাখা ; To wager. *Syn* :—(*n*) Pale, picket ; wager, bet ; risk, venture, hazard.

A stake—সংশয়াপন্ন ; সঙ্কটাপন্ন ।

At the stake—পোড়াইয়া মারিবার স্থানে ; বধ্য স্থানে ; At the burning place. [danger.

Be at stake—যায় যায় হওয়া ; সঙ্কটাপন্ন-হ ; Be in

Stake on—কোন অনিশ্চিত ঘটনার উপর নির্ভর করিয়া প্রিয়দ্রব্য বিসর্জন করিতে প্রস্তুত-হ ; Put (something one values) to hazard on the result of (some contigency).

Stake out—দাগ-কৃ ; চিহ্নিত-কৃ ; Mark or plot out.

Stake-fellow—ধর্মার্থ মৃত্যুসহচর ; Fellow martyr.

Stake-net—A net secured and outstretched by means of stakes.

Stalactite, *n.* পর্কত ; লম্বিত চোর্ণ শূচী ।

Stalagmite, *n.* সূচ্যগ্র চোর্ণ-স্তম্ভ ।

Stale, stāl, *a.* পুরাতন ; জীর্ণ ; বাসি ; Old ; not new ; too long kept :—বিস্বাদ ; Tasteless :—অকিঞ্চিৎকর ; সামান্য ; Trite :—*v. i.* মূত্র ত্যাগ-কৃ ; To make water, said of beasts :—*v. t.* বিস্বাদ-কৃ ; Make tasteless. *n*=staleness (পর্যুষিতত্ব) । *Syn* :—(*a*) Vapid, insipid, flat, musty, decayed, faded, effete ; commonplace, threadbare, trite.

Stalk, *n.* বোঁটা ; বৃন্ত ; ডাঁটা ; Stem of a plant :—লেখনী-পক্ষকাণ্ড ; The stem of a quill :—সদর্প পাদবিক্ষেপ :—*v. i.* সদর্পে পদবিক্ষেপ-কৃ ; সগর্বে চলা ; To walk stilts or proudly :—*v. t.* গোপনে নিকটবর্ত্তী হ ; গোপনে নিকটে আইসে ; To approach secretly.

Deer stalking, *n.* The act of approaching deer wearily and steathily.

Stalking-horse, stawking-hors, *n.* শিকারের অনুসরণকালে শিকারী যে ঘোটকের পশ্চাতে লুক্কায়িত থাকে ; Real or sham horse behind which a sportsman conceals himself :—ছল ; ভাণ ; Mask ; pretence.

Stall, *n.* অশ্ব দাঁড়াইবার স্থান ; A crib of horses :—পশুশালা ; আস্তাবল ; Stable :—ক্ষুদ্র দোকান ; পণ্যশালা ; Small shop of a book-seller, &c. :—আসন ; A seat :—রঙ্গালয়ের আসন বিশেষ ; A reserved seat in a theatre :—খ্রীষ্টীয় উচ্চ অঙ্কের আচার্য্যের গির্জ্জামধ্যস্থ আসন ; Scat of a dignitary or monk at church :—দোকানের চালা ; হাট-চালা ; A slight shed in a market :—*v. t.* পশুশালায় রাখা ; আস্তাবলে রাখা ; To put or keep in a stall.

Stallage, stawl'āj, *n.* পশুশালার কর ; হাট-চালার খাজনা ; Rent paid for stalls.

Stall-feed, *v. t.* পশুশালায় খাওয়াইয়া মোটা-কৃ ; To feed and fatten in a stable.

Stallion, stalyun, *n.* ঘোড়া ; পালের ঘোড়া ; A horse kept in the stall without being made to work :—অছিন্নমুষ্ক অশ্ব ; A horse not castrated.

Stall-reader, *n.* যে দোকানে বাইয়া পুস্তক পড়ে ; One who reads books at stall.

Stalwart, stālwert, *a.* [A. S. *stelferhdh*, a man of iron mood] সাহসী ; বলিষ্ঠ ; বলবান ; জোয়ান ; Bold ; sturdy ; stout ; strong. *ad*=stawartly. *n*=stalwartness. *Syn* :—Redoubted, daring, intrepid ; muscular, brawny, robust, strapping, brave.

Stamen, stāmen, *n.* পুং-কেশর ; পরাগ-কেশর ; Male apparatus of a flower. *pl*=*stamina* (শরীরের সারভাগ ; প্রধান বলের হেতু ; শক্তি ; বল ; the principal strength of anything) ; stamens (পুং-কেশর সম্বন্ধে) ; stamina (বল সম্বন্ধে) ।

Stammer, stamer, *v. i.* [A. S. *stamer*, one who stammers] তোতলা-হ ; তো তো-কৃ ; বাধ বাধ কথা কহ ; To falter in speaking ; to hesitate in speaking , stutter ; halt in one's speech :—*n.* তোতলামি ; অস্ফুট উচ্চারণ ; Hesitation in speech ; defective utterance. *n*=stammerer (তোতলা) ।

Stammering, *n.* তোতলামি ; অস্ফুট কথন ।

Stamp, stamp, *n.* পদাঘাত ; (পদাদি দ্বারা) চাপন ; The act of stamping ; the noise made with the foot :—মুদ্রা ; Instrument for making an impression :—মোহর ; Impresion ; print :—মুদ্রিত-চিহ্ন ; ছাপ ; মোহর ; Mark set on papers &c. paying tax :—আকার ; ধরণ ; গঠন ; ছাঁচ ; Make ; form ; cast :—স্বভাব ; Character :—টিকিট ; ষ্ট্যাম্প ; দলিলাদি কাগজ ; A small piece of paper having certain figure impressed by government and sold to the public :—হাতুড়ি বিশেষ ; A kind of hammer :—*v. t.* দৃঢ়ভাবে পাদবিন্যাস-কৃ ; পদাঘাত-কৃ ; To plant the foot

firmly down ; to kick :—*v. t.* পদপীড়িত-কৃ ; পদাঘাত-কৃ ; To strike with the bottom of the foot : —মোহর-কৃ ; মুদ্রাঙ্কিত-কৃ ; টিকিট লাগান ; To impress with some mark or figure ; to imprint :—মুদ্রা-কৃ ; To coin. *n*=stamper. *Syn* :—(*n*) Die, seal ; mark, impress, brand ; cast, mould, form ; complexion. (*v*) Mark, brand ; coin, mint.

Bear the stamp of—কোন কিছুর স্পষ্ট লক্ষণ হওয়া বা দেখান ; Be clear and certain indications of.

It is of the right stamp—It has the stamp of genuine merit.

Of high stamp—মহাভাব।

Stamp about—সদর্পে চলা ; শব্দ করিয়া চলা ; Walk about with a great noise. [annihilate by force.

Stamp out—উচ্ছেদ-কৃ , দমন-কৃ , Crush , eredicate ;

Stamp Act, *n.* ১৭৬৫ খৃঃ নির্দিষ্ট শুল্ক সম্বন্ধীয় আইন বিশেষ ; Law for imposing stamp duties.

Stamp duty, *n.* দলিলাদির কাগজে মুদ্রাঙ্কিত শুল্ক বা মূল্য ; Tax on newspapers, bills, receipts &c.

Stampede, stam-pēd, *n.* অশ্বদলের ভয়ে দ্রুতবেগে পলায়ন ; A sudden fright and bolt of a herd of horses :—ভয়জনিত পলায়ন ; Flight caused by panic :—*v. i.* সহসা ভয়ে পলায়ন করা বা ছত্রভঙ্গ-কৃ।

Stamp-office, *n.* যেখানে টিকিট পাওয়া যায় ; An office for the issuing of stamps.

Stanch, stánsh, *v. t.* (রক্তাদির) প্রবাহ বন্ধ-কৃ ; রক্ত রোধ-কৃ ; বন্ধ-কৃ ; To stop the flowing of (as blood) :—*v. i.* বহিতে ক্ষান্ত-হ ; To cease to flow :—*a.* অবিচলিত ; Constant :—স্থির ; দৃঢ় ; শক্ত ; Firm : —বিশ্বস্ত ; বিশ্বাসী ; Trusty :—উৎসাহী ; Zealous. *n*=stanchness (স্থিরতা ; দৃঢ়তা)। *ad*=stanchly (দৃঢ়ভাবে ; স্থিরভাবে)। *Syn* :—(*a*) Stopped, stayed ; strong and tight ; sound, stount , steady, unwavering, resolute.

Stanchion, stańshun, *n.* অবলম্বন ; খোঁটা ; ঠেকো ; চাড়া ; A prop ; a support.

Stand, stand, *v. i.* দণ্ডায়মান-হ ; দাঁড়াইয়া থাকা , Be fixed in an upright position ; be upon the feet : —এক ভাবে থাকা ; Be stationary :—স্থাপিত-হ ; অবস্থিত-হ ; Be situated or located :—স্থায়ী-হ ; Be permanent :—অগ্রসর না হওয়া ; To cease to proceed ; to cease to move :—থামা ; To halt :—অপেক্ষা-কৃ ; Await :—বাস-কৃ ; Abide :—সহিয়া থাকা ; সহ্য-কৃ ; Endure :—ঐক্য-হ ; Agree :—মিল হ ; To consist :—কার্য্যের প্রার্থনা-কৃ ; প্রার্থী হইয়া দাঁড়ান , To offer one's self as a candidate :—সাগরের দিঙ্‌নির্দেশ অবলম্বন-কৃ ; To hold a course at sea .—*v. t.* সহা ; সহ্য-কৃ , To endure ; to bear ; to suffer : —প্রতিরোধ-কৃ ; To withstand :—মানিয়া চলা ; To abide by :—খাড়া-কৃ , দাঁড় করান ; Cease to stand : —*n.* আড্ডা ; Station :—শঙ্কা , A difficulty :—দণ্ডায়মান অবস্থা ; স্থিতি ; Standing ; halt .—দর্শকদিগের মেজ ; মঞ্চ ; Platform :—বাধা ; প্রতিরোধ ; Act of resistance :—আটক ; Embrassment :—গমনে বিরতি ; A stop :—আধার ; Frame for flower ; frame for ink-bottles. *pt.* and *pp*=stood. *Syn* :—(*v*) Remain, continue ; stop, halt, pause ; stay, persist ; be ; sustain, bear ; resist, oppose. (*n*) Stop, stay , post, position ; interruption, cessation, pause, standstill ; table ; stall, booth.

Be at a stand, Be at a stand-still—গতিরোধ-হ ; স্থগিত-হ , সঙ্কটে পড়া ; Be unable to go on.

Come to a stand—গতিরুদ্ধ-হ। [say.

I will stand it out—I will persist in what I

Make a stand—শত্রুর গতিরোধার্থ দণ্ডায়মান-হ।

Make a stand—বাধা দিবার জন্য দণ্ডায়মান-হ ; Halt for the purpose of offering resistance to (an pursuing enemy) ; :—পশ্চাৎবর্ত্তী শত্রুকে তাড়াইবার জন্য রোক্ করিয়া দাঁড়ান ; দমন করিবার চেষ্টা-কৃ ; Endeavour to overcome ; be in a stationary state owing to some difficulty :—এগুতে না পারা ; সঙ্কটে পড়া ; Be perplexed ; be embarrassed.

Put to a stand—হতবুদ্ধি-কৃ ; কিংকর্ত্তব্যবিমূঢ়-হ ; To perplex ; embarass. [about.

Stand about—চারিদিকে গমনাগমন-কৃ ; Loiter

Stand a chance—সম্ভব-হ ; Have the possibility, likelihood. [date again.

Stand again—পুনঃ কার্য্যের প্রার্থী-হ ; Be a candi-

Stand against—প্রতিরোধ-কৃ ; বাধা দেওয়া , বিরুদ্ধে দাঁড়ান ; Resist.

Stand aghast at—ভয়ে বিহ্বল-হ ; ভয়ে জড়সড় বা আচম্বিত-হ ; Be greatly amazed ; be stupefied with sudden fright at.

Stand alone—স্বাধীন ভাবে থাকা ; Keep an independent position :—একাকী-হ ; Be solitary.

Stand aloof, Stand aloof from—দূরে দাঁড়ান ; Stand off.

Stand aside—একধারে দণ্ডায়মান ; Retire to one side. [Retire.

Stand back, Stand back from—পশ্চাদগমন কৃ ;

Stand between—রক্ষা-কৃ ; Act as a shield :—মধ্যে দাঁড়ান , Occupy an intermediate place.

Stand by—কাছ ছাড়া না হওয়া ; সহায়তা-কৃ ; সমর্থন-কৃ ; রক্ষা-কৃ ; Not to desert , support .—শুদ্ধ দাঁড়াইয়া থাকা , নিকটে থাকা , নিকটবর্ত্তী থাকা ; উপস্থিত থাকা ; কিছু না করা ; Be an idle spectator ; be near ; be present without taking part :—সম্মত-হ ; রাজী-হ ; To abide by ; to agree.

Stand fast—দৃঢ়বদ্ধ থাকা ; দৃঢ়রূপে স্থাপিত-হ ; স্থির থাকা ; Be fixed , to be unshaken or immovable

Stand fire—গোলাগুলির ভয়ে না পলাইয়া দাঁড়াইয়া থাকা ; অক্ষুব্ধভাবে অগ্নিবর্ষণ সহ্য-কৃ ; গোলা বর্ষণ সহ্য কৃ ; Receive a volley without giving way ; keep to one's place without being frightened by the shots and explosion going around.

Stand firmly on—সন্দেহশূন্য-হ , নিশ্চিত-হ।

Stand for—প্রার্থী-হ ; প্রতিনিধি-হ ; Be a candidate for :—বহিয়া-যা ; Hold or sail towards , direct course towards :—সমর্থন-কৃ , রক্ষা-কৃ , পক্ষাশ্রয়-কৃ ; To defend , side with.

Stand forth, Stand forward—সামনে উপস্থিত-হ ; Be prominent ; come forward.

Stand from—বহিয়া যাওয়া ; Sail away.

Stand good—বিবাদ সত্ত্বেও বলবৎ থাকা , Remain valid notwithstanding contest.

Stand in—ব্যয় করান।

Stand in, Stand in for—Sail towards.

Stand in fear of—ভীত-হ ; To be afraid.

Stand in need of—কোন কিছুর অভাবগ্রস্ত-হ।

Stand in one's light—কাহারও উন্নতির প্রতিরোধ-কৃ ; উন্নতির পথে দাঁড়ান।

Stand it—হটিয়া না-যা ; Maintain one's ground ; stoutly to endure. [Keep at a distance.

Stand off—দূরে থাকা ; দূরবর্ত্তী থাকা , তফাৎ থাকা ,

Stand at the head—নায়ক হ, নেতা-হ ; To be the leader. [হ ; To be sponsor for it.
Stand for a child—বালকের ধর্ম্মপিতা বা ধর্ম্মমাতা-
Stand high—উঁচুদরের-হ ; Be of high order.
Stand in hand—উপকারী-হ ; To be serviceable ; to be for one's advantage.
Stand in need of help—সাহায্য প্রার্থনা-কৃ ।
Stand in one's shoes—অন্যের স্থানে-হ , To be in some special position or circumstances of another. [advantage.
Stand in stead—সুবিধা-হ ; To be of great
Stand in the gap—কিছু রক্ষা করিবার নিমিত্ত নিজেকে বিপদগ্রস্ত-কৃ ; To expose one's self for the protection of something.
Stand in the way of—বাধা-দে ; প্রতিবন্ধক-কৃ , To hinder ; to prevent.
Stand of arms—A musket with its usual appendage as a bayonet, &c.
Stand off and on—কোন স্থানাভিমুখে বহিয়া-যা ; উপকূলের নিকটে যাওয়া আসা-কৃ , Keep sailing near a place :—বিলম্ব-কৃ , দেরী কৃ ; Stand shilly.
Stand on—একই পথ অনুসরণ-কৃ ; অবলম্বিত দিগভিমুখে চলিতে থাকা ; Continue on the same course : —দণ্ডায়মান-হ , Rest or remain upon.
Stand on ceremony—শিষ্টাচার প্রদর্শন-কৃ , মানিয়া চলা , নিয়মপালন-কৃ ; Be a strict observer of forms of civility , be precise about etiquette , be punctilious or exact in the observance of forms, customs, ceremonies &c.
Stand on end—রোমাঞ্চিত-হ , খাড়া-হ ।
Stand one in—খরচা লাগান , To cost one.
Stand one in good stead—(কাহারও) কাজে আসা , উপকারে আসা , কাজে বা দরকারে লাগা ; Avail one , be of great service or advantage one.
Stand one's ground—স্বাধিকৃত স্থান রক্ষা-কৃ , হাটিয়া না যাওয়া , নিজের স্থান রক্ষা-কৃ , Maintain one's station , maintain one position.
Stand one in little stead—বিশেষ কাজের না হওয়া , Be of little service to one.
Stand on one's legs—নিজের ক্ষমতার উপর নির্ভর-কৃ , To support one's self , to trust to one's strength or effort without aid.
Stand out—উন্নত-হ , সমুন্নত-হ ; বিখ্যাত-হ , স্পষ্ট দেখিতে পাওয়া যায় বা বুঝিতে পারা যায় এমন ভাবে বাহির হইয়া থাকা ; Be conspicuous ; be prominent .— অন্য হইতে চিনিয়া লওয়া যায় এমন ভাবে থাকা . Stand conspicuously apart —লম্বমান-হ , বাহির হইয়া থাকা , Project :—নত না-হ , প্রতিরোধ করিতে থাকা , Not to yield ; not to give way.
Stand out or out against—তফাৎ-হ , Secede —নত না-হ ; অস্বীকার-কৃ ; Oppose resolutely , refuse to yield .—বহিয়া-যা , Sail from land
Stand over—মুলতুবি থাকা , পড়িয়া থাকা , Be adjourned , remain in abeyance , be set aside for a time. [duty of a sentinal
Stand sentry—পাহারা-দে , শান্ত্রীর কার্য্য-কৃ , Do the
Stand still—স্থিরভাবে থাকা , Be at rest.
Stand the test—নিকষ-পরীক্ষায় উত্তীর্ণ-হ , পরীক্ষায় উত্তীর্ণ-হ ; Bear up under the trial :—পরীক্ষায় উৎরে-যা ; Go through a trial successfully :—পরীক্ষায় টেঁকা বা না হটা ; Not to give way under a critical examination.

Stand to—কোন প্রতিজ্ঞা, উদ্দেশ্য বা মত বজায় রাখা ; Remain fixed in (one's purpose or opinion) : —দৃঢ়-হ ; দৃঢ়সংকল্প করিয়া-কৃ ; অধ্যবসায়ী-হ ; নাছোড়বান্দা হইয়া থাকা ; Persevere in ; adhere to .—পালন কৃ ; স্বীকার-কৃ ; অন্যথা হইতে না দেওয়া ; Abide by :— অনুসারে চলা , ঐক্য-হ , মিল-হ ; সঙ্গত-হ ; To be consistent with. [be consistent , to agree.
Stand together—ঐক্য-হ ; সঙ্গত-হ , মিল-হ , To
Stand to one's gun—অটলভাবে থাকা , Persevere —আত্মরক্ষা বা প্রতিরোধ করিতে দাঁড়ান ।
Stand to reason—সঙ্গত-হ , যুক্তিযুক্ত-হ , To be in accordance with reason ; to be right or fitting.
Stand to sea—বহিয়া-যা , To sail from land.
Stand treat—ভোজের খরচ দেওয়া ; Pay the expenses of a feasting.
Stand trial—পরীক্ষায় উত্তীর্ণ-হ , যাবৎ পরীক্ষিত না হয় তাবৎ ত্যাগ না-কৃ ; Sustain the trial of a cause.
Stand under—সহ্য-কৃ ; সহা ; Undergo
Stand up—দণ্ডায়মান-হ ; খাড়া-হ ; দাঁড়াইয়া উঠা ; বসিতে উঠা ; Rise from sitting :—দল বাঁধা ; Make a party. [হ ; Oppose , resist.
Stand up against—বাধা-দে ; প্রতিকূল বা বিরোধী-
Stand up for—সমর্থন করিতে দাঁড়ান , রক্ষা-কৃ ; Defend ; uphold ; be the champion :—যাহাতে রক্ষা পায় তাহা করিবার জন্য প্রস্তুত থাকা , Be in favour of something so as to be ever ready to fight for it.
Stand upon—দণ্ডায়মান-হ , Stand on :—জিদ-কৃ ; Insist :—মূল্যবান্ বিবেচনা-কৃ ; To interest ; to value : —আক্রমণ-কৃ ; Attack :—গর্ব্ব-কৃ ; Take pride in.
Stand up to—দৃঢ়ভাবে বাধা-দে ; Oppose steadily.
Stand with (or to) reason—ঐক্য-হ , যুক্তিসঙ্গত-হ ; মিল-হ ; Be consistent with.
Take one's stand on—কিছুর উপর দাঁড়ান ; Station oneself on —কোন কিছুর জোর পাইব বলিয়া তাহার উপর ভর-কৃ ; কোন কিছুর উপর নির্ভর করিয়া থাকা , Rest on something for support ; take a position of resistance on the strength of
To stand to a bargain—কোন কর্ম্ম ত্যাগ না কৃ ; To abide by it.
Standard, standard, *n.* পতাকা ; ধ্বজা , রণপতাকা , Flag ; ensign of war —নির্দ্ধারিত বিষয় (নিয়মাদি) ; That which is fixed, as a rule :—আদর্শ , নিরিখ ; Criterion , rule or model —পরীক্ষা , Test :—*a* নিয়মিত , স্থিরীকৃত , নির্বিনির্দ্দিষ্ট , Fixed, settled —নিরূপিত বা স্থায়ী মূল্যবিশিষ্ট ; Having a fixed or permanent value :—প্রামাণিক , Legal — সাধারণ ; Usual. *Syn* —(*n*) Measure gauge , test, model, scale , upright, support , banner, pennon.
Come up to one's standard—কাহারও মনের মত আদর্শস্বরূপ হইতে পারে এত দূর উঠা ; Rise or reach to the point (of excellence considered by one as a model). [সংখ্যায় আসিয়া জুটা ।
Flock to one's standard—কাহারও দলে বহু
Join one's standard—যুদ্ধার্থ কোন নেতার বা অভিনায়কের সহিত যোগ দে , Join a leader with a view to fight for him.
Set (or raise) up a standard of rebellion —রাজবিদ্রোহী-হ , বিদ্রোহ-পতাকা উত্তোলন-কৃ ; To rebel , declare war against the ruling authority.
Set up one's standard—নিশান তুলিয়া স্বপক্ষ লোকগণকে যুদ্ধার্থ আহ্বান-কৃ , Raise a leader's ensign of war inviting people to come and fight for him.

Standard of rebellion—বিদ্রোহ-পতাকা।

Standard-bearer, *n.* পতাকা-বহনকারী কর্মচারী; বৈজয়ন্তিক; An officer who bears a standard.

Standing, standing, *a.* দণ্ডায়মান; খাড়া; Erect:—স্থায়ী; Permanent:—অবহমান; স্থগিত; বদ্ধ; অপ্রবাহিত; চলাচলরহিত; Stagnant; not movable:—স্থির; Fixed:—নির্দ্ধারিত; Settled:—প্রতিষ্ঠিত; Established:—*n.* অস্তিত্ব; স্থায়িত্ব; Existence:—অবস্থান; স্থিতি; Continuance:—পদ; স্থান; সামাজিক পদ; Station; rank; position in a society:—স্বভাব; Character.

A pleader of long standing—বহুদিনের উকীল; পুরাতন উকিল।

Of long standing—বহু কালের; পুরাণ; Existing for a long time.

Standing-army, *n.* স্থায়ী বেতনভোগী; রাজ্যরক্ষার্থ স্থায়ী বৈতনিক সৈন্য; A permanent body of troops.

Standing-colour, *n.* যে রঙ্ ধুইয়া যায় না; That which does not wash out.

Standing crop or **corn**—অকর্ত্তিত শস্য; ক্ষেত্রে দণ্ডায়মান শস্য; Crop not cut down.

Standing-dish, *n.* উপযুক্ত খাদ্যদ্রব্য; Favourite dish; one regularly served.

Standing-joke, *n.* যে তামাসা অনবরত করা হয়; The joke which frequently repeated.

Standing-nuisance, *n.* স্থায়ী জঞ্জাল; Permanent nuisance.

Standing-orders, *n.* স্থায়ী আইন; নির্দ্দিষ্ট বলবৎ আদেশ; Permanent regulations of a legislature.

Standing-room, *n.* দাঁড়াইবার স্থল; Space for standing.

Standing-stigma, *n.* চিরস্থায়ী কলঙ্ক।

Standing-water—বদ্ধ জল; Stagnant water.

Standish, standish, *n.* কলমদান; লেখনী ও মসীর আধার; A standing dish or case for pen and ink.

Stand-point, *n.* নির্দ্দিষ্ট স্থান; দাঁড়াইয়া দেখিবার স্থল; A fixed point or station.

Stand-still, standstil, *n.* স্থিরতা-বিশ্রাম; বন্ধ; ক্ষান্তি; A stop.

Be at a standstill—বন্ধ থাকা; স্থগিত থাকা।

Stand-up, *a.* (ঘুষোঘুষি ব্যাপারে) সম্মুখে দণ্ডায়মান হইয়া সম্পাদিত; Manfully contested.

Stang, *n.* দণ্ড; ঠেঙ্গা; A pole.

Stanhope, *n.* দুই চাকার গাড়ী বিশেষ; A coach.

Stank, *n.* বাঁধ; A dam or mound to stop water:—পরিখা; A ditch.

Stannary, stanar-i, *a.* টিনের খনিসম্বন্ধীয়; টিনের কার্য্য সম্বন্ধীয়; Of or pertaining to tin mines or works:—*n.* টিনের খনি: টিনের কাজ; A tin mine or works.

Stannic, stanik, *a.* টিন সম্বন্ধীয়; টিন হইতে উৎপন্ন; Pertaining to or procured from tin.

Stanza, stanza, *n.* চরণ; শ্লোক; A number of poetical lines of verses regularly adjusted to each other.

Staple, stápl, *n.* দেশের প্রধান উৎপন্ন দ্রব্য; প্রধান পণ্যদ্রব্য; The principal production or commodity of a district or country:—গঞ্জ; আড়ৎ; প্রধান বাজার; The chief mart:—আদত মাল; প্রধান উপাদান; Raw material; the principal element:—আঁস; সূতা; The tread of textile, fabrics:—খিল-ধরা; A loop of iron to hold a pin:—*a.* প্রতিষ্ঠিত; নির্দ্ধারিত; প্রধান; চলিত; Established in commerce; regularly produced or made for market.

Staple product—প্রধান পণ্যদ্রব্য।

Stapler, stápler, *n.* ব্যবসায়ী; পণ্যজীবী; A dealer.

Star, stär, *n.* তারকা; নক্ষত্র; তারা; Heavenly body; one of the luminous bodies in the heavens, except the sun and moon:—উজ্জ্বল গুণ-সম্পন্ন লোক; পদবী বা মর্য্যাদা সম্পন্ন ব্যক্তি; A person of brilliant or attractive qualities:—পদবী বা মর্য্যাদা সূচনার্থ তারকা চিহ্ন; A representation of a star worn as a badge of rank or honour:—Decoration of knighthood:—* লিখন বা মুদ্রাঙ্কনে চিহ্ন বিশেষ; Asterisk:—*v. t.* তারকাখচিত-কৃ; সুশোভিত-কৃ; চুমকি বসান; To set with stars; to bespangle:—*v. i.* নক্ষত্রের ন্যায় দীপ্তিমান-হ; To shine as a star:—মনোযোগ আকর্ষণ-কৃ; To attract attention.

A (man's) good star—শুভ নক্ষত্র।

A star of the first magnitude—সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট; যাহাতে সকলকে কাণা করিয়া দেয়; A person or thing that outshines all the rest.

Bless one's stars—আপনাকে ভাগ্যবান মনে-কৃ।

Falling (or shooting) star, *n.* নক্ষত্র-পতন; তারকা-পাত; A luminous meteor seen shooting athwart the sky, often in great numbers.

His star in the ascendant—তাহার সুপড়তা; He is in luck's way.

Stars and stripes—আমেরিকার মিলিত-রাজ্যের পতাকা-চিহ্ন; Standard of the Americo-English.

Star of India—উপাধি বিশেষ; An order of Knighthood instituted by Queen Victoria in 1861.

Star-blind, *a.* কতক পরিমাণে অন্ধ; অস্পষ্টদর্শী; Partly blind.

Star-board, stär'bōrd, *n.* জাহাজের দক্ষিণ পার্শ্ব; The righthand side of a ship to one looking toward the bow:—*a.* জাহাজের দক্ষিণ পার্শ্বস্থ; Lying on the right side of a ship.

Starch, *a.* কঠিন; শক্ত; Stiff; precise:—*n.* কাঠিন্য; বাহ্যানুষ্ঠান; Stiffness, formality.

Starch, stärch, *n.* শ্বেতসার; ফলাদির শ্বেতাংশ; মাড়; A white glistering powder to stiffen cloth:—*v. t.* মাড়-দে; মণ্ড বা কলপ দিয়া শক্ত-কৃ; To stiffen with starch. *n*=starcher.

Star-chamber, *n.* বিলাতের ফৌজদারী আদালত, ১৬৪১ অব্দে উঠিয়া যায়; An ancient criminal court in England, abolished in 1641.

Starched, stärcht, *n.* কঠিন; শক্ত; Stiff; formal. *ad*=starchedly, *n*=starchedness. *Syn*:—Formal, punctilious, ceremonious.

Starchy, stärchi, *a.* মাড়পূর্ণ; মণ্ডবৎ; মণ্ডের মত; Consisting of or resembling starch:—শক্ত; কঠিন; Stiff; precise.

Stare, stār, *v. i.* একদৃষ্টে চাহিয়া থাকা; কটমট করিয়া তাকান; তাকাইয়া দেখা; To gaze earnestly; to look fixedly:—*v. t.* দৃষ্টি-কৃ; একদৃষ্টিতে দেখা; To look earnestly at:—*n.* একদৃষ্টি; স্থিরদৃষ্টি; A fixed look.

Stare at—আহাম্মকের ন্যায় হাঁ করিয়া তাকান; Look with fixed eyes at a person or object, as from wonder, stupidity, or impudence.

Stare (one) in the face—স্পষ্ট প্রতীয়মান-হ; সুস্পষ্ট-হ; চক্ষুর উপর উপস্থিত থাকা; Be plainly visible before one's eyes.

Stare one out of countenance—কাহারও পানে এমন ভাবে তাকান যে সে ব্যক্তি আর মুখ তুলিতে পারে না বা লজ্জিত হয়; Stare so as to confound one:—কটমট করিয়া তাকাইয়া অপ্রতিভ-কৃ; Stare so as t

abash one :—ঢেকে ফেলা ; মলিনপ্রভ-কৃ ; Throw into the shade ; outshine.

Star-fish, stär'fish, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A radiate ; a marine animal.

Star-gazer, stär'gāzer, *n.* জ্যোতির্বেত্তা ; জ্যোতিষিক ; নক্ষত্রদর্শক ; An astronomer ; an astrologer.

Stark, stärk, *a.* সম্পূর্ণ ; Absolute ; gross ; entire :—*ad.* সম্পূর্ণরূপে ; একেবারে ; Wholly ; entirely ; absolutely :—*a.* কঠিন ; শক্ত ; Stiff ; rigid :—তেজস্বান ; Strong :—কেবল ; Mere :—নগ্ন ; Naked. *n*=starkness, *ad*=starkly. *Syn* :—Sheer, simple, pure, bare.

Stark-naked—সম্পূর্ণ উলঙ্গ।

Star knowledge (*or* **lore** or **reading**), *n.* জ্যোতির্বিদ্যা ; Astronomy.

Star-light, *n.* নক্ষত্রালোক।

Starling, stär'ling, *n.* পক্ষিবিশেষ ; A talking bird :—কীলক শ্রেণী ; A ring of piles.

Star-monger, *n.* জ্যোতির্বিৎ ; Astrologer. [stars.

Star-paved, *a.* নক্ষত্র দ্বারা খচিত ; studded with

Star-proof, *a.* Impervious to star-light.

Starrod, stard, *a.* নক্ষত্র দ্বারা সুশোভিত ; নক্ষত্রাকৃতি দ্বারা শোভিত ; Adorned or studded with stars.

Ill-starred, *a.* গ্রহ-বৈগুণ্যের বশতাপন্ন ; অশুভ নক্ষত্রের দৃষ্টিযুক্ত।

Starry, stär'i, *a.* তারকা দ্বারা সুশোভিত, তারকাময় ; Adorned or abounding with stars :—নক্ষত্রখচিত ; তারকা হইতে উৎপন্ন ; নক্ষত্রোদ্ভূত ; Consisting or proceeding from the stars :—নক্ষত্রবৎ ; তারার মত উজ্জ্বল, নক্ষত্রবৎ উজ্জ্বল ; Like or shining like stars.

Start, stärt, *v. i.* প্রস্থান-কৃ ; চড়িয়া বা ছুটিয়া-যা, To set out :—সহসা সঞ্চালিত-হ ; চকিত-হ, To move suddenly :—চমকিয়া উঠা ; সঙ্কুচিত-হ ; শিহরিয়া উঠা ; ঝাঁকে উঠা ; To wince, to shrink :—আরম্ভ-কৃ ; To begin :—আলগা-হ ; To loosen :—*v. t.* আরম্ভ-কৃ ; To set on foot :—সহসা ন্যস্ত-কৃ ; সহসা আলোড়িত-কৃ ; To disturb suddenly :—প্রবর্ত্তিত-কৃ ; চালিত-কৃ ; খোলা বা চালান ; To set in motion :—ঢালিয়া-দে ; To pour out :—খালি-কৃ ; To empty :—ভীত-কৃ ; চকিত-কৃ ; চমকাইয়া-দে ; To alarm :—*n.* চকিতভাবে প্রস্থান ; চমকানি ; চমকান, A sudden movement :—আরম্ভ, Outset ; beginning :—প্রস্থান ; A setting :—লম্ফ ; A quick spring :—প্রথম গতি বা প্রবৃত্তি ; The first motion. *Syn* :—(*v*) Flinch ; depart, rouse, startle ; evoke raise ; begin, institute. [Occassionally.

By fits and starts—মধ্যে মধ্যে ; সময়ে সময়ে ;

From start to finish—প্রথম হইতে শেষ পর্য্যন্ত।

Get or **have the start of**—অন্যের অগ্রে আরম্ভ-কৃ ; কাহারও পূর্ব্বে আরম্ভ-কৃ ; Begin before another :—এগিয়ে যাওয়া ; অগ্রসর-হ ; Be in a advance of :—(এক কাজে) অন্যের অগ্রে কার্য্য হাসিল-কৃ ; Gain advantage over. [Enable one to begin life.

Give one a start—প্রথম কর্ম্মে প্রবৃত্ত করিয়া দেওয়া ;

Start after—অনুগমন-কৃ ; পশ্চাদ্ধাবন-কৃ ; Pursue.

Start against—প্রতিদ্বন্দ্বী হইয়া বিরুদ্ধে কর্ম্ম-কৃ।

Start at—প্রস্থান-কৃ ; যাওয়া ; Set out.

Start for—(কার্য্যের) প্রার্থী-হ ; Become a candidate for some place :—অভিমুখে যাত্রা-কৃ ; যাত্রা-কৃ ; Make an expedition towards ; set out with the aim of reaching a place.

Start game—*Arouse some object of pursuit.*

Start off, Start off from—অকস্মাৎ প্রস্থান-কৃ ; Depart of a sudden.

Start to one's feet—ধপ্ করে উঠে পড়া ; Rise suddenly from one's seat.

Start up—হঠাৎ উঠিয়া পড়া ; বেরিয়ে পড়া ; হঠাৎ দৃষ্টিপথে আসা ; Rise suddenly (from one's seat) ; bring into motion.

Start with—আরম্ভ-কৃ ; সুরু-কৃ ; Begin.

Starting, *n.* প্রারম্ভ ; Beginning.

At starting—আদৌ ; প্রারম্ভে ; কর্ম্মকার্য্যে প্রবৃত্ত হইবার কালে ; At the outsets of one's career, when one begins life. [Point of departure.

Starting-point, *n.* যে স্থান হইতে গমন আরম্ভ হয় ;

Starting-post, stärting-post, *n.* যে স্থান হইতে দৌড় আরম্ভ হয় ; Place from which a race begins.

Startle, stärt'l, *v. i.* হঠাৎ ভীত-হ ; আশ্চর্য্যান্বিত-হ ; To feel sudden alarm ; to excite by sudden alarm :—*v. t.* ভীত-কৃ ; চকিত-হ ; আশ্চর্য্যান্বিত-কৃ ; To excite suddenly ; to shock ; to frighten :—*n.* আকস্মিক ভয় বা বিস্ময় ; ভয় বা বিস্ময়জনিত অকস্মাৎ চমক ; চমকানি ; আতঙ্ক ; Sudden alarm or surprise. *Syn* :—(*n*) Start, fright, alarm, surprise, astonish.

Startle at—হঠাৎ কোন ভয়ের ব্যাপারে চমকিয়া বা শিহরিয়া উঠা ; Move suddenly under the influence of sudden alarm or surprise.

Startling, *a.* ভয়ানক ; আতঙ্কজনক।

Startling news—যে সংবাদ শুনিলে বিস্মিত হইতে হয়।

Starvation, stär-vāshun, *n.* অনাহারে প্রাণত্যাগ ; অনাহার ; উপবাস ; অনাহার জন্য শীর্ণতা ; The act of starving ; the state of being staved.

Starve, stärv, *v. i.* অনাহারে মরা ; অনশন-কৃ ; অত্যন্ত ক্ষুধার্ত্ত-হ ; To die with hunger ; to suffer extreme hunger :—*v. t.* অনাহারে মারা ; শুকাইয়া মারা ; To kill with hunger ; to destroy by want :—ক্ষমতাশূন্য-কৃ ; শক্তিহীন-কৃ ; নিস্তেজ-কৃ ; To deprive of power.

Starve out—ক্রমশঃ অনাহারে মরা বা মারা ; Kill or perish with hunger gradually.

Starve to death—অনাহারে মারা ; Perish with starving ; kill with starving. [cold.

Starve with cold—শীতে মৃত-হ ; Perish with

Starved, *p. a.* ক্ষুধার্ত্ত ; খাদ্যাভাবে বিনষ্ট বা অবসন্ন।

Starveling, stärvling, *a.* ক্ষুধিত ; শীর্ণ ; কৃশ ; দুর্ব্বল ; হীনবল ; Hungry, lean, weak :—*n.* অনাহারে শীর্ণ পশ্বাদি ; A thin, weak, pining animal or plant.

State, stāt, *n.* [L. *status*, a standing] অবস্থা ; দশা ; Position ; condition :—সমৃদ্ধি ; ঐশ্বর্য্য ; বিভব ; Grandeur ; splendour :—রাজ্য ; Government ; sovereignty :—পদ ; মর্য্যাদা ; Rank ; quality :—সম্প্রদায় ; শ্রেণী ; A body of men :—*pl.* দেশের ব্যবস্থা সমাজ ; The bodies constituting the legislature of a country :—*a.* রাজশক্তি সম্বন্ধীয় ; Belonging to the state :—সাধারণের ; Public :—রাজকীয় ; Royal :—আড়ম্বরশালী ; জাঁকাল ; Ceremonial ; pompous, magnificent :—*v. t.* বলা ; বর্ণনা-কৃ ; বিবৃত-কৃ ; To express the particulars of ; to tell, set forth, narrate. *Syn* :—(*n*) Situation, plight ; predicament ; commonwealth ; parade, pomp, dignity. (*v*) Enumerate, specify, explain, profound, recite.

In state—দস্তুর মত ; With due formality :—মর্য্যাদানুরূপ জাঁকজমকে বা আসবাবের সহিত ; With all the pomp befitting one.

Life in state—সমাধির পূর্ব্বে মৃতদেহ সাধারণে দেখিবে বলিয়া রাজবেশে রাজগৃহে থাকা ; Be kept for public observation before burial.

State ball—রাজগৃহে নৃত্য বিশেষ ; Ball at a palace.

State barge—সরকারী বজরা বা নৌকা।

State carriage—রাজকীয় গাড়ী।

State-craft, *n.* রাজ্য-কৌশল।

State criminal—রাজদ্রোহের নিমিত্ত বন্দী ; রাজ্যের বা রাজার বিরুদ্ধাচরণ বশতঃ বন্দীকৃত ব্যক্তি ; One charged with offences against the state.

Stated, stāt'ed, *a.* নির্দ্দিষ্ট, নিরূপিত ; স্থিরীকৃত ; যথাকালে ঘটিত ; Settled ; established , fixed ; regular. *ad*=statedly.

State-house, stāt'hows, *n.* রাজকীয়-ব্যবস্থাসমাজের অধিবেশনাগার ; The house in which the legislative of a state holds its sessions.

State legislature—আমেরিকার ব্যবস্থাপক ; Legislature of the United States.

Stately, stāt'le, *a.* জমকাল ; মহান্, প্রতাপশালী ; গৌরবান্বিত , উচ্চ ; Majestic. *n*=stateliness. *Syn* —Lofty, dignified, magnificent, august, formal, ceremonious, solemn, pompous.

Statement, stāt'ment, *n.* বাক্য ; উক্তি , বিবরণী ; বিবরণ , বর্ণনা ; বর্ণনা-পত্র ; A narrative , a recital. *Syn* :—Specification, enumeration, announcement, declaration, narration, relation, description, explanation, account, report.

State-monger, *n.* রাজনীতিজ্ঞ , Politician.

State-paper, stāt'pāpėr, *n.* রাজকীয় দলিলপত্র. Document relating to affairs of state or commonwealth.

State-prisoner, *n.* রাজবিদ্রোহের নিমিত্ত বন্দী ; A prisoner confined for offences against the state

State-room, stāt'rōōm, *n.* রাজপ্রাসাদের দরবার-গৃহ ; রাজকীয় গৃহ ; Magnificent room ; a stately room in a palace or mansion :—জাহাজের সজ্জিত প্রকোষ্ঠ ; The principal room in a ship's cabin.

States general, *n.* Holland :—ওলন্দাজ ব্যবস্থা-সভা ; ফরাসী প্রতিনিধি-সভা , Legislature of Holland · —Old legislature of France.

Statesman, stāts'man, *n.* রাজনীতিজ্ঞ , A politician :—রাজকর্ম্মচারী ; রাজপুরুষ ; One employed in public affairs. *a*=statesmanlike, statesmanly.

Statesman-like, stāts'man-lik, *a.* রাজনীতিজ্ঞের মত , রাজনীতিকুলোচিত ; রাজপুরুষোচিত , Like or becoming a statesman.

Statesmanship, *n.* নীতিকৌশল ; রাজনীতি ; রাজ-নৈতিকতা , A policy.

State-trial, *n.* রাজ্যের বিরুদ্ধাচরণ দোষে অপরাধী ব্যক্তির বিচার ; A trial for political offences.

Static, Statical, *a.* নিশ্চল ; গতিশূন্য ; Resting : —চাপশূন্য ; গুরুত্বহেতুক ; Acting by mere weight without motion.

Statics, *n.* স্থিতি বিদ্যা ; স্থিতি বিজ্ঞান ; স্থৈর্য্য বিজ্ঞান ; মিশ্রগণিতের বিভাগ বিশেষ ; The branch of mechanics which treats of the properties of bodies when standing still or at rest. *a*=static.

Station, stāshun, *n.* অবস্থিতির স্থান ; আড্ডা ; The place where a person or thing stands :—পদ ; Rank ; office :—কর্ম্ম ; Busition :—রেলগাড়িতে উঠিবার ও নামিবার স্থান ; বাষ্পীয় শকটের আড্ডা ; A halting or starting place in a railway :—জীবনের অবস্থা ; দশা ; Condition of life :—অবস্থা ; State :—সৈন্য নিবেশ ; The quarters of a regiment or the place where located :—থানা ; ফাঁড়ি ; The place where the police force is assembled ; post :—*v. t.* স্থাপন-কৃ ; রাখা ; নিযুক্ত-কৃ ; Place in a certain rank, to set, to post. *Syn* :—(*n*) Location, situation ; employment, occupation, business ; standing, condition, status ; depot. (*v*) Locate, set, fix, post, establish.

Military station—সৈন্য-নিবাস।

Stationary, stāshun-ar-i, *a.* স্থির ; অটল ; Settled ; fixed :—উন্নতশীল নহে ; হ্রাসবৃদ্ধিরহিত ; অনুন্নতি-শীল ; Not progressing ; not improving.

Stationer, stāshun-ėr, *n.* কাগজ কলম কালী প্রভৃতি বিক্রেতা ; Dealer in paper, pen, ink &c.

Stationery, stāshun-ėr-i, *n.* বিক্রেয় কাগজ, কলম প্রভৃতি . The articles sold by a stationer :—*a.* কাগজাদি বিক্রেতার ; Belonging to a stationer.

Station-house—থানা ; ফাঁড়ি ; Police station :—রেলের আড্ডা , Railway station.

Station-master, *n.* লৌহবর্ত্ম আড্ডার প্রধান কর্ম্মচারী ; ষ্টেশনের কর্ত্তা।

Statist, *n.* রাজনীতি বিশারদ ; Statesman, a politician.

Statistic, Statistical, *a.* সামাজিক অবস্থাদির বিবরণ সম্বন্ধীয় বা তৎসমন্বিত , Pertaining to, or containing, statifics *ad*=statistically.

Statistician, *n.* সামাজিক অবস্থাদির সংগ্রহ বিদ্যাবিৎ পণ্ডিত ; One skilled in the science of statistics.

Statistics, sta-tis'tiks, *n* জনসাধারণের অবস্থা সংখ্যা আয়ব্যয়াদি সম্বন্ধীয় তথ্যাবলী ; রাজ্যের লোকসংখ্যা, সামাজিক অবস্থা ইত্যাদির বিবরণ , সংবাদ ; A collection of facts and figures on the social state, length of life, population &c., of a country ; the science which has to do with the collection and arrangement of statistics. *a*=statistic, statistical (জনসাধারণের অবস্থার বিবরণ ঘটিত)।

Stative, *a.* নির্দ্দিষ্ট শিবির বা সেনানিবেশ সম্বন্ধীয় ; Pertaining to a fixed camp, or military quarters.

Statuary, stat'ū-ar-i, *n.* মূর্ত্তি-নির্ম্মাণ বিদ্যা ; মূর্ত্তি খোদিবার বিদ্যা ; মূর্ত্তি নির্ম্মাণ কার্য্য ; The art of carving statues :—প্রতিমা-নির্ম্মাণকারী ; ভাস্কর ; প্রতিমা-ব্যবসায়ী ; One who makes statues ; one who deals in statues.

Statue, stat'ū, *n.* [L. *statuo*, to cause to stand] মূর্ত্তি ; প্রতিমা ; সাদৃশ্য ; Carving of a living being ; image :—*v. t.* মূর্ত্তি খোদিত-কৃ ; মূর্ত্তি স্থাপন-কৃ ; To form a statue of ; to place, as a statue.

Statuesque, stat-ū-esk, *a.* মূর্ত্তিসদৃশ ; প্রতিমাবৎ ; Like a statue :—স্থির :—*n.* প্রতিমার অঙ্গ।

Statuette, stat-ū-et', *n.* ক্ষুদ্র প্রতিমা ; A small statue.

Stature, stat'ūr, *n.* দেহের স্বাভাবিক উচ্চতা বা দীর্ঘতা ; মূর্ত্তি ; The natural height of an yanimal body.

Short of stature—খাট খোট গঠন ; হ্রস্ব-দেহ।

Status, stātus, *n.* অবস্থা ; পদ ; সামাজিক মর্য্যাদা ; স্থিতি ; Condition ; rank.

Statusquo, *n.* পূর্ব্বাবস্থা ; যুদ্ধ হইবার পূর্ব্বের অবস্থা ; যেমন ছিল তেমন ভাব ; The state in which it was before the war.

Statutable, stat'ūt-a-bl, *a.* ব্যবস্থানুসারী ; রাজবিধি-দ্বারাকৃত , Made by statute ; according to statue. *ad*=statutably.

Statute, stat'ūt, *n.* [L. *statutus*, *pp.* of *statuere*, to set, ordain] বিধি ; লিখিত ব্যবস্থা ; আইন ; A

written law ; a law expressly enacted by the legislature ; an act of the legislature of a state. *Syn* :—Enactment, ordinance, regulation, edict.

Statute book, *n.* বিধি পুস্তক ; আইন বই ; A book containing statutes or laws.

Statute of limitation, *n.* Law which assigns a certain time in which an action shall be brought or the claim be lost.

Statutory, *a.* বিধিবদ্ধ ; বিধিবিহিত ; ব্যবস্থানুযায়ী ; ব্যবস্থা বা আইন দ্বারা নিরূপিত ; Depending on statute for its authority ; enacted by statute ; established by statute. [রাজকর্মচারী।

A statutory civilian—স্বতন্ত্র বিধি অনুসারে নিযুক্ত

Staunch—See *stanch.* [Firm or steady in.

Staunch to—দৃঢ়রূপে অবলম্বন করিয়া (থাকা বুঝায়) ;

Stave, stāv, *n.* ষষ্টি ; Staff :—সরু কাঠ ; পিপার কাষ্ঠ বিশেষ ; Thin narrow plank of a cask :—সঙ্গীতাংশ ; শ্লোক ; Verse of a psalm ; a stanza :—*v. t.* ভেদ-কৃ , ছিদ্র-কৃ , ধাক্কা-দে ; ভিতরে প্রবেশ করান ; To burst ; to push :—বিলম্ব-কৃ ; To put off ; to delay.

Stave off—নিবারণ-কৃ ; Obviate.

Stay, stā, *v. i.* [D. *stare,* L. *staae,* to stand] অবস্থান-কৃ ; অবস্থিতি-কৃ ; অল্পকালের জন্য বাস-কৃ ; To remain ; to abide for any indefinite time :—অপেক্ষা-কৃ ; বিলম্ব-কৃ ; To wait :—বিশ্বাস-কৃ ; To trust :—*v. t.* স্থগিত-কৃ ; বন্ধ-কৃ ; To stop :—আটক-কৃ ; নিবারণ-কৃ ; বাধা-দে ; ধরিয়া রাখা ; To obstruct ; to detain :—ঠেকো-দে ; খাড়া রাখা ; To prop ; to support :—অপেক্ষা-কৃ ; To delay :—রক্ষা-কৃ ; নিবারণ-কৃ ; To prevent :—*n.* অবস্থান ; অবস্থিতি ; স্থিতি ; Continuance in a place :—কিছুকালের নিমিত্ত বাস ; Abode for a time :—বিরাম ; Cessation of motion :—অবলম্বন ; ঠেকনা ; Prop ; support :—বাধা ; রোধ ; বন্ধ ; আটক ; Hindrance ; stop :—মাস্তুলের আশ্রয়ভূত রজ্জু ; A rope employed to support a mast :—*pl.* অঙ্গিকা ; স্ত্রীলোকের উরঃ-বস্ত্র বিশেষ ; A kind of inner waist-coat worn by females ; bodice. *pt.* and *pp*=stayed. *Syn* :—(*v*) Stand still ; sojourn, tarry, abide, dwell, lodge ; wait, attend, linger, delay ; stop, check, restrain, hinder ; prop, support, unhold.

Stay at—অবস্থিতি-কৃ ; Abide ; sojourn.

Stay-at-home, *a.* গৃহপ্রিয় ; অপ্রবাসী ; গৃহবাসপ্রিয় ; Home-loving ;—*n.* যে বিদেশে যাইতে নারাজ।

Stay away—অনুপস্থিত থাকা ; Keep away ; absent one's self.

Stay for—অপেক্ষা-কৃ ; বিলম্ব-কৃ ; Await.

Stay in—গৃহে থাকা ; Keep at home.

Stay out—বাহিরে থাকা ; Remain out.

Stay over—বিলম্ব-কৃ ; দেরী-কৃ ; Be procrastinator.

Stay sail—বিক্রয় বা নিলাম মৌকুফ-কৃ।

Stay up—জাগিয়া থাকা ; Keep awake ; set up.

Staying at home, *n.* বাড়ীতে অবস্থিতি ; Keeping too closely within doors. [সাহায্য ; Help.

Stead, sted, *n.* স্থান ; যায়গা ; Place or room :—

In one's stead, In its stead—কাহারও পরিবর্তে ; In place of :—না হইয়া বরং ; Far from.

Stand (one) in good stead—(কাহারও) কাজে আসা বা উপকার-কৃ।

Steadfast, stedfast, *a.* দৃঢ়বদ্ধ ; দৃঢ় ; অটল ; স্থিরসঙ্কল্প ; স্থির ; Standing fast ; firmly fixed ; firm ; constant ; resolute ; steady. *n*=steadfastness (দৃঢ়তা ; স্থিরতা)। *ad*=steadfastly (দৃঢ়রূপে ; স্থিরভাবে)। *Syn* :—Fixed, established ; staunch.

Steadiness, *n.* অটলতা ; দৃঢ়তা ; State of being steady. *Syn* :—Constancy, steadfastness, resolution.

Steady, stede, *a.* স্থিরভাবে দণ্ডায়মান ; দৃঢ় ; স্থির ; ধীর ; অটল ; অচল ; Firm in standing ; constant ; fixed :—দৃঢ়সঙ্কল্প ; স্থিরবুদ্ধি ; Resolute :—*v. t.* দৃঢ়-কৃ ; স্থির-কৃ ; To make or keep firm ; to make steady. *ad*=steadily. *Syn* :—(*a*) Fixed, regular, undeviating, unremitted ; staunch, steadfast, unwavering, persevering.

Steady-going, *a.* স্থির ; নির্ভরযোগ্য ; Quiet.

Steak, stāk, *n.* গবাদির মাংসের খণ্ড বা টুকরা ; A thick slice of beef, &c, for boiling.

Steal, stēl, *v. t.* অপহরণ-কৃ ; চুরি-কৃ ; To take by theft ; to purloin :—ক্রমশঃ লাভ-কৃ ; গোপনে সম্পাদন-কৃ ; To gain or win by degrees or by gradual means :—*v. i.* অপহরণ-কৃ ; চৌর্য্যবৃত্তি-কৃ ; To practise theft :—গোপনে প্রবেশ-কৃ ; গোপনে সরিয়া পড়া ; To slip in or away unperceived ; to pass privily. *pt*=stole. *pp*=stolen. *Syn* :—Filch, pilfer, purloin, embezzle, peculate, thieve, rob.

Steal a march (on)—গোপনে আগাইয়া-যা ; অজ্ঞাতসারে অগ্রসর-হ।

Steal a march on (or upon)—অজ্ঞাতসারে কোন কর্ম করিয়া নিজেরঅভিপ্রায় সিদ্ধ-কৃ ; কেহ জানিতে না পারে এমন ভাবে তলে তলে নিজের মতলব হাসিল-কৃ ; Gain an advantage over (another) unperceived :—চুপি চুপি আসিয়া পড়া ; Come upon one unperceived :—বিপক্ষপক্ষ না জানিতে পারে এমন ভাবে কোন কার্য্য করিয়া নিজের মতলব হাসিল-কৃ ; Proceed secretly to gain an advantage over an opponent :—তলে তলে নিজের অনুকূল করিয়া আনা ; Influence in one's favour in anticipation of any opposite influence.

Steal away—গোপনে পলায়ন-কৃ ; লুকাইয়া পালান ; Get off clandestinely ; slip away unperceived.

Steal in (or out or off)—গোপনে সরিয়া যাওয়া ; লুকাইয়া পালান ; Move clandestinely ; slip away unperceived. [Enter imperceptively.

Steal into—গোপনে ঢোকা ; অজ্ঞাতসারে প্রবেশ-কৃ ;

Steal upon, Steal over—অজ্ঞাতসারে আস্তে আস্তে আসা ; কেহ না জানিতে পারে এমন ভাবে আস্তে আস্তে আইসা ; Come imperceptibly upon.

Stealer, *n.* চোর ; Thief.

Stealing, *n.* চৌর্য্য ; Theft ; robbery ; larceny.

Stealth, stelth, *n.* অপহরণ ; চৌর্য্য ; গোপনীয় কার্য্য ; গোপনে সম্পাদন ; The act of stealing ; theft ; clandestine practice ; a secret act.

By stealth—গোপনে ; লুকিয়ে চুরিয়ে ; Secretly so that others may not know.

Stealthy, stelthi, *a.* গোপনে সম্পাদিত ; গুপ্ত ; অজ্ঞাত ; অপ্রকাশিত , Done by stealth ; unperceived ; secret ; sly ; clandestine. *ad*=stealthily (গুপ্তভাবে)। *n*=stealthiness.

Steam, stēm, *n.* বাষ্প ; গরম জলের ভাপ ; Vapour of heated water :—ধূম ; Fume :—কুয়াসা ; Mist :—*v. t.* বাষ্প নির্গম-কৃ ; বাষ্প উঠা ; To rive or pass off in vapour ; to move by steam :—*v. t.* ভাপ-দে ; বাষ্পপাক-কৃ ; বাষ্পে স্থাপন-কৃ ; To expose to steam.

Steam-boat, Steam-ship, Steam-vessel—

বাষ্পীয় পোত ; বাষ্পীয় তরি , A boat, ship, or vessel driven by steam-power.

Steam-boiler, *n.* বাষ্প-উৎপাদনকারী পাত্র বা আধার ; Vessel to generate steam.

Steam-car, *n.* বাষ্পীয় শকট ।

Steam-engine, stēmenjin, *n.* বাষ্পীয় যন্ত্র ; An engine acted on by the expansive force of steam , engine moved by steam.

Steamer, *n.* বাষ্পীয় পোত ; কলের জাহাজ ; A vessel moved by steam.

Steam-packet, *n.* বাষ্পীয় পোত বিশেষ ; A vessel propelled by steam, and running periodically between certain posts.

Steam-power, *n.* বাষ্পীয় শক্তি ; বাষ্প-বল , The force of steam to produce results.

Steam-roller, *n.* পথে খোয়া বা পাতর বসাইবার বাষ্প-তাড়িত চক্র যন্ত্র । [steam, full of vapour.

Steamy, stēmi, *a.* বাষ্পপরিপূর্ণ , বাষ্পময় ; Full of

Steatite, *n.* কোমল শিলা বিশেষ ; A soft rock.

Steed, *n.* অশ্ব , রাজকীয় বা সামরিক অশ্ব , A horse for state or war :—তেজাল অশ্ব ; Spirited horse.

Steel, stēl, *n.* ইস্পাত ; সংস্কৃত লৌহ ; Hardened and refined iron :—কাঠিন্য , Hardened :—ইস্পাত নির্ম্মিত যন্ত্র ; উকা ; Instrument made of steel ; knife-sharpener .—লৌহ-ঘটিত ঔষধ ; A chalybeate medicine :—শস্ত্র , Weapon :—*v. t.* কঠিন-কৃ ; ধারে ইস্পাত লাগান ; To edge with steel ; to harden :—*a.* ইস্পাত নির্ম্মিত ; Made of steel.

Give another a taste of one's steel—তরোয়ালের কিরূপ ধার তাহা দেখান , খোঁচা মারিয়া হত্যা-কৃ , Make another feel the sharpness of one's sword ; plunge one's sword into another's heart , stab one. [affected by ; insensible to.

Steeled against—অনুভব করিতে অক্ষম ; Not

True as steel—দৃঢ় অনুরাগবান ; কিছুতেই ভালাইবার পিছাইবার নহে ; Firm in adhering to one's promises :—Firm and steady in one's attachment.

Steel-hearted, *a.* কঠিনহৃদয় ; কঠিনমনা ; Having the heart as hard as steel.

Steel-pen, *n.* লৌহ-লেখনী ।

Steel-trap—ইন্দুর ধরিবার কল । [Hard.

Steely, *a.* ইস্পাত সদৃশ ; Like steel :—কঠিন ; দৃঢ় ;

Steel-yard, stilyard, *n.* তুলাদণ্ড ; তুলযন্ত্র ; A weighing machine, in which a single weight is moved along a graduated beam.

Steep, stēp, *a.* [Ger. *stippen,* to steep] তুঙ্গ ; পাতুক , উন্নত ; খাড়া ; গড়ানে , Precipitous ; abrupt :—*n.* উচ্চ স্থান ; তুঙ্গ ; তুঙ্গ শৈল ; অত্যুচ্চ শৃঙ্গ ; A precipitous plane ; a precipice :—সিক্ত দ্রব্য ; Something steeped or used in steeping :—*v. t.* চুবান , To dip for a long time :—জলে সিক্ত-কৃ ; আর্দ্র-কৃ ; ভিজান ; To imbue , to soak in a liquid. *n*=steepness (তুঙ্গতা) । *ad*=steeply. *Syn* :—(*v*) Macerate, drench, imbrue, seethe, digest.

Steep in—ভিজান ; Soak in (a liquid) :—কোন কিছুতে ডুবে থাকা ; Sink in ; immerse in.

Steeped in inquity—পাপে মগ্ন ।

Steeped to the lips in—গলায় গলায় কোন কিছুতে ডুবে থাকা ; Deeply immersed in.

Steepen, *v. i.* সমুন্নত-হ ; To become steep.

Steeple, stēp'l, *n.* গির্জ্জার চূড়া ; মন্দিরের চূড়া ; অগ্রভাগ ; Spire ; tower of a church.

Steeple-chase, stēp'l-chās, *n.* ঘোড়দৌড়ের বাজি ; বেড়াবাজি , Race from one point to another.

Steer, stēr, *n.* অল্পবয়স্ক বৃষ ; বলদ ; A young ox :—*v. t.* হাল দ্বারা বাহিত-কৃ ; চালিত-কৃ ; চালান ; To direct with the helm .—পথ দেখান ; To guide :—শাসন-কৃ , নিয়ন্ত্রিত-কৃ , To govern :—*v. i.* তরী-বহা ; বহিয়া-যা ; To direct a ship in its course :—চালিত-হ ; চলা , To move ; to be directed.

Steer clear of—পরিত্যাগ-কৃ ; যে দিকে বিপদ আছে সে দিকে না যাওয়া ; Keep free from ; keep clear of , shun ; avoid.

Steerage, stēr'āj, *n.* পরিমাণ ; প্রচলন ; The act or practice of steering :—চালন ; নির্ব্বাহ ; Direction ; management :—জাহাজের পূর্ব্বভাগের ঘর ; জাহাজের পশ্চাদ্ভাগ , An apartment in the ship for an inferior passengers. [who steers a ship.

Steersman, stērzman, *n.* মাঝি ; কর্ণধার ; A man

Stellar, stelar, **Stellary,** stelar-i, *a.* নাক্ষত্রিক ; নক্ষত্রসম্বন্ধীয় , তারকামণ্ডিত ; Starry.

A stellar mansion—অশ্বিনী ভরণী প্রভৃতি নক্ষত্র ।

Stellate, stelāt, **Stellated,** stelāted, *a.* নক্ষত্রবৎ ; নক্ষত্রবৎ , তারকাকার ; Like a star ; radiated.

Stellular, stelū-lar, *a.* নক্ষত্রের ন্যায় গঠিত ; Formed like stars :—দেখিতে ক্ষুদ্র তারার মত ; Having the form of little stars. [star.

Stellulate, stelū-āt, *a.* নক্ষত্রবৎ ; Like a little

Stem, stem, *n.* কাণ্ড , গুঁড়ি ; বৃন্ত ; বোঁটা ; Stalk :—শাখা ; ডাল , Twig ; branch :—বংশ , পরিবার ; A race or family :—পোতাগ্রভাগ , জাহাজের গলুই , The prow of a ship .—*v. t.* নিবারণ-কৃ ; প্রতিরোধ-কৃ ; বিপরীত দিকে গমন-কৃ ; উজান-যা ; To resist ; to stop ; to check , to oppose :—বৃন্তহীন-কৃ , বোঁটা ছাড়ান । *Syn* .—(*n*) Trunk, stock ; peduncle, petiole , shoot, scion , prow, bow, beak.

From stem to stem—(পোতের) এই ধার হইতে অপর ধার পর্য্যন্ত । [স্রোতের বিরুদ্ধে-যা , Resist ; check.

Stem the tide, Stem the torrent—বাধা-দে ;

Stench, stensh, *n.* দুর্গন্ধ ; পূতিগন্ধ ; Bad odour, bad smell ; stink.

Stencil, stensil, *n.* (উপরে রঙ্ লেপিয়া রাখিবার জন্য) মধ্যে কাটা বা কাব-কোর করা ধাতুপাত্র ; A piece of tin leather &c , pierced with a pattern over which a brush is moved :—*v. t.* ফলক দ্বারা রঞ্জিত বা অঙ্কিত-কৃ ; To paint or paint by means of a stencil.

Stenography, sten-og'ra-fi, *n.* [Gr. *stenos,* narrow, and *grapho,* to write] সাটে লেখা ; সাঙ্কেতিক লিখন , Short hand. *n*=stenographer (চিহ্নযোগে সংক্ষেপে লেখন) । *a*=stenographic, stenographical. [restrain.

Stent, *v. t.* নিবারণ-কৃ ; বদ্ধ-কৃ ; আটক-কৃ ; To

Stentor, *n.* সমুচ্চ কণ্ঠস্বরবিশিষ্ট হোমরবর্ণিত দূত ; A herald, mentioned by Homer, having a very loud voice.

Stentorian, sten-tō'ri-an, *a.* উচ্চশব্দকারী ; অতি উচ্চ গম্ভীর ; Very loud or powerful like the voice of Stentor.

In a stentorian voice—তারস্বরে ; ভীমনাদে ।

Step, step, *n.* পদক্ষেপ , পদবিক্ষেপ ; এক পা ; Pace :—ক্রম ; Gradation , degree :—সামান্য ব্যবধান ; A small space :—অগ্রগতি ; Proceeding :—সোপান ; মইয়ের ধাপ ; A stair round of a ladder :—

পদাঙ্ক ; পদচিহ্ন ; চিহ্ন ; Foot-print :—চলন-ভঙ্গী ; চলিবার রীতি ; চলন ; Manner of walking :—কার্য্য ব্যবস্থা ; Action ;—উপায় ; Measure ; plan :—in *pl.* A portable flight of stairs :—*v. i.* চলা ; হাঁটা ; ধীরে চলা ; To walk ; to walk slowly or gravely :—*v. i.* পদবিক্ষেপ-কৃ ; পদক্ষেপ-কৃ ; পা ফেলা ; To set, as a foot :—*pfx.* অন্য বিবাহ সম্বন্ধীয় ; 'সৎ', 'বি' । *Syn* :—Tread ; grade ; advancement ; progression ; proceeding, action, act ; means, expedient, method ; round, rundle.

A step in the right direction—ঠিক কাজ ; A judicious proceeding or measure.

At every step—প্রতিপদে ; At every movement of the foot :—পদে পদে ; At every stage :—In every point or proceeding.

Step aside—সরিয়া-যা , দল ছাড়িয়া তফাৎ-হ ; Retire to a little distance. [Carry the mind back.

Step back—ফিরা ; পশ্চাৎগমন-কৃ ; Return :—

Step between—মধ্যবর্ত্তী হ , Interpose.

Step by step—পদে পদে ; ক্রমশঃ ; By degrees ; gradually :—ক্রমে ক্রমে , অল্প অল্প করিয়া ; By a gradual and regular process. [distance

Step down—অবতরণ কৃ , নামা , Descend a short

Step into (or in)—অল্পক্ষণের জন্য প্রবেশ কৃ ; স্থানাধিকার-কৃ ; To enter for a short time :—পদক্ষেপ-কৃ ।

Step (or slip or walk) into one's shoes—অনুগামী-হ , উত্তরাধিকারী-হ , কাহারও পদে পদস্থ হওয়া ; Succeed one.

Step on (or upon)—Tread on.

Step out—বাহিরে-যা , Take a long pace.

Step over—অল্পদূর-যা , সামান্য দূর গমন-কৃ , Walk a short distance , walk over by steps.

Step up—Go upstairs or short distance.

Take a false step—ভুল-কৃ ; ভ্রম-কৃ ; To commit a blunder.

Take a step—পদবিক্ষেপ-কৃ , উপায়-কৃ ; বন্দোবস্ত-কৃ , To make a movement in a given direction.

Tread in the steps of—(কাহারও) দৃষ্টান্ত অনুসরণ-কৃ , Follow the example of.

Step-brother, step'-bruth'er, *n.* বৈমাত্রের ভাই ; বৈপৈত্রিক ভ্রাতা ; উপভ্রাতা ; Son of a step father or mether ; one who stands in the relation of a brother through the marriage of a parent.

Step-child, Step-son, *n.* সপত্নী-পুত্র , নিজের গর্ভে বা ঔরসে উৎপন্ন নহে এমন সন্তান , One who stands in the relation of a child through the marriage of a parent.

Step-daughter, step'-daw'tér, *n.* সপত্নী কন্যা ; উপকন্যা , One who stands in the relation of a daughter through the marriage of a parent

Step-father, step'-fáther, *n.* উপপিতা , সতাত-বাপ , A mother's husband after one's father's death , one who stands in the relation of father through the marriage of one's mother.

Step-mother, step'muthé., *n.* বিমাতা , সৎ মা , Father's wife after one's mother's death ; one who stands in the relation of mother through the marriage of the father.

Steppe, step, *n.* অনুর্ব্বরা ভূমি ; প্রান্তর বিশেষ ; One of the vast plains untilled or barren.

Step-sister, step-sistér, *n.* বৈমাত্রের ভগ্নী ; The daughter of a step father or mother.

Stepping stone—কোন কিছু লাভের পথ বা উপায় : A means of gaining (something) :—পদ-নিধান প্রস্তর ; জল বা কর্দ্দম হইতে উঠিবার প্রথম প্রস্তরখণ্ড ; A raised stone to keep the feet above the water or mud :—উন্নতির উপায় ; উন্নতির সোপান ; A means of progress or furthor advancement.

Stereography, *n.* ঘন বস্তুর সমতল ভূমির উপর চিত্রাঙ্কন বিদ্যা ; The art of delineating the forms of solids.

Stereoscope, *n.* যে যন্ত্রের সাহায্যে সমতল-স্থ চিত্রাবলী ঘনবস্তুবৎ প্রতীয়মান হয়, ঘনবীক্ষণ যন্ত্র ; An optical instruement *a*=stereoscopic, stereoscopical.

Stereotype, ster'eo-tip, *n.* অক্ষরাদির ঢালা ছাঁচ ; ছাপার অক্ষর সাজাইয়া সীসা ঢালিয়া প্রস্তুতীকৃত তাহার অনুরূপ ; অক্ষরযুক্ত সীসার পাটা ; Fixed metal type ; a solid plate of lead, cast from a page of moveable types :—*v. t.* সীসার পাটা ছাঁচে ঢালা ; তদ্দ্বারা মুদ্রিত-কৃ ; To make a stereotype of ; print with stereotype. [with stereotypes.

Stereotyped, *a.* ছাঁচে ঢালা ; Pertaining or done

Stereotyper, *n.* ষ্টিরিও-রচক ; One who makes stereotype plates.

Sterile, ster'il, *a.* [L. *sterilis*, allied to G. *steiros*, barren] অনুর্ব্বর ; বন্ধ্যা , বাঁজা , বাঁজা ; Barren ; unfruitful. *Syn* :—Unproductive, unprolific, addle.

Sterility, ster-ili-ti, *n.* অনুর্ব্বরতা ; বন্ধ্যতা ; অনুৎপাদকতা , Barreness ; unfruitfulness.

Sterling, ster'ling, *n.* বিলাতী মুদ্রা ; British money , English coin :—*a.* বিলাতী মুদ্রা সম্বন্ধীয় ; Belonging to British money :—অকৃত্রিম ; বিশুদ্ধ ; আসল ; প্রকৃত , খাঁটি ; Genuine , of excellent quality. *Syn* :—(*a*) Pure, sound, unadulterated, real, substantial.

Sterling merit—খাঁটি গুণ , যথার্থ গুণ ।

Stern, stern, *n.* কঠিন ; কঠোর ; দারুণ ; রূঢ় ; শক্ত ; Harsh , austere ; cruel ; rough ; severe :—স্থির ; অপরিবর্ত্তনীয় ; Steadfast. *n*=sternness. *ad*=sternly. *Syn* :—Forbidding, austere, rigid, rigorous, harsh, unrelenting, hard, cruel, fierce,. dark, gloomy, threatening. [part of a vessel.

Stern, *n.* জাহাজের বা নৌকার পশ্চাদ্ভাগ ; The hind-

Sternly, *ad.* কটুভাবে ; কর্কশভাবে , দৃঢ়ভাবে ।

Sternmost, *a.* সকলের পশ্চাদ্বর্ত্তী ; Furthest astern.

Sternness, *n.* কঠিনতা . কার্কশ্য , কটুতা , The quality or state of being stern. *Syn* :—Severity, austerity, rigidity , rigour, harshness, inflexibility. [most timber of a ship.

Sternpost, *n.* কর্ণের কাষ্ঠদণ্ড বিশেষ ; The often-

Sternum, *n.* বক্ষঃস্থলের অস্থি বা উপাস্থি ; The breastbone *a*=sternal.

Sternutatory, stér-nū'ta-tor-i, *a* হাঁচিকারক ; That causes sneezing , having the quality of excitron to sneeze —*n* হাঁচিকারক ঔষধ , A substance that causes sneezing.

Stertorous, stér'to rus, *a.* নাসাশব্দকারী ; Snoring :—গভীর নিশ্বাস গ্রহণশীল । *ad*=stertorously.

Stethoscope, stetho-skōp, *n.* [Gr. *stethos*, the breast, *skopeo*, to see] ফুসফুসের পীড়া পরীক্ষা করিবার যন্ত্র ; বক্ষঃস্থল পরীক্ষার যন্ত্র বিশেষ ; Instrument for studying the sounds and diseases of the chest. *a*=stethoscopic, stethosocopical (হৃৎপরীক্ষক যন্ত্র সম্বন্ধীয়) ।

Stevedore, *n.* যে জাহাজ বোঝাই ও খালাস করে ; A person whose occupation is to load and unload vessel :—পরীক্ষার্থ অতি পাঠ-কৃ ।

Stew, stū, *v. t.* মৃদু জালে সিদ্ধ-কৃ ; অল্প জালে পাক-কৃ ; To boil slowly with little moisture :—*v. i.* মৃদু জালে সিদ্ধ-হ . To be boiled slowly and gently :—*n.* শুরুটি মাংস ; মৃদু তাপে সিদ্ধ মাংস ; Meat stewed :—স্নানাগার ; Bathing house :—সঙ্কট ; Difficulty. [হ ।

To be in a stew—হাঙ্গামে বা ঝঞ্ঝাটে পড়া , ব্যস্তসমস্ত-

Steward, stū'ard, *n.* দেওয়ান , নায়েব ; কর্মাধ্যক্ষ , পাকশালার পরিদর্শক ; Manager ; an officer who has the management of the table :—ক্রীড়া ; দৌড় প্রভৃতির তত্ত্বাবধায়ক ; A manager at races, games &c :—পরিচারক ; ভাণ্ডারী ; ভৃত্য ; Attendant in a steamer. *fem*=stewardess (পোতস্থ স্ত্রী-পরিচারিকা) । [রাজকর্মচারী ।

The Lord high steward—বিলাতের সর্ব্বোচ্চ

Stewardship—দেওয়ানের পদ ; Management.

Stich, *n.* কবিতার পঙ্‌ক্তি ; পদ্যের চরণ ।

Stick, stik, *n.* যষ্টি ; লগুড় ; লাঠি ; Staff ; walking cane :—গাছের সরু ডাল ; A small branch cut off a tree :—হরপ সাজাইবার যন্ত্র বিশেষ ; An instrument in which types are composed in words :—*v. t.* প্রবেশ করাইয়া-দে ; To thrust in :—লাগিয়া-দে ; লগ্ন-কৃ ; To cause to adhere , to attach :—বিঁধিয়া-দে ; খোঁচাইয়া মারা ; ছুরিকা দ্বারা বিদ্ধ-কৃ , To pierce ; to stab :—সমস্যায় ফেলা ; ফাঁদে ফেলা ; Puzzle ; embarrass :—*v. i.* লাগিয়া থাকা , লগ্ন-হ ; To adhere ; to hold to :—থামা ; To stop :—সঙ্কুচিত-হ ; ইতস্ততঃ-কৃ ; To hesitate :—দৃঢ়সম্বদ্ধ-হ ; To adhere closely in affection. *Syn* :—(*v*) Transfix, stab, spear, gore ; insert ; attach, glue, cement, paste ; cleave, cling. [অতিক্রম-কৃ ।

Beat (or pierce) all to sticks—সম্পূর্ণরূপে

Cut one's stick—দৌড় মারা ।

Go to sticks and staves—নষ্ট-হ , খণ্ডিত-হ ।

Stick against—আটা দ্বারা লাগিয়া থাকা , Glue to.

Stick at—Hesitate at.

Stick at nothing—কোন কিছু করিতে সঙ্কোচ না-কৃ ; Not hesitate to do anything ; stoop to baseness or deception to reach one's end :—কিছুতেই আটকায় না বা পেচ্-পাঁও নহে, সকল প্রকার কার্য্যেই (দুষ্কর্ম) করিতে প্রস্তুত থাকা ; Be ready to do anything and everything (however base) to accomplish one's ends. [placards.

Stick bills—এস্তেহার মারা , বিজ্ঞাপন মারা , Affix

Stick by—লেগে থাকা ; না ছাড়া ; দৃঢ়রূপে ধরিয়া থাকা ; নাছোড়বান্দা হইয়া-থ ; Adhere to ; remain faithful.

Stick in one's crop or gizzard—প্রাণে লাগা ; বিরক্ত-কৃ ; To rankle in one's heart ; to annoy one.

Stick in one's throat—গলায় আট্‌কিয়া থাকা ; গলায় আট্‌কিয়া-যা , To be spoken unwillingly or painfully ; remain fixed in the throat :—গলা হইতে বাহির হইতে না পারা ; Cannot be uttered by one :—অনিচ্ছাপূর্ব্বক কথিত-হ ।

Stick in the mud—কাদায় আট্‌কিয়া-যা ; Be fixed in the mud. [ground on the bar.

Stick on the bar—চড়ায় আটকাইয়া-যা ; Run a

Stick out—বাহির হইয়া পড়া ; ভিতর হইতে বাহির হইয়া আইসা ; বাড়াইয়া-দে ; Project (from within) ; be prominent. [ধরিয়া থাকা , Adhere to.

Stick to—পরিত্যাগ না-কৃ ; লেগে থাকা ; না ছাড়া,

Stick up—লাগাইয়া-দে ; (কোন উঁচু জায়গায়) মেরে-দে ; Affix ; post.

Stick up for—দৃঢ়রূপে কাহারও পক্ষাবলম্বন করিয়া থাকা ; পক্ষ সমর্থন-কৃ ; Stand firmly by.

Stick upon—লাগিয়া থাকা ; ত্যাগ না-কৃ ।

Sticking plaster, *n.* প্রলেপ বিশেষ ; An adhesive plaster for closing wounds or for covering a part.

Stickle, *v. i.* অস্থিরভাবে এপক্ষ ওপক্ষ-কৃ ; To pass from one side to another :—একগুঁয়ে হইয়া কলহ-কৃ ; To contend obstinately.

Stickleback, *n.* মৎস্য বিশেষ ; A river fish.

Stickler, *n.* দ্বন্দ্বযুদ্ধের মধ্যস্থ ; যে সামান্য লইয়া বিবাদ করে , An umpire in a duel.

Sticky, stiḱe, *a.* আটাযুক্ত ; চট্‌চটে ; আটাল ; Tenacious ; adhesive ; glutinous. *n*=stickiness. *Syn* :—Adhesive, gluey, viscous, viscid.

Stiff, stif, *a.* অনম্য ; দুর্নমনীয় ; দৃঢ় ; কঠিন ; Not easily bent ; flexible :—অপ্রিয় ; কর্কশ , রূক্ষ , Harsh ; rough :—একগুঁয়ে ; Obstinate :—কৃত্রিম ; Affected ; formal :—অসরল . Rather hard than soft. *n*=stiffness (দৃঢ়তা ; কঠিনতা) । *ad*=stiffly (শক্ত করিয়া ; আড়ষ্টভাবে) । *Syn* :—Rigid, unbending, inflexible ; thick, inspissated, tenacious ; stubborn, pertinacious ; starched, punctilious ; cramped, constrained, inelegant.

Stiff as a poker—অত্যন্ত কঠিন ; Very stiff.

Stiffen, stif'n, *v. t.* কঠিন-কৃ , শক্ত-কৃ , আড়ষ্ট-কৃ ; ব্যবহারে অসরল-কৃ ; To make stiff :—*v. i.* কঠিন-হ ; শক্ত-হ ; To become stiff :—প্রবল-হ ; To become obstinate.

Stiff hearted, *a.* একগুঁয়ে ; Stuborn.

Stiff-necked, stif'-nekt, *a.* একগুঁয়ে ; অনমনীয় ; Obstinate ; stubborn.

Stifle, sti'fl, *v. t.* শ্বাসরোধ-কৃ ; নিশ্বাস রোধ-কৃ ; শ্বাসরুদ্ধ করিয়া মারা ; To suffocate ; to stop the breath ; to choke :—দমন-কৃ ; To stop :—নির্ব্বাপিত-কৃ ; To extinguish :—চাপিয়া ফেলা ; To smother —লুক্কায়িত রাখা ; To conceal :—বিনাশ-কৃ ; To destroy. *Syn* :—Choke, smother, suppress, repress, deaden, extinguish, quench, destroy ; muffle, silence, still.

Stigma, stig'ma, *n* কলঙ্ক ; নিন্দা , অপবাদ ; A mark of infamy ; stain ; disgrace :—তপ্ত লৌহ দ্বারা দহন-চিহ্ন ; A brand. *pl*=stigmas, stigmata.

Stigmate, *n.* আঘাত চিহ্নসমূহ ; The marks of the wounds.

Stigmatic, stig-maťik, **Stigmatical,** stig-maťik-al, *a.* অপমানজনক ; কলঙ্কলাঞ্ছিত , দাগী ; Bearing disgrace ; marked with a stigma ; giving reproach. [To brand with a stigma.

Stigmatise, stigma-tīz, *v. t.* কলঙ্কিত-কৃ ; দাগী-কৃ ,

Stile, stil, *n.* প্রাচীর বা বেড়া লঙ্ঘন করিবার সিঁড়ি ; সোপান-পদ্ধতি ; A set of steps for climbing over a wall or fence :—সূর্য্য-ঘড়ির কাঁটা (শঙ্কু) ; The pin of a dial (same as style) :—কপাটের লম্বা দিকের কালি কাট । [সাহায্য-কৃ ।

Help over a stile—প্রতিবন্ধক অতিক্রম করিতে

Stiletto, sti-leťo, *n.* ছোরা ; ক্ষুদ্র তরোয়াল ; A small dagger :—*v. t.* ছোরা দ্বারা বিদ্ধ-কৃ ; অস্ত্র দ্বারা আঘাত-কৃ ; To stab with a stiletto. *pl*=stilettoes.

Still, stil, *a.* [A. S. *stillan*, from *stille*, still] নীরব ; নিস্তব্ধ ; চুপচাপ ; Silent :—শান্ত ; Quiet,

calm :—স্থির ; গতিহীন ; নিশ্চল ; Without any motion ; motionless :—*ad.* অদ্যাপি ; এখনও ; এপর্য্যন্ত ; As yet :—তথাপি ; Nevertheless :—সর্ব্বদা ; সতত ; আরও ; Always ; ever :—তৎপরে ; After that :—*n.* বক যন্ত্র ; মদের ভাটী ; An apparatus for distilling liquids :—*conj.* তথাচ :—*v. t.* স্থির-ক ; ঠাণ্ডা-ক ; চুপ করান ; To quiet :—চোয়ান ; চুয়ান ; To distill ; to cause to fall by *drops* :—শান্ত-ক ; নিবৃত্ত-ক ; To stop, as noise, motion, or agitation. *Syn* :—(*a*) Hushed, mute, noiseless ; tranquil, placid, serene, stilly ; motionless, quiescent ; stagnant. (*v*) Silence, hush, suppress, allay, lull, pacify, tranquillize, compose, quiet.

A stand still—গতিশূন্যতা ; Absence of motion ; checked progress.

Stand still—নিস্তব্ধ হইয়া থাকা ; Remain quiet.

Still and anon—পুনঃ পুনঃ ; মধ্যে মধ্যে ।

Still as a mouse—Exceedingly quiet ; suspiciously still.

Still-born, stilbawrn, *a.* মৃত প্রসূত ; মৃত জাত ; Dead when born ; abortive. [বৎসপ্রসূ রমণী ।

The mother of still-born children—মৃত-

Still less—আরও কম , Even less.

Still life, *n.* ফলপুষ্পাদি নির্জ্জীব পদার্থের চিত্রসমূহ ; (চিত্রবিদ্যায়) অচেতন পদার্থ ; The class of pictures representing inanimate objects.

Still more—আরও অধিক ; Much more.

Still-room, *n.* বাটীর যে ঘরে মদ্যাদি রক্ষিত হয় তাহা ; An apartment where liquors are kept.

Stilly, stili, *a.* শান্ত ; নীরব ; নিঃশব্দ , Still ; quiet ; calm :—*ad.* নিস্তব্ধভাবে ; ধীরে ধীরে ; Silently ; gently.

Stilt, stilt, *n.* পাদ-দণ্ড ; উচ্চ হইয়া হাঁটিবার দণ্ড বিশেষ , যে দণ্ডদ্বয়ের উপর পা রাখিয়া ভ্রমণ করা যায় ; A support of wood with a rest for the foot used in walking :—*v. t.* পাদদণ্ডের উপর খাড়া-ক ; উন্নত-ক ; অত্যারূঢ়-ক ; To raise on stilts , to elevate by unnatural means. *a*=stilted (অত্যারূঢ় ; আড়ম্বরযুক্ত) ।

Stimulant, stimū-lant, *a.* উত্তেজক , উদ্রেককারক ; Exciting action :—*n.* উত্তেজক ঔষধ ; A stimulating medicine.

Stimulate, stimū-lāt, *v. t.* [L. *stimulare. stimulatum*, to prick or goad on] উত্তেজিত-ক ; উদ্রিক্ত-ক ; খোঁচান ; প্রবৃত্ত-ক ; উৎসাহ-দে ; To incite , to spur on ; to excite ; to animate ; to instigate. *Syn* :—Encourage, impel, urge, instigate, arouse, whet, provoke.

Stimulation, *n.* উত্তেজনা ; উদ্দীপন ।

Stimulative, stimū-lāt-iv, *a.* উত্তেজক ; Tending to stimulate :—*n.* উত্তেজক দ্রব্য ; That which stimulates or excites.

Stimulus, stimū-lus, *n.* অঙ্কুশ ; তাড়না ; Goad : —উত্তেজনা ; উদ্দীপন ; Incitement :—উত্তেজক ঔষধ ; Stimulant. *pl*=stimuli.

Sting, sting, *v. t.* দংশন-ক ; হুল দিয়া বিদ্ধ-ক ; হুল ফুটান ; যন্ত্রণা-ক , To pain acutely ; to pierce acutely : —উত্তেজিত-ক :—*n.* হুল ; শুঁয়া ; সূচী ; The sharp-pointed weapon of some animals :—হুল ফোটান ; দংশন ; The thrust of a sting into the flesh :—শেষ শ্লোকে উল্লিখিত তীব্রোক্তি ; The point in the last verse of an epigram :—তীব্র যাতনাদায়ক বস্তু ; মর্ম্মভেদ ; Anything that causes acute pain. *Syn* :—(*v*) Prick, wound, hurt ; pain, afflict.

Sting to the quick—মর্ম্মে আঘাত-দে ; Keenly to hurt or irritate the feelings.

Take away the sting of—কাহাকে কোন কিছুর দরুণ কষ্ট পাইতে না হওয়া ; কাহারও মনঃকষ্ট নিবারণ-ক ; Not to make one feel the pain or evils of.

Stinginess, *n.* নীচতা ; Meanness :—ব্যয়কুণ্ঠতা ; Niggardliness.

Stinging, *a.* তীব্র ; বেধক ; Piercing.

Stingy, stinje, *a.* ব্যয়কুণ্ঠ ; কৃপণ ; Niggardly ; meanly ; avaricious :—কুঁয়াওয়ালা ; হুলযুক্ত । *ad*= stingily. *Syn* :—Mean, parsimonious, sparing.

Stink, stingk, *v. i.* দুর্গন্ধ নির্গত-হ ; পূতিগন্ধ ত্যাগ-ক ; To emit an offensive smell ; to give out a strong offensive smell :—*n.* তীব্র গন্ধ ; দুর্গন্ধ ; A disagreeable smell ; a strench.

Stink in one's nostris—ঘৃণাজনক-হ ; কাহারও পক্ষে ঘৃণার বিষয়-হ ; Be hateful to one ; be odious to one. [দেওয়া ।

Stink in the nostrils of—দুর্গন্ধে নাক জ্বালাইয়া

Stinking, *a.* দুর্গন্ধময় ।

Stink-pot, *n.* চীন-দস্যুরা যে পাত্রে দুর্গন্ধ দ্রব্যাদি জ্বালাইয়া শত্রুর জাহাজে নিক্ষেপ করে ।

Stint, stint, *v. t.* অল্প-ক ; খর্ব্ব-ক ; সীমাবদ্ধ-ক ; দমন-ক ; আটক-ক ; To restrain ; to limit :—*n.* সীমা ; Limit ; bound :—দমন ; Restraint :—অংশ ; Portion :—খর্ব্বতা ; কমি ; Shortness. *Syn* :—(*v*) Stop, bound, confine ; pinch, straiten, distress.

Stinted, *a.* খর্ব্বীকৃত ; পরিমিত ।

Stinted growth—প্রতিরুদ্ধ বৃদ্ধি ।

Stintless, *a.* অবারিত ; অনর্গল ।

Stipend, stīpend, *n.* নির্দ্ধারিত বেতন ; বৃত্তি ; ভৃতি ; ভাতা , Settled pay ; salary ; wages ; allowance.

Stipendiary, stī-pendī-ari, *a.* বেতনভুক্ ; বেতনভোগী ; বৃত্তিভোগী ; Receiving stipend :—*n.* বেতনভুক্ ব্যক্তি ; বৃত্তিভোগী ব্যক্তি ; One who performs service for a salary. [অঙ্কন ।

Stipple, *v. t.* বিন্দু দ্বারা অঙ্কিত-ক :—*n.* বিন্দু দ্বারা

Stipulate, stip'ū-lāt, *v. i.* চুক্তি-ক ; করার-ক ; নিয়ম-ক ; স্থির-ক , To settle terms ; to contract to bargain. *n*=stipulator. *Syn* :—Bargain, covenent, engage.

Stipulation, stip-ū-lāshun, *n.* সন্ধি ; চুক্তি ; করার ; Contract. *Syn* :—Cnvenant, agreement, bargain.

Stipule, *n.* উপপত্র ; পত্রশূক ।

Stir, ster, *v. t.* উত্তেজিত-ক ; খোঁচাইয়া তোলা ; To rouse ; to instigate :—আলোড়িত-ক ; ঘোলান ; To agitate :—*v. i.* চলা ; স্থানান্তর-হ ; নড়া ; সরা ; To move :—তৎপর-হ ; To be active :—*n.* গোলমাল ; হাঙ্গাম ; আন্দোলন ; Tumult ; bustle. *Syn* :—Raise, agitate, disturb, awaken, animate, stimulate, provoke.

Stir up—উত্তেজিত-ক ; Greatly excite.

Stir up fire—আগুন উস্কাইয়া-দে ।

Stir your stamps—চালাক-হ ; Be active ; step briskly ; keep moving. [Exciting.

Stirring, *a.* উত্তেজনাকারী ; উত্তেজক ; তৎপর ; কর্ম্মঠ ;

Stirrup, stir'up, *n.* জীনের রেকাব ; পা-দান ; A iron hoop for a horseman's foot.

Stitch, stish, *n.* সেলাই ; একটি মাত্র ফোঁড় ; সূচের টাঁক ; A pass of a needle and thread :—তীব্র বেদনা ; যন্ত্রণা , An acute pain :—*v. t.* সেলাই-ক ;

সূচের দ্বারা টাঁকা ; জোড়-দে ; To sew or unite together :—*v. i.* সেলাই-কৃ ; To practice sewing.

A stitch of work—কোন কাৰ্য্য ; The best amount of work ; any work.

Stitch up—ছুঁচ দিয়া সারা বা জোড়-দে ।

Stitching, *n.* সেলাই ; সীবন ।

Stitchwort, *n.* বৃক্ষ বিশেষ ; A genus of plants.

Stithy, stithy, *n.* নেহাই ; An anvil :—কামারশালা ; Smith's shop.

Stive, *v. t.* পূর্ণ-কৃ ; পূরিত-কৃ , To stuff.

Stiver, *n.* মুদ্রা বিশেষ ; Dutch coin, worth 1*d.*

Stoat, *n.* নকুল বা বেঁজি বিশেষ ; A kind of weasel.

Stoccado, *n.* (তরবারি খেলার) আঘাত , চোট , A slight fortification.

Stock, stok, *n.* [A. S. *stocc,* a stock] বৃক্ষের কাণ্ড ; গুঁড়ি , The stem of a tree ; stem :—মূলধন ; Capital :—বংশ ; গোত্র , পরিবার ; Lineage , origin ; family :—স্তম্ভ ; থাম ; Pillar , post :—নির্ব্বোধ ব্যক্তি ; স্থূলবুদ্ধি লোক ; A stupid person :—ভাণ্ডার ; Store :—রাজকীয় কর্ম্ম :—হাড়িকাঠ , হস্তপদাদি আটকাইয়া শাস্তি প্রদানার্থ সচ্ছিদ্র কাষ্ঠখণ্ড ; ডুডুং ; An instrument in which the legs of criminals are confind :—গৃহপালিত জন্তু সকল :—*pl.* জাতীয় ধন ; The public funds :—অতিপ্রিয় উদ্যান পুষ্প বিশেষ ; A favourite garden flower :—*v. t.* ভাণ্ডার পূর্ণ-কৃ , যোগান ; To store ; to fill ; to supply , to furnish *Syn* :—(*n*) Stalk, trunk ; block, log ; post , handle, haft , neckcloth, cravat ; race, parentage ; funds ; supply, provision ; hoard, reserve.

A joint stock company—কতকগুলি লোক একত্র হইয়া ব্যবসায় প্রবৃত্ত ; A trading company.

A stock phrase—বাঁধা গৎ ; যে কথা সর্ব্বদাই ব্যবহার করা যায় ; A phrase in constant use. [দ্রব্যাদি ।

Dead stock—লাঙ্গলাদি কর্ষণ যন্ত্র ; বীজাদি , অবিক্রীত

Live stock—গোমেষাদি পালিত জন্তু , গৃহপালিত পশু , গৃহপালিত জীবজন্তু ; Domestic animals used or raised on a farm ; domestic animals kept and reared in a farm.

Paper stock—যে ছেঁড়া বস্ত্রাদি দ্বারা কাগজ প্রস্তুত হয় ।

Stock in trade—বিক্রেয় দ্রব্য ; বিক্রেয় মাল ; Goods kept for sale (by a shopkeeper) :—ব্যবসায়ের দ্রব্য বা যন্ত্রাদি , The fittings and appliances of a workman :—অস্ত্রশস্ত্র ; পুঁজিপাটা ; Usual weapons.

Take stock—দ্রব্যের তালিকা প্রস্তুত-কৃ ; মৌজুদ মালের সুমার-কৃ , কত মাল মজুত আছে তাহার হিসাব ঠিক-কৃ , Prepare an inventory of stock in goods on hand ; prepare an inventory of the goods which a merchant has on hand :—মনে মনে গণিয়া কত দাঁড়ায় দেখা ; Compute with a view to determine the sum total.

Take stock in—নির্ভর-কৃ ।

Take stock of—কোনও কিছুর সম্বন্ধে সংবাদ সংগ্রহ-কৃ ।

To stock cards—(তাস খেলায়) ঠকাইবার জন্য গুছাইয়া তাস ভাঁজা বা বাঁধা ।

To stock up—তুলিয়া ফেলা, নির্ম্মূল-কৃ ।

Stock-aking, *n.* মাল পরীক্ষা ; বিক্রেয় মালের সুমার ; Periodical examination of goods.

Stockade, stok-ād, *n.* [Ger. *stock,* a stick] মজবুত খুঁটির বেড়া ; বড় খুঁটির বেড়া দ্বারা ঘেরা স্থান ; বক্ষঃ পর্য্যন্ত বেড়া ; Fortification formed of stakes ; breast-work formed of stakes :—*v. t.* বেড়া দিয়া বেষ্টন-কৃ ; To surround or fortify with a stockade.

Stock-blind, *a.* সম্পূর্ণ অন্ধ ।

Stock-broker, stok'brōk-ėr, *n.* কোম্পানি কাগজের দালাল ; A dealer in public funds.

Stock-dove, stok'duv, *n.* কপোত বিশেষ ; A species of pigeon.

Stock-exchange, stok'-eks-chānj, *n.* কোম্পানির কাগজ খরিদ বিক্রয়ের স্থান ; The place where stocks are bought and sold ; stock-market.

Stock-farmer, *n.* যে ব্যক্তি গোমেষাদি উৎপন্ন করে ।

Stock-fish, *n.* কড্ মৎস্যের সাধারণ নাম ; A general term for cod.

Stck-holder, stok'hold-ėr, *n.* কোম্পানির কাগজের অধিকারী ; One who holds stocks in a public funds or in a company.

Stocking, stok'ing, *n.* মোজা ; পাদাবরণ ; A close fitting covering for the feet and leg.

Stock-jobber, *n.* যে ব্যক্তি লাভার্থ কোম্পানির কাগজ কেনা বেচা করে ।

Stock-jobbing, stok'-jobing, *n.* কোম্পানির কাগজের ব্যবসায় , The act of dealing on stocks , a speculation in stocks.

Stock-list—কোম্পানির কাগজাদির বাজার মূল্যের তালিকা ।

Stock-market, *n.* গোহাটা ; মেষাদি বিক্রয়ের স্থান — কোম্পানির কাগজাদির বাজার ; Stock-exchange.

Stock-still, stok'-stil, *a.* অত্যন্ত স্থির ; সম্পূর্ণ স্থির ; নিস্তব্ধ ; Still as a post fixed.

Stoic, stō'ik, *n.* [Gr. *stoa,* a porch] দার্শনিক জেনোর শিষ্য ; যে ব্যক্তি সুখদুঃখে উদাসীন , বিষয়বিরাগী ব্যক্তি , সন্ন্যাসী ; দণ্ডী ; A disciple of philosopher Zeno, one indifferent to pleasure or pain.

Stoic, stō'ik, **Stoical,** stō'ik-al, *a.* উদাসীন , বিষয়-বিরাগী ; Indifferent. *ad* = stoically, *n* = stoicalness.

Stoicism, stō'i-sizm, *n.* সুখদুঃখে ঔদাসীন্য , বৈরাগ্য দর্শন ; সন্ন্যাস-বৃত্তি ; The doctrines of the stoics ; indifference to pleasure or pain ; insensibility ,

Stoke, *v. i.* ইন্ধন দ্বারা উদ্দীপিত-কৃ , প্রজ্বলিত-কৃ ; Poke or rake a large fire , to stir, or tend a fire in furnaces. *n*=stoker.

Stole, *pt.* of *steal.* [garment.

Stolon, stōl, *n.* উত্তরীয় বস্ত্র বিশেষ ; A long, loose

Stolen, stōlen, *p. a.* অপহৃত :—*pp.* of *steal.*

Stolen property—চোরাই মাল ।

Stolid, stolid, *a.* নিষ্ক্রিয় ; মূর্খ ; নির্ব্বোধ ; মূঢ় , হাঁদা , Heavy , dull ; stupid ; foolish. *n*=stolidity. *Syn* :—Obtuse, slow.

Stolidity, *n.* নির্ব্বুদ্ধি , মূঢ়তা ; নিষ্ক্রিয়তা ; Dullness of intellect.

Stomach, *n.* পাকস্থলী; পেট ; উদর ; Organ of digestion :—বুভুক্ষা ; ক্ষুধা ; Appetite :—আস্বাদন ; Relish :—*v. t.* সহ্য-কৃ ; To brook, to resent ; to put up with. [and not resent it.

Stomach an insult—ক্রোধ না-কৃ ; Swallow it

Stomacher, stum'a-chėr, *n.* বক্ষভূষণ ; স্তন-ভূষণ ; স্তনাবরণ ; An ornament or support for the breast worn by women.

Stomachic, sto-mak'ik, **Stomachical,** sto-mak'ik-al, *a.* অগ্নিবর্দ্ধক ; আগ্নেয় ; ক্ষুধাজনক ; Strengthening or promoting the action of the stomach.

Stomachic, *n.* অগ্নিবর্দ্ধক ঔষধ ; আগ্নেয় ঔষধ ; A medicine that strengthens the stomach.

Stone, stōn, *n.* প্রস্তর ; পাথর ; শিলা ; Mass of rock ; a hard mass of mineral matter ; piece of rock for building :—হীরা ; মণি ; Gem ; precious stone :—সমাধিস্তম্ভ ; গোরের উপরিস্থ প্রস্তর ; Tombstone :—মূত্রাশয়ে সঞ্চিত প্রস্তরীভূত পদার্থসমূহ ; পাথুরী ; অশ্মরী রোগ ; A calculous concretion formed in the bladder ; a concretion in the kidneys :—প্রায় সাত সের, A weight of 14 lbs :—ভিত্তি ; Foundation :—আঁটি ; বীজকোষ ; বিচি ; Hard case of a seed :—অনুভূতিরাহিত্য ; অচৈতন্য ; Torpidness and insensibility :—*v. t.* প্রস্তর ফেলিয়া মারা ; প্রস্তরাঘাতে বধ-কৃ ; To pelt with stones :—পাথর বাছিয়া ফেলা ; বিচি ছাড়াইয়া ফেলা ; আঁটি হীন-কৃ, To free from stone.

Lay the first stone—আরম্ভ কৃ, সুরু-কৃ, Begin.

Leave no stone unturned—যথাসাধ্য চেষ্টা-কৃ, যে কিছু উপায় হইতে পারে তাহা অবলম্বন-কৃ ; যতদূর সাধ্য চেষ্টা-কৃ ; To spare no exertions to do everything that can be done.

Meteoric stones—উল্কাপ্রস্তর।

Philosopher's stone—পরশ পাথর ; A substance, which it wss supposed, could it be discovered, would change everything into gold, a pretended substance that was formerly supposed to have the property of converting everything into gold.

Roll the stone of Sisyphus—কোন গুরুতর ভার (যে কার্য্যে বিশ্রাম নাই), Be engaged in a ceaseless labourious work (like Sisyphus).

Within a stone's throw (or cast)—একখণ্ড প্রস্তর নিক্ষেপ করিলে যতদূরে পতিত হয় তাহার মধ্যে ; ঢিল ছুড়িলে যতদূর যায় তাহারই মধ্যে, অর্থাৎ বড় দূরে নহে ; নিকটে, Within such a distance that a stone thrown by the hand may reach the object not very far from.

Stone-age—A supposed prehistoric age of the world, when stone and bone were habitually used as the materials for weapons and tools ; called also the flint age. [stone. *n* = stone-blindness.

Stone blind, *a.* একবারে অন্ধ ; সম্পূর্ণ অন্ধ ; Blind as

Stone-chat, stōnchat, **Stone-chatter,** stonchatėr, *n.* পক্ষিবিশেষ ; A lively little bird.

Stone-cold, *a.* প্রস্তরবৎ শীতল ; ঠাণ্ডা যেন পাথর ; Cold as stone.

Stone-cutter, stōnkut-ėr, *n.* যে ব্যক্তি প্রস্তর কাটে ; ভাস্কর, পাথর-কাটা মিস্ত্রী ; One who cuts stones ; one whose occupation is to cut stones.

Stone-dead, *a.* সম্পূর্ণরূপে মৃত ; Quite dead.

Stone-fruit, stōn-froōt, *n.* আঁটিবিশিষ্ট ফল ; যে ফলে আঁটি থাকে ; A fruit whose seeds are inclosed in a stone or hard kernel.

Stone-hammer, *n.* পাথর ভাঙ্গিবার হাতুড়ি ; A hammer for breaking stones. [hearted.

Stone-hearted, *a.* কঠিনহৃদয় ; কঠিন-প্রাণ ; Hard-

Stone-horse, *n.* অচ্ছিন্ন-মুষ্ক অনশ্ব। [in stone.

Stone-mason—রাজমিস্ত্রী ; A mason who builds

Stone-pit, *n.* প্রস্তরের খনি, প্রস্তরের আকর।

Stone's-cast, stōnz-kast, **Stone's-throw,** stōnz-thrō, *n.* যতদূর প্রস্তর নিক্ষেপ করা যাইতে পারে ; নিক্ষিপ্ত প্রস্তরাতিক্রান্ত দূরত্ব ; হাতের ঢেলা যতদূরে যায় ; The distance to which a stone may be cast or thrown by the hand.

Stone-still, *a.* সম্পূর্ণরূপে নিস্তব্ধ ; Perfectly still.

Stone's-throw, stōnz-thro, *n.* হাতের ঢেলা যতদূরে যায় ; যতদূর প্রস্তর নিক্ষেপ করা যাইতে পারে ; The distance to which a stone may be cast or thrown by the hand ; a short distance.

Stone-ware, stōnwar, *n.* মৃত্তিকার বাসন বিশেষ ; A coarse kind of strong earthenware.

Stony, stōni, *a.* প্রস্তরময় ; প্রস্তরবৎ ; পাষাণ-নির্ম্মিত ; Made of, abounding, or resembling stone :—শক্ত ; কঠিন ; Hard ; solid :—নির্দয় ; নিষ্ঠুর ; Pitiless ; cruel, obdurate.

Stony-hearted, *a.* নিষ্ঠুর ; Cruel ; pitiless.

Stood, *pt.* and *pp.* of *stand.*

Stook, *n.* (শস্যক্ষেত্রে) বার আঁটির গাদা।

Stool, stōōl, *n.* কাষ্ঠাসন ; টুল ; পীঠ ; A seat without a back :—মলত্যাগ, কোষ্ঠমোচন ; দাস্ত ; ভেদ ; Evacuation of the bowels ; discharge from the bowels :—*v. t.* মলত্যাগ-কৃ ; To evacuate.

Between two stools a person falls to the ground—দুই কাজ করিতে গেলে কোনটা ভালরূপ হয় না ; দুই নৌকায় পা দিলে ডুবিতে হয় ; In pursuing two objects at once, one does not gain either.

Stool of repentance or **guilty stool,** *n.* Formerly, a seat on which persons found guilty of fornication or adultory were compelled to stand in view of the whole people for a certain number of sundays, and then to be rebuked by the minister.

Stoom, *v. t.* বলশালী-কৃ ; ঝাঁজাল-কৃ ; To give strength ; to make lively.

Stoop, stōōp, *v. i.* শরীর নত-কৃ ; অবনত-হ ; হেঁট-হ, ঝোঁকা ; To bend the body ; to bend forward. —হীনতা বা বশ্যতা স্বীকার-কৃ ; To yield :—প্রসন্ন-হ, নম্র-হ, To condescend :—*v. t.* নীচের দিকে নত-কৃ ; হেঁট-কৃ, To cause to incline downward ; to bow down :—ছোঁ মারিয়া পড়া ; Come down on the wing, as a bird of prey :—*n.* অবনতি ; দেহ নমন, হীনতা ; The act of stooping ; inclination forward :—নম্রতা ; Condescension :—ছোঁ মারণ ; A swoop. *Syn* :—Incline, swoop, descend ; yield, submit, succumb ; scend, deign, vouchsafe.

Stoop to—নত-হ ; Submit to.

Stop, stop, *v. t.* বন্ধ-কৃ ; রুদ্ধ-কৃ, To close up :—প্রতিরোধ-কৃ, বাধা-দে ; To obstruct ; to hinder : —রুদ্ধগতি-কৃ ; To impede :—দমন-কৃ ; To restrain :—*v. i.* নিবৃত্ত-হ ; বন্ধ-হ ; থামা ; To cease to go forward :—অল্পকাল থাকা বা বাস-কৃ ; To stay :—শেষ-হ ; To be at an end :—*n.* বাধা ; বিঘ্ন ; প্রতিবন্ধক, গতিরোধ ; Obstruction ; obstracle ; hinderance :—বিরাম ; Pause, cessation :—বিরাম-চিহ্ন ; A mark of punctuation. *Syn* :—(*v*) Plug, close ; obstruct, block, interrupt, stay ; leave, cease ; suspend, intermit, discontinue, halt, stand still ; desist, forbear ; tarry, stay, lodge ; terminate, end. (*n*) Intermission, rest, check, interruption, obstacle, impediment ; point, period.

Put a stop to—স্থগিত-কৃ ; আর চলিতে বা বাড়িতে না দেওয়া, বন্ধ কৃ, Prevent from proceeding further.

Stop payment—দেউলিয়া-হ ; To become embarassed or bankrupt in business.

Stop short—একবারে থামা ; হঠাৎ থামা, আর না

যাওয়া ; Not to proceed any further. [to shame.
Stop the mouth—মুখবন্ধ-কৃ ; To silence ; to put
Stop up—একবারে বন্ধ-কৃ ; Fill up ; close.
Stop-cock, Stop-cork, *n.* (কলের) কলের মুখ ; A short pipe in a cock &c. opened and stopped by a cock or key. [porary expedient.
Stop-gap, stop'-gap, *n.* ছিদ্র রোধন , ভঁজি ; Tem-
Stoppage, stop'āj, *n.* বাধা ; প্রতিবন্ধ ; নিবারণ ; An obstruction :—স্থিতি ; Stay, rest.
Stopper, stop'ėr, *n.* ছিপি ; That which closes a vent or hole :—বন্ধকারী ; One who stops :—*v. t.* ছিপি দিয়া বন্ধ-কৃ ; উহার দ্বারা রুদ্ধ বা আবদ্ধ-কৃ ; To close or secure with a stopper. [motion.
Stopping train, *n.* One that stops at every
Stopple, stop'l, *n.* ছিপি ; গুঁজি ; A cork or plug :—*v. t.* ছিপি দিয়া বন্ধ-কৃ , To close with a stopple.
Storage, stor'āj, *n.* সঞ্চয় ; সংগ্রহ ; গুদামজাত করণ ; Storing ; the depositing in a store :—গুদাম ; Place for storing :—গুদাম ভাড়া . The price charged or paid for keeping goods in a store.
Storax, stōr'āj, *n.* সৈলের ; সুগন্ধি ধুনা বিশেষ ; A fragrant resin.
Store, stōr, *n.* [A. S. *stor*, great] সঞ্চিত দ্রব্য ; Hoard :—প্রচুর পরিমাণ ; প্রাচুর্য ; বাহুল্য , Abundance, plenty :—সঞ্চয় ; Stock accumulated :—গুদাম ; Ware-house , a store-house —*pl.* খাদ্য সামগ্রী , সরঞ্জম , Supplies of provisions, ammunition &c. for an army or a ship :—*v. t.* সংগ্রহ-কৃ , সঞ্চয়-কৃ ; To collect ; to gather in quantities :—যোগান ; To supply :—গুদামজাত কৃ ; ভাণ্ডারস্থ-কৃ , To lay up in store ; to hoard —গুদামে রাখা ; To deposit or place in a warehouse. *Syn* :—(*n*) Stock, fund, abundance, accumulation, provision ; magazine, depot, storehouse. (*v*) Collect, accumulate, replenish, garner, husband, save, reserve ; furnish, provide, stock.
Be in store for—সঞ্চিত থাকা . মজুত থাকা ; Be in reserve for one, that one is to joy, that awaits one
In store—সঞ্চিত ; প্রস্তুত . সঞ্চিতাবস্থায় ; In reserve.
Set store by—অত্যন্ত মূল্যবান মনে কৃ ।
Store-house, stōr'hows, *n* গুদাম , গোলা ; ধনাগার ; Magazine ; a repository ; a treasury
Store-keeper, *n.* ভাণ্ডার-রক্ষক ; ভাণ্ডারী ; গুদাম-সরকার ; Officer having charge of stores
Storied, stō'rid, *a.* গল্পে কথিত , Having a history told or recited in history —ইতিহাস-প্রসিদ্ধ ; বৃত্তশোভিত ; ঐতিহাসিক চিত্র দ্বারা অলঙ্কৃত ; Adorned with historical painting :—তলাবিশিষ্ট ; তলবিশিষ্ট ; Having stages or floors reached by flights of stairs ; having a storey or storeys.
Stork, *n.* সারস পক্ষী ; ক্রৌঞ্চ . Crane.
Storm, storm, *n.* ঝড় ; ঝঞ্ঝাবাত , ঝড়বৃষ্টি , A tempest :—গোলমাল ; বিভ্রাট ; হাঙ্গামা ; হুলস্থূল ব্যাপার ; Tumult ; commotion :—বলপূর্ব্বক দুর্গাক্রমণ ; Assault on a fortification :—*v. i.* ঝড়-হ ; বাতাদি বহা ; To blow with violence —ক্রোধোন্মত্ত-হ ; ক্রুদ্ধ-হ ; To be in a violent passion .—*v. t.* বলপূর্ব্বক আক্রমণ-কৃ ; To assault ; to attack by open force. *Syn* :—(*n*) Gale, blast, gust, hurricane, tornado ; disturbance, agitation, commotion ; adversity, calamity , attack, assault. (*v*) Rage
A storm is brewing—ঝড় উঠ উঠ হইয়াছে ; The clouds are gathering and storm is imminent ; difficulties or dangers or contentions is arising :—গুরুতর ব্যাপার ঘটিবার উপক্রম হইয়াছে ; A great commotion or danger is about to befall.
Raise a storm—গোলযোগ-কৃ ; Create a tumult :—হুলস্থূল পড়িয়া যাওয়া ; Excite a violent commotion.
Take (or carry) by storm—বলপূর্ব্বক আক্রমণ করিয়া দখল-কৃ ; Take by a violent and open assault. [in a fortification.
Storming party, *n.* Party to attck the breach
Stormy, stormė, *a.* বাত্যাকুল ; বাত্যাময় ; ঝটিকা-সঙ্কুল ; বাত্যাবহুল ; Agitated with furious winds ; tempestuous :—প্রবল ; প্রচণ্ড ; অত্যন্ত ক্রোধশীল , Violent ; passionate. *Syn* :—Boisterous , gusty, squally, blustering, rough.
Story, stō're, *n.* অলীক গল্প ; A fictitious narrative :—ইতিহাস ; ইতিবৃত্ত ; কাহিনী , History :—উপকথা ; A tale :—মিথ্যা ; Falsehood .—(গৃহের) তল , তলা ; A floor ; the height of one floor in a building ascended by stairs (storeyও হয়) :—*v. t.* বর্ণনা-কৃ , To describe. *Syn* :—Narration, relation, recital, narrative ; fiction, fable, novel, falsehood, untruth ; floor, loft.
A cock-and-bull story—বানান কথা ; গাঁজাখুরি গল্প , A tedious and exaggerated story ; a long, rambling story.
An old story—প্রাচীন কাহিনী ।
Threestoried house, A house of three stories—ত্রিতল গৃহ , তিনতোলা বাড়ী । [and repeat it.
Rake up an old story about one—To call up
Tell a story—গালগল্প-কৃ মিথ্যা কথা কহা ।
Storry-book, *n.* গল্প পুস্তক ।
Storry-teller, *n* গল্পিয়া লোক ; গল্পে ; মিথ্যাবাদী ।
Stout, stout, *a.* বলিষ্ঠ , বলবান ; Strong , robust —মোটা ; স্থূল , Corpulent —নির্ভয় . সাহসিক ; Intrepid :—শক্ত , কঠিন .—অনমনীয় , Obstinate :—দৃঢ় প্রতিজ্ঞ , Resolute :—*n.* মদ্য বিশেষ , A strong kind of beer. *n*=stoutness (বলিষ্ঠতা ; সাহসিকতা) ; *ad*=stoutly (সাহসপূর্ব্বক ; দৃঢ়ভাবে) । *Syn* :—Lusty, brawny, athletic, sturdy, stalwart ; brawl, valiant, bold, manly, firm ; corpulent, portly, plump, fat, obese.
Stout-built, Stout-made, *a.* বলিষ্ঠ ; বলবান , Having a strong frame of body. [Brave
Stout-hearted, *a.* সাহসিক , নির্ভীক , অকুতোভয় ,
Stove, stōv, *n.* উনান ; চুল্লী ; Fire-place :—*v. t* উত্তপ্ত-কৃ ; গরমে রাখা , শুষ্ক-কৃ , To heat or keep warm
Stow, stō, *v. t.* সাজাইয়া রাখা ; গাদা দিয়া রাখা , To arrange :—স্থাপন-কৃ ; To place .—সঞ্চয়-কৃ ; ব্যবস্থা পূর্ব্বক বোঝাই-কৃ ; To lay by. *n*=stowage (ব্যবস্থাপন , সাজাইয়া রাখিবার ঘর ; সাজাইবার মজুরী) ।
Stowage, *n.* স্থাপিত হওন ; The state of being laid up. [গাড়ীতে প্রবেশ-কৃ ।
Stow-a-way, *n.* যে ভাড়া ফাঁকি দিবার জন্য লুকাইয়া
Straddle, stradl, *v. i.* পা ফাঁক করিয়া দাঁড়ান বা হাঁটা , দুই পা রাখা ; To stand or walk with the legs far apart :—*v. t.* কোন বস্তুর এক দিকে এক পা অপর দিকে অপর পা স্থাপন-কৃ ; দুই দিকে পা রাখিয়া দাঁড়ান বা বসা , To stand or sit astride of :—*n.* পা ফাঁক করিয়া দাঁড়ান বা উপবেশন ; The act of standing or sitting with legs apart.

Straggle, strag'l, *v. i.* ইতস্ততঃ-কৃ ; বহুদূরাবধি ভ্রমণ-কৃ ; To wander about ; to roam ; to ramble :—বিক্ষিপ্ত-হ ; Be scattered loosely ; be dispersed :—মধ্যে মধ্যে ঘটা।

Straggler, strag'lėr, *n.* ভবঘুরে ; পর্যটনকারী ; যে এদিক ওদিক করে ; A wanderer ; vagabond :—যে সৈনিক সৈন্যদল হইতে ছটকাইয়া পড়ে ; One who wanders from the regular line of march.

Straggling, *n.* ইতস্ততঃ বিক্ষিপ্ত ; Raging loose ; standing apart :—ভ্রমণশীল ; Wandering ; roving.

Straight, strāt, *a.* [A. S. *streht*, *pp.* of *streccan*, to stretch] সোজা ; সরল ; ঋজু ; Being in a right line ; direct :—ন্যায্য ; ঠিক ; সরল ; Upright :—*ad.* তৎক্ষণাৎ ; Instatly :—সোজা ; সরাসর ; ঠিক ; Directly. *Syn* :—Short, rectilinear, undeviating ; vertical, erect ; just, fair, honourable, straightforward.

A straight line—সরল রেখা।

Straighten, strāt'n, *v. t.* সোজা-কৃ ; সরল-কৃ ; ঠিক-কৃ ; To make straight.

To straighten one's face—হাস্যাদি বন্ধ-কৃ।

Staight-forward, strāt-for'ward, *a.* সরল ; সৎ ; Frank ; honest ; upright :—সোজাসুজি ; Going forward in a straight course. *ad*=straight-forwardly. *n*=straight-forwardness. [(সোজাসুজি)।

Straightnoss, *n.* সরলতা ; ঋজুতা। *ad*=straightly

Straightway, strātwā, *ad.* তৎক্ষণাৎ ; অবিলম্বে ; Immediately , without loss of time.

Strain, strān, *v. t.* [L. *stringere*, to draw or bind tight] বলপূর্বক আকর্ষণ বা প্রসারণ-কৃ ; To draw with force :—জোরে টানা ; To stretch :—শোধিত-কৃ ; ছাঁকা ; চালা ; To filter :—যথাসাধ্য চেষ্টা-কৃ ; To exert to the outmost :—পেষণ-কৃ , To press ; to make tight :—জোর করিয়া বাঁধা-কৃ ; To constrain :—অত্যন্ত টানিয়া আঘাত-কৃ ; To injure by overtasking ; to sprain .—*v. i.* অত্যন্ত চেষ্টা-কৃ ; ছটফট-কৃ ; To make violent efforts :—চোয়াইয়া-যা ; শোধিত-হ , চোয়াইয়া পড়া ; To pass through a filter :—*n* অত্যন্ত , ভয়ানক আয়াস ; অতি চেষ্টা , Violent effort :—মোচড় , আঘাত ; Injury caused by excessive exertion :—অভিপ্রায় , উদ্দেশ্য ; বিষয় ; Tendency .—গীত ; Song :—কথার ও কাব্যের রীতি ; Manner of speech or action :—ধরণ ; প্রকার ; Style :—গানের সুর , সুর ; A note :—জাতি , উৎপত্তি , বংশ ; কুল , Race ; stock. *Syn* :—(*v*) Stretch ; force ; wrench ; exert ; pervert ; purify. [style or vein.

In a strain—কোনরূপ ভাবে ; কোনরূপ ধরণে ; In a

Put a strain—ভার চাপান , Put a burden upon.

Strain a point—একটু এদিক ওদিক-কৃ ; যেমন রীতি বা ধারা আছে ঠিক সেইরূপ কার্য্য না-কৃ ; কোটি ত্যাগ-কৃ ; নিয়ম ভঙ্গ-কৃ ; Exceed the bounds of strict law or morality ; go beyond the proper limit or extent , go a little beyond the letter of one's instructions.

Strain at a gnat swallow a camel—নিজে গুরুতর দোষ করিয়া পরের সামান্য দোষ লইয়া ব্যস্ত থাকা ; নিজে গুরুতর দুষ্কর্ম করিয়া পার পাওয়া কিন্তু অন্যের ক্ষুদ্র সামান্য দোষ লইয়া গোলমাল-কৃ ; Make much fuss about small offences, but commit offences of real magnitude ; make difficulties about small insignificant matters.

Strain courtesy—শিষ্টাচার রক্ষা-কৃ ; সৌজন্য অতিক্রম-কৃ ; To stand upon ceremony.

Strain every nerve—প্রাণপণে চেষ্টা-কৃ ; যতদূর সাধ্য চেষ্টা-কৃ ; Exert one's strength to the utmost ; make great exertions ; exert all one's power to the utmost degree.

Strain one's eyes—অত্যন্ত উদ্যম দ্বারা নষ্ট-কৃ ; দূরে কোন বস্তু দেখিতে হইলে যেরূপ চক্ষু টেনে দেখা যায় সেইরূপে দেখা ; চক্ষু বিস্ফারিত করিয়া দেখা ; To harm by over-exertion ; overexert the eyes.

Strained, *p. a.* দুর্বলীকৃত ; কৃত্রিম ; কষ্টকল্পিত।

Strainer, strāner, *n.* ঝাঁঝরি ; চালুনি ; ছাঁকনি ; চাপনি ; One who or that which strains ; a sieve.

Straining, *n.* উৎকট প্রসারণ।

Strait, strāt, *a.* সঙ্কীর্ণ ; অপ্রশস্ত ; Narrow ; close :—কঠোর ; Rigorous :—শক্ত ; কঠিন ; Difficult :—ধনলোভী ; কসা ; Avaricious :—*n.* প্রণালী ; Narrow passage of water between two seas or oceans :—গিরিসঙ্কট ; A narrow pass in a mountain :—ক্লেশ ; Distress, difficulty. *ad*=straitly. *n*=straitness. *Syn* : —(*a*) Close, tight ; strict, rigorous, severe ; distressful.

Be in a strait—সমস্যায় পড়া ; সঙ্কটে পড়া ; Be in a dilemma ; be in a perplexity.

Be in straits—কোনরূপ কষ্টে পড়া ; Be in distress or difficulty.

Straiten, strāt'n, *v. t.* সঙ্কীর্ণ-কৃ ; অপ্রশস্ত-কৃ ; To narrow ; to make strait :—সঙ্কুচিত-কৃ ; কসা ; To contract ; to make tense or tight. *Syn* :—Strentch, straighten ; limit, narrow, confine ; distress, pinch, embarrass.

Straitened circumstances—ক্লেশ ; টানাটানি অবস্থা ; অর্থকৃচ্ছ্রতা ; Proverty , distress.

Strait-handed, *a.* কৃপণ ; Niggardly.

Strait-jacket, *n.* পাগলের জামা বিশেষ।

Strait-laced, strātlāst, *a.* কঠিন ; কঠোর ; Stiff ; affectedly austere ; strict in manners or morals ; rigid in opinion. [strictly.

Straitly, *ad.* সঙ্কীর্ণরূপে ; কঠোরভাবে ; Narrowly ,

Straitness, *n.* কঠোরতা ; Strictness :—ক্লেশ ; দুর্দশা ; Distress, difficulty.

Strand, *n.* সমুদ্রতট ; নদীর ধার ; Beach ; shore ; river-side :—*v. i.* চড়ায় লাগা , সমুদ্রের তীরে গিয়া আটকান ; To drive or force on to a strand ; to ground :—*v. t* চড়ায় যাইয়া লাগা ; To run aground.

Strange, *a.* বিদেশীয় ; অপরিচিত , অজ্ঞাত ; Foreign :—নূতন ; New :—অদ্ভুত ; অপরূপ ; Odd :—বিচিত্র ; অসাধারণ ; Marvellous ; unusual :—*int.* কি আশ্চর্য্য *n*=strangeness (নূতনত্ব ; অপরূপতা) । *ad*=strangely (আশ্চর্য্য রূপে) । *Syn* :—Alien, exotic, outlandish, novel, unusual, extraordinary, uncommon, wonderful, astonishing, marvellous , queer, eccentric, particular. [স্থিত-হ।

Make one's self strange—অপরিচিতভাবে উপ-

Strange to say—আশ্চর্য্য কথা।

Stranger, strānjėr, *n.* বিদেশীয় লোক ; বিদেশী : A foreigner :—আগন্তুক ; অতিথি ; A visitor ; a new-comer ; guest :—অপরিচিত লোক ; অজ্ঞাত ব্যক্তি ; One not known.

To be a stranger to—সম্পূর্ণ অনভিজ্ঞ থাকা।

Strangle, strang'gl, *v. t.* শ্বাসবদ্ধ করিয়া মারা ; গলা টিপিয়া মারা ; To choke :—চাপিয়া ফেলা ; থামাইয়া রাখা ; দমন করা ; To suppress. *n*=strangler. *Syn* :—Throffle, suffocate.

Strangulated, strang'ū-lāt-ed, *a.* রুদ্ধ ; চাপ দ্বারা রুদ্ধ-সঞ্চালন ; Having the circulation stopped by compression ; strangled.

Strangulation, strang-gūl-lā'shun, *n.* শ্বাস রোধ ; নিশ্বাস-বদ্ধতা ; শ্বাসনালীর অকস্মাৎ অবরোধ , The act of strangling ; compression of the throat and partial suffocation in hysteries.

Strangury, strang'gū-ri, *n.* মূত্রকৃচ্ছ্র ; বিন্দু বিন্দু প্রস্রাব ; Difficult possage of urine. *n*=strangurious.

Strap, strap, *n.* চর্ম্মের পেটী ; নাপিতের চামাতি ; A long narrow strip of leather ; a strop :—*v. t.* চর্ম্মের পেটীর দ্বারা বাঁধা ; বদ্ধ-কৃ ; To beat or bind with a strap :—ঘসিয়া তীক্ষ্ণধার-কৃ ; To strop.

Strapping, *a.* লম্বা ; জোয়ান ; Tall :—সুন্দর ; সুশ্রী ; Handsome.

Stratagem, stra'ta-jem, *n.* [G. *stratos*, army, and *egesthai*, to lead] যুদ্ধকৌশল ; Artifice of water ; trick to outwit an opponent :—শত্রুকে প্রতারণা ; A plan for deceiving an enemy :—চালাকি ; ছল ; Artifice. *Syn* :—Device, manoeuvre, dodge, ruse, wile.

Strategic, stra-te'jik, **Strategical,** stra-te'ji-kal. *a.* যুদ্ধকৌশল সম্বন্ধীয় , সমরনীতি সম্বন্ধীয় ; কৌশলে উৎপাদিত ; Pertaining to or effected by *strategy*. *ad*=strategically.

Strategic point—Any point or region in the theatre of warlike operations which affords to its possessor an advantage over his opponents.

Strategist, strate-jist, *n.* যুদ্ধ পরিচালন বিদ্যাবিৎ ; সমরবিৎ , One skilled in strategy.

Strategy, strate-ji, *n.* সমরবিদ্যা ; সৈন্য পরিচালন বিদ্যা ; রণচাতুর্য্য ; Generalship ; the art of conducting a compaign ; the science of military command.

Strath, *n.* উপত্যকা বিশেষ ; A valley in Scotland.

Stratification, *n.* উপর্য্যুপরি স্তর বিন্যাস ; The process of being arranged in layers.

Stratiform, strati-form, *a.* স্তরাকার ; Formed like a stratum.

Stratify, strati-fi, *v. t.* [L. *stratum*, and *facio*, to make] স্তরে স্তরে রাখা . To form or lay in strata or layers. *n*=stratification.

Stratum, strātum, *n.* [L. *stratum*, to spread out] স্তর ; মৃত্তিকার স্তবক ; Layer , bed. *pl*=strata

Stratus, *n.* স্তরাকারে সজ্জিত মেঘমালা , A form of cloud occurring in a horizontal layer.

Straw, straw, *n.* খড় , বিচালি ; তৃণ , The stalk of grain :—অকিঞ্চিৎকর দ্রব্য , অপদার্থ বস্তু ; Anything worthless.

Care not a straw—কিছুই গ্রাহ্য না-কৃ ।

In the straw—(প্রসবান্তে) আঁতুড়-গৃহে স্থিত ।

Man of straw—বস্ত্রাচ্ছাদিত তৃণময় মানবমূর্ত্তি ; অলীক লোক ; সাক্ষীগোপাল ; অপদার্থ লোক ; A person of little or no means or substance.

Not worth a straw—অতি অকিঞ্চিৎকর ।

The last straw on the camel's back—এক-গাছি কুটার ভারও আর সহে না ; যেটা চাপাইলে উষ্ট্র শুইয়া পড়িবে , That which finally causes a catastrophe.

Throw straws against the nind—যাহা অনিবার্য্য, তাহার বিপক্ষে যুদ্ধ-কৃ ; To contend uselessly and feebly against what is irresistible.

Strawberry, straw'ber-i, *n.* বৃক্ষ বিশেষ ; এক জাতীয় মিষ্ট ফল ; A plant and its fruit.

Straw-leaf, *n.* ডিউকের চিহ্ন । [or like straw.

Strawy, straw'i, *a.* তৃণনির্ম্মিত ; তৃণসদৃশ , Made of

Stray, strā, *v. i.* [F. *estrayer*, to stray] বিপথে গমন-কৃ ; ইতস্ততঃ ভ্রমণ-কৃ ; To wander out of the way ; to rove :—কর্ত্তব্যকর্ম্ম হইতে বিচ্যুত-হ ; To deviate from duty or rectitude :—ভ্রম-কৃ , ভুল-কৃ ; Err :—*n.* যূথভ্রষ্ট পশু ; যে গৃহপালিত পশু স্থান ত্যাগ করিয়া ইতস্ততঃ ভ্রমণ করিয়া বেড়ায় ; A domestic animal that has strayed or is lost :—*a.* যূথভ্রষ্ট ; দলছাড়া ; ইতস্ততঃ ভ্রাম্যমাণ ; Wandered. *Syn* :—(*v*) Swerve, ramble, roam.

Streak, strēk, *n.* বিভিন্ন রঙের ডোরা ; A long mark different in colour from the ground :—রেখা , A long, narrow stripe or line :—*v. t.* চিত্র-কৃ , ডোরা কাটা , To form streaks in, to mark with streaks ; to stripe.

Streaky, strēki, *a.* ডোরা দিয়া চিত্রবিচিত্র ; Striped.

Stream, strēm, *n.* জলস্রোত ; ধারা ; প্রবাহ ; Running water , current of water, air or light &c :—নদী ; River :—প্রবৃত্তি , Tendency :—*v. i.* প্রবাহিত-হ ; স্রোত বহা , To flow in a stream :—কিরণ রেখাকারে নির্গত-হ , Issue in rays :—*v. t.* প্রবাহিত-কৃ । *Syn* :—Brook, rivulet, rill , course, flow, drift, tide, rush. [opposition

Against the stream—স্রোত বিরুদ্ধ দিকে ; In

Sail (swim or go) with the stream—অন্যের সহিত যোগ-দে ; স্রোতে গা ভাসান-দে ; Move along with others in the same direction without making any effort to think or act for oneself.

Stream of events—ঘটনার স্রোত ।

Streamer, strēmėr, *n.* বায়ুভরে ভাসমান পতাকা ; ধ্বজা , Long floating flag or ribbons :—আলোক প্রবাহ , A stream of light.

Streaming, *a* প্রবহমান ।

Streamless, *a.* স্রোতোহীন । [stream.

Streamlet, strēmlet, *n.* ক্ষুদ্র নদী ; A little

Streamy, strēmi, *a.* প্রবাহমান ; স্রোতোময় , Abounding with stream ; flowing in a stream

Street, strēt. *n.* [L. *strata*, a paved way] নগরের রাস্তা ; রাজপথ ; Paved way ; a road in a city , public way in a town. *Syn* :—Road, way, highway, pathway, route, passage, course.

A street begger—পথের ভিখারী ।

In the open streets—প্রকাশ্য স্থানে ।

Street Arabs—Neglected and unruly boys who frequent the streets.

Street-walker, *n.* বেশ্যা ; Prostitute.

Strength, strength, *n.* [A. S. *strengdh*, from *strenge*, strong] বল , সামর্থ ; শক্তি , ক্ষমতা ; তেজ ; The quality of being strong , force , vigour :—দৃঢ়তা , কঠিনতা , দুর্ভেদ্যতা ; Solidity ; toughness :—আক্রমণ নিবারণ করিবার বল; Power to resist attack :—দুর্গ , গড় ; A fortification :—উৎকর্ষ , উৎকৃষ্টতা ; Excellence :—আতিশয্য ; Intensity :—রচনার তেজস্বিতা ; ভাষার ওজস্বিতা , Vigour of style or expression :—নিরাপত্তা ; নিরাপদ অবস্থা , Security :—ঔজ্জ্বল্য ; উজ্জ্বলতা ; Brightness :—বলবত্তা ; ন্যায্যতা , Validity ; justness. *Syn* :—Force, power, potency, might, puissance, robustness, stoutness, brawniness, lustiness ; firmness ; tenacity ;

fortitude, courage, resolution, spirit ; cogency, efficacy ; support, stay.

On the strength of—নির্ভর করিয়া ; কোনও কিছুর বলে ; কোনও কিছুর উপর নির্ভর করিয়া ; In reliance ; upon.

Strengthen, strengthen, *v. t.* বলিষ্ঠ-কৃ ; বলবৎ-কৃ ; সবল-কৃ ; বলবত্তর-কৃ ; To make strong or stronger :—দৃঢ়-কৃ ; পক্ত-কৃ ; To confirm .—উৎসাহিত-কৃ ; উত্তেজিত-কৃ ; To encourage .—ক্ষমতা বা দৃঢ়তার বর্দ্ধিতশক্তি-কৃ , To cause to increase in power or security .—*v. i.* বলবান-হ ; বলবৎ-হ ; বলবত্তর-হ , To become stronger ; to grow stronger. *Syn* :—Fortify, brace, harden, invigorate, animate, intensify ; establish, support.

Strenuous, strenū-us, *a.* তেজস্বী ; Vigorous ; eagerly pressing :—আগ্রহান্বিত ; বেগবিশিষ্ট ; ব্যগ্র ; উৎসুক ; Ardent :—উদ্যোগী ; Active :—নির্ভয় , সাহসিক , Bold. *n*=strenuousness (ব্যগ্রতা , উদ্যম) । *ad*=strenuously (একান্তরূপে ; ব্যগ্রভাবে) । *Syn* :—Zealous, ardent, earnest, energetic, vehement.

Stress, stres, *n.* ভার , চাপ ; Pressure , strain :—গুরুত্ব , Emphasis , accent .—আবশ্যকতা , Urgency ; importance , significance —বল ; ধমক , Force.

Lay stress on—কোন বিষয়ের উপর জোর দিয়া বলা ; Press a point, so as to make it prominent ; attach importance to.

Lay stress on a fact—গুরু বলিয়া নির্দ্দেশ-কৃ ।

Stress of voice—স্বরের গুরুত্ব ।

Stress of weather—অত্যন্ত ঝড় , দেবতার দুর্যোগ ; বায়ুর প্রচণ্ডতা , Violent winds , force of tempests.

Stretch, stretch, *v. t* টানা , বিস্তৃত-কৃ , প্রসারিত-কৃ , To drawout , to extend —বাড়ান ; অত্যুক্তি কৃ ; To exaggerate —বাহির-কৃ , To put forth .—*v. i.* প্রসারিত হ ; বিস্তৃত হ , To be extended .—অত্যুক্তি-কৃ , To exaggerate —ছিন্ন না হইয়া প্রসারিত-হ , To extend without breaking .—*n.* বিস্তার , প্রসারণ ; Act of stretching :—প্রসার , ব্যাপ্তি , Extent —যত্ন , চেষ্টা , Effort .—গতি , Course. *Syn* —(*v*) Lengthen, elongate , reach ; tighten, strain , spread ; expand, unfold

At a stretch—একাদিক্রমে , একদমে , নাগাড় , Continuously.

On the stretch—যতদূর হইতে পারে খাটান , কোন বিষয়ে বেগ পাওয়া , Fully exercised , exerted or exercised to the utmost :—At work continuously

Stretch a point—ঠিক দস্তুর মত না চলা ; একটু অধিক গুরুত্ব-কৃ , Go a little beyond rule , go a little beyond what is usual and right.

Stretch of imagination—কল্পনার দৌড় ; Flight of fancy ; an exaggeration of statement.

Stretch on the bed of Procrustes—এক নিয়ম দ্বারা সকল বিষয়ের বিচার-কৃ ; To judge all cases by the same rule ; to make all conform to the same standard.

Stretch out—খুব লম্বা করিয়া (হাত) টানা ।

Stretcher, *n.* পীড়িতাদি ব্যক্তিদিগকে স্থানান্তর করণের খাট ; A frame for carrying the sick, wounded &c. :—কেপণী চালকের পা বাধিবার কাঠ ; A foot board for a rower.

Strew, strōō, *v. t.* বিকীর্ণ-কৃ , ছড়ান ; To spread by scattering , to scatter loosely. *pt*=strewed, *pp*=strewn.

Striated, *a* ক্ষুদ্র ক্ষুদ্র সমান্তর নালি চিহ্নিত ; Marked with small parallel channels.

Stricken, strikn, *a.* আহত ; জীর্ণ ; Struck ; smitten. *pre*=strike, *pt*=stroke.

Stricken in years, *a.* বয়োবৃদ্ধ , বয়সে জীর্ণ ; Advanced in years ; advanced or worn with age.

Strict, strikt, *n.* [L. *strictus*, *pp.* of *stringere*, to draw tight] সুদৃঢ় ; টান-টান ; Tight :—কঠিন ; কঠোর ; Severe :—ঠিক ; খাঁটি ; প্রকৃত ; Exact ; thoroughly accurate. *n*=strictness, *ad*=strictly (ঠিকরূপে) । *Syn* :—Precise ; rigid, austere, stern, rigorous, harsh, stringent.

Strictly speaking—ঠিক কথায় বলিতে গেলে ; In accuracy of language.

Strictness, *n.* কঠোরতা ; কড়াকড়ি , আঁটাআঁটি ; Quality or condition of being strict. *Syn* :—Closeness, tightness ; exactness ; rigour, harshness, sternness.

Stricture, striktūr, *n.* সংকোচ ; কুঞ্চন ; অনুগ্রহ ; A morbid contraction of any passage of the body :—নিন্দা , ভর্ৎসনা , প্রতিকূল সমালোচনা ; Censure , critical criticism ; remark.

Stricture of the urethra—মূত্রপথরোধ ।

Stride, strid, *n.* দীর্ঘ পাদবিক্ষেপ ; A long step —*v. i.* দীর্ঘ পাদবিক্ষেপে গমন-কৃ ; লম্বা লম্বা পা ফেলিয়া চলা , To walk with long steps —*v. t.* এক পদে চলা ; To pass over at a step :—লঙ্ঘন-কৃ ।

Strident, *a.* [L. *strideo*, to creak] কর্কশ ; শ্রুতিকঠোর ; Harsh.

Stridor, *n.* শ্রুতিকঠোর শব্দ ; Harsh sound. *a*=stridulous.

Strife, strif, *n.* বিবাদ ; দ্বন্দ্ব , Contest ; discord —কলহ , Quarrel. *Syn* :—Contention, conflict, quarrel, enmity.

Strike, strik, *v. t.* আঘাত-কৃ , প্রহার-কৃ , মারা ; Beat , hit with force , give a blow to .—ধাক্কা-দে ; To dash —মুদ্রাঙ্কিত-কৃ , মুদ্রিত-কৃ , To stamp ; to coin —(পাল) নামান , To let down, as a sail —বাজান , To cause to sound —শাস্তি-দে ; To punish —অভিভূত-কৃ , আকুল-কৃ ; To affect strongly —উৎপন্ন-কৃ , To produce —*v. i.* দ্রুত গমন-কৃ , চলা , ছুটা , To pass quickly :—আঘাত-কৃ ; মারা , To hit :—পাহাড়ে বা চড়ায় লাগা , To run aground :—পতাকা নামান , ধ্বজা নামান ; To lower flag in token of respect or surrender :—আঘাত-কৃ ; বাজা , To sound by being struck .—কর্ম্ম না করা , বেতনাদি বৃদ্ধির জন্য ধর্ম্মঘট করা , To quit work in order to secure higher wages or the redress of some grievances —*n.* বেতন বৃদ্ধির নিমিত্ত ধর্ম্মঘট ; কাজ বন্ধ ; Act of striking for higher wages ; combination :—গুণের উৎকর্ষ ; Excellence of quality. *Syn* :—(*v*) Knock, smite, buffet, cast ; imprint ; thrust, force, drive , deal, inflict, give ; impress, affect , lower.

Be struck by lightning—বজ্রাঘাতে নষ্ট-হ ; Be injured or destroyed by lightning.

Be struck with—কোন কিছুতে আশ্চর্য্য-হ ; Be surprise at.

Strike a balance—সমান-কৃ ; তুলনা-কৃ ; কৈফিয়ৎ কাটা , গড়-পড়তা-কৃ ; To compare ; equalise , average.

Strike a bargain—চুক্তি নিষ্পন্ন-কৃ ; দস্তুর স্থির করিয়া পাকা-কৃ ; Effect an arrangement ; conclude an agreement , make and ratify a bargain.

Strike a blow, Strike a stroke—আঘাত-কৃ ; Make an attack :—আক্রমণ-কৃ ; নষ্ট করিবার অভিপ্রায়ে আক্রমণ-কৃ ; Injury by an attack on.

Strike a cross—আড়া-বা ; Go cross over ; go crosswise over.

Strike against—ধাক্কা লাগা ; Collide :—নৌকা বা জাহাজে চড়ায় লাগিলে যেমন সঙ্কটাপন্ন হয়, সেইরূপ সঙ্কটাপন্ন হওয়া ; ধাক্কা লাগা ; Be stranded on :—Dash against.

Strike a jury—Impanel a jury.

Strike a light in—আলো জ্বাল ; Kindle.

Strike a note—অন্তরের কোন ভাব প্রকাশ-কৃ : Give utterance to a sentiment :—কোন সঙ্গীত-যন্ত্র বাজান, কোনও নূতন স্বর বা ধুয়া তুলিয়া দেওয়া ; Cause a musical instrument to sound.

Strike an account—হিসাব ঠিক-কৃ ; হিসাবে জমা খরচ মিল-কৃ ; To balance an account.

Strike at—আঘাত-কৃ ; আঘাত করিতে উদ্যত-হ ; তাক্ করিয়া নিক্ষেপ-কৃ ; Make a blow at ; aim a blow at ; to try to hit. [Eradicate, deal a blow to.

Striko at the root of—কিছুর মূলে কুঠারাঘাত-কৃ ;

Strike away—স্থানান্তরিত-কৃ ; Remove. [down.

Strike down—আঘাত করিয়া ফেলিয়া-দে ; Knock

Strike dumb—অবাক্-কৃ ; আশ্চর্য্যে ভূতীভূত-কৃ ; হতবুদ্ধি-কৃ ; To confound ; to astonish.

Strike for—পাইবার চেষ্টা-কৃ ; বিশেষ চেষ্টা-কৃ ; উঠে পড়ে লাগা ; Strike a blow for ; attempt to gain ; make a vigorous effort to gain.

Strike hands—কাহারও জামিন হওয়া ; Become surety of for any one.

Strike hands with—হস্ত স্পর্শ করিয়া সন্ধি-কৃ ; করপীড়ন দ্বারা চুক্তি-কৃ ; যুক্তি-কৃ ; To make a compact or agreement by shaking hands.

Strike home—মর্ম্মে আঘাত-দে ; খাঁতে ঘা-দে ; ঠিক আঘাত-কৃ ; Deal an affective blow ; go into one's heart ; afflict one in the most vital part.

Strik in—হঠাৎ প্রবেশ-কৃ ; সহসা ভিতরে প্রবেশ করা বা চলা ; হঠাৎ আসিয়া কোন কথা বলা ; Enter suddenly.; come in suddenly ; interpose :—অদৃশ্য-হ ; Disappear :—ব্যাঘাত-দে।

Strike into—মাঝখান থেকে কিছু বলা ; Suddenly interrupt ; interpose :—অন্তঃক্ষেপ-কৃ ; Pierce :—প্রবেশ-কৃ ; Go into :—হঠাৎ ফিরিয়া অন্য দিকে যাওয়া ; Turn abruptly into.

Strike in with—অনুরূপ-হ ; মিলিত-হ ; মেলা ; Conform to , side with ; fall in with.

Strike off—মুদ্রিত-কৃ ; Print :—ছেদ-কৃ ; Separate by a blow ; sever by a blow :—নাম কাটিয়া-দে ; Erase from a register :—লেখা ; Write :—হঠাৎ একদিক হইতে আর একদিকে ফেরা ; Turn suddenly to.

Strike one all of a heap—হঠাৎ কোন কার্য্য করিয়া কাহাকে আশ্চর্য্যান্বিত বা অপ্রতিভ-কৃ ; Take one by surprise :—মুগ্ধ-কৃ ; Fascinate one.

Strike one dead—আঘাত করিয়া মেরে ফেলা ; নিপাত-কৃ ; Strike one so as to cause one's death.

Strike one down—আঘাত করিয়া ফেলে-দে ; Strike one so as to throw one down :—নষ্ট-কৃ ; Pull down and destroy :—সংহার-কৃ ; Destroy :—নত-কৃ , Humble :—অকর্ম্মণ্য করিয়া ফেলা ; Thoroughly disable one ; prostrate completely.

Strike one's colours—অধীনতা স্বীকার-কৃ ; বশীভূত-হ ; To surrender ; to submit.

Strike one's fancy—(কাহারও) পছন্দ-কৃ ; To please one. [নাম কাটিয়া দেওয়া।

Strike one's name of the rolls—তালিকার

Strike one's tent—তেরা-ডাণ্ডা উঠাইয়া প্রস্থান-কৃ।

Strike on or **upon, Strike the ground**—চড়ার উপর লাগিয়া যাওয়া ; চড়ায় ঠেকা ; Be stranded upon.

Strike one with—কোন কিছুতে তাক্ লাগান ; Strongly impress one with, surprise one :—মনে কোন প্রবল ভাব উদ্রিক্ত-কৃ ; মনে কোনও ভাবের উত্তেজনা-কৃ ; Excite in one (some strong emotion, as surprise).

Strike out—কাটিয়া-দে ; তুলিয়া ফেলা ; উঠাইয়া-দে ; Erase ; efface ; remove from :—প্রকাশ-কৃ ; আবিষ্কার-কৃ ; Bring to light :—উদ্ভাবন-কৃ ; উদ্ভাবিত-কৃ ; সহসা আবিষ্কার বা বাহির-কৃ ; Divise ; invent :—ঠুকিয়া বাহির-কৃ :—যাত্রা-কৃ :—ইতস্ততঃ ভ্রমণ-কৃ ; Wander :—কাজে লাগা ; Go to work.

Strike out a new path—নূতন পথ আবিষ্কার-কৃ ; নূতন প্রণালী আবিষ্কার-কৃ ; Devise a new path ; devise a new plan :—Discover a new path.

Strike root, Take root—স্থাপিত-হ ; বদ্ধমূল-হ ; Become rooted ; become established ; become firmly in the mind.

Strike sail—অগ্রসর না-হ ; Cease to advance ; make no further progress ; take in sail.

Strike tensor into—ভয় লাগাইয়া-দে ; Excite dread in the mind of one ; frighten one.

Strike the coin (money or medal)—টাকা মুদ্রিত-কৃ ; মেডেল তৈয়ার-কৃ ; Coin money ; stamp money. [strongly.

Strike the eye—চক্ষু আকর্ষণ-কৃ ; To impress

Strike the key-noto—প্রথম বা প্রধান স্বর বাজাইয়া-দে ; Sound the fundamental or first tone :—আদিসূত্র বা প্রণালী নির্দ্দেশ-কৃ ; Enunciate the fundamental idea or principle of.

Strike up—সঙ্গীত আরম্ভ-কৃ ; গান গাইতে আরম্ভ কৃ ; Begin music ; begin to sing ; cause to sound :—বাজান ; Be beaten.

Strike while tho iron is hot—ঠিক সময়ে কার্য্য-কৃ ; To improve an opportunity ; do things just at the right moment :—সুযোগ উপস্থিত হইলেই নিজের কর্ম্ম করিয়া লওয়া ; Take advantage of an opportunity as it arises :—সুযোগ ছাড়িয়া না দেওয়া ; সুবিধা পাইয়া তাহা না ছাড়া ; Not to miss a favourable opportunity.

Strike work (go or **be on strike)**—ধর্ম্মঘট-কৃ ; সকলে একযোগে কর্ম্ম ইস্তফা-কৃ ; কাজ বন্ধ-কৃ ; Quit work in a body ; refuse to work until the point is gained.

Strike blind—অন্ধ-কৃ।

Striking, striking, *a.* হৃদয়গ্রাহী ; হৃদয়-আর্দ্রকারী ; অভিভূতিজনক ; Affecting :—আশ্চর্য্য ; বিচিত্র ; Surprising :—বিমোহক ; চিত্তাকর্ষক ; Forcible ; impressive :—যথাযথ ; ঠিক ; স্পষ্ট ; Exact. *ad*=strikingly (স্পষ্টতঃ ; আশ্চর্য্যরূপে)। *n*=strikingness.

Striking distance, *n.* যে দূরতার মধ্যে আঘাত করা যায় ; Distance at which the electric fluid will pass away with a shock. [or close likeness.

Striking likeness, *n.* বিচিত্র সাদৃশ্য ; Surprising

String, string, *n.* রজ্জু দড়ি ; গুণ ; A small rope ; a small cord or a strip of anything for trying :—

সূত্র ; A piece of thread :—ফিতা ; A ribbon :—তন্ত্র ; তার ; বাদ্যযন্ত্রের তন্ত্রী ; The cord of a musical instrument :—জ্যা ; ছিলা :—শ্রেণী ; নর ; ছড়া ; হাসি ; A series of things :—শিরা ; স্নায়ু ; ধমনী ; A nerve ; a tender :—*v. t.* তার জড়ান ; তার পরান ; ছিলা পরান ; To supply with strings :—একটা (উপায়) পাছে ব্যর্থ হয় এইজন্য আর একটা যোগাড় করিয়া রাখা ; Have a second resource to fall back upon :—দৃঢ় কৃ ; বাঁধা ; To make firm. *Syn* :—(*n*) Cord, thread, twine ; row, file.

Have two strings to one's bow—একটী কার্য্য সমাধা করিবার জন্য দুইটী উপায় অবলম্বন-কৃ ; Have in readiness, two expedients for executing a project, or gaining a purpose. [Having strings.

Stringed, stringed, *a.* তন্তুযুক্ত ; তান্ত্রিক ; তারের ;

Stringency, *n.* গুরুতর চাপ ; Severe pressure.

Stringent, strinjent, *a.* [L. *stringens, ppr.* of *stringere,* to bind tight] কঠোর ; কঠিন ; খাড়া ; আবশ্যকারী ; Urgent ; strongly rigid ; severe ; binding. *n*=stringency (অতি চাপ ; কঠোরতা ; কাঠিন্য ; severe pressure ; hardness). *Syn* :—Contracting, astringent ; strict, severe, rigorous.

Stringy, string'i, *a.* সূত্রময় ; তান্তব ; তন্তুময় ; চট্‌চটে ; Consisting of small threads ; fibrous ; viscid. *n*=stringiness (তন্তুময়ত্ব) ।

Strip, strip, *n.* টুকরা ; খণ্ড . ফালি ; A long narrow piece ; stripe :—*v. t.* বিবস্ত্র-কৃ ; উলঙ্গ-কৃ ; নগ্ন-কৃ ; To make naked , to make bare :—ত্বক উন্মোচন-কৃ ; ছাল তোলা ; To peel :—অপহরণ-কৃ ; To plunder : —লুটিয়া লওয়া :—বর্জিত-কৃ ; বঞ্চিত-কৃ ; To deprive : —*v. i.* নগ্ন-হ ; উলঙ্গ-কৃ ; বিবস্ত্র-কৃ ; ত্যাগ-কৃ ; ছাড়া . To undress. *Syn* :—(*n*) Uncover, denude, skin, divest, bereave ; plunder, pillage, sack, spoil.

Stripe, strip, *n.* বিভিন্ন বর্ণের রেখা ; ডোরা , পটি ; A linear variation of colour ; narrow line ; strip of colour :—কশাঘাত ; বেত্র বা ঘোড়ার আঘাত . Lash :—*v. t.* ডোরা দাগ-কৃ ; To make stripes upon :—কশাঘাত-কৃ ; To lash.

Striped, *a.* নানাবর্ণের রেখাযুক্ত ; ডোরা-দেওয়া ; চিত্রিত ; Having stripes of different colours.

Striped of—কোন কিছু হইতে বঞ্চিত-কৃ ; Be deprived of. [স্থিত বালক ; A youth , a lad.

Stripling, strip'ling, *n.* যুবা ; যুবক ; যৌবনে উপ-

Strive, strīv, *v. i.* চেষ্টা-কৃ ; পরিশ্রম-কৃ ; To endeavour ; to attempt ; to make efforts ; to try hard :—বিবাদ-কৃ ; প্রতিযোগিতা-কৃ ; আড়াআড়ি-কৃ ; To struggle ; to contend. *pt*=strove, *pp*=striven. *Syn* :—Labour, toil, try ; contest, compete.

Stroke, strōk, *n.* আঘাত ; ঘা ; চোট ; Blow ; a knock :—হঠাৎ আক্রমণ ; সহসা আক্রমণ ; Sudden attack :—সংশোধন :—গুরুতর উদ্যম , অসাধারণ চেষ্টা ; Masterly effort :—দুঃখ ; যন্ত্রণা , Calamity :—ঘড়ির বাদ্য ; ঘড়ির শব্দ ; Sound of a clock .—স্পন্দন ; কম্পন :—ছোট দাগ বা আঁচড় ; কলমের টান ; রেখা ; A dash in writing :—*v. t.* হাত বুলান ; ধীরে ধীরে হাত বুলান ; ঘষিয়া মর্দন-কৃ ; To rub gently in one direction. *Syn* :—(*n*) Knock, thump ; attack, shock ; affliction, reverse ; touch, dash.

A stroke of apoplexy—দুর্গিরোগ ; A sudden attack of apoplexy [measure.

A stroke of policy—ফিকির ; ফন্দি ; A clever

A stroke of wit—রসের কথা ; কবিতাই ; A sally of wit ; a witty observation.

At one stroke, At a stroke—এক ঘায়ে ; এক দমে ; By a single effort ; by a single decision ; by one effort, at once :—এক ঘায়ে ; By a single blow.

Be struck with apoplexy or **paralysis**—মৃগি বা পক্ষাঘাত রোগাক্রান্ত-হ ; Be suddenly attacked by apoplexy or paralysis.

By a stroke of the pen—কলমের এক আঁচড়ে (বিশেষ কোন কষ্ট না পাইয়া) ; By a single word written (an absence of any great effort).

Give (or put) the finishing stroke to—চিত্রকরের শেষ তুলি-দে ; Give the last touch to a picture which completes it :—নির্ঘাত আঘাত-কৃ ; Do the last thing necessary to the completion of ; give the last blow to.

Give the finishing stroke—চিত্রকরের শেষ তুলি-দে ; Give the last touch to a picture, which completes it :—নির্ঘাত আঘাত-কৃ ; Give the last blow to.

Keep stroke—যুগপৎ ঝপ ঝপ করিয়া জলে পড়া ।

Stroke of grace—শেষ আঘাত ; The finishing stroke that ends the life of a criminal executed by breaking on the wheel ; in the judicial combats of mediæval times, the stab given to put an end to the life of the vanquished.

The finishing stroke—শেষ স্পর্শ ; সংশোধন ; নির্ঘাত প্রহার । [aftermost rower.

Strokesman, *n.* সর্ব্ব পশ্চাদ্বর্ত্তী ক্ষেপণীবাহক ; The

Stroll, strōl, *v. i.* পর্য্যটন-কৃ ; হাঁটিয়া বেড়ান ; ভ্রমণ-কৃ ; To wander on foot ; to ramble idly or leisurely :—*n.* পর্য্যটন ; পদব্রজে ভ্রমণ ; A leisurely walk ; an idle, leisurely walk ; a wandering on foot. *n*=stroller (পদব্রজে ভ্রমণকারী) । *Syn* :—(*v*) Rove, roam, range, stray, ramble.

Strong, strong, *a.* বলবান ; বলিষ্ঠ ; তেজস্বী ; Stout : —সুস্থ ; Healthy :—সক্ষম ; Able ; competent :—দৃঢ় , শক্ত ; অকাট্য ; Firm ; resolute :—ব্যগ্র ; আগ্রহবিশিষ্ট ; Earnest :—উগ্র ; Sharp, as smell ;—গাঢ় ; Deep, as colour :—মত্তকারী ; Intoxicating :—তেজাল ; জোরাল ; উগ্র ; Forcibly :—সুপ্রতিষ্ঠিত ; Well established. *ad*=strongly. *Syn* :—Robust, vigorous, powerful, hardy, muscular ; capable, efficient, mighty ; solid, compact ; vivid, intense ; violent, vehement ; pungent, piquant ; tough, tenacious ; cogent, forcible ; earnest, hearty, zealous , ardent, alcoholic.

Come it strong—বাড়াইয়া বলা ; Exaggerate it : —বাড়াবাড়ি-কৃ ; Go too far. [Very strong.

Strong as a lion or **as a horse**—অত্যন্ত বলবান ;

Strong-bodied, *a.* বলিষ্ঠ ; Stout.

Strong conjugation—আদ্যস্বর পরিবর্ত্তন বা যোগ দ্বারা ধাতুরূপ-করণ । [চাপ ; Force ; violence.

Strong-hand, strong'hand, *n.* বল ; শক্তি ; অত্যা-

Stronghold, strong'hold, *n.* দুর্গ ; সুরক্ষিত স্থান ; A fortress ; a fortified place.

Strongly, *ad.* দৃঢ়রূপে ; প্রবলভাবে ; সবিশেষরূপে ।

Strong-minded, *a.* অটলমতি ; দৃঢ়প্রতিজ্ঞ ; Having a vigorous or determined mind.

Strong-point—বিশেষ গুণ ; সবিশেষ বল বা অধিকার ; Special excellence. [পারে না

Strong-room, *n.* যে ঘরে অগ্নি বা চোর প্রবেশ করিতে

Strong verb—যে ক্রিয়ার past tense মধ্যস্থিত [illegible]

স্বর ঘর পরিবর্ত্তন হয় এবং past participleএর পর *en* যোগে হয়।

Strop, *n.* নাপিতের চামাড়ি ; A strip of leather, for sharpening razors :—*v. t.* চামাড়িতে শানান ; To sharpen on a strop.

Strove, strōv, *pt.* of *strive.*

Strow, strō, *n.* See *strew.*

Struck, *pt.* and *pp.* of *strike.*

Struck all of a heap—আশ্চর্য্যান্বিত-হ ; To be completely surprised ; to be astonished.

Struck with fear—ভয়বিস্মিত।

Structure, struktur, *n.* [L. *structura,* from *struere,* to join together] নির্ম্মাণ ; গঠন ; Construction ; *form* :—অট্টালিকা ; গৃহাদি ; সৌধ ; A building ; an edifice :—অঙ্গবিন্যাস ; Manner of organisation. *a*=structural (গঠন বা নির্ম্মাণ সম্বন্ধীয়)। *Syn* :—Conformation, make, configuration ; fabric, building, erection, pile.

Struggle, strug'l, *v. i.* [Ger. *strucheln,* to scold] চেষ্টা-ক ; To exert :—ধড়ফড়-ক ; To strive : —বিবাদ-ক , To contend :—যন্ত্রণা ভোগ-ক , কষ্ট-ক ; শ্রম-ক ; To be in agony or distress ; to labour in pain :—*n.* বিবাদ ; যুদ্ধ ; Contest :—অত্যন্ত উদ্যম ; Great effort .—যন্ত্রণা ; Agony :—অত্যন্ত শ্রম ; Great labour. *Syn* .—(*v*) Endeavour, labour, toil, try hard ; contest. (*n*) Endeavour, labour, exertion, pains ; contention, strife, fight. [বিরোধ।

Struggle for existence—জীবন-সংগ্রাম ; জীবন-

Strum, *v. t.* অতিশয় শব্দপূর্ব্বক বাজান , (বীণাদি) বাদন-ক ; To play on, as a musical instrument, in a noisy way.

Strumpet, strumpet, *n.* বেশ্যা ; বারবণিতা ; খানকী ; গণিকা ; A prostitute :—অবিশ্বাসিনী ; স্বৈরিণী ; Like a strumpet ; false ; inconstant.

Strung, strung, *pt.* and *pp.* of *strong.*

Strut, strut, *v. i.* সদর্পে পদক্ষেপ-ক ; গর্ব্বিতভাবে চলা ; অহঙ্কারে চলা ; To walk in a pompous manner ; to walk with affected dignity :—*n.* সদর্পে পদক্ষেপ ; গর্ব্বিতভাবে চলন , An affected walk ; proud step or walk.

Strychnia, strikni-a, **Strychnine,** striknin, *n.* বিষাক্ত ভেষজ বিশেষ ; A poisonous alkaloid obtained from the seeds of Nux-vomica.

Stub, stub, *n.* গাছের গুঁড়ি কাটিয়া লইলে যে অংশ মাটিতে প্রোথিত থাকে ; বৃক্ষের মূল , গাছের গোড়া , The stump left after a tree is cut down :—কাষ্ঠখণ্ড , A log or stack :—নিস্তেজ বা নির্ব্বোধ বালক ; A dull or sluggish youth .—*v. t.* গোড়া উপড়াইয়া ফেলা ; To take the stubs or roots of from the ground : —নষ্ট-ক ; To destroy.

Stubbed, stubd, *a.* খর্ব্ব ও স্থূল ; মোটা ; ভোঁতা , Short and thick ; blunt ; obtuse.

Stubble, stubl, *n.* শস্যাদির গোড়া ; নাড়া ; Stumps of corn left after the stalk is cut down.

Stubborn, stuborn, *a.* অবাধ্য ; দুর্দ্দান্ত , অদম্য ; একগুঁয়ে ; মাথাপাগলা ; Obstinate ; refractory ; headstrong ; hardy , persevering :—দৃঢ়ব্রত ; জেদী ; Stiff. *n*=stubborness (অবাধ্যতা ; একগুঁয়েমি)। *ad* =stubbornly (অবাধ্যরূপে)। *Syn* :—Unbending, unyielding, intractable, contumacious, obdurate, heady.

Stubborn fact—যে সত্য বা ঘটনা অস্বীকার করা যায় না ; A truth or occurrence that cannot be denied or disproved. [strong.

Stubby, stubi, *a.* স্থূল ; মোটা ; Short, thick and

Stucco, skuko, *n.* চুণবালি ; চুণবালির কাজ ; চুণকাম বিশেষ ; A fine plaster used as a covering :—*v. t.* চুণ-বালি লাগান ; চুণকাম-ক ; To face or overlay with stucco.

Stuck, *pt.* and *pp.* of *stick.*

Stuck up—ধনমদে মত্ত ; Purse-proud.

Stud, stud, *n.* মাথামোটা পেরেক ; A nail with a large head :—ঘুন্টী ; An ornamented knob :—অশ্বশালা ; Place where horses are kept :—বোতাম ; A button :—খোঁটা ; Small post :—অশ্বদল ; পালের ঘোটক ঘোটকী সকল ; Collection of breeding horses :—*v. t.* ঘুন্টী বসান ; প্রেক দ্বারা শোভিত-ক ; ফুল বসান ; To set with studs ; to adorn with studs or knobs. *Syn* :—(*n*) Prop ; knob, boss.

Be studded with—বসান ; খচিত-ক ; Be adorned with ornamental knobs .—সমান জমীর উপর কোন অপেক্ষাকৃত উচ্চ দ্রব্য বসাইয়া সজ্জিত-ক ; Be set thickly with objects that appear prominently.

Studding sails—Narrow sails set at the edges of the square sails when the wind is light.

Student, stū'dent, *n.* ছাত্র ; পড়ুয়া ; শিষ্য ; A scholar ; one who studies :—বিদ্যানুরাগী লোক ; শিক্ষার্থী ; A man devoted to books.

Student life—পঠদ্দশা।

Studentship, *n.* ছাত্রবৃত্তি ; ছাত্রত্ব।

Stud-horse, studhors, *n.* পালের ঘোড়া ; A breeding horse , a stallion.

Studied, studid, *a.* বিদ্বান ; পাণ্ডিত্যপূর্ণ : Learned : —সুনিশ্চিত ; সুচিন্তিত ; পূর্ব্বকল্পিত ; Premeditated.

Studio, stū'dio, *n.* শিল্পীর কার্য্যালয় ; চিত্রকরাদির কার্য্যগৃহ ; The workshop of an artist. *pl*=studios.

Studious, stū'de-us, *a.* অধ্যয়নশীল , পাঠাসক্ত ; Given to study :—সচেষ্ট , যত্নশীল ; উৎসুক , Eager, diligent :—চিন্তাশীল ; Thoughtful. *ad*=studiously (ভাবিয়া চিন্তিয়া)। *n*=studiousness (পাঠানুরক্তি)। *Syn* :—Meditative, reflective, contemplative ; attentive , diligent, assiduous.

Study, stude, *n.* [L. *studium,* from *studere,* to study] অধ্যয়ন ; বিদ্যাভ্যাস , পুস্তকাদিতে মনোনিবেশ , Application of mind to books &c :—ধ্যান , চিন্তা ; অনুধ্যান ; Absorbed attention :—অধ্যয়নশালা ; পাঠপ্রকোষ্ঠ ; পাঠাগার ; A place devoted to study :—শাস্ত্র বিভাগ , Any particular branch of learning :—*v. t.* পাঠ-ক ; অধ্যয়ন-ক ; To con over :—মনোযোগ সহকারে বিবেচনা-ক , To form and arrange by previous thought :—মনোনিবেশ-ক , To apply the mind to :—পরীক্ষা-ক , To examine closely :—অভ্যাস-ক ; Practise :—*v. i.* পাঠ-ক , অধ্যয়ন-ক ; To apply the mind to books :—কোন বিষয়ে মনঃসংযোগ-ক ; চিন্তা-ক ; মনোনিবেশ-ক ; To fix the mind closely upon a subject *Syn* :—(*n*) Diligence, research, investigation, meditation, thought, contemplation.

Brown study—ধ্যান , অন্যমনস্কতা ; Reverie.

Stuff, *n.* বস্তু ; দ্রব্য ; That which fills any thing : —উপাদান , আসল জিনিস ; Materials of which anything is made :—বস্ত্র ; পশমী কাপড় ; Textile fabrics, cloth esp. when woolen :—গৃহসামগ্রী ; গৃহ-

মজ্জা ; আসবাবাদি ; Household furniture :—অর্থহীন বাক্য ; Nonsense ; trash :—অকিঞ্চিৎকর দ্রব্য ; Worthless matter :—*v. t.* পূর্ণ-কৃ ; ভরা ; গাদা ; ঠাসিয়া পুরা ; To fill up :—মসলাদি দ্বারা পূর্ণ-কৃ ; To fill with seasoning, as a fowl :—মৃত জীবকে সজীবের ন্যায় দেখাইবার জন্য তাহার চর্ম পূর্ণ-কৃ ; To fill the skin of dead animal, so as to reproduce its living form :—*v. i.* অপরিমিত ভক্ষণ-কৃ ; অতিভোজন-কৃ ; To feed gluttonously.

Stuff down—গলার ভিতর প্রবেশ করান ; Cram down the throat.

Stuff in—প্রবেশ করান ; Cram in ; introduce something superfluous.

Stuff out—বর্দ্ধিত-হ ; Swell out.

Stuff up—Obstruct by introducing some thing.

Stuffing, *n.* ঠাসন ; পূরণ :—মাংস পাকের মসলা।

Stultify, stulti-fi, *v. t.* [L. *stultus,* foolish, *facio,* to make] হতবুদ্ধি-কৃ , নির্বোধ-কৃ ; বোকা বানাইয়া-দে ; To make a fool of ; to prove as foolish. *n*=stultification (বুদ্ধিনাশ , জ্ঞানভ্রংশ ; বোকা বানান)।

Stultify oneself—এমন কিছু বলা বা করা যাহার জন্য লোকে খামখেয়ালি বলিয়া কাহাকে নিন্দা করে , To do or say something that could expose one to the charge of inconsistency.

Stumble, stumbl, *v. i.* হোঁচট লাগা ; ঠোকর লাগিয়া পড়া ; To trip in walking ; to strike against something :—ভ্রম-কৃ ; ভুল-কৃ ; To blunder ; to slide in a error :—*v. t.* হোঁচট লাগান ; হোঁচট খাওয়া ; To cause to trip or stop :—হতবুদ্ধি-কৃ ; To puzzle ;—*n.* হোঁচট ; উৎক্ষেপ ; A trip in walking or running ;—ভ্রম ; ভুল ; A blunder.

Stumble upon—অকস্মাৎ প্রাপ্ত-হ ; Find by chance or unexpectedly.

A stumbling block—পথে এমন কোন প্রতিবন্ধক যাহাতে গতিরোধ করে বা কার্য্য সিদ্ধি করিতে দেয় না ; প্রতিবন্ধক ; বাধা ; An obstacle in one's way that causes to fall into error.

Stumbling-stone, *n.* যে পাথরের উপর কোন ব্যক্তি হোঁচট খাইয়া পড়ে ; A block or stone over which one would be likely to stumble :—ভ্রমের হেতু ; A cause of error.

Stump, stump, *n.* কর্ত্তিত-কাণ্ড বৃক্ষমূল ; কন্দ ; গোড়া ; The part of a tree left in the earth after the trunk is cut down :—ক্রিকেট খেলায় ভূমিতে যে তিনটী দণ্ড প্রোথিত হয়, তাহার একটা ; One of the three rods forming a wicket in cricket :—ঠুঁটা হস্তপদাদি ; Remainder of an amputated limb :—*v. t.* অংশ ছেদন-কৃ ; To cut off a part :—দণ্ড-কন্দুক ক্রীড়ায় প্রোথিত যষ্টিতে আঘাত করিয়া পাতিত-কৃ, To knock down or the stamps or wicket in cricket playing.

Stump about—ইতস্ততঃ ভ্রমণ-কৃ ; Walk about.

Stump up—পরিশোধ-কৃ ; Pay up.

Take the stump—সাধারণে বক্তৃতা-কৃ ; গুঁড়ি কাটিয়া মূলমাত্রে পর্য্যবসিত-কৃ।

Stump-orator, stump-or'a-tor, *n.* বক্তা ; যে ব্যক্তি সাধারণে বক্তৃতা দিয়া বেড়ায় ; One who harangues the populace from the stump of a tree or other platform.

Stump-speech, *n.* বক্তৃতা ; An electioneering speech ; a popular harangue.

Stun, stun, *v. t.* [Ger. *stunen,* to be astonished] মূর্চ্ছিত-কৃ ; অচেতন-কৃ ; সংজ্ঞাহীন-কৃ ; To confound with noise or blow : to stupefy :—আশ্চর্য্যান্বিত-কৃ ; বিহ্বল-কৃ ; বিস্ময়ান্বিত-কৃ ; To amaze ; to surprise completely. *pp*=stunned. *Syn* :—Stupefy, confound, dumfounder, bewilder, overpower, deafen.

Stung, *pt.* and *pp.* of *sting.*

Stunk, *pt.* and *pp.* of *stink.*

Stunning, *a.* বিহ্বলকারী ; অপূর্ব্ব ; আশ্চর্য্যজনক , Astonishing.

Stunt, stunt, *v. t.* বৃদ্ধির ব্যাঘাত-কৃ ; বাড়িতে না দেওয়া ; বৃদ্ধি নিবারণ-কৃ ; To hinder from growth : *a*=stunted (খর্ব্বীকৃত)।

Stupe, *v. t.* সেক-দে ; :—*n.* গরম জলে বা ঔষধে ভিজান নেকড়া।

Stupefaction, stū-pi-fak'shun, *n.* অজ্ঞানতা ; অচৈতন্য , সংজ্ঞাহীনতা ; বুদ্ধিভ্রংশ ; Insensibility , stupidity.

Stupefactive, stū-pi-fak'tiv, *a.* অচৈতন্যকারী ; চৈতন্যাপহারক ; Causing stupefaction or insensibility.

Stupefy, stū'pi-fi, *v. t.* [L. *stupeo,* to be struck senseless, *facio,* to make] বুদ্ধিনষ্ট-কৃ ; স্তম্ভিত-কৃ , অজ্ঞান-কৃ ; মূঢ়-কৃ ; অচেতন-কৃ ; To make stupid ; to deaden the perception ; to deprive of sensibility.

Stupendous, stū-pen'dus, *a.* বৃহৎ ; প্রকাণ্ড ; বিশাল ; Large :—বিস্ময়কর ; আশ্চর্য্য ; অদ্ভুত ; Wonderful , amazing. *ad*=stupendously (বিশালভাবে ; আশ্চর্য্যভাবে)। *n*=studendousness (বিশালতা ; বিপুলতা)। *Syn* :—Amazing, overwhelming, astounding, gigantic.

Stupid, stū'pid, *a.* জড়বুদ্ধি , জড় ; Insensible ; wanting sensibility :—মূঢ়তার পরিচায়ক ; স্থূল ; Deficient in understanding ; very dull :—নির্বোধ ; বোকা ; গবা , Foolish ; silly. *n*=stupidity, stupidness (বোকামি , মূঢ়তা)। *ad*=stupidly (মূঢ়ভাবে ; মূর্খের মত)। *Syn* :—Simple ; senseless, doltish, sottish, dull, heavy, drowsy, torpid ; uninteresting, flat, prosy.

Stupor, stū'por, *n.* [L. from *stupere,* to be struck senseless] অচৈতন্য , সংজ্ঞাহীনতা ; অজ্ঞানাবস্থা ; Intellectual insensibility ; suspension of sense :—হতবুদ্ধিতা , বিস্ময়াভিভূতি ; Excessive amazement or astonisment. *Syn* :—Numbness, lethargy, torpor, coma.

Sturdy, stur'de, *a.* সবল ; বলবান ; প্রবল ; Stout, hardy, robust :—একগুঁয়ে ; Stubborn ; obstinate : —দৃঢ়ব্রত ; দৃঢ় , Firm :—কঠিন ; কড়া ; Strong *n*=sturdiness (বলবত্তা ; কঠিনতা)। *ad*=sturdily (সবলে)। *Syn* :—Stiff, well set ; robust, stalwart, brawny, muscular ; bold, rugged, dogged.

Sturgeon, stur'jun, *n.* বৃহৎ সুখাদ্য মৎস্য বিশেষ ; A large cartilaginous sea-fish.

Stutter, stut'ėr, *v. i.* তোতলামি-কৃ ; তো তো-কৃ ; To stammer :—*n.* তোতলাম ; Stammer.

Stutterer, stut'ėr-ėr, *n.* তোতলা ; One who stutters.

Stuttering, stut'ėr-ing, *a.* তোতলা ; বাধিত-বাক্ ; Stammering :—*n.* তোতলামি। *ad*=stutteringly.

Sty, sti, *n.* অঞ্জনী ; আঞ্জনা ; An inflamed tumour on the edge of the eyelid :—শূকরের খোঁয়াড় ; An enclosure or house for swine :—অপরিষ্কার স্থান ; Dirty place :—ব্যভিচার গৃহ।

Stygian, stiji-an, *a.* [Gr. *stygeo,* to hate] নারকীয় ; নরকের নদী সম্বন্ধীয় ; Pertaining to Styx, the river of Hell, over which departed souls were ferried ; hellish.

Cross the stygian ferry—মৃত-হ ; Die.

Stylar, *n.* সূর্য্য-ঘড়ির কাঁটা সম্পর্কীয় ; Pertaining to the dial.

Style, stil, *n.* [L. *stylus*, G. *stulos,* a pillor, a writing instrument] তুলী ; লেখনী ; A pencil for writing on waxed tablets or copying paper, a tool for writing :—গর্ভকেশরের শুণ্ডাকৃতি অংশ, The tapering portion of the pistol :—ধারা, রীতি ; Method, kind :—লিখিবার পদ্ধতি ; Diction, manner of writing :—উপাধি, সংজ্ঞা ; নাম ; Title ; appelation :—*v. t.* আখ্যাত-কৃ ; আখ্যা-দে, নাম-দে, ডাকা ; To give a title to in addressing ; denominate ; designate. *Syn* :—(*n*) Pin, gnomon ; diction, phraseology, expression ; manner, method, cast, form, fashion ; designation. (*v*) Call, name, designate, term, characterize.

Flowery style—আলঙ্কারিক ভাষা, Rhetorical style [ছাপার অক্ষর বিশেষ।

The New style—একদেশ গ্রেগরী যে বর্ষ সংস্কার করেন,

The Old style—বর্ষ গণনার প্রাচীন রীতি, খৃঃ পূঃ ৪৫ অব্দে জুলিয়স সিজর যে বর্ষ গণনার রীতি বাহির করেন, ছাপার অক্ষর বিশেষ।

Stylot, *n.* ছোট ছোরা ; A small dagger.

Stylish, *a.* রীতিপ্রিয় ; জমকাল, আড়ম্বরপ্রিয়, চটকদার, Showy, fashionable, pretending to style :—ভদ্রোচিত ; Genteel. *ad*=stylishly, *n*=stylishness. *Syn* —Modish, polished, courtly.

Styptic, stip'tik, *a.* রক্ত-নিবারক, রক্তরোধক ; Astringent ; stopping bleeding :—*n.* রক্তরোধক ঔষধ, An astringent.

Styx, *n.* প্রেতনদী ; বৈতরণী, The fabled river

Suasion, swā'zhun, *n.* [L. *suadeo,* to persuade] পরামর্শ ; প্রবর্তনা ; Advice, permission.

Suasive, swā'siv, *a.* প্রবৃত্তিজনক ; প্রবর্তক ; Persuasive *ad*=suasively, *n*=suasiveness

Suave, *a.* মনোহর, রমণীয় ; Bland, pleasant, agreeable. *ad*=suavely, *n*=suavity.

Suavity, *n.* swave-te, *n.* [L. *suavitas*, from *suavis*, sweet] মিষ্টতা ; মাধুর্য্য ; কোমলতা, Sweetness ; mildness. *Syn* :—Agreeableness, softness, pleasantness, gentleness.

Suavity of manners—মধুরাচরণ।

Sub, *ppx.* অধীনতা, নিম্নবর্ত্তিতা ; অবান্তরতা।

Subacid, *a.* ঈষৎ অম্ল, ঈষদম্ল, Moderately acid or sour :—*n.* ঈষদম্ল দ্রব্য। [knowledge.

Subagitation, *n.* রতিক্রিয়া ; সম্ভোগ ; Carnal

Subaltern, subal-tern, *a.* নিম্নস্থ ; নিম্নপদস্থ ; অধীন, Inferior ; subordinate :—*n.* নিম্নপদস্থ কর্মচারী বা সৈনিক ; তাঁবেদার ; A subordinate.

Subalternate, sub-al-ter'nāt, *a.* নিম্নস্থ, অধীন, অপ্রধান ; Subordinate.

Subaquatic, Subaqueous, *a.* জলতলস্থ ; জলের অধঃস্থিত ; নিম্নস্থ ; Lying under water ; under water.

Subarctic, *a.* মেরুসন্নিহিত ; Belonging to a region just below the arctic. [astringent.

Subastringent, *a.* ঈষৎ সঙ্কোচক ; Somewhat

Sub-class, *n.* অবান্তর শ্রেণী ; অন্তর্ভূত শ্রেণী।

Sub-committee, *n.* অবান্তর সমিতি ; শাখাসমিতি ; A part or division of a committee.

Sub-contract, *n.* অধীন চুক্তি ; A contract under a previous one. *n*=sub-contractor.

Subdivide, sub-di-vid, *v. t.* বিভক্ত বিষয়কে পুনর্ব্বিভাগ-কৃ ; বিখণ্ডিত-কৃ ; অবান্তর বিভাগ-কৃ ; To divide into smaller divisions ; to divide again :—*v. i.* পুনর্ব্বিভক্ত-হ, খণ্ড-হ ; To be subdivided. *n*=subdivision (পুনর্ব্বিভাগ ; জেলার মহকুমা, ক্ষুদ্রতর ভাগ)।

Subduable, *a.* পরাজয়-যোগ্য ; That may be subdued. [duing.

Subdual, sub-dū'al, *n.* পরাজয় ; The act of sub-

Subdue, subdū, *v. t.* [L. *sub,* under, and *ducere,* to lead] পরাজয়-কৃ ; পরাস্ত-কৃ ; দমন-কৃ ; বশীভূত-কৃ, To conquer ; to reduce under dominion ; to bring under dominion :—আর্দ্র-কৃ ; নরম-কৃ ; ক্ষীণ-কৃ ; To melt, to soften :—শান্ত-কৃ ; To tame. *n*=subduer, *p. a*=subdued (পরাজিত) ; *a*=subduable. *Syn* :—Overpower, overcome, surmount, vanquish, overbear, crush, tame, subjugate.

Subduing by charm—বশীকরণ।

Sub-editor, sub-edi-tur, *n.* সহকারী সম্পাদক ; An assistant editor.

Subfamily, *n.* অধীনস্থ পরিবার বা বংশ ; বংশের শাখা ; A sub-ordinate family, a division of a family.

Subgenus, sub-jē'nus, *n.* উপজাতি ; A subdivision of a genus. [below.

Subjacent, *a.* অধোবর্ত্তী ; নিম্নস্থ ; অধীন ; Lying

Subject, subjekt, *a.* [L. *sub*, under, and *jacio,* to throw] পরাধীন, Dependant ; under dominion of another .—অধীন ; বশীভূত, বাধ্য, Liable, exposed ; subordinate .—*n.* প্রজা ; অধীন ব্যক্তি ; One who owes allegiance to a commonwealth or prince —প্রসঙ্গ ; বিষয়, A matter ; substance ; theme, topic —ব্যবচ্ছেদার্থ শব বা উহার কোন অংশ ; Dead body or part of a dead body intended for disection :—মন, অন্তঃকরণ, আত্মা ; In *philorpfy,* the *Ego* as opposed to the *non-Ego.* :—কর্ত্তৃপদ ; অনুবাদ্য ; (ব্যাকরণে) কর্ত্তৃপদ, যৎসম্বন্ধে কোনও কিছু উক্ত হয়, In *Logic*, that of which anything is predicated or denied :—*v. t.* জয়-কৃ, To subdue, enslave :—অধীন-কৃ, বশীভূত-কৃ ; To expose or make liable to, to submit ; to cause to undergo. *Syn* :—(*a*) Subordinate, subservient, tributary, submissive, obedient, inferior, obnoxious. (*v*) Subjugate, break, tame, quell, conquer ; expose ; submit, refer.

Subject to—কাহারও অধীন ; Under one's subjection ; under the power of. [mine.

Subject to examination—পরীক্ষা-কৃ ; To exa-

Subject to trial or **test**—পরীক্ষাধীন-হ ; To cause to undergo test or experiment.

Subject matter, *n.* আলোচ্য বিষয় ; বিবেচ্য বিষয় ; Matter presented for consideration.

Subjection, sub-jek'shun, *n.* বশীকরণ ; Subjugation ; the act of subduing :—অধীনতা ; বশবর্ত্তিতা ; পরাধীনতা ; The state of being subject to another.

Subjective, sub-jek'tiv, *a.* স্বকীয় অনুভব সিদ্ধ, আন্তরিক ; মানসিক ; আধ্যাত্মিক ; Opposed to *Objective.* *n*=subjectivity (আধ্যাত্মিকতা) ; *ad*=subjectively (আধ্যাত্মিকভাবে)।

Subjoin, sub-join, *v. t.* পশ্চাৎ সংযোগ-কৃ ; নিয়ে যোগ-কৃ ; To annex, to affix ; to append. *Syn* :—Suffix ; attach, connect.

Sub-judice, *a.* বিচারাধীন ; Under judicial [consideration.

Subjugate, subjoo-gat, *v. t.* [L. *sub*, under, and *jugum*, a yoke] জয়-কৃ ; পরাজয়-কৃ ; অধীনস্থ-কৃ ; বাধ্য-কৃ ; বশীভূত-কৃ ; To conquer. *n*=subjugation (বশীকরণ ; পরাজয়)। *Syn* :—Subdue ; overcome, overpower.

Subjunctive, sub-jungktiv, *a.* আশঙ্কাসূচক ; সংযুক্ত ; Impyling doubt or condition ; added to something. [বা কল্পনাবাচক ক্রিয়া-বিভক্তি।

Subjunctive mood—(ব্যাকরণে) সম্ভাবনা, সংশয়

Sub-kingdom, *n.* অবান্তর রাজ্য বা বিভাগ ; A division of a kingdom ; a subivision.

Sublease, *n.* দর-ইজারা ; Lease by a tenant or lessee to another.

Sublet, sub-let, *v. t.* ভাড়া লইয়া ভাড়া-দে ; দরপত্তন বা দর-ইজারা-দে ; পেটাও ভাড়া-দে ; To lease as a tenant to another ; to underlease.

Show the teeth—ভীত-কৃ ; ভয় দেখান ; দাঁত বাহির-কৃ ; Threaten :—বিরোধাচরণ জন্য বাহির হইয়া আসা , Come forward to show a hostile attitude.

Teething, *n.* শিশুর দন্তোদ্গম ; মুখে দাঁত উঠন।

Teetotaler, *n.* যে ব্যক্তি কোন প্রকার মাদক দ্রব্য ব্যবহার করে না ; মাদক পানীয় পরিবর্জ্জনকারী ; One pledged to entire abstinence from intoxicating drinks.

Teetotalism, *n.* মদ্যাদির সম্পূর্ণ পরিবর্জ্জন।

Teetotum, *n.* বালকের ক্রীড়া-কন্দুক বিশেষ ; লাটিম।

Tegument, teg'u-ment, *n.* [L. *tego*, to cover] আবরণ ; আচ্ছাদন ; An integument :—চর্ম্ম ; ছাল ; ত্বক ; The external covering.

Telegram, *n.* সাঙ্কেতিক সংবাদ ; তাড়িত-বার্ত্তা ; A message sent by telegraph.

Telegraph, *n.* সঙ্কেত দ্বারা দূরে সংবাদ প্রেরণের উপায় বা কল ; Electrical or other instrument or apparatus for conveying intelligence to a distance :—*v. t.* তারে বা সঙ্কেতে সংবাদ প্রেরণ-কৃ ; To convey or announce by telegraph. *a*=telegraphic.

Electric telegraph, *n.* তাড়িত বার্ত্তাবহ।

Telegraphic, *a.* তাড়িতবার্ত্তাবহ সম্বন্ধীয় ; সাঙ্কেতিক ; তড়িৎ দ্বারা প্রেরিত ; Pertaining to, or communicated by telegraph.

Telegraphist, te-leg'ra-fist, *n.* যে তাড়িত বার্ত্তাবহ যন্ত্র লইয়া কাজ করে ; One who works a telegraph.

Telegraphy, tel-eg'ra-fi, *n.* তাড়িত বিজ্ঞান ; তাড়িত বার্ত্তাবহন সম্বন্ধীয় বিজ্ঞান ; The science or art of constructing telegraphs.

Teleology, *n.* উদ্দেশ্যবিদ্যা ; যে শাস্ত্রে সৃষ্টির উদ্দেশ্য কারণ নিরূপিত হয় ; The science of the final cause of things. *a*=teleological, *ad*=teleologically.

Telephone, tele-fōn, *n.* দূরকথন যন্ত্র ; যে যন্ত্র দ্বারা উচ্চারিত শব্দ দূরে প্রেরিত হয় ; An instrument for reproducing sound at a distance by the aid of electricity.

Telescope, tele-skōp, *n.* দূরবীণ ; দূরবীক্ষণ ; An optical instrument for seeing objects at a distance. *a*=telescopic, telescopical (দূরবীণ সম্বন্ধীয়) ।

Tell, tel, *v. t.* বলা ; কহা ; To utter ; to speak : সংখ্যা-কৃ ; এক এক করিয়া সংখ্যা-কৃ ; To count ; to number :—জানান ; জ্ঞাত-কৃ ; To inform :—বর্ণনা-কৃ ; Utter in detail ; relate ; recount, narrate : —সংবাদ-দে ; Report in form :—ব্যাখ্যা-কৃ ; To explain :—ঠাহরাণ ; নিশ্চয়-কৃ ; To discern :—আদেশ-কৃ ; To order :—*v. i.* কার্য্যকারী-হ ; ফলোৎপাদন-কৃ ; To have effect :—সংবাদ-দে ; To make report. *pt.* and *pp*=told. *Syn* :—Reckon ; express, state, mention ; communicate, impart, reveal, disclose, inform, acquaint ; repeat, rehearse, recite, narrate ; make out, distinguish.

Tell after—পুনর্ব্বার বলা ; Repeat.

Tell again—পুনর্ব্বার বলা ; Recount.

Tell against—কাহার বিরুদ্ধে-যা ; প্রতিকূলে-যা ; প্রতিকূলে দাঁড়ান ; Have effect against ; go against.

Tell by—কোন কিছু হইতে বিচার-কৃ ; Judge from.

Tell for—কাহার অনুকূলে বলা ; কাহার সপক্ষে বলা ; Count in favour of.

Tell its own tale—ব্যাখ্যা আবশ্যক করে না ; Require no explanation.

Tell of—জ্ঞাত-কৃ ; উল্লেখ-কৃ ; বর্ণনা-কৃ ; Inform.

Tell off—দল হইতে পৃথক করিয়া কোন কার্য্যে পাঠান ; Detach :—পৃথক্ করিয়া আওড়ান , Utter or recite in detail :—বলা ; To give utterance to :—গণনা-কৃ , Count or divide as a number of men for a particular duty.

Tell off hand—একবারে বলা ; Relate without referring to memory.

Tell on *or* **upon**—হানিজনক-হ ; সবিশেষ কষ্ট-দে ; অত্যন্ত কষ্ট দেওয়া বা নষ্ট-কৃ ; ক্ষয়-কৃ ; Injure ; produce a markedly injurious effect on ; have effect upon , injure.

Tell over—গণনা-কৃ ; Reckon or count over.

Tell tales—অকারণ বলা ; অনর্থক কহা ; To communicate information officiously.

Tell tales out of school—গুপ্ত বিষয় প্রকাশ-কৃ ; Betray secrets.

Tell to one's face, or **one's teeth**—মুখের সামনে বলা ; Tell in direct open opposition.

Tell well—কার্য্যকারী-হ ; Have a good effect.

Tellas, *n.* The earth personified.

Teller, telėr, *n.* কথক ; গণনাকারী ; One who counts ; one who enumerates ; a clerk who receives and pays money.

A fortune-teller, *n.* গণক ; গণনাকারী ।

Telling, *a.* ফলপ্রদ ; ফলোৎপাদক ; হৃদয়গ্রাহী ; Effective.

Tell-tale, tel-tal, *n.* অপরের গূঢ় কথার রটনাকারী ; যে ব্যক্তি অপরের গুপ্ত বিষয় অকারণ প্রকাশ-কৃ ; সন্দেহ-হারক ; গজে ; পরচর্চ্চাকারক ; One who officiously tells the private concerns of others.

Telluric, tel-tū'rik, *a.* পৃথিবী সম্বন্ধীয় ; পার্থিব ; ভৌম ; Partaining to or proceeding from the earth.

Tellurium, tel-lū'ri-um, *n.* উপধাতু বিশেষ ; A metal.

Temerity, te-mer'i-ti, *n.* [L. *temere*, by chance] গোঁয়ারতামি ; অবিমৃষ্যকারিতা ; ঔদ্ধত্য ; Rashness ; heedlessness :—দুঃসাহস ; অসমসাহস ; Unreasonable contempt for danger.

Temper, temper, *n.* [L. *temperare*, from *tempus*, time] ধৈর্য্য ; ধৈর্য ; মনের প্রশান্ততা ; মনের স্থিরতা ; Calmness ; moderation :—শারীরিক বা মানসিক অবস্থা ; The state of body :—মনের গরম ; ক্রোধাদি ; Passion :—বিভিন্ন গুণের যথাপরিমাণে মিশ্রণ ; বিরুদ্ধ গুণের যথোচিত মিশ্রণ ; Due mixture of contrary qualities :—স্বভাব ; মেজাজ ; প্রকৃতি ; Constitution of mind :—ধাতাদির কঠিনতা ; The state of a metal, as to its hardness :—*v. t.* মিশ্রিত-কৃ ; উপযুক্ত মাত্রায় মিশ্রিত-কৃ ; To mingle in due proposition ; to mix so that one qualifies the other :—মিশাইয়া প্রকারান্তর-কৃ ; রূপান্তর-কৃ ; To modify by mixture :—নরম-কৃ ; কোমল-কৃ ; প্রশমিত-কৃ ; To moderate ; to soften ; to calm :—যথাপরিমাণে কঠিন-কৃ ; To bring to a proper degree of hardness :—উপযুক্ত-কৃ । *Syn* :—(*n*) Temperament, disposition, constitution ; frame, mood ; composure ; anger, passion, heat, irritability. (*v*) Qualify ; adapt, adjust, accommodate ; mollify, assuage, moderate, restrain.

Be out of temper—মেজাজ গরম-হ ; মেজাজ বিগড়াইয়া-যা ; Be in a passion or irritation ; lose equanimity of mind.

In a fit of temper—রাগের মাথায় ।

Lose temper—ধৈর্য্য হারান ।

Show temper—রাগ প্রকাশ-কৃ ; রাগ বা বিরক্তিভাব প্রকাশ-কৃ ; Manifest irritation.

Temperament, tempėr-a-ment, *n.* প্রকৃতি ; স্বভাব ; Disposition :—আভ্যন্তর প্রকৃতি ; Internal constitution :—পিত্তাদি ধাতু ।

Bilious temperament—পৈত্তিক ধাতু ।

Nervous temperament—বায়বিক ধাতু ; বায়ুপ্রধান ধাতু ।

Phlegmatic (*or* **lymphatic**) **temperament**—শ্লৈষ্মিক ধাতু ।

Temperance, temper-ans, *n.* মিতাচার ; সংযমিতাচার ; পানভোজনাদির সংযম ; Moderation ; abstinence from intoxicating drinks. *Syn* :—Sobriety, soberness, self-control ; calmness, sedateness ; chasteness, continence ; abstinence.

Temperance society, *n.* মদ্যাদি পান-নিবারণী সভা বা সমাজ ; Fellowship of parties pledged to abstain from spirits.

Temperate, temper-āt, *a.* সম ; পরিমিত ; মধ্যমরূপ ; মাঝারি ; নাতি শীতোষ্ণ ; Moderate in degree : শীতল ; Cool :—ধীর ; স্থির ; ঠাণ্ডা ; শান্ত ; Calm :—সংযত ; মিতাচারী ; Sober ; abstemious ; continent. *ad*=temperately (শান্তভাবে) । *n*=temperateness (সমতা ; স্থিরতা ; মিতব্যবহার) । *Syn* :—Sober, frugal ; chaste ; calm, dispassionate ; mild.

Temperate zone—সমমণ্ডল ।

Tempered, *a.* কোনও প্রকৃতিসম্পন্ন ; :—পাইন দেওয়া ।

Temperature, tem-pėr-a-tūr, *n.* শীতলতা ও উষ্ণতার পরিমাণ ; শীতাতপের অবস্থা বা পরিমাণ ; তাপমান ; Degree of heat and cold :—প্রকৃতির অবস্থা ; স্বাভাবিকভাব ; Constitution.

High temperature—অত্যন্ত উত্তাপ ।

Tempest, tempest, *n.* ঝড় ; বাত্যা ; তুফান ; Violent storm :—গণ্ডগোল ; হাঙ্গামা ; Any violent commotion. *Syn* :—Gale, squall, hurricane, tornado ; agitation, perturbation, tumult, excitement, outbreak.

Tempest in a teapot—সামান্য বিষয় লইয়া মহা গোলযোগ ; গোষ্পদে তুফান ; Much fuss about a trifle ; violent agitation about a trifling matter.

Tempestuous, tem-pest-ū us, *a.* বাত্যাকুল ; ঝটিকাসঙ্কুল ; ঝটিকাময় ; Stormy :—তুমুল ; প্রচণ্ড ; হাঙ্গামিয়া ; Turbulent. *n*=tempestuousness. *ad*=tempestuously. *Syn* :—Windy, gusty, blustering, boisterous ; violent, tumultuous.

Templar, templar, *n.* ধর্মযোদ্ধা বিশেষ ; One of a religious military order ; knight of the temple of Jerusalem :—উকীল ; আইনপাঠী ছাত্র ; ব্যবস্থা বিদ্যাধ্যায়ী ছাত্র ; Lawyers or students living in the temple ; a student of law living in the temple London.

Temple, templ, *n.* মন্দির ; দেবালয় ; গির্জ্জা ; A place of worship in honour of some God ; an edifice erected to a deity :—লণ্ডন নগরের ব্যবহার শাস্ত্র বা আইনের বিদ্যালয়দ্বয় ; In London, two inns of Court :—রগ ; কপালের পার্শ্বদ্বয় ; The flat side of the forehead.

Temporal, tempū-ral, *a.* পার্থিব ; ঐহিক ; অনিত্য ; Worldly :—কপালসম্বন্ধীয় ; Pertaning to the temples of the head. *Syn* :—Mundane, terrestrial, secular ; finite, transient, fleeting, temporary.

Temporal bone—করোটীর পার্শ্ব ও অধঃপ্রদেশস্থিত অস্থি।

Temporality, *n.* সাংসারিক লাভালাভ , What pertains to temporal welfare :—*pl.* যাজকগণের আয় , দেবোত্তর ভূমির আয় ; Revenues of an ecclesiastic preceeding from lands, tithes, and like.

Temporary, tempor-ar-i, *a.* ক্ষণকালস্থায়ী ; ক্ষণস্থায়ী , ক্ষণিক , অস্থায়ী , অচিরস্থায়ী ; Transient. *ad*=temporarily. *n*=temporariness. *ad*=temporarily (অল্পকালের জন্য ; fleeting).

Temporise, tempor-iz, *v. i.* অবস্থা বুঝিয়া ব্যবস্থা-কৃ ; To yield to circumstances :—সময়ানুযায়ী-হ ; সময়োচিত ব্যবহার-কৃ ; To be a time-server :—বিলম্ব-কৃ ; To delay. *n*=temporizer (সময়সেবী ব্যক্তি)।

Tempt, tempt, *v. t.* পরীক্ষা-কৃ ; To test ; to put to trial :—প্রলুব্ধ-কৃ ; কুপ্রবৃত্তি-দে ; প্রলোভিত-কৃ ; To entice ; to seduce ; lure. *Syn* :—Try, prove ; entice, allure, attract, decoy, seduce, inveigle ; incite, instigate, provoke ; incline, dispose.

Tempt God—ঈশ্বরের কোপে পড়া ; Provoke the anger of God.

Temptation, tem-tāshun, *n.* প্রলোভন ; মন্দকার্য্যে প্রবর্ত্তনা ; পাপাসক্তি ; The act of tempting enticement to evil :—পরীক্ষা ; Trial. *Syn* :—Allurement ; bribe, bait, lure, decoy, trial. [সংবরণ-কৃ।

Resist or withstand temptation—লোভ

Tempter, temter, *n.* সয়তান ; কুপ্রবৃত্তির উত্তেজক ; One who tempts the devil. *fem*=temptress.

Tempting, temting, *a.* প্রলোভনকারী ; বিমোহন , প্রলোভনজনক ; আকর্ষক , Adapted to tempt or entice ; attractive *ad*=temptingly.

Ten, ten, *a.* দশক , দশ , Twice five :—*n.* দশ সংখ্যা , দশটা ; A figure denoting ten unites.

Ten to one—খুব অসম্ভব , একানুপাতে দশবার ; Most unlikely :—নিশ্চয় ; Undoubtedly. [দশাঙ্গুলি।

The ten commandment—দশাদেশ ; দশ আজ্ঞা ;

The upper ten or the uppor ten thousand—কুলীন-সম্প্রদায় , Aristocracy.

Tenable, tena-bl, *a.* ধার্য্য ; ধর্ত্তব্য ; রক্ষণীয় , রক্ষিতব্য ; অবলম্বনীয় ; Capable of being held or retained ; capable of being kept defended.

Tenacious, tē-nāshe-us, *a.* [L. *tenax, tenacis*, from *tenere*, to hold] চট্‌চটে ; চট্‌চটিয়া ; আঠাল ; Glutinous ; adhesive :—স্থিরপ্রতিজ্ঞ ; নাছোড়বান্দা ; Pertinacious :—ধারণক্ষম ; Retentive :—একগুঁয়ে ; Stubborn :—সংলগ্নশীল ; Apt to stick. *n*=tenaciousness (নির্ব্বন্ধাতিশয্য)। *ad*=tenaciously (নাছোড়বান্দা হইয়া ; নির্ব্বন্ধাতিশয়-সহকারে)। *Syn* :—Adhesive, sticky, viscous ; obstinate, stubborn.

Be tenacious of—ছাড়িতে অনিচ্ছুক-হ , Cling fast to ; be willing to quit.

Tenacity, tē-nase-te, *n.* সংলগ্নশীলতা ; অত্যাগধর্ম্মিতা ; Glutinousness , the state of being tenacious :—স্থিরপ্রতিজ্ঞা ; অভঙ্গশীলতা ; কঠিনতা ; Pertinacity :—ধারণাশক্তি ; Retentiveness. *Syn* :—Tenaciousness ; adhesiveness, cohesiveness, toughness ; stubbornness, obstinacy.

Tenancy, tenan-si, *n.* রায়তি স্বত্ব ; ভাড়া ; জমা ; ভাড়াটিয়া যায়গা বা বাটী ; A tenure ; temporary holding of land or property.

Tenant, tenant, *n.* প্রজা ; রাইয়ত ; ভাড়াটিয়া ; বাসকারী ; One who holds or possesses land or house under another ; farmer dweller :—*v. t.* প্রজা স্বরূপে অধিকার-কৃ ; ভাড়া লওয়া ; To hold as a tenant.

A tenant at will—ওঠবন্দী প্রজা।

Tenantable, tenant-a-bl, *a.* বাসযোগ্য ; জোতযোগ্য ; Fit to be tenanted.

Tenantless, tenant-les, *a.* প্রজা-বিহীন ; খালি , অনধিকৃত ; Without a tenant ; unoccupied.

Tenantry, tenant-ri, *n.* প্রজাবর্গ , প্রজাসমূহ ; রাইয়ত সকল ; The body of tenants. [fish.

Tench, tensh, *n.* মৎস্য বিশেষ ; A fresh water

Tend, tend, *v. t.* যত্ন-ল ; মনোযোগ-কৃ ; দেখাশুনা-কৃ ; To hold or take care of :—রক্ষার্থ সঙ্গে-যা ; সঙ্গী-হ ; To attend on ; to accompany :—হেপাজত কৃ ; রক্ষা-কৃ ; To guard :—*v. i.* কোন দিকে গমন-কৃ ; কোন দিকে চলা বা ঝুঁকা ; To move in a certain direction :—সাহায্য-কৃ ; সহায়তা-কৃ ; To contribute :—উপায় স্বরূপ কার্য্য-কৃ ; সাধনানুকূল-হ ; উপায় হ ; To be directed to any purpose :—লক্ষ্য-কৃ ; To aim. *Syn* :—Watch, guard, keep, protect, nurse, manage ; wait, serve, attend ; incline, lean, verge ; conduce, lead to. [towards.

Tend to—যাইবার ঝোঁক বা টান থাকা ; Move or go

Tendency, tenden-se, *n.* অভিপ্রায় ; ঝোঁক ; প্রবৃত্তি ; গতিপ্রবণতা ; Inclination ; drift :—লক্ষ্য ; Aim. *Syn* :—Leaning, determination, proneness, proclivity, bias, liability, course.

Tender, tender, *a.* [F. *tendre*, to stretch] মৃদু ; নরম ; কোমল ; সুকুমার ; Soft ; delicate :—দুর্ব্বল ; Weak ; feeble :—দয়ালু ; দয়াদি গুণবিশিষ্ট ; কোমলান্তঃকরণ ; ক্ষমাশীল ; Compassionate , kind :—প্রিয় ; Dear :—সদয় ; পরদুঃখে কাতর ; Pitiful :—অল্পবয়স্ক ; Young :—নম্র ; শান্ত ; Mild :—ধর্ম্মভীরু ; Scrupulous :—দয়াদির উদ্রেককারী ; করুণাজনক ; দয়ার্দ্র ; Pathetic :—স্ত্রীবৎ :—কষ্টদায়ক :—অসহিষ্ণু :—রক্ষাকারক :—*n.* প্রস্তাব ; An offer or proposal for acceptance :—প্রস্তাবিত বিষয় ; দিবার প্রস্তাব ; যাহা প্রদানার্থ প্রস্তাবিত হয় ; The thing offered :—ক্ষুদ্র জাহাজ ; যোগানদার যান ; A small vessel that attends a larger with stores :—Carriage with fuel water &c. attached to a locomotive :—*v. t.* প্রস্তাব-কৃ ;

দিতে চাওয়া ; পরিগ্রহার্থ উপস্থিত-কৃ ; To offer for acceptance ; present for acceptance :—সম্মান-কৃ ; To esteem ; regard. *ad*=tenderly. *n*=tenderness. *Syn* :—(*a*) Frail ; infantile ; sensitive, susceptible ; humane, merciful, pitiful ; affecting, touching ; painful, disagreeable. (*v*) Offer, present, prefer, propose.

Legal tender—আইনানুযায়ী দেয় ও গ্রহণীয় মুদ্রা।

Tender for—Bid for a contract.

Tender one's resignation—কর্মত্যাগ-কৃ ; Resign by giving the proper notice.

Tender-hearted, teńdér-hárt'ed, *a*. কোমলান্তঃকরণবিশিষ্ট ; কোমলহৃদয় ; দয়ালু ; দয়াশীল ; Full of feeling. [tifully ; kindly.

Tenderly, *ad*, স্নেহপূর্ব্বক ; সদয়ভাবে ; সন্তর্পণে ; Pi-

Tender-mercies—দয়া ; Compassion :—নিষ্ঠুরতা ; Cruelty (ironical).

Tenderness, teńder-nes, *n*. কোমলতা ; State or quality of being tender :—স্নেহশীলতা ; দয়ালুতা ; Kindness :—অনুগ্রহ ; Mercy. *Syn* :—Delicacy, softness ; weakness, feebleness ; soreness, sensitiveness ; pity, clemency, humanity ; carefulness, caution.

Tendinous, *a*. শিরাল ; Sinewy.

Tendon, teńdon, *n*. শিরা , পেশী-বন্ধ ; A sinew.

Tendril, teńdril, *n*. লতা-তন্তু , শুঁয়া , A slender spiral shoot of a climbing plant :—*a*. অধিরোহী , আলিঙ্গনশীল , Clasping or climbing.

Tenebrous, teńe-brus, *a*. তমসাচ্ছন্ন , তিমিরাচ্ছন্ন ; অন্ধকারময় ; Dark ; gloomy.

Tenement, teńe-ment, *n*. বাসবাটী ; বসতবাটী . ভদ্রাসন , বাসাবাড়ী ; A dwelling or habitation or part of it. *a*=tenemental.

A tenement house—যে বাটী ভাড়াটিয়াদিগের জন্ম স্বতন্ত্র ক্ষুদ্র অংশে বিভক্ত হয়।

Tenesmus, *n*. বেগ ; A constant desire to go to stool without straining, but no discharge.

Tenet, teńet, *n*. [L. *tenet*, he holds] *n*. সত্য বলিয়া অবলম্বিত মত ; পরামর্শ ; বিশ্বাস ; ব্যবস্থা ; Dogma , principle ; opinion :—Any opinion, or doctrine, which a person maintains as true. *Syn* :—Doctrine, belief, maxim, creed.

Tenfold, teńfōld, *a*. দশগুণ ; Ten times more.

Tennis, *n*. teńis, *n*. ক্রীড়া বিশেষ ; টেনিস খেলা , A game in which a ball is driven by a racket.

Tenon, *n*. কাঠের আল, ইহা খাঁজে পড়াইয়া একখণ্ড কাট অপর খণ্ডে জোড়া যায় ; A projection at the end of a piece of wood inserted into a cavity called a mortise of another, to unite two together :—*v. t.* আল করিয়া বা খাঁজিয়া জোড়া ; To fit with tenons.

Tenor, teńor, *n*. [L. *tenor*, from *tenere*, to hold] অভিপ্রায় ; তাৎপর্য্য ; অর্থ ; ভাব ; ধরণ ; Purport, drift :—প্রাপ্তবয়স্ক পুরুষের উচ্চস্বর ; Highest kind of adult males voice. *Syn* :—Course, way, manner, fashion, tone, tendency, character ; meaning, intent, sense, spirit, gist.

Tense, tens, *n*. কালসূচক ক্রিয়াপদ ; কালবাচক বিভক্তি ; কাল ; The form of a verb by which time is expressed.

Tense, *a*. বিস্তারিত ; কষা ; কড়া ; অশিথিল , Stretched , strained to stiffness ; not flax :—শক্ত ; দৃঢ় ; কঠিন ; Rigid. *n*=tenseness, tensity. *ad*=tensely.

Tensile, teńsil, **Tensible**, teńsi-bl, *a*. প্রসারণীয় ; প্রসার্য্য ; যাহা টানিয়া বাড়ান যাইতে পারে ; Capable of being stretched.

Tension, teńshun, *n*. প্রসারণ ; বিস্তার ; টান টান অবস্থা ; The act of stretching :—উদ্যম ; প্রয়াস ; প্রবল চেষ্টা ; মানসিক চেষ্টা ; Effort.

A tension bridge—ধনুকাকৃতি টানা পুল।

Tensity, *n*. কাঠিন্য ; Tenseness.

Tensor, teńsor, *n*. প্রসারণশীল মাংসপেশী ; A muscle that stretches ; a muscle that tightens apart.

Tent, tent, *n*. তাম্বু ; তাঁবু ; পটাবাস ; A portable lodge of canvas :—পলিতা ; A plug or roll of lint used to dilate a wound or opening in the flesh :—*v. t.* তাম্বু দ্বারা আচ্ছাদন-কৃ ; To cover with tents :—পলিতা দ্বারা পরীক্ষা-কৃ বা খোলা রাখা ; To probe ; to keep open with a tent.

Pitch a tent—তাঁবু খাটান ; Fix a camp firmly in the ground. [Remove a tent ; depart.

Strike a tent—তাঁবু উঠাইয়া লওয়া ; চলিয়া যাওয়া :

Tentacle, *n*. শুঁয়া ; কীটাদির আকর্ষী ; A feeler ; a thread like organ of certain insects for feeling or motion. *a*=tentacular.

Tentative, *a*. পরীক্ষামূলক ; পরীক্ষাস্থলীয় , Experimental. [of experiment.

Tentatively, *ad*. পরীক্ষার্থ ; পরীক্ষাস্থলে ; By way

Tented, tent'ed, *a*. তাম্বু দ্বারা আচ্ছাদিত ; পটমণ্ডপ-সমাবৃত ; Covered with tents.

Tenter, *n*. বস্ত্র প্রসারণের আঁকড়া ; A machine for stretching cloth on by hookes.

Tenter-hook, *n*. বক্র কাঁটা বিশেষ।

Be on the tenter-hook—সটান হইয়া থাকা ; বিপদগ্রস্ত বা দুর্ভাবনাগ্রস্ত-হ ; Be on the stretch ; be in suspense or anxiety. [place.

Tenthly, *ad*. দশ দফায় ; দশমতঃ ; In the tenth

Tenth, *n*. দশমাংশ ; Tithe :—*a*. দশম ; The last of ten ; next in order after the ninth. *ad*=tenthly.

Tent-maker, *n*. তাঁবু-প্রস্তুতকারী।

Tent-peg, *n*. তাঁবুর খোঁটা।

Tenuity, tenū-te, *n* [L. *tenuitas*, from *tenuis*, thin] সূক্ষ্মত্ব ; তনুতা ; ক্ষীণতা ; বিরলতা ; Rarity ; thinness ; slenderness. *Syn* :—Fineness, exility, rareness, subtility.

Tenuous, *a*. সূক্ষ্ম ; পাতলা ; Thin.

Tenure, teńūr, *n*. জোত , জমা ; Holding :—ভোগদখল ; ভোগাধিকার। [king luke-warm.

Tepefaction, *n*. ঈষৎ উষ্ণ করণ ; The act of ma-

Tepefy, tep'e-fi, *v. t.* ঈষৎ উষ্ণ-কৃ ; কিছু গরম-কৃ To make warm. *n*=tepefaction.

Tepid, *a*. কুসুম কুসুম গরম ; ঈষৎ উষ্ণ ; Lukewarm ; moderately warm. *n*=tepidness, tepidity (ঈষৎ উষ্ণতা)।

Teraphim, *n*. গৃহ-দেবতাগণ ; Household deties.

Teratology, *n*. অদ্ভুত প্রসব বিজ্ঞান। *a*=teratologic.

Terce, ters, *n*. Same as Tierce.

Terebene, *n*. তার্পিণ তৈল বিশেষ।

Terebinth, ter'e-binth, *n*. তার্পিণ বৃক্ষ ; The terpent-tree.

Terebrate, *v. t.* ছিদ্র-কৃ ; Perforate. [worm.

Teredo, *n*. কাষ্ঠ কীট ; কাষ্ঠভেদী কীট ; The ship-

Tergiversation, tér-ji-vér-sáshun, *n*. বাক্ছল ; ছল ; দ্ব্যর্থ বাক্য প্রয়োগ ; চপলতা , A shift ; a shifting ; an evasion ; fickleness of conduct.

Term, term, *n.* নির্দিষ্ট সময় ; নিরূপিত কাল ; Any limited period :—অবধি ; সীমা ; শেষ ; অন্ত ; Limit ; abound :—বৎসরের মধ্যবর্তী অধ্যয়ন ; কাল ; Time of a course of lectures or teaching :—যে সময়ে আদালত খোলা থাকে ; The time during which the courts of law are open :—খাজনা দিবার কিস্তির দিন ; Certain days on which rent is paid :—পদ ; শব্দ ; That by which a thought is expressed ; a word or impression :—তর্কের এক অংশ ; Part of a syllogism :—(বীজগণিতে) রাশির অংশ ; A member of an algebraical compound quantity : —সীমা ; Boundary :—*pl.* নিয়ম ; করার ; সর্ত ; Conditions :—নিরূপিত মূল্য ; Stipulated price :—*v. t.* নাম-কৃ ; আখ্যা-দে ; নাম দেওয়া ; বলা ; Designate ; call ; name. *Syn* :—(*n*) Confine, border ; time, season, period ; word, expression, name. (*v*) Denominate, call, style, entitle.

Be on good or **bad terms with**—কাহারও সহিত সদ্ভাব বা অসদ্ভাব থাকা ; Be at peace with or not at peace with.

Be on terms of friendship—বন্ধুত্বের ভাবে অবস্থান-কৃ ; [illegible]

Bring to terms—মিটমাট্ করান ; সম্মত বা বশবর্ত্তী হইতে বাধ্য-কৃ ; Cause to come to an agreement.

Come to terms—মিটমাট্-কৃ ; দরে বনা ; Come to an agreement :—সন্ধি স্থাপন-কৃ ; বিবাদ মিটান ; Make peace.

Couched in terms—কথায় প্রকাশিত ; ভাবযুক্ত কথায় ব্যক্ত ; Expressed in language ; stated in some kind of language.

In no measured terms—যা মুখে আসে তাই বলিয়া, In strong language ; in immeasurably strong and vehement language.

Keep on good terms with—প্রণয় রাখা ; Maintain friendship with.

Keep terms—কোন নির্দ্দিষ্ট কালের জন্ত কালেজে হাজিরা-দে ; Attend the lectures given in a college or university for a certain period.

Keep terms with—কোন কিছুর সহিত মিল রাখিয়া চলা ; Act in conformity with.

Make one's own terms—নিজে প্রবল বলিয়া নিজে যে সর্ত্তে মিটমাট্ করিতে রাজি তাহা বলা ; Dictate the conditions under one would make peace or grant respite.

Make terms—মিটমাট্-কৃ ; To come to an agreement.

On equal terms—সমান সমানের মত ; As an equal :—ঠিক অন্ত কাহার ন্যায় ; On a footing of equality with ; in exactly the same manner as : —With equal chances of success.

On friendly terms—বন্ধুত্বভাবে ; সদ্ভাবে ; Friendship.

Termagant, *n.* প্রবলা রমণী ; উগ্রচণ্ডা নারী ; কলহপ্রিয়া স্ত্রী ; A brawling woman :—A boisterous woman ; a shrew :—*a.* প্রবলা ; উগ্রচণ্ডা ; Boisterous ; howling. *n*=termagancy (turbulence).

Terminable, tėr'min-a-bl, *a.* যাহার শেষ হইতে পারে ; অন্ত করণীয় ; সমাপনীয় ; That may bound or limit.

Terminal, termin-al, *a.* অন্ত ; অন্তিম ; অন্তস্থিত ; Pertaining to or forming the end or extremity. *Syn* :—Limiting, bounding ; final, ultimate.

Terminate, termin-āt, *v. t.* সীমাবদ্ধ-কৃ ; সীমা-কৃ ; বদ্ধ-কৃ ; To bound ; to set the boundary :—শেষ-কৃ ; সমাপন-কৃ , সম্পূর্ণ-কৃ , To end , to finish :—*v. i.* শেষ-হ ; To end :—বদ্ধ-হ ; To close. *Syn* :—Limit ; conclude, close, complete, finish.

Termination, term-in-āshun, *n.* শেষ করণ ; The act of ending :—সীমা ; Limit :—শেষ ; অন্ত ; শেষ ভাগ ; End :—ফল ; Result. *a*=teminational (সীমা সম্বন্ধীয় বা সীমাসূচক) । *Syn* :—Ending, completion ; bound, period ; conclusion, issue.

Terminative, tėr'min-āt-iv, *a.* শেষ করণ প্রবৃত্ত ; চূড়ান্ত ; Tending to terminate or determine ; absolute.

Terminology, tėr-min-olo-ji, **Termonology**, *n.* পরিভাষা ; Discourse or treatise on terms :—নামাদি ; সংজ্ঞা-প্রকরণ ; Nomenclature.

Terminus, tėr-min-us, *n.* শেষ ; অন্ত ; সীমা ; The end ; boundary :—লৌহবর্ত্মের অন্ত বা আদি ; লৌহবর্ত্মের সীমা ; One of the extreme points of a railway :—ভ্রমণের শেষ ; End of a journey :—মনুষ্যের উত্তরাঙ্গের প্রতিরূপ । *pl*=termini.

Tern, *n.* জলচর পক্ষিবিশেষ ; A sea-fowl.

Ternary, tėr-nar-i, *a.* ত্রিতয়ী , ত্র্যাত্মক , Threefold ; proceeding by threes ; consisting of threes :—*n.* তিন গুণ ; তিন সংখ্যা ; ত্রিসংখ্যা ; The number three.

Ternate, tėr'nāt, *a.* ত্রিগুণ ; ত্রিখণ্ডিত ; ত্র্যাবর্ত্তিত ; Three-fold or arranged in threes.

Terra, *n.* ধরা ; পৃথিবী ।

Terra-alba, *n.* শ্বেত মৃত্তিকা বিশেষ ।

Terrace, ter'ās, *n.* সমতল ছাদ ; Flat roof :—বাটীর বেদী বা উচ্চ ঢিবি ; Any raised flat place :—গৃহশ্রেণী :—রাস্তা :—*v. t.* ঢিবি বা ছাদবিশিষ্ট কৃ , To form into a terrace. [clay.

Terra-cotta, ter'a-kota, *n.* পক্ব মৃত্তিকা ; Baked

Terra firma, *n.* কঠিন জমী ; শুক্‌নো ডাঙ্গা ; শুষ্ক জমী ; Solid earth ; main land ; continent.

Terra incognito, *n.* অজানিত দেশ , অজ্ঞাত স্থান ; অনাবিষ্কৃত দেশ ; Unknown land.

Terraqueous, ter-ākwe-us, *a.* [L. *terra*, earth, *aqua*, water] জলস্থলময় ; স্থল ও জল সম্পন্ন ; Consisting of land and water.

Terreen, ter-en, *n.* A largedish or vessel for holding soup at table ; less common form of *tureen*. [earthly , terrestrial.

Terrene, ter-ēn, *a.* পার্থিব , মৃত্তিকাময় ; Earthy ;

Terrestrial, ter-estre-al, *a.* [L. *terrestris*, from *terra*, the earth] পার্থিব , ভূচর , ঐহিক ; সাংসারিক ; Pertaining to the earth :—*n.* পৃথিবীবাসী ; An inhabitant of the earth. *Syn* :—(*a*) Sublunary, mundane, worldly.

Terrible, ter'e-bl, *a.* ভয়ানক ; ভীষণ ; ভয়াবহ ; Extreme awful ; horrible ; dreadful :—আতঙ্কিক । *n*=terribleness (ভীষণতা ; dread, horror). *ad*=terribly (ভয়ঙ্কররূপে ; অত্যন্ত) । *Syn* :—Terrific fearful, frightful, horrible, shocking.

Terrier, ter'i-er, *n.* ক্ষুদ্র কুকুর বিশেষ ; Small dog that pursues animals to their burrow.

Terrific, ter-rif'ik, *a.* ভয়ানক ; ভীষণ , ভয়ঙ্কর ; Terrible ; dreadful.

Terrify, ter'e-fi, *v. t.* ভীত-কৃ ; শঙ্কিত-কৃ ; ভয় প্রদর্শন-কৃ ; To frighten greatly ; to alarm ; to shock with fear. *Syn* :—Dismay, scare, horrify, appal, daunt, intimidate.

Terretorial, *a.* রাজত্ব-সম্বন্ধীয় , Pertaining to a

territory :—রাষ্ট্রীয় ; রাজ্য সম্বন্ধীয় ; Limited to a district. *ad*=territorially.

Territory, ter'e-tor-e, *n.* [L. *territorium*, from *terra*, the earth] রাজ্য ; রাজত্ব ; বিস্তৃত ভূমিখণ্ড ; Domain under sovereignty :—অধিকার ; মুলুক ; The entire of land around or belonging to a city or state ; district ; province.

Terror, ter'ur, *n.* [L. *terror*, from *terrere*, to frighten] ভয় ; ত্রাস ; আশঙ্কা ; Dread ; extreme fear ; alarm ; fright :—ভয়ের কারণ ; ভয়ঙ্কর বস্তু ; Cause of fright. *Syn* :—Consternation, dismay, horror ; intimidation, terrorism.

King of terrors—মৃত্যু ; যম , Death.

Strike terror into—ভীত-কৃ ; Frighten.

The reign of terror—ফরাসী দেশীয় রাজবিপ্লবের যে সময়ে জীব হনন হইয়াছিল এবং প্রবল ব্যক্তিগণের অত্যাচারে যে সময়ে লোকে সশঙ্কিত হইয়াছিল ; The period during the French Revolution when executions were most numerous and the people were kept in the greatest fear by the arbitrary acts of the rulers ; A name used to designate the bloodiest period of the French revolution, from about October 1793 to July 1794. যে অত্যাচারে লোককে সশঙ্কিত করিয়া তোলে ; Dispotism that strikes terror into people.

Terrorism, ter'ur-izm, *n.* ভয়প্রদর্শন ; ভয়ের অবস্থা; A state of terror :—ভয় দ্বারা শাসন ; Government by terror.

Terror-smitten, Terror-struck, Terror-stricken, *a.* ভয়াভিভূত ; শঙ্কাহত ; ভয়বিহ্বল , Overwhelmed with terror.

Terse, ters, *a.* [L. *tersus*, *pp.* of *tergere*, to rub] সুন্দররূপে লিখিত ; Clearly written :—পরিচ্ছন্ন ; Neat :—সংক্ষিপ্ত ; বেশ ছাঁটাছোঁটা ; অল্পপদবিশিষ্ট ; Concise with smoothness or elegance. *n*=terseness (সংক্ষেপ) । *ad*=tersely (সংক্ষেপে) । *Syn* :—Brief, short, compact, succinct, condensed, pithy, sententious.

Tertian, ter'shi-an, *a.* দুই দিন অন্তর , ত্র্যহিক ; Occuring every third day :—*n.* ত্র্যহিক জ্বর , যে জ্বর দুই দিন অন্তর আসে ; A fever or disease with paroxysm every third day.

Tertiary, *a.* তৃতীয় ; তৃতীয় শ্রেণীভুক্ত ; Third ; belonging to the 3rd class. [কাল ।

Tertiary period—স্তন্যপায়ীগণের উৎপত্তির প্রথম

Tessellate, tes'el-āt, *v. t.* চতুষ্কোণাকার-কৃ ; চৌখুপী-কৃ ; খুপরিকাটা ; To form into squares or lay with checkered work. *n*=tessellation (চৌখুপী করণ; চৌখুপী কার্য্য) । *a*=tessellated (চৌখুপী দ্বারা চিত্রবিচিত্র) ।

Test, test, *n.* [F. *tet*, *test*, test, trial] পরখ ; পরীক্ষা ; Trial ; examination :—প্রমাণ ; যদ্দ্বারা পরীক্ষা করা হয় ; Criterion ; standard ; proof :—বিভেদ ; Distinction :—ধাতু পরীক্ষা করিবার পাত্র ; কষ্টিপাথর ; Cupel for trying metal :—ধাতু গলাইয়া পরীক্ষা করিবার পাত্র , মুচি ; A pot in which metals are melted for trial and refinement :—বিশেষ গুণ :—বিচার :—*v. t.* পরীক্ষা-কৃ ; পরখ করিয়া দেখা ; বাজাইয়া লওয়া ; To examine ; to put to proof :—তুলনা-কৃ ; Compare with a standard :—বিশুদ্ধ-কৃ ; শোধন-কৃ ; Refine. *Syn* :—(*n*) Proof, experiment, ordeal.

A crucial test—চূড়ান্ত পরীক্ষা ; যাহা দ্বারা কোন বিষয় নিশ্চয় জানা যায় , A decisive test.

Put to the test—পরীক্ষা-কৃ ; পরীক্ষায় ফেলা ।

Testable, tes'ta-bl, *a.* দানপত্রের দ্বারা দেয় ; ইচ্ছাপত্র দ্বারা প্রদেয় ; Capable of being given by will.

Testaceous, tes-tāshus, *a.* শক্ত খোলাবিশিষ্ট ; দৃঢ় আবরণযুক্ত ; Having a hard shell ; consisting of a hard shell.

Testament, tes'ta-ment, *n.* ইচ্ছাপত্র ; A will ; a written will :—খ্রীষ্টীয় ধর্মগ্রন্থের ভাগ ; বাইবেলের অন্যতর অংশ ; One of the two general division of the bible.

The new testament—বাইবেলের উত্তর ভাগ ।

The old testament—বাইবেলের পূর্ব্ব ভাগ ।

Testamentary, *a.* উইলসম্বন্ধীয় ; ইচ্ছাপত্রসম্বন্ধীয় ; উইল দ্বারা প্রদত্ত ; Belonging to a will ; done by will. [ing made and left a will.

Testate, tes'tāt, *a.* ইচ্ছাপত্র দ্বারা কৃতব্যবস্থ ; Hav-

Testator, tes-tā'tor, *n.* যে ব্যক্তি উইল (ইচ্ছাপত্র) করিয়া মরে ; One who leaves a will. *fem*=testatrix.

Tester, tes'tėr, *n.* বিছানার চন্দ্রাতপ ; Top covering of a bed :—খাটের চাঁদোয়া ; A canopy :—ফরাসীর সাবেক সিকি ; A six pence.

Testicle, tes'ti-kl, **Testes,** *n.* অণ্ডকোষ ; বিচি ; ষাঁড়বিচি , মুষ্ক ; One of the glands that secretes the seminal fluid in males. *a*=testiculate ; testiculated (অণ্ডাকার ; shaped like a testicle).

Testify, tes'te-fi, *v. i.* [L. *testis*, a witness, and *facere* to make] সাক্ষী-হ ; ধর্ম্মতঃ নির্দ্দেশ-কৃ বা বলা ; To bear witness, to make a solemn declaration :—প্রতিবাদ-কৃ ; To protest :—*v. t.* সাক্ষ্য-দে ; To bear witness :—শপথ করিয়া বলা ; To affirm or declare solemnly on oath :—সাক্ষ্য দিয়া প্রমাণ-কৃ ; To attest. *Syn* :—Depose, declare, affirm, depone, witness ; attest.

Testify to—প্রমাণ-কৃ ; Prove.

Testimonial tes-ti-mō'ni-al, *a.* প্রমাণঘটিত ; Containing testimony :—*n.* প্রশংসা-পত্র ; প্রমাণ-পত্র ; A certificate of character.

Testimony, tes'te-mō-ne, *a.* প্রমাণ ; সাক্ষ্য ; A proof by witness ; a solemn affirmation ; evidence given :—কথন বা নির্দ্দেশ ; Declarat on. *Syn* :—Deposition, witness-bearing, attestation, confirmation, corroboration, witness ; proof.

Test-tube, *n.* রাসায়নিক পরীক্ষার নল বিশেষ ।

Testy, tes'te, *a.* খিটখিটে , খেঁকী ; উগ্রপ্রকৃতি , ক্রোধন ; রাগী ; চটা , Fretful ; petulant ; peevish ; easily irritated. *n*=testiness (উগ্রস্বভাব) । *Syn* :—Petulant, querulous, captious, hasty, irritable.

Tetanus, tet'a-nus, *n.* ধনুষ্টঙ্কার ; ব্যাধি বিশেষ ; Spasm of the voluntary muscles :—দাঁতকপাটি ; চোয়ালবদ্ধ ; Lock-jaw. *a*=tetanic.

Tete-a-tete, *n.* বিরলভাবে কথাবার্ত্তা ; রহস্যালাপ ; একত্রে দুই ব্যক্তির কথোপকথন ; Interview ; close conversation :—*ad.* কানে কানে ; মুখোমুখী হইয়া ।

Tether, teth'ėr, *n.* পশুবন্ধন রজ্জু বা শৃঙ্খল ; A rope or chain for tying a beast :—*v. t.* রজ্জু দ্বারা বন্ধন-কৃ , শৃঙ্খল দ্বারা বদ্ধ-কৃ ; To fasten with a tether :—নির্দ্দিষ্ট সীমার মধ্যে সংযত করিয়া রাখা ; To restrain within certain limits. [limit of one's resource.

Be at the end of one's tether—Reach the

Tetra, *pfx.* চারি ; চতুর ।

Tetragon, tet'ra-gon, *n.* চতুষ্কোণাকার ; চতুষ্কোণ

ক্ষেত্র ; A figure having four angles. *a*=tetragonal (চতুষ্কোণ ক্ষেত্র সম্বন্ধীয় ; চারিকোণবিশিষ্ট)।

Tetrahedron, tet-ra-hē'dron, *n.* চারিটী ত্রিভুজ যাহার চতুষ্পার্শ এরূপ ঘনক্ষেত্র; A solid figure enclosed by four triangles. *a*=tetrahedral (চতুষ্পার্শ ; bound by four triangles).

Tetrameter, *n.* (পদ্যে) পদচতুষ্টয়বিশিষ্ট পঙ্‌ক্তি।

Tetrarch, tet'rärk, *n.* প্রদেশ বিশেষের চতুর্থাংশের শাসনকর্ত্তা ; In the ancient Roman empire, the ruler of the fourth part of a province , a subordinate prince.

Tetrarchate, te-trär'āt, *n.* প্রদেশের চতুর্থাংশ ; The fourth part of a province.

Tetrasyllable, tetra-sil-a-bl, *n.* চারি পদবিশিষ্ট শব্দ ; চারি পদাংশের বাক্য ; A word consisting of four syllables. *a*=tetrasyllabic (চারি পদাংশবিশিষ্ট)।

Tetter, *n.* কণ্ডুরোগ ; খোস পেঁচড়া ; A popular name for several cutaneous deseases.

Teuton, *n.* প্রাচীন জাতী বিশেষ।

Teutonic, tū-tonik, *a.* জর্ম্মণদেশের জাতী সম্বন্ধীয় , Germanic ; belonging to Teutons :—*n.* টিউটন ভাষা ; The language of the Teutons. [বিশেষ।

The teutonic language—আর্য্য ভাষার শাখা

Text, tekst, *n.* মূল বচন ; (যাহা অবলম্বন করিয়া টীকা রচিত হয়) ; The original words of an author ; the substance of a book :—বাইবেলের বাক্য বিশেষ ; A passage of scripture. *Syn* :—Body, true version ; subject, theme ; verse, passage, sentence.

Text-book, tekst-book, *n.* ছাত্রদিগের পাঠ্য পুস্তক , A book containing the leading principles of a science :—বিদ্যালয়ের পাঠ্যপুস্তক ; A school-book.

Text-hand, tekst-hand, *n.* বড় অক্ষরে লিখন ; (লিখনে) বড় অক্ষর ; Large hand in writing.

Textile, tekstil, *a.* তন্তুনির্ম্মিত ; বোনা ; বয়নোপযুক্ত ; বয়ন সম্বন্ধীয় ; Weaveable ; capable of being woven ; woven.

Textual, tekstū-al, *a.* মূলবচনসম্বন্ধীয় ; মূলে লিখিত ; মৌলিক ; মূলাশ্রিত ; Pertaining to, or contained in the text ; serving for a text. *ad*=textually (মূলানুসারে ; মূলবচন বিষয়ে)।

Textualist, tekstū-al-ist, *n.* মূল বাক্যানুরাগী ; বাইবেলের মূলবাক্যকথনপটু ব্যক্তি ; One ready in quoting texts or skilled in scripture.

Texture, tekstūr, *n.* বুনান ; বুনন ; নির্ম্মাণ ; সংস্থান ; বস্ত্র বা জাল ; Act of weaving ; a web ; manner of weaving. *Syn* :—Fabric ; structure, make, tissue, constitution. [A silver coin, 3s.

Thaler, *n.* রৌপ্যমুদ্রা বিশেষ ; প্রায় ২।• (নয় সিকা) ,

Thallium, *n.* সীসবৎ ধাতু বিশেষ। [comparison.

Than, than, *conj.* অপেক্ষা ; চেয়ে ; হইতে ; Used in

Thane, thān, *n.* সম্মানসূচক উপাধি ; সম্ভ্রমসূচক পদবী ; A person of rank. [of a thane

Thanedom, *n.* The jurisdiction or property

Thank, thangk, *v. t.* ধন্যবাদ-দে ; কৃতজ্ঞতার প্রকাশ-কৃ ; To express gratitude to for a favour or kindness :—*n.* ধন্যবাদ ; কৃতজ্ঞতা স্বীকার ; Expression of gratitude.

Thank god—ঈশ্বরের কৃপায় ; It is a fortunate circumstance for which one ought to be thankful to God. [sider oneself fortune.

Thank one's stars—ভাগ্যের বলিয়া মনে-কৃ , Con-

Thanks to—জন্যই ; কোন কিছু প্রযুক্ত ; কাহারও কল্যাণে বা অনুগ্রহে ; Owing to ; on that account ; it is a fortunate circumstances for which one ought to be thankful to, or for which one is indebted to.

Thank you—ধন্যবাদ করি।

Thankful, thangkfool, *a.* কৃতজ্ঞ ; Grateful. *n*=thankfulness (কৃতজ্ঞতা) ; *ad*=thankfully (কৃতজ্ঞতাসহকারে)। [হারাম ; Unthankful.

Thankless, thangkless, *a.* কৃতঘ্ন ; অকৃতজ্ঞ ; নেমক-

Thanks-giver, thangksgiv-ėr, *n.* ধন্যবাদকারী ; ধন্যবাদদাতা ; কৃতজ্ঞ ব্যক্তি ; One who gives thanks.

Thanks-giving, thangksgiving, *n.* ধন্যবাদ প্রদান ; কৃতজ্ঞতা-প্রকাশ ; Rendering thanks for favour or mercies :—পূজার দিন ; A day set apart for public prayer :—স্তবাদি ; A public acknowledgment of divine goodness.

Thanks-offering, thangk-of'ėr-ing, *n.* কৃতজ্ঞতাসূচক উপহার ; কৃতজ্ঞতা প্রদর্শনার্থ নৈবেদ্য বা বলী ; An offering made to as an expression of thanks.

Thank-worthy, thangkwur-thi, *a.* ধন্যবাদের উপযুক্ত ; ধন্যবাদার্হ ; Worthy of or deserving thanks.

That, that, *Relative pronoun,* equivalent to *who, which.* যে ; যিনি ; যাহা। *Demons. pro.* referred to before. তাহা তা ; ঐ ; সেই ; উহা ; Not this ; but the other, former ; more distant :—*conj.* যেহেতু ; এই হেতু যে ; এই নিমিত্ত যে ; জন্য ; Because , for ; inorder that.

All that—সেই মত সমস্ত।

In order that—এই উদ্দেশ্যে যে।

In that—কারণ ; এই হেতু যে।

That is to say—অর্থাৎ।

Thatch, thach, *n.* চাল ছাওয়ার খড় ; ছাউনি চাল ; ছাপ্পর ; A covering of straw, rushes &c. ; straw &c. used to cover roof :—*v. t.* খড় দিয়া আচ্ছাদন-কৃ ; ছাওয়া ; To cover with straw, reeds &c.

Thatcher, *n.* ঘরামী ; ঝাড়ুই।

Thatching, thaching, *n.* ছাউনির উপাদান ; খড় প্রভৃতি যাহা আচ্ছাদন , Materials for thatch , the act of covering with thatch.

Thaumaturgy, *n.* ইন্দ্রজাল ; যাদুবিদ্যা ; অদ্ভুত কার্য্য সম্পাদন ; The art of working wonders or miracles.

Thaw, thaw, *v. t.* দ্রব-কৃ ; গলান ; To melt as ice ; to make or become fluid :—*v. i.* দ্রব-হ ; গলিয়া যাওয়া ; To melt :—*n.* গলন ; দ্রবণ ; Melting of snow or ice. *Syn* :—(*v*) Dissolve, liquefy.

The, the, *n.* ঐ , সেই ; এই ; *Definite article,* used to denote a particular person or thing :—*ad.* যে পরিমাণে সেই পরিমাণে ; যত তত।

All the more—সেই জন্য আরও।

Theatre, thē'a-ter, **Theater,** *n.* নাট্যশালা ; রঙ্গালয় , রঙ্গভূমি ; নাচ-ঘর ; Play-house ; an edifice in which dramatic performances are exhibited ; stall :—কার্য্যক্ষেত্র ; রঙ্গভূমি ; Scene of performance :—বক্তৃতা-গৃহ ; Lecture-room. *Syn* :—Arena, scene, field, stage.

Theatric, thē-atrik, **Theatrical,** thē-atrik-al, *a.* নাট্যশালা সম্বন্ধীয় ; রঙ্গালয় সম্বন্ধীয় ; নাটকীয় ; Belonging to theatre ; relating to actors :—Calculated for display :—আড়ম্বরপ্রবর্ণ ; Pompous. *ad*=theatrically. *Syn* :—Dramatic, scenic, his-

trionic; showy, pompous, ceremonious, artificial, unreal, affected.

Theatricals, thē-at'rik-alz, *n. pl.* নাট্য-ক্রীড়া; অভিনয়; নাটকাভিনয়; সখের যাত্রা; Dramatic performances.

Thee, thē, *pron.* objective of *Thou.* তোমাকে; তোকে।

Theft, theft, অপহরণ; চৌর্য্য; চুরি; The act of thieving:—অপহৃত বস্তু; Thing stolen.

Their, thār, *pron. a.* তাদের; তাহাদের; উহাদের; Of or belong to them.

Theirs, thārz, *poss.* of *they.*

Theism, thē'izm, *n.* আস্তিকতা; অদ্বৈতবাদ; একেশ্বরবাদ; Belief in one Almighty God; belief in the existence of God. *a*=theistic (একেশ্বরবাদ সম্বন্ধীয়)।

Theist, thē'ist, *n.* আস্তিক; One who believes in a God.

Theistic, thē-is'tik, **Theistical,** thē-is'tik-al, *a.* আস্তিক বা আস্তিক সম্বন্ধীয়; Belonging to theism; according to the doctrines of theists; believing in theism.

Them, them, *pron. pl.* objective of *they*; তাহাদিগকে।

Theme, thēm, *n.* বিষয়; প্রসঙ্গ; রচনার বা বক্তৃতার বিষয়; A subject on which a person writes or speaks:—তর্কার্থ উপস্থিত বিষয়; A subject proposed for discussion. *Syn*:—Topic, text, thesis; essay, dissertation, composition.

Themis, *n.* ন্যায়দেব; Goddess of justice.

Themselves, them-selvz, *pro. pl.* of Himself, herself and itself. তাহারা আপনাআপনি; তাহারা স্বয়ং।

Then, then, *ad.* তদা; তৎকালে; তখন; At that time:—অবিলম্বে; Immediately:—তৎপরে; পরে; Afterwards:—আর এক সময়ে; পুনরায়; At another time:—অতএব; তজ্জন্য; Therefore:—*conj.* অতঃপর; তাহা হইলে; তবে; এরূপ স্থলে; In that case; in consequence; therefore:—*a.* তৎকালবর্ত্তী, Existing at that time.

Now and then—মধ্যে মধ্যে; যখন তখন।

Since then—তদবধি; তদা প্রভৃতি।

Then and there—তখন এবং তথায়; On the spot and at that time:—সেই ক্ষেত্রেই; তখনই; Forthwith.

Till then—তৎপর্য্যন্ত; যতক্ষণ না সেই সময় আসে।

Thence, thens, *ad.* তথা হইতে; সেই সময় হইতে; সেখান থেকে; তদবধি; তজ্জন্য; From that place or time, for that reason.

Thenceforth, thens'forth, *ad.* সেই সময় হইতে; তৎকাল হইতে; From that time.

Thenceforward, *ad.* তদা প্রভৃতি; সেই সময় হইতে আরম্ভ করিয়া; From that time onward.

Theocracy, the-okra-si, *n.* ঈশ্বর শাসন; ঈশ্বর কর্ত্তৃক রাজ্য শাসন; Government of a state by the immediate direction of God.

Theocratic, Theocratical, *a.* যাজক বা ঈশ্বর কর্ত্তৃক শাসন সম্বন্ধীয়।

Theodicy, *n.* ঈশ্বরের শাসন এবং পূর্ণতা ও আত্মার অমরত্ব প্রতিপাদক শাস্ত্র; A justification of God's dealings with man.

Theodolite, thē-odo-līt, *n.* পরিমাপক যন্ত্র; কোণ মাপিবার যন্ত্র; An instrument for measuring angles.

Theogonist, thē-og'o-nist, *n.* পরমার্থ-বিদ্যা-লেখক; A writer on Theogony.

Theogony, *n.* দেবতাগণের উৎপত্তির কারণ; দেবতাগণের সৃষ্টি-তত্ত্ব; Geneology of Gods.

Theologian, thē-o-lō'ji-an, *n.* ঈশ্বরতত্ত্বের আলোচনাকারী; তত্ত্বোপদেষ্টা; A professor of divinity.

Theologic, Theological, *a.* ধর্ম্মতত্ত্বসম্বন্ধীয়; Pertaining to divinity.

Theologise, thē-olo-jīz, *v. t.* ঈশ্বরতত্ত্ব বিষয়করূপে পরিণত-কৃ; To render theological:—*v. i.* ধর্ম্মতত্ত্ববিদের মত বিচার-কৃ। [বীতি; A theologian.

Theologist, thē-olo-jist, *n.* ধর্ম্মতত্ত্ববিৎ; ধর্ম্মশাস্ত্র-

Theology, thē-olo-ji, *n.* ধর্ম্মতত্ত্ব; পরমার্থ-বিদ্যা; ব্রহ্মবিদ্যা; The science which treats of God and his relation to man:—A branch of heathen. *a*=theologic, theological (পৌরাণিক; ঈশ্বরতত্ত্ব সম্বন্ধীয়)।

Theomachy, *n.* দেবতা বিরুদ্ধে যুদ্ধ; Fighting against the Gods.

Theomancy, *n.* ভবিষ্যৎ কথন; Sooth-saying by answers.

Theomania, *n.* আপনাতে ঈশ্বর বুদ্ধিরূপ ক্ষিপ্ততা।

Theorem, thē'o-rem, *n.* (গণিতে) সম্পাদ্য প্রতিজ্ঞা; যে প্রতিজ্ঞা সপ্রমাণ করিতে হয়; উপপাদ্য; A position to be proved:—তত্ত্ব; বিধি; A speculative truth.

Theoretic, thē-o-ret'ik **Theoretical,** thē-ō-ret'ik-al, *a.* কল্পনাত্মক; ঔপপত্তিক; আনুমানিক; অনুমানমূলক; কাল্পনিক; বাচনিক; Not practical; pertaining to theory; speculative. *ad*=theoretically (কল্পনাপূর্ব্বক)। *Syn*:—Hypothetical, conjectural.

Theorise, thē'o-rīz, *v. i.* কল্পনা-কৃ; মতস্থির-কৃ; বিচার-কৃ; To form a theory; to speculate; to form opinions solely by theories. *n*=theoriser.

Theorist, thē'o-rist, *n.* চিন্তারত লোক; অবিচানপুর্ব্ব কল্পনাপ্রিয় ব্যক্তি; কল্পনাকারী; One given to theory and speculation:—মত-প্রকাশক; বাদী।

Theory, thē'o-re, *n.* কল্পনা; চিন্তা; অনুমান; Speculation (as opposed to practise):—বিজ্ঞান; Science:—মত; Doctrine:—ব্যাখ্যা; বিবৃতি; বিচার; Exposition. *Syn*:—Hypothesis, assumption, conjectu e; plan, system, philosophy; explanation, reason, rationale.

In theory—মত সম্বন্ধে; In one's principles:—তাৎপর্য্য বা যুক্তি ধরিতে গেলে; From a speculative point of view:—ভনিতে, বচনে, নামে (কাজে নহে); In its prin iples.

Theosophist, *n.* ব্রহ্মজ্ঞানবিৎ; One skilled in theosophy.

Theosophy, thē-oso-fi, *n.* ব্রহ্মজ্ঞান; দিব্যজ্ঞান; তত্ত্ববিদ্যা; Divine inspiration or illumination.

Therapeutic, ther-a-pū'tik, **Therapeutical,** *a.* [G. *therapeuo*, to peal] আরোগ্যোপযোগী; রোগোপশম সম্বন্ধীয়, রোগনাশক; পীড়াশান্তিকর; Pertaining to the healing art; curative.

Therapeutics, ther-a-pū'tiks, *n. sing.* রোগ চিকিৎসা-বিদ্যা; ভৈষজ্য-বিজ্ঞান; আরোগ্য-বিজ্ঞান; That part of medicine which respects the treatment and cure of disease.

There, thār, *ad.* তথায়; সেখানে; সেই স্থানে; তত্র; ঐ; সে সম্বন্ধে; সে বিষয়ে; In that place.

Here and there—মধ্যে মধ্যে; এখানে সেখানে।

Thereabouts, Thereabout, thār-a-bowt, *ad.* সেই অঞ্চলে; Near that place:—সেই বিষয় সম্বন্ধে; সেই পরিমাণের কাছাকাছি; কমবেশী; Concerning that matter; near that number, degree or quantity.

There-after, *ad.* তৎপরে; তদনুসারে; After, or according to, that.

There-against, *ad.* বিপরীত; Against or opposite.

There-at, thār-at', *ad.* তজ্জন্য ; তাহাতে ; তথায় ; There against, at that occurrence ; on that account.

Thereby, thār-bī', *ad.* তদ্দ্বারা ; তাহা দ্বারা ; তদ্ধেতু ; By means of that, in consequence of that.

Thereby hangs a tale—A story or an incident is closely connected with that.

Therefore, thėr-fur, *adv.* and *conj.* তজ্জন্য ; সেই কারণে ; অতএব ; For that, for this, for this reason ; consequently. [From that.

Therefrom, thār-from, *ad.* তাহা হইতে ; সেই হইতে,

Therein, thār-in, *ad.* তাহাতে ; সেইস্থানে ; সেই-কালে ; In that ; in that place ; in that time.

Thereinto, *ad.* Into that.

Thereof, thār-of', *ad.* তাহার ; ইহার ; তাহা হইতে, তদ্বিষয়ে ; Of that. [তাহার উপর ; On that.

Thereon, Thereupon, *ad.* তাহাতে, তদুপরি ;

Thereout, *ad.* Out of that.

Thereto, thār-tōō', **Thereunto,** thār-untōō, *ad.* তদভিমুখে ; তাহাতে ; To that.

There-upon, *ad.* তাহাতে, Upon that :—অবিলম্বে, Immediately.

Therewith, Therewithal, *ad.* তৎসহ ; তাহার সহিত, তাহাতে ; তদ্ব্যতীত ; With that, with this.

Thermal, thėr'mal, **Thermic,** *a.* [Gr. *therme*, heat—*thero*, to heat] উত্তাপ সম্বন্ধীয় ; তাপ সম্বন্ধীয়, Pertaining to heat .—গরম, উষ্ণ, Warm

Thermo-dynamics, *n.* [Gr *therme*, heat, and *dynamis*, force] তাপ-বিজ্ঞান. The science which treats of heat as a mechanical.

Thermo-electricity, *n.* তাপের তাড়িত ; Electricity developed by the action of heat.

Thermometer, thėr-mome-tėr, *n* [Gr. *therme*, heat, and *metron*, a measure] *n.* তাপমান-যন্ত্র, An instrument for measuring *heat* or temperature.

Thermometric, Thermometrical, *a.* তাপমান যন্ত্র দ্বারা স্থিরীকৃত ; তাপমানযন্ত্র সম্বন্ধীয়, Pertaining to, or made with, a thermometer. *ad*=thermometrically.

Thermo-pile, thėr'mo-pīl, *n.* তাপমানরূপে ব্যবহৃত তাপের তাড়িত যন্ত্র ; A thermo-electric battery used as therometer.

Thesaurus, the-saw'rus, *n.* কোষ ; জ্ঞান কোষ ; শব্দ কোষ ; বৃহৎ অভিধান কোষ ; A treasury or repository, especially of knowledge ; a lexicon, cyclopaedia ; a dictionary.

These, thēz, *demon. pro. pl.* of *this.* এই সকল।

Thesis, thē'sis, *n.* বিষয়, প্রসঙ্গ, প্রবন্ধ ; Subject for a scholastic exercise ; theme ; to pic .—পূর্বপক্ষ ; তর্কার্থ প্রস্তাবিত বিষয় ; A position advanced for argument. *pl*=theses.

Theurgy, thēur-ji, *n.* ইন্দ্রজাল ; যাদুবিদ্যা ; Magic :—তান্ত্রিক ক্রিয়া। *a*=theurgic, theurgical.

Thew, thū, *n.* মাংসপেশী, শক্তি ; বল, (used chiefly in *pl*) Sinews ; muscle ; strength. [সকল।

They, *per. pron. plu.* of *he, she, it.* তাহারা, সে

They say—লোকে বলে।

Thick, thik, *a.* ঘন, পুরু ; মোটা ; Dense ; not thin :—কর্দ্দমময় ; আবিল ; অপরিষ্কার, Muddy ; misty ; dirty :—নিস্তেজ, Dull :—লোকপূর্ণ ; জনাকীর্ণ, Crowded .—নিবিড় ; Compact :—ঘিঞ্জি ; Closely set ; close :—স্থূল :—অন্তরঙ্গ ; ঘনিষ্ঠ ; সুগঠিত :—যথেষ্ট, প্রচুর ; Abundant :—গভীর ; গাঢ় ; Deep :—নিরেট ; Solid :—অবিরত ; Frequent :—*ad.* ঘন ; ঘনভাবে ; Closely :—সর্বদা ; Frequently :—গভীরতার অনেক দূর পর্য্যন্ত ; To a great depth :—*n.* ঘনাংশ ; ঘনতম অংশ ; গভীর ভাগ ; Thickest part :—ঝোপ ; Thicket. *Syn* :—(*a*) Broad, squat, bulky ; inspissated ; turbid ; misty, foggy ; compact, numerous, dull, slow ; indistinct, inarticulate.

Be thick with—বিশেষ বন্ধুতা থাকা ; বিশেষ ঘনিষ্ঠ বা অন্তরঙ্গভাবে থাকা ; Be on intimate terms with :—পরিপূর্ণ থাকা ; ভরা ; Be filled with.

Come thick upon one—উপর্য্যুপরি আসা ; Come upon one in quick succession.

In the thick of—তুমুল সংগ্রামকালে ; যে সময়ে তুমুল যুদ্ধ চলে ; When a war rages furiously :—(লিখিতে) অত্যন্ত ব্যস্ত ; Deeply engaged in (writing) :—সংগ্রামক্ষেত্রের যে স্থলে তুমুল কাণ্ড চলে ; ভিড়ের মধ্যে, গভীর প্রদেশে ; When a conflict or battle rages furiously. [under all circumstances.

Thick and thin—সকল অবস্থাতেই ; Thorough,

Thick as hail—শিলাবৃষ্টির ন্যায় ঘন ; Following in quick succession.

Thick as three in a bed—Very thick.

Thick with—পরিচিত ; Intimate.

Through thick and thin—কিছু না মানিয়া ; সকল প্রকার বিঘ্ন বা বিপদের মধ্য দিয়া ; সমস্ত প্রতিবন্ধকের ভিতর দিয়া, Through all obstacles.

Thicken, thikn, *v. t.* ঘনীভূত কৃ ; গাঢ়-কৃ ; To make thick ; to make close :—দৃঢ়-কৃ ; To strengthen :—*v. i.* ঘন-হ ; To become thick :—অন্ধকার-হ ; To become obscure :—সজীব-হ ; To grow quick or animated :—জনাকীর্ণ-হ ; To crowd .—চাপিয়া পড়া, To press.

Thicket, thikėt, *n.* বনজঙ্গল ; অটবী, ঝোপ ; A collection of trees or shrubs closely set ; close wood. [স্থূলবুদ্ধি লোক,

Thick head, Thick skull, *n.* নির্বোধ ব্যক্তি,

Thick-headed, thick-heded, *a.* স্থূলবুদ্ধি ; মূর্খ, নির্বোধ, Stupid. [thick

Thickish, *a.* ঈষৎ স্থূল বা নির্বোধ ; Somewhat

Thickly, *ad.* নিবিড়ভাবে, ঘনভাবে ; ঘনরূপে।

Thickness, *n.* ঘনত্ব, গাঢ়তা ; বেধ।

Thick-set, *a.* ঘন-রোপিত ; Closely planted :—খর্ব্ব ও স্থূল, মোটা ; Having a short, thick body :—*n.* ঘন বেড়া।

Thick-skin, *n.* মোটাবুদ্ধি লোক ; অসাড়-গোছের ব্যক্তি।

Thick-skinned, *a.* অসাড়, নিরভিমান।

Thick-skulled, *a.* মূর্খ ; বোকা ; Dull, stupid.

Thief, thēf, *n.* চোর ; অপহারক ; তস্কর ; One who steals, one who unlawfully takes the property of another. *Syn* :—Robber, pilferer, plunderer, pick-pocket. [to practise theft.

Thieve, thēv, *v. i.* অপহরণ-কৃ ; চুরি-কৃ ; To steal ;

Thievery, thēvėr-i, *n.* চৌর্য্য ; চোর-বিদ্যা ; অপহরণ ; চুরী ; The practice of stealing ; theft.

Thieving, *n.* চৌর্য্যবৃত্তি।

Thievish, thēvish, *a.* চৌর্য্যাসক্ত ; চৌর্য্যে রত ; হাতটান ; গোপনে কার্য্যকারী ; Given to stealing :—ধূর্ত ; Sly :—অতর্কিত ; গোপনীয় ; Acting by stealth. *n*=thievishness (চৌর্য্যবৃত্তি) ; *ad*=thievishly (চোরের মত)।

Thigh, thi, *n.* উরুদেশ ; উরু ; The thick fleshy portion of the leg from the knee to the trunk.
To smite hip and thigh—সম্পূর্ণরূপে পরাস্ত-কৃ।
Thigh-bone, *n.* উর্বস্থি।
Thigh-deep—উরু পর্যন্ত ; As high as the hips.
Thimble, thimbl, *n.* অঙ্গুষ্ঠানা ; সেলাইয়ের জন্য আঙ্গুলের টোপর ; Metal cover for the finger used in sewing. [কৌশল।
Thimble-rig, *n.* ক্ষুদ্র পাত্রমধ্যে গুলি লুকাইবার হাতের
Thin, thin, *a.* সরু ; Not thick :—অনিবিড়, অঘন ; Not dense :—বিরল ; Rare :—পাতলা ; Not close : —অপুষ্ট ; Not full or wellgrown :—কৃশ ; সরু ; দুর্বল ; Not fat ; slim ; lean :—সামান্য ; Slight : —ক্ষুদ্র ; Small :—সূক্ষ্ম ; Fine :—*ad.* পাতলা পাতলা ; অনিবিড়রূপে ; Not thickly or closely :—*v. t.* পাতলা-কৃ ; কৃশ-কৃ ; To make thin :—*v. i.* পাতলা-হ ; To become thin. *ad*=thinly, *n*=thinness. *Syn* :—(*a*) Slim, slender, meagre, gaunt ; subtile, dilute ; scanty, sparse ; slight, flimsy ; small, insufficient.
Thin out—Grow thin towards the end.
Thine, thin, *pron.* তোমার ; আপনার ; Belonging to thee ; thy.
Thing, thing, *n.* অচেতন পদার্থ ; বস্তু ; দ্রব্য, সামগ্রী ; জিনিস ; বিষয় ; Material ; matter :—Individual of undetermined gender :—Person in contempt :—ঘটনা ; ব্যাপার ; Event :—অংশ, Part : —*pl.* বস্ত্রাদি আসবাব ; জিনিসপত্র। *Syn* :—Being, substance, body, object ; inanimate substance, lump ; article, commodity ; occurrence ; deed, action ; portion, something.
Think, thingk, *v. i.* বিবেচনা-কৃ ; ভাবা ; বোধ-হ ; মনে-হ ; To consider ; to exercise the mind ; to have ideas :—অভিপ্রায়-কৃ ; মতলব-কৃ ; সঙ্কল্প-কৃ ; To purpose ; to design :—*v. t.* কল্পনা-কৃ ; To imagine ; to entertain an idea of :—বিচার-কৃ, To judge :—বিশ্বাস-কৃ ; প্রত্যয়-কৃ ; বিবেচনা-কৃ ; To believe or consider. *n*=thinker (চিন্তাশীল ব্যক্তি)। *a*=thinkable (কল্পনীয় ; চিন্তনীয়)। *pt* and *pp*= thought. *Syn* :—Cogitate, reflect, ponder, contemplate, deliberate, reason ; conclude, determine ; conceive ; regard, hold, esteem, reckon.
Think about—ধ্যান-কৃ ; Meditate. [sciously.
Think aloud—Utter one's thought uncon-
Think for oneself—নিজের বিষয় নিজে ভাবা ; আপনার বিষয় আপনি ভাবিয়া স্থির-কৃ ; Think about what concerns oneself instead of being guided by the opinions of others. [harshly.
Think hard of—নিষ্ঠুরভাবে বিচার-কৃ ; Judge
Think highly of—উচ্চ দরের বলিয়া বিবেচনা-কৃ ; বহুমূল্য মনে-কৃ।
Think long—সুদীর্ঘ মনে-কৃ ; কোন কিছু পাইবার নিমিত্ত ব্যগ্রভাবে চিন্তা-কৃ।
Think much—গম্ভীরভাবে চিন্তা-কৃ ; Think deeply.
Think much of—সম্মান-কৃ ; Esteem highly :— কাহারও বিশেষ অনুরাগ-কৃ ; Hold in high estimation :—গুরুতর কি বিশেষ কাজের বলিয়া মনে-কৃ ; Attach much importance to.
Think no more—বিস্মৃত-হ ; Forget ; overlook.
Think on—অভিনিবেশপূর্বক চিন্তা-কৃ ; Reflect attentively on.
Think of—ভাবা, Employ the mind in ; consider :—উদ্বিগ্নচিত্ত-হ ; Be anxious about :—মনে-কৃ ; স্মরণ-কৃ ; Call to mind :—মনেও-কৃ ; Entertain the idea of :—মনে মনে কল্পনা-কৃ ; Meditate.
Think scorn—অবজ্ঞা-কৃ ; Disdain.
Think well of—সম্মান-কৃ ; ভাল বলিয়া খাতির-কৃ ; Hold in esteem.
Thinking, *n.* ভাবনা ; চিন্তা ; Meditating.
Thinly, *ad.* পাতলা-ভাবে ; Not closely.
Thinness, *n.* সূক্ষ্মতা ; কৃশতা ; বিরলতা ; Slenderness. *Syn* :—Slimness, fineness ; tenuity, rareness, fluidity ; paucity, sparseness.
Thinnish, *a.* অনতিসূক্ষ্ম ; Somewhat thin.
Thin-skinned, *a.* Having a thin skin :— কোপনস্বভাব ; অভিমানী ; রাগী ; Unduly sensitive ; irritable.
Third, thérd, *a.* তৃতীয়, তেসরা ; সেজো ; Three in order ; the last of three :—*n.* তৃতীয়াংশ ; One of three equal parts. *ad*=thirdly (তৃতীয়তঃ ; তৃতীয় বারে, তৃতীয় দফায় ; In the third).
Third estate, *n.* বিলাতে সাধারণ লোকসকল ; The commons, the Lords temporal and spiritual, being the other state.
Third person—(ব্যাকরণে) প্রথম পুরুষ :—তৃতীয় ব্যক্তি।
Thirst, therst, *n.* পিপাসা ; তৃষ্ণা ; পানেচ্ছা ; Feeling of want of drink ; great desire for drink : —ব্যাকুলতা, লালসা ; লোভ, Eagerness ; eager desire after anything :—*v. i.* তৃষ্ণাতুর-হ ; পিপাসার্ত-হ ; To feel thirst :—ব্যাকুল-হ, ব্যাকুলভাবে লিপ্সু-হ, To desire vehemently. *Syn* :—(*n*) Dryness, drought, parchedness, aridity ; desire, longing, craving.
Parched with thirst—পিপাসায় আকুল।
Slake (or quench) one's thirst—কোন প্রবল ইচ্ছা পরিতৃপ্ত-কৃ ; Gratify one's earnest desire :— পিপাসা শান্তি-কৃ।
Thirst for—প্রবল ইচ্ছা-হ ; Long eagerly for.
Thirsty, therste, *a.* তৃষ্ণাতুর ; পিপাসার্ত, তৃষ্ণার্ত ; পিপাসু ; Suffering from thirst :—শুষ্ক ; নীরস ; Dry ; parched :—লালায়িত, ব্যাকুলভাবে লিপ্সু ; Vehemently desiring :—মদ্য পানে রত, Given to drinking. *n*=thirstiness (তৃষ্ণাতুরত্ব)। *ad*=thirstly (তৃষিতভাবে)। *Syn* :—Moistureless ; longing, craving, eager, greedy. [Ten and three.
Thirteen, thėr'tēn, *a.* and *n.* ত্রয়োদশ ; ১৩ (তের) ;
Thirtheenth, thėr'tenth, *n.* and *a.* ত্রয়োদশের পূরক ; তেরই ; The ordinal of thirteen.
Thirtieth, thir'ti-eth, *a.* ত্রিংশত্তম ; Thirty in order ; the last of thirty :—ত্রিশ ভাগের এক ভাগ ; ত্রিংশাংশ ; A thirtieth part. [times ten.
Thirty, thėr'ti, *n* and *a.* ৩০, ত্রিশ ; ত্রিংশৎ ; Three
Thirty years' war—A series of wars carried on between the Protestant and Roman Catholic leagues in Germany during the first half of the 17th century.
This, this, *dem. pr.* or *adj.* ইহা ; উপস্থিত বিষয় বা বস্তু ; এই ; এ ; Denoting a person or thing near, just mentioned or about to be mentioned. *pl*= these.
This and that—এটা ওটা ; এ ও তা ; Many other things ; many little things of a troublesome character.
This day—অদ্য ; আজি।

This day fortnight—অদ্য হইতে এক পক্ষ ; A fortnight from to-day. [from to-day.
This day week—অদ্য হইতে এক সপ্তাহ ; A week
This night—আজ রাত্রে ।
Thistle, thisl, *n.* লতা বিশেষ ; কাঁটাগাছ বিশেষ ; A prickly plant :—Emblem of Scotland. *a*=thistly (কণ্টক বৃক্ষলতাকীর্ণ ; overgrown with thistles).
Thither, thithér, *a.* সেখানে তথায় ; To that place :—তজ্জন্য , ফলে ; To that end or result :—অপর ; দূরবর্ত্তী ।
Hither and thither—এখানে সেখানে ।
Thitherward, thithér-ward, *ad.* সেদিকে ; সেই দিকে ; Toward that place.
Thole, Thowl, *n.* দণ্ডকীলক ; দাঁড় আটকাইবার গোঁজ ; A pin in the side of a boat to keep the oar in place.
Thong, thong, *n.* চর্ম্ম-বন্ধনী ; তস্‌মা ; চামড়ার সরু ফালি ; A strip of leather , a thin leather strap.
Thorax, thō'raks, *n.* বক্ষঃগহ্বর ; Breast ; the chest ; the portion of the body between the neck and the abdomen. *a*=thoracic (বক্ষঃস্থল সম্বন্ধীয়) ।
Thorn, thorn, *n.* কণ্টকবৃক্ষ ; কাঁটাগাছ , A prickly tree :—কাঁটা , A spine :—যন্ত্রণাদায়ক বস্তু , Anything troublesome. *Syn* :—Spine, prickle ; trouble, plague, torment, annoyance.
Be a thorn in one's side (or in the flesh of)—কাহারও কণ্টক স্বরূপ-হ , Be troublesome to , be a great difficulty or impediment to ; be a source of annoyance to.
Thorn in the side—কষ্টদায়ক বস্তু , Any thing troublesome ; an annoyance ; a vexation. [fruit.
Thorn-apple, *n.* ধুতুরা গাছ বা ফল ; A tree, its
Thorn-back, *n.* মৎস্য বিশেষ ; A fish. [thorn.
Thornless, *a.* অকণ্টক ; কণ্টকশূন্য ; Without
Thorny, thorne, *a.* কণ্টকময় ; কণ্টকবৎ , Prickly ; full of thorns :—ক্লেশদায়ক ; যন্ত্রণাদায়ক ; ক্লেশকর ; Troublesome ; harassing. *Syn* :—Spiny, briery ; pricking, pointed, sharp , vexatious.
Thorough, thur'ō, *a.* সম্পূর্ণ ; পুরা ; Complete ; perfect ; entire. *Syn* :—Spiny, briery ; pricking, pointed, sharp ; vexatious.
Thorough-bred, thur'ō-bred, *a.* সম্পূর্ণরূপে শিক্ষিত ; পূর্ণ শিক্ষিত ; Completely instructed ; thoroughly bred :—সুন্দর , সাহসিক ; নির্দ্দোষ ।
Thoroughfare, thur'ō-fār, *n.* সর্ব্বসাধারণের পথ , সাধারণের গমন পথ ; সরাসর রাস্তা , A passage for going through ; street of much traffic ; a public way. [the whole distance or journey.
Thoroughfare ticket—A fare or ticket for
Thorough-going, thur'ō-gō'ing, *a.* সম্পূর্ণ ; নিতান্ত ; Going all lengths :—পারগামী ; Going to the end. [বিশিষ্ট ।
Thorough-lighted, *a.* কড়ু কড়ু দরজা জানালা
Thoroughly, *ad.* সম্পূর্ণরূপে ; সম্যক্ ; Fully.
Thoroughness, *n.* সম্পূর্ণতা ; নিঃশেষতা ।
Thorough-paced, thur'ō-pāst, *a.* সর্ব্বাংশে পূর্ণ ; সম্পূর্ণ ; কৃতকার্য্য ; Perfectly paced ; thoroughly trained ; complete.
Thorp, *n.* ক্ষুদ্র গ্রাম ; ক্ষুদ্র পল্লী , Small village ; a hamlet. [ঐ সকল ।
Those, thōz, *pron. pl.* of *that.* উহারা ; সে সকল ;
Thou, thow, *pron.* তুমি ; তুই ; আপনি (পদ্যে) ব্যবহৃত ; Of the second person singular :—*v.* তুইতুকারি-কৃ । *pl*=you.
Though, thō, *conj.* যদিও ; যদ্যপি ; যদ্যপিস্যাৎ ; Admitting ; allowing ; even if ; notwithstanding.
As though—যেন ; As if.
Thought, thawt, *n.* [A. S. *thoht*, from *thencan*, to think] মনন , Act of thinking :—চিন্তা ; বিবেচনা ; Consideration ; reflection :—ধ্যান ; Meditation :—অভিপ্রায় ; Intention :—মনোভাব ; মনের ভাব , Idea ; notion :—মত ; অভিমত ; Opinion :—কল্পনা ; Fancy :—বিচার ; Judgment :—উদ্বেগ ; ভাবনা ; Care , solicitude :—সঙ্কল্প ; Design :—চিন্তিত বিষয় ; Thought. *Syn* :—Reflection, contemplation, cogitation ; conception, imagination ; conclusion ; deliberation ; design, purpose, intention.
Thought, *pt.* and *pp.* of *think.*
A thought better—অল্প একটু ভাল ।
With one glance of thought—At the twinkle of thought.
Thoughtful, thawt'fōōl, *a.* চিন্তাশীল ; ভাবুক ; Full of thought ; contemplative :—অভিনিবিষ্ট ; মনোযোগী ; Attentive ; careful :—ভাবিত ; চিন্তাকুল ; উদ্বিগ্ন , Given to thinking ; anxious :—গভীর চিন্তাবর্দ্ধক , Serious thought. *n*=thoughtfulness (চিন্তাশীলতা) । *ad*=thoughtfully (বিবেচনাপূর্ব্বক) । *Syn* :—Contemplative, reflective, meditative, speculative, serious, studious ; mindful, considerate , deliberate, wary, circumspect.
Thoughtless, thawt'les, *a.* অসাবধান ; অসাবধানী ; অনবধান ; Careless , negligent , inattentive :—নিশ্চিন্ত ; চিন্তাশূন্য ; Without thought or care :—নির্ব্বোধ ; মূর্খ ; Stupid ; dull. *n*=thoughtlessness (নির্ব্বুদ্ধিতা) । *ad*=thoughtlessly (মূর্খের মত , নিশ্চিন্তভাবে) । *Syn* :—Heedless, regardless, inattentive, inconsiderate, rash, giddy, trifling.
Thousand, thow'zand, *n* হাজার ; সহস্র সংখ্যা , The number ten hundred, 1000 :—বহুসংখ্যা ; Any great number :—*a.* সহস্র সংখ্যক , সহস্র সংখ্যাসূচক , Consisting of ten thousand ; denoting any great number.
Thousand and one—অসংখ্য ; হাজার হাজার , Innumerable. [thousand.
Thousand-fold, *a* সহস্র গুণ ; Multiplied by a
Thousandth, thow'zandth, *a.* সহস্রতম , এক সহস্রাংশ , The last of a thousand or of any great number :—*a.* সহস্রাংশের একাংশ ; A thousand part.
Thowel, Thowl, *n.* দণ্ড-কীলক ; নৌকার দাঁড় আটকাইবার গোঁজ ; Thole ; a pin in the side of a boat to keep the oars in place.
Thrall, thrawl, *n.* দাস ; ক্রীতদাস ; পরাধীন ব্যক্তি ; Slave ; a bondman :—দাসত্ব ; Thraldom ; servitude :—*v. t.* দাস-কৃ ; দাসত্বে আবদ্ধ-কৃ , To enslave. *Syn* :—Serf, vassal ; bondage, slavery.
Thraldom, Thralldom, thrawl'dum, *n.* পরাধীনতা ; দাসত্ব ; Slavery ; bondage.
Thrash, thrash, *v. t.* ঝাড়া ; (ধান্যাদি) আছড়াইয়া বাহির-কৃ ; ভাজিয়া বাহির-কৃ ; (শস্যাদি) মর্দ্দন করা বা মাড়া ; To beat out grain from :—খুব প্রহার-কৃ ; To beat soundly :—*v. i.* শস্য মর্দ্দন-কৃ । *Syn* :—Thresh ; drub, beat, flog, bruise, maul.

Thrasher, *n.* যে ব্যক্তি মর্দ্দন করে বা যদ্দ্বারা (শস্যাদি) মর্দ্দিত হয় :—হাঙ্গর বিশেষ।

Thrashing, *n.* শস্য মাড়া ; ঝাড়া ; মর্দ্দন ; The act of beating out grain from the straw :—আচ্ছা প্রহার ; উত্তমমধ্যম প্রহার ; A sound beating or drubbing.

Thrashing floor, thrash̄ing-flōr, *n.* খামার ; শস্য ঝাড়িবার স্থান ; A floor on which grain is thrashed.

Thread, thred, *n.* সূত্র ; সূতা ; তন্তু ; A very thin twist of any substance drawn out ; a very small line for twisting ; a filament of any fibrous substance ; a fine line of yearn :—সোণা রূপার তার ; A fine line of gold or silver :—*v. t.* (ছুঁচে) সূতা পরান ; To pass a thread through the eye of (as a needle) :—প্রবেশ-কৃ ; পারাপার-কৃ ; To pass or pierce through, as a narrow way.

Air threads—গ্রীষ্মকালে যে ঊর্ণা বাতাসে উড়িয়া বেড়ায়।

A thread of destiny—যাহার উপর ভাগ্য নির্ভর করে ; That on which destiny depends.

The thread of life—জীবন-সূত্র।

Threadbare, thredbār, *n.* সূত্রমাত্রবিশিষ্ট ; অংশুহীন, জীর্ণ ; Worn to the naked thread ; worn out :—পুরাতন ; পচা ; Hackneyed.

Thread-worn, *n.* সূতার মত ক্রিমি।

Thready, thre'di, *a.* সূত্রময় ; তন্তুময় ; সূত্রবৎ ; সূতার ন্যায় . Like thread ; slender.

Threat, thret, *n.* বিভীষিকা ; ভয়-প্রদর্শন ; ধমকানি ; Menace ; denunciation. *a*=threatful (তর্জ্জনাত্মক)।

Threaten, thret'n, *v. t.* ভয় প্রদর্শন-কৃ . বিভীষিকা প্রদর্শন-কৃ ; তর্জ্জন-কৃ ; To terrify by menaces ; to menace :—*v. i.* আশঙ্কা জন্মান, ভয় দেখান ; To use threats. *Syn* :—Denounce ; portend, presage, forebode ; frighten, terrify ; impend, be imminent.

Threaten (one) with—কোন কিছুর ভয় দেখান ; Hold out to one the fear of (some injury).

To be threatened—তর্জ্জিত-হ।

Threatening, thret'n-ing, *a.* ভয়প্রদর্শক ; ভয়প্রদর্শনকারী ; Menacing ; indicating a menace :—আসন্ন ; আশঙ্কাজনক ; Imminent. *ad*=threateningly.

Threatening letter—যে পত্রে ভয় প্রদর্শন করা হয়।

Three, thre, *a.* and *n.* তিন ; তিনটা ; Two and one.

Three-fold, thrē'fōld, *a.* তিন গুণ ; ত্রিগুণিত ; তিনভাঁজ, Thrice repeated ; consisting of three.

Three-pence, *n.* ইংরাজি রৌপ্যমুদ্রা বিশেষ ; প্রায় তিন আনা।

Three-penny, *a.* তিন আনা মূল্যের ; অকিঞ্চিৎকর।

Three-ply, *a.* (সূত্রাদি সম্বন্ধে) ত্রিগুণ ; তিন ভাঁজবিশিষ্ট ; Having three folds. [ভাগের তিন ভাগ পরিমিত।

Three-quarter, *a.* ৩০×২৫ ইঞ্চি পরিমিত ; চারি

Three-sided, *a.* ত্রিভুজ ; ত্রিপার্শ্বিক।

Three-score, thrē'skōr, *n.* ষাট ; তিনকুড়ি ; Sixty.

Threnody, thren̄o-di, *n.* [Gr. *thenos*, a lament, and *ode*, a song] দুঃখসূচক গান ; বিলাপ-গীতি ; A song of lamentation.

Thresh, *v. t.* মাড়ান ; See *thrash*.

Threshold, thresh̄old, *n.* দ্বারের গোবরাট ; প্রবেশ-পথ ; দ্বার, The door-still ; entrance ; door :—আরম্ভ ; প্রারম্ভ ; The point of entering or beginning. *Syn* :—Beginning, outset.

Threw, thrōō, *pt.* of *throw*.

Thrice, thrīs, *ad.* তিন গুণ ; পুনঃ পুনঃ ; Thrice times ; —অত্যন্ত, Very.

Thrift, thrift, *n.* মিতব্যয় ; ব্যয়াদি-বিষয়ে সাবধানতা ; সঞ্চিত ধন ; Economy ; frugality ; a thriving state ; economical management ; increase of wealth :—উন্নতি ; Success :—বৃদ্ধি ; Growth, as of a plant. *a*=thrifty. *Syn* :—Gain, profit, success ; good husbandry, parsimony, saving.

Thriftless, *a.* অমিতব্যয়ী ; উড়ানিয়া ; Extravagant. *ad*=thriftlessly. *n*=thriftlessness.

Thrifty, thrift'e, *a.* পরিমিতব্যয়ী ; মিতব্যয়ী ; Economical ; frugal :—বৃদ্ধিশীল ; Thriving. *ad*=thriftily (মিতব্যয়পূর্ব্বক) । *n*=thriftiness (মিতব্যয়িতা)।
Syn :—Frugal, sparing, saving, careful, prudent, provident ; prosperous.

Thrill, thril, *v. t.* বিদ্ধ-কৃ, স্ফুরিত-কৃ ; ছিদ্র-কৃ ; To pierce, to bore ;—কম্পান্বিত-কৃ ; হৃদ্‌কম্প বোধ করান ; To affect strongly :—*v. i.* রোমাঞ্চিত-হ ; স্ফুরিত-হ ; শিহরিয়া উঠা ; To cause a tinling shivering sensation to run through the body :—*n.* রোমাঞ্চ ; পুলক ; শুরশুরানি ; A thrilling sensation.

Thrilling, thriling, *a.* লোমহর্ষক ; হৃৎকম্পকারী ; Piercing ; causing to thrill ; feeling a tingling shivering through the system. *ad*=thrillingly, *n*=thrillingness.

Thrive, thriv, *v. i.* [Icel. *thrif*, good success] সমৃদ্ধশালী-হ ; শ্রীযুক্ত-হ ; উন্নতিলাভ-কৃ ; To prosper ; to flourish :—বর্দ্ধিত-হ ; বর্দ্ধিষ্ণু-হ ; বাড়া, উন্নত-হ ; To grow. *pt*=throve, thrived. *pt*=thriven, thrived.
Syn :—Succeed, flourish, increase, advance.

Thriving, *a.* সমৃদ্ধশালী ; Prosperous.

Throat, thrōt, *n.* কণ্ঠ ; টুঁটি, গলদেশ ; The fore-part of the neck ; fauces :—প্রবেশ-পথ ; An entrance. *a*=throaty (গম্ভীর)।

To cut one's own throat—আপনার গলা আপনি কাটা ; নিজের অনিষ্ট নিজেই-কৃ।

Up to the throat—আকণ্ঠ।

Throb, throb, *v. i.* স্পন্দন-কৃ ; কম্পিত-হ ; ধড় ধড়-কৃ ; ধুক্ ধুক্-কৃ ; To beat or palpitate, as the heart :—*n.* স্পন্দন, কম্পন ; ধুক্‌ধুকনি ; ধড়-ধড় ; A beat or strong palpitation.

Throbbing pain, *n.* দপদপানি ; কটকটানি ; A pain which is caused or augmented by the pulsation of arteries.

Throe, thrō, *n.* অতিশয় ক্লেশ ; বেদনা ; দারুণ যন্ত্রণা ; Agony ; extreme pain ; anguish ; pang :—প্রসব-বেদনা, গর্ভযাতনা ; The pains of child birth :—কাষ্ঠ-ভেদক যন্ত্র বিশেষ :—*v. i.* দারুণ যন্ত্রণা ভোগ-কৃ, To be in agony. *Syn* : -(*n*) Pain ; fit, spasm, paroxysm.

In the throes of—কোন কিছুর দরুণ বেগ পাওয়া (গর্ভযন্ত্রণার ন্যায় কষ্টভোগ) ; Undergoing the labour caused by, undergoing the suffering brought on by (used in pain in child-birth).

Throne, thrōn, *n.* রাজ-সিংহাসন ; রাজ-তক্ত ; A chair of a king or prince :—রাজকীয় ক্ষমতা ; রাজশক্তি ; Sovereign power or dignity :—*v. t.* সিংহাসনে প্রতিষ্ঠিত-কৃ ; রাজসিংহাসনে অভিষেক-কৃ ; To place on a royal seat :—উন্নীত-কৃ ; To exalt.

Throng, throng, *n.* ভীড় ; জনতা, লোকের সমাগম ; লোকারণ্য ; A crowd ; a great multitude ; multitude passing against each other :—*v. t.* জনতা-কৃ, ভিড়-কৃ ; To pass as crowd :—পরিপূর্ণ কৃ :—*v. i.*

ভিড়-হ ; একত্রিত-হ ; To crowd together. *Syn* :—(*n*) Concourse, press, host.

Throstle, throśl, *n.* পক্ষিবিশেষ ; The song-thrush.

Throttle, throt'l, *n.* গলনালী ; শ্বাসনলী কণ্ঠ ; The wind-pipe ; larynx :—*v. t.* রুদ্ধশ্বাস-কৃ ; শ্বাসরুদ্ধ-কৃ ; গলা টিপিয়া-দ্ব ; To choke :—*v. i.* শ্বাসরুদ্ধ-হ ; To breathe hard.

Through, throō, *prep.* ভেদ করিয়া ; ফুঁড়িয়া ; একদিক হইতে অন্য দিকে ; বরাবর ভিতর দিয়া ; From end to end of ; from side to side of :—কোন কিছু দ্বারা ; দ্বারা, কর্ত্তৃক ; By means of ; in consequence of :—মধ্যে ; Among :—*a.* আদি হইতে অন্ত পর্য্যন্ত গমনকারী ; সমস্ত পথ বা দূরতার জন্য :—*ad.* এক সীমা হইতে আর এক সীমা পর্য্যন্ত ; এক পার্শ্ব হইতে অপর পার্শ্ব পর্য্যন্ত ; From one end or side to the other :—আগাগোড়া ; প্রথম হইতে শেষ পর্য্যন্ত সমস্ত ; From beginning to the end or purpose to end.

Carry through—নির্ব্বাহ-কৃ ; Accomplish.

Fall through, Drop through—পরিত্যক্ত-হ ; নিষ্ফল-হ ; To be given up as a project or plan ; to be abandoned. [as a scheme.

Go through—সম্পন্ন-কৃ ; Prosecute to the end.

Go through fire and water—অগ্নিতে পুড়িতে বল আর জলেই মগ্ন হইতে বল, সমস্তই করিতে প্রস্তুত-হ ; Undergo all risks ; do anything.

Through all, All through—আগাগোড়া ; পূর্ব্বাপর ; From the beginning to the end of.

Through and through—সম্যক্‌রূপে বিদ্ধ ; এ ফোঁড় ও ফোঁড়, বিশেষ করিয়া, Pierced wholly from one side to the other ; from one end to the other :—আগাগোড়া ; Thoroughly :—তন্ন তন্ন করিয়া Very minutely.

Through fire and water—সমস্ত বিপদের মধ্য দিয়া ; সর্ব্বপ্রকার বিঘ্নের মধ্য দিয়া ; Through many and severe obstacles or danger.

Through good and through evil report—সুখ্যাতি অখ্যাতি কিছুর দিকে ভ্রূক্ষেপ না করিয়া ; লোকে ভালই বলুক আর মন্দই বলুক তাহা গ্রাহ্য না করিয়া ; Without caring much for the good or bad name one gets.

Through life—যাবজ্জীবন।

Through the medium—দ্বারা. By means of.

Through thick and thin—সমস্ত বাধা অতিক্রম-কৃ ; Through whatever may be in the way ; through all obstacles :—বিপদাপদ যাহাই থাকুক না কেন কিছুই না মানিয়া ; Not being hindered by any obstacles or difficulties, whatever may be in the way. [মধ্যে না থামিয়া দূরবর্ত্তী স্থানান্তরে গমন করে।

Through train—যে গাড়ী এক যায়গা হইতে ছাড়িয়া

Throughout, throō-out', *ad.* সর্ব্বত্র ; সর্ব্বাংশে ; সর্ব্বতোভাবে ; সম্পূর্ণরূপে ; In every part ; everywhere ; quite through :—*prep.* সমস্ত ব্যাপিয়া ; In every part of.

Throve, thrōv, *p. t.* of *thrive.*

Throw, thrō, *v. t.* [A. S. *thrawan*, to throw] নিক্ষেপ-কৃ ; ছোড়া ; Cast ; fling in any way :—বলপূর্ব্বক নিক্ষেপ-কৃ ; To hurl :—জড়ান ; To twist ; to wind :—চিৎপাত করিয়া ফেলা ; উল্টাইয়া-দে ; To prostrate in wrestling :—আচ্ছাদিত-কৃ ; পরিধান-কৃ ; To put on carelessly :—অসাবধানতাপূর্ব্বক রাখা ; To lay carelessly or in haste :—দ্রুত প্রেরণ-কৃ, মোচন-কৃ ; ছাড়িয়া ফেলা ; দ্রুত উচ্চারণ কৃ :—*v. i.* বিক্ষিপ্ত-হ ; ক্ষেপণ-কৃ ; To cast or hurl :—অক্ষ নিক্ষেপ-কৃ ; To cast dice :—*n.* ক্ষেপণ ; নিক্ষেপ ; The act of throwing :—পাশা-ক্ষেপণ ; অক্ষ নিক্ষেপ ; A cast of dice :—শরপাতের দূরতা ; যতদূর পর্য্যন্ত কোন দ্রব্য বিক্ষিপ্ত হয় ; The distance to which any thing is thrown :—প্রবল উদ্যম ; A violent effort. *n*—thrower (নিক্ষেপক)। *pt*—threw, *pp*—thrown. *Syn* :—(*v*) Project, propel, send, toss, pitch ; spread, put ; overturn, prostrate.

Throw about—ইতস্ততঃ বিক্ষিপ্ত হওয়া ; To scatter :—চেষ্টা করিয়া দেখা ; হাতড়াইয়া দেখা।

Throw away—অবহেলা করিয়া হারান ; তাচ্ছিল্য করিয়া খোয়ান ; হেলায় হারান ; Lose by neglect or folly : —অগ্রাহ্য-কৃ ; Reject :—বৃথা ব্যয়-কৃ ; অপব্যয়-কৃ ; বৃথা ক্ষেপণ-কৃ ; Waste :—বৃথা বিপদে ফেলা ; Jeopardise for nothing.

Throw back—অস্বীকার-কৃ ; ফেরত-দে ; To refuse ; —অগ্রাহ্য-কৃ ; অপ্রয়োজনীয় বোধে ত্যাগ-কৃ ; Reject :—তীব্র উত্তর-দে ; To retort :—প্রতিক্ষেপ-কৃ ; প্রতিফলিত-কৃ। [as useless.

Throw by—অব্যবহার্য্য বলিয়া রাখিয়া-দে ; Lay aside

Throw cold water on—নিরুৎসাহিত-কৃ ; (কোন বিষয়ে কাহারও) উৎসাহ ভঙ্গ-কৃ ; Discourage ; deter from.

Throw down—উল্টাইয়া-দে ; বিপর্য্যস্ত-কৃ ; নষ্ট-কৃ ; বিনষ্ট-কৃ ; To overturn ; to destroy :—অবনত-কৃ ; To depress.

Throw down the gauntlet—যুদ্ধার্থে আহ্বান-কৃ ; যুদ্ধের জন্য ডাকা, Challenge ; provoke to the combat ; defy.

Throw dust in the eyes—চক্ষে ধূলা-দে ; প্রতারণা-কৃ ; ঠকান ; Impose one, deceive.

Throw dust or mud at—কুৎসা-কৃ।

Throw in—অন্তর্নিহিত-কৃ ; রাখা ; অন্যের নিকট গচ্ছিত রাখা ; Put in ; deposit with others :—প্রদান-কৃ :—বেগে প্রবেশ করান ; To add something to the regular payment.

Throw into—কোন অবস্থায় ফেলা ; কোনরূপ দুরবস্থায় ফেলা ; Cause to fall into (a certain state, generally bad) :—অনুবাদ-কৃ ; Translate into : —কোন আকারে দাঁড় করান ; Put into (a certain) shape :—প্রয়োগ বা নিক্ষেপ-কৃ ; Employ in ; infuse into. [to excel ; to be superior to.

Throw into the shade—শ্রেষ্ঠ-হ ; To surpass ;

Throw (or shed) light upon—বুঝাইয়া-দে ; To explain ; to make more clear.

Throw off—বহিষ্কৃত-কৃ ; Expel :—ছাড়া, পরিত্যাগ-কৃ ; ত্যাগ-কৃ ; Discard, cast aside :—তুলে ফেলা ; Put away :—ঝেড়ে ফেলা ; Shake off :—শিকার করিতে-যা ; Start for a haunt.

Throw off the mask or disguise—ছদ্মবেশ ত্যাগ-কৃ ; Take off that which disguises or conceals :—প্রকৃত অভিপ্রায় গোপন না করিয়া প্রকাশ করিয়া ফেলা ; Make no secret of one's real intentions ; —প্রকাশ-কৃ ; To disclose ; remove whatever disguises or conceals. [কৃ ; Tranquilise.

Throw oil upon the waters—শান্ত-কৃ ; স্থির-

Throw off the scent—প্রতারণা-কৃ ; প্রবঞ্চনা-কৃ ; ঠকান ; To mislead ; to divert from the course of pursuit ; to deceive.

Throw on—(কাহারও) ঘাড়ে চাপান ; Cast on ; impute to ; saddle one with.

Throw one over—মোকদ্দমায় হারাইয়া দেওয়া ; Cast one (in a lawsuit) :—কাহাকে ত্যাগ-কৃ ; Abandon one ; give one up.

Throw (or cast) one over board—সমুদ্রসাৎ-কৃ ; জাহাজ হইতে জলে ফেলিয়া-দে ; Throw one out of the ship :—এক পাশে ঠেলিয়া ফেলা ; ফেলিয়া দেওয়া ; Shelve aside. [সহসা পতিত-হ ; To lie down.

Throw one's self down—শয়ন-কৃ ; শুইয়া পড়া ;

Throw oneself into—মন দিয়া লাগা ; (কোন কাজে) মন চালিয়া দিয়া লাগা ; Enter heartily into.

Throw oneself on, Throw one's self upon—উপায়ান্তরহীন (নাচার) হইয়া কাহারও অনুগ্রহের উপর নির্ভর-কৃ ; আপনাকে অন্যের দয়ার উপর নিক্ষেপ-কৃ ; নিরুপায় হইয়া অন্যের অনুগ্রহের উপর ভর-কৃ ; Resign oneself to the favour, clemency or power of :—শুইয়া পড়া ; Lie down ; repose upon.

Throw open—খুলিয়া রাখা ; উদ্ঘাটিত-কৃ ; দরজার বা পথ খুলে-দে ; To remove obstruction to entrance ; to make free of access ; make accessible ; open.

Throw out—অগ্রাহ্য-কৃ ; পাস্ না-কৃ ; Reject :—নির্গত-কৃ ; নিঃসারিত-কৃ ; To eject :—বহিষ্কৃত-কৃ ; To expel :—প্রস্তাব-কৃ ; ব্যক্ত বা উল্লেখ-কৃ ; প্রকাশ-কৃ ; Propose ; put forth ; mention :—বলা ; To speak.

Throw out a gear—এলোমেলো করিয়া-দে ; গোলমাল করিয়া-দে ; Throw into disorder. [a hint.

Throw out a hint—ইঙ্গিতে বলা ; ইসারা-কৃ ; Give

Throw out a limit, suggestion or conjecture—ইঙ্গিতে বলা বা আন্দাজ করিয়া বলা ; Offer a hint, suggestion or conjecture.

Throw out feelers—শুঁয়া বাহির করিয়া ভাবগতিক বুঝা, অপরের মত জানিবার জন্য কোন কিছু বলা বা করা ; কোন বিষয়ে অন্যের মনের ভাব বুঝিবার নিমিত্ত গুপ্তভাবে কোন প্রস্তাব করিয়া পাঠান ; নাড়িয়া চাড়িয়া দেখা ; To say or do something inorder to ascertain the views of others ; put forth proposals or plans in a convert way with a view to sound the opinions of others in regard to some contemplated measure.

Throw over—পরিত্যাগ-কৃ ; ছাড়িয়া-দে ; ত্যাগ-কৃ ; Abandon. [ject ; dismiss ; to discard.

Throw overboard—জবাব-দে, পরিত্যাগ-কৃ ; Re-

Throw stones—অপরের দোষ ধরা।

Throw the great cast—সর্ব্বস্ব পণ করিয়া কোনও কাজে লাগা। [প্রস্তাব-কৃ।

Throw the handkerchief—পত্নীত্বে গ্রহণ করিবার

Throw to the dogs—অকর্ম্মণ্যবোধে ফেলিয়া-দে।

Throw up the sponge—বিবাদ ত্যাগ-কৃ ; ঝগড়া পরিত্যাগ-কৃ ; Abandon the struggle ; submit.

Throw up—কর্ম্মত্যাগ-কৃ ; কর্ম্ম ইস্তফা-কৃ ; ছাড়িয়া-দে ; Resign :—উদ্গীর্ণ-কৃ ; বমন-কৃ ; বমি-কৃ ; Vomit :—অকস্মাৎ কোন দায় উপস্থিত হইলে তাড়াতাড়ি করিয়া কিছু নির্ম্মাণ-কৃ ; সত্বর নির্ম্মাণ-কৃ ; Hastily erect for a temporary purpose.

Be thrown away on—নিষ্ফল-হ ; বৃথা হইয়া-যা ; কাহারও প্রতি বৃথা প্রযুক্ত-হ ; Be of no avail to ; fail to produce any effect on ; make no impression on. [কৃ ; Have to depend on.

Be thrown on—কাহার বা কোন কিছুর উপর নির্ভর-

Be thrown on one's own resources—নিজের উপর নির্ভর করিতে বাধ্য-হ ; স্বকীয় সম্বলের উপর নির্ভর করিয়া চলিতে বাধ্য-হ, নিজে যেমন পারে তেমনই করিতে বাধ্য হ ; Be obliged to shift for oneself ; be obliged to make the best of the means at one's disposal.

Be thrown together, Be thrown in the society of—একত্র হইতে পাওয়া ; Have an opportunity of mixing with each other.

Thrown on one's beam ends—শেষ উপায় অবলম্বন করিতে বাধ্য-হ ; To be driven to one's last shift.

Thrum, thrum, *n.* সুত্রাগ্র ; তাঁতিদের সুতার দশী ; কাপড়ের ঝুঁপি ; The end of weaver's thread :—মোটা সুতা ; Coarse yearn :—বস্ত্রের আলুলায়িত অংশ :—*v. i.* বুনা ; To weave ; to knit ; to fringe :—এক ঘেয়ে ধরণে বাজান ; To play rudely or monotonously on an instrument. *a*—thrummy.

Thrummy, *a.* সুতার দশী দ্বারা নির্ম্মিত বা তদ্বৎ ; Made of, or like, thrums.

Thrush, thrush, *n.* পক্ষিবিশেষ ; A small singing-bird :—ঘোটকের পাদশোথ ; An inflammatory and suppurating affection in the feet of horse :—মুখের ঘা ; Small ulcers on the mouth.

Thrust, thrust, *v. t.* [Icel. *thrista*, to force] বলপূর্ব্বক তাড়িত-কৃ ; সজোরে ধাক্কা-দে ; ঠেলা-দে ; চাকা ; গাদা ; To push or drive with force :—*v. i.* সূক্ষ্মাগ্র অস্ত্র দ্বারা আক্রমণ-কৃ ; To attack with a pointed weapon :—ধাক্কা-দে ; To make a push :—ঠেলিয়া ঢোকা ; চাপ দ্বারা প্রবিষ্ট-হ ; To squeeze in :—অনধিকারে প্রবেশ-কৃ ; অনাহূত-যা ; Intrude :—*n.* জোরে ধাক্কা ; A violent push :—খোঁচা ; আঘাত ; A stab :—আক্রমণ ; An assault.

A home thrust, *n.* মর্ম্মে আঘাত ; আঁতে ঘা ; মরমে আঘাত ; An effective blow ; an expression which wounds one in a vital part :—An unexpected rebuke administered to a person, drawn from his own statements, arguments or conduct.

Thrust aside—এক ধারে রাখা ; Put violently aside.

Thrust at—খুঁচিয়া মারিতে চেষ্টা-কৃ ; Try to stab.

Thrust away—প্রত্যাখ্যান-কৃ ; ঠেলিয়া ফেলা ; Reject.

Thrust in—প্রবিষ্ট-কৃ ; ঢোকান ; Divide in.

Thrust into—গোঁজা ; Put into :—গুঁজে দেওয়া ; নিক্ষিপ্ত কৃ ; Throw into :—বসিয়ে-দে ; Plunge into.

Thrust off—ধাক্কা দিয়া বাহির-কৃ ; Push away.

Thrust on—উত্তেজিত-কৃ ; Impel :—ঘাড়ে ফেলিয়া-দে ; Force upon ; offer without solicitation.

Thrust one's self to—বিনা আহ্বানে প্রবেশ-কৃ ; জোরে ভিতরে গিয়া প্রবেশ-কৃ ; To obtrude ; to enter where one is not invited or not welcome.

Thrust out—বলপূর্ব্বক বহিষ্কৃত-কৃ ; উৎক্ষিপ্ত-কৃ ; নিষ্কাশ-কৃ ; Expel violently.

Thrust one's nose into—অকারণ হস্তক্ষেপ-কৃ ; অনর্থক হাত-দে ; To intermeddle ; to interfere in a meddlesome manner. [stab.

Thrust through—বিদ্ধ-কৃ ; খুঁচিয়া মারা ; Pierce ;

Thrust together—একত্রে জমাট-কৃ।

Thud, *n.* ধুপধাপ শব্দ ; 'ধপ্' করিয়া পতন শব্দ।

Thug, *n.* রাহাজান ; পান্থ-হন্তা ; ঠগ ; One of a class of professional robbers and assassins.

Thuggee, *n.* পান্থহত্যা ; ঠগী-দৌরাত্ম্য ; The practice of the thugs.

Thule, *n.* পৃথিবীর প্রান্তভাগ।

Ultimate thule—পৃথিবীর শেষ পর্য্যন্ত ; যাহার পরে আর মানুষের বাস নাই ; The end of the world.

Thumb, thum, *n.* বৃদ্ধাঙ্গুষ্ঠ ; বুড়ো আঙ্গুল : The short thick finger, opposite to the other fingers :—এক ইঞ্চি ; An inch :—*v. t.* আনাড়ির ন্যায় হাত-দে ; হাত লাগাইয়া খোঁজরা বা মলিন-কৃ , বুড়ো আঙ্গুলের দাগ লাগান . To handle awkwardly ; to soil with the thumb or fingers :—বুড়ো আঙ্গুল টিপিয়া-ধৃ :—*v. i.* অঙ্গুলি দ্বারা স্পর্শ-কৃ ; To finger.

By rule of thumb—অশিক্ষিত ভাবে ; In a rude, unskilful manner . not by education or imparted skill :—মোটামুটি হিসাবে ; স্থূল গণনায় ।

Under the thumb at—অবজ্ঞা প্রদর্শন-কৃ ।

Thumbless, *a.* অঙ্গুষ্ঠহীন ।

Thumb-mark—বুড়ো আঙ্গুলের টিপ বা দাগ ।

Thumb-screw, thumb-kms, *n.* ক্লেশ দিবার যন্ত্র ; অপরাধ স্বীকার করাইবার জন্য অঙ্গুষ্ঠ-পর্ব্ব পেষণকারী যন্ত্র বিশেষ ; An old instrument of torture for compressing or squeezing the thumbs, much used in Scotland, during the tyrannical times of the 17th century.

Thump, thump, *n.* ভারী বস্তুর আঘাতের শব্দ ; অকস্মাৎ ভারী বস্তুর পতনের শব্দ , ধাপ্পড় ; ঠোকর ; The sound made by the sudden fall of a heavy body ; a heavy blow :—*v. t.* কিল মারা ; ভারী বস্তু দ্বারা আঘাত-কৃ ; থাবড়া মারা . ঠোকা : To beat with something heavy —*v. i.* সশব্দে পতিত-হ ; গুরু আঘাতসহকারে পতিত-হ ; To strike or fall with a heavy blow.

Thunder, thunder, *n.* মেঘ-গর্জ্জন , বজ্রধ্বনি , বজ্রের শব্দ ; The deep sound following a flash of lightning ; noise made after an explosion of lightning :—ভীমনাদ , উচ্চ শব্দ ; উচ্চ নিনাদ . Any loud noise :—অভিসম্পাত ; ভীতি প্রদর্শন বাক্য ; An alarming denunciation :—*v. i.* বজ্রধ্বনি-কৃ ; বজ্রের মত শব্দ-হ ; To make thunder , to sound as thunder :—*v. t.* বজ্রের ধ্বনিতে নির্ঘোষিত-কৃ ; উচ্চ ধ্বনিতে প্রকাশ-কৃ ; To emit with noise :—অভিসম্পাত প্রকাশ-কৃ ; ভীতি প্রদর্শন বাক্য উচ্চারণ-কৃ ; To publish a denuciation. *n*=thunderer, *a*=thundery, thunderous.

God of thunder—ইন্দ্র ।

Thunder-bolt, thunder-bolt, *n* অশনি , বাজ , কুলিশ ; বজ্র ; A shaft of lightning :—অভিসম্পাত , Eclesiastical denuciation :—বজ্রতুল্য ভয়ঙ্কর বস্তু :—নির্ভীক বীর ; A daring or irresistible hero

Thunder-clap, *n.* বজ্রধ্বনি , বজ্র নির্ঘোষ ; বজ্রাঘাত , Explosion of thunder.

Thunder-cloud, *n.* তড়িৎপূর্ণ মেঘ ; A dark cloud, which produces lightning and thunder.

Thunderer, *n.* বজ্রপাতক ; বজ্রধ্বনি-কারক ; Jupiter :—Times Newspapers.

Thundering, *a.* বজ্রবিরাবী ।

Thunder-proof—Safe against thunder.

Thunde-rshower—Sudden and heavy rain during thunder. [with thunder.

Thunder-storm—বজ্রাঘাত সহিত ঝড়বৃষ্টি ; A storm

Thunder-struck, thunder-struk, *a.* বজ্রাহত ; Struck by lightning :—বিস্ময়াপন্ন ; চমৎকৃত , বিস্মিত , অবাকৃত ; Struck dumb by something startling and surprising ; astonished ; struck dumb.

Thurible, *n* ধূনাচী ; ধূপদান ; A censer of metal for burning frankincense. [ries the thurible.

Thurifer, *n.* ধূনাচীবাহক , The server who car-

Thursday, thurzda, *n.* সপ্তাহের পঞ্চমবার ; বৃহস্পতিবার ; The fifth day of the week.

Thus, thus, *ad.* এইরূপে ; এমতে ; এই প্রকারে ; In this manner ; to this degree ; so.

It is one self that one is thus and thus—সুখদুঃখাদি সমস্তই নিজের মানসিক প্রকৃতির উপর নির্ভর করে ; One's success or failure, one's happiness or misery depends entirely on one's own strength of character or will.

Thus far—এতাবৎ ; এতদূর পর্য্যন্ত ।

Thwack, thwak, *v. t.* [A. S. *thaccian*, to touch gently] প্রহার-কৃ ; ঠোকা ; পেটা , মারা . To beat ; to thrash :—*n.* আঘাত , ঠোকন ; পেটন , A smart blow with something blunt and heavy ; a heavy blow. *Syn* :—(*v*) Bang, thrash, thump, belabour, strike.

Thwart, thwawrt, *v. t.* প্রতিবন্ধক-দে ; বাধা দে ; ব্যাঘাত-কৃ ; To defeat ; to oppose ; to cross , to hinder by an obstacle :—*n.* দাঁড়িদিগের বসিবার আসন ; Rower's seat .—*a* আড়াআড়ি ; Being crosswise , transverse :—*ad.* অনুপ্রস্থে ; আড়ে ; Athwart. *Syn* :—(*v*) Traverse, cross ; oppose, contravene, frustrate, defeat.

Thy, thi, *pro. a.* মহাশয়ের , তোমার ; Of or belonging to thee *pl*=your. [plant. *a*=thymy.

Thyme, tim, *n.* সুগন্ধি লতা বিশেষ ; An aromatic

Thymy, timi, *a.* সুরভি , Fragrant .—টাইম্ উদ্ভিদ বহুল ; Abounding with thyme.

Thyself, thi-self', *n. pro thou* or *thee* in person. তুমি স্বয়ং , তুমি আপনি বা নিজে ; Used for emphasis.

Tiara, ti-ara, *n.* টোপর , টুপি , A head-dress — মুকুট . কিরীট ; তাজ , Diadem :—পোপের কিরীট ; The Pope's triple crown. *a* = tiared.

Tibia, tibi-a, *n.* জঙ্ঘার অস্থি বিশেষ , পায়ের বৃহৎ অস্থি , Larger of the two bones of the lower leg , the shin bone .—বেণু বিশেষ ; বাঁশী । *a*=tibial (জঙ্ঘাস্থি সম্বন্ধীয় ; বাঁশী সম্বন্ধীয়) ।

Tic, *n.* পেশী-স্পন্দ , পেশীদিগের আক্ষেপ , A convulsive motion of certain muscles, especially of the face.

Tic-douloureux, tik-doo-loo-roo, *n.* আস্যস্পন্দন ; মুখের পক্ষব্যাধি ; স্নায়ু রোগ ; Neuralgia in the face.

Tick, *n.* টিক টিক্ শব্দ , টক টক শব্দ , ঘড়ির টুক টুক্ শব্দ , Tickling :—চিহ্ন :—কীট ; কুকুরাদির গায়ের মাছি ; An insect :—গদির খোল · তোষকের খোল ; Bed cover :—বাজার সম্ভ্রম ; ধার , কর্জ্জ , Credit ; trust :—*v. i.* ঘড়ির মত শব্দ-কৃ ; টিক্ টিক্ শব্দ-কৃ , আস্তে আঘাত-কৃ , To beat as watch :—*v. t.* চিহ্নিত-কৃ , কাঁরে-দে , To mark.

Buy on tick—ধারে কেনা ।

Tick off—(কাঁরে) দাগ দেওয়া ; একে একে পরীক্ষা-কৃ ।

To tick a thing off—কলম দিয়া দাগ-কৃ ; To mark an item with the touch of a pen.

To take a thing on tick—To have it jotted down or marked on the score instead of paying.

Ticken, Ticking, *n.* খোলের মোটা কাপড় বিশেষ ; Cloth for head-ticks.

Ticket, tiket, *n.* টিকিট , নিদর্শনপত্র ; ক্ষুদ্র কাগজখণ্ড ; Marked card ; a token of any right or debt :— *v. t.* টিকিট-দে , বিপুল লাগান . To mark by a thicket.

Monthly ticket—এক মাসের টিকিট ।

Ticket-of-leave—কয়েদীকে প্রদত্ত স্বেচ্ছাক্রমে ভ্রমণ করিবার অনুমতি-পত্র ; দণ্ডাধীন অপরাধীর সচ্চরিত্রতার জন্য মুক্তিপত্র ; A license to be at large, granted to a convict for good conduct.

What is the thicket—কি করা যায় ?

Tickle, tikl, *v. t.* সুড়সুড়ি-দে ; কুতুকুতু-দে ; কাতুকুতু-দে ; To cause to laugh from slight touching :—তোষামোদ-কৃ ; সন্তুষ্ট-কৃ ; To please by slight gratification :—*v. i.* সুড় সুড় শব্দ অনুভব-কৃ ; সুড়সুড়ি বোধ-কৃ ; To have a creeping tingling sensation. *Syn* :—Titillate ; please, amuse, gratify.

Tickle-brain, *n.* খেলনা ; Toy that please :—চঞ্চল লোক ; One who is fickle.

Tickle death—হাঁসিয়ে মারা।

Ticklish, tiklish, *a.* যে ব্যক্তির সহজে কুত কুত বোধ হয় ; যাহাতে সহজে কাতুকুতু লাগে, Easily tickled ; easily affected ; difficult to be touched :—অনির্দ্দিষ্ট, অনিশ্চিত ; Uncertain ; tottering :—কঠিন ; শক্ত, Difficult. *Syn* :—Unsteady ; difficult ; nice, critical.

Tick-tack, *n.* টক্ টক শব্দ।

Tidal, tidal, *a.* জোয়ার ভাটা সম্বন্ধীয় ; জোয়ার-ভাটা বিশিষ্ট ; Belonging to tides ; pertaining to tides.

A tidal river—যে নদীতে জোয়ার ভাটা খেলে।

Tidbit, Titbit, *n.* খাদ্যদ্রব্যের কোমলাংশ।

Tide, tid *n.* জোয়ার ভাটা ; বেলা ; The regular flux and reflux of the sea ; rising and falling of the sea :—সময়, Time ; season :—গতি, Course :—প্রবাহ ; স্রোত, Stream ; current :—*v. i.* জোয়ার ভাটা চলা ; ভাটায় চালিত কৃ ; To work in or out with the tide of a river, to pour a tide or flood :—*v. t.* প্রবাহের সহিত তাড়িত-কৃ ; To drive with the stream. *Syn* —(*n*) Flow, ebb.

Tide over—বিপদ অতিক্রম-কৃ ; Surmount difficulties :—বিপদ কাটাইয়া-দে ; বিপদ কাটাইয়া উঠা ; Pass a critical period.

Take the tide at the flood—কোন সুবিধা বা সুযোগ পাইয়া লাভ-কৃ ; Take advantage of an opportunity when it occurs.

Work double tides—দিনরাত্র উভয় সময়েই চল ; ছয় দিনের কাজ চার দিনে-কৃ।

Tide-gauge, *n.* বেলামান যন্ত্র ; জোয়ার ভাটা পরিমাণ নির্ণয়ের যন্ত্র ; An instrument for registering the state of tide continuously.

Tideless, *a.* জোয়ার-ভাটা হীন ; Having no tide.

Tide-mill, tid-mil, *n.* জোয়ার ভাটায় চালিত যন্ত্র ; A mill moved by tide water or for clearing out tide water. [ship.

Tidesman—Custom house officer posted aboard

Tide-table, *n.* জোয়ার ভাটার নির্ঘণ্ট-পত্র।

Tide-waiter, tid-watér, *n.* শুল্ক সংগ্রাহক কর্ম্মচারী বিশেষ ; Custom officer to watch the landing of goods ; an officer who watches the arrival of vessels, to secure the payment of duties.

Tide-way, tidwā, *n.* জোয়ারের জল প্রবেশ করিবার খাল ; The channel in which the tide sets.

Tidings, tidingz, *n. pl.* [A. S. *tidan*, to happen] সংবাদ, খবর ; সমাচার, বার্ত্তা ; News ; intelligence. *Syn* :—Information, word.

Bad tidings—কুসমাচার।

Good tidings—সুসমাচার।

Tidy, tide, *a.* পরিপাটি ; সুসজ্জিত ; Neat ; in good order :—*n.* চৌকির গেলাপ ; চৌকির ঘেরাটোপ ; A cover for chairs &c. :—*v. t.* পরিপাটি-কৃ ; পরিচ্ছন্ন-কৃ ; To make neat. *n*=tideness (পারিপাট্য ; সুবন্দোবস্ত) ; *ad*=tidily (সুচারুরূপে)।

Tie, ti, *v. t.* বন্ধন-কৃ ; বাঁধা ; To fasten with a cord ; to bind :—যুক্ত-কৃ ; সংযুক্ত-কৃ ; To unite ; to constrain :—বাধিত-কৃ ; বাধ্য-কৃ ; আটক-কৃ ; To oblige :—*v. i.* সমফল-হ :—*n.* বন্ধন ; বন্ধনী ; গ্রন্থি ; A knot ; a bond :—সমসংখ্যা ; An equality in numbers, as of votes. *Syn* :—(*v*) Secure, attach ; knit, interlace, knot ; join, connect, link.

Result (or end) in a tie—নির্ব্বাচনকালে প্রতিযোগিগণের প্রাপ্ত সম্মতি সংখ্যা সমান হওয়া।

Ride and tie—অশ্বের সহিত পর্য্যায়ক্রমে পরিশ্রম ও বিশ্রাম-কৃ।

Tie down—এমন করিয়া বাঁধা যে উঠিতে না পারে ; বাঁধিয়া রাখা ; উঠিতে না দেওয়া ; Fasten to prevent from rising.

Tie the hands—হাত বাঁধা ; To lay under restraint.

Tie the nuptial knot—বিবাহ-দে ; Join in marriage.

Tie up—আবদ্ধ-কৃ ; বদ্ধ-কৃ ; Fasten :—দমন-কৃ ; Restrain ; confine.

Be tied to one's upon strings—আঁচল ধরিয়া বেড়ান, স্ত্রীলোকের বশীভূত হইয়া চলা ; স্ত্রৈণ-হ ; Be constantly in the company of (women); be subject to the control of (a lady).

Tongue-tied, *a.* মনের কথা খুলিয়া বলিতে অপারগ ; Unable to speak freely.

Tier, tér, *n.* সারি ; শ্রেণী ; A row :—জাহাজের শ্রেণী ; Row of ships in a harbour :—বন্ধনকারী ; বন্ধনী :—বালকের জামা।

Tierce, tērs, *n.* পিপা ; A cask containing one third of a pipie, *i. e.* 42 gallons :—তাসের বিন্তি ; A sequence of three cards of the same suit :—অসি-ক্রীড়াযুদ্ধে খোঁচা, A thrust in fencing.

Tierce-major, *n.* টেক্কাবড় বিন্তি।

Tie-rod, *n.* টানা শিক।

Tiff, *n.* সামান্য ক্রোধ ; রাগ ; ঝগড়া ; Slight anger :—সুরার অল্পমাত্রা ; এক চুমুক মদ ; সুরা ; মদ্য ; Small draught of liquor :—*v. t.* ঝগড়া-কৃ ; রাগান্বিত-কৃ।

Tiffin, tif'in, *n.* জল-খাবার ; মধ্যাহ্নের জলপান ; Luncheon ; a lunch between breakfast and dinner.

Tiger, ti'gér, *n.* ব্যাঘ্র ; বাঘ ; A fierce and rapacious animal of the cat kind :—রাক্ষস ; Bloodthirsty monster. *fem*=tigress.

Royal tiger, *n.* কেঁদো বাঘ।

Tiger cub, *n.* ব্যাঘ্র-শাবক ; বাঘের ছানা।

Tigerish, Tigrish, *a.* ব্যাঘ্রবৎ ; নিষ্ঠুর ; ভয়ানক ; Like tiger in disposition.

Tight, tit, *a.* টানটান, কসা ; আঁটা ; আঁটাল ; Close ; firmly held together, compact :—অশিথিল ; শক্ত ; Not slack ; not loose :—কৃপণ ; Saving :—অচ্ছিদ্র ; পরিপাটী। *Syn* :—Fast ; stretched, tense ; not leaky.

Tighten, tit'n, *v. t.* কসা ; আঁটা ; কসিয়া টানা ; To make tight ; straiten.

Thightly, *ad.* শক্তরূপে ; কসাকসি ভাবে ; আঁটালরূপে ; Closely.

Tightness, *n.* আঁটাআঁটি ; কসাকসি ; Closeness.

Tike, *n.* কুকুর ; A dog :—পাড়াগাঁয়ে লোক ; A rustic.

Tilbury, *n.* শকট বিশেষ ; A kind of gig.

Tile, *n.* টালি ; খোলা ; খাপরা ; A plate of baked clay used for covering roofs, floors &c. :—*v. t.*

• টালি দ্বারা আচ্ছাদিত-কৃ ; To cover with tiles. *n*—tiler.

Tilery, tilér-i, *n.* টালি নির্ম্মাণশালা ; টালি প্রস্তুত করিবার কারখানা ; টালি খোলা ; A place where tiles are made.

Tiling, tiling, *n.* সর্ব্বপ্রকার টালি ; Tiles in general.

Till, til, *prep.* পর্য্যন্ত ; যাবৎ ; যে পর্য্যন্ত না ; To the time of :—*ad.* পর্য্যন্ত ; যদবধি না ; To the time when ; to the degree that :—*n.* দোকানের টাকা রাখিবার বাক্স ; বাক্সের খোপ ; A money box in a shop :—*v. t.* কর্ষণ-কৃ ; লাঙ্গল-দে ; চসা ; To cultivate ; to plough and prepare for seed.

Till now—অদ্যাবধি ; এ যাবৎ ; To the present time.

Till then—সে পর্য্যন্ত ; তৎকাল পর্য্যন্ত ; To that time.

Tillable, *a.* কৃষিযোগ্য ; Arable , cultivable.

Tillage, tilaj, *n.* চাস ; কৃষিকার্য্য ; কর্ষণ ; Husbandry ; act of tilling :—কর্ষিত ভূমি ; A place tilled. *Syn* :—Cultivation, culture, farming ; agriculture.

Tiller, *n* চাষা ; কৃষক ; Husbandman :—শস্যাদি ছেদন করিলে গোড়া হইতে পুনরায় যে কেঁকড়ি নির্গত হয় তাহা :—নৌকাদির কর্ণলগ্ন দণ্ড ; হালের বাঁট , The handle or bar by which a rudder is moved.

Tiller-rope, *n.* হাইল-কাঠি বাঁধিবার টানা দড়ী ।

Tilt, tilt, *n.* গাড়ীর আবরণ বস্ত্র ; The canvas covering of a cart or wagon :—তাম্বু ; তাঁবু ; Tent :—চাঁদোয়া ; আবরণ ; Awning :—ক্রীড়াযুদ্ধ বিশেষ ; অশ্বারোহীর মল্লযুদ্ধ ; Tournament :—খোঁচা ; আঘাত ; Thrust :—কাইৎ ; ঝোঁক ; Inclination forward :—*v. i.* একদিকে ঝুঁকা ; আনত-হ ; To fall on the side ; to lean :—আক্রমণার্থভল্লাদি লইয়া ধাবিত-হ , বড়সা লইয়া যুদ্ধ-কৃ ; To thrust or fight with a lance :—*v. t.* আতপ নিবারণ বস্ত্র দ্বারা আবৃত-কৃ ; To cover with an awning :—বড়সা নিক্ষেপ-কৃ ; বড়সা ছোড়া ; To point or thrust as a lance :—হেলান ; কাইৎ-কৃ ; একধার ধরিয়া উচ্চ-কৃ ; To slant , to incline.; to raise one end of :—হাতুড়ি দিয়া পিটা , To forge with a tilt-hummer. *Syn* :—(*n*) Canopy ; pass, lounge ; encounter, joust ; slant, slope, inclination, cant.

Full tilt—সজোরে ।

Tilt up—অকস্মাৎ বক্রভাবে উৎক্ষেপ-কৃ ।

Tilting, *n.* ক্রীড়া-যুদ্ধ ।

Tilth, *n.* চাস ; কর্ষণ ; কর্ষিত ভূমি ; কর্ষিতাবস্থা ; Cultivation ; tilled land.

Tilt-hummer, tilt'-hamér, *n.* বড় মুগুর ; Large hammer lifted by wheel.

Timber, timbér, *n.* বৃক্ষের কাণ্ড ; গুঁড়ি ; Trunk of a tree :—যে কাঠ গৃহাদি নির্ম্মাণে ব্যবহৃত হয় ; চকর ; কড়িকাঠ ; Wood for building purposes :—*v. t.* কড়িকাঠাদি দ্বারা সজ্জিত-কৃ ; To furnish with timber or beams.

Seasoned timber—Timber so thoroughly dried that all the sap and natural juices are gone out of it.

Timber-yard, *n.* কাঠের গোলা ।

Timbre, *n.* কণ্ঠধ্বনির সুর ; যন্ত্রের সুর ।

Timbrel, timbrel, *n.* ঢাক ; ভেরী বা খঞ্জনী বিশেষ ; Drum ; a musical instrument.

Time, tim, *n.* সময় ; Particular part of duration :—কাল, Season :—অবসর ; সুযোগ ; Opportunity :—জীবনকাল ; জীবিতকাল ; The duration of one's life :—মৃত্যুর সময় ; Period of death :—পুনঃ পুনঃ আবৃত্তি বা যোগ ; Addition of a thing to itself :—প্রসব-কাল ; প্রসব-বেদনার সময় ; Hour of travail :—তাল ; Musical measure :—উপযুক্ত কাল ; নির্দিষ্ট কাল ; Allotted period ; proper time :—ইহজীবন ও ইহকাল ; Existence of any period :—*v. t.* ঠিক সময়ে-কৃ ; সময়োচিত-কৃ ; যথোচিত সময়ে-কৃ ; To do at the proper season :—নিয়মিত-কৃ ; সময় নির্দিষ্ট-কৃ ; সময় সম্বন্ধে নিয়মিত-কৃ ; To regulate, as to time :—তাল-বিশিষ্ট-কৃ ; তালমানযুক্ত-কৃ ; To measure as in music :—*v. i.* সময় রক্ষা-কৃ ; তাল দেওয়া ; তাল রাখা ; To keep or beat time. *Syn* :—(*n*) Term, interval, spell ; period, age ; era ; occasion ; section, division.

A time ball—ঠিক মধ্যাহ্ন সময়ে যে কন্দুক নীচে পতিত হয় ।

At a time—এক এক বার ; এক এক বারে ; At each time , on each occasion.

At one time, At another time—এক সময়ে Now, আর এক সময়ে ; Now.

At the same time—আরও ; সেই সঙ্গে সঙ্গে ; Also ; along with it.

At times—মধ্যে মধ্যে ; সময়ে সময়ে ; কখনও কখনও ; মাঝে মাঝে ; At distant intervals ; now and then.

Bide one's time—সুসময় আসিবে বলিয়া প্রতীক্ষা করিয়া থাকা ; Wait for a favourable opportunity.

By that time—ততক্ষণে , Not later than that time ; about that time.

By the time—সেই সময়ে কিংবা তাহার কিছু পূর্ব্বে ; যে সময় বরাবর ; At or a little before the time.

By this time—এতক্ষণ ; এতক্ষণে ; Now (now that so much time has passed).

For a time—খানিকক্ষণের জন্য ; কিয়ৎকালের জন্য ; For a short time ; for a while.

For a very long time—দীর্ঘকালের নিমিত্ত ।

For the time being—আপাততঃ ; এক্ষণে , তত্তৎকালে ; উপস্থিত সময়ের মত ; তৎকালের জন্য , For the present ; during the time that is passing, temporarily, for the moment.

Four times four—চারি সারিতে ; চারি গুণিত চারি, ৪ × ৪ ।

From time immemoral—বহুকাল হইতে ; স্মরণাতীত কাল হইতে ; From a time longer than is remembered.

From time out of mind, From time immemorial—অতি পূর্ব্বকাল হইতে ; স্মরণাতীত কাল হইতে ; From time immemorial.

From time to time—কখন কখন ; মধ্যে মধ্যে ; সময়ে সময়ে , Occasionally ; now and then.

Have a bad (or hard) time of it—(কিছুকাল) কষ্টে কাটান ; Not to fare well, be miserable during a certain period.

In course of time, In process of time—কালক্রমে ; কালে ; As time goes on.

In no time—তৎক্ষণাৎ ; তখনি ; Quickly.

In the fulness of time—পূর্ণকাল উপস্থিত হইলে ; যথাসময়ে ; সময় পূর্ণ হইলে ; চারি পোয়া হইলে ; When the time is ripe for anything ; when the fit time has come.

In the mean time—ইতিমধ্যে ; Meanwhile ; during the interval.

In time—উপযুক্ত সময়ে ; যথা সময়ে ; উপযুক্তকালে ; In good season ; sufficiently early :—কালক্রমে ; In course of time.

Kill time—সময় নষ্ট-কৃ ; সময় বৃথা ক্ষয়-কৃ ; কোন রকম

করিয়া সময় কাটাইয়া দেওয়া ; Waste time ; Spend one's time anyhow.

Lose no time—কিছুমাত্র বিলম্ব না-কৃ; তৎক্ষণাৎ কোন কাজ করিয়া ফেলা ; কাল বিলম্ব না করা ; Make no delay. [ব্যবহার-কৃ।

Make time—অবকাশ-কৃ ; কোনও কর্ম্ম করিতে সময়

Move (or run or go) against time—যত শীঘ্র সম্ভব কোনও নির্দ্দিষ্ট পথ অতিক্রম করা, কিংবা যতদূর সম্ভব কোনও নির্দ্দিষ্টকালে গমন-কৃ ; To move or run as rapidly as possible in order to ascertain the greatest attainable speed.

Once upon a time—একদা ; এক সময়ে ; At a certain time long ago.

Out of one's time—সাবালক হইলে ; Having reached the period of majority.

Seize time by the fore lock—সুযোগ না পলায় এই জন্ম তকে তকে থাকা ; Be on the alert for any favourable opportunity.

Spare time—অবকাশ ; Leisure hours. [কার্য্য-কৃ।

Take time by the forelock—বিলম্ব না-কৃ ; সত্বর

The time being—তৎকালে ; The present time.

Time after time—পুনঃ পুনঃ, বারংবার ; Many times ; repeatedly. [frequently.

Time and again—সর্ব্বদাই ; পুনঃ পুনঃ ; Very

Time enough—উপযুক্ত সময়ে ; যথাসময়ে ; সকাল সকাল ; যথাকালে ; Early enough ; in good season . sufficiently.

Time gone by—গতকাল ; গত সময় ; Past time.

Time is up—নির্দ্দিষ্ট সময় গত হইয়াছে ; ঠিক সময় আসিয়াছে ; The allotted time has just expired ; the appointed time has come.

Time of day—দিবসের সময়োচিত অভিবাদন।

Time of life—বয়স ; বয়ঃক্রম ; Age.

Time on one's hands—Unemployed time.

Time out of mind, From time immemorial—অতি পূর্ব্বকাল হইতে ; স্মরণ হয় না এমন কোন কাল হইতে ; Longer than can be remembered , from of old. [Circumstances are different.

Times are changed—সময়ের পরিবর্ত্তন হইয়াছে ;

Time to spare—বিশ্রাম কাল ; Time not occupied ; leisure. [There was a time.

Time was—এক সময় ছিল ; এমন এক কাল ছিল ;

Time was when—এমন একদিন ছিল যখন।

Time well spent—সময় ভালরূপে অতিবাহিত-কৃ ; Time profitably and successfully employed.

Time-honoured, tim-onurd, *a.* পুরাতন বলিয়া মাননীয় ; বহুকাল ধরিয়া সম্মানিত ; প্রাচীন হেতু সম্পূজ্য ; Venerable on account of antiquity.

Time-keeper, tim-kēp'ér, *n.* ঘটিকা ; ঘড়ি ; Clock or watch that keeps time :—যে কারিকর লোকের হাজিরে লিখে ; One who keeps the time of workmen.

Timeless, *a.* অনন্ত ; অশেষ।

Timely, timle, *a.* সময়োপযুক্ত ; যথাসময়ে উৎপন্ন ; যথাকালে ঘটিত বা আগত ; Seasonable ; being a good time :—*ad.* যথাসময়ে ; আগে ; শীঘ্র ; Early ; soon. *n*=timeliness. *Syn* :—Opportune, early.

Timeous, timus, *a.* সাময়িক ; যথাকালীন ; In good time ; seasonable.

Timeously, *ad.* যথাকালে ; In good time.

Timepiece, tim-pēs, *n.* ঘটিকা ; ঘড়ি ; A clock.

Time-sanctioned, *a.* বহুকালের ব্যবহার দ্বারা অনুমোদিত।

Timeserver, tim-sérver, *n.* সময়-সেবী ব্যক্তি ; সময়-সেবক ; কালানুবর্ত্তী ; খোসামোদকারী ; One who serves or obsequiously adopts his opinions to the times.

Timeserving, *a.* নীচ ; যখন যেমন তখন তেমন ব্যবহারকারী ; Meanly acomodating ; servile ; mean.

Time-table, tim-tā'bl, *n.* সময়ের তালিকা ; সময়ের নির্ঘণ্ট ; Time-bill.

Time-worn, *a.* জরাজীর্ণ ; কালক্ষীণ ; পুরাতন ; কাল জীর্ণ ; Decayed by time ; worn in course of time ; old.

Timid, timid, *a.* ভীরু ; ভয়ত্রাসে ; ভীত ; শঙ্কিত ; হীনসাহস ; Faint-hearted ; fearful. *n*=timidness (ভীরুতা ; আশঙ্কা) ; *ad*=timidly (ভয়ে ভয়ে ; ভীরুর মত)। *Syn* :—Fearful, timorous, cowardly, pusillanimous ; shrinking, retiring, diffident.

Timidity, ti-midi-ti, *n.* ভীরুতা ; ভয় ; Want of courage ; faint heartedness.

Timorous, timor-us, *a.* ভীরু ; শঙ্কাযুক্ত ; ভয়শীল ; Timid ; fearful. *n*=timorousness (ভয়শীলতা) ; *ad*=timorously.

Tin, tin, *n.* টিন ; রাঙ্গ ; টিনের কানেস্তা ; A metal :—*v. t.* টিন দ্বারা আচ্ছাদিত-কৃ ; টিন দ্বারা মণ্ডিত-কৃ ; Cover or overlay with tin. [colour ; colouring.

Tinctorial, *a.* রঙ্গসংক্রান্ত ; বর্ণপ্রদ ; Relating to

Tincture, tingktūr, *n.* রঙ্ ; বর্ণ ; Slight tinge, a tinge of colour ; shade of colour :—আরক ; বস্তুর সারাংশ মিশ্রিত দ্রবাদি ; Extract of finer parts ; a spirituous solution of any substance :—*v. t.* রঙ্-কৃ ; রঞ্জিত-কৃ ; To tinge ; to colour :—মিশ্রিত-কৃ ; To embrue ; to mix with any other thing foreign. *Syn* :—(*n*) Tint, shade, grain ; flavour, taste, smack ; infusion, admixture, seasoning, sprinkling , alcoholic solution.

Tinder, tindér, *n.* সহজ ইন্ধন ; আশু দহনীয় বস্তু ; চকমকির পোড়া শোলা বা সূতা ; Any thing used for kindling fire from a spark.

Tinder-box, *n.* চকমকির বাক্স।

Tine, tin, *n.* কাঁটার আগা ; কাঁটার দাঁত ; শূল ; The tooth or spike of a fork or harrow. *a*=tined.

Tined, tind, *a.* দন্তদণ্ডক ; Furnished with spikes.

Tin-foil, tinfoil, *n.* টিনের পাতলা পাত ; Tin reduced to a thin foil ; tin in thin leaves.

Tinge, tinj, *v. t.* কিঞ্চিৎ রঞ্জিত-কৃ ; রঙ্-দে ; রঙ্-কৃ ; To colour slightly ; stain :—মিশ্রিত-কৃ ; To mix with something :—*n.* বর্ণ ; রঙ ; Colour ; stain : —স্বাদ ; Taste. *Syn* :—(*v*) Dye, tincture, tint ; imbue, impress, infuse, impregnate. (*n*) Tincture, dye, taint. [bued in some degree with.

Be tinged with—কোন কিছুর আঁচ থাকা ; Be im-

Tingle, ting'gl, *v. i.* টুন টুন শব্দ অনুভব-কৃ ; ঝন্ ঝন্-কৃ ; কর কর-কৃ ; তীব্র যাতনা বোধ-কৃ ; To feel a thrilling sensation, as in hearing a shrill sound ; to feel a sharp, thrilling pain :—*n.* টুন টুন শব্দ ; Sharp, vibratory, thilling or pricking feeling.

Make the ears tingle—ক্রোধ উত্তেজিত-কৃ ; Excite one's anger.

Tink, *v. i.* টন্ টন্ বা টুন্ টুন্ শব্দ-কৃ।

Tinker, tingkér, *n.* কাঁসারি ; যে পিতলাদির বাসন মেরামত করে ; Mender of brass pans :—*v. t.* মেরামত-কৃ ; পাইন বা ঝাইল-দে।

Tinkle, tingkl, *v. i.* টুন টুন শব্দ-হ ; ঠং ঠং শব্দ-কৃ ;

To clink; to make small, sharp sounds; jingle :—*v. t.* টুন টুন শব্দ-কৃ; ঠন্ ঠন্ শব্দ-কৃ; ঠং ঠং শব্দ করান, To cause to make quick, sharp sound :—*n.* টুন টুন শব্দ; কিঙ্কিনী শব্দ; ঠং ঠং শব্দ; A sharp clinking sound.

Tinkling, *n.* ঠন্ঠনি।

Tin-man, *n.* টিনের কারিকর।

Tinsel, tińsel, *n.* উজ্জ্বল ধাতুর পাত; জরিদার কাপড়; Kind of shining metallic plate or cloth; a stuff for ornamental dresses consisting of cloth :—অত্যুজ্জ্বল বস্ত্র; জেল্লাদার বস্তু; অকিঞ্চিৎকর উজ্জ্বল দ্রব্য; Gaudy decoration, anything showy; shining trifle; something showy, but of little value; anything having a false lustre :—*a.* জেল্লাদার; জমকাল; ঝকঝকে; Gaudy, superficial.—*v. t.* টিন্‌সেল দ্বারা সজ্জিত-কৃ; To adorn with tinsel; to make gaudy, to make glittering.

Tinsmith, *n.* টিনের কারিকর, One who works [in tin.

Tint, tint, *n.* বর্ণ; রঙ্; আভা; বর্ণের আভা; Colour, dye, shade of colour :—*v. t.* ঈষৎ রঞ্জিত-কৃ; আভান্বিত-কৃ; To give a slight colouring to. *Syn* :—(*n*) Tinge, hue, shade, grain.

Tintinnabulation, *n.* ঘণ্টার টুং টুং শব্দ; The tinkling sound of bells.

Tiny, tíne, অতি ক্ষুদ্র, ছোট, Very small. *comp*=tinier, *sup*=tiniest. *Syn* .—Little, puny, wee, diminutive, lilliputian.

Tip, tip, *n.* অগ্রভাগ; সূক্ষ্মাগ্র-দেশ, The point of anything small.—অগ্র; আগা, The end :—ঈষৎ আঘাত.—ইসারা; ইঙ্গিত, টিপ্‌নি·—*v. t.* আগা-কৃ; আগা উঁচা-কৃ, অগ্রভাগ সূক্ষ্ম বা আচ্ছাদিত-কৃ; To form a point to; to put a point on; to cover the tip or end of.—*v. i.* Fall on or forward one side. *Syn* :—(*n*) Tap; top, cap, incline, cant; lower, drop; tilt, lean, slant.

On the tip of one's tongue—মুখেতে উদ্যত।

Tip out—(মদ প্রভৃতি) ঢালা; গড়ান।

Tip over—উল্টে ফেলা।

Tip the wink (slang)—ইঙ্গিত-কৃ; চোক টিপিয়া ইসারা-কৃ; To intimate to another by means of a wink.

Tip up—এক প্রান্ত ধরিয়া কতকটা উল্টাইয়া ফেলা।

Tip-cat, *n.* বালকদিগের ডাণ্ডা-গুলি খেলা।

Tippet, *n.* গ্রীবাচ্ছাদন; উত্তরীয় বস্ত্র বিশেষ; ফুলের গুচ্ছ; A narrow covering for the neck.

Tipple, tip'l, *v. i.* অল্প পরিমাণে মদ্য পান-কৃ; To drink strong liquors often; to drink in small quantities.—*v. t.* অতিরিক্ত পরিমাণে পান-কৃ; পুনঃ পুনঃ মদ খাওয়া; সর্ব্বদা একটু একটু মদ্য পান-কৃ; To drink, as strong liquors, to excess :—*n.* পেয় মদ্য। *n*=tippler (মদ্যপায়ী)।

Tippling house, *n.* মদের দোকান; শুঁড়িখানা: Public house; a shop where intoxicating liquors are retailed to be drunk on the premises.

Tipstaff, *n.* লোহার কড়া লাগান লাঠি, A staff tipped with metal.—সরিফের পেয়াদা; চৌকিদার; A constable.

Tipster, *n.* যে ঘোড়দৌড় বাজিতে কোন ঘোড়া জিতিবে [বলিয়া দেয়।

Tipsy, tip'si, *a.* সুরাপানে অল্প উন্মত্ত; মাতাল; আধ-মাতাল; Intoxicated; drunk :—টলটল; Reeling. *n*=tipsiness, *ad*=tipsily.

Tip-toe, tip'tō, *n.* পায়ের বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্র; পাদাঙ্গুষ্ঠের অগ্রভাগ; The tip or end of the toe :—*a.* অঙ্গুষ্ঠের উপর ভর দিয়া দণ্ডায়মান; আলগোছ; নিঃশব্দ।

On tip-toe—নিঃশব্দে; Noiselessly :—ব্যগ্র হইয়া; In eager expectation; eagerly :—ডিঙ্গি মেরে; Standing on the end of the toe.

On the tip-toe of expectation—On the state of being awake or alive to anything.

Tiptoe mirth—অতিশয়িত আমোদ।

To be (or stand) on tip-toe—মুখিয়ে থাকা; অত্যন্ত আগ্রহান্বিত হইয়া থাকা।

Tirade, ti-rād, *n.* নিন্দাবাদ; অপবাদ; নিন্দা; কুৎসা-পূর্ণ বক্তৃতা; A strain of censure or invective; declamation; censure.

Tire, tir, *n.* [A. S. *teorian*, to weary] পরিচ্ছদ; Apparel :—মস্তকাবরণ, উষ্ণীষ; টোপর; Head dress :—শিশুর জামা বিশেষ; পোষাক; Attire :—চক্রশ্রেণী; চাকার হাল; Band or hoop of a wheel :—*v. t.* ক্লান্ত-কৃ, To weary :—ভূষিত-কৃ; To dress·—*v. i.* বিরক্ত-হ; To vex :—শ্রান্ত-হ; ক্লান্ত-হ; দুর্ব্বল-হ, To become weary; to be fatigued. *Syn*·—(*v*) Fatigue, jade, harass, bore; fag.

Tire out—অত্যন্ত ক্লান্ত-কৃ; হয়রাণ কৃ; Utterly [exhaust

Tired, tīrd, *a.* ক্লান্ত; শ্রান্ত, Wearied; fatigued.

Be tired of—কোন কিছুর দরুণ সহিষ্ণুতা-হ; Have one's patience exhausted by.

Be tired with—ক্লান্ত-হ; Be fatigued with.

Tiresome, tir'sum, *a.* ক্লান্তিকর; ক্লান্তিজনক; কষ্টজনক, বিরক্তিজনক; Fatiguing, tedious; fitted or tending to tire. *n*=tiresomeness, *ad*=tiresomely. *Syn* :—Exhausting, laborious, arduous; wearisome, irksome.

Tire woman, *n.* Milliner; dresser.

Tissue, tishū, *n.* কিংখাপ; জরির কাজকরা রেশমী কাপড়, Cloth interwoven with gold or silver or with figured colours :—তাঁস; সূত্র; পেশী.—দৈহিক উপাদান; The anatomical elements of which organs are composed :—মালা, জাল :—*v. t.* বুনট-কৃ; বুনান; চিত্রবিচিত্র-কৃ; To interweave; to variegate. *Syn* :—(*n*) Fabric; web, texture, structure, series, combination.

Tissue paper—অতি পাতলা কাগজ, ঘুড়ির কাগজ।

Tit, *n.* অতি ক্ষুদ্র বস্তু; খণ্ড; Any very small thing·—ক্ষুদ্র ঘোড়া :—পক্ষিবিশেষ।

Tit for tat, *n* চিলটী মারিলে পাটকেলটি খেতে হয়; ঠিক প্রতিফল; ইটের বদলে পাটকেল; ক্ষতির বদলে ক্ষতি; তামাসার বদলে তামাসা; যেমন কর্ম্ম তেমনি ফল; Exact retaliation; like for like.

Transcend, tran-send, *v. t.* [L. *trans,* beyond, and *scandere,* to climb] অতিক্রম-কৃ ; শ্রেষ্ঠ-

কৃ ; অতিক্রম করিয়া উঠা ; To surmount ; to rise above ; to surpass ; to exceed. *Syn* :—Excel, outgo, outstrip ; transgress, overstep.

Transcendent, tran-sendent, *a.* অত্যুৎকৃষ্ট ; সর্ব্বোৎকৃষ্ট ; অলৌকিক ; Very excellent ; surpassing others, super-eminent. *Syn* :—Surpassing, consummate, unequalled, unrivalled, peerless.

Transcendental, *a.* অত্যুত্তম ; Super-eminent :—অস্পষ্ট ; Vague.

Transcendentalism, *n.* Transcendental philosophy. *n*=transcendentalist.

Transcribe, tran-skrīb, *v. t.* প্রতিলিপি-কৃ ; নকল-কৃ . To copy. *n*=transcriber (নকলনবীস) ।

Transcript, tranśkript, *n.* নকল , প্রতিলিপি ; A written copy.

Transcription, tran-skrip'shun, *n* নকল ; প্রতিলিপি ; A copy.

Transept, *n.* গির্জার অভ্যন্তরস্থ অংশ বিশেষ , One of the wings of a church.

Transfer, trans-fer', *v. t.* [L. *trans*, across, and *ferre*, to bear] স্থানান্তর-কৃ ; হস্তান্তর-কৃ ; To carry , to convey from one place to another ; to deliver or pass from one to another , to remove , to transport :—*n.* হস্তান্তর করণ , হস্তান্তর , স্থানান্তর ; Conveyance to another :—ছবি তোলা , The act of transferring. *Syn* —(*v*) Transport, transmit, forward ; remove, translate ; alienate, consign, deliver, devolve.

A transfer-certificate—যে নিদর্শনপত্র লইয়া এক স্কুলের ছাত্র অন্য স্কুলে ভর্তি হয় ।

Transfer paper—ছাপ দেওয়া কাগজ বিশেষ ।

Transferable, trans-fer'a-bl, **Transferrible,** trans-fer'i-bl, *a.* হস্তান্তর করণীয় ; স্থানান্তর বা হস্তান্তর যোগ্য ; Such as may be transferred or conveyed from one place or person to another. *ns*=transferability, transferribility.

Transferee, *n.* যাহার নিকট কোনও কিছু হস্তান্তর করা হয় ; The person to whom a thing is transferred.

Transference, tranśfér-ens, *n.* স্থানান্তর করণ ; হস্তান্তর , স্থানান্তর করণ ; The act of transferring or conveying from one person or place to another ; :—গতিবিধি ; Passage from one place to another.

Transfigure, trans-fig'ūr, *v. t.* [L. *trans*, across, and *figurare*, to form] রূপান্তর-কৃ ; আকার পরিবর্ত্তন-কৃ ; To change the figure or form of ; to transform , to metamorphose. *n*=transfiguration (রূপান্তর ; খৃষ্টের রূপ পরিবর্ত্তন) । *Syn* :—Transmute, transform.

Transfix, trans-fiks, *v. t.* এফোঁড় ওফোঁড় বিদ্ধ-কৃ , ভেদ-কৃ ; To pierce through. *n*=transfixion (বেধন, বিদ্ধাবস্থা) । *Syn* :—Transmute, transform.

Transform, trans-form, *v. t.* আকৃতি পরিবর্ত্তন-কৃ ; রূপান্তর-কৃ ; ভিন্নরূপ-কৃ ; To change the shape of :—*n.* আকৃতি পরিবর্ত্তন ; রূপান্তরীকরণ ; বিকার , Transformation ; change of form or substance.

Transfuse, trans-fūz, *v t.* এক পাত্র হইতে অন্য পাত্রে ঢালা ; পাত্রান্তর-কৃ ; অন্তর্গত-কৃ ; To pour out into another vessel ; to cause to pass from one to another. *n*=transfusion (ঢালন ; নিক্ষেপণ) ।

Transgress, trans-gres, *v. t* [L. *trans*, across, and *gradi*, to pass] অতিক্রম-কৃ ; অমান্য-কৃ ; ভঙ্গ-কৃ ; লঙ্ঘন-কৃ , অপরাধ-কৃ , To pass over ; to go beyond ; to violate ; to overstep ; to break :—*v. i.* অপরাধী-হ ; পাপ-কৃ ; To sin ; to offend by violating a law. *Syn* :—Pass, exceed, overstep, trespass ; infringe, contravene, disobey.

Transgression, trans-greshun, *n.* পাপ ; অপরাধ ; দোষ ; বিধি লঙ্ঘন ; অতিক্রম ; ভঙ্গ ; লঙ্ঘন ; Violation of law or command ; fault ; offence ; crime ; sin. *Syn* :—Infringement, breach, offence, trespass, misdemeanour, misdeed.

Transgressor, trans-greśor, *n.* পাপী ; আজ্ঞালঙ্ঘনকারী ; অপরাধী , Sinner. *Syn* :—Offender, malefactor.

Transient, transhe-ent, *a.* [L. *trans*, across, and *ire*, to go] ক্ষণস্থায়ী ; অচিরস্থায়ী ; ক্ষণিক ; Fleeting ; not lasting. *n*=transientness, *ad*=transiently (অল্পকালের জন্য) । *Syn* :—Transitory, ephemeral, brief, momentary, evanescent, temporary.

Transit, transit, *n.* মালের চালান ; Conveyance ; a passing over , passage of goods through a country :—সঞ্চার ; গতি ; পথ :—সূর্য্যের উপর দিয়া গ্রহের গতি ; গ্রহাদির মধ্যরেখা-অতিক্রম ; The passage of heavenly body over the sun's disk.

Transit duty—চালানি মাশুল ।

Transit instrument—যে যন্ত্রে গ্রহাদির মধ্যরেখা অতিক্রম দৃষ্ট হয় ; দূরবীক্ষণ বিশেষ ।

Transition, tran-sizhun, *n.* পরিবর্ত্তন ; অবস্থান্তরপ্রবৃত্তি ; Passage from one place or state to another ; change. *a*=transitional (অবস্থান্তর প্রবৃত্তি সম্বন্ধীয়) ।

Transitional, *a.* পরিবর্ত্তন-সম্বলিত ; Containing transition.

Transitive, tranśi-tiv, *a.* গতি বা পরিবর্তনশীল ; Having the power of passing :—সকর্ম্মক ; কর্ম্মানুগামী ; in *gram.* Denoting a verb which has an object *n*=transitiveness, *ad*=transitively.

A transitive verb—সকর্ম্মক ক্রিয়া ।

Transitory, tranśe-tor-e, *a.* ক্ষণস্থায়ী ; ক্ষণিক ; অনিত্য ; Transient ; fleeting ; speedily vanquishing. *n*=transitoriness, *ad*=transitorily (ক্ষণিকভাবে) । *Syn* :—Fleeting, flying, evanescent, short-lived, momentary ; short, brief, hasty, imperfect.

Translate, trans-lāt, *v. t.* অনুবাদ-কৃ ; তর্জ্জমা-কৃ ; To render into another language :—স্থানান্তরিত-কৃ ; অবস্থান্তরিত-কৃ ; To transport ; to remove from one place to another. *n*=translator (অনুবাদক) । *Syn* :—Remove, transfer ; construe, interpret.

Translate into—(অন্য ভাষায়) অনুবাদ-কৃ ; Render into (another language).

Translate to—স্থানান্তরিত-কৃ ; Remove from one place to (another).

Translated, *a.* অনূদিত ; ভাষান্তরিত ; Rendered into another language.

Translation, trans-lāshun, *n.* অনুবাদ ; ভাষান্তরিত করণ ; The rendering into another language ; the act of turning or version :—স্থানান্তর করণ , স্বর্গারোহণ ; The removal to another place. *Syn* :—Removal, transference ; rendering, construction, interpretation , version.

Transliterate, *v. t.* অক্ষরান্তরিত-কৃ , ভিন্ন জাতীয় বর্ণমালায় প্রকাশ-কৃ ; Express by means of different characters. *n*=transliteration (অক্ষরান্তরী করণ) ।

Translucent, trans-lōō'sent, *a.* ঈষৎ স্বচ্ছ ; যদ্দ্বারা আলোক যায় কথঞ্চিৎ স্বচ্ছ ; Admitting light, but not transparent :—পরিষ্কার ; Clear. *n*=translucence, translucency. *ad*=translucently (স্বচ্ছভাবে)।

Transmarine, trans-ma-rīn, *a.* সমুদ্রপারস্থিত ; Across or beyond the sea.

Transmigrate, transmi-grāt, *v. i.* একস্থান বা দেহ হইতে অন্য স্থানে বা দেহে যাওয়া ; দেহান্তর গমন-ক ; অবস্থান্তর প্রাপ্ত-হ ; To pass into another body or state.

Transmigration, trans-mi-grāshun, *n.* দেহান্তর-প্রবৃত্তি ; দেহান্তর গমন ; পুনরাবৃত্তি ; যোনি-ভ্রমণ ; অবস্থান্তর প্রাপ্তি ; The passage of the soul after death into another body ; change of state :—দেশান্তরে গমন ; The passing of persons from one state to another. *a*=transmigratory (স্থানান্তর বা দেহান্তর প্রাপ্তিশীল)।

Transmissible, trans-misi-bl, *a.* স্থানান্তর করণীয় ; অবস্থান্তর করণীয় ; That may be transmitted or passed from one to another. *n*=transmissibility.

Transmission, trans-mishun, **Transmital,** trans-mital, *n.* প্রেরণ ; স্থানান্তর করণ ; চালান ; The sending from one place or person to another ; passage through. [গমন বা সঞ্চারণ।

Hereditary transmission—বংশপরম্পরায় সংক্রা-

Transmit, trans-mit, *v. t.* [L. *trans*, across, and *mittere*, to send] পাঠান ; প্রেরণ-ক ; চালান-ক ; To pass on ; to send or convey across to another person or place. *n*=transmitter. *Syn* :—Remit, forward, dispatch ; carry, bear, transfer, convey.

Transmutation, trans-mūt-āshun, *n.* পরিবর্ত্তন ; রূপান্তর ; অবস্থান্তর প্রাপ্তি ; Alterations ; a changing into a different form.

Transmute, trans-mūt, *v. t.* [L. *trans*, over, *mute*, to change] পরিবর্ত্তিত-ক ; পরিবর্ত্তন-ক ; পরিণমিত-ক ; রূপান্তর-ক ; বিকৃত-ক ; To change from one form or substance into another. *a*=transmutable (পরিবর্ত্তনীয় ; পরিবর্ত্তসহ।)

Transom, *n.* জানালার আড়কাট ; The crossbar of a window.

Transom-window, *n.* আড়কাট দ্বারা দ্বিখণ্ডে বিভক্ত জানালা ; A window divided into two parts by a transom.

Transparency, trans-pār'en-se, *n.* স্বচ্ছতা ; নির্ম্মলতা, The quality of being transparent ; clearness. *Syn* :—Limpidness, lucidity, translucency.

Transparent, trans-pār'ent, *a.* স্বচ্ছ ; নির্ম্মল ; That may be seen through ; pellucid ; clear. *n*=transparentness. *Syn* :—Diaphanous, translucent, crystalline, bright, limpid, lucid.

Transparently, *ad.* স্বচ্ছভাবে ; নির্ম্মলরূপে ; Clearly.

Transpierce, trans-pērze, *v. t.* বিদ্ধ-ক ; ভেদ-ক ; To permeate ; to penetrate.

Transpiration, *n.* বাষ্পাকারে উদ্গম ; ত্বক্ দিয়া নিঃসরণ ; The act or process of passing through the skin.

Transpire, trans-pīr', *v. t.* [L. *trans*, through, and *spirare*, to breathe] লোমকূপ হইতে নির্গত বা নিঃসারিত-ক ; To emit through the pores of the skin :—*v. i.* বাষ্পাকারে উত্থিত-হ ; নিশ্বাস বা বাষ্প নির্গত-ক ; নিঃসৃত-হ ; To exhale :—প্রকাশ হইয়া পড়া ; প্রকাশিত-হ ; বাহির হইয়া পড়া ; To become public :—ঘটা ; Happen ; occur. *n*=transpiration. *Syn* :—Evaporate ; be disclosed, occur.

Transplant, trans-plant, *v. t.* তুলিয়া অন্য স্থানে রোপণ-ক ; এক স্থান হইতে অন্য স্থানে রোপণ-ক ; প্রতিরোপিত-ক ; নাড়িয়া পোতা ; To remove and plant in a new place :—স্থানান্তরিত-ক ; Remove. *n*=transplantation (নাড়িয়া স্থাপন ; রোপণ) ; tarnsplanter (রোপণকারী ; রোপক)।

Transport, trans-pōrt, *v. t.* [L. *trans*, across, and *portare*, to carry] স্থানান্তরে লইয়া যাওয়া ; এক স্থান হইতে অন্যত্র লইয়া-যা ; প্রেরণ-ক ; চালান-ক ; To carry from one place or country to another ; to remove :—নির্ব্বাসিত-ক ; To banish :—আহ্লাদে মত্ত-ক ; দুঃখশোকাদি দ্বারা অভিভূত-ক ; To put in ecstacy ; to carry away by violence of passion or pleasure ; to ravish with pleasure :—*n.* বহন ; স্থানান্তর প্রেরণ ; চালান ; Conveyance ; carriage from one place to another :—উল্লাস ; মোহ ; Ecstacy :—সৈন্য বা যুদ্ধ-সামগ্রী প্রেরণার্থ জাহাজ ; যে জাহাজে সেনাদি স্থানান্তরিত হয় ; A vessel for conveyance ; the conveyance of soldiers, warlike stores. *Syn* :—(*v*) Convey, bear, waft ; entrance, ravish, delight, enrapture. (*n*) Passion, rapture, bliss, enravishment.

Be transported to—দ্বীপান্তরিত-হ ; Be banished, as a criminal.

Transportable, *a.* স্থানান্তরে প্রেরণ বা বহন-যোগ্য ; Such as may be carried across.

Transportation, trans-pōr-tāshun, *n.* নির্ব্বাসন ; Removal ; banishment :—দ্বীপান্তর-প্রেরণ ; Conveyance.

Transporting, *a.* অত্যন্ত আনন্দজনক ; মনোমোহন।

Transposal, *n.* স্থান বা অনুক্রমের পরিবর্ত্তন ; A change of place or order.

Transpose, trans-pōz, *v. t.* বিনিময়-ক ; বদল-ক ; একের স্থানে অন্যকে রাখা ; স্থান পরিবর্ত্তিত-ক ; To interchange ; to substitute one for the other of :—এক বার হইতে অন্য বারে লইয়া-যা।

Transposition, *n.* শব্দের বিনিময় ; স্থান বা ক্রম পরিবর্ত্তন ; বিপর্য্যয়. A change of words for words.

Transprint, *v. t.* To print out of place.

Trans-ship, *v. t.* এক জাহাজ হইতে অপর জাহাজে দেওয়া ; To transfer to another slip.

Trans-shipment, *n.* জাহাজান্তরে প্রদান বা নয়ন।

Transubstantiate, tran-sub-stań-shi-āt, *v. t.* স্বভাবান্তর-ক ; ভিন্ন পদার্থে পরিবর্ত্তিত-ক ; To change to another substance. [পরিণত-ক।

Transubstantiate, *v. t.* খৃষ্টের রক্ত ও মাংসে

Transubstantiation, *n.* (রোমীয় ধর্ম্মে রুটী এবং মদ্য) খৃষ্টের রক্ত ও মাংসে পরিবর্ত্তন ; The Roman Catholic doctrine that the bread and wine in the eucharist are changed into Christ's body and blood.

Transverse, trans-vērś, *a.* [L. *trans*, across, *verto*, *versum*, to turn] টেড়া ; আড় ; আড়ে স্থিত ; Lying across. *ad*=transversal (টেড়াভাবে ; আড়াআড়ি ; আড়ের দিকে)।

Trap, trap, *n.* ফাঁদ ; Snare :—পশাদি ধরিবার কল ; জাল, An instrument for snaring animasl :—

শকট ; সোপান বিশেষ :—কল্মী ; কৌশল ; চাতুরী ; A stratagem :—শিলা বিশেষ ; A kind of igneous rocks :—*v. t.* কলে ধরা ; ফাঁদ দ্বারা ধৃত-কৃ ; ফাঁদে ফেলা , To catch in a trap ; ensnare :—অলঙ্কৃত-কৃ ; ভূষিত-কৃ , সজ্জিত-কৃ ; To ornament , to adorn with gay clothes. *Syn* :—(*n*) Gin, trapan ; pitfall, ambush. (*v*) Insnare, entrap, trapan.

Be caught in one's own trap (or toils)—আপনার জালে জড়িত-হ ; Be entangled in the snare which one has set for another.

Set (or lay) a trap—ফাঁদ পাতা ; কাহাকে বিপদে ফেলিবার নিমিত্ত কোন মতলব খাটান , Form a plan or plot to entangle one or to throw one into danger.

To understand trap—চতুর হওয়া ।

Trapan, *v. t.* ফাঁদে ফেলা , কলে ফেলা ; To insnare :—*n.* চাতুরী ; A stratagem

Trap-door, trap'-dor, *n.* চোর দ্বার ; চোরা দুয়ার ; ছাদ বা মেঝের দ্বার , পাইখানার দরজা , A door in a floor or roof opening and shutting like the catch of a trap , sided door.

Trapeziform, *a.* বিষম-বাহু চতুর্ভুজাকার ; Having the form of a trapeze.

Trapezium, trapezium, **Trapeze,** tra-pēz, *n.* ব্যায়ামের দোলনা , দোল দণ্ড ; A swing used in gymnastics —কব্জির অস্থি বিশেষ , One of the wrist bones :—যে চতুর্ভুজের কোণ ও দুই বাহই সমান্তরাল , A four-sided figure, having the opposite side parallel.

Trapezoid, trap'e-zoid, *n.* যে চতুর্ভুজের দুই বাহমাত্র সমান্তরাল , A plane four-sided figure having two of its opposite sides are parallel. *a*=trapezoidal.

Trappings, trap'ingz, *n pl.* জাঁকাল পোষাক , Gay clothes :—অলঙ্কার , ভূষণ , Ornaments —অশ্বাদির সজ্জা বা ভূষণ , Ornament put on horses. *Syn* :—Decorations, accoutrements, equipments, paraphernalia, housings

Trash, trash, *n* [G. *drusen*, dregs] ছাঁটা . মুড়ান ; To crop , to lop ; to strip of leaves —*n* জঞ্জাল , ছিবড়ে , আবর্জনা ; তুচ্ছ দ্রব্য , Refuse *Syn* —(*n*) Dross, rubbish , trumpery, stuff, nonsense [Worthless , rejected

Trashy, trashi, *a.* অকিঞ্চিৎকর ; অসার , বাজে ,

Trass, *n.* মৃত্তিকা বিশেষ , A volcanic earth

Travail, traval, *n.* পরিশ্রম , অত্যন্ত মেহনত , Toil ; labour with pain :—প্রসব বেদনা , Labour in childbirth :—*v. i.* হয়রাণ-কৃ ; To harass —প্রসব বেদনা পাওয়া , To be in labour ; to suffer the pangs of childbirth.

Trave, trāv, *n.* দুষ্ট ঘোড়ার নাল বাঁধাইবের জন্য কাঠ-গড়া , A beam , wooden frame to confine unruly horses.

Travel, travel, *v. i.* পর্য্যটন-কৃ ; ভ্রমণ-কৃ ; গমন-কৃ , To pass, to move ; to make journey , to journey :—*v. t.* পর্য্যটন-কৃ ; গমন-কৃ , অতিক্রম কৃ , To journey over :—*n.* ভ্রমণ ; পর্য্যটন , Journey —*pl.* ভ্রমণ বৃত্তান্ত , An account of a journey. *Syn* :—(*n*) Wandering, migration, pilgrimage , excursion, tour, expedition, trip.

Travelled gentleman—যে ভদ্রলোক অনেক দেশ পর্য্যটন করিয়াছেন ।

Traveller, travel-ér, *n.* পর্য্যটক ; পথিক ; পান্থ ; One who travels ; a way-farer.

Travelling, *v. n.* ভ্রমণ ; পর্য্যটন ।

Travelling expenses—পথ-খরচ , পাথেয় ।

Travel-post—দ্রুতবেগে ভ্রমণ-কৃ ; To travel rapidly by frequent changes of horses.

Traversable, *a.* অস্বীকার্য্য , অতিক্রমণীয় , Such as may be denied.

Traverse, travers, *n.* যাহা আড়ে থাকে ; Anything laid or built across ; something that obstructs :—মোড় ; A turn :—বাধা ; প্রতিবন্ধক :—প্রতিপক্ষের কথা অস্বীকার ; (Law) denial :—*v. t.* আড়ের দিকে কাটিয়া-বা , পার-হ , অতিক্রম-কৃ , To cross ; to pass over , to travel :—কোন পার্শ্বে ফিরান :—অস্বীকার-কৃ , To deny :—*v. i.* গতির প্রতিবন্ধকতাচরণ-কৃ , To oppose a movement, as in fencing —*a.* এড়ো , আড়ে স্থাপিত ; অনুপ্রস্থগামী ; Turned or lying across :—*ad.* আড়াআড়ি ; Across *Syn* —(*v*) Thwart, obstruct , travel over.

Traverse-table, *n.* মঞ্চ বিশেষ ; A platform for shifting carriages to another rails.

Travesty, traves-te, *n.* [F *travestir*, to disguise] উপহাসজনক অভিনয় , কোনও রচনার হাস্যজনক অনুকরণ , A parody , caricature , a burlesque representation of the serious —*v. t.* হাস্যাস্পদ-কৃ , উপহাস্যাস্পদ-কৃ , To parody , to turn into burlesque —*a.* উপহাসাস্পদ ছদ্মবেশধারী , Disguised so as to be rediculous.

Trawl, trawl, *v t* জাল দিয়া মৎস্য-ধৃ ; To fish by dragging a net behind a vessel —*n.* মৎস্য ধরিবার জাল , মৎস্য ধরিবার দীর্ঘ সূত্র , A trawl net.

Trawler, trawler, *n* যে ব্যক্তি জালে মৎস্য ধরে : —মৎস্য ধরিবার নৌকা , A fishing vessel used in trawling. [salver.

Tray, trā, *n* বারকোষ , থালা , সিন্দুকের খোপ , A

Treacherous, trecher-us, *a.* বিশ্বাসঘাতক , অবিশ্বাসী , কৃতঘ্ন , Faithless , like a traitor :—পিচ্ছল ; Slippery, not affording him footing. *n*=treacherousness (দাগাবাজি , কৃতঘ্নতা) । *Syn* —Traitorous, disloyal, treasonable, perfidious, false, deceitful, insidious, plotting. [Faithlessly.

Treacherously, *ad.* কৃতজ্ঞতাসহকারে , শঠতাপূর্ব্বক ;

Treachery, trecher-e, *n.* [F. *tricherie*, trickery] বিশ্বাসঘাতকতা , প্রতারণা , শঠতা , Faithlessness , violation of allegiance or faith. *Syn* :—Perfidiousness, perfidy, disloyalty, treason.

Treacle, trē'kl, *n.* ঝোলা বা কোতরা গুড় ; চিটা বা মাত গুড় , The viscid syrup which is drained from sugar.

Tread, tred, *v. i* চলা , পদবিক্ষেপ-কৃ ; To walk : —*v. t* পদার্পণ-কৃ , পদদলিত কৃ , মাড়াইয়া যা , To pass with the foot , to set the foot —অবজ্ঞাপূর্ব্বক দলিত কৃ , থেতলান , To trample in contempt .—*n.* পদবিক্ষেপ , মর্দ্দন , চলন ।

Tread close upon -সঙ্গে সঙ্গে যাওয়া , Follow closely , succeed quickly.

Tread of—অমুক বিষয়ক হ Have for its subject : —কোন বিষয়ে কিছু লেখা বা বলা ; Speak about.

Tread on a man's corns—আহত-কৃ , উত্যক্ত-কৃ ।

Tread (one) to—অপরের স্বভাব সম্বন্ধে মনের কথা খুলিয়া বলা , State one's opinion of another's character with disagreeable frankness .—আপ-

মার টাকায় অপরকে মদ্যপান করান বা খাওয়ান ; Entertain one with (drink or food).

Tread out—পদ দ্বারা মাড়ান ; পায়ে মাড়াইয়া নিঃসারিত-কৃ ; Press or beat out with the feet.

Tread the stage—নটের কার্য্য-কৃ ।

Tread up on the heels, Tread upon the foot steps of—পিছু পিছু যাওয়া ; সঙ্গে সঙ্গে যাওয়া ; অনুসরণ-কৃ ; Follow close upon.

Treadle, Treddle, *a.* কোনও যন্ত্রের পা-দান ; The part of a machine which is moved by the foot.

Treadle machine, *n.* যে কল পায়ের দ্বারা চালিত হয় ।

Tread-mill, *n.* যে কলের চাকা কয়েদীরা পায়ে মাড়াইয়া চালিত করে ; A mill worked by treading or stepping, used chiefly as an instrument of prison discipline.

Treason, trē'zn, *n.* রাজদ্রোহ ; কৃতঘ্নতা ; Disloyalty ; treachery , traitorousness.

High treason—রাজ্যের প্রতিকূলতাচরণ ।

Treasonable, trē'zn-a-bl, *a.* রাজবিদ্রোহ সম্বন্ধীয় ; রাজদ্রোহাত্মক ; Pertaining to treason ; consisting of or involving treason. *ad*=treasonably. *n*=treasonableness. *Syn* :—Treacherous, traitorous, di loyal.

Treasure, trezhūr, *n.* [G. *thesauros*, a store laid up] সঞ্চিত ধন ; অর্থ ; সংগৃহীত ঐশ্বর্য্য ; Wealth accumulated ; riches :—প্রাচুর্য্য ; Abundance :—বহুমূল্য দ্রব্য ; মূল্যবান বস্তু ; Anything much valued :—*v. t.* সংগ্রহ-কৃ ; সঞ্চয়-কৃ ; To hoard up ; to collect for future :—অত্যন্ত মূল্যবান জ্ঞান-কৃ ; To value greatly. *Syn* :—(*n*) Stock, store, reserve ; jewel, idol, darling. (*v*) Accumulate, hoard, save, garner ; value, idolize.

Treasure up—যত্ন করিয়া তুলিয়া রাখা ; Keep with a care, as a treasure.

Treasure up in memory—মনে রাখা ; Keep in memory for future enjoyment or use.

Treasurer, trezhū-ér, *n.* কোষাধ্যক্ষ ; তহবিলদার ; One who has charge of collected funds.

Teasure-house, *n.* ধনাগার ।

Treasure ships—স্বর্ণ ও রৌপ্যবাহী জাহাজ ; Ships carrying gold and silver.

Treasure-trove, trezhūr-trōv, *n.* যে টাকার মালিক পাওয়া যায় না ; গুপ্ত ধন ; নিধি ; Money found in the earth of which the owner is not known.

Treasury, trezhūr-i, *n.* রাজকোষ ; ধনাগার ; খাজাঞ্চিখানা ; A place for keeping treasure ; department of a government which has charge of public finances :—শব্দ কোষ :—জ্ঞানপূর্ণ পুস্তক ।

Treat, trēt, *v. t.* আচরণ-কৃ ; ব্যবহার-কৃ ; Behave to ; act ; use :—কোন বিষয়ে বলা , কোন সম্বন্ধে লেখা ; বিবেচনা-কৃ ; অনুশীলন-কৃ , To discourse on :—ভোজ-দে ; সেবা-কৃ ; আহার করান ; অভ্যর্থনা-কৃ ; To entertain with food or drink :—চিকিৎসা-কৃ ; To manage in the application of remedies :—*v. i.* কোন বিষয়ে বলা বা লেখা ; কোন বিষয়ের আলোচনা-কৃ ; To handle a subject in writing or speaking :—সন্ধির প্রস্তাব-কৃ ; সন্ধি-কৃ ; যোগাযোগ-কৃ ; To negotiate :—ভোজ-দে ; To give an entertainment :—*n.* ভোজ ; An entertainment :—ব্যবহার ; আচরণ । *Syn* :—(*v*) Use ; entertain, feast ; manage ; negotiate.

Treat with (one)—(যাহাতে মীমাংসা বা ঝগড়া মেটে এ সম্বন্ধে) কথাবার্ত্তা বলা ; Negotiate with one ; make and receive proposals for adjusting differences with one.

Treatise, trētiz, *n.* প্রবন্ধ ; পুস্তক ; গ্রন্থ ; A formal essay. *Syn* :—Paper, disquisition, dissertation.

Treatment, trētment, *n.* আচরণ ; ব্যবহার ; Behaviour ; conduct :—চিকিৎসা ; Medical conduct of a case ; way of applying remedies to :—ভোজ ; Entertainment :—বর্ণনা ; বিবৃতি ; Description :—পরিচালন ; Management.

Treaty, trēte, *n.* সন্ধি ; নিয়ম-পত্র ; Agreement ; negotiation. *Syn* :—(*n*) Contract, covenant, convention concordat.

Treble, trebl, *a.* ত্রিগুণ ; তেহারা ; Three-fold :—*n.* উচ্চ স্বর ; তিন স্বর ; The highest of the four principal parts in the musical scale :—তীক্ষ্ণ :—*v. t.* তিন গুণ-কৃ ; ত্রিগুণিত-কৃ ; To make three times as much :—*v. i.* তিন গুণ-হ ; To become threefold. *ad*=trebly (ত্রিগুণিতরূপে) । *Syn* :—(*a*) Triple ; acute, sharp ; alto.

Treddle, *n.* যন্ত্রের যে অংশ পদ দ্বারা চালিত হয় ; The part of a loom, which is moved by the foot.

Tree, trē, *n.* বৃক্ষ ; গাছ ; পাদপ ; Vegetable production of woody growth and with a stem ; a plant :—কাষ্ঠখণ্ড ; Wood.

At the top of the tree—সর্ব্বোচ্চ পদস্থ ।

The tree of knowledge—জ্ঞানবৃক্ষ ।

To be up a tree—সঙ্কটাপন্ন থাকা ।

Treenaril, *n.* জাহাজে তক্তা আঁটিবার কাঠের গুঁজি ; A long wooden pin used in fastening the planks of a ship to the timbers.

Trefoil, trē'foil, *n.* ত্রিপত্রবিশিষ্ট তৃণ ; ত্রিপত্র উদ্ভিদ ; A three-leaved plant.

Trellis, trelis, *n.* ঝাঁঝরি ; চাঁচের বেড়া ; লোহার জাল ; A structure of cross-barred or lattice-work ; frame of cross barred work.

Trellised, trelist, *a.* ঝাঁঝরিবিশিষ্ট বা তদাকারে গঠিত ; Having a trellis, or formed as a trellis.

Tremble, trembl, *v. i.* [L. *tremo*, to shake] কম্পিত-হ ; কাঁপা ; To shiver ; shake as with fear. *n*=trembler. *Syn* :—Quake, quiver, shudder ; totter, rock, oscillate ; quaver.

Tremble in the balance—অনিশ্চিত-হ ; অনিশ্চিতাবস্থায় থাকা ; To be undecided, uncertain.

Trembling, *a.* বেপমান ; কম্পমান ; Shaking. *ad*=tremblingly.

Tremendous, trē-mendus, *a.* ভয়ানক ; ভীষণ ; দারুণ ; Dreadful ; violent. *ad*=tremendously (ভয়ানকরূপে) ; *n*=tremendousness (ভীষণত্ব ; ভয়ঙ্করত্ব) । *Syn* :—Terrible, frightful, terrific, horrible, awful, appalling, fearful, formidable.

Tremor, tremor, *n.* কম্পন ; কাঁপুনি ; A trembling ; a quivering.

Tremulous, tremū-lus, *a.* [L. *tremere*, to tremble] শঙ্কিত : কম্পমান ; Affected with fears ; shaking, trembling ; quivering. *n*=tremulousness, *ad*=tremulously (কম্পিতভাবে) । *Syn* :—Shivering, trembling, vibratory.

Trench, trensh, *v. t.* খানা কাটা ; নালী কাটা ; To dig a ditch ; cut a ditch :—খনন-কৃ ; কাটা ; To dig deeply :—*n.* পরীখা ; খাত ; খানা ; নর্দ্দমা ; দুর্গা ; A ditch ; a fosse. *Syn* :—Moat ; drain, sewer.

Trench on or upon—অপরের অধিকার আক্রমণ-কৃ ; Encroach ; invade.

Trenchant, trenshant, *a.* তীব্র ; তীক্ষ ; Severe ; sharp :—*n.* কর্ত্তনকারী ; ছেদক। *ad*=trenchantly (তীব্রভাবে ; কর্কশভাবে)। *Syn* :—Cutting, unsparing, sarcastic.

Trencher, *trenshér,* *n.* পরিখা-খনক ; যে খাত খনন-কৃ ; One who cuts trenches :—বড় বারকোষ, কেটুয়া ; A large wooden plate :—আহার ; ভোজনদ্রব্য ; Food :—মেজ ; Table.

Trencher-man, *n.* ভক্ষক ; A feeder ; a great eater.

Trencher-mate, trencher friend or fly—পরান্নভোজী ; যে পরের খাইয়া বেড়ায় ; A table-companion ; parasite.

Trencher-plough, trensh-plow, *n.* লাঙ্গল বিশেষ ; গভীরকর্ষী লাঙ্গল ; A plough for turning up the land more deeply than usual :—*v. t.* তদ্দ্বারা কর্ষণ-কৃ ; To plough with a trench-plough.

Trend, trend, *v. i.* [Dan. *trind*, round] উন্মুখ-হ ; হেলা ; ঝুঁকা ; To tend ; to run in a certain direction, the line being a curve :—*n.* উন্মুখতা, প্রবণতা ; ঝোঁক ; Tendency. *Syn* :—(*v*) Stretch, sweep, bend, incline, tend.

Council of trent—A famous council of the Roman Catholic Church, assembled by Paul III in 1546, and continued in twenty-five sessions under Julius III and Pius IV and until its close in 1563.

Trental, *n.* An officer for the dead in the Roman Catholic service, consisting of thirty *masses for thirty days after the party's death.*

Trepan, tre-pań, *n.* কপাল বা করোটি ছিদ্র করিবার অস্ত্র বিশেষ ; ত্রিরপুণ ; Round saw for boring the skull :—*v. t.* ত্রিরপুণ দ্বারা ছিদ্র-কৃ, করাত দ্বারা ছেদন-কৃ ; To bore with trepan :—ফাঁদে ফেলা ; প্রতারণা-কৃ ; To ensnare.

Trephine, *n.* আধুনিক ট্রেপ্যান ; The modern trepan :—*v. t.* তদ্দ্বারা ছিদ্র-কৃ, To perforate with the trephine.

Trepidation, trep-id-áshun, *n* কম্প, কাঁপনি ; ভীতি ; ত্রাস ; শঙ্কা ; An involuntary trembling ; a state of terror or alarm. *Syn* :—Shaking, quivering, agitation, disturbance, flutter, perturbation, excitement, tremor.

Trespass, trespas, *v. i.* অনধিকার প্রবেশ-কৃ ; সীমা অতিক্রম-কৃ ; ভূমিতে জোর করিয়া প্রবেশ-কৃ ; To intrude, to pass over a limit ; to make unlawful entrance on another's ground :—অপরাধ-কৃ ; পাপ-কৃ ; To sin :—*n.* পাপ ; দোষ ; ত্রুটি ; Transgression of law :—অনধিকার প্রবেশ ; অবৈধ প্রবেশ ; Unlawful entrance on another's ground. *Syn* :—(*v*) Transgress, encroach, infringe, intrude, trench ; offend. (*n*) Offence, transgression, misdemeanour, misdeed ; infringement, encroachment, invasion.

Trespass (or trench) on—অনধিকার প্রবেশ-কৃ, Encroach upon ; enter unlawfully upon another's land :—বিরক্তিকর বোধ হয় এতদূর যাওয়া ; Go too far so as to exaust.

Trespasser, trespas-er, *n.* অনধিকার প্রবেশকারী ; One who commits a trespass :—পাপী, Sinner. *Syn* :—Offender, transgressor.

Trespass-offering, trespas-of'ér-ing, *n.* পাপ-ক্ষালনার্থ উৎসর্গ ; An offering in expiatiom of a sin.

Tress, tres, *n.* কেশগুচ্ছ ; চূর্ণ কুন্তল ; অলক ; জুলপি ; A lock of hair ; a ringlet. *a*=tressed (কুঞ্চিত কুন্তল বিশেষ ; curled).

Trestle, Tressel, *n.* মাচার ঠেকো বা পায়া ; কায়া ; *The frame of a table.*

Trestle-work, *n.* সেতুবন্ধ।

Tret, *n.* খরিদদারকে প্রদত্ত যোগ করা ঘাটি ; ঢলতা ; An allowance to purchasers, for waste or refuse matter.

Trews, *n. pl.* ইজের বা পা জামা।

Triable, *a.* বিচারাধীন ; বিচার্য্য ; পরীক্ষণীয় ; Fit to be tried.

Triad, tri'ad, *n.* তিনের একীভাব ; ত্রিশাখা ; ত্রিমূর্ত্তি ; The union of three.

Trial, tri'al, *n.* পরীক্ষা ; পরখ ; Examination ; test :—চেষ্টা ; Attempt :—আদালত প্রভৃতির বিচার ; Judicial examination :—কষ্ট ; ক্লেশ ; দুঃখ ; Suffering ; calamity :—প্রলোভন ; Temptation. *Syn* :—Testing, experiment ; experience ; endeavour, effort, essay ; criterion, ordeal, proof ; temptation, trouble, affliction, grief ; case, cause, action, suit.

Bring to trial—কোন অভিযুক্ত ব্যক্তিকে বিচারালয়ে আনা ; Bring up an accused person before a *competent tribunal for* the purpose of determining whether he is guilty or not.

On trial—পরীক্ষার্থ।

Under trial—বিচারাধীন।

Triangle, tri'ang-gl, *n.* ত্রিভুজ ; ত্রিকোণ ক্ষেত্র ; A plane figure having three angles and three sides. *a*=triangled (ত্রিকোণ, তিন কোণা)।

Equilateral triangle—সম-বাহু ত্রিভুজ।

Isosceles triangle—সম-দ্বিবাহু ত্রিভুজ।

Scalene triangle—বিষম-বাহু ত্রিভুজ।

Triangular, tri'ang'gū-lar, *a.* ত্রিকোণবিশিষ্ট ; তিন কোণা ; Having three angles.

Triangulate, *v t.* ত্রিভুজাকার কৃ. ত্রিভুজে বিভক্ত-কৃ ; To survey by means of a series of triangles.

Trias, *n.* দ্বিতীয়-স্তরের প্রাচীনতম স্তবক।

Tribe, trib, *n.* জাতি, বংশ ; বর্ণ ; গোত্র ; কুল ; শ্রেণী ; A large family ; race ; class ; a division of a people. *a*=tribal (কুলজ ; বংশীয় ; গোত্রীয়) ; *Syn* :—Clan ; order, division.

Tribrach, *n.* পদ্যে ত্রমিত্রয়-বিশিষ্ট পদ ; A poetic foot of three short syllables.

Tribulation, trib-ū-láshun, *n.* [L. *tribulare*, to thrash] ক্লেশ ; মনঃকষ্ট, সন্তাপ ; অসুখ ; Severe affliction ; distress. *Syn* :—Suffering, trouble, *misery,* woe.

Tribunal, tri-bū'nal, *n.* বিচারালয় ; আদালত ; বিচারকের আসন ; Judgment-seat ; the seat of a judge, justice.

Tribune, tribūn, *n.* রোমানদিগের বিচারকর্ত্তা বিশেষ ; A magistrate chosen by the Roman phebeians to defend their rights :—বক্তৃতা-মঞ্চ ; The raised platform from which speeches were delivered.

Tributary, tribū-tăr-e, *a.* করদ ; Paying tribute ; contributing :—অধীন ; নিকৃষ্ট ; Subject :—*n.* করদাতা ; করদ রাজা, সামন্ত ; One who pays tribute :—উপনদী ; করদনদী ; Inferior branch of

a river ; affluent. *Syn* :—(*a*) Subject, subordinate, inferior.

Tribute, tribūt, *n.* [L. *tribuere, tributum,* to bestow] কর ; রাজস্ব ; খাজনা ; প্রতিদান ; Tax ; a personal contribution. *Syn* :—Impost, duty, charge ; grant, offering.

Trice, tris, *n.* অল্পক্ষণ ; মুহূর্ত ; অত্যল্পকাল ; An instant ; a very short time ; moment.

In a trice—নিমিষমধ্যে ; অতি অল্পকাল মধ্যে ; In a very short time ; in less than a second.

Tricennial, tri-sen'yal, *a.* ত্রিংশ বার্ষিক ; ত্রিংশ বৎসরে সঙ্ঘটনশীল ; Occuring once in every thirty years. [A space of three centuries.

Tricentenary, *n.* ত্রিশতাব্দি ; তিন শত বৎসর কাল ;

Trichina, *n.* শরীরগত সূক্ষ্ম ক্রিমি বিশেষ ; A parasitic worm. *pl*=trichinæ.

Trick, trik, *n.* [F. *tricher,* to trick] কৌশল ; চালাকি ; ফেকি ; তামাসা ; কল ; An artifice ; any fraud ; stratagem :—বিশেষ রীতি ; বিশেষ অভ্যাস ; A particular habit or manner :—*v. t.* প্রতারণা-কৃ ; ফাঁকি-দে ; To deceive ; to cheat :—সজ্জিত-কৃ ; To dress :—*v. t.* প্রতারণা পূর্ব্বক জীবন নির্ব্বাহ-কৃ ; To live by deception. *Syn* :—(*n*) Wile, fraud, cheat, contrivance, deception, imposture, delusion, imposition ; sleight, juggle, freak, antic, vagary ; habit, practice. (*v*) Drip, drop, dribble.

Trick out—Dress gaily ; adorn fantastically.

Tricker, *n.* কৌশলকারী ; ফাঁকিদার ; One who cheats. [Artifice ; stratagem ; imposition.

Trickery, trik'ér-i, *n.* কৌশল ; প্রযোগ ; চালাকি ;

Trickish, trik'ish, *a.* প্রবঞ্চক , প্রতারণাত্মক , শঠ ; দুষ্ট ; Artful in making bargains ; given to tricks.

Trickle, trik'l, *v. t.* ফোঁটা ফোঁটা পড়া ; বিন্দুপাত-হ ; ঝরা ; To flow in a small stream.

Trickster, *n.* প্রবঞ্চক , One who cheats.

Tricky, trike, *a.* প্রবঞ্চক ; প্রতারণাত্মক ; Given to tricks , practising deception. *Syn* :—Trickish, knavish, deceptive.

Tricolor, Tricolour, tri'kul-ur, *n.* ফরাসী জাতীয় ত্রিবর্ণ-পতাকা ; The national banner of France. *a*= tricoloured (ত্রিবর্ণ) । [cipede with three wheels.

Tricycle, *n.* তিন চাকার পা-গাড়ী বিশেষ ; A velo-

Trident, tri'dent, *n.* ত্রিশূল ; কোঁচা ; Three pronged spear or sceptre of **Neptune** :—*a.* ত্রিদন্তক ; Having three teeth.

Triennial, tri-en'yal, *a.* ত্রৈবার্ষিক ; ত্রিবর্ষস্থায়ী ; Happening every three years ; containing three years. *ad*=triennially (তিন বৎসর অন্তর) ।

Triennial act—An act of William and Mary, providing that no parliament should act longer than three years.

Trifle, tri'fl, *n.* তুচ্ছ বিষয় ; তুচ্ছ সামগ্রী ; Any thing of light value :—অল্প বিষয় ; A paltry thing : —*v. i.* তাচ্ছিল্য ভাবে বলা বা-কৃ ; যা ইচ্ছা তাই বলা বা-কৃ ; To act or talk lightly :—*v. t.* নষ্ট-কৃ ; To waste. *Syn* :—(*n*) Bauble, toy, bagatelle, gewgaw, kickshaw, rush, straw, bubble. (*v*) Toy, play, dally, wanton, fribble.

Trifle with—অসম্মান-কৃ ; To treat without respect or seriousness :—অগ্রাহ্য-কৃ ; তুচ্ছ-কৃ ; To disregard wantonly or neglect. [who trifles.

Trifler, *n.* চপলভাবে কার্য্যকারী ; তুচ্ছকারী ; One

Trifling, tri'fling, *a.* তুচ্ছ ; সামান্য ; অকিঞ্চিৎকর ; Trivial. *ad*=triflingly. *Syn* :—Petty, slight, unimportant, insignificant, worthless, inconsiderable, frivolous, silly.

Triform, *a.* ত্রি-আকার ; Having a triple form.

Trig, *a.* পরিপূর্ণ ; Full.

Trigger, trig'ér, *n.* বন্দুকের টিপকল ; চক্র-কীলক ; A catch by which a gun is fired.

Triglyph, *n.* ইমারতি কাজে যাতাড়ির ত্রিসীতা বিশেষ ; A three-grooved tablet.

Trigonometry, trig-o-nom'e-tri, *n.* ত্রিকোণ-মিতি ; গণিত শাস্ত্র বিশেষ ; Measuring of triangles. *a*=trigonometrical (ত্রিকোণ-মিতি সম্বন্ধীয়) ।

Trihedral, *a.* ত্রিসমবাহু ; Having three equal sides.

Trihedron, *n.* সম-ত্রিপার্শ্বিক ক্ষেত্র ; A figure having three equal sides.

Trilateral, tri-lat'ér-al, *a.* ত্রিভুজাকার ঘটিত ; ত্রিবাহুক ; Having three sides ; three-sided.

Trilingual, tri-ling'gwal, *a.* তিন ভাষা সম্বন্ধীয় ; ত্রৈভাষিক ; ভাষাত্রয় ; Consisting of three languages. [three letters.

Triliteral, *a.* ত্র্যক্ষর ; ত্রিবর্ণাত্মক ; Consisting of

Trill, tril, *v. i.* কম্পিত-হ ; কাঁপা ; To quiver : —সরুধারায় পতিত-হ ; ফোঁটা ফোঁটা পড়া :—*v. t.* কম্পিত স্বরে উচ্চারণ-কৃ ; To utter with a tremulous emotion :—*n.* স্বরের কম্পন ; কম্পন ; A quiver or tremulous vibration. [itself.

Trillion, tril'yun, *n.* শত পরার্দ্ধ ; Million twice by

Trilobate, *a* ত্রিখণ্ডিত ; ত্রিপ্রান্তিক । [dramas.

Trilogy, *n.* ত্রিখণ্ড-শেষ নাটক ; A series of three

Triloliate, *a.* ত্রিপত্রক ; Three-leaved.

Trim, trim, *a.* পরিপাটী ; সুসজ্জিত ; পরিষ্কৃত ; Nice ; neat :—ঠিকঠাক ; Firm ; tight :—*n.* পরিচ্ছদ ; সজ্জা ; বেশভূষা ; Dress :—অলঙ্কার ; Ornaments :—অবস্থা ; ব্যবস্থা ; Condition :—*v. t.* সজ্জিত-কৃ ; পরিষ্কৃত-কৃ ; To dress ; to deck ; to make neat :—ছাঁটা ; কাটা ; কর্ত্তন-কৃ ; Clip :—*v. i.* দোলায়মান-হ ; To fluctuate. *ad*=trimly. *n*=trimness. *Syn* :—(*a*) Compact, snug, tidy, cleanly ; spruce, smart, finical. (*v*) Adjust, arrange ; embellish, decorate ; lop ; sheer, dock, curtail.

Trim a lamp—প্রদীপ সাজান ; Make it ready for use by supplying oil and clipping the wick.

Trim off—Lop off excrescences.

Trim the sails—পাইল বিন্যাস-কৃ ; To adjust the sails in the most advantageous manner.

Trim up—ছাঁটা ; Clip ; lop :—ঠিক রাখা ; ঠিক করিয়া পরাণ ; ভূষিত-কৃ ; Put in order.

Trimeter, trim'e-tér, *n.* (পদ্যে) ত্রিমাত্রা বা ত্রিপদ বিশিষ্ট পঙ্‌ক্তি ; A poetical division of verse consisting of three measures.

Trimmer, trim'er, *n.* যে ব্যক্তি দুইদলের কোন পক্ষ অবলম্বন করে না ; One who fluctuates between parties , temporizer :—কালানুবর্ত্তী ; সময়সেবী ব্যক্তি ; A time-server :—সজ্জাকারী ; ব্যবস্থাপক ।

Trimming, trim'ing, *n.* সজ্জা ; অব্যবহিত চিত্রতা ; বস্ত্র প্রসাধন ; Trapping.

Trimonthly, *a.* ত্রৈমাসিক ; Every three months.

Trinitarian, trin-i-tā'ri-an, *n.* ত্রিত্ববাদী ; One who believes the doctrine of the Trinity :—*a.* ত্রিত্ব সম্বন্ধীয় ; Pertaining to the trinity.

Trinitarianism, *n.* ঈশ্বরের ত্রৈমূর্ত্তিকতাবাদ ; The tenets of Trinitarians.

Trinity, trin'i-ti, *n.* ত্রিত্ব ; খৃষ্টান ধর্ম্মে ঈশ্বরের ত্রিত্বভাব ; 'একেই তিন তিনেই এক' এই ত্রয়াত্মক অবস্থা ; The union of *three* in one God-head.

Trinity-Sunday, *n.* খৃষ্টীয় উৎসব বিশেষের রবিবার ; The Sunday next after whit sunday.

Trinket, tringk'et, *n.* অলঙ্কার ; ক্ষুদ্র ভূষণ ; A small ornament, toy or jewel :—সামান্য জিনিস ; A thing of little value.

Trinomial, tri-nō'mi-al, *n.* (বীজগণিতে) ত্রিপদ রাশী ; ত্রিপদাত্মক রাশী , Quantity having three names or terms :—*a.* ত্রিসংজ্ঞাবিশিষ্ট ; Consisting of three terms.

Trio, *n.* মিলিত তিনজন ; ব্যক্তিত্রয় ; A set of three :—তিনটী একত্রে ; A composition for three performers.

Trip, trip, *v. i.* সত্বর পদবিক্ষেপ-কৃ ; শীঘ্র চলা ; To move with quick light steps :—পদস্খলিত-হ ; পা ফস্কিয়া পড়া ; হুঁচট-খাওয়া ; To stumble and fall :—ভ্রম-কৃ ; ভুল-কৃ ; দোষ-কৃ ; অকৃতকার্য্য-হ ; To err ; to fail :—*v t.* পদস্খলিত-কৃ ; পা ফস্কাইয়া-দে ; To cause to stumble by striking the feet :—উল্টাইয়া ফেলা ; To overthrow by taking away support :—ধৃত-কৃ ; ধরা , To catch :—*n.* সত্বর পদনিক্ষেপ ; Light short step :—অল্প ভ্রমণ ; যাত্রা ; An excursion :—ভুল ; ভ্রম , চুক , A false step ; a mistake :—কুস্তির পেঁচ ; ফেলিবার কারণ। A catch by which an antagonist is thrown *Syn* :—(*v*) Skip, hop ; stumble, fall ; mistake, err. (*n*) Skip, hop ; ramble, tour, jaunt , slip, stumble ; failure, error, blunder. [To dance.

Trip it on the last fantastic toe—নৃত্য-কৃ ;

Tripartite, trip'ar-tit, *a.* অংশত্রয়ে বিভক্ত ; তিন ভাগে বিভক্ত ; ত্রিখণ্ডিত , Divided into three parts :—তিন জনের মধ্যে সম্পাদিত , Made between three parties.

Tripartition, trip-ar-ti'shun, *n.* তিন ভাগে বিভাগ ; তিন অংশে ভাগ ; Division into three parts.

Tripe, trip, *n.* আঁতুড়ি ; অন্ত্র , ভুঁড়ি ; The entrails.

Tripedal, trip'e-dal, *a.* ত্রিপাদ ; ত্রিপদবিশিষ্ট ; Having three feet.

Tripetalous, *a.* ত্রিদল ; Having three petals.

Triphthong, *n* ত্রিস্বর-সমাবেশ ; এককালীন উচ্চার্য্য তিনটী স্বরবর্ণ বিশিষ্ট পদাংশ ; তিন বর্ণের একত্র মিলন ; A union of three vowels forming on sound.

Triple, trip'l, *a.* তিনগুণ : তিন ফের ; তেহারা ; Three-fold :—*v. t.* তিনগুণ-কৃ ; ত্রিগুণিত-কৃ ; To treble. *ad*=triply.

A triple star—তিনটী নক্ষত্রের একত্র সমাবেশ।

Triplet, trip'let, *n.* ত্রিপদী শ্লোক ; তিন পংক্তির একত্র মিলন ; Three lines rhyming together :—একদা প্রসূত সন্তানত্রয়। [*n.* তৃতীয় অনুলিপি বা নকল।

Triplicate, *a.* তেহারা ; ত্রিগুণিত ; Three fold :—

Triplicity, *n.* ত্রৈগুণ্য , ত্রিগুণিত অবস্থা।

Tripod, tri'pod, *n.* ত্রিপদী ; তে-পায়া ; টেপাই , A three legged stool. [যন্ত্রত্রয়।

The tripod of life—মস্তিষ্ক , ফুসফুস্ ও হৃৎপিণ্ড এই

Tripos, tri'pos, *n.* কেম্ব্রিজ বিশ্ব-বিদ্যালয়ের পরীক্ষা ; A university examination for honours at Cambridge. [তাহার শেষ পরীক্ষা।

Classical tripos examination—গ্রীক ও লাটিন

Tripos paper—গণিত-শাস্ত্রে পরীক্ষোত্তীর্ণদিগের নামের মুদ্রিত তালিকা।

Tripper, *n.* নর্ত্তক ; নাচক। [dance.

Tripping, *n.* নর্ত্তন বিশেষ ; A light kind of

Catch a man tripping—কাহাকে ভ্রম বা দোষ করিতে-ধৃ। [light quick step.

Tripplingly, *ad.* শীঘ্র ; সত্বর ; দ্রুতপদে ; With a

Triptote, *n.* যে বিশেষ্য পদ কেবল তিন কারকে ব্যবহৃত হয় ; A noun having three cases only.

Triptych, *n.* লিখিবার একপ্রকার ফলক বিশেষ ; A writing table in three parts.

Trireme, tri'rēm (ট্রাইরীম্), *n.* তিন সারি দাঁড়বিশিষ্ট জাহাজ ; A vessel with three banks or rows of oars.

Trisect, tri-sekt', *v. t.* তিন ভাগে বিভক্ত-কৃ ; তিন সমান অংশে খণ্ডিত-কৃ , To cut or divide into three equal parts. *n*=trisection (তিন অংশে বিভাগ)।

Trisyllable, tris-sil-a-bl, *n.* যে শব্দে তিনটী পদাংশ থাকে তাহা ; তিন পদাংশযুক্ত বাক্য ; A word of three syllables. *as*=trisyllabical, trisyllabic (ত্রিপদাংশ বিশিষ্ট)।

Trite, trit, *a.* পুরাতন ; জীর্ণ , সামান্য , সাধারণ , সদা ব্যবহৃত ; Worn out by use , common ; hackneyed :—বাসি ; পর্য্যুষিত , Stale. *ad*=tritely (সাধারণ ভাবে) ; *n*=triteness (সাধারণত্ব)। *Syn* :—Stale, commonplace, threadbare.

Triton, tri'ton, *n.* সমুদ্রের দেবতা ; উপদেবতা বিশেষ ; নেপচুনের শঙ্খবাদক ; A marine demi-god ; a sea-god ; one of the trumpeters of Neptune.

Triturate, trit'ū-rāt, *v. t.* সূক্ষ্মরূপে চূর্ণ-কৃ ; গুঁড়া-কৃ , ঘষণ বা পেষণ-কৃ , To rub or ground to a fine powder. *n*=trituration (চূর্ণন) ; *a*=triturable (সূক্ষ্মরূপে চূর্ণনীয়)। *Syn* :—Bruise, pound, beat, pulverize.

Triumph, tri'umf, *n.* উৎসব বিশেষ , দৃশ্য , Solemn procession in honour of a victorious general : show :—বিজয় ; জয়জয়কার ; Victory :—কোনও কার্য্যে সফলতার জন্য আনন্দ বা হর্ষ ; বিজয়োৎসব ; উল্লাস ; Joy for success :—*v. i.* বিজয়োৎসব-কৃ ; বিজয়ার্থ উৎসব-কৃ ; আনন্দ প্রকাশ-কৃ ; To celebrate a victory with pomp ; to rejoice for success :—জয়ী-হ ; জয়লাভ-কৃ ; To obtain victory :—সৌভাগ্যশালী-হ , উন্নতিশালী-হ , To be prosperous. *Syn* :—(*n*) Conquest, achievement ; ovation, exultation. (*v*) Exult, rejoice , prevail, succeed, flourish.

In triumph—ডঙ্কা মারিয়া ; উল্লাসে।

Triumph over—জয়লাভ-কৃ ; Obtain the victory over ; insult a person upon an advantage gained :—শ্রেষ্ঠ-হ ; Be superior to :—অতিক্রম করিয়া উঠা ; Surmount.

Triumphal, tri-umf'al, *a.* জয়সম্বন্ধীয় ; জয়সূচক ; বিজয়সূচক ; Pertaining to triumph , used in celebrating victory , indicating a triumph.

Triumphal arch—জয়-তোরণ ; Magnificent structure erected to adorn a triumph and perpetuate the memory of an event.

Triumphant, tri-umf'ant, *a.* জয়ী ; জয়হেতু ; আনন্দপ্রকাশক ; জয়োল্লাসযুক্ত , Victorious. *ad*=triumphantly (মহা-সমারোহে ; জয়োল্লাসসহকারে)। *Syn* :—Successful ; exultant, elated, boastful.

Church triumphant—The Church in heaven enjoying a state of triumph.

Triumvir, tri-um'vir, *n.* শাসনকার্য্যে মিলিত ব্যক্তিত্রয়ের একজন; An association of three men in office; one of three men in the same office or government. *pl*=triumviri.

Triumvirate, tri-um'vi-rāt, *n.* ত্রিজন শাসন; ব্যক্তিত্রয়ের মিলিত রাজ্য শাসন বা ভংকাল; Government of three men.

Triune, *a.* ত্র্যাত্মক; Being three in one.

Trivet, triv'et, *n.* তে-পায়া বিশেষ; Three-legged iron frame.

Trivial, triv'e-al, *a.* [F. from L. *trivialis*, common] সামান্য; নগণ্য; তুচ্ছ; অকিঞ্চিৎকর; Trifling; worthless; paltry. *n*=trivialness; triviality (ক্ষুদ্রতা; তুচ্ছ পদার্থ); *ad*=trivially. *Syn* :—Common, ordinary, vulgar; inconsiderable, petty, small, unimportant, immaterial, insignificant.

Trivium, *n.* ত্রিবিদ্যা; (ব্যাকরণ, অলঙ্কার ও ন্যায় শাস্ত্র)।

Triweekly, *a.* সপ্তাহে তিনবার প্রকাশিত বা ঘটিত: —*n.* সপ্তাহে তিনবার প্রকাশিত সংবাদপত্র।

Trocar, Trochar, *n.* সূচী বিশেষ।

Trochee, trō'kē, *n.* কবিতা; ছন্দ বিশেষ; দ্ব্যক্ষর পদ বিশেষ; A foot of first long and the second short syllable. *as*=trochaic, trochaical (উক্তপদবিশিষ্ট)।

Trod, Trodden, *pt.* and *pp* of *tread*.

Troglodyte, *n.* গুহাবাসী অসভ্য মনুষ্য।

Trojan, trō'jan, *a.* প্রাচীন ট্রয়-নগর সম্বন্ধীয়; Pertaining to ancient Troy :—*n.* তন্নগর-বাসী, An inhabitant of Troy :—বৃদ্ধ সৈন্য; প্রাচীন সৈনিক; An old soldier.

Troll, trōl, *v. t.* গড়ান; গড়াইয়া-দে; ঘুরান; পাক-দে; To move circularly; to make to roll round :—পরে পরে গাওয়া; To sing the parts of in succession :—হুইলের ছিপ দিয়া মাছ-ধৃ; To fish with a rod of which the line runs on a wheel :—*v. i.* গড়াইয়া-যা; ঘুরিয়া বেড়ান; To roll; to run about :—*n.* গান; A song :—আবর্ত্তন; A round. *n*=troller.

Trolley, Trolly, *n.* ঠেলা-গাড়ী।

Trollop, trol'up, *n.* নোংরা স্ত্রীলোক; পেতনী; অসংবৃত-বসনা রমণী; A strolling, loitering woman; a woman loosely dressed; slattern; slut.

Trombone, *n.* বাদ্যযন্ত্র বিশেষ; শিঙ্গা বা সানাই; A musical instrument of the trumpet kind.

Troop, trōōp, *n.* জনতা; সম্প্রদায়; দল; A collection of people; a company :—*pl.* সৈন্যগণ; সেনা; ফৌজ; Soldiers taken collectively; an army :—অশ্বারোহী সৈন্য; A small body of cavalry :—*v. i.* দল বাঁধিয়া যাওয়া; দলে দলে যাত্রা-কৃ; দ্রুত যাত্রা-কৃ; To gather in numbers; to march in a company or in haste. *Syn* :—Crowd, assemblage, multitude, company, band, gang, crew, squad.

Trooper, trōōp'er, *n.* অশ্বারোহী সৈনিক; A private cavalry soldier.

Troop-ship, *n.* সৈন্য-প্রেরণার্থ জাহাজ; A transport.

Trope, trōp, *n.* [Gr. *trepo*, to turn] রূপক; এক শব্দাত্মক অলঙ্কার; A word used figuratively; a figure of speech; metaphor.

Trophied, *a.* জয়চিহ্নে ভূষিত; বিজয়চিহ্নে শোভিত; Adorned with trophies.

Trophy, trō'fi, *n.* জয়-চিহ্ন; Monument of victory; a memorial of a victory; sport of war, as monument of victory.

Tropic, trop'ik, *n.* অয়নান্ত বৃত্ত; One of the two circles paralled to the equator, between which the sun's yearly path in the heavens is contained.

Tropic, trop'ik, **Tropical,** trop'ik-al, *a.* গ্রীষ্মমণ্ডল সংক্রান্ত; Pertaining to the tropics; being within the tropics. *ad*=tropically.

Topical, trop'ik-al, *a.* [G. *tropikos*, from *trepein*, to turn] রূপক; Figurative; metaphorical; not literal :—Belonging to the tropics.

Tropical, *a.* আলঙ্কারিক; Figurative. *ad*=tropically. [মকরক্রান্তি; Hot climates.

Tropics, *n. pl.* গ্রীষ্মপ্রধান দেশ; গ্রীষ্মমণ্ডল; কর্কট ও

Tropology, *n.* বাক্যালঙ্কারে ভাব প্রকাশ; A figurative mode of speech. *a*=tropological (বাক্যালঙ্কার দ্বারা সূচিত বা পরিবর্ত্তিত)।

Trot, trot, *v. i.* কদমে চলা; লাফাইয়া চলা; তাড়াতাড়ি দৌড়ান; To walk or move fast; to run :—*v. t.* কদমে ধাবিত করা বা চালান; To ride at a trot :—*n* অশ্বের কদম; ঘোটকের গতি; দ্রুত চলন; The pace of a horse or other quadruped between a walk and canter. *n*=trotter (দ্রুতগামী অশ্বাদি)।

Troth, troth, *n.* বিশ্বাস; সত্য, প্রতিজ্ঞা; বাগ্দান; Faith; fidelity. *Syn* :—Belief; veracity.

Plighted troth—অখণ্ডনীয় প্রতিজ্ঞা; প্রদত্ত বাক্।

Troubadour, trōō'ba-dōōr, *n.* ফ্রান্সদেশের কবি, One of a school of poets from the 11th to the 13th century chiefly in France.

Trouble, trubl, *n.* কষ্ট; ক্লেশ; দুঃখ, অসুখ; উপদ্রব; বিরক্তি; Disturbance; sorrow; misfortune, vexation :—*v. t.* কষ্ট-কৃ; ব্যস্ত-কৃ, বিরক্ত-কৃ; Disturb, perplex; grieve, vex :—আলোড়িত-কৃ; To agitate. *Syn* :—(*n*) Affliction, distress, suffering, calamity, adversity, misery; annoyance, inconvenience, embarrassment, perplexity, plague, torment. (*v*) Disorder, derange; distress, afflict, harass, annoy, tease.

Take the trouble—কষ্ট স্বীকার-কৃ, Be at pains.

Trouble one's self—বিরক্ত-হ, কোন কিছু লইয়া ব্যস্ত-হ; To be solicitous for; to be annoyed or perplexed or disturbed by.

Trouble oneself about—কোন বিষয় লইয়া আপনি ব্যস্ত হওয়া বা কষ্ট পাওয়া; Make oneself uneasy about (some matter).

Trouble one's head about—কোন বিষয় লইয়া মাথা ঘামান; Puzzle one's head by thinking over some intricate question.

Troublesome, trubl-sum, *a.* বিরক্তিজনক; দুঃখজনক; ক্লেশজনক; পীড়াদায়ক; Vexatious; causing trouble; importunate. *Syn* :—Uneasy, perplexing, harassing, annoying, disgusting, irksome, afflictive, burdensome, tiresome.

Troublous, trublus, *a.* ক্লেশপূর্ণ; দুঃখপূর্ণ; উৎকণ্ঠাজনক; Full of troubles or disorder. *Syn* :—Agitated, tumultuous; afflictive, troublesome.

Trough, trof, *n.* বারকোষ; Long tray :—জলপাত্র; কাঠাধার; A long vessel for water :—পয়োনালী বিশেষ; A long narrow channel. [খোল।

The trough of the sea—দুইটী সাগরতরঙ্গের মধ্যস্থিত

Trounce, *v. i.* অত্যন্ত প্রহার-কৃ; সাজা-দে; To beat severely. [company.

Troupe, (ট্রুপ্), *n.* যাত্রার দল; নাট্য সম্প্রদায়; A

Trousers, trow'zėrz, *n. pl.* ঢিলা পাজামা, ইজের; Man's loose garment covering each leg; pantaloons.

Trousseau, (ট্রুসো) *n.* নবোঢ়ার লঘু বসন ভূষণ; The equipment of a bride's outfit. *pl*=trousseaux.

Trout, trowt, *n.* মৎস্য বিশেষ; A fresh-water.

Trover, *n.* কুড়াইয়া পাওয়া বা অন্যরূপে হস্তগত পরদ্রব্যের দখল; The gaining possession of any goods. [believe; to think

Trow, trō, *v. i.* বিশ্বাস-কৃ, অনুমান-কৃ; বোধ-কৃ. To

Trowel, trow'el, *n.* কর্ণিক; রাজমিস্ত্রীর যন্ত্র, খনিত্র বিশেষ; A tool used in spreading morter and in gardening. [অত্যন্ত তোষামোদ-কৃ।

Lay on with a trowel—কর্ণিক দিয়া চারান:—

Trowsers—See Trousers.

Troy, troy, **Troy-weight,** troy-wāt, *n.* স্বর্ণাদির তৌলমান; ওজন বিশেষ, The weight used by goldsmith and jewllers.

Truant, trōō'ant, *n.* অলস বেয়াড়া ছেলে; বয়াটে ছেলে, যে ছেলে বিদ্যালয়ে না যাইয়া পলাইয়া বেড়ায়; An idler; a boy who idly or without excuse, stays away from school —*a.* পলাতক; অলস; Loitering; idle.

To play truant—বিদ্যালয় হইতে পলাইয়া বেড়ান।

Truce, trōōs, *n.* ক্ষণিক বিরতি, বিরাম; অল্পক্ষণের জন্য শান্তি; সন্ধি প্রস্তাব; A temporary peace or cessation of hostilities. *Syn* :—Armistice, short rest, intermission, cessation.

A flag of truce—শ্বেত পতাকা।

Truck, truk, *v. t.* বিনিময়-কৃ; বদল-কৃ; To barter; to exchange.—*v. i.* বিনিময়ে ব্যবসা-কৃ; To traffic by exchange:—*n.* বিনিময়, পরিবর্তন; বদল, ব্যবসায়; কারবার; Exchange of goods, barter — শকট, (রেলের) মালের গাড়ি, A cart.

Truckage, trukāj, *n.* বিনিময় কার্য, দ্রব্য বিনিময়, The practice of battering goods:—রেলওয়ে শকটে শুল্ক ভার বহনের ভাড়া, Charge for conveyance on a truck.

Truckle, trukl, *v. i.* [Ger. *truggeln*, to flatter] অন্যের সম্পূর্ণ বশীভূত-হ, অধীন-হ; নীচভাবে কার্য-কৃ, To yield meanly, to act with servility:—*n.* ছোট চাকা; A small wheel, a caster. *Syn* —(*v*) Submit, cringe, crouch, knuckle.

Truckle-bed, trukl-bed, *n.* চাকাদার নিচু খাট, A low bed that runs on wheels.

Truck-system, *n.* শ্রমিকদিগের বেতন টাকায় না দিয়া জিনিসে দিবার রীতি বা ব্যবস্থা, মজুরদিগকে অর্থের বদলে দ্রব্যে তাহাদের পারিশ্রমিক দিবার রীতি; The practice of paying workmen in goods instead of money.

Truculent, trōō'kū-lent, *a.* নিষ্ঠুর, ক্রুর; নির্দয়, Cruel; savage; barbarous:—ভয়ঙ্কর; ভীষণ; Fierce; ferocious. *n*=truculence (অসভ্যতা, ক্রূরতা); *ad*=truculently (অসভ্যভাবে; ক্রূরভাবে)। *Syn* :—Fell, barbarous, ruthless, bloodthirsty.

Trudge, truj, *v. i.* আস্তে আস্তে চলা, কষ্টে গমন-কৃ, শ্রান্ত হইয়া চলা; To travel with labour; to walk slowly on foot; to walk with labour.

True, trōō, *a.* সত্য; প্রকৃত; যথার্থ; Not false; agreeing with fact.—বিশ্বস্ত; বিশ্বাসী; Faithful; trusty:—ঠিক; সত্যনিষ্ঠ; নির্ভুল; Right; exact; certain:—ন্যায়বান; Honest:—আসল; অকৃত্রিম; Genuine:—বিশুদ্ধ; Pure. *n*=trueness (যথার্থতা; প্রকৃতত্ব)। *Syn* :—Real, actual, veritable; accurate, correct; veracious, truthful, sincere, upright, honest, pure; constant, steady, loyal.

Be true of—কোন বিষয় বা কাহারও সম্বন্ধে ঠিক খাটা; Be true or correct in regard to.

Be true to oneself—নিজ বিশ্বাসানুসারে কার্য-কৃ; স্বভাবানুরূপ কার্য-কৃ; Be faithful to one's convictions, act conformably to:—দৃঢ়রূপে কাহার পক্ষ বা কোন নীতি অবলম্বন-কৃ; Be faithful to.

Out of true—হেলানিয়া, ঠিক খাড়া নহে।

True to nature—স্বাভাবিক, Natural.

True to one's words—সত্যসন্ধ; যে কথা সেই কাজকরণশীল। [steadfastness.

True blue, *a* সৎ; Of inflexible honesty and

True-born, *a* সুজাত।

True-bred, *a.* সুশিক্ষিত; আসল।

True-hearted, *a.* বিশ্বাসী; সরল; অকপট; সাধু, Faithful. [loving.

True-love, *n.* প্রেমিক; One truly loved or

True-love knot, *n.* Knot of so many interwoven lines that it is hard to untie it.

True-penny, *n.* সৎ লোক; Honest fellow.

True-souled, *a.* সরল; Sincere.

Truffle, *n.* মৃত্তিকার অভ্যন্তরজাত ছত্রক বিশেষ; A roundish underground fungus used in cookery. *a*=truffled.

Truism, troo'izm, *n* স্বতঃসিদ্ধ সত্য; A plain or self-evident truth.—নিঃসন্দেহ বাক্য; An undoubted truth; a self evident. *Syn* :—Commonplace, platitude [strumpet.

Trull, *n.* দুষ্টা নারী, বেশ্যা; পুংশ্চলী, A drab; a

Truly, *ad* যথার্থরূপে, ঠিক, ঠিকঠাক; যথাযথভাবে, বাস্তবিকই, Exactly, justly:—বিশ্বস্তভাবে, Faithfully, sincerely —সাধুভাবে, Honestly.

Trump, trump, *n.* তুরী; A trumpet:—তুরুপ; (তাস খেলার রঙ), A winning card; the card that wins —ভাল লোক, বেশ লোক, A good fellow: —*v. i.* তুরুপ মারা, To play a trump card:—*v. t.* তুরুপ করিয়া লওয়া, To play a trump card upon.

To hold trumps—(রঙ্ থাকায়) হাত ভাল-হ; সৌভাগ্যবান থাকা।

To put to one's trumps—যথাসাধ্য চেষ্টা-কৃ।

To reduce to the trumps—To reduce to the last expedient or the utmost exertion of power [উপস্থিত-কৃ; To devise, to fabricate.

Trump up—কল্পিত-কৃ; উদ্ভাবন-কৃ, গড়া; সাজাইয়া

Trump-card—তুরুপ সর্বোৎকৃষ্ট উদ্যম; The card that wins; winning card, the successful venture or effort; the best effort.

Hold the trump-card—কোন বিশেষ ক্ষমতা হাতে থাকা, Have some great power in one's hands.

Play one's trump-card—জয়াশা বিলক্ষণ আছে এমনতর উপায় হাতে থাকা (যে তাসে বাজি জেতা যায় তাই বাহির-কৃ); পাকা চাল চালা; তুরুপ ছাড়া; Employ measures having the best chance of success.

Trumpery, trump'er-e, *n.* বাজে কথা; Boastful or empty talk:—মিথ্যা; Falsehood:—তুচ্ছ পদার্থ; Trifles:—প্রতারণা; প্রবঞ্চনা; Deception:—তুচ্ছ বিষয়; Worthless but showy matter:—*a.* অসার;

তুচ্ছ ; ঠকানিয়া ; Worthless ; deceitful ; paltry. *Syn* :—(*n*) Trash, rubbish, nonsense.

Trumpet, trump'et, *n.* তুরী ; শিঙ্গা ; রণশৃঙ্গ ; A wind instrument of music :—প্রশংসাকারক ; One who praises :—*v. t.* প্রচার-কৃ ; To publish :—প্রশংসাবাদ-কৃ ; প্রশংসা-কৃ ; To sound the praises of :—তুরী দ্বারা ঘোষণা-কৃ ; রণশৃঙ্গ বাজান ; ধ্বনিত-কৃ ; To proclaim by sound of trumpet.

A speaking trumpet—মুখে উচ্চারিত শব্দ উচ্চৈঃস্বর করিবার জন্য শৃঙ্গবৎ যন্ত্র বিশেষ।

Blow one's own trumpet—নিজের গুণ নিজে গাওয়া, আপনার প্রশংসা আপনিই-কৃ ; Speak boastfully of one's own deeds.

Flourish of trumpets—আড়ম্বর ; Ostentatious and noisy display of one's importance.

Trumpeter, trump'et-ér, *n.* তুরীবাদক ; Blower of a trumpet :—প্রশংসাকারী ; প্রচারক ; Praiser ; one who denounces :—কপোতবৎ পক্ষিবিশেষ ; A kind of pigeon. [fish.

Trumpet-fish, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ ; A sea-

Trumpet-flower, *n.* ধুতুরা ফুল।

Trumpet-shaped, *a.* ধুতুরা ফুলাকার।

Trumpet-tongued, trump'et-tungd, *a.* উচ্চশব্দবিশিষ্ট ; উচ্চৈঃস্বর, ভীমনাদী ; উচ্চকণ্ঠ ; Having a tongue or voice loud as a trumpet.

Truncate, *v. t.* কর্ত্তন-কৃ, কাটা ; ছাঁটা ; To cut off, to lop, to maim :—*a.* যে পাতার ধার কাটা কাটা। *n* = trancation.

Truncheon, truńshun, *n.* আসাসোঁটা ; মুষল ; দণ্ড ; যষ্টি ; ক্ষুদ্র লগুড়, A short staff, cudgel ; genaral's baton —*v t.* যষ্টি প্রহার-কৃ ; To beat with a truncheon ; to cudgel. *Syn* .—(*n*) Cudgel, club, baton, partisan.

Trundle, truńdl, *n* চাকা ; A little wheel ; a track —গোল দ্রব্য, A round body :—*v t* চাকার উপর গড়াইয়া চালান, To roll, as on wheels :—*v i* চাকার উপর গড়াইয়া-যা ; To roll.

Trundle-bed, truńdl-bed, *n.* চক্রোপরিস্থ শয্যা ; A bed moving on low wheels ; a truckle-bed.

Trunk, trungk, *n.* গাছের গুঁড়ি, বৃক্ষকাণ্ড ; The steam of a tree :—অঙ্গহীন শরীর, হস্তাদিশূন্য শরীর ; ধড়, The body of an animal apart from the limbs :—হস্তিশুণ্ড ; শুঁড় ; The proboscis of an elephant :—স্তম্ভের কাণ্ড ; The shaft of a column : —লম্বা নল, *Hollow* shaft :—তোরঙ্গ, পেটিরা ; A chest for clothes :—বস্তুর প্রধান ভাগ ; The main body of anything :—*a* প্রধান ; Main ; central, chief. *Syn* :—Stem, stalk ; body ; proboscis, snout ; chest, box, portmanteau.

Headless trunk—কবন্ধ।

Trunked, *a.* কাণ্ডবিশিষ্ট, Having a trunk.

Trunk-hose, *n.* পা-জামা বিশেষ ; *Large breeches.*

Trunk-line, trungk-lin, *n.* লৌহবর্ত্মের প্রধান পথ ; *Main line of a railway or canal.*

Trunnion, *n.* গাড়ির উপরে লাগাইবার নিমিত্ত কামানের কীলক ; A knob projecting on each side of a gun, and serving to support it on the carriage.

Truss, trus, *n.* অন্ত্রবৃদ্ধি রোগে ব্যবহৃত বন্ধনী ; Bandage used in cases of hernia :—আঁটি, ঘাসের বোঝা ; মোট ; রাশী ; *A bundle of hay* ; *a bundle* :—*v. i.* দৃঢ়রূপে আবদ্ধ-কৃ ; বাঁধা ; বন্ধন-কৃ ; To bound up ; to pack close :—গাঁট বাঁধা ; To furnish with a truss.

Truss up—আঁটসাঁট করিয়া বাঁধা।

Trust, trust, *n.* প্রত্যয় ; বিশ্বাস ; Confidence ; belief :—বিশ্বাস ; নির্ভর, Faith :—ধার ; ভবিষ্যতে দাম দিবে এই আশায় মাল সরবরাহ ; Credit on promise of payment :—আশা ; ভরসা ; Hope :—জিম্মা ; ন্যস্ত দ্রব্য ; অপরের বিষয়ে অধ্যক্ষতা ; Something committed to one's faith :—দায়িত্ব ; ভার ; Charge :—বিশ্বাসভূমি, Ground of reliance :—*v. t.* বিশ্বাস-কৃ ; To believe :—হাওলাতে বেচা ; ধারে বিক্রয়-কৃ ; To sell upon credit :—ন্যস্ত-কৃ ; কার্য্যভার-দে ; To commit to the care of :—প্রত্যয়-কৃ ; নির্ভর-কৃ ; To place trust in :—আশা-কৃ ; Expect :—*v. i.* নির্ভর-কৃ ; বিশ্বাস-কৃ ; Rely upon :—*a.* গচ্ছিত ; ন্যস্ত ; Held in trust. *n* = truster. *Syn* :—(*n*) Credence, assurance, expectation ; charge, deposit ; commission, duty ; credit, tick. (*v*) Depend on ; be confident, be credulous.

Hold in trust for—কোন লোকের হিতার্থে কোন সম্পত্তি নিজের হাতে রাখা ; গচ্ছিত সম্পত্তি রক্ষা-কৃ ; কোন লোকের হিতার্থে কোন ক্ষমতা ধারণ-কৃ ; Have in one's keeping for the benefit of another ; be entrusted with or stand possessed of some power in behalf of another.

Take on trust—বিনা পরীক্ষায় বিশ্বাস-কৃ ; Believe without examimation ; accept as true without proof. [নির্ভর-কৃ ; Rely on.

Trust in—বিশ্বাস-কৃ ; প্রত্যয়-কৃ ; Confide in :—

Trust to—নির্ভর-কৃ ; Rely on :—কাহারও হাতে অর্পণ-কৃ, Entrust to.

Trust to a broken reed—নিরর্থক আশা-কৃ ; Rely upon that which is weak and deceptive ; to expect vainly. [to chance.

Trust to the chapter of accidents—Trust

Trust deed—যে দলিলে কোনও সম্পত্তি অন্যের তত্ত্বাবধানে রাখা হয়।

Trustee, trus-tē', *n.* অছি ; যাহার হস্তে কোন সম্পত্তি ন্যস্ত করা হয় ; যাহার কাছে বিশ্বাসপূর্ব্বক কোন ধনসম্পত্তি গচ্ছিত রাখা হয়, গচ্ছিত সম্পত্তির তত্ত্বাবধায়ক ; জিম্মাদার ন্যাসকারী, One to whom the management of a property is committed.

Trustful, trust'fool, *a.* বিশ্বাসযোগ্য ; বিশ্বাস্য ; Worthy of trust :—বিশ্বাসী, বিশ্বাসকারী ; Faithful.

Trustless, *a.* অবিশ্বস্ত ; Faithless.

Trust-worthy, trust'wur-thi, *a.* বিশ্বাসযোগ্য ; বিশ্বাস্য ; বিশ্বাসভাজন ; বিশ্বস্ত, Worthy of trust or confidence.

Trusty, truste', *a.* সৎ ; সাধু, বিশ্বাসী ; বিশ্বাসের উপযুক্ত ; Honest ; faithful ; trustworthy ; reliable :—বলবান ; দৃঢ় ; Strong, firm. *n*=trustiness.

Truth, trōōth, *n.* তথ্য ; সত্য ; যাথার্থ্য ; সত্যতা ; Fact ; conformity to fact or reality :—বিশ্বস্ততা ; Fidelity :—সত্যবাদিতা ; সত্যবাদিত্ব ; Veracity :—সত্যধর্ম্ম। *Syn* :—Fact, reality, verity, principle, law, axiom ; truthfulness, honesty, veracity, sincerity, integrity ; faithfulness, fidelity, constancy, exactness, accuracy, precision.

In truth—বাস্তবিক ; প্রকৃতপক্ষে ; বস্তুতঃ ; In reality ; in fact. [বাস্তবিক, In reality ; certainly.

Of a truth, For a truth—নিঃসন্দেহ ; নিশ্চয়ই ;

To do truth—ঈশ্বরের আজ্ঞা পালন-কৃ।

To tell the truth, If the truth must be told—আসল কথা বলিতে গেলে ; বলিতে কি ; সত্য বা

প্রকৃত কথা বলিতে হইলে ; If what is really the case is to be mentioned.

Truthful, trōōthfōōl, *a.* সত্যবাদী ; সত্যপ্রিয় ; সত্যপূর্ণ ; যথার্থ ; Conformable to truth :—বিশ্বাসযোগ্য ; Reliable. *ad*=truthfully (সত্যবাদপূর্ব্বক) ; *n*= truthfulness (সত্যবাদিতা) ৷ *Syn* :—Correct, true, accurate ; veracious, honest, candid, sincere, reliable, trustworthy.

Truthless, trōōthles, *a.* সত্যহীন ; Destitute of truth. *Syn* :—False, untrue ; unreliable, untrustworthy, unveracious, lying.

Try, tri, *v. t.* চেষ্টা-কৃ ; To attempt :—পরীক্ষা-কৃ ; প্রমাণ-কৃ ; To examine ; to test :—অনুভব-কৃ ; To experience :—বিচার-কৃ ; To examine, as a judge : —বিশুদ্ধ-কৃ ; নির্ম্মল-কৃ ; পরিষ্কার-কৃ ; To purify :—প্রলোভিত-কৃ ; To tempt :—মীমাংসা-কৃ ; স্থির-কৃ ; To decide :—পীড়িত-কৃ ; To strain :—*v. i.* চেষ্টা করা ; চেষ্টা করিয়া দেখা ; যত্ন-কৃ ; To endeavour ; to make an effort. *Syn* :—Endeavour, strive, struggle, labour, aim ; test, prove.

Try back—পিছু হাটিয়া অনুসন্ধান-কৃ ৷

Try conclusions with—কাহারও সহিত পাছড়াপাছড়ি করিয়া দেখা ৷

Try it on—কতদূর হয় চেষ্টা করিয়া দেখা ৷

Try on—চেষ্টা-কৃ ; গায়ে হয় কি না পরিয়া দেখা ৷

Try one's hand—চেষ্টা-কৃ ; হাত লাগাইয়া দেখা ; Attempt.

Try one's luck (fortune or chance)—অদৃষ্ট পরীক্ষা-কৃ ; অদৃষ্ট খোলে কিনা দেখা ; ভাগ্য পরীক্ষা করিয়া দেখা ; Attempt something the issue of which is particularly uncertain ; see if fortune will favour one. [eyes.

Try the eyes to—To over exert or strain the

Trying, trī'ing, *a.* পরীক্ষাকারী ; Adopted to try ; examining :—কঠোর : কঠিন ; Searching ; severe : —কষ্টকর ; ক্লেশদায়ক ; Painful. *Syn* :—Testing, proving ; afflicting, grievous, distressing, hard.

Trysail, *n.* পাইল বিশেষ ; A fore-and-aft sail.

Tryst, *n.* মিলিবার কথা , মিলনার্থ সঙ্কেত স্থান ; An appointment to meet ; appointed place of meeting. [নিমিত্ত সঙ্কেত-স্থানে অপেক্ষা-কৃ ৷

Bide tryst—কাহারও সহিত নির্দ্দিষ্ট সময়ে মিলিবার

Trysting, *n.* নির্দ্দেশ ; সঙ্কেত ৷ [সমবেত হয় তাহা ৷

A trysting day—পূর্ব্বনির্দ্দিষ্ট যে দিনে সঙ্কেতস্থানে

Tsar, zar, *n.* রুশিয়ার সম্রাটের উপাধি ; Czar.

Tsetse, *n.* দক্ষিণ আফ্রিকাস্থ মক্ষিকা বিশেষ ; An African fly.

Tub, tub, *n.* টব ; কেটো ; কেটুয়া ; বাক্স ; Half cork of wood or large pail ; an open wooden vessel ; small cork. *a*=tubby.

A tale of a tub—বাজে গল্প ৷

Tube, tūb, *n.* নল ; চুঙ্গী ; চোঙ ; Pipe :—প্রণালী ; খাল ; A canal :—*v. t.* চোঙ বসান ; নলবিশিষ্ট-কৃ ; Furnish with tube.

Tuber, tū'bėr, *n.* কন্দ ; মোটা শিকড় ; মূল ; আলু ; A knob in roots ; a fleshy rounded, underground root, as the potato. *a*=tuberous , tuberose (মূলবিশিষ্ট ; মূলকন্দ) ৷

Tubercle, tū'bēr-kl, *n.* ব্রণ বিশেষ ; স্ফোটক ; A pimple ; small hard tumour ; disease destructive of the lungs. *a*=tubercled, tubercular (ব্রণবিশিষ্ট ; যান্ত্রিক রোগযুক্ত) ৷

Tuberculosis, *n.* যান্ত্রিক ব্রণ-ব্যাধি ; ফুস্ ফুস্ বা অস্থিকাদির ক্ষয়রোগ ; যক্ষ্মা ৷

Tube-well, *n.* নলকূপ ৷ [tubes.

Tubing, *n.* চোঙ নির্ম্মাণ ; The act of making

Tubular, tub'ūlar, *a.* নলাকৃতি ; Having the form of a tube or pipe :—নলাকার ; নলাত্মক ; Consisting of a tube or pipe.

Tubulated, Tubulous, *a.* ক্ষুদ্র চোঙবিশিষ্ট ; Furnished with a small tube. [pipe.

Tubule, tūbūl, *n.* ক্ষুদ্র নল ; A small tube or

Tuck, tuk, *n.* জামার ভাঁজ ; পোষাকের ভাঁজ ; A horizontal sewed fold in a garment :—ঘন জাল : —হুখাদ্য :—*v. t.* ভাঁজ-কৃ ; জড়ান ; To fold under :—গুটান ; গুড়ান ; To gather up :—আবৃত-কৃ ; To inclose by pushing the clothes closely around.

Tucker, *n.* স্ত্রীলোকের বুকের কাপড় ; A cloth for covering the bosom of women.

Truck-net, *n.* ছোট জাল ৷

Tuck-shop, *n.* ময়রার দোকান ৷

Tuesday, tūzdā, *n.* মঙ্গলবার , The third day of the week. [rock.

Tuff, *n.* সছিদ্র শিলামাত্র ; Any soft or porous

Tuft, tuft, *n.* কেশগুচ্ছ ; Knob, bunch, a lock of hair, feathers &c. :—ঘাস বা পুষ্পের গুচ্ছ ; স্তবক ; গুচ্ছ ; গোছা ; থোবা ; ঝাড় , Cluster of grass &c. , a dense head of flowers :—*v. t.* গোছা-কৃ ; থোবা দিয়া সাজান ; স্তবকে স্তবকে ভাগ-কৃ , To separate into tufts, to adorn with tufts. *Syn* :—(*n*) Knot, bunch , cluster, clump ; crest, plume.

Tufted, *a.* গুচ্ছিত ; বুটনদার থোবাবিশিষ্ট ; ঝাড় বাঁধা ৷

Tuft-hunter, tuft-hunt'ėr, *n.* বড়লোকের সহচর ; খোসামোদকারী ; One who runs after men of title, parasite , a mean hanger-on of the great.

Tug, tug, *v. t.* টানা ; To drag along ; to pull with effort :—*v. i.* বলপূর্ব্বক আকর্ষণ-কৃ ; সবলে টানা ; জোরে টানা ; To pull with effort :—*n.* আকর্ষণ ; সবলে টান ; A strong pull :—বাষ্পীয়-তরি বিশেষ ; A steam vessel. *Syn* :—(*v*) Drag, haul, pull ; labour, struggle, strive.

Tug of war—সমরসঙ্কট ; কোন কাজের কঠিনভাগ ; দড়ি-টানাটানি ; রজ্জু-আকর্ষণ ; The harassing toils, the dangers, and the expenditure attending warfare.

Tug-boat, *n.* আকর্ষণার্থ বাষ্পীয় নৌকা ৷

Tuition, tū'ish-un, *n.* শিক্ষা ; অধ্যাপন ; উপদেশ ; Teaching :—রক্ষণাবেক্ষণ ৷ *a*=tuitionary. *Syn* :—Instruction, education, discipline, training.

Tulip, tū'lip, *n.* ক্ষুদ্র বৃক্ষ বিশেষ ; A bulbous plant :—সুন্দর পুষ্প বিশেষ ; A beautiful flower.

Tulip-shell, *n.* শঙ্খ বিশেষ ৷ [net or lace.

Tulle, *n.* রেশমের সূক্ষ্ম জরি বা জাল ; A kind of silk

Tumble, tumbl, *v. i.* গড়াইয়া-যা ; গড়ান ; To roll :—পতিত-হ ; To fall or knock suddenly to the ground :—অঙ্গ সঞ্চালন-কৃ , To twist the body, as a mounte-bank :—*v. t.* নিক্ষেপ-কৃ ; To throw about while examining over :—উল্টাইয়া ফেলা ; উলটপালট-কৃ ; To turn over :—*n.* পতন ; A fall :—গড়াইয়া পড়ন , The act of trumbling. *Syn* : —(*v*) Fall ; toss, heave, pitch ; precipitate ; rumple, disturb, derange.

Tumble-down, *a.* পতনোন্মুখ ; ভগ্ন ৷

Tumble-dung, *n.* গুবরে পোকা বিশেষ ৷

Tumbler, tumblér, *n.* যে ব্যক্তি গড়াইয়া পড়ে; One who tumbles :—বাজীকর; Juggler :—কপোত; লোটন পায়রা; A domestic pigeon :—পানপাত্র; A large drinking-glass.

Tumbrel, Tumbril, *n.* তিন চাকার গাড়ি বিশেষ; A three wheeled cart; a dog-cart :—ঝুড়ি বিশেষ।

Tumefaction, *n.* স্ফীতি; ফুলা; স্ফোটক; A swelling; a tumour.

Tumefy, tū'me-fi, *v. t.* স্ফীত-কৃ; ফুলান; To raise into a tumour; to cause to swell :—*v. i.* স্ফীত-হ; ফাঁপা; ফুলা; To swell. *n*=tumefaction.

Tumid, tū'mid, *a.* [L. *tumidus*, from *tumere*, to swell] স্ফীত; বর্দ্ধিত; উচ্চ; জমকাল; শব্দাডম্বড়া; Inflated; falsely sublime; bombastic. *n*= tumidness, timidity (স্ফীতত্ব; স্ফীতাবস্থা)। *ad*= tumidly (জাঁকালভাবে)। *Syn* :—Swelled, swollen, enlarged, distended, protuberant; turgid, pompous; swelling.

Tumor, Tumour, tū'mor, *n.* স্ফোটক; ফোড়া; আব; Morbid swelling :—স্ফীতাবস্থা।

Tump, *n.* ক্ষুদ্র পর্ব্বত; ছোট শৈল. Hillock.

Tumular, *a.* স্তূপাকার; Formed in a heap.

Tumulous, *a.* পাহাড়ময়; Full of hillocks.

Tumult, tū'mult, *n.* গোলযোগ; গোলমাল; হাঙ্গাম; Upıoar; bustle; riot; wild commotion :—সোরগোল; হুলস্থূল; Violent agitation with confusion of sounds. *Syn* :—Ferment, disturbance, turbulence, confusion, noise, uproar; outbreak, brawl, fray, melee.

Tumultuary, Tumultuous, tū-mul'tū-us, *a.* কোলাহলপূর্ণ; শৃঙ্খলারহিত; হাঙ্গামাপূর্ণ; হুলস্থূল, Disorderly; agitated; unquiet; noisy. *n*= tumultuousness, *ad*=tumultuously. *Syn* :—Turbulent, violent, boisterous, riotous; disturbed, confused, restless, uneasy.

Tumulus, *n.* সমাধির উপরিস্থিত মৃত্তিকাস্তূপ; A [barrow.

Tun, tun, *n.* বড় পিপা; A large cask :—পরিমাণ বিশেষ; প্রায় ১২ মণ; A measure 2 pipes, 4 hogsheads :—*v. t.* পিপাতে রাখা; To put into casks.

Tune, tūn, *n.* স্বর; Sound :—সুর; রাগ; Air :—মনের স্থিরতা :—সুস্বর; মিল, ঐকতান, Series of musical notes with unity of key note; harmony :—*v. t.* সুরে বাঁধা; সুরবিশিষ্ট-কৃ; সুর মিলান, To cause to produce the proper sounds :—*v. i.* সুর মিল-হ; To form one sound to another. *Syn* :—(*n*) Melody, strain, movement; harmony, concord.

Change one's tune—সুর ফেরান।

Play a tune—কোন সুর বাজান; Produce melody of a certain kind from an instrument.

To the tune of—একুনে; মোটে; Amounting to.

Tuner, tūnér, *n.* যে সুর মিল করে বা বাঁধে; One who tunes or adjusts musical instruments.

Tuneful, tūnfool, *a.* সুস্বর; সুমিষ্ট ধ্বনিবিশিষ্ট; Melodious; musical.

Tuneless, tūnles, *a.* সুস্বরবিহীন; স্বরহীন; বেসুর; Without tune or melody.

Tungsten, *n.* এক প্রকার ভারী ধাতু; A very heavy metal.

Tunic, tū'nik, *n.* রোমানদিগের পরিচ্ছদ; জামা বিশেষ; অঙ্গরাখা; আবরণ; পরদা, A Roman garment.

Tunicate, Tunicated, *a.* স্তরযুক্ত; পরদাস্তৃত পরদা দ্বারা আচ্ছাদিত; Covered with a tunic or with layers. [of long robe.

Tunicle, tū'ni-kl, *n.* দীর্ঘ পরিচ্ছদ বিশেষ; A kind

Tuning, *n.* ইস্পাত-নির্ম্মিত শাখাদ্বয়বিশিষ্ট কাঁটা; A steel two-pronged instrument.

Tuning-fork, tū'ning-fork, *n.* A steel two pronged instrument, designed when set in vibration to give a musical sound of a certain pitch.

Tunnel, tunel, *n.* পাহাড়ের ভিতর দিয়া কাটা পথ; নদ্যাদির নিম্ন সুড়ঙ্গপথ; সুড়ঙ্গপথ; Underground passage cut through a hill or a river :—ফুনেল; নল; A funnel :—*v. t.* অধঃখনন-কৃ; সুরঙ্গ কাটা।

Tunny, *n.* সামুদ্রিক মৎস্য বিশেষ; A very large sea-fish.

Tup, *n.* মেষ; ভেড়া; A ram.

Tup-man, *n.* মেষপালক। [ব্যক্তি।

Turanian, *a.* তুরাণী; অনার্য্য :—*n.* তুরাণী জাতীয়

Turban, tur'ban, *n.* মুসলমানদিগের উষ্ণীষ; পাগড়ী; টুপী, Turkish headdress. *a*=turbaned (পাগড়ীদার)।

Turbary, *n.* খননের অধিকার; পাটী খননের স্থান; The right of digging peat; a place where peat is dug.

Turbid, tur'bid, *a.* আবিল; ময়লা; পঙ্কিল; ঘোলা; ঘোলাটিয়া; Muddy; thick. *n*=turbidness, turbidity (আবিলতা; মলমতা); *ad*=turbidly (অপরিষ্কাররূপে)। *Syn* :—Foul, dreggy.

Turbine, Turbinated, *a.* আবর্ত্তিত; পেঁচদার।

Turbot, tur'bot, *n.* পায়রাচাঁদা মৎস্য বিশেষ; A large flat fish.

Turbulence, tur'bū-lens, **Turbulency,** tur'bū-lensı, *n.* কোলাহল; গণ্ডগোল; গোলমাল; হাঙ্গামা; Tumult; disorder; sedition; riot. *ad*=turbulently (অশান্তভাবে; হাঙ্গামসহকারে)। *Syn* :—Agitation, unruliness, rioting, insubordination.

Turbulent, tur'bū-lent, *a.* [L. *turbulentus*, from *turba*, disorder] গোলযোগপূর্ণ; অশান্ত; অদমনীয়; হাঙ্গামাকারী, দুর্দ্দান্ত; ব্যস্তকারী; উৎপাতজনক; Tumultuous; disturbed given to riot; restless; disposed to disorder :—অস্থির; Restless. *Syn* :—Disorderly, noisy, blustering, uproarious; riotous, seditious, refractory, unruly.

Tureen, *n.* খোরা; সুপ-পাত্র; A large table-vessel for holding soup.

Turf, turf, *n.* ঘাসের চাবড়া; Sod; sward :—ঘোড়দৌড়ের মাঠ; Race-ground :—ঘোড়দৌড়; Horse-racing :—*v. t.* চাবড়া দিয়া আবৃত-কৃ; To cover with sod. *Syn* :—Clod; peat; race-ground.

Cut the first turf—আরম্ভ-কৃ; Begin.

The turf—ঘোড়দৌড়ের মাঠ; ঘোড়দৌড়।

Turfy, *a.* ঘাসের চাবড়াপূর্ণ; ঘাসাবৃত; Full of turf.

Turgent, tur'jent, *a.* স্ফীত; ফুলা; Inflated :—শব্দাড়ম্বরবহুল; Bombastic.

Turgescence, Turgescency, *n.* স্ফীতিপ্রবণতা; স্ফীতি; Swelling :—অসার বড় বড় কথা; শব্দাড়ম্বর; Pomposity; bombast.

Turgescent, tur-jeśent, *a.* স্ফীত; ফাঁপমান; Growing big; swelling.

Turgid, tur'jid, *a.* [L. *turgidus*, from *turgere*, to swell] স্ফীত; ফুলা; Swollen; bloated :—অহঙ্কারপূর্ণ; জাঁকাল; Pompous :—শব্দাড়ম্বরবহুল;

অসার বড় বড় কথাযুক্ত ; Bombastic. *n*=turgidness, turgidity (স্ফীতভা ; শব্দাড়ম্বর) ; *ad*=turgidly (স্ফীতভাবে)।

Turk, turk, *n.* তুরস্কদেশীয় লোক ; তুরস্কদেশের অধিবাসী ; A native of Turkey. *a*=turkish.

Turkey, turki, *prop. n.* তুরস্ক রাজ্য ; তুরস্ক দেশ ; Empire of the Turks :—*com. n.* কুক্কুট বিশেষ ; পক্ষিবিশেষ ; A large gallinaceous fowl.

Turkey-red, turki-red, *n.* লাল রঙ ; A fine durable red dye.

Turkey-stone, turki-stōn, *n.* প্রস্তর বিশেষ ; A kind of oilstone.

Turkish, *a.* তুরস্কদেশ সম্বন্ধীয় ; তুর্ক সম্বন্ধীয় ; Relating to Turkey or to the Turks :—*n.* তুর্ক ভাষা ; ওসমানি ভাষা ; Relating to Turkey or to the Turks.

Turkish-bath, *n.* স্নানাগার বিশেষ ; A kind of hot-air bath.

Turmeric, tur'mėr-ik, *n.* হলুদ ; Indian suffrom.

Turmoil, tur'moil, *n.* গোলমাল , সংক্ষোভ ; কষ্টকর পরিশ্রম ; হুলস্থুল ; হাঙ্গাম ; Tumult ; agitation , disturbance :—*v. t.* বিরক্ত-কৃ ; To worry ; to harass : —*v. i.* সংক্ষোভিত-হ ; To be in commotion. *Syn* : —Confusion, disturbance commotion, uproar, bustle, hurry.

Turn, turn, *v. t.* [A. S. *turnan, tyrnan,* to turn] ঘোরান ; ঘুরান ; ফিরান ; পাক-দে ; To cause to revolve :—উল্টাইয়া-দে ; উল্টান ; পাল্টান ; To reverse :—রূপান্তর-কৃ ; পরিবর্ত্তন-কৃ , To convert :— আকার দেওয়া ; গঠন-কৃ ; To shape :—ব্যবহার-কৃ ; লাগান ; To apply :—কুঁদিয়া বাহির-কৃ ; To form in a lathe :—*v. i.* আবর্ত্তিত-হ ; ঘূর্ণায়মান-হ ; ঘুরা ; ফিরা , To whirl round ; to revolve :—নির্ভর-কৃ ; To depend :—ভিন্ন গতি লওয়া ; To take a different direction or tendency :—পরিবর্ত্তিত-হ ; To be changed :—পর্য্যবসিত-হ ; শেষ-হ ; To terminate :— মাথা ঘোরা ; মস্তক ঘুরিয়া যাওয়া ; To become giddy : —টলিয়া যাওয়া ; হেলিয়া যাওয়া ; To become inclined in the other direction :—*n.* আবর্ত্ত ; আবর্ত্তন , ঘূর্ণন ; পাক ; Act of turning ; revolution :—নূতন গতি ; New direction or tendency :—পরিবর্ত্তন ; Change :—আকৃতি ; Form ; cast :—সুবিধা , সুযোগ ; Opportunity :—Act of kindness or malice :— বাঁক , বক্রপথ ; Bend :—প্রবণতা ; ভাব :—একটু ভ্রমণ :— নির্দ্দিষ্ট সময় :—পর্য্যায় ; পালা :—উপকার। *Syn* :—(*v*) Rotate, spin ; bend, incline, deflect, deviate ; mould ; change, alter, transform ; render, translate ; apply, direct. (*n*) Rotation, round, bout ; deviation, deflexion, curvature, sweep, twist, turning, twirl ; variation, alteration, vicissitude ; occasion, chance, conjuncture ; fashion, manner, shape, set ; action, deed, good office ; aptitude, forte, knack, gift.

At every turn—যে দিকে ফেরা যায় ; In every direction ; in which ever direction one turns :— প্রতিপদে ; At every step :—সকল দিকে ; যে দিকে দেখা যায় ; In every one of its phases :—(পথের) প্রতি বাঁকে ; At every bend of the road.

Be turned of—এত বছর পার হইয়া গিয়াছে এমন বয়সে ; কোনও বয়স উত্তীর্ণ বা পার হইয়া যাওয়া ; Be advanced to an age beyond ; be past a certain age.

By turns—পর্য্যায়ক্রমে ; পালা ঘুরে ফিরে আইসা ; Alternately ; one after another.

In one's turn—পালা আসিলে ; When one's time comes (in order of succession).

In turn, In turns—পর পর ; পর্য্যায়ক্রমে ; In due order of succession :—উল্টে ; In return.

The tide is on the turn—ঘটনা-প্রবাহ পরিবর্ত্ত হইতেছে ; সমস্ত ব্যাপার উল্টাইয়া যাইতেছে ; Affairs are taking a contrary course :—কোন কিছুর স্রোত অন্য দিকে যাইতেছে ; The current (of something) is *changing :—The tide has ceased to flow and* is on the point of ebbing :—The course of events is changing.

To a turn—ঠিক ; Exactly.

To take turns—একজনার স্থানে আর একজন আইসে ; To take the place of one another alternately.

Turn about—মুখ ফেরান ; অন্যদিকে মুখ-কৃ ; Move the face to another quarter.

Turn again—ফিরিয়া আসা।

Turn against—বিরুদ্ধে দাঁড় করান ; বিরুদ্ধে ফিরিয়া দাঁড়ান।

Turn aside—নিবারণ-কৃ ; Avert :—ফিরান ; সরিয়া পড়া ; চলিয়া যাওয়া।

Turn away—কর্ম্মচ্যুত-কৃ ; তাড়াইয়া দেওয়া , Dismiss :—পথান্তরে-যা ; ফিরান ; Deviate.

Turn back—দূরীভূত-কৃ ; ফিরাইয়া-দে ; প্রতিপ্রদান-কৃ।

Turn down—উল্টান। ভাঁজ-কৃ ; দেওয়া।

Turn in—(রাত্রে) শয়ন-কৃ ; Go to bed :—মোড়া ,

Turn in for—অবস্থিতি-কৃ ; Put up for.

Turn inside out, Turn wrongside out— (জামার) ভিতরদিক্ বাহির-কৃ , Bring the inside of a germent outside :—উল্টিয়া পাল্টিয়া ফেলা , Throw topsy-turvy :—উল্টিয়া ফেলা ; Reverse.

Turn into—পরিবর্ত্তন-কৃ ; বদলাইয়া অন্য আকার ধারণ করান ; Changer into :—ভাষান্তর-কৃ ; Translate into :—তাড়াইয়া বাহির-কৃ , Drive one into.

Turn off—অন্যদিকে ফিরাইয়া-দে ; Change ; divert ; change the subject of :—পথান্তরে ফেরা ; Deviate from a course ; deflect :—দল ছাড়া হওয়া ; পথান্তরে যাওয়া ; Desert :—লিখিয়া ফেলা ; Compose ; accomplish :—দূরীভূত-কৃ ; বিষয়ান্তরে প্রেরণ-কৃ ; সম্পাদন-কৃ ; বন্ধ-কৃ , অন্যদিকে বাঁকিয়া যাওয়া।

Turn on or upon—উল্টিয়া অন্যের ঘাড়ে ফেলা ; Retort on ; throw back on one :—আক্রমণ-কৃ ; Attack ; *fall upon* :—নির্ভর-কৃ ; Hinge upon ; rest on , depend on :—সংযুক্ত-হ ; Is related to ; is connected with :—কোন দিকে ফেরা ; Be directed to :—পলাইয়া যাইতে যাইতে আক্রমণ করিবার নিমিত্ত ঘুরে দাঁড়ান ; Turn round suddenly (in the course of flight) with a view to attack.

Turn out—বাহির করিয়া-দে ; তাড়াইয়া-দে ; Expel ; expel from a house :—উৎপন্ন-কৃ ; ফলে দাঁড়ান ; ঘটিয়া আইসা ; Prove in the result :—ঘটা ; Happen :—বাহির-কৃ ; বাহির হইয়া আসা , Come out :— ছেড়ে-দে , Let loose :—কর্ম্মচ্যুত-কৃ ; Dismiss from *an office* :—উত্তরান , *Produce by labour or teaching* :—কোন বিদ্যালয় হইতে পাস করিয়া বেরোন ; Be passed by a school or collage.

Turn over—পাত উল্টান ; Open and examine one leaf after another of a book :—হাতড়ান ; Ransack :—অর্থাদি নাড়াচাড়া-কৃ ; Do business to the amount of :—হস্তান্তর-কৃ ; গড়াগড়ি-দে।

Turn round—প্রদক্ষিণ-কৃ ; ফিরিয়া দাঁড়ান।

Turn to—আশ্রয় অবলম্বন-কৃ ; Have recourse to :— আরম্ভ-কৃ ; Set to work :—অভিমুখী-হ ; Be directed

to :—কাহারও বা কোন দিকে ফেরা ; Turn one's face towards :—সহায়তার জন্য কাহারও পানে চাওয়া ; সাহায্যার্থ প্রতীক্ষা করিয়া থাকা ; Look forward to for help :—অন্য বিষয় অবলম্বন-কৃ ; Change ones course to :—বাহির-কৃ ; Light upon ; find.

Do a good turn—সময়মত কোন উপকার-কৃ ; Do some opportune service.

Give a turn to—কোন কিছুর গতি ফিরাইয়া-দে ; কোন কিছুর স্বর ফিরাইয়া-দে ; Change the course or tone of.

Have a turn for—কোন বিষয় শিখিবার বা কোন কাজ করিবার ইচ্ছা, যত্ন ও দক্ষতা থাকা ; Have an aptitude for :—কোন বিষয়ে আস্বাদ গ্রহণের শক্তি থাকা ; Have a taste for.

One good turn deserves another—উপকারীর প্রত্যুপকার করা কর্তব্য ; An act of kindness done to a person ought to be repaid by him by some good service.

On the turn—অন্যদিকে ; ফিরিবার মুখে। [অন্য।

Serve one's turn—নিজের কাজ হাসিল করিবার

Take a turn—কোন স্থানে ঘুরে ফিরে বেড়ান ; এদিক ওদিক করিয়া বেড়ান , Take a walk to and fro :—কোন দিকে যাওয়া : এক দিক হইতে অন্য দিকে পরিবর্তন-হ ; Change in a certain direction.

Take turn—পালা লওয়া ; পরে পরে আসা।

Take turns—কোন কাজের জন্য একজনের স্থানে আর একজন আসা (পাহারা বদলের মত) ; Take each other's place alternately (in doing anything).

To a turn—ঠিক করিয়া ; ঠিক যতবার আবর্তন আবশ্যক তাহা করিয়া।

Turn a cat in the pan—স্বধর্ম্ম ও স্বপক্ষ পরিত্যাগ-কৃ ; To make a sudden change of one's party in politics or religion, for the sake of being in the ascendant.

Turn a cold shoulder to—অবজ্ঞা প্রদর্শন-কৃ ; ঔদাসীন্য প্রদর্শন-কৃ ; কোনও কিছুতে গা না-কৃ ; Show marked neglect.

Turn a corner—সঙ্কটাবস্থা কাটাইয়া উঠা ; কোণ বেড়িয়া যাওয়া ; Pass the critical stage (of some disease). [To refuse to hear.

Turn a deaf ear to—শ্রবণ না-কৃ ; কর্ণপাত না-কৃ ;

Turn adrift—তাড়াইয়া-দে ; ছাড়িয়া-দে ; To set floating at random ; to send away to take one's chances.

Turn and twist—অত্যন্ত চেষ্টা-কৃ ; To be uneasy ; to make desparate efforts.

Turn an honest penny—সৎপথে থাকিয়া কিছু টাকা উপায়-কৃ ; Make a little money by trade or other honest means.

Turn a penny—সামান্য ব্যবসার দ্বারা টাকা উপার্জ্জন-কৃ ; কিছু উপার্জ্জন-কৃ ; ব্যবসায়াদি সদুপায়ে দু-পয়সা রোজগার-কৃ ; Gain money by trade however small the amount ; to make a small profit, or a small sum of money ; earn a little money.

Turn in the back upon—পলায়ন-কৃ ; To forsake. [meditate.

Turn in the mind—চিন্তা-কৃ ; To ponder or

Turn night into day—অত্যন্ত যত্ন-কৃ ; Take the utmost pains.

Turn of life—স্ত্রীলোকের রজঃ নিবৃত্তির বয়স।

Turn on—আশ্রিত-কৃ ; খুলিয়া দেওয়া :—নির্ভর-কৃ ; উত্তর-দে ; আক্রমণ-কৃ।

Turn one round one's finger, Turn around one's finger—পুতুলের ন্যায় খেলান ; যে দিকে ইচ্ছা ঘুরান ; আঙ্গুলে জড়াইয়া পাক-দে ; যা ইচ্ছা তাই করান ; মুটোর ভিতর রাখা ; Manage one easily ; make a person do whatever one pleases.

Turn one's coat—অপর পক্ষে গমন-কৃ ; বিপক্ষ-পক্ষ অবলম্বন-কৃ ; নিজের মত বা দল পরিত্যাগ-কৃ ; ভোল ফেরান ; Change sides ; go over to the opposite party ; change one's opinion or party.

Turn one's hand to—নির্ব্বাহ-কৃ ; কোনও কাজে হস্তক্ষেপ-কৃ ; হাত লাগান ; To perform ; to execute.

Turn one's head—বুদ্ধিভ্রংশ-কৃ ; কাহারও মুণ্ড ঘুরে যাওয়া ; মাতাইয়া-দে ; Make one giddy ; overthrow one's reason or judgment. [prosper.

Turn out well—সমৃদ্ধিশালী-হ ; To succeed ; to

Turn over a new leaf—কু-অভ্যাস পরিত্যাগ-কৃ ; নূতন ভাবে জীবন আরম্ভ-কৃ ; Begin a fresh or new course of life ; to reform an evil habit.

Turn over in one's mind—কোন বিষয় লইয়া মনে তোলাপাড়া-কৃ ; ভাবা ; Revolve in one's mind ; ponder or meditate upon.

Turn over in the mind—কোনও বিষয় লইয়া মনে মনে তোলাপাড়া-কৃ।

Turn round—ফিরিয়া দাঁড়ান ; বিপরীত পক্ষ বা মত অবলম্বন-কৃ ; Veer round ; change one's opinion or party. [round and attack.

Turn round on—ফিরে দাঁড়াইয়া আক্রমণ-কৃ ; Veer

Turn tail—লেজ তুলে পালান ; লেজ গুটাইয়া পলায়ন-কৃ ; Retreat ingominiously ; flee.

Turn the back—পৃষ্ঠ প্রদর্শন-কৃ ; পলায়ন কৃ।

Turn the back upon—পরিত্যাগ-কৃ ; ঘৃণা প্রদর্শন পূর্ব্বক চলিয়া যাওয়া ; অগ্রাহ্য-কৃ ; To forsake.

Turn the corner—সঙ্কটাবস্থা অতিক্রম করিয়া ভালর দিকে যাওয়া।

Turn the die (or dice)—ভাগ্য ফিরাইয়া দেওয়া।

Turn the edge (or point) of—ধার পড়াইয়া দে ; ভোঁতা-কৃ ; Make dull.

Turn the enemy's flank—বিপক্ষের পশ্চাতে বা পার্শ্বে স্থান অধিকার-কৃ ; To pass round and take a position behind it, or upon the side of it.

Turn the head (or brain)—হতবুদ্ধি-কৃ ; বুদ্ধিভ্রষ্ট-কৃ ; মুণ্ড ঘুরাইয়া দেওয়া ; To make giddy ; to be bewildered.

Turn the scale (or balance)—একদিক ভারি-কৃ ; Make the balance incline to one side ; to give superiority in success :—পাষাণের সমতা নষ্ট-কৃ ; Change the state of the balance :—পাল্লা ভারি-কৃ ; একদিক ভারি করিয়া আর এক দিককে হাল্কা-কৃ ; সন্দিগ্ধ বিষয় এক পক্ষে মীমাংসা-কৃ ; এক পক্ষকে প্রবল করিয়া অন্য পক্ষকে খাট-কৃ ; Give one side or party the preponderance over another. [Sicken.

Turn the stomach—বমনেচ্ছুক-কৃ ; বমনোদ্বিগ্ন-কৃ ;

Turn the tables—কাহার পড়তা উল্টাইয়া-দে ; Reverse success or superiority :—যে অবস্থায় ছিল তাহা উল্টাইয়া দেওয়া ; দুর্ব্বল পক্ষ প্রবল-কৃ ; Reverse the original position of players in a game ; reverse the position of two contending parties.

Turn the tables on one—কাহারও পাশা বা পড়তা উল্টাইয়া-দে ; Overthrow and gain an advantage over one ; turn things against one :—বিরোধী-হ ; Oppose one.

Turn the tide, Turn the tide against—গতি ফিরান, যাহা এক দিকে যাইতেছিল তাহা অন্য দিকে ফিরান, Change the course of affairs, events &c

Turn to account—কাজে লাগান, সুবিধাজনক-হ; উপকারী হ, To make of use in some way.

Turn to profit (or **advantage**)—সুবিধাজনক করিয়া লওয়া; লাভজনক কৃ, সুবিধাজনক হ, উপকারী-হ, To make profitable.

Turn turtle—উল্টাইয়া যাওয়া।

Turn up—ঘটা, Occur —হঠাৎ উপস্থিত-হ, বাহির হইয়া পড়া, প্রকাশ হ; Appear suddenly —উত্তোলন কৃ, উপরে তোলা, Raise —উপরদিকে ফেরান, Bend upwards —খুঁড়িয়া উঠান, সেউকান —হঠাৎ দেখা দেওয়া, Make one's appearance (after seeming to be lost) —বাহির হইয়া পড়া, Come to light —সহসা হাতে আসিয়া পড়া, Come in one's way, or happen unexpectedly —খুঁড়ে ফেলা, Throw up by digging.

Turn up one's nose at—নাসিকা কুঞ্চন-কৃ, অবজ্ঞা-কৃ, Disdain to treat with contempt.

Turn upside down—উল্টাইয়া ফেলা, উল্টাইয়া ফেলা, Reverse turn the upper part downward —উল্‌টা পাল্‌টা দে, উলটা পালটা কৃ, উপরের পিঠ নীচে ফেলা, Throw into utter confusion, put into complete disorder.

Turn-coat, turnkōt *n* যে নিজ পক্ষ বা মত পরিত্যাগ করিয়া অন্য পক্ষে যায়, অনবস্থিতচিত্ত ব্যক্তি, কপটী স্বপক্ষ ত্যাগী, One who abandons his party or principles *Syn* —Renegade, apostate, deserter, recreant.

Turner, turnėr, *n* ভ্রামযন্ত্রী, কুন্দকার মিস্ত্রী, One who turns, as in a lathe.

Turnery, turnėr-i, *n* কুঁদযন্ত্র নির্ম্মাণ বস্তু বা কৌশল, Trade or wares of a turner —ধর্ম্মঘট, A strike —বহিষ্কার, পাল্পপথ গাড়ি ঘোড়া।

Turning, turning, *n* বাঁক, মোড় ঘূর্নি, A bend, winding —সরল পথ হইতে বিচ্যুতি, Deviation from the proper course —কুঁদযন্ত্রে নির্ম্মাণ-কৌশল, Turnery —*pl* Chip

Turning point, *n* সন্ধিস্থল, যে কথার উপর কোনও বিষয়ের মীমাংসা নির্ভর করে তাহা, That which decides a matter —সঙ্কটকাল, A grave and critical period [bous root

Turnip, tur'nip, *n* সালগাম, ওলকপি A bul-

Turnkey, turnkē, *n* প্রহরী, যার হস্তে জেলের চাবি থাকে, A warder, an assistant jailor —দাঁত তোলা চাবি, One who turns the keys in a prison.

Turn-out, *n* সাজসজ্জা An equipage [A cake

Turnover, *n* উল্টাইয়া পতন —পিষ্টক বিশেষ,

Turnpike, rurnpik, *n* মাশুল আদায়ের ফটক, A gate put on a road-way to levy toll

Turnpike man, *n*. যে ব্যক্তি রাস্তার ফটকে মাশুল আদায় করে।

Turn-pike road, turnpik-rōd, *n*. বড় রাস্তা যাহাতে মাশুল-ফটক থাকে, A road on which turnpikes or toll-gates are established.

A turn-screw—পেঁচ-কাটা যন্ত্র।

Turnsole, *n*. ফুলগাছ বিশেষ, সূর্য্যমুখী, A plant so called because its flowers turn towards the sun.

Turn-spit, turnspit, *n* ভৃত্য; কাবাবকারী, সামান্য কার্য্যে নিযুক্ত ব্যক্তি; A person engaged in some menial occupation —কুকুর; A variety of dog.

Turn-stile, turnstīl, *n*. পশ্বাদির গতিরোধক; চেরার মত পথের আটক, A frame in a foot path which prevents the passage of cattle.

Turn-table, *n*. রেলের গাড়ী ফিরাইবার মঞ্চ। See *traversetable*.

Turpentine, tur'pen-tin, *n*. তার্পিণ নির্য্যাস, The resinous juice from pine like trees.

The oil of turpentine—তার্পিণ তৈল।

Turpitude, tur'pe-tūd, *n* [L. *turpitudo*, from *turpis*, foul] দুষ্টতা, ভ্রষ্টচারিতা, নীচতা, জঘন্য নীতি বা ব্যবহার, Extreme wickedness, inherent baseness *Syn* —Vileness, depravity, wickedness

Turquoise, *n*. খনিজ পদার্থ বিশেষ, A bluish-green mineral.

Turret, tur'et, *n* চূড়া, ক্ষুদ্র বুরুজ; A small slender tower, a little tower

Turreted, *a* অগ্র বুরুজবিশিষ্ট, Furnished with turrets —সচূড়, সাগ্র, Formed like a turret.

Turret-ship, *n* রণপোত বিশেষ, A ship of war

Turtle, turtl **Turtle-dove,** tur'tl-duv, *n*. ঘুঘু, পারাবত বিশেষ, A pigeon [tortoise

Turtle, tur'tl, *n* সমুদ্রের কচ্ছপ, কাছিম, A sea-

Tuscan, tuskan, *a* টস্কানি সম্বন্ধীয় প্রাচীনতম স্থাপত্য বিশেষসূচক, Belonging to Tuscany denoting order of architecture

Tush, tush, *int* চুপ, থাম, ছিঃ, Pshaw! be silent [an elephant

Tusk, tusk, *n* দন্তী হস্তিদন্ত, The long tooth of

Tusked, Tuskey, *a* হস্তিদন্তবিশিষ্ট, দন্তুর, Having tusks.

Tussle, *n* হুড়মুড়ি, পাছড়াপাছড়ি; A struggle —*v i* হুড়মুড়ি-কৃ। [or twigs.

Tussock, *n* ঘাসের গুচ্ছ, পল্লব, A tuft of grass

Tut, tut, *int* ছিঃ, চুপ, থাম, An exclamation of check or rebuke, be still

Tutelage, tū'tel-āj *n* [L *tutela*, protection] অভিভাবকতা, রক্ষণাবেক্ষণ, State of being under a guardian, quardianship *Syn* —Guradianship, protection, wardship, dependence.

Tutelar, tū'te-lar, **Tutelary,** tū'te-lar-i, *a* [L *tutela*, to guard] রক্ষক, রক্ষণাবেক্ষণকারী, অভিভাবক, Protecting.

Tutelary deity—ইষ্টদেবতা।

Tutor, tū'tor, *n* শিক্ষক, উপদেশক, গুরু · Teacher —রক্ষক, অভিভাবক —*v t* শিক্ষা দে, শিখাইয়া-দে, To instruct *feg* =tutoress *Syn* —(*n*) Guardian, governor, preceptor, instructor

Tutorage, tū'tor āj, *n* শিক্ষকত্ব, শিক্ষকতা, অধ্যাপনা, The authority of a teacher, education as by a tutor —অভিভাবকতা; Guardianship.

Tutor-ship, *n*. শিক্ষকের পদ বা কার্য্য।

Tutorial, tū-to'ri-al, *a* শিক্ষকসম্বন্ধীয়, শিক্ষকের, Belonging to or exercised by a tutor.

Twaddle, tuodl, *n* অনর্থক গল্প, বাজে কথা, Old womanly nonsense, gabble; silly talk —*v i* নির্ব্বোধের ন্যায় কথা কহা, বড় বড় করিয়া বকা, To talk in a silly manner. *n*=twaddler (যে অনর্থক বকে)।

Twain, twān, *n.* দুই ; Two.
In twain—দুই ভাগে ; দ্বিখণ্ডে ।
Twang, twang, *n.* টঙ্কার শব্দ ; Sound of an arrow :—নাকি সুর ; অনুনাসিক স্বর ; A nasal tone of voice :—*v. t.* টঙ্কারধ্বনি-হ ; টঙ্কার শব্দ-কৃ ; To make to sound with a twing :—*v. t.* টঙ্কার-দে ।
'Twas, twoz, *n.* A contraction of *it was.*
Tweak, twēk, *v. t.* পেষণ-কৃ ; খামচা ; চিমটী কাটা ; To squeeze between the thumb :—চেঁচকান ; To twitch ; to pull :—*n.* চিমটী ; হেঁচক টান ; A sharp pinch.
Tweed, *n.* এক প্রকার টেরচা-বুনন কাপড় ; A kind of cloth.
Tweedle, *v. t.* ঈষৎ স্পর্শ-কৃ ; To handle lightly : —প্রলোভন দেখান ; To allure.
Tweezers, twēzérz, *n. pl.* চিমটা ; সোন্না ; Nippers ; small pincers for pulling out hairs :—অস্ত্রের বাক্স ।
Twelfth, *a.* দ্বাদশ ; The last of twelve :—*n.* দ্বাদশাংশ ; One of twelve equal parts.
Twelfth-cake, *n.* A cake given to friend or visitors on the festival of the twelfth night, 6th June.
Twelfth day (or **tide**), *n.* বড় দিনের পরবর্তী দ্বাদশার্হ পর্ব্ব ; The twelfth day after Christmas.
Twelfth-night, *n.* The evening of the epiphany, a church festival.
Twelve, twelv, *n.* দ্বাদশ বার ; The number next after eleven :—দ্বাদশ ; Ten and two. *a* = twelfth. [A year.
Twelve-month, *n.* বার মাস ; সংবৎসর, বৎসর ;
Twentieth, twenti-eth, *a.* বিংশতিতম ; The last of twenty :—*n.* বিশাংশের একাংশ ; বিংশাংশ ; One of twenty equal parts.
Twenty, twenti, *a.* বিংশতি ; কুড়ি ; Twice ten ; nineteen and one :—*n.* বিংশতি ; The number next following nineteen. *a* = twentieth.
Twice, twis, *ad.* দ্বিগুণ, দ্বিগুণিতরূপে ; দুইবার ; Doubly ; once and again, two times.
Twice born, *a.* দ্বিজ ।
Twice told tale, *n.* চলিত কথা ; A tale that is often repeated. [খেলা কৃ ।
Twiddle, *v. i.* or *t.* মৃদুস্পর্শ-কৃ, নাড়া :—ঘোরান :—
Twig, twig, *a.* ডাল ; পল্লব ; ক্ষুদ্র শাখা ; কেঁকড়ি ; A small shoot :—*v. t.* অর্থ বুঝায় ; চৌকসভাবে দেখা । *Syn* :—(*n*) Shoot, spray, sprig.
The twig—যাদুকরের যষ্টি ।
Twiggy, *a.* ক্ষুদ্র পল্লবময় ; Abounding with shoots.
Twilight, twīlit, *n.* অনিশ্চিত দৃশ্য ; An uncertain view :—গোধূলি সময় ; প্রদোষকাল ; উষা ; The faint light before sunrise and after sunset :—*a.* গোধূলি বা প্রদোষ সম্বন্ধীয় ; অস্পষ্ট ; Of twilight obscure. *Syn* :—Shaded, obscure, dim, dusky.
Twilight superstition—Superstition connected with the hour of twilight.
Twill, twil, *v. i.* টেরচা-বুনা ; Weave in ribs :—*n.* টেরচা বুনন কাপড় ; Cloth so woven.
Twin, twin, *n.* যমজের একটী সন্তান ; যমজ ; One of two children born at the same time :—*a.* যমজ ; সমরূপ ; Being one of two born at a birth :—*v. i.* যুগ্ম প্রসব-কৃ ; যমজরূপে গ্রহণ-কৃ ; To be born at the same birth ; bring forth two. *Syn* :—(*v*) Wind about, surround, embrace, entwine, wreathe.
The Twins—মিথুনরাশি ।
Twin-born, *a.* যুগ্মজাত ।
Twine, twin, *v. t.* পাকান ; পাক-দে ; জড়ান ; To twist together ; to wind, as two threads together :—*v. i.* জড়িত-হ ; বাঁকিয়া-যা ; বেড়িয়া উঠা ; To unite closely :—*n.* সুতলি ; পাকান দড়ী ; A twist ; twisted thread ; string.
Twinge, twing, *v. t.* চিমটি কাটা ; সহসা বিদ্ধ-কৃ ; To cause to wince ; to twitch ; to pinch ; tweak :—*v. i.* হঠাৎ যন্ত্রণা-দে ; হঠাৎ চিড়িক করিয়া কষ্ট-দে ; বেদনানুভব-কৃ ; To feel a short sharp pain :—*n.* খামচি ; চিমটি ; A twitch ; a pinch :—বেদনা ; কনকনানি ; A sudden, sharp pain.
Twinkle, twingkl, *v. i.* ঝিকমিক-কৃ ; চকমক-কৃ ; To sparkle :—চক্ষের পলক পড়া ; চক্ষু মিট্ মিট্-কৃ, পলক ফেলা ; To open and shut the eyes rapidly : —কম্পিত-হ ; Quiver :—*n.* চক্ষের পলক, Quick motion of the eyes :—চকমক, ঝিকিমিকি, মিটমিটানি ; Short sparkle. *Syn* :—Blink, wink ; scintillate, corruscate, glisten.
Twinkling, twingkling, *n.* পলক-মাত্র ; নিমিষ ; Act of that which twinkles. *Syn* :—Sparkling, scintillation, glistening ; instant, second, moment, jiffy.
In the twinkling of an eye—চক্ষের পলকে ; এক পলকে ; এক নিমিষে ; চক্ষুর পাতা ফেলিতে না ফেলিতে ; In less than no time.
Twirl, *v. t.* ঘূর্ণিত-কৃ ; ঘুরান ; পাক-দে ; To turn round rapidly :—*v. i.* ঘূর্ণ্যমান-হ, বন্ বন্ করিয়া ঘুরা ; To turn round rapidly :—*n.* দ্রুত আবর্ত্তন ; ঘূর্ণন ; ঘুর-পাক ; A whirl, a rapid circular motion ; a quick turn.
Twist, twist, *v. t.* পাক-দে ; পেঁচ লাগান ; পাকান ; জড়ান ; To twine, to cause to writhe or interweave, to form into a thread :—বক্র অর্থ কৃ ; Distort :—*v. i.* পাক দিয়া একত্রিত-হ ; পাক লাগা ; জড়াইয়া-যা, To be united by winding —*n.* পাকান দড়ী ; A cord ; a single thread :—পাক ; পেঁচ ; মোচড় ; আকুঞ্চন, Contortion :—তামাকের পাকান ছোট শলাকা ; A little roll of tobacco. *Syn* :—(*n*) Contort, writhe, complicate, wind, encircle, wreathe ; wrest, distort.
Twisted, *a.* পাক দেওয়া ; পেঁচাল ।
Twit, twit, *v. t.* ভর্ৎসনা-কৃ ; To reproach ; to upbraid :—খোঁটা-কৃ ; ব্যঙ্গ-কৃ ; To taunt :—দোষ দেখাইয়া তিরস্কার-কৃ । *Syn* :—Blame, taunt.
Twitch, twich, *v. t.* হেঁচকিয়া টানা ; ছিনাইয়া-ল ; হঠাৎ ছিঁড়িয়া-ল, To pull with a sudden jerk ; to pluck ; to snatch ; to contract spasmodically : —*n.* হেঁচকা টান ; হঠাৎ টান ; পেশী-সঙ্কোচন ; A sudden, quick pull ; a quick contraction of the muscles. *Syn* :—(*n*) Jerk ; spasm.
Twitter, twitér, *v. i.* কিচির মিচির শব্দ-কৃ ; কিচমিচ-কৃ ; খিল খিল করিয়া হাসা ; To make a charping tremulous noise like a bird :—স্নায়ুর কম্প বোধ-কৃ ; উত্তেজিত-হ ; To have a slight trembling of the nerves :—*n.* কিচির মিচির শব্দ ; A tremulous broken sound :—স্নায়ুসমূহের সামান্য কম্পন ; A slight trembling of the nerves.

Twittering, *n.* কলধ্বনি ; The sound of twittering :—কিঞ্চিৎ উত্তেজনা ; Nervous excitement.
Twittingly, *ad.* তিরস্কারভাবে ; In a twitting manner.
Two, tōō, *a.* দুই ; One and one :—*n.* দুই , দ্বি, ২ ; The sum of one and one. [Retaliation.
Game at which two can play—প্রতিশোধ ;
In two—দ্বিধা ; দুই ভাগে বা খণ্ডে ।
Kill two birds with one stone—এক সময়ে দুই কাজ-কৃ ; Accomplish two objects at the same time or by one effort. [Fast ; starve.
Make two bites of a cherry—অনাহারে থাকা ,
One or two—দুই এক ।
Two and a half—আড়াই, ২½ ।
Two of a trade—প্রতিদ্বন্দ্বী ; Rivals.
Two strings to one's bow—কোন অভিপ্রায় সিদ্ধ করিবার জন্য দুইটা উপায় ; Two expedients for executing a project or gaining a purpose.
Two-edged, *a.* দুই দিকে ধারাল ; দুই ভাঁজ বিশিষ্ট ; দ্বিগুণ ; Having two edges :—*ad.* দ্বিগুণভাবে ।
Two-fold, tōō'fōld, *a.* দ্বিগুণ ; দ্বিগুণিত , দোহারা , দুই ফের , Double. [বৃহৎ ; শক্ত ।
Two-handed, *a.* দ্বিকর ; উভয় হস্ত দ্বারা ব্যবহৃত ,
Two-pence, *a.* মুদ্রা বিশেষ ; প্রায় ৴৹ সমান ।
Tyburn, *n.* Formerly a place of execution in London.
Kings of tyburn—জল্লাদ , Public executioners.
Tyburn's triple tree—A gallows.
Tycoon, tı-kōōn, *n.* জাপানের রাজা ; জাপানের রাজ্যাধিপতি ; The political sovereign of Japan. [ঢাকন ।
Tympan, *n.* আয়র্লণ্ডের বাদ্যযন্ত্র ; মুদ্রাযন্ত্রের চর্ম্মাবৃত
Tympanitis, *n.* কর্ণপটহের প্রদাহ ; কান-পাকা , Inflammation of the membrane of the ear.
Tympanum, tim'pan-um, *n.* কর্ণপটহ ; কর্ণমধ্য ঝিল্লিকা , The membrane which separates the external from the internal ear , the middle cavity of the ear separated by a membrance from the external passage. *a*=tympanic, tympanical (পটহবৎ , ঢাকের মত) । [ফাঁপা , উদরে বায়ু-সঞ্চার ।
Tympany, Tympanites, *n.* উদর-স্ফীতি ; পেট
Type, tip, *n.* ছাপার হরপ ; মুদ্রাক্ষর ; Printing letter :—আদর্শ , নমুনা ; Model :—মুদ্রাতে ক্ষোদিত আকৃতি ; Figure stamped on a coin :—মুদ্রিত চিহ্ন , ছাপ ; A mark struck :—লক্ষণ , নিদর্শন , Sign ; emblem :—প্রকার ; Kind ; species :—পূর্ব্ব সূচনা , Foretoken. *Syn* :—Printing character, letter , symbol, figure, shadow, image, adumbration ; original, archetype, exemplar , stamp, form, sort.
In type—মুদ্রাঙ্কনের জন্য প্রস্তুত ; মুদ্রাক্ষরে বিন্যস্ত ।
Type-founder, tip'found-ėr, *n.* মুদ্রাক্ষর প্রস্তুতকারী ; যে ছাপার অক্ষর ঢালাই করে ; One who casts printing type. [ঢালাইয়ের কারখানা ।
Type-foundry, Typo-foundery, *n.* অক্ষর
Type-metal, tip'-metal, *n.* ছাপার অক্ষর প্রস্তুত করিবার মিশ্র ধাতু , A metal used for types.

Type-setter, *n.* অক্ষর-বিন্যাসক ।
Type-writer, *n.* যে যন্ত্রে ছাপার মত লেখা হয় ; যে ব্যক্তি সেই যন্ত্রে লেখে ।
Type-writing, *n.* যন্ত্র দ্বারা লিখন ।
Typic, tip'ik, **Typical,** tip'ik-al, *a.* প্রতিরূপ ; আদর্শস্বরূপ ; Emblematical ; model :—রূপক ; Metaphorical ; emblematical :—Regular in attacks. *ad*=typically, *n*=typicalness. *Syn* :—Emblematic, figurative, symbolical.
Typify, tip'e-fī, *v. t.* [G. *tupos*, typo, and L. *facere*, to make] চিহ্ন বা ছবি দ্বারা প্রদর্শন-কৃ , প্রতিরূপ দ্বারা দর্শান ; অনুরূপ-কৃ ; To represent by an image ; to exemplify ; to prefigure. *Syn* :—Indicate, betoken, represent, foreshadow.
Typographer, ti-pog'raf-ėr, *n.* ছাপাকর ; মুদ্রাকর ; A printer. [মুদ্রাকর-প্রমাদ ।
A typographical mistake—ছাপার ভুল ;
Typography, ti-pog'raf-i, *n.* মুদ্রাঙ্কন-বিদ্যা ; The art of printing. *as*=typographic , typographical (মুদ্রাঙ্কন-সম্বন্ধীয়) ।
Typhoid, tı'foid, *a.* সান্নিপাতিক ; Pertaining to or resembling typhus.
Typhoid fever, Enteric fever—সান্নিপাতিক বিকার ; অবিরাম জ্বর ।
Typhoon, tı-fōōn, *n.* ঘূর্ণ বাতাস ঘূর্ণী বায়ু ; ঝড় ; A violent hurricane , hot choking wind.
Typhous, tı'fus, *a.* টাইফস্ জ্বরসংক্রান্ত ; Relating to typhus.
Typhus, tı'fus, *n.* জ্বরবিকার , প্রদাহ জ্বর বিশেষ ; An exhausting fever. *a*=typhous.
Typology, *n.* বাইবেলের আদর্শনীতি ; The doctrine of scripture types.
Tyrannic, ti-ran'ik, **Tyrannical,** ti-ran'ik al, **Tyrannous,** tir'an-us, *a.* অত্যাচারী ; জুলুমদার , প্রজা-পীড়ক ; Imperious , despotic. *ad*=tyrannically (অত্যাচারপূর্ব্বক) । *Syn* .—Arbitrary ; cruel, severe, oppressive, grinding, inhuman.
Tyrannise, tir'an-iz, *v. t.* স্বেচ্ছামত ক্ষমতা প্রয়োগ-কৃ , অত্যাচার-কৃ ; অত্যাচারী-হ ; পীড়ন-কৃ ; জুলুম কৃ ; To act the tyrant , to exercise despotic power. *Syn* :—Be despotic, domineer, lord over.
Tyranny, tir'an-e, *n.* উপদ্রব , অত্যাচার ; অত্যাচারিতা ; দৌরাত্ম্য , নিষ্ঠুর শাসন , কঠোর শাসন ; প্রজা পীড়ন ; নিষ্ঠুরতা ; Absolute monarchy , cruelly administered ; despotic exercise of power ; oppression ; cruelty. *Syn* :—Despotism, autocracy, absolutism, dictatorship ; iron rule.
Tyrant, tir'ant, *n.* স্বেচ্ছাচার রাজা ; অত্যাচারী লোক ; দুরাত্মা , পীড়ক ; A despot ; absolute monarch ruling oppressively or arbitrarily. *Syn* :—Despot, autocrat ; oppressor, persecutor.
Tyrian, tir'i-an, *a.* লাল ; Purple :—*n.* Native of tyre.
Tyro, Tiro, tı'ro, *n.* [L. *tiro*, a young recruit] শিক্ষানবিশ , নূতন ব্রতী ; প্রথম শিক্ষার্থী ; A beginner ; novice. *pl*=tyros.

U

U, ইংরাজি বর্ণমালার একবিংশ অক্ষর বা বর্ণ ; The 21st letter in the English alphabet.

Ubiquitous, *a.* সর্ব্বব্যাপী ; সর্ব্বত্র বর্তমান ; Being every where ; omnipresent.

Ubiquity, ū-bikwe-te, *n.* [L. *ubique*, every where] সর্ব্বত্র বিদ্যমানতা ; সর্ব্বব্যাপিত্ব ; Omnipresence.

Udal, udal, *a.* স্বাধীন ; Held independent :—*n.* অনধীন ভূসম্পত্তি ; Free-hold estate.

Udaller, *n.* অনধীন ভূসম্পত্তির অধিকারী ; A free-[holder.

Udder, udér, *n.* গরুর বাঁট ; পালান ; মোড় ; The breast of a female especially of a lower animal.

Ugh, *inj.* উঃ , বিরক্তিপ্রকাশক অব্যয় ।

Ugly, ug'le, *a.* কদাকার ; কুৎসিৎ ; কুরূপ ; Deformed :—অপ্রিয় ; Unpleasant .—ঘৃণিত ; Hateful. *n*=ugliness. *Syn* :—Unsightly, plain, homely, ill-favoured ; loathsome, hideous, horrid, shocking ; cross, ill-natured.

Ugly customer—One who is difficult to deal with or manage.

Uhlar, *n.* সৈনিক বিশেষ , Kind of light cavalry.

Ukase, ū-kās, *n.* রুষ-সম্রাটের প্রচারিত আদেশ ; Proclamation of the Emperor of Russia ; a Russian imperial decree.

Ulcer, ulser, *n.* [L. *ulcus*, *ulceris*, a wound] ক্ষত ; নালী ঘা ; নাড়ী-ব্রণ , Sore ; sloughing score :—চরিত্র দোষ । *Syn* :—Imposthume, fester, gathering, boil, pustule.

Ulcerate, ulsér-āt, *v. i.* (ক্ষতাদির) নালী-হ ; ক্ষতে পরিণত-হ ; To be formed into an ulcer :—*v. t.* নালী-ঘা বিশিষ্ট-কৃ ; To affect with an ulcer.

Ulceration, *n.* নালী হওন ; ক্ষত ; ঘা ; নালী-ঘা ।

Ulcerous, ulsér-us, *a.* ক্ষত ; নাড়ীব্রণের ধর্ম্মসম্পন্ন ; পচা ঘা-বিশিষ্ট ; Having the nature of an ulcer.

Ulna, *n.* কফোণির নিম্নস্থ হস্তের অস্থিদ্বয়ের একতর ; The larger bones of the forearm.

Ulster, *n.* স্ত্রী বা পুরুষের ঢিলা জামা বিশেষ ।

On the 15th ult—গত মাসের ১৫ই তারিখে ।

Ulterior, ul-te're-or, *a.* [L. *ulter*, that is beyond] উত্তর ; Succeeding :—দূরতর ; দূরবর্ত্তী ; পরোক্ষ ; অন্তরস্থ ; Remoter ; further ; more distant ; beyond.

Ulterior object—নিগূঢ় উদ্দেশ্য ।

Ultima, *a.* অতি দূরবর্ত্তী :—*n.* (ব্যাকরণে) শব্দের [অন্ত্যভাগ ।

Ultimate, ulte-māt, *a.* [L. *ultimatus*, last] চরম ; শেষ ; অন্তিম ; Last ; final :—দূরতম ; Furthest :—অবিভাজ্য ; Incapable of further division. *Syn* :—Furthest, extreme, eventual, conclusive.

Ultimate truth—মূল সত্য ; যাহা ভাঙ্গিয়া আরও সহজ করিতে পারা যায় না ।

Ultimately, *ad.* পরিশেষে ; অন্তে ; চরমে ।

Ultimatum, ul-ti-mātum, *n.* শেষ প্রস্তাব ; চরম কথা ; *Last offer ; final proposition ; last conditions offered before taking hostile measure.* *pl*=ultimata.

Ultimo, ulti-mo, *a.* গত মাসে ; In the last month :—*n.* গত মাস ; The last month :—সংক্ষেপে *ult* লিখিত হয় ।

Ultra, *pfx.* দূরস্থ ; অতীত ; ছাড়া ; Beyond ; over :—*a.* অত্যন্ত ; উৎকট ; Extreme ; extravagant :—*n.* উৎকট মতাবলম্বী ।

Ultra fashionable, *a.* অত্যন্ত বিলাসী ; Extremely [fashionable.

Ultraism, *n.* উৎকট মত ; আমূল পরিবর্ত্তনের পোষকতা ; Extreme democratical principles.

Ultramarine, ul-tra-ma-rēn, *a.* সমুদ্র পারস্থিত ; সাগরপারে অবস্থিত ; Situated beyond the sea :—*n.* সুন্দর নীলবর্ণ ; পাকা নীল রং ; Very fine blue colour.

Ultramontane, ul-tra-montān, *a.* পর্ব্বতপারে অবস্থিত ; পর্ব্বত পারস্থিত ; Beyond the mountains :—বিদেশীয় ; Foreign :—আল্পস্ পর্ব্বতের অন্য পারস্থ ; On that side of the Alps :—পোপ সম্বন্ধীয় , Popish :—*n.* পর্ব্বতপার-বাসী ব্যক্তি ; বিদেশী ব্যক্তি ।

Ultramontanism, ul-tra-montan-izm, *n.* পোপের প্রাধান্য সম্বন্ধে চরম মত ; Extreme views, as to the Pope's rights.

Ultramontanist, *n.* বিদেশীয় লোক , Foreigner :—পোপের প্রাধান্য বিষয়ে চরম মতাবলম্বী ; Popist.

Ultramundane, *a.* পৃথিবী ছাড়া , জগতের বাহির ; ভূলোকের বহির্ভূত ; Being beyond the world.

Umbel, umbel, *n.* ফুল বিশেষ ; ছত্রপুষ্প ; A kind of flower in which a number of stalks, each bearing a flower radiate from one centre.

Umbelic, um-bilik, **Umbelical,** um-bilik-al, *a.* নাভি-সম্বন্ধীয় ; নাভি-দেশীয় ; Pertaining to the navel.

Umbeliferious, *a.* ছত্রপুষ্পী ; Bearing or pro-[ducing umbels.

Umber, Umbre, *n.* পাটল রং বিশেষ ; A brown pigment :—ভেকভুক্ পক্ষিবিশেষ :—*v. t.* To tinge with umber :—*a.* পাটলবর্ণবিশিষ্ট ; ঘোর ।

Umbilical cord—নাভি রজ্জু , যে নাড়ী দ্বারা গর্ভস্থ শিশু ফুলের সহিত সংযুক্ত থাকে ; Navel string.

Umbilical region—নাভি-প্রদেশ ।

Umbra, *n.* গ্রহাদির ঘোর পশ্চাৎ ছায়া ।

Umbrage, umbraj, *n.* [L. *umbra*, a shade] বৃক্ষের ছায়া ; A screen of trees ; shadow ; shade ; :—অসন্তোষ ; ক্রোধ ; বিরক্তি ; Offence. *Syn* :—Shade ; offence, resentment, displeasure, anger, pique, grudge.

Take umbrage—ক্ষুব্ধ-হ ; রোষাবিষ্ট হ ; বিরক্ত-হ ; [দোষ গ্রহণ কৃ ।

Umbrageous, um-brā'je-us, *a.* [L. *umbraticus*, from *umbra*, a shade] নিবিড় ; ছায়াবহুল ; Shady :—ছায়াময় ; ছায়াপ্রদায়ী ; Forming or affording a shade. *Syn* :—Shading, shady, shaded ; obscure, indistinct.

Umbrella, um-brela, *n.* ছত্র ; ছাতা ; আতপত্র ; *A covered sliding frame carried in the hand as a screen to protect from rain or sunshine.*

Umpire, umpir, *n.* মধ্যস্থ ; সালিস ; তৃতীয় ব্যক্তি ; An arbitrator ; a third person to whose deci-

sion a question between parties is referred :—*v. t.* মধ্যস্থ হইয়া মীমাংসা-হ। *Syn* :—Judge, arbitrator, referee, arbiter.

Umpireship, *n.* সালিসি ; মধ্যস্থতা।

Unable, un-ābl, *a.* অসমর্থ ; অশক্ত ; অক্ষম ; Not able ; not having sufficient strength. *Syn* :—Incapable, powerless, impotent.

Unabashed, *pre. a.* অলজ্জিত ; লজ্জাবোধ না করিয়া ; Feeling no shame.

Unabated, *a.* অপ্রশমিত ; যাহার হ্রাস হয় নাই।

Unaccented, *a.* অনুদাত্ত ; যাহা জোর দিয়া উচ্চারিত হইবে না ; স্বরচিহ্নে অচিহ্নিত। [pleasing.

Unacceptable, *a.* অগ্রহণীয় ; অনুপাদেয় ; Not

Unaccountable, un-ak-kown'ta-bl, *a.* দায়ী নহে ; দায়িত্বশূন্য ; Not responsible :—দুর্জ্ঞেয় ; Unexplainable. [অসাধারণ ; Not used.

Unaccustomed, *a.* অকৃতাভ্যাস ; অনভ্যস্ত ; অবিদিত ;

Unacquainted, *a.* অজ্ঞাত ; অপরিচিত।

Unadorned, *a.* অভূষিত ; অনলঙ্কৃত। [অমিশ্রিত।

Unadulterate, Unadulterated, *a.* খাঁটি ;

Unadvised, un-ad-vīzd, *a.* অবিমৃষ্যকারী ; অযুক্তিসিদ্ধ ; অসঙ্গত ; Not prudent or not discreot ; rash. *ad*=unadvisedly (অবিবেচনপূর্ব্বক)।

Unaffected, *a.* সরল ; অকপট ; Sincere :—সহজ, Natural :—অযুক্ত ; অবিকৃত ; অবিক্ষিপ্ত।

Unaided, *a.* অপ্রাপ্ত-সাহায্য :—*ad.* সাহায্য বিনা।

Unalloyed, *a.* অমিশ্রিত ; Unmixed :—বিশুদ্ধ ; খাঁটি ; Pure.

Unalterable, *a.* অপরিবর্ত্তনীয় ; স্থির ; Unchangeable. *ad*=unalterably, *n*=unalterableness.

Unaltered, *a.* অপরিবর্ত্তিত।

Unambiguous, *a.* স্পষ্ট ; দ্ব্যর্থকত্বহীন।

Unambitious, *a.* উচ্চাভিলাষ পরিশূন্য ; Not aspiring. *ad*=unambitiously. *n*=unambitiousness.

Unamiable, *a.* দুষ্টপ্রকৃতি ; দুর্বিনীত।

Unanimity, ū-na-nim'e-te, *n.* ঐকমত্য ; ঐক্যমত্য ; মতের মিল ; State or quality of being unanimous ; agreement in opinion. *Syn* :—Agreement, concord, concert, accord, unity.

Unanimous, ū-nan'e-mus, *a.* [L. *unus*, one, and *animus*, mind] একমত ; একবাক্য ; একমনা ; Agreeing in opinion or will :—Done with the agreement of all. *n*=unanimity (ঐক্যতা, agreement.) *ad*=unanimously (একমত হইয়া ; একবাক্যে)। *Syn* :—Concordant, agreeing, harmonious.

Unanswerable, *a.* যাহার উত্তর নাই ; Not answerable :—অখণ্ডনীয় ; অপ্রতিবাচ্য ; Decisive.

Unanswered, *a.* যাহার উত্তর দেওয়া হয় নাই ; Not replied :—অখণ্ডিত ; Not refuted.

Unappalled, *a.* নির্ভীক ; অশঙ্কিত ; নির্ভয় ; Not daunted :—*p. a.* নির্ভয়ে।

Unapproachable, *a.* অনধিগম্য ; দুরূহ ; যাহার নিকট যাওয়া দুষ্কর। [proved.

Unapproved, *a.* অননুমোদিত ; অগৃহীত ; Not ap-

Unapt, un-apt, *a.* অনুপযুক্ত ; Not apt or fit :—Not ready to learn. *Syn* :—Inappropriate, unsuitable, irrelevant ; unfit, unqualified, incompetent ; dull, slow. [armed :—কণ্টকহীন।

Unarmed, *n.* নিরস্ত্র ; অস্ত্রাদি দ্বারা অসজ্জিত ; Not

Unasked, *a.* অপ্রার্থিত ; অযাচিত ; অনাহূত ; Unsolicited :—*ad.* অযাচিতভাবে।

Unassailable, *a.* দুরাক্রম্য ; দুর্দ্ধর্ষ :—অখণ্ডনীয়।

Unassisted, *a.* সহায়তা-ব্যতীত ; বিনা সাহায্যে।

Unassuming, un-as-sūm'ing, *a.* বিনীত ; নম্র ; সুশীল ; অনহঙ্কৃত ; Modest.

Unattainable, *a.* অপ্রাপ্য ; দুর্লভ।

Unauthentic, *a.* কৃত্রিম ; অপ্রামাণিক।

Unauthorised, *a.* অননুমত ; যাহা বিনা আদেশে সম্পাদিত হয় ; Depudiated.

Unavailable, *a.* অপ্রাপ্য ; বৃথা ; অনর্থক।

Unavailing, un-a-vāl'ing, *a.* নিরর্থক ; অকার্য্যকর ; বৃথা ; নিষ্ফল ; Useless.

Unavoidable, *a.* অনিবার্য্য ; অবশ্যম্ভাবী ; Inevitable ; necessary. *ad*=unavoidably (অনিবার্য্যরূপে) ; *n*=unavoidableness (অনিবার্য্যতা)।

Unaware, un-a-wār', **Unawares,** un-a-wārz', *n.* অকস্মাৎ ; হঠাৎ ; Unexpectedly ; suddenly.

At unawares—হঠাৎ ; অতর্কিতভাবে।

Unbar, un-bär', *v. t.* খোলা ; হুড়কা খোলা ; খিল খোলা ; To open. [cate ; to strip.

Unbark, *v. t.* ছাল ছাড়ান ; নিস্ত্বক-কৃ, To decorti-

Unbathed, *a.* অসিক্ত ; অস্নাত।

Unbearable, *a.* অসহ্য, দুঃসহ ; Intolerable. *ad*=unbearably, *n*=unbearableness.

Unbecoming, *a.* অনুপযুক্ত ; অনুচিত, Unfit ; unsuitable :—অভদ্রোচিত, নিন্দনীয় ; Improper. *ad*=unbecomingly, *n*=unbecomingness.

Unbelief, un-bē-lēf, *n.* অবিশ্বাস ; অপ্রত্যয় ; নাস্তিকতা ; নাস্তিক্য-বুদ্ধি ; Disbelief, incredulity. *Syn* :—Distrust, doubting, free-thinking, scepticism, infidelity.

Unbeliever, un-bē-lēv'er, *n.* নাস্তিক ; বিশ্বাসহীন ব্যক্তি ; An incredulous person, an infidel ; a sceptic. *Syn* :—Infidel, disbeliever, free-thinker, deist, sceptic. [tical.

Unbelieving, un-bē-lēv'ing, *a.* নাস্তিক ; Scep-

Unbend, un-bend, *v. t.* সোজা-কৃ ; সটান-কৃ ; সরল-কৃ, To make straight ; to straighten :—শিথিল-কৃ ; আলগা-কৃ ; To relax ; to set at ease :—বিশ্রাম-দে ;—অনমিত-কৃ, জ্যা-মুক্ত-কৃ :—*v. i.* সোজা-হ, বিশ্রাম-কৃ। *p. t.* and *p. p.*=unbent. *Syn* :—Loose, loosen ; untie, unfasten ; straighten ; remit ; take recreation, divert, be amused.

Unbending, un-bend'ing, *a.* অনম্র ; কঠিন ; কড়া ; দৃঢ়প্রতিজ্ঞ ; অটল ; Unyielding ; resolute, inflexible. [হইয়া।

Unbendingly, *ad.* দৃঢ়ভাবে ; কিছুমাত্র অবনত না

Unbias, un-bi'as, *v. t.* পক্ষপাতিত্ব মুক্ত-কৃ. To free from bias :—*a.* অপক্ষপাতী ; পক্ষপাতশূন্য ; নিরপেক্ষ। *ad*=unbiasly (নিরপেক্ষভাবে) ; *n*=unbiasness (নিরপেক্ষতা)।

Unbiassed, *a.* অপক্ষপাতী ; Impartial.

Unbidden, *a.* অনাহূত, অনিমন্ত্রিত ; Uninvited :—*ad.* অনাহূতভাবে।

Unbind, un-bīnd, *v. t.* বন্ধনমুক্ত-কৃ ; To loose ; to untie :—খুলিয়া-দে ; ছাড়িয়া-দে ; To set free. *Syn* :—Untie, unfasten ; unstrain, set free.

Unblamable, *a.* অদূষণীয়, অনিন্দনীয় :—নির্দ্দোষ ; Innocent.

Unbleached, *a.* ধোপ না দেওয়া ; অধৌত।

Unblemished, *a.* অদুষ্ট ; নির্দ্দোষ ; নিখুঁত ; Unstained.

Unblown, *a.* বায়ু দ্বারা অপূরিত, অঘ্রাত।

Unblushing, un-blushing, *a.* নির্লজ্জ ; লজ্জাহীন ; বেহায়া ; Imprudent.

Unbolt, un-bōlt, *v. t.* খোলা ; অনর্গল-কৃ ; হুড়কা-খোলা ; To unbar :—*v. i.* প্রকাশ-হ ; To explain or unfold a matter.

Unbolted, *a.* অনর্গলিত ; অচালিত ; স্থূল ।

Unborn, *a.* অনুৎপন্ন ; অজাত ; Not yet born :—ভাবী ; ভবিষ্যৎ ; Future.

Unbosm, un-boozum, *v. t.* মন খুলে প্রকাশ-কৃ ; মনের কথা ব্যক্ত-কৃ ; To tell or disclose freely.

Unbought, *a.* অক্রীত ; বিনামূল্যে অর্জ্জিত ।

Unbound, un-bownd, *a.* শিথিল ; আলগা ; অবদ্ধ ; Loose.

Unbounded, un-bounded, *a.* অসীম ; অনন্ত ; অপরিমিত ; Boundless. *Syn* :—Interminable, unlimited ; unrestrained ; excessive.

Unbrace, un-brās, *v. t.* শিথিল-কৃ ; To loose ; to relax. *Syn* :—Loosen, remit ; enervate, enfeeble.

Unbred, *a.* অজাত ; Unborn :—অবিনীত ; অসভ্য ; অশিক্ষিত ; Not taught or trained.

Unbridled, un-bri'dled, *a.* অসংযত ; উচ্ছৃঙ্খল ; রশ্মিমুক্ত , Unrestrained :—কামুক ; লম্পট ; Licentious.

Unbridled passions—দুর্ব্বার রিপুগণ ।

Unbroached, *a.* অমুক্ত ; অনুদ্ঘাটিত ।

Unbroken, un-brō'kn, *a.* অভগ্ন . অখণ্ডিত ; অকর্ষিত ; অবশীভূত ; অপরাজিত ; Not broken or violated. *Syn* :—Round, full, complete, entire, undisturbed, sound, profound.

Unbrotherly, *a.* যাহা ভ্রাতার পক্ষে অনুচিত ।

Unbuckle, un-bukl, *v. t.* গলবন্ধ খুলিয়া-দে ; To unfasten.

Unbuilt, *a.* এখনও অগঠিত বা অনির্ম্মিত ।

Unbuised, *a.* অক্ষত ; অকুণ্ঠিত ।

Unburden, un-bur'dn, **Unburthen**, un-bur'thn, *v. t.* উদ্বেগশূন্য-কৃ ; To free the mind from any anxiety :—ভারমুক্ত-কৃ ; খালাস-কৃ ।

Unburned, Unburnt, *a.* অদগ্ধ ; Not burn.

Unbutton, un-buton, *v. t.* বোতাম খোলা ; To loose the buttons of. [free from a cage.

Uncage, unkāj. *v. t.* পিঞ্জর হইতে মুক্ত-কৃ ; To set

Uncalled-for, *a.* অপ্রার্থিত , অযথাপ্রদত্ত ; অতিরিক্ত ; Not required or needed ; improper.

Uncanny, *a.* শঙ্কনীয় ; আপৎ-সঙ্কুল ; Dangerous :—আশ্চর্য্য ; ভৌতিক ; Mysterious.

Uncared-for, *a.* অনাদৃত ; উপেক্ষিত ; অকৃতযত্ন ; Not heeded. [take out of a case.

Uncase, un-kās, *v. t.* আবরণ হইতে বাহির-কৃ ; To

Unceasing, *a.* ক্রমাগত ; অবিরত ।

Uncertain, un-ser'tān, *a.* অনিশ্চিত ; সন্দিগ্ধ ; সংশয়াপন্ন ; Not certain ; not positively known :—চঞ্চল ; অস্থিরচিত্ত । *Syn* :—Ambiguous, equivocal, indistinct, indefinite ; insecure, precarious, unreliable ; not sure, not confident, doubtful, dubious ; irregular, unpunctual ; capricious, fitful.

Uncertainty, *n.* অস্থিরতা ; অনিশ্চয়তা ; Want of certainty ; doubtfulness ; dubiousness.

Unchain, un-chān, *v. t.* দাসত্ব হইতে মুক্ত-কৃ ; শৃঙ্খলমুক্ত-কৃ ; ছাড়িয়া-দে ; To free from chains or slavery. [Immutable.

Unchangeable, *a.* অপরিবর্ত্তনীয় ; :—নিত্য ; স্থির ;

Uncharitable, *a.* অনুদার ; সঙ্কীর্ণচিত্ত ; Not charitable :—কর্কশ ; রুক্ষ ; Harsh. *ad*=uncharitably (অনুদারভাবে) ; *n*=uncharitableness (চিত্তের সঙ্কীর্ণতা ; অনৌদার্য্য) ।

Unchary, *a.* অমিতব্যয়ী ; অসাবধান ।

Unchaste, *a.* ভ্রষ্ট ; অসতী ; অসাধু ; Lewd.

Unchastity, *n.* ভ্রষ্টতা ; ব্যভিচার ; লাম্পট্য ; Lewdness.

Unchecked, *a.* অবারিত ; অপ্রতিহত ।

Unchristian, *a.* খৃষ্টীয় ধর্ম্ম-বিগর্হিত ; Not Christian ; infidel. [কৃ ; To expel from a church.

Unchurch, un-church, *v. t.* ধর্ম্মমণ্ডলী হইতে বহিষ্কৃত-

Uncial, *a.* বৃহৎ অক্ষর সম্বন্ধীয় ; Pertaining to a certain style of letters :—*n.* যাবনিক বৃহদক্ষর ; An unicial letter. [shaped.

Unciform, *a.* আঁকড়ার ন্যায় আকারবিশিষ্ট ; Hooked-

Uncinate, *a.* বক্রপ্রান্ত ; Hooked at the end.

Uncivil, un-sivil, *a.* অসভ্য ; অশিষ্ট ; অবিনীত ; Not civil or complaisant. *ad*=uncivilly (অশিষ্টভাবে) । *Syn* :—Impolite, discourteous, rude, unmannerly, ungracious, disrespectful.

Uncivilised, *a.* অসভ্য ; অশিক্ষিত ; বর্ব্বর ; Barbarous.

Unclaimed, *a.* অ-স্বামিক ; বে-দাবি ; যাহার কেহ দাবি বা দাওয়া করে নাই । [the clasp of.

Unclasp, *v. t.* বন্ধন-আঁকড়া খুলিয়া ফেলা ; To loose

Uncle, ung'kl, *n.* জেঠা ; খুড়া ; মাতুল ; পিসে ; মেসো ; The brother of one's father or mother.

Unclean, un-klēn, *a.* অপবিত্র ; অশুদ্ধ ; Foul :—মলিন ; ম্লেচ্ছ ; Dirty. [বিত্রতা) ।

Uncleanly, *a.* অপবিত্র । *n*=uncleanliness (অপ-

Uncleanness, un-klēnnes, *n.* অপবিত্রতা ; মলিনতা ; Want of cleanness. *Syn* :—Dirtiness, foulness, filth ; lewdness, incontinence.

Uncloak, un-klōk, *v. t.* অঙ্গের বহিরাবরণ শূন্য-কৃ ; To remove a cloak from.

Unclog, *v. t.* কীলক-নির্ম্মুক্ত-কৃ ; খুলিয়া দেওয়া ; To set at liberty. [unclosed.

Unclose, un-klōz, *v. t.* খোলা ; To open. *a*=

Unclosed, un-klōzd, *a.* মুক্ত ; Open.

Unclothe, un-klōth, *v. t.* বিবস্ত্র-কৃ ; উলঙ্গ-কৃ ; To make naked ; to strip. [clothing.

Unclothed, *a.* উলঙ্গ ; বিবস্ত্র ; নগ্ন ; Divested of

Uncock, *v. t.* (বন্দুকের) ঘোড়া নিচু-কৃ ; ঘোড়া নামান ; To let down the cock of, as a firearm.

Uncoil, un-koil, *v. t.* জোড় খোলা ; পেঁচ খোলা ; বিজড়িত-কৃ ; To unwind.

Uncoloured, *a.* যাহাতে রঙ্ দেওয়া হয় নাই ; অরঞ্জিত । [Not comely.

Uncomely, *a.* অসুন্দর ; কুৎসিত ; কুশ্রী ; অনুচিত ;

Uncomfortable, *a.* আরামশূন্য ; অসুখী ; অসচ্ছন্দ ; Ill at ease. *ad*=uncomfortably, *n*=uncomfortableness.

Uncommon, un-komun, *a.* অসাধারণ ; অসামান্য ; অপূর্ব্ব ; আশ্চর্য্য ; Not common ; strange ; not usual. *n*=uncommonness. *Syn* :—Rare, scarce, infrequent, unwonted, unusual, unmarkable, strange. [Rarely.

Uncommonly, *ad.* সাধারণরূপে সবিশেষরূপে ;

Uncompromising, *a.* নির্ব্বন্ধাতিশয়-যুক্ত ; সন্ধিবিষয়ে নারাজ ; Not agreeing to terms. *Syn* :—Obstinate, unyielding, inflexible.

Unconcern, *n.* চিন্তাশূন্যতা ; ঔদাসীন্য ; উদ্বেগশূন্যতা ; Absence of anxiety. [Not concerned.

Unconcerned, *a.* চিন্তাশূন্য ; উদ্বেগশূন্য ; উদাসীন ;

Unconcernedly, *ad.* স্বচ্ছন্দে ; নির্ভাবনায় ।

Unconditional, un-kon-dishun-al, *a.* বে-করারী ; যাহা করারের অধীন নহে ; সময়হীন ; Not limited or conditioned. *ad*=unconditionally (বে-করারে ; সময় না করিয়া) । *Syn* :—Unrestricted, unlimited, unqualified. [—অপরিচ্ছন্ন ; মুক্ত ।

Unconditioned, *a.* অনিয়ন্ত্রিত , Unconditional :

Unconfirmed, *a.* অদৃঢ়ীকৃত ; অসমর্থিত । [বিসদৃশ ।

Uncongenial, *a.* অসম-স্বভাব ; বিষম প্রকৃতিক ;

Unconquerable, *a.* অজেয় ; অপরাজেয় ; দুর্জয় ; Invincible. [from.

Uncork, *v. t.* ছিপি খোলা ; To draw the cork

Unconscionable, *a.* যুক্তি-বিরুদ্ধ ; বিবেকবুদ্ধির বিরুদ্ধ , অযৌক্তিক ; অসঙ্গত ; অন্যায় ; Not conformed to conscience ; unreasonable. *ad*=unconscionably, *n*=unconscionableness.

Unconnected, *a.* অসংযুক্ত ; অসম্বদ্ধ ; অসংলগ্ন ।

Unconscious, *a.* অজ্ঞান ; বেহুঁশ , অচেতন ; Not conscious ; ignorant. *ad*=unconsciously (অজ্ঞাতসারে) ; *n*=unconsciousness (সংজ্ঞাহীনতা) ।

Unconstitutional, *a.* ব্যবস্থাসিদ্ধ নহে ; বিধি-বিগর্হিত ; অবৈধ ; Contrary to the constitution.

Uncontrollable, *a.* অবাধ্য ; অদম্য ; প্রবল ; Ungovernable.

Uncouple, un-kup'l, *v. t.* পৃথক-কৃ ; To disjoin.

Uncourteous, un-kurťe-us, *a.* রুক্ষ ; অবিনীত ; অসভ্য , Rude, uncivil, unpolite. *ad*=uncourteously, *n*=uncourteousness.

Uncouth, un-kŏŏth, *a.* [A. S. *un*, not, and *cudh*, known] অপরিচিত ; Unfamiliar :—অসঙ্গত ; অপভ্রষ্ট ; কুৎসিত ; Awkward :—অদ্ভুত , অপরূপ , Odd ; strange. *n*=uncouthness (অপরূপতা ; অপভ্রষ্টতা) । *Syn* :—Unusual, strange, unseemly, boorish, clumsy, clownish, ungainly.

Uncovenanted, *a.* ইচ্ছাধীন ; অনাশ্বাসিত-পূর্ব্ব ।

Uncover, un-kuvér, *v. t.* খোলা , উদ্ঘাটিত-কৃ ; নগ্ন-কৃ ; To lay open :—স্পষ্ট প্রকাশ-কৃ , To disclose—*v. i.* সম্মানার্থ টুপী খুলিয়া ফেলা । *Syn* :—Strip, lay bare, expose, disclose, discover.

Unction, ung'shun, *n.* অভিলেপন , তৈল মর্দ্দন ; Anointing :—মলম , Ointment :—প্রগাঢ় ভক্তি ; ওজঃ গুণ · উৎকট ধর্ম্মানুরাগ ; Warmth of devotion.

Extreme unction—রোমীয় ধর্ম্মের অন্তিম তৈলাভ্যঙ্গ অনুষ্ঠান ; In the Roman Catholic Church, the rite of anointing with consecretated oil, administered to persons at the point of death.

Lay a flattering unction to the soul—বৃথা আপনাকে প্রতারিত-কৃ ; (কোন কিছু লইয়া) মনে মনে রাখা-কৃ ; Delude oneself with false hopes :—সুখের স্বপ্ন দেখিয়া অন্তরাত্মাকে তুষ্ট কৃ ; Soothe oneself with some pleasant fancy ; flatter oneself with a pleasant belief. [siness.

Unctuosity, *n.* তৈলময়তা ; Oiliness ; grea-

Unctuous, ung'tū-us, *a.* চর্ব্বিযুক্ত ; তৈলাক্ত ; মসৃণ ; তেলা ; Greasy ; oily. *n*=unctuousity, unctuousness, *ad*=untuously. *Syn* :—Fat, fatty ; oily, oleaginous, adipose.

Uncultivated, *a.* অকর্ষিত ; পতিত ।

Uncurl, *v. t.* কুঞ্চন হইতে মুক্ত-কৃ , To loose from ringlet :—*v. i.* :—কুঞ্চন মুক্ত-হ ; To fall from a curled state.

Uncut, *a.* অকর্ত্তিত, অচ্ছিন্ন ।

Undated, *a.* তারিখহীন ; যাহাতে তারিখ লেখা হয় নাই :—তরঙ্গায়মান ; Rising and falling in waves.

Undaunted, *a.* অশঙ্কিত ; Not daunted :—অকুতোভয় ; নির্ভীক ; Intrepid. *ad*=undauntedly (নির্ভয়ে) ; *n*=undauntedness (নির্ভীকতা) ।

Undeceive, *v. t.* ভ্রান্তি দূর-কৃ ; চক্ষু ফুটাইয়া-দে ; To free from deception or mistake. [settled.

Undecided, *a.* অমীমাংসিত ; অনিরূপিত ; Not

Undeclinable, *a.* যাহার রূপ করা যায় না ; অব্যয় ।

Undefaced, *a.* অরূপান্তরিত ; অ-বিলুপ্ত ।

Undefended, *a.* অসমর্থিত ; অরক্ষিত ।

Undefined, *a.* অনিরূপিত ; অনির্ব্বাচিত ; বিলক্ষণ ।

Uncle-in-law, *n.* খুড়শ্বশুর বা জ্যেষ্ঠ শ্বশুর ; The brother of a wife's or a husband's father.

Undeniable, *a.* অকাট্য ; অবশ্য স্বীকার্য্য ; স্পষ্ট ।

Under, ŭndēr, *prep.* নিম্নে ; নীচে ; In a lower position than ; beneath , below :—ঊন ; ঊনভাবে ; Less than :—বশবর্ত্তী হইয়া ; In subjection, in subordination, in liability :—অধীনে ; ভাবে :—সময় মধ্যে ; কোনও অবস্থায় , During the time of :—*adv.* নিম্নে ; Below :—ঊন ; Less :—বশে ; অধীনে , In subjection :—নিম্ন অবস্থায় ; In a lower degree or condition :—*a.* নিম্নস্থ ; নিম্ন ; নিম্নবর্ত্তী ; Lower , —অধীনস্থ ; নমিত ; Subject ; subordinate. [স্রোত ।

An under current, *n.* বিপরীত দিকে বহমান অধঃ

An under dose—অল্প মাত্রা ।

Bring under—অধীনে আনা ।

Go under—নিমগ্ন-হ । [subjection.

Keep under—অধীনে রাখা ; দমনে রাখা ; Hold in

To be under a cloud—সন্দেহাধীন-হ , To be suspected ; to be mistrusted.

To be under the apprehension—ভীত-হ ; To be apprehensive.

Under age—নাবালক ; পূর্ণ বয়সের কম ; Not yet arrived at the period when one legally ceases to be under parents and guardians.

Under arms—অস্ত্রশস্ত্রে সজ্জিত ; সশস্ত্র হইয়া যুদ্ধার্থ প্রস্তুত ; যুদ্ধার্থ সৈনিক শ্রেণীভুক্ত , Drawn up ready to use arms, as soldiers. [ted ; interdicted.

Under ban, *a.* কোন কিছু করিতে নিষিদ্ধ ; Prohibi-

Under cover—রক্ষিত ; আচ্ছাদিত বা লুক্কায়িত , Sheltered , protected.

Under fire—শত্রুর গুলির অভিমুখস্থ ; শত্রুর অগ্নি বর্ষণের মধ্যে ; যুদ্ধে প্রবৃত্ত থাকিয়া ; Exposed to an enemy's shot.

Under lock and key—চাবি দিয়া বন্ধ ; Completely shut. [in full view.

Under one's nose—ঠিক সম্মুখে ; In plain sight ;

Under one's seal—কাহার নামাঙ্কিত মোহর দিয়া চিহ্নিত ; Attested by one's seal. [চলিতাবস্থায় ।

Under sail—পাইল দ্বারা চালিত ; পাইলভরে

Under sentence—দণ্ডাধীন ; দণ্ডাদেশের বশবর্ত্তী ; Having sentence pronounced against.

Under the auspices of—কোন বড় লোকের অনুগ্রহে বা আনুকূল্যে ; Through the influence of ; under the patronage of.

Under the breath—মৃদুস্বরে ; চুপে চুপে ; Under one's breath ; very softly. [করিয়া ।

Under the guise of friendship—বন্ধুত্বের ভাণ

Under one's hand—কাহারও সহিযুক্ত ; Bearing one's signature. [অবস্থায় ।

Under one's signature—কাহারও নাম স্বাক্ষরিত

Under the hand and seal of—কাহারও স্বাক্ষর এবং নামাঙ্কিত মোহর দিয়া চিহ্নিত ; সহি ও মোহরযুক্ত হইয়া ; Attested by the signature and seal of.

Under the head—শ্রেণীভুক্ত, In the class that includes.

Under the lee—To the leeward

Under the mark—ঠিক পরিমাণের কম ।

Under the mask—ছল করিয়া, ছদ্মবেশে ।

Under the mask, cloak or pretence of religion—ধর্মের ভান করিয়া, By pretending to be religious.

Under the rose—গোপনে ; Privately, in secret.

Under the seal of secrecy—গোপনে রাখিতে অঙ্গীকার করিলে, With the promise that it should be kept secret. [the earth

Under the sun—পৃথিবীতে ; In the world, on

Under the thumb of—সম্পূর্ণরূপে পরাধীন, Servilely obedient, controlled by

Under the wing of—আশ্রয়ে, Under the cue or protection of.

Under water—জলের মধ্যে । [চলিত ।

Underway (or weigh)—গমনোদ্যত, চালিত-

Underbid, *v. t.* অন্যাপেক্ষা ন্যূন মূল্য ডাকা, দর কমাইয়া ডাকা, অল্প দর হাঁকা, To bid less than another.

Underbred, undėr bred, *a.* হীন শিক্ষা বা শিষ্টাচার শিক্ষিত, Of inferior breeding or manners

Underclay, *n.* মৃত্তিকা স্তর, A stratum of clay

Underclothes, *n.* অন্তর্বাস, অন্তর্বস্ত্র ।

Undercurrent, *n.* অধঃস্রোত, অন্তর্বাহ, A current below the surface of water

Underdone, *a.* যাহা সম্পূর্ণ সিদ্ধ হয় নাই, অসমাপ্ত পাক, Done less than is requisite, insufficiently cooked. [পরিমাণ ।

Underdose, *n.* ন্যূন মাত্রা, পূর্ণ মাত্রা অপেক্ষা কম

Underdrain, *n.* ভূগর্ভস্থ পয়োনালী, A drain below the surface of the ground

Underestimate, *v.* প্রকৃত মূল্যের কম বিবেচনা-কৃ : —*n.* অসমুচিত মূল্য নিরূপণ ।

Underfeed, *v. t.* অতি অল্প অল্প আহার করান, To feed with too little food. [ধান বস্ত্র ।

Undergarment, *n.* অন্তর্বাস, বাহ্যবস্ত্রের নিম্নস্থ পরি-

Undergird, *v.* নিম্নে বন্ধন-কৃ, To bind below.

Undergo, un-der-gō', *v. t.* সহ্য-কৃ, সহা, To endure or suffer, to bear up against .—অধীন-হ, To be subjected to .—অনুভব-কৃ, ভোগ-কৃ । *Syn* :—Bear, suffer, sustain, experience, endure.

Undergraduate, undėr-gradū-āt, *n.* বিশ্ব-বিদ্যালয়ের যে ছাত্র বিএ উপাধি প্রাপ্ত হয় নাই ; A student who has not taken his first degree.

Underground, undėr-ground, *a.* ভূমিতলের অভ্যন্তরস্থ ; ভূমির নিম্নস্থ ; মাটীর ভিতর ; Under the surface of the ground ; subterranean.

Undergrowth, undėr-grōth, *n.* বড় বৃক্ষের নিম্ন-জাত চারাগাছ ; বৃক্ষতলে উৎপন্ন গুল্মাদি, Shrubs growing under trees.

Underhand, undėr-hand, *ad.* গোপনে ; প্রচ্ছন্নভাবে ; শঠতাপূর্বক, By secret means ; by fraud : —*a.* গূঢ় ; গোপনীয় ; ভণ্ড, Secret.

Underlay, un-dėr-lā, *v. t.* নিম্নে স্থাপন-কৃ ; নীচে ঠেকা-দে, To lay beneath [neath ; to support.

Underlie, *v.* নীচে থাকা ; নিম্নস্থ-হ ; To lie be-

Underline, un-der-līn, *v. t.* কোন শব্দের নিম্নে কসি টানা, নীচে রেখা টানা, নিম্ন-রেখ-কৃ, To draw a line below, as a word

Underling, undėr-ling, *n.* তাঁবেদার ; অধীনস্থ কর্মচারী, অধীনস্থ ব্যক্তি, An inferior person or agent : —নীচ ব্যক্তি, A mean fellow

Underlying, *a.* নিম্নস্থ, তলস্থ, তলবর্তী ।

Undermaster, *n.* সহকারী শিক্ষক, সহকারী প্রভু ।

Undermentioned, *a.* নিম্নলিখিত, যাহার নাম পরে উক্ত হইয়াছে ।

Undermine, un-dėr-mīn, *v. t.* অধঃ খনন-কৃ ; গোড়ায় সুড়ঙ্গ কাটা, To dig under, to destroy or fell what is above —গোপনে নষ্ট-কৃ ; গোপনে ক্ষতি-কৃ, To injure by underhand means.

Undermost, undėr-mōst, *a. sup* নিম্নস্থ, সর্বনিম্নবর্তী, Lowest.

Underneath, undėr-nēth, *ad* নিম্নে, নীচে ; তলে ; Below —*pre.* নিম্ন, Beneath

Underplot, undėr-plot, *n.* অন্তর্নিহিত, গুপ্ত মন্ত্রণা ; গূঢ় পরামর্শ, Subordinate plot ; a clandestine scheme —নাটকের আনুষঙ্গিক ঘটনাবলী । [Support.

Underprop, un-dėr-prop', *v t* অবলম্বন থাকা ;

Underrate, undėr-rāt, *v. t.* অল্পমূল্য-কৃ, কমদরের বিবেচনা কৃ, তুচ্ছজ্ঞান কৃ, Depreciate, undervalue : —*n.* প্রকৃত মূল্য অপেক্ষা অল্পমূল্য, A price less than the worth.

Undersecretary, *n.* অধীনাধ্যক্ষ, নিম্নতর সম্পাদক ।

Underset, *n.* বিপরীতবাহী অধঃস্রোত —*v. t.* ধরিয়া রাখা, To prop [ter passing below.

Undershot, *a.* অধঃপ্রবাহে চালিত ; Moved by wa-

Undersell, un-dėr-sel *v.* অপরের অপেক্ষায় সস্তা দরে বিক্রয়-কৃ, কম দরে বেচা, To sell cheaper than. *p. a.*=undersold.

Undersettor, *n.* অবলম্বন, A prop or support.

Undersign, undėr-sīn, *v. t.* নিম্নে নাম স্বাক্ষর-কৃ ; To write one's name at the foot of.

The undersigned—নিম্নে স্বাক্ষরকারী, লেখক ।

Understand, un-der-stand, *v. t.* বুঝিতে পারা ; হৃদয়ঙ্গম কৃ, প্রণিধান-কৃ ; বোধ-কৃ, Comprehend :—জ্ঞাত-কৃ, জানান, Be informed :—উহ্য থাকা, To imply :—*v. i.* জ্ঞাত-হ, To be informed of. *pp. pt.*=understood. *Syn* :—Recognise, know, perceive, discern, interpret, take, suppose ; learn, hear. [Being informed of.

Being given to understand—জ্ঞাত হইয়া :

Give one to understand—কাহারও কথাতে এই বুঝা যায়, Lead one to believe .—কাহাকে কিছু বলা, জানান, জ্ঞাত-কৃ, Inform one.

Make one's self understood—কাহারও অভিপ্রায় স্পষ্ট করিয়া বুঝাইয়া দেওয়া ।

Understanding, un-der-standing, *n.* বুদ্ধি ; ধীশক্তি, Intellect .—জ্ঞান, বোধ, Knowledge :—ঠিক অনুভব, Exact comprehension :—মিলন : Harmony :—সর্ত, করার । *Syn* .—Intelligence, apprehension, perception, conception, notion, idea ; mind, sense, reason, brains ; agreement, accord.

Good understanding—সদ্ভাব ।

On the understanding—এইরূপ কথাবার্তা হওয়ায় ;

এই মনে করিয়া বা ভাবিয়া ; এই বুঝিয়া ; On the condition.

To come to an understanding with—কাহারও সহিত কোনও বিষয় সম্বন্ধে সন্ধি-কৃ ; যুক্তি-কৃ ; বন্দোবস্ত-কৃ।

Understate, undér-stāt, *v. t.* কম করিয়া বলা, সত্য অপেক্ষা কম বর্ণনা-কৃ, To state or represent below the truth.

Undertake, un-dér-tāk, *v. t.* নিজের ঘাড়ে-ল ; স্বীকার-কৃ ; To take upon oneself :—চেষ্টা-কৃ ; To attempt :—অঙ্গীকার-কৃ ; To accept :—হাতে-ল ; ভার-ল ; To take in hand .—প্রবৃত্ত-হ, To engage in. *pt*=undertook. *p. p.*=undertaken. *Syn* :—Engage in, embark in, enter upon ; agree, stipulate, promise.

Undertaker, undér-tāker, *n.* মুর্দাফরাস ; One who manages funerals :—চুক্তিকারক, One who undertakes.

Undertaking, un-dér-tāking, *n.* কার্য্য ; কর্ম ; অসমসাহসিক কার্য্য, অঙ্গীকার ; Any business or project engaged in, enterprise. *Syn* :—Engagement, promise, effort, endeavour, attempt, adventure.

Undertenant, *n.* পেটাও প্রজা ; কুর-প্রজা।

Undertone, *n.* নিম্ন স্বর ; A low tone.

Undervalue, un-dér-valū, *v. t.* সামান্য জ্ঞান-কৃ ; কমমূল্যের বিবেচনা-কৃ ; To esteem lightly :—তুচ্ছ জ্ঞান-কৃ ; To make below the real worth :—*n.* কম দর ; Low rate or price. *n*=undervaluation (উচিতাপেক্ষা অল্পমূল্য নির্দ্ধারণ)। *Syn* :—(*v*) Underrate, misprize ; depreciate, disesteem, despise.

Underwent, *p. t.* of *undergo.*

Underwood, *n.* গুল্মাদি ; বৃক্ষাদির মধ্যস্থ ঝোপ ; Coppice. [খনন-কৃ।

Underwork, *v. t.* অল্প লাভে সমান কাজ-কৃ ; অধঃ

Underwrite, un-dér-rīt, *v. t.* বিমা-কৃ ; ক্ষতিপূরণ করিতে অঙ্গীকার-কৃ ; স্বাক্ষর-কৃ ; To insure against loss at sea ; to write under something else ; to subscribe.

Uuderwriter, undér-rīt-ér, *n.* বিমাকারক, যে বিমা করে ; বিমাকারী ; স্বাক্ষরকর্ত্তা ; Insurer, one who insures ; insurer of ships and cargoes.

Undeserved, *a.* অনুপযুক্ত ; অনুচিত ; অসঙ্গত ; Failed to deserve. *ad*=undeservedly (অসঙ্গতরূপে)।

Undeserving, *a.* অনুপযোগী ; অপাত্র ; অনধিকারী।

Undesigned, *a.* অনভিপ্রেত ; অবুদ্ধিপূর্ব্বক। *ad*=undesignedly (বিনা মতলবে)। *n*=undesignedness.

Undesirable, *a.* অপ্রার্থনীয় ; অনভিলষণীয় ; Not desirable. [termind.

Undetermind, *a.* অনির্ণীত ; অনিশ্চিত, Not de-

Undeterred, *a.* অসঙ্কুচিত ; অবাধিত।

Undeviating, *a.* অবিচলিত ; Steady.

Undigested, *a.* অজীর্ণ ; অপক ; যাহা হজম হয় নাই ; Indigested. [Not dignified.

Undignified, *a.* গৌরবহানি-জনক ; প্রতিষ্ঠা-নাশক ;

Undiminished, *a.* অক্ষীণ ; অখর্ব্বীকৃত।

Undisciplined, *a.* অবিনীত ; অশিক্ষিত ; Not disciplined :—আকাঁড়া। [সরল ; খোলাসা।

Undisguised, *a.* অনাচ্ছাদিত ; Open :—স্পষ্ট ;

Undismayed, *a.* অশঙ্কিত, নির্ভয়।

Undisputed, *a.* নির্ব্বিরোধ, অনাপত্তিক।

Undistinguished, *a.* অচিহ্নিত ; অপ্রসিদ্ধ।

Undistributed, *a.* অপ্রসারিত ; অব্যাপিত।

Undisturbed, *a.* সুস্থির ; নির্ব্বিঘ্ন ; অনালোড়িত ; Not disturbed.

Undivided, *a.* অবিভক্ত ; অখণ্ডিত ; অবিচ্ছিন্ন ; Not divited ; continuous :—সমস্ত ; আস্ত ; গোটা, Whole.

Undo, un-dōō', *v. t.* বন্ধন খুলা ; আলগা-কৃ ; To untie ; to unfasten :—সর্ব্বনাশ-কৃ ; নষ্ট-কৃ ; Ruin ; destroy :—রদ-কৃ, বাতিল-কৃ ; উল্টাইয়া দেওয়া ; To reverse ; to annul. *Syn* :—Invalidate, frustrate ; loose, untie, unfasten, disengage ; disentangle ; impoverish.

Undoing, un-dōō'ing, *n.* বিনাশ ; Ruin.

Undone, *p. a.* নষ্ট ; হত ; অসম্পন্ন ; Ruined.

Undoubted, un-douted, *a.* সন্দেহশূন্য ; নিঃসন্দিগ্ধ ; নিশ্চিত ; ধ্রুব ; Not called in question. *ad*=undoubtedly (নিঃসন্দিগ্ধরূপে)। *Syn* :—Indisputable, indubitable, unquestionable, incontestable.

Undress, *v. t.* উলঙ্গ-কৃ ; বিবস্ত্র-কৃ, To strip :—*v. i.* কাপড় ছাড়িয়া ফেলা :—*n.* শিথিল পরিচ্ছদ, আলগা পোষাক ; A loose dress. [Not proper.

Undue, *a.* অদেয় ; Not due :—অনুচিত ; অবৈধ ;

Undulate, undū-lāt, *v. t.* তরঙ্গায়িত-কৃ ; তরঙ্গবৎ প্রবাহিত-হ ; To move like waves :—স্পন্দিত-কৃ ; কম্পিত-কৃ ; To cause to vibrate —*v. i.* কম্পিত-হ ; To wave ; to vibrate. *n*=undulation.

Undulated, *a.* তরঙ্গিত, Waving ; rising and falling.

Undulation, un-dū-lāshun, *n* তরঙ্গবৎ আন্দোলন, তরঙ্গায়িত অবস্থা, A waving motion. *Syn* :—Fluctuation, vibration ; wave, ripple, rimple.

Undulatory, un-dū-la-tor-i, *a.* ঢেউ খেলান ; তরঙ্গবৎ, উন্নতানত, Moving like waves.

Unduly, un-dū'li, *ad.* অযথারূপে, Improperly.

Undutiful, *a.* অবাধ্য ; অবশ ; অমান্যকারী ; কর্ত্তব্য-বিগর্হিত।

Undying, *a.* অবিনশ্বর ; অমর, Immortal.

Unearth, un-érth', *v. t* মাটি হইতে তুলিয়া ফেলা ; গর্ত্ত হইতে বাহির-কৃ ; To drive out of the earth, to pull out of the earth ; to disinter.

Unearthly, *a.* স্বর্গীয় ; অপার্থিব ; Heavenly.

Uneasiness, un-ēzi-nes, *n.* উৎকণ্ঠা, ব্যাকুলতা ; Anxiety ; disquiet :—অস্বাচ্ছন্দ্য, The condition of being uneasy.

Uneasy, un-ēze, *a.* অস্থির ; উদ্বিগ্ন ; ব্যাকুল ; Not easy ; restless, disturbed *n*=uneasiness. *Syn* :—Restless, restive, unquiet, impatient, constrained, stuff, awkward.

Un-educated, *a.* অশিক্ষিত ; মূর্খ ; Not educated.

Uueffaced, *a.* অবিমোচিত ; অবিলোপিত।

Unembarrassed, *a.* অকুণ্ঠিত ; অবিচলিতচিত্ত ; Not confused. [বেকার ; নিকর্ম্মা ; Out of work.

Unemployed, *a.* অনিযুক্ত ; Not employed :—

Unenviable, *a.* অযোগ্য ; অপ্রার্থনীয়।

Unequal, un-ē'kwal, *a.* অসমান ; বিষম, Not equal ; not matched :—অযথেষ্ট ; Insufficient. *Syn* :—Uneven, not alike, disproportionate, irregular ; inferior, insufficient, inadequate.

Unequalled, *a.* অতুল ; অনুপম ; Unparalleled.

Unequally, *ad.* বিষমভাবে ; ন্যূনাধিকরূপে ; Not equally.

Unequivocal, un-ē-kwiv'ō-kal, *a.* অসন্দিগ্ধ ; Not of doubtful signification :—স্পষ্ট ; Clear. *Syn* :—Plain, direct, clear, manifest, unambiguous.

Unerring, *n.* নির্ভুল ; অমশূন্য ; Committing no mirtake :—নিশ্চিত ; অব্যর্থ ; Certain. *ad*=unerringly (অভ্রান্তরূপে) । [even ; rough.

Uneven, un-ē'ven, *a.* অসমান ; আবড়োখাবড়ো ; Not

Unexamined, *a.* অপরীক্ষিত ; অদৃষ্ট ।

Unexampled, ue-egz-ampld, *a.* অপূর্ব ; অনুপম ; Having no example or similar case. *Syn* :—Unprecedented, unparalleled, unequalled.

Unexceptionable, *a.* অনিন্দনীয় ; অভ্রান্ত ; Unobjectionable ; good. *ad*=unexceptionably. *n*=unexceptionableness.

Unexpected, *a.* আচম্বিত ; অতর্কিত , Sudden.

Unexpectedly, *ad.* হঠাৎ , অকস্মাৎ ; Suddenly.

Unexpectedness, *n.* অনপেক্ষিতত্ব ।

Unexpired, *a.* অনতীত ; Not expired.

Unexplained, *a.* অব্যাখ্যাত ; Not explained.

Unexplored, *a.* অপরীক্ষিত ; অনবেক্ষিত ।

Unfaded, *a.* অম্লান , অবিশুষ্ক ; Not faded.

Unfading, *a.* চির-তরুণ ; Not fading. [failing.

Unfailing, *a.* নিশ্চিত , Sure :—অক্ষয় ; Not

Unfair, *a.* অন্যায় , অসাধু ; Not honest :—বিষম , Unequal. *ad*=unfairly (অন্যায়রূপে) । *n*=unfairness (অসাধুতা) ।

Unfaithful, *a.* অবিশ্বস্ত , কৃতঘ্ন ; নিমক-হারাম ; Perfidious. *ad*=unfaithfully (কৃতঘ্নতাপূর্ব্বক) ; *n*=unfaithfullness (কৃতঘ্নতা) ।

Unfaltering, *a.* অবিচলিত ; স্পষ্ট উচ্চারিত ।

Unfashionable, *a* বে-দস্তুর ; অপ্রচলিত ।

Unfasten, un-fas'n, *v. t.* খুলিয়া-দে ; To untie :—আলগা-কৃ , To loose. [be sounded.

Unfathomable, *a.* অতলস্পর্শ ; অগাধ ; Too deep to

Unfavourable, *a.* অননুকূল , বিপরীত , অশুভ , Not favourable , contrary.

Unfeeling, *a.* নির্দয় ; নিষ্ঠুর ; Cruel :—কঠিনহৃদয় ; Insensible. [Sincere.

Unfeigned, *a.* যথার্থ ; অকৃত্রিম , Real :—অকপট ;

Unfelt, *a.* অননুভূত , অনুপলব্ধ ।

Unfetter, un-fet'er, *v. t.* মুক্ত-কৃ ; স্বাধীন-কৃ ; বন্ধন-মুক্ত-কৃ ; To set at liberty ; To unchain.

Unfilial, *a.* অসন্তানোচিত ; Unsuitable to a child.

Unfinished, *a.* অসম্পূর্ণ , অসমাপ্ত ; Incomplete.

Unfit, un-fit', *a.* অনুপযুক্ত , অযোগ্য ; Unsuitable ; not fit :—*v. t.* অনুপযুক্ত-কৃ ; To make unsuitable. *n*=unfitness (অনুপযুক্ততা) । *Syn* :—(*a*) Unsuitable, inappropriate, inapposite ; unqualified, incompetent. [unsettle.

Unfix, un-fiks', *v. t.* অদৃঢ়-কৃ ; খুলিয়া ফেলা ; To

Unfixed, *a.* অবদ্ধ ; অস্থির ; বিচলিত ; Not fixed.

Unflagging, un-flag'ing, *a.* অপতনশীল ; Not droping. [Not feathered.

Unfledged, *a.* অপরিপক্ব ; Unripe :—অজাতপক্ষ ;

Unflinching, *a.* অসঙ্কোচশীল ; Unyielding.

Unfold, un-fōld, *v. t.* বিস্তার-কৃ ; উন্মীলিত-কৃ ; Spread out ; disclose :—বলা ; প্রকাশ-কৃ ; Tell. *Syn* :—Expand, unroll, exhibit, display, disclose, reveal, declare, divulge, develop, explain.

Unforeseen, *a.* অদৃষ্টপূর্ব্ব ; অনপেক্ষিত ; Failed to foresee.

Unforgiving, *a.* নির্দয় ; নিষ্ঠুর ; ক্ষমাবিমুখ ।

Unformed, *a.* অগঠিত ; অনির্ম্মিত ; Decomposed ; not formed.

Unfortunate, un-for'tū-nāt, *a.* হতভাগ্য ; অভাগা ; Not fortunate ; unlucky. *ad*=unfortunately (দুর্ভাগ্যবশতঃ) । *Syn* :—Unsuccessful, unlucky, ill-starred, unhappy, disastrous, calamitous.

Unfounded, *a.* ভিত্তিশূন্য ; অমূলক ; Baseless :—বৃথা ; Vain. [frequent.

Unfrequent, *a.* বিরল ; যাহা সর্ব্বদা ঘটে না ; In

Unfrequented, *a.* মনুষ্যসমাগমশূন্য ; Rarely visited.

Unfrequently, *ad.* দৈবাৎ ; কচিৎ ; Hardly.

Unfriended, *a.* বন্ধুহীন ; Not be friended.

Unfriendly, *a.* অননুকূল ; বিরুদ্ধ ; Not favorable.

Unfruitful, *a.* বন্ধ্যা ; নিষ্ফলা ; অনুর্ব্বর ; Barren.

Unfulfilled, *a.* অসম্পন্ন ; Not fulfilled.

Unfurl, un-furl, *v. t.* বিস্তার-কৃ ; প্রসারিত-কৃ ; To unfold , to spread ; to expand, to open.

Ungainly, un-gān'li, *a.* কদাকার ; কদর্য্য , Clumsy , awkward, uncouth :—অদক্ষ ।

Ungenerous, *a.* অনুদার ; ক্ষুদ্রমনাঃ ; Illiberal ; unkind. *ad*=ungenerously.

Ungenial, *a.* স্বভাববিরুদ্ধ ; প্রকৃতি-বিরুদ্ধ ।

Ungenteel, *a.* অসভ্য ; অশিষ্ট ; Rude. *ad*=ungenteelly. [রুক্ষ ; Harsh.

Ungentle, *a.* অসভ্য ; অভদ্র ; Not gentle :—কর্কশ ;

Ungird, *v. t.* কটিবন্ধ খোলা , পেটী খুলিয়া ফেলা ; To loose from a girdle ; to unbind.

Ungodly, *a.* অধার্ম্মিক , পাষণ্ড ; Sinful ; impious. *n*=ungodliness (নাস্তিকতা) । [অদম্য ; অশাসনীয় ।

Ungovernable, *a.* অবাধ্য ; দুরন্ত ; Unruly :—

Ungraceful, *a.* কুশ্রী , কদর্য্য ; Awkward. *ad*=ungracefully (কদর্য্যভাবে) । *n*=ungracefulness (কদর্য্যতা) ।

Ungracious, *a.* নির্দয় ; Wicked :—কর্কশ , Unpleasing. *ad*=ungraciously (নির্দয়রূপে) । *n*=ungraciousness (নির্দয়তা) ।

Ungrammatical, *a.* ব্যাকরণদুষ্ট ; অসাধু ।

Ungrateful, *a.* অকৃতজ্ঞ ; কৃতঘ্ন ; Not thankful for favours. *ad*=ungratefully (কৃতঘ্নভাবে) । *n*=ungratefulness (অকৃতজ্ঞতা) ।

Ungrudging, *a.* অকাতর ।

Unguarded, *a* অরক্ষিত ; Unprotected.

In an unguarded moment—অনবহিত অবস্থায় ; হুঁসিয়ার না থাকার অবস্থায় ; Incautiously ; when not on one's guard.

Unguent, ung'gwent, *n.* মলম ; মালিস , প্রলেপ ; Ointment.

Unguinous, *a.* তৈলাক্ত ; Oily.

Ungulate, *a.* খুরবিশিষ্ট ; Hoofed. [hair.

Unhair, *v. t.* কেশশূন্য-কৃ ; মুণ্ডন-কৃ ; To deprive of

Unhallowed, un-hal'ōd, *a.* অপবিত্র , অশুচি ; Profane ; wicked :—অকুতোভয় । [go.

Unhand, un-hand, *v. t.* যাইতে-দে ; ত্যাগ-কৃ ; To let

Unhandy, *a* অদক্ষ , অপটু ; Not dexterous.

Unhappy, un-hap'e, *a.* অসুখী ; হতভাগ্য ; Not happy or fortunate. *Syn* :—Unfortunate, unlucky , disastrous, calamitous, hard, severe ; distressed, afflicted, miserable, wretched.

Unharmed, *a.* অক্ষত , Not injured.

Unharness, un-hār'nes, *v. t.* সজ্জাচ্যুত-কৃ ; ঘোড়ার সাজ খোলা ; To take the harness off :—অস্ত্রশূন্য-কৃ ; নিরস্ত্র-কৃ , To disarm.

Unhealthy, *a.* পীড়াজনক, কষ্ট, Unwholesome.
Unheard, *a.* অশ্রুত, Not heard
Unheard-of, *a* অভূতপূর্ব্ব; অশ্রুতপূর্ব্ব, Unprecedented, new
Unheeded, *a.* উপেক্ষিত, অবজ্ঞাত; Disregarded.
Unheedful, *a.* অসতর্ক, অমনোযোগী, Heedless.
Unhelpful, *a.* অননুকূল, সাহায্যাক্ষম।
Unhinge, un-hinj', *v. t.* কব্জা হইতে খোলা; বিকলিত-কৃ; To take from the hinges :—ব্যাকুল-কৃ, অদৃঢ়-কৃ, বিচলিত-কৃ; অস্থির-কৃ, To render unstable
I am quite unhinged—আমার মন চঞ্চল হইয়াছে; My equilibrium of mind is disturbed, my nerves are shaken.
Unholy, *a* অসাধু; অসৎ, Impious :—অশুদ্ধ, Not holy *n*=unholiness (অসাধুতা)।
Unhonoured, *a.* অসম্মানিত।
Unhoped-for, *a.* অনপেক্ষিত, আশাতীত, Unexpected.
Unhorse, un-hors', *v. t* ঘোড়ার উপর হইতে বিচ্যুত-কৃ, অশ্বপৃষ্ঠ হইতে পাতিত-কৃ, To throw off from a horse.
Unhouse, un-howz', *v. t.* আশ্রয় হইতে দূর-কৃ, উদ্বাস্তু-কৃ, To drive from a house or shelter
Unhurt, *p. a* অক্ষত, অনাহত, Uninjured. *a*=unhurtful (অনপকারী)।
Unicorn, ū'ni-korn, *n.* একশৃঙ্গবিশিষ্ট কল্পিত জন্তু বিশেষ; A fabulous animal with one horn
Uniform, ū'ni-form, *a* [L. *unus*, one, and *forma* form] সমান, একরূপ, Of the same form invariable.—একবিধ, Having always the same form, manner or character —সঙ্গত, Consistent —*n* সমস্ত বেশ, সৈনিকাদির সজ্জা, ভূষাচ্ছদ, A dress of the same kind with others, naval or military equipment *ad*=uniformly *Syn* —(1) Unvarying, unchanged undeviating, equable, regular, constant, consonant.
In uniform—সমস্ত লোক যে বেশ ধারণ করে সেই বেশে, একবেশে, In the dress that is worn by all persons belonging to a body by which they are distinguished from others.
Uniformity, u-ni-form'i-ti, সাম্য, একরূপতা, সমরূপতা, Uniformness, agreement in a pattern or rule sameness.
Act of uniformity—Act of law requiring clergymen to abide by the 39 Articles
Unify, ū'ni-fi, *v. t* [L. *unus* one, *facio*, to make] একীভূত-কৃ, এক-কৃ, To make into unit
Uniliteral, ū-ni-liter-al, *a* [L, *unus*, one, *litera*, a letter] *a* এক অক্ষরবিশিষ্ট, একাক্ষর, Consisting of one letter.
Unimpassioned, *a* স্থির, ধীর।
Unimpeachable, *a* অনিন্দনীয়, Blameless
Unimpeded, *a* অনিরুদ্ধ; পরিষ্কার।
Unimportant, *a.* অপ্রয়োজনীয়, সামান্য, Not important
Unimpressible, *a* অক্ষোভণীয়; উদাসীন।
Uninhabitable, *a* বাসের অযোগ্য।
Uninhabited, *a.* জনশূন্য, বসতিহীন।
Uninjured, *a* অনাহত, অক্ষত, Unhurt.
Unintelligible, *a.* অস্পষ্ট, অজ্ঞেয়, That may not be infringed.
Unintentional, *a* অনভিপ্রেত।
Uninteresting, *a* অপ্রীতিকর যাহা চিত্তাকর্ষক নহে।
Uninterrupted, *a* অবিরত, অব্যবচ্ছিন্ন, নিরবচ্ছিন্ন।
Uninvited, *a* অনাহূত অনিমন্ত্রিত।
Union, ūn'yun, *n.* [L. *unio*, from *unus*, one] সংযোগ; সম্মিলন, Conjunction; a uniting :—ঐক্য; একতান; Concord; harmony :—সম্মিলিত রাজ্য; Confederacy. *Syn* :—Junction, connection, coalition, combination; agreement, concert, unison, unity, alliance.
Union is strength—একতাই বল, একতাই শক্তি।
The union—The legislative incorpopation of England and Scotland in AD. 1707 and of Ireland with both in AD 1800.
Union Jack, *n* গ্রেটব্রিটেন ও আয়র্লণ্ডের জাতীয় পতাকা, The national flag of Great Britain and Ireland.
Unique, ū-nēk', *a.* [F. L *unicus*, from *unus*, one] অদ্বিতীয়, অনুপম; একমাত্র, Being without an equal, single in any quality; unprecedented. *Syn* —Single, sole, solitary, unequalled, unmatched
Unison, ū'ne-son, *n.* [L. *unus*, one, and *sonus*, a sound] একতান, সমস্বর; সমস্বরত্ব; Concord, harmony, agreement
In unison with—কোন কিছুর সহিত মিল, In harmony with.
Unisonance, *n* স্বরসাম্য, Accordance of sounds
Unisonant, *a* সমস্বর, Being in unison
Unit, ū'nit, *n.* এক, A single thing or person; one, the least whole number *Syn* —Ace, item part, individual
Unitarian, ū-ni tā'ri-an, *n* একেশ্বরবাদী; ত্রিমূর্ত্তি অস্বীকারকারী, One who denies the doctrine of unity and believes that the God of Christianity exists in one person, one who denies the doctrine of the Trinity
Unitarianism, *n.* The doctrines of unitarians
Unitary, *a.* একাত্মক।
Unite, u nit, *v. t.* সংযোগ-কৃ, সংযুক্ত-কৃ, To join, to combine —মিলিত-কৃ, To form into a league or confederacy —*v. i.* একত্রীভূত হ, To become one, to join in an act. *Syn* —Combine, connect, attach add, incorporate, embody, consolidate, blend merge, couple, conjoin associate, concur agree coalesce, league, confederate
United, *a* মিলিত, সংযুক্ত, একত্রিত, Joined
United Kingdom, *n* ইংলণ্ড, স্কটলণ্ড ও আয়র্লণ্ড, English Empire
United Provinces, *n* Confederacy of Holland.
United States, *n* আমেরিকার মিলিত রাজ্য; Confederacy of North America
Unitedly, *ad* একত্রে, Jointly, in union, together.
Unity, ū'ne-te, *n* [L. *unitas*, from *unus*, one] সংযোগ, ঐক্য, একতা, Oneness, state of being one; singleness —সুস্বর, মিল, Concord, agreement; harmony. *Syn* :—Individuality; union; agreement, unanimity.
Univalve, *a* এক খোলক, Having one shell :—*n* অখণ্ডিত খোলক; A shell of one valve.
Universal, ū-ne-ver'sal, *a.* সার্ব্বভৌমিক, সাধারণ, বিশ্বব্যাপী, বিশ্বজনীন; General, whole comprising all particulars. *n*=universality (বিশ্বজনীন, সর্ব্বব্যাপকতা), *ad*=universally (সর্ব্বলোকে)। *Syn* :—All, unlimited, allreaching, entire, total, whole; catholic, ecumenical.

Universal proposition—পক্ষতাবচ্ছেদিকা প্রতিজ্ঞা।
Universal religion—সার্ব্বভৌম ধর্ম্ম।
Universalism, ū-ni-vėr'sal-ism, *n.* সার্ব্বজনীন মুক্তিবাদ; The doctrine or belief that all men will be saved. [of being universal.
Universality, *n.* সার্ব্বত্ব; The state or quality
Universe, ū'ni-vėrs, *n.* [L. *unus*, one, *verto*, *versum*, to turn] পৃথিবী; বিশ্ব, জগৎ; The whole creation; the world.
University, ū-ni-vėr'si-ti, *n.* বিশ্ববিদ্যালয়; Assemblage of colleges with an examining body.
Univocal, u-nivo-kal, *a.* একার্থক; সমস্বর; Having unison of sounds.
Unjust, un-just, *a.* অন্যায়; অনুচিত; Not just; contrary to right or law. *ad*=unjustly (অন্যায়রূপে)। *n*=unjustness (অন্যায্যতা)। *Syn* :—Unlawful, unequitable, unfair, unrighteous, wrong, wicked; fraudulent, dishonest.
Unjustifiable, *a.* অন্যায়।
Unkennel, un-kenel, *v. t.* বাসগর্ত্ত হইতে তাড়াইয়া-দে, To drive from a hole.
Unkind, *a.* অকরুণ; নির্দ্দয়; কঠিন; Wanting in kindness; cruel. *n*=unkindness (নির্দ্দয়তা)।
Unkindly, *ad.* নির্দ্দয়ভাবে; Cruelly :—*a.* নির্দ্দয়।
Unkingly, *ad.* অরাজোচিত, রাজার অযোগ্য।
Unknowingly, *ad.* না জানিয়া, অজ্ঞানপূর্ব্বক।
Unknown, *a.* অজ্ঞাত; অবিদিত।
Unknit, un-nit, *v. t.* খোলা; বুনাট খোলা; To open; to unweave.
Unknot, *v. t.* মুক্ত-কৃ; To untie. [lace.
Unlace, un-lās, *v. t.* ফিতা খোলা, To take off
Unlade, un-lād, *v. t.* বোঝা খালাস-কৃ; মাল খালি-কৃ, To take things from out of a vessel; to unload.
Unlawful, *a.* বে-আইন, Illegal :—অবৈধ; Not permitted by law. *ad*=unlawfully (অবৈধরূপে)। *n*=unlawfulness (বে-আইনি)।
Unlearn, un-lėrn, *v. t.* বিস্মৃত-হ; ভুলিয়া-যা; To forget what has been learned; to lose from memory.
Unlearned, *a.* অশিক্ষিত, Not learned.
Unless, un-les, *conj.* যদি না; If not, supposing that not :—ব্যতীত; Except.
Unlettered, *a.* অজ্ঞ; অনক্ষর, Illiterate.
Unlicensed, *a.* অননুমত, অনুমতি-পত্র দ্বারা অসমর্থিত। [(বৈসাদৃশ্য)।
Unlike, *a.* বিসদৃশ; বিষম; অসম। *n*=unlikeness
Unlimited, un-limit-ed, *a.* অসীম; অপরিমিত; Having no bounds. *Syn* :—Boundless, infinite, unrestricted, absolute; undefined, indefinite.
Unload, un-lōd, *v. t.* ভার হইতে মুক্ত-কৃ; To take the load from :—মুক্ত-কৃ; বোঝাই খালাস-কৃ; To discharge; to disburden.
Unlock, un-lok, *v. t.* তালা খোলা; উদ্ঘাটিত-কৃ; To unfasten what is locked; to open.
Unlooked-for, *a.* অনপেক্ষিত; Unexpected.
Unloose, un-lōōs, *v. t.* আলগা-কৃ; শিথিল-কৃ; মুক্ত-কৃ; To make loose; to unfasten; to set free. *Syn* :—Untie, unbind, unfasten, unbuckle, unchain.
Unlovely, *a.* অপ্রীতিকর; কুৎসিত; Not amiable.
Unlucky, *a.* ভাগ্যহীন; অশুভ; Unfortunate. *ad*=unluckily (দুর্ভাগ্যক্রমে)।
Unmade, *a.* অকৃত; Uncreated; deprived to being.
Unmake, un-māk, *v. t.* নষ্ট-কৃ; ভগ্ন-কৃ; To destroy; to ruin; undo. *a*=unmade.
Unman, un-man, *v. t.* পুরুষত্ব হানি-কৃ; বলহীন-কৃ; To deprive of the powers of a man; emasculate :—নিরুৎসাহ-কৃ; হতাশ-কৃ; Dishearten. *Syn* :—Emasculate, effeminate, unnerve, debilitate; dishearten, discourage, deject. [trollable.
Unmanageable, *a.* অদমনীয়; অবাধ্য; Uncon-
Unmanly, un-manle, *a.* পৌরুষহীন; দুর্ব্বল; Unsuitable to a man. *Syn* :—Effeminate, womanly; ignoble, base, cowardly.
Unmannerly, *a.* অসভ্য; অশিষ্ট; Uncivil.
Unmarked, *a.* অচিহ্নিত; বেদাগ।
Unmarried, *a.* অবিবাহিত; অনূঢ়।
Unmask, un-mask, *v. i.* ছদ্মবেশ ত্যাগ-কৃ; মুখস খোলা; To take any disguise off; to expose.
Unmeaning, un-mēning, *a.* অনর্থক; নিরর্থক; অর্থহীন; অসঙ্গত; Wanting meaning.
Unmeasured, *a.* অপরিমিত।
Unmeet, *a.* অনুচিত। [ভাবে)।
Unmerciful, *a.* নির্দ্দয়। *ad*=unmercifuly (নিষ্ঠুর-
Unmerrited, *p.* অনুপযুক্ত; Undeserved.
Unmindful, *a.* অমনোযোগী; Heedless.
Unmixed, *a.* অমিশ্রিত; বিশুদ্ধ; Pure.
Unmolested, *a.* অবিরাম; অবাধিত।
Unmoor, un-mōōr', *v. t.* নঙ্গর তোলা; To loose from moorings or from an anchor :—*v. i.* খুলিয়া-যা।
Unmounted, *a.* অনারূঢ়।
Unmoved, *a.* অবিচলিত; উদাসীন।
Unmuffle, un-muf'l, *v. t.* মুখস খোলা; To take a muffling or covering from. [from.
Unmuzzle, *v.* মুখস খোলা; To remove a muzzle
Unnamed, *a.* অনাখ্যাত; অকথিত।
Unnatural, un-natū-ral, *a.* অস্বাভাবিক; কৃত্রিম; Not natural. *Syn* :—Abnormal, anomalous, irregular, monstrous, preternatural;. forced, strained, affected. [necessarily (বৃথা)।
Unnecessary, *a* অনাবশ্যক; Needless. *ad*=un-
Unnerve, un-nérv, *v. t.* দুর্ব্বল-কৃ; ক্ষীণ-কৃ; শক্তিহীন-কৃ; To weaken, deprive of strength.
Unnoticed, *a.* অনপেক্ষিত; অলক্ষিত; অনাদৃত।
Unnumbered, *a.* অগণিত।
Unobserved, *a.* অলক্ষিত; অদৃষ্ট। [অবারিত।
Unobstructed, *a.* খোলা; অযুক্ত; Open :—
Unobstrusive, *a.* ধৃষ্টতাহীন; সঙ্কুচিত।
Unoccupied, *a.* অনধিকৃত; শূন্য।
Unoffending, *a.* নিরীহ, Harmless.
Unofficial, *a.* বে-সরকারি।
Unoften, *ad.* কদাচিৎ; Not often.
Unopen, *v. t.* আবদ্ধ হইতে ছাড়িয়া-দে; Set free from being penned up.
Unopened, *a.* অবিকাশিত; অস্ফুটিত।
Unopposed, *a.* অবাধিত; —*ad.* বিনা প্রতিবন্ধক।
Unostentatious, *a.* আড়ম্বরহীন; Not showy.
Unpack, un-pak, *v. t.* খোলা; বস্তা খোলা; To open.
Unpaid, *a.* অবৈতনিক; যাহার মাশুল দেওয়া হয় নাই।
Unpalatable, *a.* অতৃপ্তিকর; Distasteful.
Unpardonable, *a.* অমার্জ্জনীয়।

Unparalleled, un-par'al-leld, *a.* অতুল ; অদ্বিতীয় ; Without a parallel or equal ; unmatched.
Unpeople, un-pē'pl, *v. t.* লোকশূন্য-কৃ ; To deprive of inhabitants. [ভাবে ।
Unperceived, *a.* অদৃষ্ট ; অননুভূত :—*ad.* অলক্ষিত-
Unperformed, *a.* অসম্পাদিত ; অনভিনীত ।
Unpin, un-pin, *v. t.* পিন খোলা , To open what is pinned. [agreeable.
Unpleasant, *a.* বিরক্তিজনক ; অপ্রীতিকর ; Dis-
Unploughed, *a.* অ-চসা ।
Unpolished, *a.* অমার্জ্জিত , আবড়ো-খাবড়ো ; Deprived of polish :—অসভ্য ; অদূষিত ।
Unpoluted, *a.* অদূষিত ; পবিত্র ।
Unpopular, *a.* সাধারণের অপ্রিয় ।
Unpractical, *a.* অকাযাকর ; Impractical.
Unpractised, *a.* অনভ্যস্ত ; অনভিজ্ঞ ।
Unprejudiced, *a.* পক্ষপাতশূন্য , Impartial.
Unprepared, *a.* অপ্রস্তুত ; Not prepared.
Unpretending, un-pre-tend-ing, *a.* নম্র , অগর্ব্বকারী , Modest.
Unprincipled, *a.* ন্যায়ান্যায় বিবেচনাশূন্য , Unscrupulous :—অব্যবস্থিতমতি , চঞ্চলচিত্ত ।
Unprivileged, *a.* অনধিকার ।
Unproductive, *a.* অনুর্ব্বর , Barren :—অনুৎপাদক ; Not bringing in any return
Unprofessional, *a.* বে-পেশাদার , ব্যবসায়-বিগর্হিত ।
Unprofitable, *a.* অলাভজনক ; বৃথা ।
Unprolific, *a.* অনুর্ব্বর , অনুৎপাদক ; Barren.
Unpropitious, *a.* অশুভ , অননুকূল ; Inauspicious. [protected.
Unprotected, *a.* অরক্ষিত ; অভিভাবকহীন ; Not
Unproved, *a.* অপ্রমাণকৃত ।
Unprovided, *a.* অসজ্জিত , খালি , Unfurnished.
Unprovoked, *a.* অনুত্তেজিত , অকারণ ।
Unpublished, *a.* অপ্রকাশিত , গুপ্ত ।
Unpunctual, *a.* অসময়নিষ্ঠ ।
Unpunished, *a.* অশাসিত , অদণ্ডিত ।
Unqualified, *a.* অনুপযুক্ত , অবিচ্ছিন্ন ; অবিশেষিত , Not having the requisite talents.
Unqualified happiness—অবিচ্ছিন্ন সুখ ।
Unquenchable, *a.* অনির্ব্বাপণীয় । [questionable.
Unquestionable, *a.* অতর্কণীয় ; নিঃসন্দেহ , Not
Unquiet, *a.* অস্থির , ব্যাকুল , Restless.
Unravel, un-rav'l, *v. t.* জট খোলা ; খোলা ; শিথিল-কৃ ; To disentagle ; to untwist ; separate threads of cloth :—ব্যাখ্যা-কৃ , To explain .—পৃথক-কৃ ; To separate :—*v. i.* খোলা , To be disentangled.
Unread, *a.* অপঠিত , Not read or perused :—অপণ্ডিত , অনক্ষর ; Illiterate.
Unready, *a.* অপ্রস্তুত ; Not prepared .—মন্থ ; Slow.
Unreal, *a.* অবাস্তব ; অসত্য , Not real .—মায়াময়, কল্পিত , Illusive.
Unreasonable, un-rē'zn-a-ble, *a.* অযৌক্তিক , অন্যায্য ; Irrational , not agreeable to reason : —অপরিমিত ; Immoderate. *Syn* :—Irrational, absurd, preposterous, immoderate, exorbitant, inordinate.
Unrecorded, *a.* অলিপিবদ্ধ ।
Unredeemed, *a.* Not redeemed.
Unreformed, *a.* অসংশোধিত ; Not reformed.
Unrelenting, *a.* নির্দ্দয় ; কঠিন ; Cruel, hard.
Unreliable, *a.* অবিশ্বসনীয় , Untrustworthy.
Unremedied, *a.* অনুপশমিত ।
Unremitting, *a.* অবিরাম ; নিয়ত ; Incessant.
Unrepaired, *a.* অসংস্কৃত ; অসংশোধিত ।
Unrepealed, *a.* যাহা বাতিল করা হয় নাই ।
Unrepresented, *a.* অপ্রতিনিহিত ; অনভিনীত ।
Unrequitted, *a.* অপরিশোধিত ।
Unresented, *a.* অপ্রতিহিংসিত ।
Unreserved, *a.* অকপট ; সরল ; Open ; frankless. [rest.
Unrest, *a.* অস্থিরতা ; উৎকণ্ঠা ; Disquiet ; want of
Unrestrained, *a.* অপ্রশমিত ; অদমিত ।
Unrestricted, *a.* অবাধিত ; অপ্রতিরুদ্ধ ।
Unretired, *a.* অপ্রতিপ্রেরিত ।
Unrevenged, *a.* অপ্রতিহিংসিত ।
Unrevengeful, *a.* ক্ষমাশীল ; অপ্রতিহিংসাপরায়ণ ।
Unrewarded, *a.* অনাদৃত , অপুরস্কৃত ।
Unriddle, *v. t.* হেঁয়ালি ভাঙ্গা ; সরল-কৃ ; বিশদ-কৃ ; To solve ; explain.
Unrig, *v. t.* বণাবলি শূন্য-কৃ ; To strip of rigging.
Unrighteous, *a.* অসাধু ; Evil :—অধার্ম্মিক ; Sinful.
Unripe, *a.* অপক্ব ; কাঁচা ; Not ripe.
Unrivalled, *a.* অনুপম ; অতুল ; Peerless ; having no rival.
Unrobe, un-rōb, *v. t.* উলঙ্গ-কৃ ; To undress.
Unroll, un-rōl, *v. t.* খুলিয়া-দে ; To unfold ; to untwist or uncoil, as what has been rolled up . —প্রকাশ-কৃ , To display. *Syn* :—Open, unfold, evolve, develop, discover.
Unroof, un-rōōf', *v. t.* ছাত ভাঙ্গিয়া ফেলা ; To strip of the roof. [drive from the roost.
Unroost, *v t.* বাসা বা দাঁড় হইতে তাড়াইয়া-দে ; To
Unroot, un-rōōt, *v. t.* মূল উৎপাটন-কৃ ; To tear up by the roots .—উটান বস্তু খোলা , To open out. [শান্ত ; Smooth.
Unruffled, *a.* অব্যস্ত ; Not agitated .—সুস্থির ;
Unruly, un-roole, *a.* অদম্য , অবাধ্য , অবশ ; দুষ্ট , Ungovernable *Syn* .—Refractory, disobedient, insubordinate, wild, riotous, disorderly.
Unsaddle, un-sadl, *v. t.* ঘোড়ার সাজ খোলা , To throw from the saddle.
Unsafe, un-sāf', *a.* আপদগ্রস্ত ; সঙ্কটাপন্ন ; Not safe or free from danger. *ad*=unsafely (অনিশ্চিতে) । *Syn* :—Insecure, dangerous, perilous, hazardous.
Unsaleable, *a.* অবিক্রেয় ; Not saleable.
Unsanctified, *a.* অপূত ; অশুদ্ধ ।
Unsatiable, *a.* অতর্পণীয় , Insatiable.
Unsatisfactory, *a.* অসন্তোষজনক ।
Unsavory, *a.* বিস্বাদ ; স্বাদহীন ; Not pleasing to the palate. [retract ; recant.
Unsay, unsā, *v. t.* প্রত্যাখ্যান-কৃ ; কথা পাল্টান ; To
Unscared, *a.* অশঙ্কিত । [injured.
Unscathed, *a.* অনাহত ; অক্ষত ; Not harmed or
Unschooled, *a.* অশিক্ষিত ; অশাসিত ; Not taught.
Unscientific, *a.* অবৈজ্ঞানিক । [fasten.
Unscrew, un-skrōō, *v. t* পেঁচ খোলা , To un-
Unscrupulous, *a.* ধর্ম্মাধর্ম্ম বিবেচনাশূন্য ; অসঙ্কুচিত ; Unprincipled.
Unseal, un-sēl, *v. t.* মোহর খুলিয়া ফেলা ; মোহর দূর-কৃ , To open what is sealed.
Unsearchable, un-sěrcha-bl, *a.* দুর্জ্ঞেয় , দুর্বোধ্য ; অনির্দেশ্য , Mysterious.

Unseasonable, *a.* অসাময়িক ; অকালিক ; Ill-timed.
Unseasoned, *a.* অপক্ক ; অনভ্যস্ত ; অনভিজ্ঞ ; Ill-timed. [deprive of a seat.
Unseat, un-sēt', *v. t.* নিরাসন-কৃ ; আসনচ্যুত-কৃ ; To
Unsectarian, *a.* অসাম্প্রদায়িক ; উদার ।
Unseemly, *a.* অনুচিত ; Unbecoming :—নিন্দিত ।
Unseen, *a.* অদৃষ্ট ; অলক্ষিত ; Not discovered.
Unselfish, *a.* নিঃস্বার্থ । [fit for service.
Unserviceable, *a.* অকার্য্যকর ; অব্যবহার্য্য ; Not
Unsettle, un-set'l, *v. t.* অদৃঢ়-কৃ ; বিচলিত-কৃ ; অস্থির-কৃ ; To unfix :—অনিশ্চিত-কৃ ; বে-বন্দোবস্ত-কৃ ; To make uncertain ; to disturb :—*v. i.* অনিশ্চিত-হ ; To become uncertain. *Syn* :—Displace, remove ; disturb, discompose, confuse, disorder.
Unsex, un-seks', *v. t.* জাত্যন্তরে পরিবর্ত্তিত-কৃ ; কোমলতা বিচ্যুত-কৃ ; শৌর্য্যহীন-কৃ ; To deprive of sex or of its qualities ; to make unmanly or womanly.
Unshackle, un-shak'l, *v. t.* মুক্ত-কৃ ; স্বাধীনতা-দে ; To set free. [Firm.
Unshaken, *a.* অকম্পিত ; Unshaked :—স্থির ; অটল ;
Unshapely, *a.* কদাকার ; কুরূপ ; Deformed.
Unsheathe, *v. t.* নিষ্কাসিত-কৃ ; খাপ হইতে বাহির-কৃ ; To draw from the sheathe. [tected.
Unsheltered, *a.* অনাশ্রিত :—অরক্ষিত ; Unpro-
Unship, un-ship', *v. t.* জাহাজ হইতে বাহির-কৃ, উজান ; To take out of a ship or of its place.
Unshod, *a.* পাদুকাহীন । [recoiling.
Unshrinking, *a.* অসঙ্কোচকারী ; অকুণ্ঠিত ; Not
Unsight, *a.* না দেখিয়া কেনা ; Done without sight ; not seeing. [Ugly ; deformed.
Unsightly, un-sit'li, *a.* কদাকার ; কুৎসিত ; কুরূপ,
Unskilful, *a.* অনিপুণ ; অদক্ষ ; Inexperienced ; ignorant. *n*=unskilfulness (অদক্ষতা) ।
Unskilled, *a.* অশিক্ষিত , বাজে ; Ingorant.
Unslaked, *a.* অনির্বাপিত , অশান্ত ; Unslacked.
Unsociable, *a.* অনালাপী , অসামাজিক ; Reserved.
Unsoiled, *a.* নির্ম্মল ; নিষ্কলঙ্ক ।
Unsold, *a.* অবিক্রীত ; যাহা বেচা হয় নাই ।
Unsolicited, *a.* অপ্রার্থিত ।
Unsolved, *a.* অসমাহিত ; অনিরূপিত ।
Unsought, *a.* অযাচিত । [diseased.
Unsound, *a.* দোষযুক্ত , পীড়িত ; অসুস্থ ; Not sound;
Unsown, *a.* অনুপ্ত ।
Unsparing, *a.* মুক্তহস্ত ; উদার ; Liberal ; profuse. *ad*=unsparingly (প্রচুরভাবে ; Freely). [rable.
Unspeakable, *a.* অবক্তব্য ; অনির্ব্বচনীয় ; Unutte-
Unspent, *a.* অব্যয়িত ।
Unspoiled, *a.* অবিকৃত ; অবিগঠিত ।
Unspotted, *a.* নিষ্কলঙ্ক ; নিখুঁত ; Free from stain.
Unstable, *a.* অস্থির ; চঞ্চল ; Wavering ; not firm.
Unstaid, *a.* অব্যবস্থিতমনাঃ ; অস্থির ; Fickle.
Unstained, *a.* নির্ম্মল ; অকলঙ্ক ।
Unstamped, *a.* যাহা মোহর করা নয় ; সাদা ।
Unstanched, *a.* অনিরুদ্ধ ।
Unsteady, un-stede, *a.* অস্থির ; চঞ্চল ; Not steady ; not firm. *ad*=unsteadily (অস্থিরভাবে) ; *n*=unsteadiness (অস্থিরতা) । *Syn* :—Reeling, tottering, oscillating ; unsettled, inconstant ; changeable, variable.
Unstinted, *a.* অখর্ব্বিত ; অবাধিত ।
Unstirred, *a.* অবিচালিত ।
Unstop, un-stop', *v. t.* ছিপি খোলা ; খোলা ; To free from a stopper ; open.
Unstring, un-string', *v. t.* দড়ি বা তার আলগা-কৃ ; সূত্রহীন-কৃ ; শিথিল-কৃ ; To take the string off ; to relax ; to loosen.
Unstudied, *a.* অনধীত ; অচিন্তপূর্ব্ব ; Not studied ; unlaboured ; unversed.
Unsubstantial, *a.* অসার ; অবাস্তবিক ; কল্পিত ; Lacking in matter. [cessful ; unlucky.
Unsuccessful, *a.* অকৃতকার্য্য ; বিফল ; Not suc-
Unsuitable, *a.* অনুপযোগী ; অনুচিত ; Not fit.
Unsuited, *a.* অনুপযুক্ত ; Not fitted.
Unsullied, *a.* বিমল ; অকলঙ্কিত ।
Unsupported, *a.* অপ্রামাণিক ; অসমর্থিত ।
Unsuspecting, *a.* সংশয়শূন্য ।
Unsuspicious, *a.* অসংশয়কারী ; বিশুদ্ধ ।
Unswerving, *a.* অটল ; স্থির ।
Unsworn, *a.* অকৃত-শপথ । [symmetry.
Unsymmetrical, *a.* বে-ডৌল ; Wanting in
Unsympathetic, *a.* নির্দ্দয় ; সহানুভূতিশূন্য ।
Unsystematic, *a.* বে-বন্দোবস্ত ।
Untack, *v. t.* খোলা ; To release.
Untained, *a.* অকলঙ্কিত ; বিমল ; Pure.
Untaken, *a.* অগৃহিত ; অনধিকৃত ।
Untamable, *a.* অপোষণীয় ; অদম্য ।
Untame, *a.* অপোষা ; অবশীভূত ।
Untarnished, *a.* অদূষিত ; নির্ম্মল ।
Untasted, *a.* অনাস্বাদিত ; Not tasted.
Untaught, *a.* অশিক্ষিত ; স্বাভাবিক ।
Untenable, *a.* অধার্য্য ।
Untenanted, *a.* প্রজা দ্বারা অনধিকৃত ; শূন্য ।
Unthankful, *a.* অকৃতজ্ঞ ; Ungrateful.
Unthinking, *a.* চিন্তাহীন ; অসাবধান ; Not heedful ; not-thinking.
Unthoughtful, *a.* অভাবুক ।
Unthread, un-thred, *v. t.* সূতা খোলা ; সূত্র খুলিয়া ফেলা ; To loose the threads.
Unthrifty, *a.* অপব্যয়ী ; Wastful ; lavish.
Untidy, *a.* অপরিচ্ছন্ন ; অপরিপাটী ; Slovenly.
Untie, un-ti' *v. t.* খোলা ; গ্রন্থি মোচন-কৃ ; গাঁইট খোলা ; To unbind ; to loosen ; to clear.
Until, un-til, *ad. conj. pre.* যদবধি ; পর্য্যন্ত ; যে পর্য্যন্ত না ; Till ; to the degree that.
Untilled, *a.* অকর্ষিত ; পতিত ।
Untimely, *a.* অসাময়িক ; অকালসম্ভূত ; Ill-timed.
Untiring, un-tir'ing, *a.* অক্লান্ত ; অবিশ্রান্ত ; Indefatigable ; not becoming tired. *ad*=untiringly (অশ্রান্তভাবে) ।
Unto, un'tōō, *prep.* তে ; প্রতি ; পানে ; To.
Untold, *a.* অকথিত ; অনুক্ত ।
Untouched, *a.* অস্পৃষ্ট ; অক্ষুণ্ণ ।
Untoward, un-tō'ard, *a.* কুৎসিত ; Awkward :—অবাধ্য ; অশিষ্ট ; উগ্র ; Perverse ; refractory :—অননুকূল ; অনুকূল নহে ; প্রতিকূল ; অসুবিধাজনক ; Unfavourable. [indocile.
Untrained, *a.* অশিক্ষিত ; অবিনীত ; Not trained ;
Untravelled, *a.* অকৃত-ভ্রমণ ; Not travelled.
Untried, *a.* অপরীক্ষিত ; যাহার যাচাই হয় নাই ; Not tried.
Untrimmed, *a.* অসজ্জিত ; অচ্ছিন্ন ; আছাঁটা ।
Untrodden, *a.* অপদার্পিত ; নূতন ; Not trodden.
Untroubled, *a.* প্রশান্ত ; স্থির ; অনালোড়িত ; Calm .—অক্ষুব্ধ ।

Untrue, *a.* মিথ্যা ; অসত্য ; অপ্রকৃত ; অযাথার্থ, False :—অবিশ্বাসী ; Not faithful.

Untrust, *a.* অবিশ্বাসী ; Distrust.

Untruth, un-trōōth', *n.* মিথ্যা ; অসত্যতা ; A lie ; falsehoood. *a*=untruthful. *Syn* :—Falsehood, fabrication, story, fiction, deception.

Untune, un-tūn', *v. t.* বেসুর-কৃ, To put out of tune ; to disorder.

Untutored, *a.* অশিক্ষিত ; Untaught :—অনুপদিষ্ট ; Not tutored.

Untwine, un-twīn', **Untwist,** un-twist, *v. t.* পাক খোলা ; To separate twisted threads, to open :—সমাধান-কৃ ; To solve.

Unused, *a.* অব্যবহৃত ; Not used ; unaccustomed.

Unusual, un-ūzū-al, *a.* অসাধারণ, বিরল ; বে-দস্তুর ; Rare, not usual. *ad*=unusually (অসাধারণরূপে ; Rarely). *Syn* :—Unwonted, unprecedented, uncommon, rare, singular ; remarkable, strange, extraordinary.

Unutterable, *a.* অবাক্তব্য ; অনুচ্চার্য্য, Not utterable ; unspeakable.

Unvaried, *a.* অপরিবর্ত্তিত ; Invaried

Unvarnished, *a.* অনতিরঞ্জিত ; সাদাসিদে, Not varnished.

Unvarying, *a.* সমভাবাপন্ন, একরূপ ।

Unveil, *v. t* অবগুণ্ঠন-কৃ ; অনাচ্ছন্ন-কৃ, To remove a veil from ; to uncover.

Unwarlike, *a.* অসমরপ্রিয় ।

Unwarned, *a.* অসতর্কিত ; Not warned.

Unwarp, *v.* মোচড়ান ভাব হইতে পরিবর্ত্তিত করা, To change from warped state.

Unwarped, *a.* কুসংস্কার দ্বারা অদূষিত ; 'Not warped, inpartial.

Unwarranted, *a* অযুক্তিযুক্ত, অনিশ্চিত, Not warranted.

Unwary, *a.* অসাবধান, Unguarded ; heedless, careless.

Go all the way to—সমস্ত পথ (অনেকদূর) অতিক্রম করিয়া যাওয়া। [part
Go one's way—প্রস্থান-কৃ, গমন কৃ, যাওয়া, De-
Go out of one's way—ঠিকানা-যা, Deviate from common or direct course —নিজে যাহা সচরাচর করিয়া থাকেন তদতিরিক্ত কিছু-কৃ, Depart from one's usual course or manner of acting or dealing
Go the way of—যে পথে একজন গিয়াছে সেই পথে-

যা, Follow the same path as :—একই দশাপন্ন-হ ; Share the same fate with.

Go the way of all the earth—মৃত-হ ; যে পথে সকলে যায় সে পথে-যা ; Die.

Have one's way—আপনার ইচ্ছানুসারে কার্য্য-কৃ ; নিজের গোঁ বা ঝোঁক মত কাজ করিবা-যা, Be allowed to follow one's own inclination, carry out what one determines upon.—চেপে রাখা যায় না ; Can not be suppressed.

High way—বিস্তীর্ণ রাস্তা ; সদর রাস্তা ; A wide road for traffic, made and maintained in good order at the public expense.

In its way—এক হিসাবে, এক রকম করিয়া ধরিলে ; In a certain sense.

In the family way—অন্তঃসত্ত্বাবস্থায়।

In one's way—একরকমে, নিজের প্রকৃতি অনুসারে ; After one's fashion :—যেমন হইয়া থাকে সেই রকমে, In a certain way.

In the way—পথে, সম্মুখে বাধা-দে ; So situated as to obstruct, hinder or the like, to prevent.

In the way of—স্বরূপ বা মতে ; হিসাবে ; কোন কিছুর দিকে ; সম্বন্ধে, In the shape of

Make one's way—নিজের পথ-কৃ ; To open a passage —অগ্রসর হ, To progress, to advance · —চেষ্টা দ্বারা সংসারে উন্নতি-কৃ, সংসারে উন্নতি লাভ-কৃ, স্বচেষ্টা দ্বারা জীবনে উন্নতি কৃ, Advance in life by one's own efforts, advance in life by steady effort :—যেমন তেমন করিয়া পথমুক্ত-কৃ, Clear or force a passage for oneself.

Make the best of one's way—দ্রুতবেগে পলায়ন-কৃ ; যত শীঘ্র হয় নিজের পথ দেখিয়া লইয়া চম্পট-দে ; Flee or run away as fast as one can

Make way—পথ ছেড়ে দেওয়া, Step aside so as to leave a passage

Meet half way—মাঝামাঝি সাক্ষাৎ কৃ, কতক অনুরোধ রক্ষা-কৃ ; অর্দ্ধেক লইয়া অর্দ্ধেক ছাড়িয়া-দে, Make equal concessions ; make partial concession to :—বড় একটা না ধরা ; গ্রাহ্য না করা, Not to think much of

On one's way to—যাইতেছে, যাত্রা করা হইয়াছে, Proceeding to ·—কোন স্থানে যাইতে যাইতে, While going to

On the way (to)—কোনও দিকে অগ্রসর, চলিত।

One way on the other—ভাল দিকেই হউক কি মন্দ দিকেই হউক ; Either for it, or against it ·—কোন রকমে, In any way.

Out of the way—পথ ছাড়িয়া অন্য পথে ; এক পার্শ্বে, Away from the proper course —বেয়াড়া রকমের ; অসাধারণ, অস্বাভাবিক ; Strange, odd ; unusual ·—দূরস্থ, যেখানে সচরাচর লোকে যায় না, Remote and obscure —তফাতে, দূরে, Hard to find ; absent.

Pay one's way—কর্জ্জ না করা, জীবনযাত্রায় নিজের দেনা-দে।

Right of way—অপরের ভূমির উপর দিয়া গমনাধিকার ; A right of passing over the ground of another.

See one's way clear, See one's way to—আপনার পথ পরিষ্কার-কৃ, কি কর্ত্তব্য হইবে ঠিক বুঝিতে পারা, করিতে পারা যাইবে এরূপ বুঝা, বুঝাইয়া দেখা ; Perceive or discern that a course of action is right or best ; find a thing feasible

Stand in the way of—বাধা-দে ; প্রতিবন্ধক-হ, Hinder, prevent, be an impediment to.

Take one's own way—আপনার মতমত চলা ; স্বেচ্ছানুসরণ-কৃ।

Take one's way—যাত্রা-কৃ।

The way the wind blows—যাহা সুবিধাজনক ; যে দিকে বাতাস বহিতেছে ; যাহা আপাততঃ সুবিধাজনক, What is popular or expedient.

Under way—চলিতে আরম্ভ ; গতিবিশিষ্ট ; In motion [(as a ship).

Ways and means—উপায় ; আয়ের পথ ; টাকা ; টাকা যোগাড় করিবার পন্থা ; Resources ; methods ; the resources or the money, necessary funds and the manner of raising them ; means for raising money.

Way out of—কোন বিপদ হইতে উদ্ধার হইবার উপায়, Means of getting free from difficulty.

Ways of God—ঈশ্বরের শাসন বা কার্য্য।

Work one's way—নিজের যত্ন ও পরিশ্রম ক্রমে উন্নতি সাধন-কৃ, Rise by gradual labour.

Work one's way of—কষ্টে কৃতকার্য্য-হ ; Succeed or advance by some efforts.

Way-bill, wābil, *n.* যাত্রীগণের তালিকা ; আরোহীর তালিকা, List of passengers :—মালের তালিকা, A list of goods

Way-farer, wāfār-er, *n.* পথিক ; যাত্রী, পর্য্যটক, Traveller, one who travels ; a passenger. *Syn* —Wanderer, pilgrim.

Way-faring, wāfār-ing, *a.* ভ্রমণকারী ; পর্য্যটনকারী, Travelling ; passing.

Way-in, *n* প্রবেশ, Entrance.

Waylay, wā lā, *v. t.* পথ আগুলিয়া থাকা, পথে প্রতীক্ষা করিয়া থাকা, পথে ওৎ করিয়া থাকা ; To be set in ambush, to lie in the way for.

Waymark, *n.* পথপ্রদর্শক স্তম্ভ, A guide-post.

Way-out—বহির্গমন, Exit [way ·—*a* পথপার্শ্বস্থ।

Way-side, *n* রাস্তার পার্শ্ব, পথপার্শ্ব, Side of the

Wayward, wāward, *a* চঞ্চল, অবাধ্য, অবশ, যথেচ্ছাচার, একগুঁয়ে, Wilful, forward, perverse *ad*=waywardly (অবাধ্যভাবে) ; *n*=waywardness (অবাধ্যতা) । *Syn* —Froward, obstinate, stubborn, unruly, refractory

Way-wise, *a.* পথজ্ঞ ; যে পথ ঘাট চেনে। [travel

Wayworn, wāwōrn, *n* পথশ্রান্ত, Wearied by

We, *pro.* আমরা ; *pl* of I.

Weak, wēk, *a* দুর্ব্বল, বলহীন, ক্লান্ত, ক্ষীণ ; অসুস্থ, Not strong, wanting strength, unhealthy —নরম, কোমল, Soft —মৃদু, Low of sound —অদৃঢ় *i*. Inconclusive.—অস্থির, চঞ্চল, Unsteady —কাহিল, ক্ষীণমনা, Feeble of mind. *n*=weakness, *ad*=weakly. *Syn* ·—Feeble, languid, sickly, debilitated, infirm, frail, delicate, fragile, tender ; defenceless, unguarded, exposed ; pliable, simple, silly, imbecile, unwise, injudicious, foolish ; low, faint, small, thin, watery, diluted ; flimsy, slight, poor ; inconclusive, lame, unsatisfactory, invalid.

Weak conjugation—ক্রিয়ার রূপ বিশেষ।

Weak side (or point)—রন্ধ্র ; দোষ, Defect ; fault.—দুর্ব্বল পক্ষ।

Weaken, wēkn, *v. t* ক্ষীণ-কৃ ; দুর্ব্বল-কৃ, To make weak ·—*v. i.* দুর্ব্বল-হ ; To become weak, to grow weak. *Syn* :—Debilitate, enfeeble, enervate, unstring, unnerve, invalidate ; reduce, depress, lower.

Weak-eyed, *a.* ক্ষীণ দৃষ্টি ।

Weak-hearted, *a.* সাহসহীন । [feeble creature.

Weakling, wekling, *n.* দুর্ব্বল প্রাণী ; A week or

Weakly, wekli, *a.* দুর্ব্বল ; ক্ষীণ ; অসক্ত ; Weak in body or mind ; not strong, infirm .—*ad.* দুর্ব্বলরূপে ।

Weak-minded, *a.* ক্ষীণমনা ।

Weakness, *n.* দুর্ব্বলতা ; ক্ষীণতা ; State or quality of being weak. *Syn* :—Feebleness, debility, languor, imbecility, faintness, softness ; defect, failing, fault, infirmity, frailty.

Weal, wel, *n.* স্বাস্থ্য ; উন্নতি , মঙ্গল , সুখ ; হিত ; কল্যাণ ; A sound state ; welfare , happiness :—সাধারণতন্ত্র ; Commonwealth. *Syn* :—Prosperity, good, advantage.

Weal and woe—মঙ্গলামঙ্গল ; সুখদুঃখ , শুভাশুভ ।

Weald, weld, *n.* বনভূমি ; অরণ্য প্রদেশ ; জঙ্গল ; Wood ; forest :—প্রান্তর ; An open country. *a* = wealden

Wealth, welth, *n.* ধন ; ঐশ্বর্য্য ; অর্থ ; Riches :—সৌভাগ্য , সম্পদ , Prosperity. *Syn* :—Affluence, opulence, abundance, plenty.

Desire of wealth—ধনলিপ্সা ।

Wealthy, welthe, *a.* ধনী ; ধনবান ; বিভবশালী ; Rich , opulent. *n*=weathiness (ধনবত্তা) ; *ad* = wealthily. *Syn* .—Opulent, affluent, moneyed.

Wean, wen, *v t.* [A. S. *awenian*, to wean] স্তনত্যাগ-কৃ , মাই ছাড়ান , দুধ ছাড়ান ; To accustom to do without the breast ; to separate from the breast :—তফাৎ-কৃ , অভ্যাস ঘুচান , ভালবাসা হারান ; কোন বিষয়ের আসক্তি হইতে অপসারিত-কৃ ; To alienate the affection. *Syn* .—Withdraw, disengage, detach.

Wean (one) from—ছেলেকে মাই ছাড়ান ; Accustom a child to the privation of the mother's breast :—যে বিষয়ে অনুরক্ত তাহা ছাড়ান , যাহার প্রতি আসক্ত তাহাকে ছাড়ান ; Detach or alienate one from.

Weanying, *v n.* স্তন্যত্যাগ সম্পাদন ।

Weapon, wep'un, *n.* অস্ত্রশস্ত্র ; আয়ুধ ; An instrument of offence or defence. *a* = weaponed (অস্ত্র সজ্জিত) ; weaponless (নিরস্ত্র) । *Syn* :—Sword, spear, arms.

Wear, wār, *v. t.* পরিধান-কৃ ; অঙ্গে ধারণ-কৃ ; পরা ; গ্রহণ-কৃ , To put on :—দেখান ; To exhibit :—ব্যবহার দ্বারা ক্ষয়-কৃ , জীর্ণ-কৃ , To waste away :—রক্ষা-কৃ ; To guard :—জাহাজের গতি পরিবর্ত্তিত-কৃ ; To put on another track, as a ship :—নষ্ট-কৃ ; To impair :—*v. i.* নষ্ট-হ , ক্ষয়প্রাপ্ত-হ ; গত-হ , To waste :—টেঁকা ; বহা ; To last in wearing :—*n.* ক্ষয় ; লঘুকরণ ; ব্যবহার ; Diminution or injury by use or friction :—পরিধান ; পোষাক । *Syn* :—Carry, bear ; last, endure, consume, use up, be wasted.

Wear and tear—ব্যবহারজনিত ক্ষয় ; ব্যবহার করিলে যে ক্ষয় হয় ; বাড়তি পড়তি ; ভাঙ্গা-টুটা ; Loss or waste by use ; injury by wear ; waste or injury caused by use :—কালক্রমে বা সংস্পর্শে যে ক্ষীণতা বা ক্ষয় আসে ; Waste or decay brought on by time or by struggle.

Wear away—এক রকম করিয়া কাটাইয়া-দে ; Consume or impair gradually ; spend tediously :—এক রকম করিয়া কেটে যাওয়া ; Pass away tediously :—ক্ষয়-কৃ ; কমান ।

Wear down—হ্রাস-হ ; Diminish in height.

Wear off—অল্প অল্প করিয়া কমিয়া আসা ; ক্রমে ক্রমে কমিয়া আসা ; ক্রমশঃ ক্ষয়-হ ; Diminish by use or slow decay ; pass away by degrees :—ঘষিয়া তোলা বা উঠান ।

Wear on—ক্রমে ক্রমে কিন্তু কষ্টে কেটে-যা ; চলা ; কাটিয়া-যা ; Pass away tediously and by slow degrees.

Wear one's heart upon one's sleeve—সরল-হ ; বলবান-হ ; To be artless, frank, warm hearted, confiding.

Wear out—ক্লান্ত-কৃ ; বিরক্ত-কৃ ; Tire ; consume tediously :—অব্যবহার্য্য-কৃ ; Render useless :—কষ্টেসৃষ্টে কেটে-যা ; Be tediously spent :—জীর্ণ-কৃ ; ক্ষয়িত-কৃ ; Impair or waste.

Wear the breeches—যে স্ত্রী স্বামীর উপর কর্ত্তৃত্ব করে , (বাটীর) কর্ত্তা-হ ; Said of a wife who assumes the authority of her husband or domineers over him :—কাছা দিয়া কাপড় পরা ।

Wear well—দীর্ঘকাল ব্যাপিয়া থাকা , Last long :—টঁ্যাকে ; টেকসই-হ ; দেখিতে টাট্কা থাকা , To endure the test of time and use. [worn.

Wearable, *a.* ব্যবহার্য্য ; পরিধেয় ; Suitable to be

Wearer, *n.* পরিধান-কারক ।

Weariness, *n.* শ্রান্তি ; ক্লান্তি ; অবসাদ ; State of being weary or tired. *Syn* :—Lassitude, fatigue, exhaustion, prostration ; languor, ennui.

Wearing, *a.* পরিধেয় ; পরিবার ।

Wearisome, wēr'e-sum, *a.* ক্লান্তিদায়ক ; শ্রান্তিকর ; বিরক্তিকর ; কষ্টকর , Tiresome ; tedious. *ad*=wearisomely. *n* = wearisomeness. *Syn* :—Exhausting, fatiguing, irksome, troublesome, annoying, trying, humdrum, prosy, monotonous.

Weary, we're, *a.* ক্লান্ত ; শ্রান্ত ; অবসন্ন , Tired ; causing weariness ; worn out :—বিরক্ত ; Sick : —*v. t.* ক্লান্ত-কৃ ; শান্ত-কৃ ; To make weary ; to tire .—ক্লিষ্ট-কৃ ; To harass :—অবসন্ন-কৃ ; To exhaust. *Syn* :—(*a*) Fatigued, exhausted, worn, jaded ; tiresome, irksome, wearisome. (*v*) Jade, tire, fatigue, fag ; dispirit, debilitate.

Be weary of—সহিষ্ণুতা বা ধৈর্য্যচ্যুত-হ ; Have one's patience exhausted by.

Be weary with—ক্লান্ত-হ ; Be fatigued with.

Weary out—শ্রান্ত করিয়া পরাজিত-কৃ ।

Weasand, *n.* শ্বাসনালী ; Windpipe. *Syn* :—Trachea, throttle, throat.

Weasel, we zl, *n.* নকুল ; বেঁজি ; নেউল ; A small quadrupped with a slender body.

Catch a weasel asleep—To catch a person nodding.

Weather, wether, *n.* আবহাওয়া ; ঋতু ; বায়ুর অবস্থা , ঝটিকা ; ঝড় ; State of the air or atmosphere :—*v. t.* হাওয়া খাওয়ান ; জলবায়ু লাগান ; বায়ুর প্রতিকূল দিকে পাইল তুলিয়া যাওয়া ; To effect by exposing to the air ; to sail to the windwaad of something else :—সহ্য-কৃ ; বাধা-দে ; Endure ; bear of against and resist. [বিবরণ ।

A weather report—বায়ুর অবস্থা সম্বন্ধীয় দৈনিক

I have my weather eye open—I have my wits about me.

In all weathers—জলবায়ুর যে কোন অবস্থা হউক না কেন, Whatever the state of the weather may be.

Stress of weather—প্রচণ্ড বায়ু ; ঝড়ের প্রবলতা ; Violent winds ; force of tempest.

To make fair weather—তোষামোদ-কৃ ।

To weather out—অক্ষত শরীরে চলিয়া-যা ; কষ্টে কিন্তু বিনা ক্ষতিতে অতিক্রম-কৃ ; তরিয়া-যা ; Pass through unscathed or without serious damage, as ship through a storm ; to encounter and pass though successfully through out without difficulty.

To weather the storm—বিপদ অতিক্রম-কৃ ।

Weather a point—বাধাসত্বেও কিছু লাভ-কৃ ; কোনও বিষয় বাধা না মানিয়া সম্পাদন-কৃ : To gain a point towards the wind, as a ship ; to gain any thing against opposition.

Weather the storm—বিপদ অতিক্রম-কৃ : কোন বিপত্তি বা ঝঞ্ঝা হইতে কাটাইয়া উঠা ; To successfully resist and overcome a misfortune ; to bear up against adversity ; to encounter successfully though with difficulty ; tide over a crisis.

Weather-beaten, wether-bet'n, *a.* বাতাহত ; বায়ুর দ্বারা ক্লিষ্ট বা ক্লান্ত ; Beaten or harassed by the weather ; disturbed by the weather.

Weather-bitten, *a.* জলবায়ু দ্বারা নষ্ট ; বায়ুর দ্বারা বিকৃত ; Decayed by exposure to weather.

Weather-board, *n.* জাহাজের বাতাহত পার্শ্ব ।

Weather-bound, wether-bownd, *a.* জলবায়ু প্রযুক্ত বিলম্বিত ; ঝটিকাদি বশতঃ বন্দরে থাকিতে বাধ্য ; Delayed by bad weather ; kept back or confined by bad weather.

Weather-cock, wether-kok, *n.* বায়ু প্রদর্শনী ; বায়ু-নির্দর্শক ; A vane showing the direction of the wind :—চঞ্চল লোক ; অব্যবস্থিতচিত্ত ব্যক্তি ; Person or thing fickle or inconstant.

Weather-gage, wether-gaj, *n.* সুবিধার স্থান ; অপেক্ষাকৃত বায়ুর সুবিধা ; The position of a ship to the windward ; a position of advantage or superiority.

Weather-glass, *n.* বায়ুনিরূপক যন্ত্র ; বায়ুমান যন্ত্র ; Barometer. [উদ্গত হয় ।

Weather-live, *n.* বৃক্ষের কাণ্ড যে অংশে ভূমিতল হইতে

Weather-most, *a.* সর্ব্বাপেক্ষা অধিক বায়ুমুখে স্থিত ।

Weather-proof, *a.* জলবায়ু সহ্য করিতে সক্ষম ; ঝড়ে যাহার কিছুই করিতে পারে না ; Proof against rough weather.

Weather-side, wether-sid, *n.* যে দিকে বায়ু বহে ; বায়ুর অভিমুখীন দিক ; Side on which the wind blows ; the windward side.

Weather-wise, *a.* বায়ুবিজ্ঞ ; জলবায়ুর অবস্থা নিরূপণে অভিজ্ঞ ; Skilled in foretelling the weather.

Weather-worn, *a.* বায়ুর দ্বারা ক্লান্ত ।

Weave, wev, *v. t.* বয়ন-কৃ ; বস্ত্র বুনা ; To form into a fabric ; to form by texture in the loom :—যুক্ত-কৃ ; সংযুক্ত-কৃ ; অনুস্যূত-কৃ ; To unite by intermixture :—*v. i.* বস্ত্র বুনা ; তাঁত বুনা ; To practise weaving. *Syn* :—Interlace, intertwine, braid, plait, mat.

Weaver, *n.* তন্তুবায় ; তাঁতি ; One who weaves :—বাবুই পক্ষী । [of a weaver.

Weaver's leash, *n.* তন্তুবায়ের যন্ত্র ; Apparatus

Weaving, weving, *v. n.* বুনন ; বয়ন কর্ম্ম ; The act or art of forming cloth in a loom.

Web, *n.* বুনাট ; জাল ; A texture :—অঙ্গুলী-যোজক চর্ম্ম ; আঙ্গুলের পর্দা ; The skin between the toes of water-fowls :—ছানি ; The film over the eye. *a*= webbed (লিপ্তপাদ ; Having the toes united by a skin). [from the cradle to the grave.

The web of life—The destiny of an individual

Web-foot, *n.* যুক্ত পদাঙ্গুলি ।

Web-footed, *a.* জালপাদ ; লিপ্তপাদ ; যুক্ত পদাঙ্গুলিবিশিষ্ট ; হাঁসের মত জোড়া পাবিশিষ্ট ; Having webbed feet.

Wed, wed, *v. t.* বিবাহ-কৃ ; পাণিগ্রহণ-কৃ ; বিবাহ-দে ; To marry :—দৃঢ়রূপে সংযুক্ত-কৃ ; To unite :—*v. i.* বিবাহ-কৃ ; To marry ; to contract matrimony. *a*=wedded (বিবাহিত ; পরিণয়সূত্রে থাকে ; পরিণীত ; married.) *Syn* :—Marry, espouse.

Be wedded to—কাহারও সহিত বিবাহ-হ ; Be married to :—দৃঢ়রূপে অবলম্বন করিয়া থাকা ; Cling fast to be attached firmly and indisolubly to.

Wedded to an opinion—কোন মতে আবদ্ধ-হ ; Very possitive and tenacious in a belief.

Wedding, weding, *n.* বিবাহ ; উদ্বাহ ; বিয়ে ; Marriage ; nuptial ceremony. *Syn* :—Nuptials, bridal, espousals.

Wedding-cake—পাকস্পর্শের পিষ্টক ।

Wedding-clothes—বিবাহকালে বরকন্যা যে কাপড় পরে ; চেলির জোড় ।

Wedding-day—বিবাহের দিন ।

Wedding feast—বিবাহকালীন ভোজ ।

Wedding ring—বিবাহের আংটী ।

Wedge, wej, *n.* ধাতুখণ্ড ; ধাতুপিণ্ড ; A mass of metal :—গোঁজ ; ফেনি ; কীলকাকার ধাতু বা অন্য দ্রব্য ; A piece of metal or wood, thick at one end and thin at the other :—*v. t.* কীলক দ্বারা বিদারণ-কৃ ; কীলক দিয়া আঁটা ; To cleave with a wedge ; to fasten with a wedge.

The thin end of the wedge—প্রথমটা সামান্য ভাবে আরম্ভ ; কোনও কিছুর গুরুতর ব্যাপারের পূর্ব্বসূত্র ; The first small beginning which may lead to something very inportant.

Wedge-formed, *a.* কীলকাকার ।

Wedge-wise, *ad.* কীলকের ন্যায় ।

Wedlock, wedlok, *n.* [A. S. *wedlac*, a pledge] বিবাহ ; পরিণয় ; Marriage ; matrimony. *Syn* :—Matrimony, nuptial state. [day of the week.

Wednesday, wenzda, *n.* বুধবার ; The fourth

Wee, *a.* অল্প ; ক্ষুদ্র ; Little ; small.

Weed, wed. *n.* বনগাছ ; ঘাস জঙ্গল ; আগাছা ; Noxious plant ; any useless plant :—তাম্রকূট ; তামাক :—শোকসূচক বস্ত্র ; A garment, *esp.* in *pl* :—*v. t.* আগাছা সাফ-কৃ ; ঘাস নিড়ান ; বনগাছ তুলিয়া সাফ-কৃ ; To remove weeds ; to free from weeds.

A weed hook—নিড়ানী । [mourning apparel.

A widow's weeds—বিধবার শোকবস্ত্র ; A widow's

Weed out—সাফ-কৃ ; আগাছা উপড়াইয়া ফেলা ; Remove as useless or hurtful ; take away or remove useless or noxious plants :—অকেজো ব্যক্তি বা অপকারক পদার্থ দূর করিয়া-দে ; Remove what is injurious or unserviceable :—ভিন্ন ভিন্ন-কৃ ; To sort out.

Weeder, *n.* নিড়ানকারী কৃষক ; নিড়ানী ।

Weeding, *n.* নিড়ান কার্য্য ।

Weedless, *a.* ঘাসাদিবিহীন ; পরিষ্কার ।

Weedy, wedi, *a.* আগাছাময়, ঘাসময় ; জঙ্গলপূর্ণ

Overgrown or abounding with weeds.

Week, wēk, *n.* সপ্তাহ ; হপ্তা ; A period of seven days. [বার।

This day week—এক সপ্তাহ পূর্ব্বে বা পরে আজিকার

Week-day, wēkdā, *n.* রবিবার ভিন্ন সপ্তাহের যে কোন দিন ; Any day of the week except Sunday.

Weekly, wēkli, *a.* সাপ্তাহিক, সপ্তাহ অন্তর ; Happening, coming or done once a week :—*ad.* প্রতি সপ্তাহে ; Once a week :—*n.* সাপ্তাহিক পত্রিকা ; A publication appearing once a week.

Weel, *n* ঘুনি ; আটল ; A fish-trap.

Ween, wēn, *v. i.* অনুমান-কৃ ; বিবেচনা-কৃ, ভাবা ; মনে কৃ ; To think. *Syn.*—Imagine, fancy, suppose.

Weep, wēp, *v. i.* ক্রন্দন-কৃ, অশ্রুপাত পূর্ব্বক বিলাপ-কৃ, রোদন-কৃ ; চক্ষের জল ফেলা ; To shed tears, to express sorrow by shedding tears :—*v. t.* দুঃখ-কৃ ; শোক-কৃ ; To lament :—পাত-কৃ ; ফেলা ; To pour forth :—শাখা অবনত-কৃ ; হেঁট-হ।

Weep a river of tears—কেঁদে ভাসিয়া-দে।

Weeper, *n.* রোদনকারী ; বিলাপকারী ; One who weeps.

Weeping, wēp'ing, *a.* ক্রন্দমান, Shedding tears :—নতশাখ ; Hanging down the branches :—*n.* খেদ ; রোদন, Lamentation [beetle.

Weevil, *n.* ক্ষুদ্র পতঙ্গ বিশেষ, A small kind of

Weft, *n* বস্ত্রের অনুপ্রস্থগামী সূত্র, পড়েন ; কাপড়ের পড়েনের সূতা, The woof of cloth, the threads that cross the warp.

Weigh, wā, *v. t* পরিমাণ-কৃ ; ওজন-কৃ, ভার নিরূপণ-কৃ ; তৌল-কৃ ; পরীক্ষা করিয়া দেখা, To examine by the balance to ascertain the weight of :—উত্তোলন-কৃ ; টানিয়া তোলা, To raise, to lift :—চিন্তা-কৃ ; বিবেচনা-কৃ ; To ponder in the mind :—*v. i.* ভারী-হ, গুরুতর-হ, To have weight :—আবশ্যক বোধ-হ ; To be consider of importance :—জোরে চাপা, To press heavily. *Syn.*—Lift ; counterbalance, examine, deliberate, gravitate, be heavy ; press, bear heavily.

Be under weigh—জাহাজ খুলিতে উপক্রম-কৃ ; জাহাজ ছাড়া, Be about to set sail, leave the moorings, be in motion. [Raise the anchor and depart.

Weigh anchor—নঙ্গর তোলা ; নঙ্গর তুলিয়া যাত্রা-কৃ,

Weigh down—এক দিক ভারী-কৃ, ভারাবনত-কৃ, To overbalance :—ভারাক্রান্ত-কৃ চাপিয়া বা বসাইয়া-দে ; অধিকতর ভারী-হ, To burden heavily.

Weigh little with—গ্রাহ্যের মধ্যে না আসা, কাহারও নিকট তুচ্ছবোধ হওয়া ; Be considered of little importance by.

Weigh on one's mind—মনেতে কোন গুরুতর কষ্ট-দে, কাহার অন্তঃকরণে ভারবৎ চাপিয়া থাকা, To press hard on the mind. [upon.

Weigh upon (or on)—বুকে পাথর চাপান ; Bear

Weighage, *n.* কয়ালি, ওজন মজুরি।

Be weighed down by—মনকে কোন গুরুতর কষ্ট-দে ; Press with great weight upon one's mind ; trouble one sorely (as with a heavy burden).

Be weighed in the balance and found wanting—ওজনে কম-হ ; তুলনায় নিরেশ-হ, অনুপযুক্ত প্রমাণ-হ, Be tried and found insufficient, unsatisfactory, unfit and the like ; be examined and found to be deficient in any respect.

Weigher, *n.* কয়াল ; ওজনদার।

Weighing, *v. n.* তৌল ; ওজন।

Weight, wāt, *n.* ওজন পরিমাণ ; That which anything weighs :—ভার ; The heaviness of a thing when weighed :—বাটকারা ; ওজন করিবার দ্রব্য ; গুরুত্ব ; Mass of metal used for finding weight :—আবশ্যকতা ; Importance :—চাপ ; বোঝা ; Pressure :—*v. t.* ভারাক্রান্ত-কৃ, ভারী-কৃ ; Make heavy. *Syn* :—Ponderness, gravity, heaviness, pressure, burden, load ; power, efficacy, moment, influence, consequence.

A dead weight—যাহা পাথরের ন্যায় চাপিয়া থাকে বা প্রতিবন্ধকস্বরূপ হয় ; ভারী প্রতিবন্ধকস্বরূপ কোনও কিছু ; A heavy and oppressive burden—hence, powerful influence.

Of great weight—গুরুতর।

Weighty, wāt'e, *a* ভারী, দুর্ব্বহ, Heavy :—আবশ্যক ; গুরুতর ; Imporant, forcible. *ad*=weightily (গুরুভাবে)। *Syn.*—Ponderous, onerous, dense, efficacious, momentous, serious.

Weir, Wear, wēr, *n.* বাঁধ, সেতু, মাছ ধরিবার জন্য জালের আটল ; A dam across a river ; a fence of stakes for taking.

Weird, wērd, *n.* মন্ত্র ; যাদুগিরি ; A spell or charm :—ভাগ্য ; Destiny :—*a.* ডাকিনী সম্বন্ধীয় ; ডাকিনী সংক্রান্ত ; Skilled in witchcraft :—অপার্থিব, অমানুষিক, Unearthly.

Weird sisters—ডাইনী ; ডাকিনী ; Witches.

Wela-way, *inj.* হায় ; অহো, Constraction of welladay, Alas.

Welcome, welkum, *a.* [A. S. *wilcuma*, a welcome guest] স্বাগত সম্ভাষণ, অভ্যর্থনা ; অভিনন্দন ; সমাদর ; Kindly greeting, kind reception :—*a.* আদরপূর্ব্বক গৃহীত ; সুস্বাগত ; Received with gladness, admitted willingly :—*v. t.* সম্ভাষণ-কৃ ; অভ্যর্থনা-কৃ ; আদর-কৃ ; To receive with kindness ; to entertain hospitably :—*inj.* আসুন আসুন ; আসিতে আজ্ঞা হয়। *Syn.*—(*a*) Pleasing, acceptable, agreeable, pleasant, grateful.

Be welcome—আহ্লাদের বিষয়-হ, Be pleasing to :—বিনা বাধে বা অনায়াসে পাইতে পারা ; Be free to have gratuitously :—কেহ আসিলে আহ্লাদিত-হ ; Be gladly received in.

Bid welcome—সমাদরপূর্ব্বক অভ্যর্থনা-কৃ, সম্ভাষণ-কৃ ; Receive with professions of kindness or hospitality.

Welcomer, *n.* যে ব্যক্তি সমাদরে অভ্যর্থনা করে।

Weld, *n* এক জাতীয় উদ্ভিদ, A plant :—*v. t.* জোড়-দে ; সংলগ্ন-কৃ ; পিটিয়া সংযুক্ত-কৃ, To join together by hammering. *n*=welder (সংলগ্নকারক)।

Welfare, welfār, *n.* [From *well*, and *fare*, to go] উন্নতি, অভ্যুদয়, Prosperity :—মঙ্গল ; শুভ ; Well being. *Syn* :—Success, weal, good-fortune, advantage, benefit, profit, prosperity, happiness.

Welkin, *n.* আকাশ ; নভোমণ্ডল, Sky.

Well, wel, *n.* উৎস, ঝরণা, গভীর গর্ত্ত ; Spring ; the issuing *of water from the earth ; fountain* :—পাতকূয়া ; কূপ, A pit in the earth whence a supply of water is obtained :—*v. i.* ভূমি হইতে নিঃসৃত-হ, উৎসারিত-হ ; To issue forth, as water from the earth ; to spring :—*p. a.* ভাল ; Good ;—অবস্থাপন্ন ; ভাগ্যবান, সৌভাগ্যশালী ; Fortunate :—

অকৃস্থ ; সুস্থ ; In health ; not sick :—*ad.* উত্তমরূপে ; ভালরূপে ; Properly ; fairly :—যথার্থরূপে ; ন্যায্যভাবে ; Justly :—সম্পূর্ণরূপে ; Fully :—কৌশলপূর্ব্বক ; Skilfully :—সুবিধামত, সুবিধাপূর্ব্বক ; Conveniently :—অধিক ; যথেষ্ট ; Very much ; amply. *Syn* :—(*n*) Spring, fountain, well-spring ; source, origin. (*a*) Healthy, hearty, hale, sound ; happy, profitable, expedient, useful.

As well—স্বচ্ছন্দে ; অনায়াসে ; Without impropriety :—এক বা একই তা ; Which is the same thing in effect :—তা হইলে ; In that case ; with equal chance of success :—আরও ; বরং ভালই ; Also ; too ; besides.

As well as—আর ; এবং , And also :—সমানরূপ ; সেইমত ; তথা ; Equally well with :—ভালরূপে : In the best manner.

Be well off—স্বচ্ছন্দ অবস্থায় বা সুখে থাকা ; Be comfortable circumstances ; be in good circumstances. [আছে।

He is well to do—তাহার বেশ দশ টাকার সঙ্গতি

Very well—ভাল ; বহুত আচ্ছা।

Well off—স্বচ্ছন্দ অবস্থায়, ভাল অবস্থায় ; Easy in circumstances ; rich.

Wish well to—মঙ্গলকামনা-কৃ , Wish success to . —Wish that one may be successful or happy.

Wella-day, wela-dā, *int.* আহা ; হায় , Alas.

Well-appointed, *a.* সুসজ্জিত ; Fully furnished and equipped. [Welfare, prosperity.

Well-being, wel-bēing, *n* মঙ্গল , কুশল ; সুখ ;

Well-behaved, *a.* সুশীল , বিনীত ; শান্তশীল।

Well-born, wel-bawrn, *a* সদ্বংশজাত , সদ্বংশজ ; ভদ্র , মহৎ ; Born of respectable or good family ; noble.

Well-bred, wel-bred, *a* ভদ্র ; শিষ্ট ; বিনীত ; সভ্য , Educated to polished manners ; trained well ; of good manners ; polite.

Well-bucket, *n.* কূপ হইতে জল তুলিবার পাত্র।

Well-chosen, *a.* সু-নির্ব্বাচিত।

Well-doer, *n.* সৎকর্ম্মকারী , শুভকারী ; উপকারক ; One who does duties well. [roughly.

Well-done—ভালরূপে পাক-কৃ ; Cooked tho-

Well-disposed, *a.* অনুরক্ত ; অনুকূলমনা।

Well enough—মন্দ নহে ; চলনসহি ; কতকটা ভাল ; In a moderate degree ; sufficiently well.

Well-favoured, *a.* সুন্দর , প্রিয়দর্শন ; সুশ্রী , Handsome ; good looking ; beautiful.

Well-founded—ঠিক ; ন্যায়সঙ্গত ; সুপ্রতিষ্ঠিত , সমূলক ; Just ; reasonable ; proper.

Well-grounded, *a.* সুশিক্ষিত ; Well-founded ; throughly taught from the rudiments. [tain.

Well-head, *n.* উৎস ; A source, spring or foun-

Well-informed, *a.* বহুজ্ঞ ; সুবিদিত ; Furnished with correct information.

Well-informed, Well-instructed, *a.* জ্ঞানী , Correctly informed ; possessing stores of knowledge or general information.

Well-intentioned, *a.* সৎ সঙ্কল্পকারী ; সদভিপ্রায়যুক্ত ; সৎ ইচ্ছাসম্পন্ন ; Having upright or honourable purposes.

Wellingtonia. *a.* যাবতীয় বৃক্ষের মধ্যে ক্যালিফর্ণিয়া জাত উচ্চতম বৃক্ষ ; The largest of existing trees, a native of California.

Well-known, *a.* সম্পূর্ণরূপে জ্ঞাত ; সর্ব্বজ্ঞাবিদিত ; সবিশেষ জ্ঞাত ; Fully known ; notorious.

Well-mannered, *a.* সভ্য ; সুবুদ্ধ ; Polite ; civil.

Well-meaning, *a.* সদাশয় ; Having good intentions :—মঙ্গলাকাঙ্ক্ষী। [Rightly intended ; friendly.

Well-meant, *a.* ভালরূপে অভিপ্রেত ; শুভেচ্ছাপ্রসূত ;

Well-met—A term of salutation expressive of great satisfaction. [most ; nearly as well.

Well-nigh, wel-ni, *ad.* প্রায় ; কাছাকাছি ; Al-

Well-oiled, *a.* নম্র ; বিনীত ; Mild ; easy.

Well-ordered, *a.* সুব্যবস্থিত।

Well-pleased, *a.* পরিতুষ্ট ; সুপ্রীত।

Well-read, **Well-educated**, *a.* সুশিক্ষিত ; সুপণ্ডিত ; স্বাধ্যায়সম্পন্ন ; Having extensive reading ; widely acquainted with books.

Well-regulated—সুব্যবস্থাবিশিষ্ট ; Orderly ; methodical ; disciplined.

Well-set, *a.* দৃঢ়ভাবে সংলগ্ন।

A well-sinker, *n.* যে ব্যক্তি কূপ খনন করে।

Well-sinking *n* কূপ খনন।

Well-sped, *a.* সিদ্ধিসম্পন্ন।

Well-spent, *a.* ধর্ম্মরত , Passed in virtue.

Well-spoken, *a.* ভালরূপে কথিত ; সুব্যক্ত ; Uttered with propriety and fitness. [tain.

Well-spring, wel-spring, *n.* প্রস্রবণ ; A foun-

Well-timed, *a.* সুসময়ে কৃত ; সুসময়ে দত্ত ; Done or said at the proper time.

Well-to-do—স্বচ্ছন্দ অবস্থাপন্ন ; সঙ্গতিশালী ; সমৃদ্ধিসম্পন্ন ; Well off , thriving ; prosperous.

Well up—দক্ষ ; অভিজ্ঞ ; In a commendable or praiseworthy degree of proficiency.

Well-water, *n.* কূপের জল।

Well-wisher, *n.* শুভানুকাঙ্ক্ষী , শুভানুধ্যায়ী ; One who wishes another well ; one who wishes the good of another ; a person beneverlently inclined. [by use.

Well-worn—ব্যবহার দ্বারা নষ্ট , Much impaired

Welsh, welsh, *a.* ওয়েলস্ দেশ বা তদ্বাসী সম্বন্ধীয় , Pertaining to Wales or its inhabitants :—*n.* *pl.* তদ্দেশের ভাষা ; Their language :—ওয়েলসের অধিবাসীবর্গ ; The inhabitants of Wales.

Welsh-rabbit, *n.* ভর্জ্জিত রুটীর উপরিস্থ গলিত পনির , Cheese melted on toasted bread.

Welt, *n.* মোজার গোড়ালির তালি ; A kind of hem or edging round a shoe :—*v. t.* চামড়ার সরু বেড় বা তালি-দে ; To furnish with a welt.

Welting the bed—শয্যায় মূত্রত্যাগ-কৃ।

Welter, welter, *v. i.* কর্দ্দমে আবর্ত্তন-কৃ ; কাদায় গড়াগড়ি-দে ; To wallow about in dirt :—*n.* কর্দ্দম ; পঙ্ক ; Dirt.

Wen, wen, *n.* অর্ব্বুদ ; আব ; মাংসবৃদ্ধি ; A wart ; hard, fleeshy, excrescence ; pulpy tumour.

Wench, wensh, *n.* বেশ্যা ; কুলটা রমণী ; বালিকা যুবতী ; A strumpet ; a low course woman ; young girl :—*v. i.* বেশ্যার সহবাস-কৃ ; বেশ্যাসঙ্গ-কৃ ; To frequent the company of strumpets. *n* — wencher (লম্পট ব্যক্তি)।

Wend, wend, *v. i.* যাওয়া ; গমন-কৃ ; ঘুরিয়া বেড়ান ; To go ; to turn. [যাওয়া।

Wend one's away—নিজের পথে যাওয়া ; ইচ্ছামত

Went, *v.* গিয়াছিল ; *pa. t.* of *Go.* [*Weep.*

Wept, *v.* ক্রন্দন করিয়াছিল ; *pa. t.* and *pa. p.* of

Were, *v. i.* ছিল ; হইত ; The pl. of *was*, used as a *pa. t.* of *Be.*

Werewolf, *n.* কামাচারী পুরুষ বিশেষ ; A person supposed to be able to change himself into a wolf at pleasure.

Wesleyan, *a.* জন ওয়েস্‌লী কর্ত্তৃক প্রচারিত ধর্ম্মমত সম্বন্ধীয় ; Pertaining to Wesleyanism :—*n.* উক্ত ধর্ম্মমতাবলম্বী ; Methodist ; follower of John Wesley.

Wesleyanism, *n.* জন ওয়েস্‌লী কর্ত্তৃক প্রচারিত ধর্ম্মমত ; Doctrines of Wesley.

West, west, *n.* পশ্চিম দিক ; The quarter of the heaven where the sun sets :—ইউরোপের পশ্চিমদিকস্থ প্রদেশ ; The countries to the west of Europe :—*a.* পশ্চিমদিকস্থ ; পশ্চিম ; Situated towards the west :—*ad.* পশ্চিমদিকে ।

The west End—লণ্ডন নগরের পশ্চিমাংশ ।

West Indies—কারো সাগরের উত্তরস্থ দ্বীপপুঞ্জ ।

Westerly, wes'tėr-li, *a.* পশ্চিমদিকস্থ ; পশ্চিমদিক হইতে আগত ; পশ্চিমাভিমুখ ; Lying towards the west ; from the west :—*ad.* পশ্চিমাভিমুখে ।

Western, wes'tėrn, *a.* পশ্চিমদিকস্থিত ; পাশ্চাত্য ; পশ্চিমাভিমুখগামী ; Situated in the west ; moving towards the west.

Western most, *a.* সর্ব্বপশ্চিমে স্থিত ।

Westward, west'ward, *a.* পশ্চিমদিকস্থ ; পশ্চিমে স্থিত ; Towards the west.

Westward, Westwards, *ad.* পশ্চিমাভিমুখে ।

Westwardly, *ad.* পশ্চিমাভিমুখে, Towards the west.

Wet, wet, *a.* আর্দ্র ; ভিজা ; Humid :—বর্ষাকালীন ; বর্ষিষ্ণু , Raining :—*n.* আর্দ্রতা , বৃষ্টি ; Moisture :—*v. t.* আর্দ্র-কৃ ; সিক্ত-কৃ , To make wet :—অভিবৃষ্টি-কৃ , Sprinkle. *Syn* :—(*a*) Moist, watery, aqueous, dank, damp ; rainy, showery.

A wet blanket—যাহাতে কিছু বন্ধ করে , Anything that damps or checks ordour :—যিনি প্রতিবন্ধক হবেন, One who throws cold water or discourages.

Wet goods—মদ্যাদি মাল ।

Wet one's whistle—একটু মদ খাওয়া । [wet

Wet through—ভিজে লওভণ্ড ; Being thoroughly

Weting the bed—শয্যায় মূত্রত্যাগ করা ।

Wet-dock, *n.* স্রোতের সর্ব্বাবস্থাতেই পোতসঞ্চালনযোগ্য অববাহিকা ; A dock or basin for floating vessels at all states of the tide.

Wether, wether, *n.* ছিন্নমুষ্ক মেষ ; খাসী ভেড়া , A castrated ram. [humidity.

Wetness, *n.* আর্দ্রতা ; সিক্ততা ; Moisture ,

Wet-nurse, wet'-nurs, *n.* ধাত্রী ; যে শিশুকে স্তন্যপান করায় ; A nurse who suckles a child for its mother.

Wettish, wetish, *a.* কিঞ্চিৎ আর্দ্র ; Somewhat wet.

Wey, wā, *n.* 182 lbs. of wood, 40 bushels of salt or corn.

Whack, hwak, *v. t.* আঘাত-কৃ ; ঠেঙ্গান ; To give a heavy or resounding blow to. *Syn* :—Strike, beat, thump, thwack ; thrash.

To whack away—সশব্দে পিটিতে থাকা ।

Whale, hwāl, *n.* তিমি মৎস্য ; A large cetacean ; the largest of sea-animals :—*v. t.* তিমি মৎস্য ধরা ; To catch whales.

A bull whale—পুং তিমি ।

Very like a whale—A fudge,

Whale-bone, hwāl'bōn, *n.* তিমি মৎস্যের হাড় ; তিমি-অস্থি ; An elastic substance like bone which adheres in thin parallel plates to the upper jaw of the whale.

Whale-fishery, *n.* তিমি মৎস্য ধারণ, কর্ম্ম বা ব্যবসা ।

Whaler, hwāler, *n.* ধীবর ; তিমি পোত ; যে ব্যক্তি বা জাহাজ তিমি মৎস্য ধারণে নিযুক্ত থাকে ; A person or a ship employed in the whale fishery.

Whaling, *n.* তিমি ধরা কার্য্য ; The business of catching whales :—*a.* তিমি ধরিবার বিষয় সংসৃষ্ট ।

Wharf, hworf', *n.* ঘাট ; জেটি ; A sort of quay :—*v.* কাষ্ঠাদি দ্বারা তীরদেশ বন্ধন করা ; জেটি বাঁধা । *Syn* :—(*n*) Mole, pier.

Wharfage, hworf'āj, *n.* ঘাট বা জেটি ভাড়া , The fee or dues for using a wharf :—জেটি সকল ।

Wharfinger, hworf'in-gėr, *n.* ঘাটের মালিক বা জেটির অধিকারী ; Owner of a wharf.

Whap, whop, *v. t.* আঘাত-কৃ :—*v. i.* ধড়াস করিয়া পড়া :—*n.* তাদৃশ শব্দ ।

What, hwot, *pron.* যাহা কিছু ; কি ; কে ; That which , something :—*rel.* যাহা তাহা ; তাহা যাহা ; That which :—*a.* কি ; কোন ; কত :—*ad.* অংশতঃ ; কতকটা ; Partly :—*int.* কি ; কত ; কি বল ।

I tell you what—শুন, আমার কথা শুন ।

Know what's what—কিসে কি হয় বা কোন্‌টা কি সমস্ত বুঝিতে পারা ; Be shrewd and well-informed.

What a dust do I raise—আমি কত বড় লোকই হইয়াছি ; আমি কত বড় কাজই করিয়াছি ; How important a person I am or how great is the deed I have achieved.

What ho—কে হে , কে বটে ।

What if, What through, *conj.* কি হইবে যদি ; যদি তাই হয়, তাতে কি ; What will it matter if ; what will be the result if.

What is that to you—তাতে তোমার কি ? How does that concern you.

What it will fetch (or **bring**)—কি দরে ইহা বিক্রী হইতে পারে ? The sum for which it can be sold.

What of that—তাতে কি আইসে যায় ; তাতে আসে যায় কি (কিছু পরওয়া নাই) , What matters it that such is the case.

What not—কি বা নয় ; কি বা নাই , Any thing else ; various other things difficult to mention severally.

What on earth—কেন, এমন কি আছে, কিসের জন্য ; What earthly reason is there.

What's its name—(নাম ভুলিয়া গেলে) ওর নাম কি ?

What's the matter—কি হইয়াছে ? What's the trouble, difficulty &c. [of ; how to employ.

What to do with—কি করিব ? How to dispose

What with—কতক এর দরুণ, কতক ওর দরুণ ; Partly owing to this and partly owing to that.

What would not one give—এমন্ত না দিতে পারে এমন কিছুই নাই ; এমন কি আছে যে তিনি না দিতে পারেন , One is prepared to make any sacrifice ; what sacrifice will not one make.

Whatever, hwat-ever, *pron.* যাহা কিছু ; যে কিছু ; যে কোনও ; Being this or that ; all that.

Whatnot, hwot'not, *n.* পুস্তক রাখিবার তাক ; A piece of furniture with shelves for books.

Whatsoever, *pro. a.* যে কোনও ; যে কিছু হউক না ; All that.

Whatthough, *conj.* তথাপি ; তা হইলেই বা ; Even granting that ; allowing that.

Wheal, hwēl, *n.* same as *wale.*

Wheat, hwēt, *n.* গম ; গোধুম ; A kind of corn.

Wheaten, *a.* গোধুমচূর্ণে প্রস্তুত ; Made of wheat.

Wheat-fly, hwēt-flī, *n.* পতঙ্গ বিশেষ ; কীট ; An insect ; the name of several flies.

Wheedle, hwē'dl, *v. t.* [A. S. *wadlian,* to be poor] মিষ্ট কথায় প্রলোভিত-কৃ ; মন ভুলান ; To entice with soft words :—তোষামোদ-কৃ ; ফুস্‌লান ; To flatter. *n*=wheedler. *Syn* :—Inveigle, humour, court, fawn upon, cajole.

Wheedle a person out of something—তোষ-দে ; কাহাকেও ফুস্‌লাইয়া কিছু বাহির করিয়া লওয়া।

Wheel, hwēl, *n.* গাড়ির চাকা ; চক্র ; (জাহাজের) কর্ণ, চরকি বাজী ; A circular frame turning on an axis ; round disk on which a carriage rolls :—প্রাচীনকালের যন্ত্রণাদায়ক যন্ত্র ; পূর্ব্বেকার যন্ত্রণাদায়ক যন্ত্র ; An old instrument of torture :—*v. t.* চাকার উপর ঘোরান ; ঘুরপাক দেওয়া ; To make to move on an axis ; to convey on wheels , to cause to whirl :—*v. i.* চাকার উপর ঘোরা ; চাকার মতন ঘুরাণ , ঘুরপাক খাওয়া ; To turn round or on an axis , to roll forward.

A potter's wheel—কুম্ভকার চক্র।

A wheel carriage—যে গাড়ী চাকার উপর চলে।

The wheel of fortune—ভাগ্য চক্র।

To break a fly on the wheel—মশা মারিতে কামান পাতা , অল্প পাপে বেশী দণ্ড-দে।

To break upon the wheel—দণ্ডচক্রে শাস্তি দে।

Wheel and axle—চক্র ও তৎনাভি।

Wheels within wheels—মারপ্যাঁচ ; জটিল ব্যাপার ; Matters of an exceedingly complicated character, secret reasons underlying the apparent ones.

Wheel-barrow, *n.* এক চাকার গাড়ি ; মাল চালানের এক চাকার হাত গাড়ি ; A carriage with only one wheel.

Wheeled, *a.* চক্রবিশিষ্ট।

Wheeler, hwēlėr, *n.* যে ব্যক্তি ঘুরায় ; One who wheels :—শকটের চক্র সন্নিহিত অশ্ব , A wheel-horse.

Wheel-less, *a.* চক্রহীন।

Wheel-shaped, *a.* চক্রাকার।

Wheel-tire, *n.* চাকার হাল , লৌহময় চক্র-বেষ্টিকা।

Wheel-wright, hwēlrit, *n* চক্রাকার গাড়ি প্রস্তুতকারী ; চক্র-নির্ম্মাতা ; A wright whose occupation is to make wheels and wheel-carriages ; maker of wheels and wheel-carriages.

Wheeze, *v. i.* গলা সাঁ সাঁ-কৃ , কষ্টে নিশ্বাস ফেলা ; To breathe with a hissing sound —*n.* সাঁ সাঁ শব্দ।

Whelk, hwelk, *n.* মেছেতা ; মুখের ব্রণ; An inequality on the surface .—জন্তু বিশেষ ; A mollusc. *Syn* :—Protuberance, pustule ; stripe, streak, wale ; weal ; shell-fish.

Whelm, hwelm, *v. t.* অভিভূত-কৃ ; মগ্ন-কৃ ; ডুবান ; To overwhelm ; to submerge.

Whelp, hwelp, *n.* সিংহাদির শাবক ; কুকুর-শাবক ; A pup; young of a dog ; a cub ; young of beasts of prey :—*v. i.* শাবক প্রসব-কৃ ; To bring forth young.

When, hwen, *ad. conj.* যখন ; যে সময় ; যৎকালে ; At what time ; at which time ; after the time that ; while :—কখন্ ; কোন্ সময় :—*conj.* কোন কিছুর স্থলে।

Whence, hwens, *ad.* কোথা হইতে ; যে কারণ হইতে ; যেথা হইতে ; From what place ; from what source :—কেমনে ; তজ্জন্য ; How ; wherefore.

From whence—যথা হইতে ; যা থেকে।

Whencesoever, hwens-so-ev'ėr, *ad.* যে কোন স্থান বা কারণ বা মূল হইতে , From what place, cause, or source soever.

Whenever, hwen-ev'ėr, *ad.* প্রত্যেক সময়ে ; যখনই ; যে কোন সময়ে ; At every time when.

Whensoever, hwen-so-ev'ėr, *ad.* যখন; Whenever , at what time soever.

Where, hwār, *ad.* যথায় ; যেস্থানে : যেখানে ; At which place :—কোথায় ; কোন স্থানে ; At what place ; to which place.

Where there's a will there's a way—ইচ্ছা থাকলেই উপায় করিয়া লওয়া যাইতে পারে।

Where the shoe pinches—যেখানে বাধা ; Where the trouble, difficulty &c., is.

Whereabouts, Whereabout, hwār-a-bowt', *ad.* কোন্ বরাবর , কোন স্থানের নিকটে ; বৎসম্বন্ধে ঠিকানা ; Near what place.

We don't know his whereabouts—তাহার ঠিকানা কি তাহা আমরা জানি না।

Whereas, hwār-az', *ad.* and *conj.* যেহেতু ; পক্ষান্তরে ; কিন্তু বাস্তবিক ; Since ; the thing being so that ; when in fact ; near ; when on the contrary.

Whereat, hwār-at', *ad.* যাহাতে , কিসে ; At which ? at what ? [By which.

Whereby, hwār-bī', *ad.* যদ্দ্বারা , তদ্দ্বারা ; কিসে ,

Wherefore, hwār'-fōr, *ad* and *conj* অতএব , যেহেতু ; কি জন্য ; কেন ; For which reason , for what reason ; why

Wherefrom, *ad.* যথা হইতে। [in what

Wherein, hwār-in', *ad* যাহাতে , কিসে ; In which ,

Whereof, hwār-of, *ad.* কাহাতে , যাহাতে ; কিসে , যাহার , যদ্দ্বারা , Of which , of what.

Whereon, hwār-on', *ad.* যাহাতে ; কিসে ; on which, on what.

Wheresoever, hwār-so-ev'ėr, **Where-ever,** *ad* যে স্থানে হউক , যে কোনও স্থানে ; যে যে স্থানে ; In what place soever [which ; to what

Whereto, hwār-tōō, *ad.* যাহাতে , কিসে , To

Whereunto, hwār-un-tōō *ad* কি জন্য , কোন্ উদ্দেশে , For what purpose , whereto.

Whereupon, hwār-up on', *ad.* যে জন্য; তদনন্তর ; যাহাতে , In consequence of which.

Wherever, hwār-ev'ėr, *ad.* যে কোন স্থানে ; At whatever place.

Wherewith, *n.* উপায় :—*ad.* যাহার সহিত ; With which. [which.

Wherewithal, *ad.* যদ্দ্বারা ; যাহা লইয়া ; With

Wherry, *n.* হাল্‌কা নৌকা ; পানসী ; A light boat.

Wherry-man, *n.* ক্ষুদ্র নৌকা-বাহক।

Whet, hwet, *v. t.* তীক্ষ্ণ-কৃ , ধার-দে ; শান-দে ; (অস্ত্র) চোকাণ ; To sharpen by rubbing ; to rub for the purpose of sharpening ; to make keen :—উত্তেজিত কৃ ; To excite , to stimulate :—*n.* ধার দেওন ; তীক্ষ্ণ করণ , The act of sharpening :—উত্তেজক বস্তু ; Stimulant *Syn* :—(*v*) Sharpen ; incite, stimulate, provoke.

Whet one's appetite—কোন কিছু জানিবার জন্য

অত্যন্ত উৎসুক্য-হ ; Excite a keen desire for something.

Whet on, *v.* উত্তেজিত-কৃ ; To excite.

Whether, hweth'er, *pron.* দুইয়ের মধ্যে কোনটা ; Which of two :—*conj.* কিম্বা ; Which of two alternatives.

Whether no—যাহাই হউক না ; নিশ্চয়ই ।

Whetstone, hwet'stōn, *n.* শান-প্রস্তর ; শিলা ; শান পাথর ; Stone, as for sharpening instruments.

Whetted, *p a.* শাণিত , নিশিত ।

Whey, hwā, *n.* ছানার জল ; ঘোল , দধির জল ; The watery part of milk. *a*=wheyey, wheyish (ঘোলের মত) ।

Whey-faced, *a.* ভয়ে মুখ সাদামারা ; চুণ মত ।

Which, hwich, *pron.* যাহা ; যেগুলি , যেটি ; That which :—*interrogative pro* কি , কোন্‌টা ; কে ।

Which is which—কোনটা কি ?

Whichever, hwich-ev'er, **Whichsoever,** hwich-so-ev'er, *pron. a.* যে কোনও ; যেটা ; যে কোনটা ; এটা বা ওটা হউক ; Whether one or other.

Whiff, hwif, *n.* ফুৎকার ; ধূম ত্যাগ ; A sudden expulsion of air from the mouth , puff ; gust :—দমকা বাতাস ; বাতাসের দমক ; A slight blast :—*v. t* ফুৎকার-কৃ ; ত্যাগ-কৃ ; ছাড়া , To throw out in whiffs :—*v i.* ফুঁ ছাড়া ।

Whiffle, hwif'l, *v. i.* চঞ্চল-হ ; বিচলিত-হ ; নড়া ; To veer about :—উড়াইয়া-দে ; To scatter :—মিথ্যা বলা ; মত পরিবর্তন-কৃ , এড়ান , To prevaricate. *Syn* :—Shift, veer ; shuffle.

Whig, hwig, *n.* ইংলণ্ডের রাজনৈতিক দল ; The name of one of the English factions which fights with the Toris *a*=whiggish , *n*=whiggism ; whiggery (উক্ত সম্প্রদায়ের মত , principles of Whigs).

While, hwil, *n.* সময় , অল্পক্ষণ ; কিছু সময় ; Time ; a sort space of time :—*adv* যখন , তৎকালে , During the time that :—*v. i.* অক্লেশে অতিবাহিত করান , সুখে কাটান ; To cause to pass without irksomeness .—*conj.* যৎকালে ; যখন , যে অবস্থায় ।

All the while—সমস্ত সময় ; All the time.

All this while—এতাবৎকাল ।

At whiles—সময়ে সময়ে ; মধ্যে মধ্যে ।

For a while—কিছুক্ষণের জন্য ; For a time.

While away—সুখে সময় কাটান ; বিনা কষ্টে সময় কাটাইয়া-দে ; Spend it idly or pleasantly ; beguile the tedious hours of ; pass away time so as not to feel its tediousness.

Within a while—অল্প সময়ের মধ্যে ।

Worth while—প্রয়োজনীয় ; পোষাইবার মত ।

Whilom, *ad.* পূর্ব্বে , একদা ; Formerly ; once ; of old.

Whilst, hwilst, *ad.* যখন ; যাবৎ ; While.

Whim, hwim, *n.* [Icel, *hvim*, a quick movement] খেয়াল ; মর্জ্জি ; ইচ্ছা ; Fancy ; freak ; caprice. *Syn* :—Caprice. sport, frolic, humour.

Whimling, *n.* খাম-খেয়ালী ব্যক্তি ।

Whimper, hwimpėr', *v. i.* প্যান্ প্যান্-কৃ ; ঘ্যান্ ঘ্যান্-কৃ ; To whine ; to cry with a low, whining voice :—*n.* ঘ্যান্‌ঘ্যানানি ।

Whimsey, *n.* খেয়াল ; A whim.

Whimsical, hwim'se-kal, *n.* খাম-খেয়ালী , এক রকমের ; Full of whims ; capricious. *ad*=whimsically (যথেচ্ছাচারপূর্ব্বক) । *Syn* :—Freakish, capricious, crotchetty, fanciful, fantastical, singular, curious, odd.

Whin, *n.* কাঁটা গাছ বিশেষ ; Furge, gorse.

Whine, hwin, *v. i.* ভন্ ভন্ করিয়া ক্রন্দন-কৃ ; ঘ্যান্ ঘ্যান্-কৃ ; প্যান্ প্যান্-কৃ ; নাকী সুরে কাঁদা ; To utter a plaintive, shrill cry :—কাপুরুষের মত অনুযোগ-কৃ ; To murmur meanly :—*n.* নাকী সুরে ক্রন্দন ; ঘ্যান্ ঘ্যান্ শব্দ , আবদার ; নালিশ ; A plaintive cry ; an affected nasal tone of complaint.

Whinning, *n.* ঘ্যান্‌ঘ্যানানি ।

Whinny, hwin'i, *v. i.* ঘোড়ার ন্যায় ডাকা ; হ্রেষা-রব-কৃ ; To neigh :—*n.* হ্রেষাশব্দ , A neigh.

Whinstone, *n.* কঠিন কৃষ্ণবর্ণ প্রস্তরের সাধারণ নাম ; General name for any hard, dark unstratified rock.

Whip, hwip, *v. t.* [A. S. *hweopian*, to whip] চাবুক মারা ; কশাঘাত-কৃ ; To punish with lashes ; to strike with a lash ; to lash :—দড়ি টানিয়া ঘুরান , To make to turn :—ঠাট্টা-কৃ ; To lash with sarcasm :—*v i.* চট্‌পট্ করিয়া ফেরা ; ঘুরা ; To move nimbly :—*n.* কশা ; চাবুক ; A lash. *Syn* :—(*v*) Lash, scourge, beat, flog, castigate, punish , stitch, baste ; snatch, jerk away.

Whip about (or round)—আচ্ছাদন-কৃ ; দড়ি দিয়া জড়ান ; To warp.

Whip away—বেত মারিয়া তাড়াইয়া-দে ; Drive away by beating.

Whip in—বেত মারিয়া ভিতরে প্রবেশ করান ; Drive in, as hounds in a hunt :—একত্রে রাখা ; সর্ব্বশেষে আসা ।

Whip off—বেত মারিয়া দূর করিয়া-দে ; Drive away by beating

Whip the cat—অতি কৃপণতা-কৃ ; দোর দোর বেড়াইয়া [কাজ-কৃ ।

Whip the devil round the stump—To do a thing indirectly ; to make false excuses to one's self and other for doing what one likes.

Whip up (out or off)—খপ করিয়া লওয়া ; To snatch :—ছিনিয়া লওয়া , কাড়িয়া লওয়া ; Seize or take up with quick motion

With whip and spur—অতি দ্রুত বেগে ; অতি সত্বর ; With the utmost haste.

Whip-cord, hwip'kord, *n.* চাবুক করিবার দড়ি ; Cord used for making whips.

Whip-hand, hwip'hand. *n.* যে হাতে চাবুক মারে ; The hand that holds the whip :—সুবিধা ; প্রাধান্য ; প্রভুত্ব ; Advantage ; mastery.

Whip-lash, *n.* কশাগ্র ।

Whipper, hwip'ėr, *n.* যে বেত্রাঘাত করে ; কশাঘাতকারী ; কোড়াদার ; One who whips ; an officer who inflicts the penalty of whipping.

Whipper-in, *n.* যে শিকারী কুকুরদিগকে মারিতে মারিতে তাড়াইয়া শিকারের সীমায় লইয়া যায় ; শিকারীর সহকারী , A huntsman who keeps the hounds from wandering and whips them into the line of chase :—যে ব্যক্তি সম্প্রদায় বিশেষের আবশ্যকীয় শিক্ষা দেয় ; One who enforces the discipline of a party.

Whipping, hwip'ing, *n.* বেত্রাঘাত ; কশাঘাত ; Punishment with the whip or rod. *Syn* :—Flogging, beating, castigation, flagellation.

A whipping boy—পূর্ব্বে যে বালক রাজপুত্রের হইয়া শাস্তি গ্রহণ করিত, A boy kept to be whipped when a prince deserved chastisement.

Whipping-post, *n.* বেত্রাঘাতস্তম্ভ ; অপরাধীদের যে কাষ্ঠখণ্ডের উপর বাঁধিয়া মারা যায় ; A post to which offenders are tied to be whipped. [সংগ্রহ।

Whip-round, *n.* বন্ধুবর্গ বা আপনাআপনির মধ্যে চাঁদা

Whip-worm, *n.* কশাকার কৃমি বিশেষ।

Whir, hwėr, *v. i.* সশব্দে ঘূর্ণিত-হ ; ঘোরা ; ফেরা ; To whirl round with noise :—*n.* দ্রুত ঘূর্ণন শব্দ ; সোঁ সোঁ শব্দ ; পক্ষশব্দ ; A sound caused by rapid whirling.

Whirl, hwerl, *v. i.* বেগে ঘোরা ; দ্রুতবেগে ঘূর্ণিত-হ ; To revolve rapidly :—*v. t.* পাক খাওয়া, আবর্ত্তন-কৃ ; দ্রুতবেগে ঘুরা ; To turn round rapidly :—*n.* ঘুরাণ, আবর্ত্তন ; পাক ; A turning with rapidity. *Syn* :—(*v*) Twirl, spin, rotate, revolve, gyrate.

Whirligig, hwėrli-gig, *n.* বালকের ক্রীড়ার সামগ্রী ; লাটিম, নাগর-দোলা ; A child's toy ; a toy spun or whirled rapidly round. [An eddy.

Whirlpool, hwėrlpōōl, *n.* আবর্ত্ত, ঘূর্ণিজল ; পাক ;

Whirlwind, hwėrlwind, *n.* ঘূর্ণি বাতাস ; বাতাবর্ত্ত ; A violent whirling motion of the air or storm whirling about.

Whisk, hwisk, *v. t.* ঝাঁটা-দে ; ঝাড়িয়া ফেলা ; To sweep rapidly ; to brush :—*v. i.* দ্রুতবেগে-যা ; To move nimbly and rapidly :—*n.* ঝাপটা ; দমকা গতি, দ্রুতগতি, A rapid sweeping motion :—ঝাঁটা ; ক্ষুদ্র মার্জ্জনী ; A small brush of anything used for a brush ; broom of dried stalks.

Whisker, hwiskėr, *n. pl.* গালপাট্টা ; দাড়ি ; শ্মশ্রু ; The hair growing on a man's cheek :—*n.* ঝাড়্দার। *a*=whiskered (দাড়িওয়ালা)।

Whiskey, Whisky, hwiski, *n* উগ্র মদ্য বিশেষ ; তেজাল মদ ; A spirit distilled from grain.

Whisper, hwispėr, *v. i.* ফুসফুস্ করিয়া কহা ; চুপে চুপে কহা ; To speak softly, to utter in a low voice :—*v. t.* গোপনে কহা ; মৃদুস্বরে বলা ; আস্তে আস্তে বলা ; To utter in a low voice or under the breath :—*n.* ফুস্ফুসানি ; মৃদুস্বর, গোপনীয় কথা, A low, sibilant sound or voice ; cautious speech.

To whisper in the ear—কাণে কাণে বলা।

Whisper about—বহুস্থানে জনরব-কৃ ; Rumour in many places.

Whisper against—কাহার বিরুদ্ধে চুপে চুপে বলা, Insinuate secretly against. [A back-biter.

Whisperer, *n.* গোপনে নিন্দাকারক, ফুসফুস্ কারক,

Whispering, *n.* চুপে চুপে কথন।

Whispering consultation—Consultation carried on in whispers.

Whispering gallery, *n.* Dome in which sounds are heard at a great distance.

Whisperingly, *ad.* চুপে চুপে।

Whist, hwist, *n.* এক প্রকার তাস ক্রীড়া ; A certain game at cards :—*a.* নীরব ; তূষ্ণীভূত :—*int.* চুপ ; Silent.

Whistle, hwis'l, *v. i.* শীস্-দে ; সিটি-দে, To utter a shrill sound with the lips :—*v. t.* শীস দিয়া বেড়ান ; শীস দিয়া গাওয়া ; To utter by whistling :—শীস দিয়া ডাকা ; To call by a whistle :—*n.* শীস ; শন্ শন্ শব্দ ; A sound made in whistling :—এক প্রকার ছোট বাঁশী, A small wind instrument.

Pay for one's whistle—আমোদ ভোগের জন্য দণ্ড ভোগ-কৃ ; খেয়াল চরিতার্থ করিবার জন্য ক্ষতিগ্রস্ত-হ ; Pay dearly for one's pleasure. [drink.

To wet one's whistle—মদ্যপান-কৃ ; To take a

Worth the whistle—খবরের উপযুক্ত ; আলাপ করিবার উপযুক্ত।

Whistler, *n.* যে ব্যক্তি শীস দেয় ; পক্ষিবিশেষ।

Whit, hwit, *n.* ফোঁটা ; বিন্দু ; A bit ; a lot :—তিল ; লেশ ; একটুকু ; A particle.

Every whit—সর্ব্বাংশে।

No whit—কোনও অংশে না।

White, hwit, *a.* শ্বেত ; শুভ্র ; ধবল ; ধবল ; Snowy ; having the colour of snow :—ম্লান ; ফেকাসে ; Pale :—পাপক্ষালিত ; নিষ্কলঙ্ক ; Unblemished ; purified from sin :—পবিত্র ; Pure :—*n.* শ্বেতবর্ণ ; শুভ্রবর্ণ ; সাদারঙ্ ; The colour of snow :—চক্ষের শুভ্র অংশ ; Ball of the eye :—শুভ্রবর্ণ ব্যক্তি ; শ্বেতকায় মনুষ্য ; White man :—ডিম্বের শুভ্র অংশ ; Albumen of an egg :—*pl.* শ্বেত প্রদর :—*v.* শুভ্রবর্ণ-কৃ, To make white. *Syn* :—(*a*) Hoar ; clean ; spotless, unblemished.

A white lie—অদূষণীয় মিথ্যা কথা।

In black and white—কাগজে কলমে ; লেখা পড়ায়।

Snow-white, *a.* তুষার-ধবল।

The white of the eye—চক্ষের যে অংশ শ্বেতবর্ণ।

To prove black's white—কৃষ্ণবর্ণকে শুভ্রবর্ণ বলিয়া প্রমাণ-কৃ ; To prove any thing, no matter how absurd.

White of an egg—ডিমের আটাবৎ শ্বেতাংশ।

White-ant, *n.* উই।

White-bait, *n.* ক্ষুদ্র মৎস্য বিশেষ ; A very small, delicate fish of the herring kind.

White bear, *n.* সাদা ভল্লুক।

White-boy, *n.* দস্যু ; Midnight robber in Ireland :—জমীদার হত্যাকারী, Murderer of landlords.

White-brass, *n.* কাঁসা।

White-cockade, *n.* Badge of the Bourbons.

White-cross street, *n.* কারাগার, Prison in London for petty debtors.

White-face, *n.* ঘোড়ার কপালের সাদা দাগ, A white mark in the forehead of a horse.

White-feather—ভয়ের চিহ্ন, কাপুরুষত্ব।

To show the white-feather—ভীরুতা প্রদর্শন-কৃ, To show symptoms of fear.

White-flag, *n.* শ্বেত পতাকা ; সন্ধিসূচক পতাকা, (যুদ্ধ বিরামজ্ঞাপক চিহ্ন) ; Emblem of truce.

White-friar—যাজক বিশেষ ; One of the Carmelite order of friars, so called from their white dress. [London.

White-hall, *n.* Palace and council-room in

White-headed, *a* শুভ্রকেশ, বৃদ্ধ ; Gray-headed.

White-heat, hwit'-hēt, *n.* যে পরিমাণে তাপে বস্তু সকল শ্বেতবর্ণ হইয়া পড়ে ; The degree of heat raised to whiteness.

White-hot, *a.* উত্তপ্ত যে শুভ্রবর্ণ।

White-house, *n.* The official residence of the President of America.

The White House—যুক্তরাজ্যের সভাপতির প্রাসাদ।

White-lead, *n.* রঙ্ ; সফেদা ; Carbonate of lead, a paint.

White-leprosy, *n.* ধবল রোগ।

White-livered, hwit'-livėrd, *a.* ভীরু ; Cowardly :—ঈর্ষাপর, Malicious.

White-man, *n.* ইংরাজ ; European.

White-metal, *n.* রূপসী (ধাতু) ।

White money—রোক টাকা ; আধুলি সিকি প্রভৃতি ।

Whiten, hwiten, *v. t.* শুভ্র-কৃ ; শ্বেতবর্ণ-কৃ ; To make white ; to bleach :—ধবলিত-কৃ ; ধোলাই-কৃ : —*v. i.* শুভ্র-হ ; ফরসা-কৃ ; To become white.

Whiteness, *n.* শুভ্রতা ; শ্বেতত্ব ; পবিত্রতা ; সিটকানি ।

White ribbon—পানাদি-সম্বন্ধীয় সংযম চিহ্ন ।

White-rose, *n.* সাদা গোলাপ ।

Whites, *n.* প্রদর ; Leucorrhea. [টিনের মিস্ত্রী ।

White-smith, *n.* যে কামার লৌহ দ্রব্য পালিস করে ;

White staff—প্রধান ধনাধ্যক্ষের পদচিহ্ন স্বরূপ কোঁটা ।

White-swelling, *n.* গ্রন্থি শোথ ; A disease of the joints, especially the knee.

White-wash, hwitwosh, *n.* চূণকাম ; কলিগোলা ; কলির জল ; Composition of lime and water for whitening walls :—*v. t.* কলি ফেরান ; কলি-দে , চূণকাম-কৃ ; Cover with white-wash :—উপর উপর সাফ করা ; ভাল দেখান ; To give a fair appearance :—ঋণ হইতে মুক্ত-হ ; Get rid of creditors by insolvency :—দোষ হইতে মুক্ত-কৃ ; To acquit a person of any dishonourable practice ; to softep or gloss over a fault.

Whitewash as Ethiopian—যা হইবার নহে এমন কোন চেষ্টা-কৃ ; Make a hopeless attempt.

White-wine, hwit-win, *n.* পরিষ্কার মদ্য বিশেষ ; A transparent coloured wine.

Whito-woman, *a.* শ্বেতকায় স্ত্রীলোক ; Woman of the white races.

Whither, hwither, *ad.* কোথা ; কোন স্থানে ; যেখানে ; কোথায় . To what place , to which place.

Whithersoever, hwith-er-soever, *ad.* যে কোন স্থানে ; To whatever place.

True to one's word—অঙ্গীকার পালনে তৎপর , সত্যপালন , (যে কথা সেই কাজ ,) Faithful to what one promises.

The word—বাইবেল ; সুসংবাদ ; The Scripture.

Upon my word—আমি শপথ করিয়া বলিতে পারি , I can swear , I assure you.

Waste words—বৃথা বাক্যব্যয়-কৃ ।

Word for word—অবিকল ; ঠিক সেই কথায় ; একটী কথা না ছাড়িয়া ; In the exact words ; verbatim ; in the same words

Word of honour—যে প্রতিজ্ঞা ভঙ্গ করিলে কোন লোকের নিন্দা হয় , A promise, the violation of which would dishonour the person

Word-book, wurdbŏŏk, *n.* শব্দ-সংগ্রহ ; অভিধান ; শব্দ-কোষ ; A collection of words. *Syn* :—Vocabulary, glossary, dictionary, lexicon.

Word-building, *n.* শব্দ-যোজনা , শব্দ-রচনা ।

Wordiness, wurde-nes, *n.* The quality of abounding with words. *Syn* :—Verbosity, diffuseness, prolixity.

Wording, *n.* বাক্যে কথন ; কথনের ধারা বা প্রণালী ; The act, manner, style of expressing in words.

Word-painting, *n.* শব্দে চিত্রাঙ্কন বা বর্ণন :—বাক্য দ্বারা চিত্রিত করণ , সুন্দর বাক্যবিন্যাস ।

Word-picture, *n.* সুন্দর বিবরণ ।

Wordy, wurde, *a.* শব্দবহুল , বাক্-ভূয়িষ্ঠ ; Using many words. *Syn* :—Verbose, diffuse, prolix.

Wore, wōr, *pa. t.* of *wear*

Work, wurk, *n.* কর্ম্ম ; Deed :—শারীরিক বা মানসিক শক্তির পরিচালনা :—শ্রম , পরিশ্রম , কার্য্য , চেষ্টা ; Labour , employment , effort :—কষ্ট , কর্ত্তব্য বা কৃতকর্ম , Trouble , anything made or done :—ফল ; পরিশ্রমের ফল , Effect , the result of work :—সূচীকর্ম ; বুনাট :—গ্রন্থ , পুস্তক , Book :—বন্দোবস্ত , Management :—সাহিত্যবিষয়ক রচনা , A literary composition :—*pl* দুর্গপ্রাকারাদি সামরিক গাঁথনি , Structures in military engineering, as walls, trenches :—পরিখা ; কাবর্ষা , Trenches , fortifications, bulworks :—*v. i.* পরিশ্রম-কৃ ; কার্য্য কৃ , খাটা ; To labour :—কার্য্য নির্ব্বাহ-কৃ , কাজ চালান ; Perform :—ফল উৎপাদন-কৃ , তোপাপের ন্যায় কাজ-কৃ , To produce effects :—গাঁজা , গাঁজলা উঠা ; To ferment :—*v. t.* করা , To make, form by labour :—চালান , কার্য্য করান , To make to work :—সূচিকর্ম্ম-কৃ , To embroider :—ফলোৎপাদন-কৃ ; To effect :—ব্যবহারে আনা , প্রবর্ত্তিত-কৃ , উৎপন্ন-কৃ ; To influence :—নির্ব্বাহ-কৃ , To manage :—বন্দোবস্ত ; সম্পাদন-কৃ ; To solve :—গাঁজান , To cause to ferment. *Syn* :—(*n*) Drudgery, toil ; occupation, business, craft , production, performance, achievement, action, feat ; fabric, manufacture ; composition (*v*) Toil, drudge, slave , act, operate, move, succeed ; heave ; effect, accomplish ; exert, strain.

Be at work—কোন কিছুর ক্রিয়া চলা ; Be in operation :—(কোন কাজে) লাগা ; Working :—কোন কাজে ব্যাপৃত থাকা ; Be engaged in (work).

Go to work—কাজ আরম্ভ-কৃ , নিজের কাজে প্রবৃত্ত-হ ; Begin labour , set about one's business ; commence operations.

Set to work, Set on work—কোন কাজে নিযুক্ত-কৃ , Employ oneself in some work ; engage in any business.

Work against—বাধা-দে , Oppose.

Work at arm's length—Work awkwardly or disadvantageously.

Work a passage—কাজ করিয়া রাস্তার খরচা দেওয়া ; কর্ম্ম করিয়া পাথের শোধ-কৃ ; To pay for passage by work instead of money.

Work at—নিযুক্ত-হ ; কোন কিছুর সম্বন্ধে কাজ-কৃ ; কার্য্যে নিযুক্ত-হ ; Be employed upon ; be engaged in.
Work double tides—দিবারাত্র কার্য্য-কৃ ; দুই দিনের কাজ এক দিনে করা ; Work day and night.
Work hard—খুব খাটা ।
Work down—কর্ম্মে প্রবেশ-কৃ ; Enter by working.
Work in—নিবেশিত-কৃ ; অন্তঃস্যূত-কৃ ।
Work into—আস্তে আস্তে প্রবেশ-কৃ ; Insinnuate :—বলে সীধ করান ; প্রবেশ করান । [of by working.
Work off—অল্পে অল্পে নিঃসারিত-কৃ ; মুক্ত-কৃ ; Get rid
Work on (or upon)—কাজ করিতে থাকা ; মনের উপর কোন কার্য্য-কৃ ; Act upon ; influence :—উত্তেজিত-কৃ , উদ্দীপিত করিয়া-দে ; জল লাগাইয়া-দে ; Excite ; excite some emotion in one.
Work one's way—শ্রম দ্বারা উন্নতি লাভ-কৃ ; Advance or succeed by toilsome efforts.
Work out—সম্পন্ন-কৃ ; Effect :—কার্য্যে পরিণত-কৃ ; Carry out :—তৈয়ার-কৃ ; Form :—নিজের যত্ন ও পরিশ্রম দ্বারা কার্য্য সম্পন্ন-কৃ ; খোড়েপিটে লওয়া ; Bring about or accomplish by labour and exertion :—সম্পূর্ণ-কৃ ; সমাধান-কৃ ; Complete by working :—অঙ্ক কষা ; সমাধান-কৃ ; অঙ্ক কষিয়া ফল বাহির-কৃ ; Solve a problem :—নিঃশেষ-কৃ , নিঃশেষিত-কৃ ; Exhaust, as a mine :—শ্রমের মূল্য-দে ; Pay for labour :—তোলা , Efface.
Work through—সম্পন্ন-কৃ ; Get through.
Work to death—ক্লান্ত-কৃ ; Exhaust.
Work to windward—বায়ুর প্রতিকূলে বহিয়া-যা ; Sail or ply against the wind.
Work up—নিয়োজিত-কৃ , লাগান ; উপকরণ সমষ্টি লইয়া একটা কিছু খাড়া-কৃ , Empoly ; manage :—ভাল করিয়া অনুসন্ধান কৃ , Investigate thoroughly :—উত্তেজিত-কৃ ; Excite :—নিঃশেষ-কৃ ; Exhaust.
Work (one) up to—ক্রোধাদি মনের ভাব বাড়াইয়া তোলা ; Get one's feelings roused to , stir up one's feelings.
Workable, wurk'a-bl, *a.* চালনীয় , সম্পাদনীয় ; কার্য্যকরণীয় ; Capable of being worked.
Work-day—যে দিনে কাজ বন্ধ থাকে না ।
Worker, *n.* কর্ম্মকারী , কার্য্যকারক , শ্রামক , Doer :—জীবিকানির্ব্বাহকারী , One who earns a livelihood.
Work-house, wurk-hows, *n.* কারখানা ; A house for work :—অনাথশালা , যে গৃহে দরিদ্রদিগকে কাজ দিয়া পালন করা হয় ; A house where poor persons out of work are relieved ; a house of shelter for the poor, who are made to work.
Working, *a* শ্রমসম্বন্ধীয় , কার্য্যকারক ।
A working man—যে লোক শারীরিক শ্রম করিয়া জীবিকানির্ব্বাহ করে ।
Working class—শ্রমিক-শ্রেণী ।
Workman, wurkman, *n.* কারিকর ; শিল্পী ; A mechanic ; a labourer : a man employed in labour , a skilful artificer. *Syn* :—Worker, operative, journeyman ; artificer, artisan.
Workman-like, wurkman-lik, *a.* কারিকরের উপযুক্ত ; সুসমাহিত ; Becoming a skilful workman ; well-performed.
Workmanship, wurkman-ship, *n.* কারুকার্য্য ; কারিগরি ; শিল্পকৌশল ; The skill of a workman ; manner of making.
Workroom, *n.* যে গৃহে কার্য্য করা হয় ।
Workshop, wurkshop, *n.* কারখানা ; কারখানাঘর ; A shop where work is done ; a shop where any manufacture is carried on.
Work-woman, *n.* সূচীকর্ম্মে নিপুণা স্ত্রীলোক ।
World, wurld, *n.* বিশ্ব ; সংসার ; ব্রহ্মাণ্ড ; The universe :—ভূমণ্ডল ; পৃথিবী ; জগৎ ; The earth :—গ্রহনক্ষত্রাদি , Any planet or heavenly body :—সুবৃহৎ ভূভাগ ; A very large extent of country :—লোক ; জনসাধারণ ; সাধারণ লোক ; People ; the public :—সমাজ ; মানব সমাজ ; Public life ; society :—সাংসারিক জীবন ; লৌকিক অবস্থা ; A secular life :—পৃথিবীবাসী ; The earth's inhabitants :—ইহলোক ; বর্ত্তমান অবস্থা ; Present state of existence :—কার্য্য ; Business :—জীবন-ব্যাপার ; জীবনের গতি ; জীবনস্রোত ; Course of life :—অত্যধিক পরিমাণ ; অধিক পরিমাণ ; বৃহদংশ ; A great deal ; a great quantity :—মনুষ্যজাতি ; মানবজাতি ; Mankind.
All in the world—সংসারে যা কিছু আছে সমস্ত একত্র করিলেও যাহা কিছু সম্ভব , All that is possible.
All the world and his wife—সকলেই ।
As the world goes—লোকে যেরূপ সচরাচর গণ্য হইয়া থাকে ; As men of the world generally take it or regard it.
Be all the world to one another—দুই জনেই সব ; Be all important to one another.
Begin the world—সংসারে প্রবেশ-কৃ ।
Come into the world—ভূমিষ্ঠ-হ ; Be born.
For all the world—যে কোন কারণেই হউক ; দুনিয়ার রাজত্ব পাইলেও ; কোন ক্রমেই , কিছুতেই ; কোন মূল্যেই ; For any consideration whatever :—ঠিক ; যথাযথ ; Exactly ; entirely.
In this world—ইহলোকে ।
Look for all the world like—ঠিক কিছুর মত দেখান ; Look exactly like.
New world—নূতন মহাদ্বীপ , In the possibility.
Next world—পরলোক ; পরজগৎ ।
Not for the world, Not for worlds—কোন ক্রমেই নহে ; On no account , not for any consideration whatever.
Old world—পুরাতন মহাদ্বীপ ।
Other world—স্বর্গ , Heaven :—নরক , Hell.
Renounce the world—সন্ন্যাসী-হ ।
Snare of the world—মায়াজাল ।
The world—ইহলোক ।
To give the world—প্রচার-কৃ । [die.
To leave the world—পরলোকগত-হ ; মরা ; To
Woman of the world—উড়া নারী ।
World's end—পৃথিবীর শেষ সীমা পর্য্যন্ত , জগতের অন্ত ; অতি দূরবর্ত্তী প্রদেশ ; The end or most distant part of the world.
World-wide, *a* পৃথিবীব্যাপ্ত ; জগৎ-ব্যাপ্ত ।
World wide reputation—জগদ্ব্যাপ্ত খ্যাতি ; বিশ্বব্যাপী খ্যাতি । [Eternally ; everlastingly.
World without end—অনন্তকাল পর্য্যন্ত ; চিরকাল ;
Worlding, wurldling, *n.* সংসারের কীট ; ঘোর সাংসারিক ; One who is devoted to temporary possessions.
Worldliness, *n.* সাংসারিকতা ; বৈষয়িকতা ।
Worldly, wurld'le, *a.* বিষয়াসক্ত ; সাংসারিক ; সংসারনিষ্ঠ ; পার্থিব ; মানবিক , Devoted to this life and its enjoyments ; bent on gain :—ঐহিক ; লৌকিক ; ইহলৌকিক ; বৈষয়িক ; Secular, *Syn* :—Earthly,

mundane, terrestrial, human, common, secular, temporal ; covetous ; greedy, selfish ; carnal, unspiritual.

Worldly minded, wurld'li-mind'-ed, *a.* সাংসারিক বিষয়ে অনুরক্ত ; সাংসারিক বিষয়ে বিজ্ঞ ; বিষয়াসক্ত ; Minded of the affairs of the present world ; devoted to gain and the pleasures of this life and regardless of the future. *n* = worldly mindedness.

Worldly wisdom—বৈষয়িক বিজ্ঞতা ।

Worldly-wise, *a.* সংসারজ্ঞ ; বিষয়কর্ম্মে চতুর ।

Worm, *n.* পোকা ; কীট ; সরীসৃপ ; মহীলতা ; কেঁচো ; Any small creeping animal ; a reptile :—পেঁচ বিশেষ ; The thread of a screw :—ক্লেশদায়ক বস্তু, Something that gnaws or torments :—অনুতাপ ; Remorse :—অধম ব্যক্তি ; Debased being :—*pl.* কৃমি ; Intestinal worms :—*v. i.* আস্তে আস্তে কাজ-কৃ ; To work slowly or secretly :—*v. t.* ধীরে ধীরে ও গোপনে সাধন-কৃ ; ফুসলাইয়া ক্রমশঃ বাহির-কৃ ; To effect by slow and secret means :—*v. i.* ধীরে ধীরে ও গোপনে কাজ-কৃ, To work slowly and secretly.

Worm one's self into—অল্পে অল্পে কাহারও অন্তরে প্রবেশ-কৃ ; ক্রমশঃ কৌশলে প্রবেশ-কৃ, Enter gradually by arts and insinuations. [and slily.

Worm out—ধীরে ধীরে বাহির-কৃ ; Extract slowly

Worm-eaten, *p. a.* পোকা-কাটা ; কীট-দষ্ট ।

Wormwood, wurm'wood, *n.* সোমরাজ ; তিক্তদ্রব্য ; The bitter plant.

Gall and wormword—অত্যন্ত তিক্ত পদার্থ যাহা সহজে গেলা যায় না ; Very bitter :—অতিশয় কষ্টদায়ক ; Exceedingly offensive.

Wormy, wurm'i, *a.* কৃমিময় ; কীটপূর্ণ ; Containing a worm, like a worm, abounding with worm :—নীচপ্রকৃতি ; Grovelling.

Worn, wōrn, *pa. p.* of *wear.*

Worn to a skeleton—অস্থিচর্ম্মসার ।

Worn land—যে জমির উর্ব্বরতা নষ্ট হইয়াছে ।

Worn-out, *a.* জীর্ণ ; অত্যন্ত পুরাতন ও ব্যবহারের অযোগ্য । [some.

Worrisome, *a.* বিরক্তকর ; ক্লেশজনক, Trouble-

Worry, wor'e, *v. t.* [D. *worgen,* to strangle] বিরক্ত-কৃ ; ক্লিষ্ট-কৃ ; বেজার-কৃ ; উত্যক্ত-কৃ ; হয়রান-কৃ, To harass ; to tease :—দাঁতে টুঁটি-ধৃ ; দাঁত দিয়া কাটা ; To tear with the teeth :—*v. i.* ত্যক্ত-হ :—*n.* বেজার ; বিরক্তি, Trouble :—উদ্বেগ ; বিরক্তি, ক্লেশ, Perplexity ; vexation ; trouble. *Syn* :—(*v*) Trouble, fatigue, vex, annoy, plague, torment, irritate, fret.

Worse, wurs, *a.* আরও খারাপ ; অধিকতর মন্দ, More bad or evil :—*ad.* অধিকতর মন্দরূপে ; In a manner more bad or evil :—*v. t.* আরও খারাপ-কৃ ; আরও মন্দ অবস্থায় ফেলা । [বর্ত্তন ।

A change for the worse—খারাপের দিকে পরি-

A little the worse liquor—মদের দরুণ কিছু বেশী বে-এক্তার ।

Be the worse for—কোন কিছুর দরুণ অধিক কষ্ট পাওয়া বা খারাপ-হ ; অপেক্ষাকৃত হীন বা মন্দ অবস্থায় থাকা ; Be any way in a worse condition to.

Not to think the worse of one—তজ্জন্য যে কম শ্রদ্ধা হইবে তাহা নহে ; Not to feelless regard for one or that account :—তাই বলিয়া যে কিছু অন্যায় করিয়াছেন তা নহে ; Not to think that one has done anything improper.

So much the worse for one—সেই পরিমাণেই বা সেই জন্যেই কাহারও পক্ষে আরও খারাপ ; It is worse for one by that or in that degree, or on that account.

The worse for the wear—জীর্ণ ; ব্যবহারের দরুণ মলিন বা জীর্ণ ; Impaired by use ; worn out or spoiled by long use :—বয়সে জীর্ণ ; Worn out through age. [কিছুর জন্য কাহাকে আরও মন্দ ভাবা ।

Think the worse of a person for—কোনও

Worse and worse—ক্রমশঃই খারাপ ।

Worse for liquor—মাতাল ।

Worsen, *v. t.* অধিকতর মন্দ-কৃ ; আরও খারাপ-কৃ ; To make worse :—*v. i* অধিকতর মন্দ-হ ।

Worship, wur'ship, *n.* সম্মানসূচক পদ ; সম্ভ্রমসূচক উপাধি ; A title of honour :—অর্চ্চনা ; আরাধনা ; অত্যাদর, পূজা ; Adoration paid to God ; religious service :—*v. t.* অর্চ্চনা-কৃ ; উপাসনা-কৃ ; পূজা-কৃ ; To adore :—সম্মান-কৃ ; সমাদর-কৃ ; To reverence ; to respect :—*v. i.* পূজা-কৃ, To perform acts of adoration ; perform religious service. *Syn* :—Eminence, excellence ; honour, respect ; homage, adoration, reverence, veneration ; devotions. (*v*) Revere, venerate, deify, idolize.

A place of worship—ধর্ম্মমন্দির ।

Worship the rising sun—অভ্যুদয়োন্মুখ লোকের উপাসনা-কৃ, Honour the man who is rising in influence and power.

Worshipful, wur'ship-fool, *a.* পূজ্য ; মান্য, পূজনীয়, আদরণীয়, Worthy of honour.

Worshipper, worshiper, *n.* উপাসক ; সেবক ; পূজক ; পূজারী ; One who worship.

Worst, wurst, *a.* অত্যন্ত মন্দ ; মন্দতম ; অতি দুষ্ট ; Bad or evil in the highest degree :—*n.* অতি মন্দ অবস্থা ; The most evil state :—*v. t.* পরাজয়-কৃ ; পরাস্ত-কৃ, To defeat, to get the better of.

At the worst, At worst—অত্যন্ত মন্দ অবস্থায় ; যতদূর হইতে পারে খারাপ অবস্থায় ; In the most unfavourable view or event, in the worst possible condition :—যতটা মন্দ ঘটিতে পারে তাই ধরিলে, Taking into account the worst that can happen :—বড় জোর ; হদ্দমুদ্দ ; একান্ত পক্ষে ; At the utmost (in a evil sense).

Do one's worst—যতদূর ক্ষতি করিতে পারে করা ; Do the utmost possible injury one can.

Get the worst of—পরাস্ত-হ ; To be beaten, to suffer defeat. [*Be defeated in an encounter.*

Have the worst of it—পরাস্ত-হ ; পরাজিত-হ ;

If the worst comes to the worst—যদি খুব মন্দই ঘটে ; যদি নিতান্ত অনিষ্টই ঘটে ; If the worst that is apprehended comes to pass ; in the event of things turning out very badly.

The worst of it is—ইহার বিশেষ দোষ বা গোল এই ; ইহার বিশেষ প্রত্যবায় এই, The most unfavourable point about it is.

Worsted, worsted, *n.* পশমী সূতা ; উর্ণা সূতা ; Twisted yarn spun out of long, combed wool.

Worsted stockings—শক্ত পশমী মোজা ।

Wort, *n.* নানাপ্রকার উদ্ভিদ ; Plant :—পানীয় বিশেষ ; যবসুরা ; The sweet infusion of malt :—*pl.* কপি ; Cabbage.

Worth, wurth, *n.* মূল্য ; দর , Value ; price :—গুণ ; যোগ্যতা ; Moral excellence ; merit :—গুরুত্ব ; উপকারিতা ; Importance , usefulness :—*a.* মূল্যবিশিষ্ট ; মূল্যবান্ , Valuable :—প্রয়োজনীয় ; Useful :—তুল্য মূল্য ; Equal in value to :—*v. i.* হওয়া , ঘটা। *Syn* :—Cost, rate ; desert, merit, excellence, worthiness, virtue, goodness, usefulness, credit.

Make it worth one's while—যথেষ্ট পুরস্কার-দে , কাহারও যাহাতে পোষায় তাই করিয়া দেওয়া , Give sufficient reward , remunerate one adequately.

Not worth a farthing- অকিঞ্চিৎকর ; অযোগ্য ; অকার্য্যকর ; Worthless.

Not worth one's salt--কোন কাজের নয়।

Not worth powder and shot—ব্যয় বা খরচা পোষায় না ; শ্রম পোষায় না ; এত চেষ্টা-চরিত্র বা খরচা-পত্রের উপযুক্ত নয় ; Not worth much ; not worth the outlay necessary to secure some object.

Woe worth the day—সে দিন ডুবিয়া যাউক।

Worth its weight in gold—অত্যন্ত মূল্যবান্ . খুব দামী , Very valuable or useful :—যত ওজন তত সোনা , As much weight so much gold, its value in gold is in proportion to its weight.

Worth while, Worth one's while—উচিত , আবশ্যক , কার্য্যকর , Worth the time or expense &c., which it requires , of any use —যে সময় ও শ্রম বা খরচ লাগে তদনুরূপ ফলদায়ক , মজুরী পোষাণ , Worth the time , the pains or the expense that it requires—advantageous or profitable.

Your argument is worth nothing—তোমার তর্কের মূল্য নাই , অর্থাৎ অনর্থক। [ly , truly

Worthily, *ad* যোগ্যভাবে , উত্তমরূপে , ন্যায়তঃ , Just-

Worthiness, wur'the-nes, *n* যোগ্যতা , গুণবত্তা , State or quality of being worthy *Syn* .—Desert, merit, excellence, virtue, worth

Worthless, wurth'les, *a.* অকর্মণ্য ; অপদার্থ , অসার অকেজো , নির্গুণ , Useless , of no value ; having no virtue *ad*=worthlessly *n*=worthlessness *Syn* —Unprofitable, unproductive , refuse, waste , paltry, slight, frivolous ; base, vile, ignoble, depraved, profligate.

Worth seeing—দ্রষ্টব্য , দর্শন-যোগ্য ; দর্শনার্হ।

Worthy, wur'the, *a.* মূল্যবান , Valuable .—উত্তম ; গুণবান , Excellent :—যোগ্য , উপযুক্ত , সদৃশ ; Deserving , suited to :—*n* যোগ্যতাশালী ব্যক্তি ; যোগ্য লোক , গুণবান্ লোক ; A man of eminent worth. *pl*=worthies.

A worthy object—সৎপাত্র।

Worthy of—কোন বিষয়ের যোগ্য ; Such as can be expected from ; fit for.

Worthies of the pen—সুবিখ্যাত লেখকগণ ; Distinguished men of letters.

Would, wood, *pa. t.* of *will.*

Would-be—হবু ; ভবিষ্যতে যে কিছু হইবে ; ভবিষ্য, ভাবী , Persons desiring to be, future

Would that—অতীব প্রার্থনীয় ; ভাল হইত যদি ; I or we wish that, it is very desirable that

Would to God—ঈশ্বর করুন ; ঈশ্বরের নিকট প্রার্থনা করি ; Pray God.

Wound, wōōnd, *pa. t.* and *pa. p.* of *wind.*

Wound, wōōnd, *n.* আঘাত , ক্ষত ; ঘা ; A cut ; bruise , hurt :—ক্ষতি ; Injury :—*v. t.* আঘাত-কৃ ; ক্ষত-কৃ ; আহত-কৃ ; To make a wound ; to hurt ; to injure. *Syn* :—(*v*) Cut, stab, bruise, harm, damage ; pain, irritate, gall ; annoy, mortify, offend.

Be wound up to—ক্রমে চড়ে উঠা ; ক্রমেচড়ে যাওয়া ; Be roused or rise (by degrees).

Dress a wound—ক্ষতস্থান বা ঘা পরিষ্কার করিয়া ঔষধ লাগান ; ঘা সাফ করিয়া বাঁধা ; Treat with remedies, as a sore or wound.

Wound one's feelings—কাহারও মরমে আঘাত-কৃ ; কাহারও প্রাণে ঘা দেওয়া ; কাহার মনে কষ্ট-দে।

Wounded, *p. a.* বিক্ষত ; আহত ; Injured.

Wove, Woven, *pa. t.* and *pa. p.,* of *weave*

Wrack, *v. t.* বিরক্ত-কৃ ; To tease —*n.* সাগর শৈবাল ; Marine plant cast up on the shore.

Wraith, rāth, *n.* ভূত ; A spectre.

Wrangle, rang'gl, *v. i.* [A S. *wringan*, to wring] বিবাদ কৃ ; বিতণ্ডা-কৃ ; ঝগড়া-কৃ ; দ্বন্দ্ব-কৃ ; To dispute angrily , to dispute ; to quarrel noisily or peevishly :—*n.* বিবাদ ; বিতণ্ডা , ঝগড়া ; A noisy quarrel , an angry dispute *Syn* :—(*v*) Bicker, jangle, squabble, brawl, altercate. (*n*) Altercation, bickering, brawl, jangle, contest, controversy, squabble

Wrangler, rang'gler, *n.* কলহকারী ; বিবাদকারী , A brawler .—কেম্ব্রিজ বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে পরীক্ষোত্তীর্ণ ব্যক্তি ; One who passes a superior examination at Cambridge University. *n*=wranglership

Wrap, rap, *v. t.* গুটান , ভাঁজ-কৃ , জড়ান ; মোড়া , To fold together ; to wind together :—আবৃত-কৃ , To envelop —*n* আচ্ছাদন , র‍্যাপার ; দোলাই ; লেফাফা ; A wrapper, as a shawl. *Syn* .—(*v*) Envelop, enfold, muffle.

Be wrapped in—জড়িত থাকা , Be involved in

Be wrapped up in—কিছুতে মগ্ন-হ ; Be absorbed. ।

Wrap in, Wrap up—কাপড় দিয়া জড়ান , Cover with something thrown round. [garment

Wrapper, *n.* র‍্যাপার , রেজাই , A loose outer

Wrath, rāth, *n.* ক্রোধ , রাগ ; কোপ , Violent anger, indignation :—অপরাধের শাস্তি। *Syn* —Resentment, passion, indignation, rage, fury, ire, exasperation.

Empty (or pour out) the vials of one's wrath—(কাহার উপর) ঝাল ঝাড়া , Give vent to one's anger.

Wrathful, rāth'fōōl, *a.* ক্রুদ্ধ , কুপিত ; রাগান্বিত ; ক্রোধান্ধ ; Full of wrath ; very angry —ক্রোধসূচক , Springing from or expressing wrath. *ad*=wrathfully (ক্রুদ্ধভাবে) , *n*=wrathfulness. *Syn* · Incensed, furious, raging, indignant, passionate.

Wreak, rēk, *v t.* প্রতিফল-দে ; আড়ি তুলা ; ক্ষেপণ-কৃ , প্রদান-কৃ ; To revenge , to satisfy , to hurl , to inflict.

Wreak vengeance on an enemy—দাদ তোলা ; বৈরসাধন-কৃ। [chaplet.

Wreath, rēth, *n.* মালা , হার ; A garland ; a

A wreath of bones—হাড়মালা।

Wreathe, rēth, *v. i.* গাঁথা ; পাকান ; জড়ান , গুটান , To twine about , to encircle :—*v. t.* বুনান, বেষ্টন-কৃ ,

To be interwoven ; to entwine. *Syn* :—Twist, interweave, entwine ; encircle, enfold, surround.

Wreck, rek, *n.* [D. *wrak*, damaged] নাশ ; ধ্বংস ; Destruction :—নষ্টাবশেষ ; ভগ্নাবশেষ , The remains of anything ruined :—জাহাজের নাশ ; জাহাজ ডুবি , Destruction of a ship :—জাহাজের ভগ্নাবশেষ , The ruins of a destroyed ship :—*v. t.* (জাহাজ) ধ্বংস-কৃ ; নাশ-কৃ ; চূর্ণ-কৃ ; To destroy (as a vessel) ; to disable ; to ruin :—*v. i.* নষ্ট-হ ; নাশ পাওয়া , To suffer wreck or ruin. *Syn* :—(*n*) Perdition, ruin, desolation, prostration. (*v*) Strand, founder, cast away ; ruin.

Go to wreck and ruin—নষ্ট-হ ; Be destroyed.

Wreckage, *n.* নষ্টাবস্থা ; ভগ্নাবশেষ ।

Wrecker, *n.* যে ব্যক্তি জাহাজ-ডুবি হইতে লুণ্ঠন করিতে যায় ; ভগ্নপোতের দ্রব্যাদি অপহরণকারী , One who plunders wrecks ; one who plunders the goods cast on shore from a wrecked vessel

Wren, ren, *n.* কলধ্বনি পক্ষী বিশেষ , A well-known playful bird.

Wrench, rensh, *v. t.* মোচড় দিয়া টানা , হেঁচকা মারা , জোরে টানা , To pull with a twist ; to force by violence , to pull by violence :—*n.* মোচড় , মচকানি , টান , A violent twist :—প্যাঁচকস ; প্যাঁচ টানা যন্ত্র ; An instrument for turning bolts *Syn* —(*v*) Wring, twist ; sprain, strain distort

Wrest, rest, *v. t.* টানিয়া বাহির-কৃ ; To extort বলপূর্বক লওয়া ; To take from by force —সত্য হইতে বহিষ্কার-কৃ , প্রকৃত অর্থ হইতে স্খলিত-কৃ , To twist from truth or from its natural meaning —*n.* মোচড়ান ; মোচড় ; Violent pulling and twisting , distortion :—বাক্যার্থের চাতি । *Syn* :—(*n*) Wrench, wring, twist ; extort , distort, pervert.

Wrestle, res'l, *v. i.* মল্লযুদ্ধ-কৃ , কুস্তি-কৃ , To contend by grappling and striving to throw the other down ; to strive as with arms extended as two men to overthrow each other —প্রাণপণে চেষ্টা কৃ ; বিবাদ-কৃ ; Struggle :—*n.* মল্লযুদ্ধ কুস্তি ; A struggle between two to throw each other down. *n*=wrestler (মল্ল , পালোয়ান) । *Syn* :—(*v*) Strive, contest

Wrestling, *n.* কুস্তি , বাজি ।

Wretch, rech, *n.* [A. S. *wrac*, wretched] দুরাত্মা , হতভাগা লোক , দুঃখী লোক , A miserable person —অধম ব্যক্তি , দুর্গত লোক ; A vile person *Syn* :—(*n*) Outcast, pariah ; villain, profligate, scoundrel, rascal, knave, vagabond, miscreant.

Wretched, rech'ed, *a.* দুঃখী ; দীন ; Miserable , pitiable :—অধম ; অকিঞ্চিৎকর , তুচ্ছ , Contemptible ; worthless ; low. *n*=wretchedness. *Syn* :—Fallen, ruined, distressed, afflicted, unhappy, forlorn, comfortless, melancholy, dejected ; calamitous, afflicting, deplorable ; poor, vile, sorry, worthless.

Wretchedly, *ad.* অধমরূপে ; অতি দুঃখে ।

Wretchedness, reched-nes, *n.* হীনাবস্থা ; কষ্টের অবস্থা ; Quality or state of being wretched. *Syn* :—Unhappiness, misery, distress, affliction ; destitution, poverty, penury.

Wriggle, rig'l, *v. i.* দোলা , To twist to and fro :—সর্পের ন্যায় হেলে দুলে গমন-কৃ , কেঁচোর মত শরীর নাড়াচাড়া করা ; মোচড় দিয়া চলা ; কিলবিল-কৃ ; To move as a snake or eel with short irregular motions :—*v. t.* মোচড়াইয়া চালিত-কৃ ।

Wright, rit, *n.* শিল্পী ; মিস্ত্রী ; কর্মকার ; A maker ; an artificer.

Wring, ring, *v. t.* মোচড়ান ; মোচড়-দে ; পাকান ; To twist :—নিঙড়ান ; To force by twistling :—ক্লেশ-দে , কষ্ট-দে ; যন্ত্রণা-দে ; To pain :—বলপূর্বক লওয়া ; To extort :—বিকৃত-কৃ :—*v. i.* আকুঞ্চিত-হ ; মোচড় খাওয়া ; To writhe ; to twist :—কষ্ট-পা । *Syn* :—Torture ; strain, squeeze ; force, wrest.

Wrinkle, ring'kl, *n.* বলি ; সঙ্কোচ ; রেখা ; কোঁচকা ; Cross or furrow in the skin ; a fold ; a small ridge on surface formed by twisting or shrinking :—বক্রতা ; Unevenness :—স্থলপর ; স্থপরামর্শ : —*v. t.* কুঞ্চিত-কৃ , সঙ্কুচিত-কৃ , কোঁকড়ান ; To contract into wrinkles or furrows :—বক্রতা-কৃ ; To make rough .—*v. i.* কুঞ্চিত হ ; To shrink into ridges. *a*=wrinkled (সঙ্কুচিত ; বলিপড়া) । *Syn* :—(*n*) Fold, plait, gather, pucker, crease, ruffle, crumple, corrugation.

Wrinkly, *a.* কোঁকড়ান . Full of wrinkles :—কুঞ্চনাধীন ; Liable to be wrinkled.

Wrist, rist, *n.* মণিবন্ধ , হাতের কব্জি , The joint by which the hand is united to the arm.

Wristband, ristband, *n.* কব্জি-বন্ধ ; The part of a sleeve which covers the wrist.

Wrist lot, *n.* রাখী ; রাখীর সূতা ; বন্ধন-সূত্র ।

Writ, rit, *n.* দলিল , পরওয়ানা , আদালতের আদেশপত্র , A written document :—লিখন , A writing

The holy writ—ধর্ম পুস্তক , খৃষ্টীয় ধর্মগ্রন্থ , The Scriptures.

Write, rit, *v. t.* লেখা , লিপি-কৃ ; To express by forming lettlers and words on paper, stone &c. , to inscribe with a pen or pencil —লিপিবদ্ধ-কৃ ; To record —খোদা , অঙ্কিত-কৃ , To engrave —রচনা-কৃ ; Compose —পত্র দ্বারা জ্ঞাত-কৃ , পত্র লেখা , Make know by letter ; communicate by letter —*v. i.* পত্রাদি লেখা , To send letter :—লিখিত হ ; লেখা , To perform the act of writing :—কেরাণীগিরি-কৃ , লিপিকারী-কৃ ; To be employed as a clerk :—রচনা-কৃ ; প্রবন্ধাদি রচনা-কৃ , গ্রন্থকার-হ ;To compose books. *Syn* :—Copy, transcribe, compose.

Write a good hand- হাতের লেখা ভাল ।

Write down—নিন্দাবাদ লিখিয়া নীচে নামান ; Decry in writing.

Write in cypher—গুপ্ত বিষয় চালাইবার জন্য সাঙ্কেতিক অক্ষরে লেখা , Write a private alphabet inverted or continued for the safe transmission of secrets.

Write off—হিসাবের খাতায় খরচ লেখা বা বাদ-দে ।

Write oneself out—লিখিয়া লিখিয়া আপনার পুঁজি ফুরাইয়া-দে ।

Write out—নকল-কৃ ।

Write to—লিখিয়া নিকটে প্রেরণ-কৃ ।

Write up—প্রশংসা লিখিয়া উপরে তোলা ; সমালোচনায় প্রশংসা-কৃ , Puff up by praise in writing :—খাড়া তোলা ।

Writer, ri'ter, *n.* লেখক ; লিপিকর ; One who writes :—কেরাণী ; Clerk :—লেখক ; গ্রন্থকার ; রচনাকারী ; Author. *Syn* :—Penman, scribe, secretary, amanuensis ; composer ; scribbler.

Writer to the signet—স্কটল্যান্ডের উকিল, An attorney or solicitor in Scotland.
Writership riter ship, *n* কেরাণীগিরি, লেখকের কার্য্য বা পদ. The office of a writer
Writhe, rith, *v t* [A S *wridhan* to writhe] পাকান, পাক-দে, মোচড়ান, To twist violently, to wrest —*v i* সঙ্কুচিত হ যন্ত্রণায় মোচড় খাওয়া কাত রান, ছটফট্-কৃ, To twist the body about as in pain *Syn* —Distort, wring, wrest, wriggle, squirm
Writing, riting, *n* হস্তলিখন, অক্ষরবিন্যাস হস্তলিপি Penmanship, handwriting —লিখন লেখা Act of writing —পুস্তক A book —খোদন Inscription —দলিল, খত, A conveyance document —রচনা প্রবন্ধ Composition —*pl* দলিলপত্র, সরকারী কাগজপত্র, Legal deeds, official papers
Writing book—হস্তলিপির খাতা।
Writing desk—লিখনার্থ ঢালু ডেস্ক।
Writing paper—লিখিবার কাগজ।
Writing table—লিখিবার মেজ।
Written, *p a* লিখিত রচিত।
It is written—লিখিত আছে [illegible]।
Wrong, rong *a* [Icel *rangr* [illegible] wrong] অন্যায্য নীতিবিরুদ্ধ, Unju[st] [illegible] —অনুচিত অন্যায়, Improper —অযথা [illegible] Erroneous, not right mistaken —মি[illegible], False untrue —*n* অপকার [illegible] Injustice —ভ্রম Error —দোষ Fault —*v t* অন্যায় কৃ অপকার কৃ পীড়ন কৃ অন্যায় কৃ To do wrong to, to treat with injustice, to injure to oppress —দোষ দে To find fault with —*ad* অনুচিতরূপে, গরঠিক Amiss, not rightly *Syn* —(*a*) Injurious, illegal, inequitable, immoral bad evil faulty incorrect mistaken unfit unsuitable (*n*) Iniquity immorality injustice, unfairness, trespass transgression, error grievance (*v*) Abuse, maltreat, oppress
Do wrong—ভ্রম কৃ অন্যায় [illegible] Make a mistake act wrongly
Do wrong to—কাহারও প্রতি [illegible] কৃ, অন্যায়াচরণ কৃ।
Go wrong with—অনিষ্টকর-হ, Take a course that is detrimental to —বিফল হ Prove unsuccessful in the case of —কাহারও কিছু অসুখ বিসুখ-কৃ, Be out of order with
On the wrong side—অধিক Above.
Wrong-doer, *n* অপকারক, উৎপীড়ক, ক্ষতিকারক, Offender, tormentor
Wrong-doing, *n* অপকার, অপব্যবহার।
Wrongful, rong'fool *n a* অন্যায় অবৈধ, Full of wrong, unjust —ক্ষতিজনক অনিষ্টকারক, Injurious *ad*=wrongfully (অন্যায়রূপে), *n*=wrongfulness (অন্যায্যতা) । *Syn* —Unfair, unrighteous
Wrong-headed, rong'-heded, *a* একগুঁয়ে, বিপরীত বুদ্ধি, ভ্রান্ত চিত্ত, Perverse in understanding wrong in principle wrong in head
Wrongly, *ad* অন্যায়রূপে Unjustly —ভ্রমক্রমে।
Wrote, rot *p t* of *write*
Wroth, rawth *a* কুপিত ক্রুদ্ধ রোষান্বিত Full of wrath enraged, very angry wrathful *Syn* —Exasperated, angry, incensed, indignant provoked furious
Wrought, rawt *a* কৃত কাজ-করা Made by labour, manufactured —নির্ম্মিত -*pt* and *pp* of *work*
Wrought out—শেষ [illegible] Exhausted
Wrought up (or **up to**)—উত্তেজিত Excited
Wrought iron — [illegible] লোহা [illegible] পেটা লোহা [illegible] Cast iron rendered tough and malleable
Wrung, rang *pa t* and *pp* of *wring*
Wry, ri *a* বক্র বাঁকা অসমান টেঁরা, Twisted bent turned to one side crooked —বিকৃত অনুচিত বিপরীত Distorted perverted —*v t* [illegible] বিকৃত কৃ । *n*—wryness (বিকৃতি, বক্রতা)।
A wry face—মুখ বিকৃতি।
Wry neck, rineck *n* বক্রগ্রীবা A twisted or distorted neck —[illegible] পক্ষী বিশেষ A small bird allied to the wood pecker
Wyvern, wivern *n* [L *vipera* a viper [illegible] An imaginary animal resembling a flying serpent

X

X—ইংরাজি বর্ণমালার চতুর্বিংশ বর্ণ বা অক্ষর বিশেষ The 24th letter of the English Alphabet
Xanthic, zanthik, *a* [illegible] পীতবর্ণ Yellowish. [a tingent colorless oil
Xanthic acid—ঈষৎপক্ক তৈল বিশেষ A heavy
Xanthic colours—ফুলের পীত বর্ণ Those colors (of flowers) having some tinge yellow
Xanthine, zanthin *n* [Gr *xanthos*, yellow] উদ্ভিজ্জ পীতবর্ণ বিশেষ, The yellow colouring matter in certain plants
Xebec, ze'bek, *n* তিন মাস্তুলবিশিষ্ট ছোট পোত, A small three-masted vessel. [tality
Xenodochy, ze nodo-ky, *n* অতিথিসেবা, Hospi-
Xenium, ze'ni um *n* উপঢৌকন ভেট A present given to a guest stranger or ambassador
Xerasia, *n* চুলের পীড়া Disease of the hair
Xrays, *n pl* [illegible] বা আলোক বিশেষ কিরণ।
Xylography, zilog'rafi, *n* কাষ্ঠে খোদিত ছবি Wood engraving —কাঠোপরি খোদকারী বা চিত্রাঙ্কন শিল্প কাঠ খোদন বিদ্যা, The art of engraving on wood
Xylophagous, *a* কাষ্ঠভুক কাঠে ছিদ্রকারী।
Xylophone, *n* কাঠনির্ম্মিত বাদ্যযন্ত্র বিশেষ।
Xyst, *n* মল্লযুদ্ধ করিবার স্থান, A court or portico for athletic exercises [scraping bones
Xyster, *n* হাড়চাঁচা অস্ত্র বিশেষ, An instrument for

Y

Y—ইংরাজি বর্ণমালার পঞ্চবিংশ বর্ণ বা অক্ষর বিশেষ, The 25th letter of the English Alphabet

Yacht, yot, *n.* কেলিপোত, রাজকীয় তরী, সুসজ্জিত ছোট রাজপোত বা কেলিপোত, বজরা, A light and furnished vessel for pleasure trips or state, a decked pleasure vessel —*v. i.* তাদৃশ পোতে যাত্রা-কৃ।

Yachter, yoter, *n* কেলিপোতের মাঝি, প্রমোদ-তরণীবাহক; One engaged in sailing a yacht

Yachting, yoting, *n.* জলযাত্রা, উক্ত পোতে যাত্রা Sailing in a yacht.

Yahoo, *n* অশিষ্ট ইতর ব্যক্তি, Degraded slave

Yak, yak *n* তিব্বত দেশীয় চমরী গরু, বৃষ বিশেষ A large kind of grunting ox in Centrel India

Yam, *n* আলু, কেম আলু, চুপড়ি আলু; An eatable root like the potato

Yankee, yang'kē *n* মার্কিন দেশীয় লোকের সাধারণ নাম An american, an inhabitans of the United States —*a* মার্কিন দেশীয় লোক সম্বন্ধীয় চতুর লোক, (Colloquially) a man shrewd and sharp at a bargain

Yankeeism, *n.* মার্কিন দেশের ভাষার রীতি।

Yard, yard, *n* দুই হাত, গজ, An English measure of 3 feet —উঠান, চক প্রাঙ্গণ, A court —পাল দণ্ড, জাহাজের পাল ধারণকারী কাষ্ঠ, A long beam on a mast to hold a sail —বাগান, বাগিচা, Garden

A brick-yard, *n* ইট-খোলা।

Yard arm, yard arm *n* জাহাজের মাস্তুলের পালদণ্ডের অগ্রাংশ, Either half of the ships yard from centre or mast to the end

Yard arm and yard-arm—Vessels are said to be yard arm and yard arm when so near as to touch or interlock their yards

Yard stick, Yard wand, *n* গজকাঠি।

Yare, yār, *a* প্রস্তুত, Ready —চতুর Dexterous —ক্ষিপ্র, ত্বরিত, Quick

Yarn, yārn, *n* বুনা সূতা, পাকান সূতা, পশমী সূত, Spun thread —গল্প, The tailor's story

Spin a yarn—সাজাইয়া লম্বা গল্প কৃ।

Yarrow, yar'ō, *n* উদ্ভিদ বিশেষ, লতা বিশেষ, The plant milfoil.

Yataghan, yat'a-gan, *n* তুরস্ক দেশীয় ছোরা বিশেষ, A long Turkish dagger

Yawl, *n* জাহাজের ক্ষুদ্র নৌকা A ship's small boat —*v i* কুকুরের মত চীৎকার কৃ, ঘেউ ঘেউ-কৃ, To howl.

Yawn, yawn, *v i* হাইতোলা, জৃম্ভন কৃ, মুখব্যাদন-কৃ, To gape, to open the jaws involuntarily —আগ্রহান্বিত হ —*n* জৃম্ভন, হাই, মুখব্যাদন, The opening of the mouth from drowsiness

Yawning, *a.* জৃম্ভক, জৃম্ভণকারী, ব্যাদিত, Gaping, opening —*n* জৃম্ভন, ব্যাদন, Act of gaping, act of opening wide.

Yclept, *v. p* নামে আহূত, নামে অভিহিত, Called

Ye, yē, *pro* তোমরা, তোমাদিগকে, The nominative plural of the second person

Yea, yā, *ad* হাঁ সত্য বটে, Yes, verily —*n* অনুকূল মত, Affirmative vote

Yea and nay—বাদানুবাদ।

Yeas and nays—হাঁ ও না।

Yean, yēn, *v t* সন্তান প্রসব-কৃ, To bring forth [young

Year, yēr, *n* বৎসর, বর্ষ, অব্দ, A period of twelve months —*pl* বয়স, বৃদ্ধকাল, বার্দ্ধক্য, Age or old age

All the year round—সমস্ত বৎসর বৎসর ব্যাপিয়া, সম্বৎসর ধরিয়া বার মাস Throughout the year

Civil year, *n* The year adopted by a nation for the computation of time

Common year—যে বৎসর ৩৬৫ দিনে হয়।

Leap year—যে বর্ষ ৩৬৬ দিনে বৎসর হয়, যে বৎসর ফেব্রুয়ারী মাস ২৯ দিন হয়, Every fourth year which is made to consist of 366 days

Lunar year, *n* The period of 13 lunar months or 354 days

Of tender year—অল্পবয়স্ক।

Year after year—প্রতি বৎসর, One year after another many years

Years of discretion—সাবালকত্ব যে বয়সে ভাল মন্দ বিচার করিবার ক্ষমতা জন্মে The age of mind judgment, an age when one is able to judge between what is right and what is wrong

Year of grace, *n* খৃষ্টীয় শকের যে কোনও বৎসর খৃষ্টাব্দ, Any year of the Christian era, year dating from the birth of Christ A D খৃষ্টাব্দ।

Year book, *n* বর্ষের বিবরণ পুস্তক, বার্ষিক বিবরণ

Yearling, yerling *n* এক বৎসর বয়স্ক পশু An animal of a year old —*a* এক বৎসর।

Yearly, yēr'li *a* বার্ষিক, বাৎসরিক সাম্বৎসরিক Happening every year, annual —*ad* প্রতি বৎসর প্রতি বর্ষে Annually, once a year, from year to year

Yearn, yern *v i* [A S *geornian* from *georn* desirous] অত্যন্ত স্পৃহা হ, ব্যাকুল হ, কাতর হ, উৎসুক হ, ব্যগ্র হ, লালায়িত হ, সমুৎসুক হ, Long for, to desire, to feel earnest desire. *Syn* — Crave, hanker after

Yearn, *v t* or *i* (ছাগাদি) প্রসব-কৃ, To bring forth young [gerly for

Yearn from—বড় ইচ্ছা হ, লালসা কৃ, Long ea

Yearning, yerning, *n* অতিশয় লালসা, স্পৃহা, Longing —স্নেহ, বাৎসল্য, Affection, pity —*a* উৎসুক, Longing.

Yearnling, *n* ছাগল ছানা, ভেড়ার ছানা।

Yeast, yēst, *n* মদের ফেণা, মদের তলানি, খাঁজলা, The froth of malt liquors in fermentation, a preparation which raises dough for bread,

Yeasty, yēsti, *a* ফেনাযুক্ত; ফেনিল, Frothy, foamy. [an egg

Yelk, *n.* ডিমের পীতাংশ, অণ্ড-মধ্য, Yellow part of

Yell, yel, *v i.* চেঁচান, চীৎকার-কৃ, To howl, cry

out; to shriek hideously :—*n.* তীব্র চীৎকার; গোরগোল; A short outcry; a shriek of horror. *Syn* :—(*v*) Shriek, scream, screech, bawl.

Yellow, yelo, *a.* পীত; পীতবর্ণ; জরদ; হরিদ্রাবর্ণ; Of a bright gold colour :—*n.* পীতবর্ণ; জরদ রং; A bright golden colour :—*v. t.* পীতবর্ণ-কৃ। *n*=yellowness.

Yellow bird—পক্ষী বিশেষ; A small singing bird.

Yellow-fever, yelō-fē'ver, *n.* পৈত্তিক জ্বর বিশেষ; A malignant fever of worm climate.

Yellow flag—সংক্রামক রোগের অস্তিত্ব জ্ঞাপনার্থ উত্তোলিত পীত নিশান। [A song-bird of yellow colour.

Yellow-hammer, yelō-hammėr, *n.* পক্ষী বিশেষ,

Yellowish, yelō ish, *a.* কিঞ্চিৎ পীত; ঈষৎ পীত; Somewhat yellow. *n*=yellowishness.

Yellow ochre—গোপী মৃত্তিকা।

Yellow orpiment—হরিতাল।

Yelp, yelp, *v. i.* কুকুরের মত ডাকা; কেঁউ কেঁউ-কৃ; To bark :—*n.* কুকুর-রব; আর্তনাদ; Bark.

Yen, *n.* জাপান মুদ্রা বিশেষ।

Yeoman, yō'man, *n.* ক্ষেত্রপাল; গাঁতিদার; প্রজা; Gentleman farmer; farmer :—ইংলণ্ডের সাধারণ মধ্যশ্রেণীর লোক; গৃহস্থ; A man of common rank next below a gentleman :—রাজকর্মচারী বিশেষ; One of the body guard.

Yeoman of the guard—One of the state body guard of the king of England next under the gentleman at arms.

Yeoman's service—উত্তম কার্য্য; সময়ে সাহায্য।

Yeomanry, yō'man-ri, *n.* গৃহস্থসমূহ; ক্ষেত্রপালসমূহ, প্রজাবর্গ; মধ্যশ্রেণী; জোতদার সম্প্রদায়; The collective body of free holders.

Yes, yes, *ad.* হাঁ, আচ্ছা; তাই বটে, ঠিক বটে; A word of affirmation or consent; ay.

Yest, *n. yeast* শব্দ দেখ।

Yester, yes'tėr, *a.* গতকল্য, গত দিবসীয়; বিগত, গত; Relating to yesterday; last.

Yesterday, yes'tėr-da, *n.* গতকল্য; গত দিবস; The day last past :—*ad.* গত দিবসে।

Yesternight, yes'tėr-nit, *n.* গত রজনী; বিগত রজনী; The night last past.

Yet, yet, *ad.* আরও; এখনও; তথনও; এতাবৎ; এ পর্যন্ত; তথাচ; Still; at this time; at least, even; hitherto; up to the present time, besides; in addition :—*conj.* তথাপি; তবুও; তথাচ, Nevertheless; however. *Syn* :—(*ad*) Besides, further; thus far.

As yet—এ পর্য্যন্ত।

Yew, ū, *n.* বৃক্ষ বিশেষ, An evergreen tree.

Yield, yēld, *v. t.* [A. S. *geldan, gildan,* to render] স্বীকার-কৃ; দেও, To grant; to allow :—দেওয়া; To give forth :—খরচ-কৃ; To expend :—উৎপাদন-কৃ; উৎপন্ন কৃ; To produce :—ছাড়িয়া-দে; ত্যাগ-কৃ; To resign :—ত্যাগ-কৃ; To give up :—*v. i.* হার মানা; নিরস্ত-হ :—বশীভূত-হ; বশ্যতা স্বীকার-কৃ; বশবর্তী-হ, To submit :—অনুরোধ রক্ষা-কৃ; To comply with :—সম্মত-হ; স্থান ছাড়িয়া দেওয়া :—*n.* উৎপন্ন দ্রব্য; উৎপত্তি; Amount yielded; product. *Syn* :—(*v*) Bear, afford, furnish, exhibit; admit, concede, surrender, relinquish, forego; succumb, submit; bend, relax, give way; assent.

Yield the palm—কাহারও অপেক্ষা কোন অংশে হীন হওয়া; কাহারও নিকট ন্যূনতা স্বীকার-কৃ; Be inferior to; admit one's inferiority to another.

Yield to—হারমানা; বশ্যতা স্বীকার-কৃ; Submit to, comply with, give way to.

Yield to temptation—প্রলোভনে বশীভূত-হ; To suffer one's self to be persuaded or induced to do something improper or wrong. [render.

Yield up—মায়া ত্যাগ করিয়া কোন কিছু-দে; Sur-

Yield up the ghost, Yield up the breath (or **the life**)—মরা; প্রাণত্যাগ-কৃ; Expire.

Yielding, yēlding, *a.* অনুরোধী, বশ্যতা স্বীকারকারী; Compliant :—বশীভূত। *Syn* :—Submissive, complying, accommodating, unresisting, facile.

Yoke, yōk, *n.* যুগ; যোয়াল; The frame of wood joining oxen for drawing :—শৃঙ্খল; A chain :—যুগ্ম; জোড়া :—দাসত্বের চিহ্ন; দাসত্ব; A mark of servitude; slavery :—*v. t.* যোয়ালিতে বন্ধন-কৃ; যোতা; যুক্ত-কৃ; যোয়াল-দে; To put a yoke on :—দাস-কৃ; দাসত্বশৃঙ্খলে বদ্ধ-কৃ, অধীন-কৃ, To enslave. *Syn* :—(*n*) Bond, ligature, link, tie; servitude, service, bondage, vassalage. (*v*) Couple, join, connect, associate; harness.

Shake (or throw) off the yoke of—কার অধীনতা বা বশ্যতা স্বীকার না কৃ; Cease to acknowledge the supremacy of.

Yoke-fellow, Yoke-mate, *n.* সহচর; সঙ্গী; Associate; a mate or fellow. [part of an egg.

Yolk, *n.* ডিম্বের পীতাংশ; কুসুম; The yellow

Yon, *ad.* দূরে; ওদিকে, ঐ, ওখানে, At a distance within view; that :—*n.* সম্মুখস্থ; Being at a distance; within view.

Yonder, *a.* ঐ দূরবর্তী; ঐ ওখানে স্থিত; At a distance within view :—ঐ ওখানে; Over there.

Yore, *ad.* বহুকাল পূর্বে, পুরাকালে, In old time; in time being past.

Of yore—পুরাকালে; প্রাচীনকালে; বহুকাল পূর্বে; Formerly; in time long past.

You, *pron. 2nd person pl.* but also used in the singular. তুমি; তোমরা, আপনি, তুই; তোকে; তোমাদিগকে।

Young, *a.* বালক; তরুণ, কচি; অল্পবয়স্ক; Not long born; juvenile :—অনভিজ্ঞ; Inexperienced :—যৌবন; যৌবনবৎ; যুবান; তাজা; ছোট; দুর্বল :—বৎস; শাবক; ছানা; বাচ্চা; The off-spring of animals.

With young—গর্ভবতী।

Young Bengal—নব্য বাঙ্গালী সম্প্রদায়।

Younger brother—ছোট ভাই; কনিষ্ঠ; অনুজ।

Youngest brother—সর্বকনিষ্ঠ ভাই।

Youngish, *a.* বালকবৎ; অল্পবয়স্ক; Somewhat young. [animal.

Youngling, *n.* বালক; A young person or

Youngster, *n.* বালক; A lad.

Your, *pro.* তোমার; তোমাদের; আপনার; আপনাদের; Possessive of *you.* [a noun.

Yours, *pro.* possessive of you, not followed by

Yourself, *pro. sing.* স্বয়ং; আপনাকে; তুমি আপনি; আপনিই; Your or own self or person. [দিগকে।

Yourselves, *pro. pl.* তোমারাই; আপনারাই; আপনা-

Youth, yōōth, *n.* যৌবন; যৌবনাবস্থা; যৌবনকাল; Part of life that follows childhood :—যুবা; যুবকগণ; A young person :—যুবালোক; ছোকরা;

কহুকে ; Young persons taken together. *Syn* :— Juvenility, adolescence, minority ; boy, lad, stripling.
Youthful, yōōthfōōl, *a.* যৌবনকালীন ; তরুণবয়স্ক, নবীন ; যৌবন বয়স্কীয়, Pertaining to youth :— যৌবনের উপযুক্ত, Suitable to youth.—সতেজ, Fresh ; vigorous. *n*=youthfulness *Syn* :— Young ; puerile, juvenile, boyish.
Youthfulness, *n.* নবীনত্ব, তরুণত্ব।
Yucca, *n.* ফুলগাছ বিশেষ ; A genus of tree.
Yuen, *n.* বানর বিশেষ ; The crowned gibbon.
Yule, ūl, *n* English feast of the midwinter, now hold at Christmas.
Yuletide, *n.* Christian time

Z

Z—ইংরাজি বর্ণমালার ষড়বিংশ বর্ণ বা অক্ষর ; The 26th letter of the English Alphabet.
Zacintha, *n* উদ্ভিদ্ বিশেষ, A plant
Zain, *n.* অশ্ব বিশেষ, A horse of a dark color.
Zamia, *n.* আফ্রিকার উদ্ভিদ বিশেষ, A genus of plants.
Zambo, zămbō, *n.* বর্ণসঙ্কর বিশেষ, Offspring of an Indian and Negro
Zamism, *n* ভণ্ডামি, কষ্কবামি, Buffoonery.
Zany, zānī, *n* ভাঁড়, ভণ্ড, বিদূষক, A buffoon ; merry andrew.
Zeal, zēl, *n* [G *zel s,* zeal, jealousy] উৎসাহ উৎসুক্য, আগ্রহ ; ব্যগ্রতা, Passionate ardour in the pursuit of any thing, earnestness. *Syn* — Eagerness, enthusiasm energy, fervour
Zeal for—কোন ইষ্ট সাধনার্থ নিরতিশয় আগ্রহ বা আকিঞ্চন, Passionate ardour in the pursuor for the advancement.
Zealot, zelot, *n* উৎসাহী, আগ্রহশীল ব্যক্তি ; An enthusiast —উৎকটরূপে আসক্তি ব ক্ত, Fanatic, bigot
Zealous, zelus, *a* উৎসাহী, উৎসাহশীল ব্যগ্র, আগ্রহবান, অত্যাসক্ত, Enthusiastic, ardent, earnest, passionate in any cause *ad*=zealously (ব্যগ্রভাবে), *n*=zealousness (আগ্রহশীলতা). *Syn* —Eager, fervent, ardent, strenuous, warm, passionate
Zebu, *n* ভারতবর্ষীয় গাভী, দেশী গরু।
Zedoary, *n.* বন আদা।
Zemindar, *n* জমীদার, ভূস্বামী, A landowner
Zemindary, *n.* ভূসম্পত্তি, The land possessed by a zamindar.
Zanana, *n* অন্তঃপুর, অন্দরমহল।
Zebra, zē'bra, *n.* চিত্রবিচিত্র অশ্ব বিশেষ, জেবরা Striped wild horse [Persian dialect
Zend, zend, *n.* পারস্যের প্রাচীন ভাষা, An ancient
Zend Avesta, zend ā-ves ta, *n* পারসিক ধর্ম পুস্তক ; Holy Scripture of the fire worshippers in Persia.
Zenith, zē'nith, *n.* মস্তকোর্দ্ধ কল্পিত নভোবিন্দু, শিরোবিন্দু, Point in the visible heavenly sphere which is over the head of the beholder - অত্যুচ্চতা, উচ্চস্থান ; উচ্চসীমা, Greatest height *Syn* —Summit, top, apex.
To be in zenith—উন্নতির পরাকাষ্ঠায় থাকা।
Zephyr, zĕf'er, *n.* মৃদুমন্দ বায়ু, পশ্চিমবায়ু, A soft, gentle breeze, west wind
Zephyr cloth—সূক্ষ্ম পশমী বস্ত্র বিশেষ।
Zephyrus, *n.* পশ্চিমদিকস্থ বায়ু ; The west wind.
Zero, zē'rō, *n.* শূন্য ; বিন্দু, Cipher. *pl*=zeros, zeroes *Syn* :—Nothing, naught
Zest, zest, *n* [Per *zistan* to peel] লেবুর খোসা ; লেবুর তেল, Piece of orange or lemom peel used to give flavour to liquor —আস্বাদন, সুস্বাদ, মিষ্টত্ব, Pleasant taste, relish —*v t.* (লেবু) ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে খণ্ডিত-করা, রস-দে। *Syn* —Flavour, savour, gusto, smack, twang, keen, enjoyment.
Zeugma, *n.* বাক্যালঙ্কারের দোষ বিশেষ, পদলুপ্তি।
Zeus, *n* গ্রীকদেশের প্রধান দেবতা, ইন্দ্র, The Greek name of Jupiter
Zibet, Zibeth, *n.* গন্ধগোকুলা।
Zigzag, *a* বক্র, আঁকা বাঁকা, ঘোর ফের, কুটিল, Having short sharp turns, crooked —*v. i* বক্রভাবে যাওয়া, To form with short turns —*n* আঁকা বাঁকা কোন কিছু, Something that has short turns
Zinc, zink, *n* দস্তা, A bluish white metal somewhat like tin —*v. t* দস্তা দিয়া ঢাকা, মোড়া ; *a*=zincous, zincy
Zincography, *n.* দস্তার পাতের মুদ্রাঙ্কন বিশেষ।
Zinc sheet—দস্তার চাদর। [salem.
Zion, *n* The church of God —A hill of Jerusalem
Daughter of zion—Jerusalem
Zodiac, zō'di-ak, *n* রাশিচক্র, ক্রান্তিবৃত্ত, Broad circle in the heavens in which are the twelve signs —কটিবন্ধ, A girdle *a*=zodiacal (রাশিচক্র সম্বন্ধীয়)। [রাশি।
The sign of the zodiac—মেষকর্কটাদি দ্বাদশ
Zoic, *a* জীবজন্তুসম্বন্ধীয়।
Zone, zōn, *n* মেখলা, মণ্ডল, Girdle —কটিবন্ধ, মণ্ডল, Division of the Earth according to temperature of the attitudes *a*=zoned *Syn* —Belt, baldric, circuit, circumference, region, clime.
The two frigid zones—তুষারমণ্ডলদ্বয়।
The two temperate zones—সমমণ্ডলদ্বয়।
Zoography, *n* প্রাণি-বৃত্তান্ত, A description of animals, their forms and habits.
Zoological garden, *n* পশুবাটিকা ; Collection of animals in a public garden
Zoologist, zoolo-jist, *n.* প্রাণীবিজ্ঞান বিশারদ ; প্রাণিতত্ত্ববিৎ পণ্ডিত, One who is well versed in zoology.
Zoology, zōoloj̇y, *n* প্রাণিবিদ্যা ; জীববিদ্যা, প্রাণিবৃত্তান্ত, প্রাণিতত্ত্ব, Natural history, science of animals *a*=zoological (প্রাণিতত্ত্ব সম্বন্ধীয়)।
Zoomancy, *n* জীবজন্তুর গত্যাদি দর্শনে ভবিষ্যৎ জ্ঞাপন।
Zoophyte, zōō-fit, *n* জন্তু ও বৃক্ষ এই উভয় ধর্মক বস্তু, উদ্ভিদ ও প্রাণী এতদুভয় ধর্মাক্রান্ত জীব, Polyp ; coral. [বিজ্ঞান।
Zootechny, *n* জীবজন্তুর পালন ও পোষণ সম্বন্ধীয়
Zootomy, *n* জীবদেহ-ব্যবচ্ছেদ বিদ্যা, The science which treats of the anatomy of animals.

Zous, *n.* ব্রণ রোগ বিশেষ।

Zouave, *n.* আরবিক বেশধারী ফরাসী সৈন্য বিশেষ. A soldier in the french service, originally Arabs.

Zounds, *zoundz, int.* ক্রোধাদি প্রকাশক অব্যয় ; Of wonder or anger.

Zulu, *n. prop.* দক্ষিণ আমেরিকার সাহসিক কাফ্রী জাতি বিশেষ, Tribe belonging to the Kaffir race.

Zymotic, *zi-motik, a.* যে সমস্ত রোগে শরীরের রক্ত দূষিত হয়, তৎসূচক ; গাঁজরাথাজনিত ; শরীরাভ্যন্তরস্থ রসাদির বিকার দ্বারা উৎপন্ন ; Pertaining all diseases, as Cholera, typhus, &c., in which a poison works through the body like a ferment.

Zymotic desease—জানপদজাদি সংক্রামক রোগ ; An epidemic contagious desease,

---

APPENDIX.—A.

ABBREVIATIONS.

A or *a.* Adjective ; Afternoon ; Acre ; Alto, *in commerce*, accepted ; *in Metric system*, Arc.

a. or (*a*, (L. *ad*) To or at.

a. or *aa* (Gr. *ana*) (Med) of each the same quantity

A. or *Ans.* Answer.

A. A. G. Assistant Adjutant General.

A B. (L. *Artium Baccalaureus*) Bachelor of Arts.—Able bodied seaman.

Abbr. Abbreviated, Abbreviation.

A. B. C. F M American Board of Commissioners for Foreign Missions.

Abl Ablative.

Abp Archbishop.

A C. খৃষ্টপূর্ব, Ante Christum.

Abr. Abridgment.

Acc. Accusative

Acc Acct, or *a/c* হিসাব, Account.

Acc, or *act* Active.

Acct. Cur Account Current.

Acct Sales. Account of Sales.

A. D. (L. *Anno Domini*) In the year of our Lord

Ad. or *Adv* Adverb.

A. d. After date.

Adang. (It. *adagio*) A slow movement in music.

A. D. C (F.) রাজাদিগের ও প্রধান সেনাপতিদিগের অনুচর ; Aid-de-Camp.

Ad. inf. (L. *ad infinitive*) Without limit.

Ad inf (L. *ad interim*) In the meanwhile.

Adjt.—Adjutant.

Ad lib (L. *ad libitum*) যথেচ্ছ পরিমাণে, At pleasure

Adm. Admiral, Admiralty.

Admr, Administration.

Admx, Administratrix.

Adv. Advocate, Advent, Adverb, Advertisement.

Æ or *Æt.* (L. *aetatis*) Of age, aged.

A. F. A. M. Ancient Free and Accepted Masons.

Ag. (L. *argentum*) Silver.

Agt. Agent.

A. H. (L. *Anno Hegirae*) মহম্মদের পলায়ন হইতে বর্ষ গণনায় ; In the year of the Hegira, or flight of Mohammed——*i. e.* A. D. 622.

Al. Aluminium.

Ala. Alabama.

Alex—Alexander.

Alt—Altitude.

A M. (L. *Artium Magister*) কলাভিজ্ঞ ; অধীতবিদ্য, Master of Arts.—(L. *Ante Meridiem*) পূর্বাহ্ণে ; Before noon.—(L. *Anno Mundi*) In the year of the world.

Am, Amer America, American, Americana.

Amt. Amount.

An (L *Anno*) In the year.

Anon বিনামা, Anonymous.

Ans Answer.

Ant or *Antiq.* প্রত্নতত্ত্ব ; প্রাচীনকাল ; Antiquities.

Ap. Apostle, April.

Apo. Apogee.

App পরিশিষ্ট ; Appendix.

Apr. April.

Aq (L. *aqua*) Water.

A. Q. M. G. Assistant Quarter-master General.

A R A Associate of the Royal Academy.

Arith Arithmetic.

Ariz Arizona Territory.

Ark. Arkansas.

A S Anglo-Saxon.

As Arsenic, Astronomy.

Asst সহকারী, Assistant.

Astrol. Astrology.

Astron. Astronomy.

Ats. At suit of.

Att or *Atty.* Attorney.

Atty. Gen. Attorney General.

Au (L. *Aurum*) Gold.

A. U. C (L. *Anno ab Urbe Condita*) In the year from the building of the city, *i. e.* Rome.

Aug. August.

Aur. (L *Aurum*) Gold.

A. V. Authorized version.

Avoir. Avoirdupois.

b জাত, Born.

B Book, Baron.

B. A Bachelor of Arts ; British America.

Ba Barium.

Bal. Balance.

Bar. Barleycorn, Barrel.

Bart. or *Bt.* Baronet.

Bbl. Bl. Barrel, Barrels.
B. C খৃষ্টপূর্ব ; Before Christ.
B. C. L. Bachelor of Civil Law.
B D. Bachelor of Divinity.
Bd. Bond, Bound.
Bdls. Bundles.
Bds. (Bound in) Boards.
Be (L. *Beryllium*) Glucinum.
Bgs. Bags.
Bi. Bismuth.
B. I. British India.
Bib. Bible, Biblical.
Biog. Biography.
Bk. Bank; Book.
Bkts. Baskets.
B. L. Bachelor of laws.
B/L. Bill of Landing.
Bls. Bales.
B.o. Buyer's option.
Bor. Boron, Borough.
Bot. Bought.
Bp Bishop.
Bque. Barque.
Br. Brother ; Bromine ; Brig ; Britain ; British.
Brig Brigade ; Brigadier.
Bro. Brother.
B/S. Bill of Sale.
Bu. Bushel.
B. V. (L. *Beata Virgo*) Blessed Virgin.—(L. *Benevale*) Fare well.
Bxs. Boxes.
C. Carbon.—(L. *Centum*) A hundred ; Cent ; Centigrade thermometer ; Centime.
c. Cents.
C. or *Cap.* (L. *Caput*) Chapter.
C. A. Chartered accountant.
c/o. In care of.
Ca. Calcium.
ca. Centare.
Cal. California : Calendar.—(L. *Calendae*) Calends.
Cam. Camb. Cambridge.
Can. Canon.
Cant. Canticles.
Cantab. (L. *Cantabrigiensis*) Of Cambridge University, Eng.
Caps. Capitals.
Cap. Capital :—(L. *Caput*) Chapter.
Capt. Captain.
Cash. Cashier.
Cat. Catalogue.
Cath. Catholic.
C. B. Companion of the Bath.
C. C. Circuit Court ; Chancery Cases ; County Commissioner ; County Court , Contra Credit.
C. C. P. Count of Common Pleas.
Cd. Cadmium.
C. E. Canada East ; Civil Engineer.
Ce. Cerium.
Cen. Centime.
Cent. (L. *Centum*) শত ; A hundred.
Cf. or *cf.* (L. *confer*) তুলনা কর ; দেখ ; Compare.
C. F. I. Cost, Freight, and Insurance.
Cg. Centigram.
C. G. H. Cape of Good Hope.
C. H. Court-House ; Custom-House.
Ch Church, Chancery ; Chapter.
Chal. Chaldron.
Chanc. Chancellor.
Chap. অধ্যায় , Chapter ; Chaplain.
Char Charterer.
Chem. Chemistry.
Chron. Chronicles ; Chronology.
Cit. Citation ; Citizen.
Civ. Civil.
C. J. Chief Justice.
Cks. Casks.
Cl. Clergyman ; Clerk ; Chlorine.
cl. Centiliter.
cld. Cleared.
Clk Clerk.
C. M. Common Meter.
cm Centimeter.
Co. Cobalt ; Company ; County.
Coch or *Cochl.* (L. *Cochleare*) A spoonful.
C. O. D. Cash (or Collect) on Delivery.
Col. Colonel ; Colorado ; Colossians , Columbia.
Coll. College ; collector ; Colleague.
Coll. colloq. চলিত কথায় ; Colloquial.
Com. Commissioner ; Commodore ; Committee ; Commerce ; Commentary ; Commissary ; Common.
